বসুমতী-শাস্ত্রপ্রচার

# ক্রিয়াকাণ্ড-বারিধি

পঞ্চ-উপাসক, গুরু-শিষ্য, পুরোহিত-যজমানের
জ্ঞান-রত্নাকর

---

প্রথম খণ্ড—প্রথম হইতে নবম প্রবাহ

---

সাম, ঋক্, যজু—ত্রিবেদ, উপনিষদ্,
স্মৃতি ও সর্ব্বতন্ত্র হইতে
সঙ্কলিত

দেশপূজ্য পণ্ডিতমণ্ডলীর
আনুকূল্যে ও পরিদর্শনে
প্রচারিত

স্বধর্মনিষ্ঠ হিন্দুর গৃহে গৃহে
প্রতিষ্ঠাকল্পে
মূল্য ২৷৷০ টাকা মাত্র

সৎ-সাহিত্য-প্রচার-ব্রত
উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়
সঙ্কলিত

সংবর্দ্ধিত—সংশোধিত—সুসংস্কৃত
শুদ্ধিপত্রমুক্ত নির্ভুল
দ্বিতীয় সংস্করণ

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত
বসুমতী-সাহিত্য-মন্দির
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

ভট্টপল্লী নিবাসী অশেষ-শাস্ত্রাধ্যাপক

পণ্ডিত শ্রীনৃত্যগোপাল পঞ্চতীর্থ ও

পণ্ডিতবর শ্রীকালীপ্রসন্ন বিদ্যারত্ন সংশোধিত

১৩১৭ সালে প্রথম সংস্করণ ১০,০০০ দশ সহস্র।

১৩৩১ সালে দ্বিতীয় সংস্করণ—৫০০০ পঞ্চ সহস্র।

কলিকাতা, ১৬৬ নং বহুবাজার ষ্ট্রীট,

বসুমতী-বৈদ্যুতিক-রোটারী-মেসিনে

শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় মুদ্রিত

# প্রথম সংস্করণের নিবেদন।

বহুদিন হইতে আমাদিগের সঙ্কল্প ছিল, আর্য্য-সৎকর্ম্মানুষ্ঠান-সম্বন্ধীয় একখানি প্রয়োজনীয় গ্রন্থ প্রচার করিয়া বসুমতীর পৃষ্ঠপোষক সহৃদয় গ্রাহক-মণ্ডলীর হস্তে সমর্পণ করি ;—কেবল আমাদিগেরই সঙ্কল্প নহে, আমাদিগের গ্রাহকগণের মধ্যেও অনেকে এই বিষয়ে আমাদিগকে অনুরোধ করিয়াছিলেন ; এত দিনে জগৎপাতার কৃপায় আমাদিগের সেই সঙ্কল্প সুসিদ্ধ হইল। "ক্রিয়াকাণ্ড-বারিধি" নামে অভিহিত করিয়া আমরা সেই পূর্ব্ব-সঙ্কলিত গ্রন্থখানি প্রকাশ করিলাম।

অনেকের ধারণা ও কুসংস্কার যে, আমাদিগের ক্রিয়াকাণ্ড বা সৎকর্ম্মানুষ্ঠানে কোন সুফল প্রত্যক্ষ হয় না, কেবল পণ্ডশ্রম ও বৃথা অর্থব্যয়মাত্র সার হয়। ইহা তাঁহাদিগের সম্পূর্ণ ভ্রমমাত্র। উষর ক্ষেত্রে বীজ-বপন করিলে কোন্ কালে তাহাতে অঙ্কুরের উদ্গম হইয়া থাকে ? প্রকৃত নিয়মানুসারে বিধিবিহিত প্রণালীতে যদি কর্ম্মানুষ্ঠান করা যায়, তবে অবশ্যই তাহাতে সুফল দর্শে, সে বিষয়ে সন্দেহ নাই। আজকাল আমাদিগের দেশের পুরোহিত-সম্প্রদায়ের মধ্যে অধিকাংশই তাদৃশ অভিজ্ঞ নহেন, বিধিবোধিত প্রণালীতে কার্য্য-সম্পাদনে অক্ষম ; অধিকন্তু কোন্ ক্রিয়ায় কি কি দ্রব্য আবশ্যক, তাহাও সুবিশেষ না জানিয়া, এক দ্রব্যের স্থলে অন্য দ্রব্যের আরোপ বা ব্যবস্থা করেন ; এই সকল কারণেই তত্তৎকার্য্যে সুফল পরিলক্ষিত হয় না। যে কোন কার্য্য তাঁহারা অনুষ্ঠান করেন, প্রায়শঃ সর্ব্বত্রই কেবল ভ্রমপ্রমাদ পরিদৃষ্ট হয়। সুতরাং অযথাকালে বীজ-বপন করিলে যেমন তাহাতে অঙ্কুরোৎপত্তির আশা করা যায় না, তদ্রূপ তত্তৎকার্য্যেও সুফললাভের বিন্দুমাত্র আশা থাকে না।

এই সকল বিষয়ের সূক্ষ্মানুসূক্ষ্ম পর্য্যালোচনা করিয়া আমরা এই গ্রন্থখানি প্রকাশিত করিলাম। অনেকগুলি কৃতবিদ্য পণ্ডিতমণ্ডলীর আনুকূল্য লইয়া ইহা সংগৃহীত হইল। ইহা পঞ্চদশ শাখায় বিভক্ত। প্রত্যেক শাখায় এক এক প্রকরণ সন্নিবিষ্ট হইয়াছে। দীক্ষাবিধি, দশবিধ সংস্কার, ত্রিবেদীয় শ্রাদ্ধাদি, ধ্যানমালা, স্তবকবচমালা, ব্রতাবলী, প্রতিষ্ঠাতত্ত্ব, শান্তিস্বস্ত্যয়ন, বাস্তুযাগ প্রভৃতি যাহা কিছু আবশ্যক, তৎসমস্তই ইহাতে বিশদরূপে

সঙ্কলিত হইয়াছে। সর্ব্বশেষে একটি উদ্বৃত্ত অংশ সন্নিবিষ্ট হইল; তাহাতে প্রয়োজনীয় অসংখ্য বিষয় পরিদৃষ্ট হইবে। প্রথম সংস্করণে যে সকল ত্রুটি ও অভাব রহিল, দ্বিতীয় সংস্করণে তাহা সংশোধিত করিবার অভিপ্রায় রহিল।

উপসংহারে নিবেদন এই যে, সহৃদয় গুণগ্রাহী গ্রাহকগণ ইহার দোষভাগ পরিত্যাগ পূর্ব্বক গুণভাগ গ্রহণ করিলেই কৃতার্থম্মন্য হইব, কিমধিকমিতি—

বসুমতী-কার্য্যালয়
১৬৬।৪নং গ্রে-ষ্ট্রীট্, কলিকাতা
১৩১৭ -ঝুলনযাত্রা

বিনীত
শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায়

---

# দ্বিতীয় সংস্করণের নিবেদন

সৎসাহিত্য-প্রচার-ব্রত স্বর্গীয় পিতৃদেব ১৩১৭ সালে ক্রিয়াকাণ্ডবারিধির প্রথম সংস্করণ প্রকাশিত করেন; ১৩১৯ সালে অর্থাৎ কিঞ্চিদধিক ২ বৎসরে ১০ সহস্র গ্রন্থ নিঃশেষিত হয়। প্রথম সংস্করণ ৭৯ ফর্ম্মায় ১২৬৪ পৃষ্ঠাব্যাপী এই মহাগ্রন্থের প্রচার উদ্দেশ্যে নামমাত্র মূল্য ১৷৷০ ও বাঁধাই ২৲ টাকা মাত্র মূল্য নির্দ্দিষ্ট হইয়াছিল। আশঙ্কা ছিল, মূল্যাধিক্য হইলে পাছে হিন্দুধর্ম্মের অবিনশ্বর স্তম্ভস্বরূপ এই মহাগ্রন্থের প্রচারকার্য্যে হানি হয়। এই বিরাট্ গ্রন্থ চিরস্থায়ী ভাল কাগজে নির্ভুলভাবে মুদ্রণ করা কিরূপ ব্যয়সাধ্য, তাহা হিন্দু-সমাজ হিসাব করিয়া দেখিবার সুযোগ না পাইলেও, সুপণ্ডিতসমাজ—বিদ্যোৎসাহী গুণগ্রাহী শিক্ষিত সম্প্রদায় একবাক্যে এই মহাগ্রন্থের পরম সমাদর করিয়াছিলেন; হিন্দুর ক্রিয়াকাণ্ডরক্ষোপযোগী এমন নির্ভুল বিরাট্ গ্রন্থ এ পর্য্যন্ত প্রকাশিত হয় নাই, এ কথা সকলেই একবাক্যে স্বীকার করিয়াছিলেন। মহারাজা দ্বারবঙ্গেশ্বরের মত স্বধর্ম্মনিষ্ঠ ধন্মী—রাজা শশিশেখরেশ্বরের মত কৌটিল্যবুদ্ধি চাণক্য—পূজ্যপাদ মহামহোপাধ্যায় প্রমথনাথ তর্কভূষণের মত প্রবীণ পণ্ডিত—স্বদেশপ্রেমিক শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ বসুর মত নীতিজ্ঞ—পণ্ডিত সুরেশচন্দ্র সমাজপতির মত সমালোচক—আচার-নিষ্ঠ নারায়ণচন্দ্র জ্যোতির্ভূষণের মত জ্ঞানী—সর্ব্বজন-পূজ্য স্বামী ব্রহ্মানন্দের মত ত্যাগীর নিকটও ক্রিয়াকাণ্ডবারিধি পরম সমাদরলাভে গৌরবান্বিত হইয়াছিল। যে মহাগ্রন্থের এত সুনাম—এত সমাদর—এত গৌরব—এত প্রচার—এত প্রয়োজন—এত বিক্রয়—যে গ্রন্থ পাইবার জন্য সাধারণের এত

আগ্রহ, তাহার দ্বিতীয় সংস্করণ হইতে দ্বাদশ বর্ষ সময়ের প্রয়োজন হইল কেন? বণিক্‌প্রবৃত্তির উত্তেজনায় সাহিত্যের বেসাতী—শাস্ত্রগ্রন্থের ব্যবসায়ের জন্য বসুমতী-সাহিত্য-মন্দির প্রতিষ্ঠিত হয় নাই—তাহা হইলে বৈদ্যুতিক-দানবশক্তিচালিত যন্ত্রে এই দেবদুর্লভ গ্রন্থের সংস্করণের পর সংস্করণ মুদ্রণ ও প্রকাশ—বসুমতীর প্রবল প্রচার সাহায্যে বিপুল বিক্রয় করিয়া অর্থসঞ্চয় করা কিছুমাত্র বিচিত্র—আয়াসসাধ্য ছিল না।

ক্রিয়াকাণ্ডবারিধি প্রকাশ করিয়াও স্বর্গীয় পিতৃদেবের আশা পূর্ণ হয় নাই। সুপণ্ডিত মহাশয়ের পুত্র অকৃতবিদ্য মূর্খ পুরোহিতগণের মুখনিঃসৃত বিকৃত মন্ত্রে—বটতলার বাহাদুরী সস্তার পুথির ভ্রম-মাহাত্ম্যে—অশুদ্ধমন্ত্রে হিন্দুর ক্রিয়াকলাপ পণ্ড হইতেছে—স্বধর্মনিষ্ঠ হিন্দুগণও অভীষ্ট কার্য্যে বিফল-মনোরথ হইয়া ক্রমে ক্রমে ক্রিয়াকাণ্ডে বীতশ্রদ্ধ ও আস্থাহীন হইতেছেন—ইহাই ছিল তাঁহার জীবনের একটা বড় বিক্ষোভ। অন্য দিকে পাশ্চাত্যসভ্যতার মোহনমাদকতা। পাশ্চাত্য শিক্ষার ক্রীতদাস—নবতন্ত্রের অন্ধ উপাসকগণ তারস্বরে ঘোষণা করিতেছেন, পুতুলপূজা বর্জ্জন না করিলে—একাকার-প্রভাবে বর্ণসঙ্কর জাতির সৃষ্টি না হইলে স্বাধীনতার ডঙ্কা বাজিয়া উঠিবে না। হায় মনুর শাসনে চির-স্বাধীন বর্ণাশ্রমধর্ম্মের সুদৃঢ়-ভিত্তির উপর প্রতিষ্ঠিত হিন্দুসমাজ! যুগযুগান্তরসঞ্চিত—ঋষি-মনীষিগণের তপস্যাসাধনা-লব্ধ জ্ঞানরাশি—অলৌকিক চিন্তার মহান্ সিদ্ধি—যোগের বিভূতি সমাধি—যাহার প্রভাবে বিশ্বের সত্তায় বহু বিপ্লবের পর বহু বিপর্য্যয়েও হিন্দু-ধর্ম্মের মাহাত্ম্য বিন্দুমাত্র ক্ষুণ্ণ হয় নাই—বহুতর বিজিত জাতির মত হিন্দুর অস্তিত্ব লোপ পায় নাই—হিন্দুগৌরব অতল সমাধিগর্ভে চিরতরে বিলীন হয় নাই—ধর্ম্মজগতে আজও হিন্দুর বহুতর অবদান অবিনশ্বর—হিন্দুর জ্ঞান আজও জগদ্বাসীর উপজীব্য—এখনও বহুতর ধর্ম্মতথ্য হিন্দু জগদ্বাসীকে বিতরণ করিতেছে—ত্রিতাপতাপিত বিশ্ববাসী আজও হিন্দুর জ্ঞানামৃত আস্বাদনে শান্তি, তৃপ্তি, মুক্তির সন্ধান পাইতে পারে, তাহা ভ্রান্তি নহে—প্রহেলিকা নহে—অতীব সত্য—অমর সত্য—অবিসংবাদি চিরসত্য—যুগ-যুগান্তরেও এ চিন্তার পরাভব নাই—এ জ্ঞানের সীমানির্দ্দেশ করা সম্ভব নহে।

হোমধূমসুরভিত, বেদগাথামুখরিত, চিরশান্তিপরিমলপ্রবাহিত তপোবনে কর্ম্মকাণ্ডানুযায়ী অনুষ্ঠিত ক্রিয়াকাণ্ড বৃথা নহে—যত্ন করিলে, যথানিয়মে সম্পাদন করিলে অভীষ্টফললাভ সুনিশ্চিত—ইহা ঋষিবাক্য। শাস্ত্র মিথ্যা

নহে; আমরা ভক্তিহীন—আস্থাহীন, অশুদ্ধমন্ত্রে শ্রদ্ধাহীন অনুষ্ঠান পশু হইতেছে।

ক্রিয়াকাণ্ডের প্রথম সংস্করণ প্রকাশ করিয়া নামমাত্র মূল্যে প্রচারকার্য্যে বহুতর টাকা ব্যয় করিয়াও উপেন্দ্রনাথের এ বিক্ষোভ বিদূরিত হয় নাই। যে সকল হস্তলিখিত পুথির সাহায্যে দ্বাদশ জন দশকর্ম্মান্বিত সুপণ্ডিতের সম্মিলনে তিনি এই মহাগ্রন্থ সঙ্কলন ও সম্পাদন করিয়াছিলেন; সেই সকল প্রাচীন পুথির পাঠোদ্ধার করা সকল স্থানে সম্ভবপর হয় নাই; বহুতর তন্ত্র লুপ্ত হইয়াছিল; আধুনিক পুথিগুলি নকলনবীশগণের ভ্রমে ভুলের পর ভুল চলিয়া আসিতেছে; বেদের কোন প্রামাণ্য সংস্করণ বাঙ্গালায় প্রকাশিত হয় নাই—এবং সর্ব্বোপরি বড় লজ্জার কথা, বেদজ্ঞ বাঙ্গালী পণ্ডিত এতদ্দেশে বিরল বলিলেও অত্যুক্তি হয় না—ইহার উপর মুদ্রাযন্ত্রের ভুল ত চিরপ্রসিদ্ধ। এইরূপ বহুবিধ অসুবিধা—প্রতিপদে বহুবিধ বাধা সহ্য করিয়াও উপেন্দ্রনাথ নীরবে বসুমতীর পণ্ডিতমণ্ডলীর সহায়তায় হিন্দুর ক্রিয়াকলাপ সংস্কারে দৃঢ়-প্রতিজ্ঞ হন; কিন্তু হায়! কালের অলঙ্ঘ্য প্রভাবে এ সঙ্কল্পিত ব্রত সমাপ্ত হই-বার পূর্ব্বেই তাঁহাকে সাধনোচিত ধামে মহাপ্রয়াণ করিতে হয়। তাঁহারই পদাঙ্ক অনুসরণ করিয়া, তাঁহারই নির্দ্দিষ্ট পথে পণ্ডিতমণ্ডলীর সাহায্যে এ সংস্কার কার্য্য দৃঢ়পদে অগ্রসর হয়। এ সংস্কারের জন্য বক্তৃতার ঝঙ্কারে গগনপবন মুখরিত হইয়া কার্য্যের বেগ প্রশমিত হয় নাই—সংবাদপত্রে তুমুল আন্দোলনের প্রবল প্রভাবে সাধারণের বিরক্তি উৎপাদন করে নাই—বিপুল অর্থব্যয় সাহিত্যোৎসাহী গ্রাহকবৃন্দের কৃপায় বসুমতীর গ্রন্থবিক্রয়ভাণ্ডার হইতেই হইয়াছে; রাজদ্বারে বা ধনকুবেরের প্রাসাদে চাঁদার খাতা বগলে ঘুরিতে হয় নাই; জানি না, এ সংস্কার কতটা কার্য্যকর—কতটা নির্ভর-যোগ্য—কতটা সুফলপ্রদ—স্বধর্ম্মনিষ্ঠ হিন্দুর কতটা মঙ্গলপ্রদ হইতে পারিবে। তবে প্রাণপাত যত্ন, অনন্যসাধারণ অধ্যবসায়, প্রভূত অর্থব্যয়ের যদি কোন মূল্য থাকে—নীরব সাধনায় যদি ভগবৎপ্রসাদলাভ সম্ভব হয়, তবে হয় ত এ সংস্কার সার্থক—সর্ব্বলোককল্যাণকর হইতে পারে।

হিন্দুসমাজের স্তম্ভ সার রাজা রাধাকান্ত দেব বাহাদুর "শব্দকল্পদ্রুম" সঙ্কলন ও প্রকাশ করিয়া সাহিত্যের অশেষ কল্যাণ সংসাধন করিয়া গিয়াছেন। সে শব্দকল্পদ্রুম ৮০০৲ হইতে ১০০০৲ মূল্যেও বিক্রীত হইয়াছে। উপেন্দ্রনাথ সেই শব্দকল্পদ্রুমের পরিবর্দ্ধিত দ্বিতীয় সংস্করণ হইতে তৃতীয় সংস্করণ প্রকাশ

করিয়া ৬৲ পরে ১০৲ টাকা মূল্যে প্রচার করিয়াছেন। ধনকুবের পুণ্যশ্লোক কালীপ্রসন্ন সিংহ মহোদয় অকাতরে অর্থব্যয় করিয়া হিন্দুর পঞ্চম বেদ অষ্টাদশ-পর্ব্ব মহাভারত প্রণয়ন করিয়া সাহিত্যজগতে অমর-কীর্ত্তি প্রতিষ্ঠা করিয়া গিয়াছেন; তাঁহার নিকট হইতে দানলব্ধ সেই মহাভারত ব্রাহ্মণ-পণ্ডিতগণ ২৫০৲—৩০০৲ টাকা মূল্যে বিক্রয় করিতেন—উপেন্দ্রনাথ সেই অষ্টাদশপর্ব্ব সেইরূপ বড় অক্ষরে নির্ভুল সংস্করণ প্রকাশ করিয়া ৪৲ টাকা পরে ৬৲ মূল্যে বিতরণ করিয়াছেন। পণ্ডিতপ্রবর তারানাথ তর্কবাচস্পতি মহাশয় সমগ্র সংস্কৃত-সাহিত্য ও হিন্দুশাস্ত্রকে অভিধানের অন্তর্ভুক্ত করিয়া ১৫০০৲ মূল্যে বিক্রয় করিয়া অতুল ঐশ্বর্য্য ও অক্ষয় কীর্ত্তি রাখিয়া গিয়াছেন।

উপেন্দ্রনাথ নিঃসম্বল—দরিদ্রের সন্তান—আত্মবিশ্বাস তাঁহার সহায়, মূলধন আত্মশক্তি। উপরি-উক্ত মহাত্মগণের সমশ্রেণীতে তাঁহার স্থান নির্দ্দেশ করিতে যাওয়া বাতুলতার নামান্তর মাত্র হইতে পারে। কিন্তু অজস্র প্রতিযোগীর বিপুল প্রতিযোগিতা নিরাস করিয়া—আমরণ দৈন্যের সহিত সংগ্রামে ক্ষতবিক্ষত হইয়া—জীবনসংগ্রামে বিজয়লাভ করিয়া সৎসাহিত্যসম্ভাররাশি নামমাত্র মূল্যে প্রচার ও বিতরণ করিয়া তিনি যে নিজ ক্ষমতায় অমর কীর্ত্তি অর্জ্জন করিয়া গিয়াছেন, তাহা অবশ্যই সাধারণে অস্বীকার করেন না। দেশের অতীব দুর্দ্দিনে মাতৃমন্ত্রপ্রচার মানসে জাতীয় সাহিত্যে সার্ব্বজনীন অধিকার প্রদানের জন্য তিনি যে সুলভ সৎসাহিত্যপ্রচারব্রত গ্রহণ করিয়াছিলেন, অসময়ে তিনি চলিয়া গেলেও তাঁহারই প্রাণপাত উদ্যম ও যত্নে প্রতিষ্ঠিত বসুমতী-সাহিত্য-মন্দির হইতে চিরদিনই সৎসাহিত্যরাশি—হিন্দুগৌরব শাস্ত্রগ্রন্থমালা নামমাত্র মূল্যে প্রকাশিত ও বিতরিত হইয়া সর্ব্বজনকল্যাণ-সংসাধন করিবে। তিনি যে ক্ষুদ্রবীজে আশাবারিসেচনে বিরাট্ বনস্পতির কল্পনা করিয়াছিলেন, তাহাই এক্ষণে প্রসূনিত ও ফলভারে অবনত হইয়াছে। শ্রীশ্রীরামকৃষ্ণদেবের আশীর্ব্বাদে, সাধারণের উৎসাহে—অনুকম্পায় প্রবর্দ্ধিত এই বিরাট্ বনস্পতির বিশাল স্নিগ্ধচ্ছায়ায় জগদ্বাসী সমবেত হইয়া মুক্তি ও শান্তির পিপাসা তৃপ্ত, প্রশমিত করিতে পারিবে—এমন আশা কল্পনার অরুণরাগ হইতে পারে, কিন্তু মরুমরীচিকার ছলনা নহে।

যাঁহাদের প্রাণপাত যত্নে, উদ্যমে ও অনুরাগে এই মহান্ সংস্কারকার্য্যে আত্মনিয়োগ করিতে সমর্থ হইয়াছি, সেই বসুমতী-পণ্ডিতমণ্ডলীকে প্রণাম করিয়া আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। এই ব্রাহ্মণ্যগৌরবমাহাত্ম্য

চূর্ণ করিবার অভিযানের যুগে পরকল্যাণের জন্য—স্বধর্ম্মের গৌরব অক্ষুণ্ন রাখিবার জন্য তাঁহাদের এই প্রাণপণ প্রয়াস প্রশংসনীয় হইলেও আমার পক্ষে ইহা কর্ত্তব্যের সাদর আহ্বান মাত্র।

যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপনা, দান, প্রতিগ্রহ ইহাই ব্রাহ্মণের বৃত্তি। প্রাচীনযুগে ব্রাহ্মণপণ্ডিতগণ টোল করিয়া ছাত্রগণকে বিদ্যাদান করিতেন, বিদ্যার অনুশীলন করিতেন—তাঁহাদের শিষ্যগণ বিদ্যার প্রচার করিতেন, কিন্তু এই দ্রুত উন্নতিশীল বৈজ্ঞানিকযুগে যখন পুষ্পক-বিমানের স্থান এরোপ্লেন জেপলিনের অধিকারে আসিয়াছে, রথের স্থানে বাষ্পরথ—অর্ণবযাত্রী-মহাতরণীর স্থানে বাষ্পপোত হইয়াছে, তখন টোলের প্রচারকার্য্যে বৈদ্যুতিক মুদ্রাযন্ত্রের নিয়োগ বোধ হয় বিচিত্র নহে। এই পাশ্চাত্যশিক্ষার সংঘর্ষের যুগে ভগবৎপ্রসাদে বসুমতী-সাহিত্য-মন্দিররূপ বিরাট টোল হইতে শাস্ত্র ও সাহিত্যপ্রচার কার্য্য সম্ভব হইতেছে মনে করিয়া—তাঁহার অহেতুকী কৃপায় ব্রাহ্মণের বৃত্তি হইতে বিচলিত হইতে হয় নাই মনে করিয়া অপার আনন্দ অনুভব করি। এই ক্রিয়াকাণ্ডবারিধির সুসংস্কৃত সংবর্দ্ধিত সংস্করণ তাঁহারই আশীর্ব্বাদে ঘরে ঘরে প্রতিষ্ঠিত হইলে—গুরু-শিষ্য, পঞ্চ-উপাসক, গুরু-পুরোহিতের একমাত্র অবলম্বনীয় গ্রন্থরূপে সাদরে গৃহীত হইলে—হিন্দুর ক্রিয়াকলাপ, ব্রতনিয়ম, পূজা, শ্রাদ্ধ যথাবিহিত শাস্ত্রবিধি অনুসারে নির্ভুল মন্ত্রে সুসম্পন্ন হইয়া সংসারের অশেষ কল্যাণসংসাধন ও অভীষ্টফললাভ সম্ভব হইলে, শ্রম, যত্ন, ব্যয়, উদ্যম, অনুষ্ঠান সফল হইবে। এই মহাগ্রন্থখানি শাস্ত্রসাধনায় আত্মনিবেদিতপ্রাণ হিন্দুসমাজের স্তম্ভস্বরূপ ব্রাহ্মণপণ্ডিত মহাশয়-গণের স্বধর্ম্মসাধনের সহায়তা করিতে সমর্থ হইলে বসুমতী-সাহিত্য-মন্দির ও আমি ধন্য হইব।

কর্ম্মেই আমাদের অধিকার—ফলে নহে—"কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন। মা কর্ম্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি॥" এই ভগবদ্বাক্য স্মরণ করিয়া তাঁহার শ্রীচরণসরোজে কোটি কোটি প্রণাম করি। দ্বিতীয় খণ্ড অতি শীঘ্রই আবার আপনাদের করকমলে অর্পণ করিবার বাসনা রহিল।

বসুমতী-সাহিত্য-মন্দির
১৬৬নং বহুবাজার, কলিকাতা
১৩৩১—জন্মাষ্টমী

বিনয়াবনত—
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।

# সূচিপত্র।

## প্রথম প্রবাহ।

### দীক্ষা-প্রকরণ।


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| মঙ্গলাচরণ | ১ |
| গুরুশব্দার্থ | ১ |
| গুরুলক্ষণ | ১ |
| গুরুমাহাত্ম্য | ২ |
| নিন্দ্যগুরুলক্ষণ | ৩ |
| শিষ্যলক্ষণ | ৪ |
| নিষিদ্ধ-শিষ্যলক্ষণ | ৪ |
| দীক্ষাবিচারাদি নির্ণয় | ৫ |
| মন্ত্রদানে অনধিকারী | ৬ |
| শূদ্রের পক্ষে নিষিদ্ধ মন্ত্র | ৭ |
| মন্ত্র-সিদ্ধাদি বিচার | ৮ |
| কুলাকুলচক্র | ১০ |
| রাশিচক্র | ১২ |
| নক্ষত্রচক্র | ১৪ |
| অকথহ-চক্র | ১৭ |
| অকডম-চক্র | ২১ |
| ঋণিধনি-চক্র | ২২ |
| দীক্ষা-প্রণালী | ২৭ |
| দীক্ষায় মাসনির্ণয় | ২৭ |
| দীক্ষার বারনির্ণয় | ২৮ |
| দীক্ষার তিথিনির্ণয় | ২৮ |
| দীক্ষার নক্ষত্রনির্ণয় | ২৯ |
| যোগনির্ণয় | ৩১ |
| করণনির্ণয় | ৩১ |
| লগ্ননির্ণয় | ৩১ |
| পক্ষনির্ণয় | ৩২ |
| দীক্ষাস্থান | ৩৬ |
| মাল্যনির্ণয় | ৩৭ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| মালায় মণিনির্ণয় | ৪০ |
| মালাজপফল | ৪০ |
| মালায় বীজামন্ত্রণ নিষেধ | ৪১ |
| দেবতাভেদে মালাবিশেষ | ৪২ |
| মাল্যসংস্কার | ৪১ |
| মালাগণনায় অঙ্গুলিনিয়ম | ৪৩ |
| মালা-সূত্রচ্ছেদাদিতে কর্ত্তব্য | ৪৩ |
| আসনবিধি | ৪৪ |
| নিষিদ্ধ আসন | ৪৪ |
| কলিতে তন্ত্রোক্ত কার্য্যের প্রাধান্য | ৪৪ |
| গুরুর প্রতি কর্ত্তব্য | ৪৫ |
| পুরশ্চরণ | ৪৭ |
| পুরশ্চরণে স্থাননির্ণয় | ৪৮ |
| পুরশ্চরণে ভক্ষ্যাদিনিয়ম | ৪৯ |
| পুরশ্চণে পরিত্যাজ্য | ৫১ |
| জপফল | ৫৭ |
| পুরশ্চরণপ্রণালী | ৭২ |
| অভিষেকবাক্য | ৭৬ |
| গ্রহণপুরশ্চরণসঙ্কল্প | ৭৬ |
| কূর্ম্মচক্র | ৭৭ |
| দীক্ষাপ্রয়োগ—মন্ত্রের দশসংস্কার | ৭৯ |
| মাতৃকাযন্ত্র | ৭৯ |
| দশসংস্কারবিধি | ৮০ |


## দ্বিতীয় প্রবাহ।

### নিত্যকৃত্য-প্রকরণ।


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| প্রাতঃকৃত্য | ৮৭ |
| দৈনিক ধর্ম্ম ও তদবিরোধী অর্থাদিচিন্তন | ৮৮ |
| পৃথিবী-প্রণতি | ৮৯ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| মাঙ্গল্যদ্রব্য দর্শন | ৮৯ |
| বিণ্মূত্রত্যাগ | ৮৯ |
| শৌচাচরণ | ৯০ |
| পাদপ্রক্ষালন | ৯১ |
| শিখাবন্ধন | ৯১ |
| আচমন | ৯২ |
| দন্ত ও মুখধাবন | ৯২ |
| সর্ব্বসাধারণ পাঠ্য | ৯৩ |
| প্রাতঃস্নানবিধি | ৯৪ |
| আচমনে বিশেষ | ৯৬ |
| তিলকবিধি | ৯৯ |
| শৈব তিলক | ১০০ |
| বৈষ্ণব তিলক | ১০১ |
| তর্পণবিধি | ১০১ |
| **সামবেদীয় তর্পণ।** | |
| তীর্থ আবাহন | ১০২ |
| দেব-তর্পণ | ১০৩ |
| মনুষ্য-তর্পণ | ১০৩ |
| ঋষি-তর্পণ | ১০৪ |
| দিব্যপিতৃতর্পণ | ১০৪ |
| যম তর্পণ | ১০৪ |
| পিতৃ-তর্পণ | ১০৫ |
| ভীষ্ম-তর্পণ | ১০৬ |
| লক্ষ্মণতর্পণ ও সংক্ষিপ্ত তর্পণ | ১০৬ |
| বস্ত্রনিষ্পীড়নোদকে তর্পণ | ১০৭ |
| পিতৃস্তুতি | ১০৭ |
| পিতৃনমস্কার | ১০৭ |
| যজুর্ব্বেদীয়গণের ও শূদ্রের তর্পণ | ১০৭ |
| পিতৃ তর্পণ | ১০৮ |
| ঋগ্‌বেদীয় তর্পণ | ১০৯ |
| ক্ষত্রিয় ও বৈশ্যের তর্পণ | ১১০ |
| **সন্ধ্যা।** | |
| সন্ধ্যার কর্ত্তব্যতা | ১১০ |
| সামবেদীয় সন্ধ্যাপ্রয়োগ | ১১২ |
| প্রাণায়াম | ১১৩ |
| প্রাতরাচমন | ১১৫ |
| মধ্যাহ্নাচমন | ১১৬ |
| সায়াহ্নাচমন | ১১৬ |
| পুনর্মার্জ্জন | ১১৭ |
| অঘমর্ষণ | ১১৭ |
| সূর্য্যোপস্থান | ১১৮ |
| অঙ্গন্যাস | ১১৯ |
| গায়ত্রী-জপ | ১১৯ |
| গায়ত্রীধ্যান | ১১৯ |
| গায়ত্রী | ১২০ |
| আত্মরক্ষা | ১২১ |
| রুদ্রোপস্থান | ১২১ |
| সূর্য্যার্ঘ্য | ১২২ |
| সূর্য্যের নমস্কার | ১২২ |
| ত্রুটিমার্জ্জনা | ১২২ |
| ব্রহ্মযজ্ঞ | ১২২ |
| কাণ্বশাখি-যজুর্ব্বেদীয় সন্ধ্যা | ১২৩ |
| সূর্য্যোপস্থান | [illegible] |
| গায়ত্রীর অঙ্গন্যাস | ১২৫ |
| গায়ত্রী আবাহন | ১২৫ |
| ঋষ্যাদিন্যাস | ১২৫ |
| প্রাতর্ধ্যান | ১২৬ |
| মধ্যাহ্নধ্যান | ১২৬ |
| সায়াহ্নধ্যান | ১২৬ |
| জপবিসর্জ্জন | ১২৬ |
| যজুর্ব্বেদীয় ব্রহ্মযজ্ঞ | ১২৭ |
| সূর্য্যনমস্কার | ১২৭ |
| মাধ্যন্দিনশাখি-যজুর্ব্বেদীয় সন্ধ্যা | ১২৮ |
| সূর্য্যোপস্থান | ১২৯ |
| ঋগ্‌বেদীয় সন্ধ্যা | ১৩১ |
| মার্জ্জন | ১৩১ |
| প্রাণায়াম | ১৩১ |
| প্রাতরাচমন | ১৩২ |
| মধ্যাহ্নাচমন | ১৩৩ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| সায়ংকালীন আচমন | ১৩৩ |
| পুনর্মার্জ্জন | ১৩৩ |
| অঘমর্ষণ | ১৩৫ |
| সূর্য্যোপস্থান | ১৩৬ |
| মধ্যাহ্ন-সূর্য্যোপস্থান | ১৩৭ |
| সায়ং-সূর্য্যোপস্থান | ১৩৯ |
| অঙ্গন্যাস | ১৪০ |
| প্রাতর্ধ্যান | ১৪০ |
| মধ্যাহ্নধ্যান | ১৪০ |
| সায়াহ্নধ্যান | ১৪১ |
| গায়ত্রীর আবাহন | ১৪১ |
| ঋষ্যাদিস্মরণ ও গায়ত্রীজপ | ১৪২ |
| আত্মরক্ষা | ১৪২ |
| গায়ত্রী-বিসর্জ্জন | ১৪৩ |
| ব্রহ্মযজ্ঞ | ১৪৩ |
| সূর্য্যার্ঘ্য | ১৪৩ |

নিত্যপূজা

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| অশ্বত্থ-বন্দনা | ১৪৪ |
| দেবপূজা | ১৪৪ |
| দেবগৃহমার্জ্জনাদি | ১৪৫ |
| পুষ্পাদিচয়ন | ১৪৮ |
| তুলসীবৃক্ষে জলদানমাহাত্ম্য | ১৪৯ |
| তুলসীবৃক্ষে জলদানমন্ত্র | ১৪৯ |
| নমস্কারমন্ত্র | ১৪৯ |
| প্রার্থনামন্ত্র | ১৪৯ |
| তুলসীমাহাত্ম্য | ১৪৯ |
| তুলসীচয়নপ্রণালী | ১৪৯ |
| তুলসীচয়নের নিষিদ্ধ দিন | ১৫০ |
| বিল্ববৃক্ষমাহাত্ম্য | ১৫০ |
| বিল্ববৃক্ষ-প্রণাম-মন্ত্র | ১৫০ |
| পূজামন্ত্র | ১৫০ |
| বিল্বপত্র-চয়নমন্ত্র | ১৫১ |
| পূজার কালাদি | ১৫১ |

সাধারণ প্রণালী

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| সামান্যার্ঘ্য | ১৫২ |
| আসনশুদ্ধি | ১৫৩ |
| গুরুপংক্তিপ্রণাম | ১৫৪ |
| করশুদ্ধি | ১৫৪ |
| ভূতশুদ্ধি | ১৫৫ |
| প্রকারান্তর | ১৫৭ |
| মাতৃকান্যাস | ১৫৭ |
| অন্তর্মাতৃকান্যাস | ১৫৮ |
| বাহ্যমাতৃকান্যাস | ১৬০ |
| সংহারমাতৃকান্যাস | ১৬১ |
| গন্ধাদি অর্চ্চনা | ১৬২ |
| প্রাণায়াম | ১৬৫ |
| বিশেষার্ঘ্য | ১৬৮ |
| গণেশপূজা | ১৭২ |
| সূর্য্যপূজা | ১৭৪ |
| শিবপূজা | ১৭৪ |
| বাণলিঙ্গপূজা | ১৭৬ |
| বাণলিঙ্গস্তব | ১৭৬ |
| শালগ্রামশিলায় নারায়ণপূজা | ১৭৭ |
| নিত্যস্তব | ১৭৮ |
| লক্ষ্মীপূজা—নিত্যপূজা | ১৭৯ |
| পার্থিব-শিবপূজা-প্রকরণ | ১৭৯ |
| শিবলিঙ্গ-মৃত্তিকা-নিয়ম | ১৮০ |
| শিবের পঞ্চমুখ | ১৮১ |
| শিবপূজায় সর্ব্ববর্ণের অধিকার | ১৮১ |
| বিন্দুস্থাপন-প্রমাণ | ১৮১ |
| বিন্দুস্থাপনস্থান | ১৮২ |
| দিঙ্ নিয়ম | ১৮২ |
| পূজাধারনিয়ম | ১৮২ |
| ফলদাননিয়ম | ১৮৩ |
| বিসর্জ্জনানন্তর স্থাপনস্থান | ১৮৩ |
| প্রদক্ষিণনিয়ম | ১৮৪ |
| শিবপূজায় নিষিদ্ধ পুষ্প | ১৮৪ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| শিবলিঙ্গ গঠন ও পূজাদি | ১৮৫ |
| শিবলিঙ্গস্থাপন | ১৮৫ |
| পূজা | ১৮৫ |
| অষ্টমূর্ত্তিপূজা | ১৮৬ |
| জপ ও জপবিসর্জ্জন | ১৮৬ |
| প্রণাম | ১৮৬ |
| আত্মসমর্পণ | ১৮৭ |
| ক্ষমাপ্রার্থনা | ১৮৭ |
| বিসর্জ্জন | ১৮৭ |
| অন্নাদি নিবেদনপ্রণালী | ১৮৮ |
| বিষ্ণুচরণামৃতগ্রহণ-মন্ত্র | ১৮৯ |
| বিষ্ণুপাদোদকপান-মন্ত্র | ১৮৯ |
| বিপ্রপাদোদকপান-মন্ত্র | ১৮৯ |
| আরাত্রিকবিধি | ১৮৯ |
| তান্ত্রিক নিত্যকৃত্য | ১৯০ |
| দীক্ষিতের সংক্ষেপ-প্রাতঃকৃত্য | ১৯২ |
| তান্ত্রিক সন্ধ্যা ও তান্ত্রিক তর্পণ | ১৯২ |
| প্রাতর্ধ্যান | ১৯৪ |
| মধ্যাহ্নধ্যান | ১৯৫ |
| সায়াহ্নধ্যান | ১৯৫ |
| সংক্ষিপ্ত আহ্নিক | ১৯৭ |
| দীক্ষিতের প্রতিদিনকর্ত্তব্যপ্রমাণ | ১৯৯ |
| গুরুর নিত্যপূজা | ১৯৯ |
| বিস্তৃত গুরুপূজা | ২০০ |
| গুরুপাদুকাপূজা | ২০৩ |
| কুণ্ডলিনীপূজা | ২০৩ |
| **তৃতীয়-যামার্দ্ধকৃত্য** | |
| অর্থসাধন | ২০৪ |
| **চতুর্থ-যামার্দ্ধকৃত্য** | |
| তৈলমর্দ্দন, মধ্যাহ্নস্নান ও তর্পণাদি | ২০৪ |
| মধ্যাহ্নকৃত্য | ২০৭ |
| নিত্যহোম (তান্ত্রিক বিধি) | ২০৭ |
| বৈশ্বদেব | ২০৯ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| বলিকর্ম্ম | ২১০ |
| অতিথিসৎকার | ২১২ |
| নিত্যশ্রাদ্ধ | ২১৩ |
| গোগ্রাসদান | ২১৪ |
| ভোজন | ২১৫ |
| জলপানবিধি | ২২১ |
| মৎস্যশোধন | ২২১ |
| মাংসশোধন | ২২১ |
| গণ্ডূষত্যাগ | ২২২ |
| ভোজনান্তে আচমন | ২২৩ |
| তাম্বূলভক্ষণ | ২২৩ |
| অপরাহ্ন ও সায়াহ্নকৃত্য | ২২৪ |
| অষ্টমযামার্দ্ধকৃত্য | ২২৫ |
| রাত্রকৃত্য | ২২৫ |
| দ্বিতীয়-যামকৃত্য | ২২৭ |
| রাত্রিভোজন | ২২৭ |
| তৃতীয়াদিযামকৃত্য | ২২৭ |
| শয়ন | ২২৭ |
| দারোপগমন | ২২৯ |


## তৃতীয় প্রবাহ।

### পূজাপ্রকরণ।


| | |
|---|---|
| সর্ব্বতোভদ্রমণ্ডল | ২৩০ (ক) |
| **সাধারণ প্রণালী** | |
| কাম্যবিশেষ পূজা | ২৩১ |
| পুণ্যাহবাচন ও সাধারণ সঙ্কল্প | ২৩১ |
| সর্ব্বসাধারণ বিষ্ণুস্মরণ | ২৩১ |
| প্রণামমন্ত্র | ২৩১ |
| বরণ | ২৩৬ |
| ঘটস্থাপন | ২৩৭ |
| স্থিরীকরণ | ২৩৯ |
| সর্ব্বসাধারণ কাণ্ডারোপণ-মন্ত্র | ২৩৯ |
| চক্ষুর্দ্দান | ২৩৯ |
| প্রাণপ্রতিষ্ঠা | ২৩৯ |
| দক্ষিণাবাক্য | ২৪০ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| অচ্ছিদ্রাবধারণ | ২৪১ |
| বৈগুণ্যশান্তি | ২৪১ |
| বিসর্জ্জন | ২৪১ |
| শান্তিমন্ত্র | ২৪২ |
| অধিবাস | ২৪৩ |
| ঋগ্বেদীয় অধিবাস | ২৪৭ |
| উপচারবিধি | ২৪৮ |
| উপচারদানবিধি | ২৫০ |
| প্রণাম | ২৫২ |
| সর্ব্বকর্ম্মসাধারণী কুশণ্ডিকা | ২৫২ |
| প্রকৃত কর্ম্ম | ২৫৮ |
| উদীচ্যকর্ম্ম | ২৫৯ |
| যজুর্ব্বেদীয় সাধারণ হোম | ২৬২ |
| সংক্ষিপ্ত বলিদানবিধি | ২৬৬ |
| কাম্যপূজাবিধি | ২৬৮ |
| লক্ষ্মীপূজার ব্যবস্থা | ২৬৯ |
| ষষ্ঠীপূজা | ২৭৩ |
| সরস্বতীপূজা | ২৭৫ |
| কালকুমার-কৃষ্ণকুমার-পূজা | ২৭৮ |
| শীতলা-পূজা | ২৭৯ |
| গঙ্গাপূজা | ২৮১ |
| মনসাদেবীপূজা | ২৮২ |
| সূতিকা ষষ্ঠীপূজা বা ঘেটেরা পূজা | ২৮৪ |
| জন্মতিথিপূজা | ২৮৭ |
| দীপান্বিতা লক্ষ্মীপূজা | ২৯০ |
| গন্ধেশ্বরীপূজা | ২৯১ |
| শ্রীশ্রীকোজাগরী লক্ষ্মীপূজা | ২৯৩ |
| গোবর্দ্ধন-পূজা | ২৯৭ |
| বৈদ্যনাথ-পূজা | ২৯৭ |
| জ্বাতাপহারিণী-পূজা | ৩০০ |
| বৃহন্নন্দিকেশ্বরপুরাণোক্ত দুর্গাপূজা | ৩০৭ |
| বৈদিক কুমারী-পূজা | ৩২৮ |
| দেবীপুরাণবিহিত দুর্গাপূজা | ৩৩২ |
| কালিকাপুরাণবিহিত দুর্গাপূজা | ৩৫৬ |
| কালিকাপুরাণোক্ত দুর্গোৎসবে স্থানভেদে পূজায় বিশেষ বিধি | ৩৮০ |
| শ্রীদুর্গাভক্তিতরঙ্গিণীসম্মতা দুর্গাপূজা | ৩৮৩ |
| দুর্গাভক্তিতরঙ্গিণীবিহিত বলিদানবিধি | ৩৮৩০ |
| নিস্তারিণী বনদুর্গাপূজা | ৩৯২ |
| কার্ত্তিকেয়পূজা | ৩৯৫ |
| তান্ত্রিক-কুমারীপূজা | ৩৯৮ |
| তান্ত্রিক-বলিদানবিধি | ৪০০ |
| তান্ত্রিক-হোমবিধি | ৪০১ |
| শ্যামার্চ্চনা-নিরূপণ | ৪০৪ |
| শ্রীশ্রীকালীপূজা | ৪১৫ |
| রটন্তী-কালিকা-পূজা | ৪২৩ |
| ফলহারিণী পূজা | ৪২৪ |
| অমাবস্যানিমিত্তক প্রতিমাসীয় শ্যামাপূজা | ৪২৪ |
| শ্মশানকালীপূজা | ৪২৫ |
| শ্রীশ্রীজগদ্ধাত্রীপূজা | ৪২৬ |
| অন্নপূর্ণাপূজা | ৪৩০ |
| জ্বর-পূজা | ৪৩৯ |
| হারীতোক্ত জ্বরপূজা | ৪৪০ |
| অপরাজিতাপূজা | ৪৪৩ |
| ব্রহ্মাপূজা | ৪৪৪ |
| বিশ্বকর্ম্মপূজা | ৪৪৫ |


## চতুর্থ প্রবাহ।

### ব্রত-প্রকরণ।

( বৈশাখ-কৃত্য )


| | |
|---|---|
| ধর্ম্মঘট-ব্রত | ৪৪৬ |
| ফলসংক্রান্তি-ব্রত | ৪৪৮ |
| দানসংক্রান্তি-ব্রত | ৪৫১ |
| জলসংক্রান্তি-ব্রত | ৪৫৩ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| অন্নসংক্রান্তি-ব্রত | ৪৫৫ |
| অক্ষয়তৃতীয়া-ব্রত | ৪৫৭ |
| হরিমঙ্গল-ব্রত | ৪৬০ |
| সীতানবমী ব্রত | ৪৬২ |
| রুক্মিণী-ব্রত | ৪৬৫ |
| পিপীতকী দ্বাদশী ব্রত | ৪৬৯ |
| উমামহেশ্বর-ব্রত | ৪৭১ |
| নৃসিংহচতুর্দ্দশী-ব্রত | ৪৭৫ |
| ( জ্যৈষ্ঠ-কৃত্য ) | |
| রম্ভাতৃতীয়া-ব্রত | ৪৭৮ |
| উমাচতুর্থী-ব্রত | ৪৭৯ |
| অরণ্যষষ্ঠী-ব্রত | ৪৮০ |
| নিত্যষষ্ঠী-ব্রত | ৪৮৩ |
| মঙ্গলচণ্ডী-ব্রত | ৪৮৫ |
| মঙ্গলবার-ব্রত | ৪৮৯ |
| নির্জলৈকাদশী-ব্রত | ৪৯০ |
| চম্পকচতুর্দ্দশী ব্রত | ৪৯২ |
| সাবিত্রী ব্রত | ৪৯৩ |
| মনোরথদ্বিতীয়া ব্রত | ৫০১ |
| চাতুর্ম্মাস্য ব্রত | ৫০১ |
| নাগপঞ্চমী-ব্রত | ৫০৩ |
| ( শ্রাবণ-কৃত্য ) | |
| শীতলাসপ্তমী-ব্রত | ৫০৬ |
| সত্যনারায়ণ-ব্রত | ৫০৮ |
| সত্যনারায়ণের পাঁচালী | ৫১৮ |
| রামেশ্বরী সত্যনারায়ণের পাঁচালী | ৫২১ |
| দ্বিতীয়-পাঁচালী | ৫২৯ |
| সত্যনারায়ণ কথা | ৫৪০ |
| শনি-প্রদোষ-ব্রত | ৫৪৮ |
| ব্রতকথা | ৫৫০ |
| শনির পাঁচালী | ৫৫৩ |
| লুলয়ঞ্জন দরিদ্রোপাখ্যান | ৫৫৪ |
| শঙ্খপতি সদাগরের উপাখ্যান | ৫৫৮ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| সাধুর বিলাপ ও ক্রন্দন | ৫৬০ |
| শনৈশ্চর-ব্রত | ৫৬১ |
| অশূন্যশয়না ব্রত | ৫৬৫ |
| সুবচনী ব্রত | ৫৬৮ |
| ( ভাদ্র-কৃত্য ) | |
| হরিতালিকা-ব্রত | ৫৭৩ |
| সিদ্ধিবিনায়ক-ব্রত | ৫৭৭ |
| ঋষিপঞ্চমী ব্রত | ৫৮২ |
| কুক্কুটীব্রত | ৫৮৭ |
| শ্রীকৃষ্ণজন্মাষ্টমী-ব্রত | ৫৯১ |
| শ্রীরাধাষ্টমী ব্রত | ৫৯৫ |
| দূর্ব্বাষ্টমী-ব্রত | ৫৯৮ |
| তালনবমী-ব্রত | ৬০০ |
| শ্রবণ দ্বাদশী | ৬০২ |
| অনন্ত-ব্রত | ৬০৩ |
| অঘোরচতুর্দ্দশী-ব্রত | ৬১০ |
| আলোকামাবস্যা-ব্রত | ৬১১ |
| অগস্ত্যার্ঘ্য-দান | ৬১৩ |
| ( আশ্বিন-কৃত্য ) | |
| মানচতুর্থী-ব্রত | ৬১৩ |
| দুর্গা-ব্রত | ৬১৪ |
| বীরাষ্টমী ব্রত | ৬১৮ |
| বুধাষ্টমী-ব্রত | ৬২০ |
| ( কার্ত্তিককৃত্য ) | |
| দ্যূতপ্রতিপৎ-ব্রত | ৬২৫ |
| গোষ্ঠাষ্টমী ব্রত | ৬২৬ |
| ভূতচতুর্দ্দশী | ৬২৭ |
| যমপুষ্করিণী-ব্রত | ৬২৮ |
| কালিকা ব্রত | ৬২৯ |
| ভীষ্মপঞ্চক-ব্রত | ৬৩২ |
| বকপঞ্চক-ব্রত | ৬৩২ |
| কার্ত্তিকেয়-ব্রত | ৬৩৩ |
| ( অগ্রহায়ণ-কৃত্য ) | |
| দানদ্বাদশী-ব্রত | ৬৩৩ |
| সর্ব্বজয়া-ব্রত | ৬৩৫ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ( মাঘ-কৃত্য ) | |
| ষট্‌পঞ্চমী-ব্রত | ৬৩৭ |
| আরোগ্যসপ্তমী-ব্রত | ৬৩৯ |
| বিধানসপ্তমী-ব্রত | ৬৪০ |
| ভৈম্যেকাদশী ব্রত | ৬৪১ |
| সন্তানদ্বাদশী-ব্রত | ৬৪১ |
| দধিসংক্রান্তি-ব্রত | ৬৪৪ |
| আমলকীদ্বাদশী ব্রত | ৬৪৬ |
| শিবরাত্রি-ব্রত | ৬৪৯ |
| গোবিন্দদ্বাদশী | ৬৫২ |
| ( চৈত্র-কৃত্য ) | |
| অশোকাষ্টমী | ৬৫৩ |
| শ্রীরামনবমী-ব্রত | ৬৫৪ |
| কিমিচ্ছক-ব্রত | ৬৫৭ |
| মদনদ্বাদশী-ব্রত | ৬৫৯ |
| মদনত্রয়োদশী-ব্রত | ৬৬০ |
| যোষিৎপ্রচলিত ব্রতসমূহ | |
| পুণ্যপুষ্করিণী-ব্রত | ৬৬০ |
| দশপুত্তলিকা-ব্রত | ৬৬১ |
| ধূপসংক্রান্তি-ব্রত | ৬৬১ |
| বৈশাখচম্পক-ব্রত | ৬৬১ |
| ব্রাহ্মণাদর-ব্রত | ৬৬১ |
| কলাছড়া-ব্রত | ৬৬১ |
| মিষ্টসংক্রান্তি-ব্রত | ৬৬১ |
| দাড়িম্বসংক্রান্তি-ব্রত | ৬৬১ |
| ঘৃতসংক্রান্তি-ব্রত | ৬৬২ |
| মধুসংক্রান্তি-ব্রত | ৬৬২ |
| ফলদান-ব্রত | ৬৬২ |
| আইও-সংক্রান্তি-ব্রত | ৬৬২ |
| আদরসিংহাসন-ব্রত | ৬৬২ |
| ধনগছান-ব্রত | ৬৬২ |
| পৌর্ণমাসী-ব্রত | ৬৬২ |
| জ্যৈষ্ঠ-চম্পক ব্রত | ৬৬০ |
| পদ্মপৌর্ণমাসী-ব্রত | ৬৬৩ |
| আলদুর্গা-ব্রত | ৬৬৩ |
| পনসপূর্ণিমা-ব্রত | ৬৬৩ |
| নখছুট-ব্রত | ৬৬৩ |
| গুপ্তধন-ব্রত | ৬৬৩ |
| গোকল-ব্রত | ৬৬৩ |
| বিপত্তারিণী-ব্রত | ৬৬৪ |
| শিবামুষ্টি-ব্রত | ৬৬৬ |
| শীতলাসপ্তমী-ব্রত | ৬৬৮ |
| তুলসী-ব্রত | ৬৭০ |
| বামনদ্বাদশী-ব্রত | ৬৭৩ |
| জীতাষ্টমী ব্রত | ৬৭৬ |
| কাত্যায়নী-ব্রত | ৬৭৭ |
| স্বরূপাদ্বাদশী-ব্রত | ৬৭৯ |
| পুণ্যক ব্রত | ৬৮৩ |
| পাশুপত-ব্রত | ৬৮৭ |
| মহাদ্বাদশী-ব্রত | ৬৮৭ |
| উন্মীলনী | ৬৮৮ |
| বঞ্জুলী | ৬৮৯ |
| ত্রিস্পৃশা | ৬৯০ |
| পক্ষবর্দ্ধিনী | ৬৯০ |
| জয়া | ৬৯১ |
| বিজয়া | ৬৯১ |
| জয়ন্তী | ৬৯২ |
| পাপনাশিনা | ৬৯৩ |


## পঞ্চম প্রবাহ।

### যাত্রা-প্রকরণ


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ( বৈশাখ-কৃত্য ) | |
| চন্দন-যাত্রা | ৬৯৪ |
| চন্দনীয়-পুষ্পদোলযাত্রা | ৬৯৯ |
| ( জ্যৈষ্ঠ-কৃত্য ) | |
| স্নান-যাত্রা | ৭০১ |
| ( আষাঢ়-কৃত্য ) | |
| রথযাত্রা | ৭০৩ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| (শ্রাবণ কৃত্য) | |


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| শয়ন-যাত্রা | ১০৫ |
| হিন্দোলোৎসব | ১০৭ |
| (ভাদ্রকৃত্য) | |
| দক্ষিণ-পার্শ্বপরিবর্ত্তন-যাত্রা | ১০৮ |
| (আশ্বিন-কৃত্য) | |
| বামপার্শ্ব-পরিবর্ত্তন | ১০৯ |
| (কার্ত্তিক-কৃত্য) | |
| উত্থানযাত্রা বা ভগবৎ-প্রবোধন | ১০৯ |
| রাসপদ্ধতি | ১১১ |
| (অগ্রহায়ণ-কৃত্য) | |
| প্রাবরণোৎসব | ১১৭ |
| (পৌষ-কৃত্য) | |
| পুষ্পাভিষেকোৎসব | ১১৭ |
| (মাঘ-কৃত্য) | |
| নবশস্যোৎসব | ১১৯ |
| (ফাল্গুন-কৃত্য) | |
| দোলযাত্রা-পদ্ধতি | ১১৯ |
| দেব-দোল | ১২১ |
| (চৈত্র-কৃত্য) | |
| মদনভঞ্জিকা যাত্রা | ১২৯ |


## ষষ্ঠ প্রবাহ

### ধ্যানাদি-প্রকরণ

(পুংদেবতা)


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| গণপতির ধ্যান | ১৩০ |
| মহাগণেশের ধ্যান | ১৩০ |
| উচ্ছিষ্টগণেশের ধ্যান | ১৩১ |
| হরিদ্রাগণেশের ধ্যান | ১৩১ |
| হেরম্বের ধ্যান | ১৩১ |
| কার্ত্তিকেয়ের ধ্যান | ১৩১ |
| অজপার ধ্যান | ১৩২ |
| নারায়ণের ধ্যান | ১৩২ |
| সত্যনারায়ণের ধ্যান | ১৩২ |
| বিষ্ণুর ধ্যান | ১৩৩ |
| প্রকারান্তর | ১৩৩ |
| শ্রীধররূপী বিষ্ণুর ধ্যান | ১৩৩ |
| রামচন্দ্রের ধ্যান | ১৩৩ |
| রঘুনাথের ধ্যান | ১৩৪ |
| রণরঘুর ধ্যান | ১৩৪ |
| লক্ষ্মণের ধ্যান | ১৩৪ |
| শ্রীকৃষ্ণের ধ্যান | ১৩৪ |
| বলদেবের ধ্যান | ১৩৬ |
| বালগোপাল-ধ্যান | ১৩৬ |
| সদ্যোজাত কৃষ্ণের ধ্যান | ১৩৭ |
| জগন্নাথের ধ্যান | ১৩৭ |
| যুগলকিশোর-ধ্যান | ১৩৭ |
| লক্ষ্মীনারায়ণের-ধ্যান | ১৩৭ |
| নৃসিংহ-ধ্যান | ১৩৭ |
| মৎস্যাবতার-ধ্যান | ১৩৮ |
| বরাহাবতার-ধ্যান | ১৩৮ |
| বামনাবতার-ধ্যান | ১৩৮ |
| বুদ্ধের ধ্যান | ১৩৯ |
| কল্কি-ধ্যান | ১৩৯ |
| হরিহর-ধ্যান | ১৩৯ |
| বাসুদেব-ধ্যান | ১৩৯ |
| রুক্মিণীবল্লভের ধ্যান | ১৩৯ |
| হয়গ্রীব-ধ্যান | ১৪০ |
| দধিবামন-ধ্যান | ১৪০ |
| শিবের ধ্যান | ১৪০ |
| অর্দ্ধনারীশ্বর শিবের ধ্যান | ১৪১ |
| নীলকণ্ঠ শিবের ধ্যান | ১৪১ |
| মৃত্যুঞ্জয় শিবের ধ্যান | ১৪১ |
| দক্ষিণামূর্ত্তি শিবের ধ্যান | ১৪১ |
| মহামৃত্যুঞ্জয় শিবের ধ্যান | ১৪২ |
| বাণেশ্বর শিবের ধ্যান | ১৪২ |
| বটুক-ভৈরব শিবের ধ্যান | ১৪২ |
| চন্দ্রশেখর শিবের ধ্যান | ১৪৩ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| হরগৌরী শিবের ধ্যান | ১৪৩ |
| কালরুদ্রের ধ্যান | ১৪৩ |
| রুদ্রের ধ্যান | ১৪৩ |
| ক্ষেত্রপালের ধ্যান | ১৪৪ |
| মহাকালের ধ্যান | ১৪৪ |
| আনন্দভৈরবের ধ্যান | ১৪৪ |
| মার্কণ্ডেয়ের ধ্যান | ১৪৪ |
| গরুড়ের ধ্যান | ১৪৫ |
| হনুমানের ধ্যান | ১৪৫ |
| (বীরসাধন) হনুমানের ধ্যান | ১৪৫ |
| বাস্তুদেবের ধ্যান | ১৪৫ |

দিক্‌পালগণের ধ্যান

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ইন্দ্রের ধ্যান | ১৪৬ |
| অগ্নির ধ্যান | ১৪৬ |
| যমের ধ্যান | ১৪৬ |
| নৈঋর্ত-ধ্যান | ১৪৭ |
| বরুণ-ধ্যান | ১৪৭ |
| বায়ুর ধ্যান | ১৪৭ |
| কুবেরের ধ্যান | ১৪৭ |
| ঈশানের ধ্যান | ১৪৮ |
| ব্রহ্মার ধ্যান | ১৪৮ |
| অনন্তের ধ্যান | ১৪৮ |
| সোমের ধ্যান | ১৪৯ |
| পঞ্চাননের ধ্যান | ১৪৯ |
| গুরুদেবের ধ্যান | ১৪৯ |
| হংস-ধ্যান | ১৪৯ |
| জরাসুরের ধ্যান | ১৫০ |
| ব্রহ্মের ধ্যান | ১৫০ |
| নবগ্রহের ধ্যান | ১৫০ |
| দৈত্যরাজ বলির ধ্যান | ১৫২ |
| সূর্য্যের ধ্যান | ১৫২ |
| বিশ্বকর্ম্মার ধ্যান | ১৫৩ |
| বেদব্যাসের ধ্যান | ১৫৩ |
| শুকদেবের ধ্যান | ১৫৩ |
| সত্যবানের ধ্যান | ১৫৩ |
| বৃন্দাবন-ধ্যান | ১৫৪ |
| নন্দীর ধ্যান | ১৫৪ |
| বসুদেবের ধ্যান | ১৫৪ |

(স্ত্রীদেবতা)

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| দুর্গাধ্যান | ১৫৪ |
| জয়দুর্গাধ্যান | ১৫৫ |
| জগদ্ধাত্রী-ধ্যান | ১৫৫ |
| অন্নপূর্ণা-ধ্যান | ১৫৬ |
| মহিষমর্দ্দিনী-ধ্যান | ১৫৬ |
| শূলিনী-ধ্যান | ১৫৬ |
| ভগবতী-ধ্যান | ১৫৬ |
| উমাধ্যান | ১৫৭ |
| কাত্যায়নী-ধ্যান | ১৫৭ |
| চণ্ডীধ্যান | ১৫৭ |
| মঙ্গলচণ্ডী-ধ্যান | ১৫৮ |
| উচ্ছিষ্টচাণ্ডালিনী ধ্যান | ১৫৮ |
| ধনদা ধ্যান | ১৫৮ |
| কর্ণপিশাচী-ধ্যান | ১৫৮ |
| তারিণী-ধ্যান | ১৫৯ |
| বিশালাক্ষী-ধ্যান | ১৫৯ |
| ব্রহ্মশ্রী ধ্যান | ১৫৯ |
| গৌরী-ধ্যান | ১৬০ |
| চামুণ্ডাধ্যান | ১৬০ |
| ধবলামুখীধ্যান | ১৬০ |
| ত্রিপুটাধ্যান | ১৬০ |
| ত্বরিতাধ্যান | ১৬১ |
| নিত্যাধ্যান | ১৬১ |
| কৌষকীধ্যান | ১৬১ |
| বজ্রপ্রস্তারিণীধ্যান | ১৬২ |
| কুণ্ডলিনীধ্যান | ১৬২ |
| অষ্টশক্তির ধ্যান | ১৬২ |
| যোগিনীগণের ধ্যান | ১৬৪ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| সরস্বতীধ্যান | ১৬৫ |
| পারিজাতসরস্বতীধ্যান | ১৬৬ |
| বাগীশ্বরীধ্যান | ১৬৬ |
| মনসাদেবীধ্যান | ১৬৬ |
| লক্ষ্মীধ্যান | ১৬৬ |
| মহালক্ষ্মীধ্যান | ১৬৭ |
| অলক্ষ্মীধ্যান | ১৬৭ |
| সীতাধ্যান | ১৬৮ |
| দেবকীধ্যান | ১৬৮ |
| রুক্মিণীধ্যান | ১৬৮ |
| সত্যভামার ধ্যান | ১৬৮ |
| অন্যান্য কৃষ্ণসখীর ধ্যান | ১৬৯ |
| যশোদার ধ্যান | ১৬৯ |
| ষষ্ঠীধ্যান | ১৬৯ |
| অরণ্যষষ্ঠীধ্যান | ১৬৯ |
| নিত্যষষ্ঠীধ্যান | ১৬৯ |
| শীতলাধ্যান | ১৭০ |
| শুভদ্রাধ্যান | ১৭০ |
| শুভবাচনী-[ শুবুচুনি ] ধ্যান | ১৭০ |
| স্বধাধ্যান | ১৭১ |
| সাবিত্রীধ্যান | ১৭১ |
| গায়ত্রীধ্যান | ১৭১ |
| স্বাহাদেবীধ্যান | ১৭১ |
| দক্ষিণাদেবীধ্যান | ১৭১ |
| কুমারীধ্যান | ১৭২ |
| সাবিত্রীব্রতস্থসাবিত্রীধ্যান | ১৭২ |
| গঙ্গাধ্যান | ১৭২ |
| তুলসীধ্যান | ১৭৩ |
| শ্রীরাধিকাধ্যান | ১৭৩ |
| রেবতীধ্যান | ১৭৪ |
| বারাণসীধ্যান | ১৭৪ |
| দশমহাবিদ্যার ধ্যান | ১৭৫ |
| রক্ষাকালীধ্যান | ১৭৬ |
| সিদ্ধকালীধ্যান | ১৭৬ |
| ভদ্রকালীধ্যান | ১৭৬ |
| গুহ্যকালীধ্যান | ১৭৭ |
| শ্মশানকালীধ্যান | ১৭৭ |
| মহাকালীধ্যান | ১৭৭ |
| নীলসরস্বতীধ্যান | ১৭৮ |
| তারাধ্যান | ১৭৮ |
| উগ্রতারাধ্যান | ১৭৯ |
| ষোড়শীধ্যান | ১৭৯ |
| ভুবনেশ্বরীধ্যান | ১৮০ |
| ভৈরবীধ্যান | ১৮০ |
| ত্রিপুরভৈরবীধ্যান | ১৮১ |
| সম্পৎপ্রদাভৈরবীধ্যান | ১৮১ |
| চৈতন্যভৈরবীধ্যান | ১৮১ |
| ষট্‌কূটাভৈরবীধ্যান | ১৮২ |
| রুদ্রভৈরবীধ্যান | ১৮২ |
| ভুবনেশ্বরীভৈরবীধ্যান | ১৮২ |
| ত্রিপুরাবালাভৈরবীধ্যান | ১৮২ |
| নবকূটাভৈরবীধ্যান | ১৮৩ |
| অন্নপূর্ণেশ্বরীভৈরবীধ্যান | ১৮৩ |
| আনন্দভৈরবীধ্যান | ১৮৩ |
| ছিন্নমস্তাধ্যান | ১৮৩ |
| ধূমাবতীধ্যান | ১৮৪ |
| বগলামুখীধ্যান | ১৮৫ |
| মাতঙ্গীধ্যান | ১৮৫ |
| কমলাধ্যান | ১৮৫ |
| দুর্গাধ্যান | ১৮২ |
| গীতাধ্যান | ১৮৬ |


## সপ্তম প্রবাহ।

### ন্যাস-প্রকরণ


| | |
|---|---|
| ন্যাসফল | ১৮৭ |
| ন্যাসাকরণে দোষ | ১৮৭ |
| ন্যাসের নাম | ১৮৭ |
| মাতৃকান্যাস | ১৮৭ |
| অন্তর্মাতৃকান্যাস | ১৮৮ |
| বাহ্যমাতৃকান্যাস | ১৮৯ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| সংহারমাতৃকান্যাস | ১৯০ |
| সামান্য ন্যাসে অঙ্গুলিনিয়ম | ১৯০ |
| পীঠন্যাস | ১৯০ |
| ঋষ্যাদিন্যাস | ১৯১ |
| অঙ্গন্যাস | ১৯১ |
| ব্যাপকন্যাস | ১৯২ |

বিষ্ণুবিষয়ে।

কেশবকীর্ত্ত্যাদিন্যাস।

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ঋষ্যাদিন্যাস | ১৯২ |
| তত্ত্বন্যাস | ১৯৩ |
| মূর্ত্তিপঞ্জরন্যাস | ১৯৪ |
| পীঠন্যাস | ১৯৪ |
| ঋষ্যাদিন্যাস | ১৯৪ |
| করন্যাস | ১৯৪ |
| অঙ্গন্যাস | ১৯৪ |
| ব্যাপকন্যাস | ১৯৪ |

শ্রীরামবিষয়ে।—কেশবকীর্ত্ত্যাদি

পীঠন্যাসান্তন্যাস, বৈষ্ণববৎ।

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ঋষ্যাদিন্যাস | ১৯৫ |
| করন্যাস | ১৯৫ |
| অঙ্গন্যাস | ১৯৫ |
| মন্ত্রন্যাস | ১৯৫ |
| মূর্ত্তিপঞ্জরন্যাস | ১৯৫ |

শ্রীকৃষ্ণবিষয়ে।—কেশবকীর্ত্ত্যাদি

পীঠন্যাসান্তন্যাস বৈষ্ণববৎ।

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ঋষ্যাদিন্যাস | ১৯৫ |
| দশাঙ্গুলন্যাস | ১৯৫ |
| দশাক্ষরন্যাস | ১৯৫ |
| করন্যাস | ১৯৫ |
| মূলপুটিত মাতৃকান্যাস | ১৯৬ |
| ব্যাপকন্যাস | ১৯৬ |
| দশতত্ত্বন্যাস | ১৯৬ |
| বর্ণন্যাস | ১৯৬ |
| বিভূতিপঞ্জরন্যাস | ১৯৭ |
| মূর্ত্তিপঞ্জরন্যাস | ১৯৭ |
| দশাঙ্গন্যাস | ১৯৭ |
| পঞ্চাঙ্গন্যাস | ১৯৭ |
| ব্যাপকন্যাস | ১৯৭ |

অন্যান্য কৃষ্ণমন্ত্রের ন্যাস।

শ্রীবালগোপালমন্ত্রে

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ঋষ্যাদিন্যাস | ১৯৮ |
| করন্যাস | ১৯৮ |
| অঙ্গন্যাস | ১৯৮ |

বাসুদেবমন্ত্রে

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ঋষ্যাদিন্যাস | ১৯৮ |
| করন্যাস | ১৯৮ |
| অঙ্গন্যাস | ১৯৮ |
| মন্ত্রন্যাস | ১৯৮ |
| মূর্ত্তিপঞ্জরন্যাস | ১৯৮ |
| ব্যাপকন্যাস | ১৯৮ |

লক্ষ্মীনারায়ণমন্ত্রে

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| করন্যাস | ১৯৮ |
| অঙ্গন্যাস | ১৯৮ |

দধিবামনমন্ত্রে

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| করন্যাস | ১৯৮ |
| অঙ্গন্যাস | ১৯৯ |
| মন্ত্রন্যাস | ১৯৯ |
| মূর্ত্তিপঞ্জরন্যাস | ১৯৯ |

হয়গ্রীবমন্ত্রে

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ঋষ্যাদিন্যাস | ১৯৯ |
| করন্যাস | ১৯৯ |
| অঙ্গন্যাস | ১৯৯ |

নৃসিংহমন্ত্রে

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ঋষ্যাদিন্যাস | ১৯৯ |
| করন্যাস | ১৯৯ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| অঙ্গন্যাস | ৭৯৯ |
| মন্ত্রন্যাস | ৭৯৯ |
| ঋষ্যাদিন্যাস | ৭৯৯ |
| করন্যাস | ৭৯৯ |
| **গণেশবিষয়ে** | |
| পীঠন্যাস | ৭৯৯ |
| ঋষ্যাদিন্যাস | ৮০০ |
| করন্যাস | ৮০০ |
| অঙ্গন্যাস | ৮০০ |
| **সূর্য্যবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮০০ |
| ঋষ্যাদিন্যাস | ৮০০ |
| করন্যাস | ৮০০ |
| অঙ্গন্যাস | ৮০০ |
| মূর্ত্তিন্যাস | ৮০০ |
| মন্ত্রন্যাস | ৮০০ |
| **সূর্য্যবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮০০ |
| করন্যাস | ৮০০ |
| অঙ্গন্যাস | ৮০০ |
| **অজপাবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮০১ |
| করন্যাস | ৮০১ |
| অঙ্গন্যাস | ৮০১ |
| **শিববিষয়ে** | |
| শ্রীকণ্ঠন্যাস | ৮০১ |
| পীঠন্যাস | ৮০১ |
| ঋষ্যাদিন্যাস | ৮০১ |
| করন্যাস | ৮০২ |
| অঙ্গন্যাস | ৮০২ |
| পঞ্চমূর্ত্তিন্যাস | ৮০২ |
| কলান্যাস | ৮০২ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| মন্ত্রন্যাস | ৮০৩ |
| অঙ্গন্যাসান্তর | ৮০৩ |
| **উমাপতি শিববিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮০৩ |
| করন্যাস | ৮০৩ |
| অঙ্গন্যাস | ৮০৩ |
| **মৃত্যুঞ্জয় শিববিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮০৪ |
| করন্যাস | ৮০৪ |
| অঙ্গন্যাস | ৮০৪ |
| **দক্ষিণামূর্ত্তি শিববিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮০৪ |
| করন্যাস | ৮০৪ |
| অঙ্গন্যাস | ৮০৪ |
| **শিবমন্ত্রবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮০৪ |
| মূর্ত্তিন্যাস | ৮০৪ |
| করন্যাস | ৮০৪ |
| অঙ্গন্যাস | ৮০৪ |
| গোলকন্যাস | ৮০৪ |
| ব্যাপকন্যাস | ৮০৪ |
| **বটুকভৈরববিষয়ে** | |
| মূর্ত্তিন্যাস | ৮০৪ |
| করন্যাস | ৮০৫ |
| অঙ্গন্যাস | ৮০৫ |
| **ক্ষেত্রপালবিষয়ে** | |
| করন্যাস | ৮০৫ |
| অঙ্গন্যাস | ৮০৫ |
| **দেবীমন্ত্রন্যাস।** | |
| **ভুবনেশ্বরীবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮০৫ |
| ঋষ্যাদিন্যাস | ৮০৫ |
| মন্ত্রন্যাস | ৮০৫ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| করন্যাস | ৮০৫ |
| অঙ্গন্যাস | ৮০৫ |
| মূর্ত্তিন্যাস | ৮০৬ |
| ব্যাপকন্যাস | ৮০৬ |
| **অন্নপূর্ণাবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮০৬ |
| ঋষ্যাদিন্যাস | ৮০৬ |
| করন্যাস | ৮০৬ |
| অঙ্গন্যাস | ৮০৬ |
| **ত্রিপুটাবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮০৬ |
| করন্যাস | ৮০৬ |
| অঙ্গন্যাস | ৮০৬ |
| **দুর্গাবিষয়ে** | |
| পীঠশক্তিন্যাস | ৮০৬ |
| ঋষ্যাদিন্যাস | ৮০৭ |
| করন্যাস | ৮০৭ |
| অঙ্গন্যাস | ৮০৭ |
| **মহিষমর্দ্দিনীবিষয়ে** | |
| করন্যাস | ৮০৭ |
| অঙ্গন্যাস | ৮০৭ |
| **জয়দুর্গাবিষয়ে** | |
| করন্যাস | ৮০৭ |
| অঙ্গন্যাস | ৮০৭ |
| **বাগীশ্বরীবিষয়ে** | |
| পীঠশক্তিন্যাস | ৮০৭ |
| ঋষ্যাদিন্যাস | ৮০৭ |
| মন্ত্রন্যাস | ৮০৭ |
| করন্যাস | ৮০৭ |
| অঙ্গন্যাস | ৮০৮ |
| **লক্ষ্মীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮০৮ |
| পীঠশক্তিন্যাস | ৮০৮ |
| করন্যাস | ৮০৮ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| অঙ্গন্যাস | ৮০৮ |
| ঋষ্যাদিন্যাস | ৮০৮ |
| করন্যাস | ৮০৮ |
| অঙ্গন্যাস | ৮০৮ |
| **ভৈরবীবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮০৮ |
| ঋষ্যাদিন্যাস | ৮০৮ |
| মন্ত্রন্যাস | ৮০৮ |
| **ভৈরবীমন্ত্রে** | |
| নবযোনিন্যাস | ৮০৯ |
| রত্নাদিন্যাস | ৮০৯ |
| মূর্ত্তিন্যাস | ৮০৯ |
| বাণন্যাস | ৮০৯ |
| কামন্যাস | ৮০৯ |
| করন্যাস | ৮০৯ |
| অঙ্গন্যাস | ৮০৯ |
| সুভগাদিন্যাস | ৮০৯ |
| ভূষণন্যাস | ৮০৯ |
| **চৈতন্যভৈরবীবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮১০ |
| পীঠশক্তিন্যাস | ৮১০ |
| ঋষ্যাদিন্যাস | ৮১০ |
| করন্যাস | ৮১০ |
| অঙ্গন্যাস | ৮১০ |
| **রুদ্রভৈরবী  য়ে** | |
| পীঠন্যাস | ৮১০ |
| পীঠশক্তিন্যাস | ৮১০ |
| ঋষ্যাদিন্যাস | ৮১০ |
| করন্যাস | ৮১০ |
| **ভুবনেশ্বরীভৈরবীবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮১১ |
| ঋষ্যাদিন্যাস | ৮১১ |
| করন্যাস | ৮১১ |
| অঙ্গন্যাস | ৮১১ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| **ত্রিপুরাবালাবিষয়ে** | |
| করন্যাস | ৮১১ |
| অঙ্গন্যাস | ৮১১ |
| **অন্নপূর্ণেশ্বরীভৈরবীবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮১১ |
| পীঠশক্তিন্যাস | ৮১১ |
| ঋষ্যাদিন্যাস | ৮১১ |
| করন্যাস | ৮১১ |
| অঙ্গন্যাস | ৮১১ |
| পদন্যাস | ৮১১ |
| ব্যাপকন্যাস | ৮১১ |
| **মহাত্রিপুরসুন্দরীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮১১ |
| করন্যাস | ৮১২ |
| নিবৃত্ত্যাদিন্যাস | ৮১২ |
| মন্ত্রন্যাস | ৮১২ |
| ষড়ঙ্গন্যাস | ৮১২ |
| নবযোনিন্যাস | ৮১২ |
| বশিন্যাদিন্যাস | ৮১২ |
| পীঠন্যাস | ৮১৩ |
| তত্ত্বন্যাস | ৮১৩ |
| ষোড়শীন্যাস | ৮১৩ |
| নাদন্যাস | ৮১৩ |
| ষোঢ়ান্যাস | ৮১৩ |
| গ্রহন্যাস | ৮১৪ |
| নক্ষত্রন্যাস | ৮১৪ |
| যোগিনীন্যাস | ৮১৫ |
| রাশিন্যাস | ৮১৫ |
| পীঠস্থানন্যাস | ৮১৫ |
| ত্রিপুরান্যাস | ৮১৬ |
| কামরতিন্যাস | ৮১৬ |
| ষোড়শনিত্যান্যাস | ৮১৭ |
| প্রকটযোগিনীন্যাস | ৮১৮ |
| আয়ুধন্যাস | ৮১৮ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| **ছিন্নমস্তাবিষয়ে** | |
| ষোঢ়ান্যাস | ৮১৮ |
| ঋষ্যাদিন্যাস | ৮১৯ |
| করন্যাস | ৮১৯ |
| অঙ্গন্যাস | ৮১৯ |
| **শ্যামাবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮১৯ |
| করন্যাস | ৮১৯ |
| অঙ্গন্যাস | ৮১৯ |
| বর্ণন্যাস | ৮১৯ |
| ষোঢ়ান্যাস | ৮১৯ |
| তত্ত্বন্যাস | ৮২০ |
| বীজন্যাস | ৮২০ |
| ব্যাপকন্যাস | ৮২০ |
| **একাক্ষরমন্ত্রস্য** | |
| করন্যাস | ৮২০ |
| অঙ্গন্যাস | ৮২০ |
| **শ্মশানকালীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮২০ |
| করন্যাস | ৮২০ |
| অঙ্গন্যাস | ৮২০ |
| **তারাবিষয়ে** | |
| পীঠন্যাসমাতৃকান্যাসৌ ন স্তঃ | ৮২০ |
| **নীলসরস্বতীদেবীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮২০ |
| বর্ণন্যাস | ৮২০ |
| করন্যাস | ৮২০ |
| অঙ্গন্যাস | ৮২১ |
| **অন্যতারাবিষয়ে** | |
| ষোঢ়ান্যাস | ৮২১ |
| রুদ্রন্যাস | ৮২১ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| গ্রহন্যাস | ৮২১ |
| লোকপালন্যাস | ৮২২ |
| শিবশক্তিন্যাস | ৮২২ |
| তারাদিন্যাস | ৮২২ |
| পীঠস্থানন্যাস | ৮২২ |
| তারাষোঢ়ান্তরন্যাস | ৮২২ |
| **ধূমাবতীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮২৩ |
| করন্যাস | ৮২৩ |
| অঙ্গন্যাস | ৮২৩ |
| **মাতঙ্গীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮২৩ |
| করন্যাস | ৮২৩ |
| অঙ্গন্যাস | ৮২৩ |
| **বগলামুখীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮২৩ |
| করন্যাস | ৮২৩ |
| অঙ্গন্যাস | ৮২৩ |
| তত্ত্বন্যাস | ৮২৩ |
| মন্ত্রবর্ণন্যাস | ৮২৩ |
| **কমলাবিষয়ে** | |
| লক্ষ্মীমন্ত্রোক্ত ন্যাসবৎ | ৮২৪ |
| **কাত্যায়নীদুর্গাবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮২৪ |
| করন্যাস | ৮২৪ |
| অঙ্গন্যাস | ৮২৪ |
| **জগদ্ধাত্রীদুর্গাবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮২৪ |
| পীঠশক্তিন্যাস | ৮২৪ |
| ঋষ্যাদিন্যাস | ৮২৪ |
| করন্যাস | ৮২৪ |
| অঙ্গন্যাস | ৮২৪ |
| **ধনদাবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮২৪ |
| করন্যাস | ৮২৪ |
| অঙ্গন্যাস | ৮২৪ |
| **তারিণীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ২৮৪ |
| করন্যাস | ৮২৪ |
| অঙ্গন্যাস | ৮২৪ |
| পীঠন্যাস | ৮২৫ |
| পঞ্চযোনিন্যাস | ৮২৫ |
| **বিশালাক্ষীবিষয়ে** | |
| ঋষ্যাদিন্যাস | ৮২৫ |
| করন্যাস | ৮২৫ |
| অঙ্গন্যাস | ৮২৫ |
| **মহালক্ষ্মীবিষয়ে** | |
| পীঠন্যাস | ৮২৫ |
| ঋষ্যাদিন্যাস | ৮২৫ |
| বীজন্যাস | ৮২৫ |
| ব্যাপকন্যাস | ৮২৫ |
| রুদ্রন্যাস | ৮২৫ |
| করন্যাস | ৮২৫ |
| অঙ্গন্যাস | ৮২৫ |
| অন্যান্য মন্ত্রের ষড়ঙ্গন্যাস | ৮২৫ |
| **জপ-প্রকরণ** | |
| কালীর কুল্লুকা | ৮২৭ |
| তারার কুল্লুকা | ৮২৮ |
| জগদ্ধাত্রীর কুল্লুকা | ২২৮ |
| অন্নপূর্ণার কুল্লুকা | ৮২৮ |
| বিষ্ণু ও কৃষ্ণের কুল্লুকা | ২২৮ |
| রামচন্দ্রের কুল্লুকা | ৮২৮ |
| শিবের কুল্লুকা | ৮২৮ |
| সূর্য্যের কুল্লুকা | ৮২৮ |
| গণেশের কুল্লুকা | ৮২৮ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| **অষ্টম প্রবাহ** | | ধেনুমুদ্রা | ৮৩৭ |
| | | পরমীকরণমুদ্রা | ৮৩৭ |
| আসন ও মুদ্রা প্রকরণ | | মৎস্যমুদ্রা | ৮৩৭ |
| আসনবিধি | ৮২৯ | সংহারমুদ্রা | ৮৩৭ |
| স্বস্তিকাসন | ৮২৯ | অঙ্কুশমুদ্রা | ৮৩৭ |
| গোমুখাসন | ৮২৯ | প্রাণমুদ্রা | ৮৩৮ |
| বীরাসন | ৮২৯ | অপানমুদ্রা ও সমানমুদ্রা | ৮৩৮ |
| কূর্ম্মাসন | ৮৩০ | উদানমুদ্রা | ৮৩৮ |
| কক্কুটাসন | ৮৩০ | ব্যানমুদ্রা | ৮৩৮ |
| উত্তানকূর্ম্মকাসন | ৮৩০ | প্রার্থনামুদ্রা | ৮৩৮ |
| ধনুরাসন | ৮৩০ | কূর্ম্মমুদ্রা | ৮৩৮ |
| মৎস্যেন্দ্রাসন | ৮৩০ | লেলিহামুদ্রা | ৮৩৯ |
| পশ্চিমতানাসন | ৮৩১ | তত্ত্বমুদ্রা | ৮৩৯ |
| ময়ূরাসন | ৮৩১ | নারাচমুদ্রা | ৮৩৯ |
| শবাসন | ৮৩২ | অঞ্জলিমুদ্রা বা বাসুদেবমুদ্রা | ৮৪০ |
| সিদ্ধাসন | ৮৩২ | অস্ত্রমুদ্রা | ৮৪০ |
| পদ্মাসন | ৮৩২ | গালিনীমুদ্রা | ৮৪০ |
| সিংহাসন | ৮৩৩ | গন্ধমুদ্রা | ৮৪০ |
| ভদ্রাসন | ৮৩৩ | পুষ্পমুদ্রা | ৮৪০ |
| গোরক্ষাসন | ৮৩৪ | ধূপমুদ্রা ও দীপমুদ্রা | ৮৪১ |
| মৎস্যাসন | ৮৩৪ | নৈবেদ্যমুদ্রা | ৮৪১ |
| গুপ্তাসন | ৮৩৪ | শঙ্খমুদ্রা | ৮৪২ |
| উৎকটাসন | ৮৩৪ | চক্রমুদ্রা | ৮৪২ |
| যোগাসন | ৮৩৫ | গদামুদ্রা | ৮৪৮ |
| মুক্তাসন | ৮৩৫ | পদ্মমুদ্রা | ৮৪২ |
| বজ্রাসন | ৮৩৫ | বেণুমুদ্রা | ৮৪৩ |
| | | শ্রীবৎসমুদ্রা | ৮৪৩ |
| মুদ্রাবিধি | | কৌস্তভমুদ্রা | ৮৪৩ |
| আবাহনীমুদ্রা | ৮৩৬ | বনমালামুদ্রা | ৮৪৪ |
| স্থাপনীমুদ্রা | ৮৩৬ | জ্ঞানমুদ্রা | ৮৪৪ |
| সংবোধনীমুদ্রা | ৮৩৬ | বিল্বমুদ্রা | ৮৪৪ |
| সন্নিধাপনীমুদ্রা | ৮৩৬ | গরুড়মুদ্রা | ৮৪৪ |
| সম্মুখীকরণীমুদ্রা | ৮৩৬ | নারসিংহমুদ্রা | ৮৪৫ |
| সকলীকরণীমুদ্রা | ৮৩৬ | বারাহমুদ্রা | ৮৪৮ |
| অবগুণ্ঠনমুদ্রা | ৮৩৬ | হয়গ্রীবমুদ্রা | ৮৪৮ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ধনুর্মুদ্রা | ৮৪৫ |
| বাণমুদ্রা | ৮৪৬ |
| পরশুমুদ্রা | ৮৪৬ |
| ত্রৈলোক্যমোহিনীমুদ্রা | ৮৪৬ |
| কামমুদ্রা | ৮৪৬ |
| লিঙ্গমুদ্রা | ৮৪৬ |
| যোনিমুদ্রা | ৮৪৭ |
| ত্রিশূলমুদ্রা | ৮৪৭ |
| অক্ষমালামুদ্রা | ৮৪৭ |
| বরমুদ্রা | ৮৪৭ |
| অভয়মুদ্রা | ৮৪৭ |
| মৃগমুদ্রা | ৮৪৭ |
| খট্টাঙ্গমুদ্রা | ৮৪৮ |
| কপালীমুদ্রা | ৮৪৮ |
| ডমরুমুদ্রা | ৮৪৮ |
| পাশমুদ্রা | ৮৪৮ |
| অঙ্কুশমুদ্রা | ৮৪৯ |
| বিঘ্নমুদ্রা | ৮৪৯ |
| দন্তমুদ্রা | ৮৪৯ |
| পরশুমুদ্রা | ৮৪৯ |
| লড্ডুকমুদ্রা | ৮৪৯ |
| খড়্গমুদ্রা | ৮৪৯ |
| চর্ম্মমুদ্রা | ৮৫০ |
| মুষলমুদ্রা | ৮৫০ |
| দোর্গীমুদ্রা | ৮৫০ |
| লক্ষ্মীমুদ্রা | ৮৫০ |
| বীণামুদ্রা | ৮৫০ |
| পুস্তকমুদ্রা | ৮৫১ |
| ব্যাখ্যামুদ্রা | ৮৫১ |
| সপ্তজিহ্বামুদ্রা | ৮৫১ |
| কালকর্ণীমুদ্রা | ৮৫১ |
| বিস্ময়মুদ্রা | ৮৫১ |
| নাদমুদ্রা | ৮৫২ |
| বিন্দুমুদ্রা | ৮৫২ |
| মুণ্ডমুদ্রা | ৮৫২ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| দৈত্যধূমিনীমুদ্রা | ৮৫২ |
| লেলিহামুদ্রা | ৮৫৩ |
| মহাযোনিমুদ্রা | ৮৫৩ |
| ত্রিখণ্ডমুদ্রা | ৮৫৩ |
| সর্ব্বসংক্ষোভকারিণীমুদ্রা | ৮৫৪ |
| সর্ব্ববিদ্রাবিণীমুদ্রা | ৮৫৪ |
| আকর্ষিণীমুদ্রা | ৮৫৪ |
| সর্ব্ববশ্যকরীমুদ্রা | ৮৫৪ |
| উন্মাদিনী, উন্মাদ ও সর্ব্বোন্মাদিনীমুদ্রা | ৮৫৫ |
| মহাঙ্কুশমুদ্রা | ৮৫৫ |
| খেচরীমুদ্রা | ৮৫৫ |
| খেচরী-মুদ্রার গুণ | ৮৫৫ |
| যোনিমুদ্রা | ৮৫৭ |
| বীজ-মুদ্রা | ৮৫৭ |
| ভূতিনী-মুদ্রা | ৮৫৭ |
| তর্জ্জনী-মুদ্রা | ৮৫৮ |
| রিপুজিহ্বাগ্রহা মুদ্রা | ৮৫৮ |
| মহা-মুদ্রা | ৮৫৮ |
| মহামুদ্রাভ্যাসক্রম | ৮৫৯ |
| মহামুদ্রাগুণ | ৮৫৯ |
| মহাবন্ধ | ৮৬০ |
| মহাবেধের উৎকর্ষনিরূপণ | ৮৬০ |
| মহাবেধ | ৮৬১ |
| উড্ডীয়ানবন্ধ | ৮৬১ |
| মূলবন্ধ | ৮৬২ |
| জালন্ধরবন্ধ | ৮৬২ |
| বন্ধত্রয়ের উপযোগ | ৮৬৩ |


## নবম প্রবাহ

### স্তবকবচ-প্রকরণ


| | |
|---|---|
| গুরুস্তোত্র | ৮৬৪ |
| স্ত্রীগুরুস্তোত্র | ৮৬৫ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| শ্রীগুরুকবচ | ৮৬৬ | সরস্বতীকবচ | ৮৯৯ |
| গণপতি-স্তোত্র | ৮৬৭ | দুর্গাশতনামস্তোত্র | ৯০০ |
| গণপতি-কবচ | ৮৬৭ | দুর্গাকবচ | ৯০১ |
| সূর্য্য-স্তোত্র | ৮৬৯ | জগদ্ধাত্রীস্তোত্র | ৯০২ |
| সূর্য্য-কবচ | ৮৬৯ | জগদ্ধাত্রী-কবচ | ৯০২ |
| সূর্য্যকবচ (ত্রৈলোক্যমঙ্গল) | ৮৭০ | অন্নপূর্ণাস্তোত্র | ৯০৩ |
| শ্রীকৃষ্ণ স্তোত্র | ৮৭১ | তন্ত্রোক্ত-অন্নপূর্ণাস্তোত্র | ৯০৪ |
| শ্রীকৃষ্ণ-কবচ (ত্রৈলোক্যমঙ্গল) | ৮৭২ | অন্নপূর্ণা-কবচ | ৯০৫ |
| মধুসূদন-স্তোত্র | ৮৭৪ | কুণ্ডলিনী-কবচ | ৯০৬ |
| গোপালস্তোত্র | ৮৭৪ | কুণ্ডলিনীস্তোত্র | ৯০৬ |
| বাণলিঙ্গ-স্তোত্র | ৮৭৫ | অপরাজিতাস্তোত্র | ৯০৯ |
| মহিম্নঃ স্তোত্র | ৮৭৬ | গঙ্গাস্তোত্র | ৯১১ |
| বটুকভৈরবস্তোত্র | ৮৭৯ | আদ্যাস্তোত্র | ৯১২ |
| দশাবতারবিষ্ণুস্তোত্র | ৮৮২ | মঙ্গলচণ্ডিকাস্তোত্র | ৯১৩ |
| বীরেশ্বর-শিবের স্তোত্র | ৮৮৩ | তুলসীস্তোত্র | ৯১৪ |
| বিষ্ণুনামাষ্টক | ৮৮৪ | মনসাস্তোত্র | ৯১৪ |
| বিষ্ণুষোড়শনাম | ৮৮৫ | ষষ্ঠীস্তোত্র | ৯১৫ |
| নৃসিংহ-কবচ | ৮৮৫ | সীতাস্তোত্র | ৯১৬ |
| শ্রীরামচন্দ্র-স্তোত্র | ৮৮৬ | শীতলাস্তোত্র | ৯১৬ |
| শ্রীরাম-কবচ | ৮৮৭ | শীতলা-কবচ | ৯১৭ |
| রুদ্রকবচ | ৮৮৮ | সঙ্কটাস্তোত্র | ৯১৮ |
| নবগ্রহস্তোত্র | ৮৮৯ | গায়ত্রী-কবচ | ৯১৯ |
| নবগ্রহকবচ | ৮৯০ | গায়ত্রীশাপোদ্ধার | ৯১৯ |
| সোম-কবচ | ৮৯০ | শ্যামা (কর্পূর)-স্তোত্র | ৯২০ |
| মঙ্গল-কবচ | ৮৯১ | শ্যামা-কবচ | ৯২২ |
| বুধ-কবচ | ৮৯১ | কালিকা-কবচ | ৯২৩ |
| বৃহস্পতি-কবচ | ৮৯২ | শ্মশানকালিকা-কবচ | ৯২৪ |
| শুক্র-কবচ | ৮৯২ | তারাস্তোত্র | ৯২৬ |
| শনি-কবচ | ৮৯৩ | উগ্রতারা-কবচ | ৯২৭ |
| রাহু-কবচ | ৮৯৩ | মহাবিদ্যাস্তোত্র | ৯২৯ |
| ঋণমোচক-মঙ্গলস্তোত্র | ৮৯৪ | মহাত্রিপুরসুন্দরী (ষোড়শী)-স্তোত্র | ৯৩১ |
| মৃত্যুঞ্জয়-কবচ | ৮৯৫ | ভুবনেশ্বরীস্তোত্র | ৯৩১ |
| পার্থিবশিব-কবচ | ৮৯৬ | শ্রীভৈরবীস্তোত্র | ৯৩৩ |
| বাণীস্তোত্র | ৮৯৭ | প্রচণ্ডচণ্ডিকা-(ছিন্নমস্তা)-স্তোত্র | ৯৩৪ |
| সরস্বতীস্তোত্র | ৮৯৯ | | |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ধূমাবতীস্তোত্র | ৯৩৫ | লক্ষ্মীস্তোত্র | ৯৪২ |
| বগলামুখীস্তোত্র | ৯৩৬ | লক্ষ্মী-কবচ | ৯৪২ |
| শ্রীবগলামুখী-কবচ | ৯৩৮ | রাধাস্তোত্র | ৯৪৩ |
| মাতঙ্গীস্তোত্র | ৯৪০ | রাধা কবচ | ৯৪৪ |
| মহালক্ষ্মীস্তোত্র | ৯৪০ | রাসপঞ্চাধ্যায় | ৯৪৫ |

# ক্রিয়াকাণ্ড-বারিধি

## প্রথম প্রবাহ

### দীক্ষাপ্রকরণ

মঙ্গলাচরণ।

যঃ সাক্ষাৎ পরমো যোগী জ্ঞানদঃ পরমঃ পিতা।
সগুণো নির্গুণো নিত্যস্তং নমামি শিবং শিবম্‌॥

গুরুশব্দার্থ।

'গু'শব্দস্ত্বন্ধকারঃ স্যাৎ 'রু'শব্দস্তন্নিরোধকঃ।
অন্ধকারনিরোধিত্বাদ্‌ গুরুরিত্যভিধীয়তে॥

গুরুলক্ষণ।

শান্তো দান্তঃ কুলীনশ্চ বিনীতঃ শুদ্ধবেশবান্‌।
শুদ্ধাচারঃ সুপ্রতিষ্ঠঃ শুচির্দক্ষঃ সুবুদ্ধিমান্‌॥
আশ্রমী ধ্যাননিষ্ঠশ্চ তন্ত্রমন্ত্রবিশারদঃ।
নিগ্রহানুগ্রহে শক্তো গুরুরিত্যভিধীয়তে॥

যিনি সাক্ষাৎ পরম যোগী, জ্ঞানদাতা, পরম পিতাস্বরূপ, সগুণ, নির্গুণ ও নিত্য, সেই শিবপ্রদ শিবকে নমস্কার।

গুরুশব্দার্থ।—'গু' শব্দে অজ্ঞান-অন্ধকার, 'রু' শব্দে তন্নিবারক; সুতরাং অজ্ঞানান্ধকার-নাশক বলিয়া 'গুরু' এই শব্দ হইয়াছে।

গুরুলক্ষণ।—যিনি শান্ত, দান্ত, কুলীন, বিনীত, শুদ্ধবেশসম্পন্ন, বিশুদ্ধাচার, সুপ্রতিষ্ঠ, পবিত্রস্বভাব, কার্য্যদক্ষ, সুবুদ্ধি, আশ্রমী, ধ্যাননিষ্ঠ, তন্ত্রমন্ত্রবিশারদ

উদ্ধর্ত্তুঞ্চৈব সংহর্ত্তুং সমর্থো ব্রাহ্মণোত্তমঃ।
তপস্বী সত্যবাদী চ গৃহস্থো গুরুরুচ্যতে॥

গুরুমাহাত্ম্য।

গুরৌ মানুষবুদ্ধিন্তু মন্ত্রে চাক্ষরবুদ্ধিকম্।
প্রতিমাসু শিলাবুদ্ধিং কুর্ব্বাণো নরকং ব্রজেৎ
জন্মহেতূ হি পিতরৌ পূজনীয়ৌ প্রযত্নতঃ।
গুরুর্ব্বিশেষতঃ পূজ্যো ধর্ম্মাধর্ম্মপ্রদর্শকঃ॥
গুরুঃ পিতা গুরুর্ম্মাতা গুরুর্দেবো গুরুর্গতিঃ।
শিবে রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন॥
গুরোর্হিতং প্রকর্ত্তব্যং বাঙ্মনঃকায়কর্ম্মভিঃ।
অহিতাচরণাদ্দেবি বিষ্ঠায়াং জায়তে কৃমিঃ॥
শরীরদঃ পিতা দেবি জ্ঞানদো গুরুরেব চ।
গুরোর্গুরুতরো নাস্তি সংসারে দুঃখসাগরে॥
যস্য বক্ত্রাদ্বিনির্যাতং পূর্ণব্রহ্মময়ং বপুঃ।
তারয়েন্নাত্র সন্দেহো নরকার্ণবতো ধ্রুবম্॥
মন্ত্রত্যাগাদ্ভবেন্মৃত্যুর্গুরুত্যাগাদ্দরিদ্রতা।
গুরুমন্ত্রপরিত্যাগাদ্রৌরবং নরকং ব্রজেৎ॥

শিষ্যের প্রতি শাসনে ও অনুগ্রহে সমর্থ, তিনিই গুরুপদের যোগ্য। যিনি (মন্ত্রদানাদি দ্বারা) উদ্ধার করিতে এবং (শাপাদি দ্বারা) বিনাশ করিতে সমর্থ, তপস্বী, সত্যবাদী, গৃহী ও পুত্রবান্, তাদৃশ ব্রাহ্মণই গুরুপদের যোগ্য।

গুরু-মাহাত্ম্য।—গুরুর প্রতি মানুষবুদ্ধি, মন্ত্রে অক্ষরবুদ্ধি এবং প্রতিমাতে শিলাবুদ্ধি করিলে নরকগামী হইতে হয়। পিতা-মাতা জন্মের হেতু বলিয়া পূজনীয় সত্য, কিন্তু ধর্ম্মাধর্ম্মপ্রদর্শক গুরুদেব তদপেক্ষাও পূজ্য। গুরুই পিতা, মাতা, দেবতা ও একমাত্র গতি। শিব রুষ্ট হইলে গুরু ত্রাণ করিতে পারেন, কিন্তু গুরু রুষ্ট হইলে কেহ ত্রাতা নাই। কায়মনোবাক্যে গুরুর হিতসাধন করিবে; তাঁহার অনিষ্ট করিলে বিষ্ঠামধ্যে কৃমিরূপে জন্ম হয়। পিতা শরীর-দাতা, কিন্তু গুরু জ্ঞানদাতা; দুঃখময় সংসারসাগরে গুরু অপেক্ষা কেহই শ্রেষ্ঠ নাই। গুরুমুখবিনির্গত শব্দময় ব্রহ্ম নরকার্ণব হইতে পরিত্রাণ করে। মন্ত্রত্যাগ দ্বারা মৃত্যু, গুরুত্যাগ দ্বারা দরিদ্রতা এবং গুরু ও মন্ত্র উভয়ত্যাগ দ্বারা নরকগতি

গুরৌ সন্নিহিতে যস্তু পূজয়েদন্যদেবতাঃ।
স যাতি নরকং ঘোরং সা পূজা বিফলা ভবেৎ॥
উৎপাদকব্রহ্মদাত্রোর্গরীয়ান্ ব্রহ্মদঃ পিতা।
তস্মান্মন্যেত সততং পিতুরপ্যধিকং গুরুম্॥
গুরুবদ্গুরুপুত্রেষু গুরুবত্তৎসুতাদিষু।
গুরুবৎ পূজনং কার্য্যং তেষাং বাক্যপালনম্॥
গুরুবদ্ভজনং কার্য্যং সর্ব্বদা গুরুসন্ততৌ।
অবিদ্যো বা সবিদ্যো বা গুরুরেব চ দৈবতম্॥
অমার্গস্থোঽপি মার্গস্থো গুরুরেব সদা গতিঃ।
আয়ান্তমগ্রতো গচ্ছেদ্গচ্ছন্তং তমনুব্রজেৎ॥
আসনে শয়নে বাপি ন তিষ্ঠেদগ্রতো গুরোঃ।
অনুজ্ঞাং প্রাপ্য তিষ্ঠেত্তু নৈব শাপমবাপ্নুয়াৎ॥
গুরুর্ম্মাতা পিতা স্বামী বান্ধবঃ সুহৃদঃ শিবঃ।
ইত্যাধায় মনো নিত্যং ভজেৎ সর্ব্বাত্মনা গুরুম্॥

নিন্দ্যগুরুলক্ষণ।

শ্বিত্রী চৈব গলৎকুষ্ঠী নেত্ররোগী চ বামনঃ।
কুনখী শ্যাবদন্তশ্চ স্ত্রীজিতশ্চাধিকাঙ্গকঃ॥
অপুত্রো মৃতপুত্রশ্চ কুষ্ঠী চ বামনস্তথা।

ঘটে। গুরু বিদ্যমানে অন্যদেবতার পূজা করিলে পূজা বিফল হয় ও নরকে গতি হইয়া থাকে। জন্মদাতা ও জ্ঞানদাতা এই উভয়ের মধ্যে জ্ঞানদাতা শ্রেষ্ঠ; সুতরাং পিতা অপেক্ষাও গুরু অধিক মাননীয়। গুরুপুত্র ও তৎপুত্রাদির প্রতি গুরুবৎ পূজা এবং তাঁহাদিগের পালনতোষণ কর্ত্তব্য। গুরুসন্ততি-দিগকেও সর্ব্বদা গুরুবৎ ভজনা করিবে। গুরু মূর্খ হউন্, বিদ্বান্ হউন্, সৎপথবর্ত্তী বা কুমার্গগামী হউন্, তথাপি দেবতা ও একমাত্র গতিস্বরূপ। গুরুকে আগমন করিতে দেখিলে প্রত্যুদ্গমন, গমন করিতে দেখিলে অনুগমন এবং আসীন বা শয়ান দেখিলে সম্মুখে অবস্থান করিবে। গুরুর আদেশমত অবস্থান করিলে দোষ নাই। গুরুই পিতা, মাতা, স্বামী, বান্ধব, সুহৃদ্ ও শিবস্বরূপ, এই জ্ঞানে সর্ব্বদা সর্ব্বপ্রযত্নে তাঁহার ভজনা করিবে।

নিন্দ্যগুরু-লক্ষণ।—শ্বিত্রী, গলৎকুষ্ঠী, নেত্ররোগী, বামন, কুনখী, শ্যাবদন্ত,

হীনাঙ্গঃ কপটী রোগী বহ্বাশী বহুজল্পকঃ।
এতৈর্দোষৈর্ব্বিমুক্তো যঃ স গুরুঃ শিষ্যসম্মতঃ॥
অভিশস্তমপুত্রঞ্চ কদর্য্যং কিতবং তথা।
ক্রিয়াহীনং শঠঞ্চাপি বামনং গুরুনিন্দকম্॥
জলরক্তবিকারঞ্চ বর্জ্জয়েন্মতিমান্ সদা।
সদা মৎসরসংযুক্তং গুরুং তন্ত্রেণ বর্জ্জয়েৎ॥

শিষ্যলক্ষণ।

শান্তো বিনীতঃ শুদ্ধাত্মা শ্রদ্ধাবান্ ধারণক্ষমঃ।
সমর্থশ্চ কুলীনশ্চ প্রাজ্ঞঃ সচ্চরিতো যতিঃ।
এবমাদিগুণৈর্যুক্তঃ শিষ্যো ভবতি নান্যথা॥
পুণ্যবান্ ধার্ম্মিকঃ শুদ্ধো গুরুভক্তো জিতেন্দ্রিয়ঃ।
শিষ্যযোগ্যো ভবেৎ সো হি দান-ধ্যানপরায়ণঃ।

নিষিদ্ধ শিষ্যলক্ষণ।

পাপিনে ক্রূরচেষ্টায় শঠায় কৃপণায় চ।
দীনায়াচারশূন্যায় মন্ত্রদ্বেষপরায় চ॥
নিন্দকায় চ মূর্খায় তীর্থদ্বেষপরায় চ।
গুরুভক্তিবিহীনায় ন দেয়া মলিনায় চ॥
অলসা মলিনাঃ ক্লিষ্টা দাম্ভিকাঃ কৃপণাস্তথা।
দরিদ্রা রোগিণো রুষ্টা রাগিণো ভোগলালসাঃ॥

স্ত্রীজিত, অধিকাঙ্গ, হীনাঙ্গ, কপটী, রোগী, বহুভোজী ও বহুভাষী ব্যক্তি গুরুর যোগ্য নহে। অভিশাপগ্রস্ত, পুত্রহীন, কদাকার, ধূর্ত্ত, ক্রিয়াহীন, প্রতারক, খর্ব্বকায়, গুরুনিন্দক, জলদোষী, রক্তবিকারী, মৃতপুত্র ও মৎসরী ব্যক্তিকে শাস্ত্রানুসারে গুরুপদে বরণ করিবে না।

শিষ্য-লক্ষণ।- যে ব্যক্তি শান্ত, বিনীত, শুদ্ধাত্মা, শ্রদ্ধাশীল, মেধাবী, কার্য্যদক্ষ, কুলীন, প্রাজ্ঞ, সুচ্চরিত্র, সংযমী, পুণ্যবান্, ধার্ম্মিক, শুদ্ধ, গুরুভক্ত, জিতেন্দ্রিয় ও দানধ্যানপরায়ণ, তাদৃশ ব্যক্তিই শিষ্যের উপযুক্ত।

নিষিদ্ধ শিষ্য-লক্ষণ।—পাপী, ক্রূরকর্ম্মা, শঠ, কৃপণ, দীন, আচারহীন, মন্ত্র-দ্বেষী, নিন্দক, মূর্খ, তীর্থদ্বেষী, গুরুভক্তিহীন ও মলিনাত্মাকে মন্ত্রদান করিবে না। অলস, মলিনাত্মা, অধিকাঙ্গ, দাম্ভিক, কৃপণ, দরিদ্র, রোগী, রুষ্ট,

অসূয়ামৎসরগ্রস্তাঃ সদা পরুষবাদিনঃ।
অন্যায়োপার্জ্জিতধনাঃ পরদাররতাশ্চ যে॥
বিদুষাং বৈরিণশ্চৈব ত্যজ্যাঃ পণ্ডিতমানিনঃ।
ভ্রষ্টাচারাশ্চ যে কষ্টবৃত্তয়ঃ পিশুনাঃ খলাঃ॥
বহ্বাশিনঃ ক্রূরচেষ্টা দুরাত্মানশ্চ নিন্দিতাঃ।
ইত্যেবমাদয়োঽন্যেঽপি পাপিষ্ঠাঃ পুরুষাধমাঃ।
এবংভূতাঃ পরিত্যজ্যাঃ শিষ্যত্বেনোপকল্পিতাঃ॥

দীক্ষাবিচারাদি-নির্ণয়।

দীক্ষাং বিনা জপস্য দুষ্টত্বাৎ প্রথমং সা নিরূপ্যতে :—
দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্য্যাচ্চ পাপসংক্ষয়ম্।
তস্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা মুনিভিস্তন্ত্রবেদিভিঃ॥
দীক্ষামূলং জপং সর্ব্বং দীক্ষামূলং পরং তপঃ।
দীক্ষামাশ্রিত্য নিবসেদ্‌যত্র কুত্রাশ্রমে বসন্॥
অদীক্ষিতা যে কুর্ব্বন্তি জপপূজাদিকাঃ ক্রিয়াঃ।
ন ভবন্তি প্রিয়ে তেষাং শিলায়ামুপ্তবীজবৎ॥
দেবি দীক্ষাবিহীনস্য ন সিদ্ধির্ন চ সদ্গতিঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গুরুণা দীক্ষিতো ভবেৎ॥
অদীক্ষিতোঽপি মরণে রৌরবং নরকং ব্রজেৎ।
অদীক্ষিতস্য মরণে পিশাচত্বং ন মুঞ্চতি।
তস্মাদ্দীক্ষাং প্রযত্নেন সদা কুর্য্যাচ্চ তান্ত্রিকীম্॥

---

বিষয়-বিলাসী, ভোগোৎসুক, অসূয়াবান্, মৎসরী, পরুষভাষী, অন্যায়-অর্থোপার্জ্জক, পরদাররত, পণ্ডিতদ্বেষী, পাণ্ডিত্যাভিমানী, ভ্রষ্টাচার, কষ্টবৃত্তিশীল, পিশুন, খল, বহুভোজী, ক্রূরচেষ্ট, দুরাত্মা, নিন্দিত, পাপিষ্ঠ ও নরাধম ব্যক্তিকে শিষ্য করিতে নাই।

দীক্ষাবিচারাদি-নির্ণয়।—বিনা দীক্ষায় মন্ত্রজপ দূষিত হয়, অতএব প্রথমে দীক্ষাবিষয় নিরূপিত হইতেছে।—দীক্ষা দ্বারা দিব্যজ্ঞানলাভ ও পাপক্ষয় হয়। সকল আশ্রমেই দীক্ষার প্রয়োজন আছে; দীক্ষাই জপ, তপ প্রভৃতি কার্য্যের মূল; দীক্ষা ভিন্ন জপ, তপ প্রভৃতি হইতে পারে না। দীক্ষিত না হইয়া জপ-পূজাদি করিলে পাষাণে রোপিত বীজের ন্যায় নিষ্ফল হয়। দীক্ষাবিহীন

সর্ব্বাসামপি দীক্ষাণাং মুক্তিঃ ফলমখণ্ডিতম্।
অবিরোধাত্তবত্যেব প্রাসঙ্গিক্যস্তু ভুক্তয়ঃ॥
উপপাতকলক্ষাণি মহাপাতককোটয়ঃ।
ক্ষণাদ্দহতি দেবেশি দীক্ষা হি বিধিনা কৃতা॥
কল্পে দৃষ্ট্বা তু মন্ত্রং বৈ যো গৃহ্লাতি নরাধমঃ।
মন্বন্তরসহস্রেষু নিষ্কৃতির্নৈব জায়তে॥
নাদীক্ষিতস্য কার্য্যং স্যাৎ তপোভির্নিয়মব্রতৈঃ।
ন তীর্থগমনেনাপি ন চ শারীরযন্ত্রণৈঃ॥
অদীক্ষিতানাং মর্ত্ত্যানাং দোষং শৃণু বরাননে।
অন্নং বিষ্ঠাসমং তস্য জলং মূত্রসমং স্মৃতম্॥
তৎকৃতং তস্য বা শ্রাদ্ধং সর্ব্বং যাতি হ্যধোগতিম্।
সদ্‌গুরোরাহিতা দীক্ষা সর্ব্বকর্ম্মাণি সাধয়েৎ॥

মন্ত্রদানে অনধিকারী।

পিতুর্মন্ত্রং ন গৃহ্লীয়াৎ তথা মাতামহস্য চ।
সোদরস্য কনিষ্ঠস্য বৈরিপক্ষাশ্রিতস্য চ॥

ব্যক্তির সিদ্ধি বা সদ্গতি-লাভ হয় না। অদীক্ষিত ব্যক্তি নরকে গমন করে, তাহার পিশাচত্ব দূর হয় না; অতএব গুরুর নিকট তন্ত্রে দীক্ষিত হইবে। সকল প্রকার দীক্ষাতেই মুক্তিফল এবং মুক্তির অবিরোধিভাবে প্রাসঙ্গক্রমে ভোগও সম্পন্ন হয়। যথাবিধি দীক্ষিত হইলে ক্ষণকালমধ্যে লক্ষ উপপাতক ও কোটি মহাপাপ দগ্ধ হয়। গুরুর নিকট দীক্ষিত না হইয়া গ্রন্থে মন্ত্র দর্শন পূর্ব্বক ঐ মন্ত্র গ্রহণ করিলে সহস্র মন্বন্তরেও অব্যাহতি নাই। অদীক্ষিত ব্যক্তির তপস্যা, নিয়ম, ব্রত, তীর্থগমন এবং শারীরিক পরিশ্রম দ্বারা কোন কার্য্যই সিদ্ধ হয় না। অদীক্ষিত ব্যক্তির অন্ন বিষ্ঠাসম ও জল মূত্রতুল্য। তৎকৃত শ্রাদ্ধ এবং অদীক্ষিতের উদ্দেশে অন্যকৃত শ্রাদ্ধও অধোগামী হয়। অতএব সদ্‌গুরুর নিকট দীক্ষিত হইলে সমস্ত কর্ম্মই সাধন করিতে পারে।

**মন্ত্রদানে অনধিকারী।**—পিতা, মাতামহ, সহোদর ভ্রাতা, কনিষ্ঠ ব্যক্তি, শত্রু-পক্ষাবলম্বী, স্বামী ও মাতা ভিন্ন বিধবা স্ত্রীলোকের নিকট দীক্ষাগ্রহণ নিষিদ্ধ।*

* পরন্তু বিধবাও পুত্রের অনুজ্ঞায়, কন্যা পিতার আদেশে, সধবা স্ত্রী স্বামীর আজ্ঞাক্রমে মন্ত্র-দানে অধিকারিণী হয়। মাতার নিকট দীক্ষা বিশেষ শুভজনক।

ন পত্নীং দীক্ষয়েদ্ভর্ত্তা ন পিতা দীক্ষয়েৎ সুতাম্।
ন পুত্রঞ্চ তথা ভ্রাতা ভ্রাতরং ন চ দীক্ষয়েৎ॥
তস্মাদ্গুরোর্বংশজাতং বয়োঽল্পমপি পণ্ডিতম্।
গুরুং কুর্য্যাত্তু দীক্ষায়ামবিচার্য্য গুরোঃ কুলম্॥
স্বপ্নলব্ধং স্ত্রিয়া দত্তং সংস্কারেণৈব শুধ্যতি।
সিদ্ধমন্ত্রে তু নৈষ দোষঃ" ইতি।
যতের্দীক্ষা পিতুর্দীক্ষা দীক্ষা চ বনবাসিনঃ।
বিবিক্তাশ্রমিণো দীক্ষা ন সা কল্যাণদায়িকা॥
শূদ্রঃ শূদ্রমুখাৎ শ্রুত্বা বিদ্যাং বা মন্ত্রমুত্তমম্।
গৃহীত্বা নরকং যাতি দুঃখং প্রাপ্নোতি নিত্যশঃ॥

শূদ্রের পক্ষে নিষিদ্ধ মন্ত্র।

প্রণবাদ্যং ন দাতব্যং মন্ত্রং শূদ্রায় সর্ব্বথা।
আত্মমন্ত্রং গুরোর্মন্ত্রং মন্ত্রঞ্চাজপসংজ্ঞকম্॥
স্বাহাপ্রণবসংযুক্তং শূদ্রে মন্ত্রং দদদ্দ্বিজঃ।
শূদ্রো নিরয়মাপ্নোতি ব্রাহ্মণো যাত্যধোগতিম্॥

সাবিত্রীং প্রণবং যজুর্লক্ষ্মীং স্ত্রীশূদ্রয়োর্নেচ্ছন্তি। সাবিত্রীং প্রণবং যজুর্লক্ষ্মীং স্ত্রীশূদ্রো যদি জানীয়াৎ, স মৃতোঽধোগচ্ছতি।

কিন্তু—'শক্তিবিদ্যান্বিতা স্বাহা জায়তে যদি পার্ব্বতি। প্রজপেৎ সততং শূদ্রস্তদা সিদ্ধিঃ প্রজায়তে' ইত্যাদিবচনৈঃ শূদ্রস্যাপি স্বাহাপ্রণবান্বিতমন্ত্রগ্রহণাধিকারো যথাযথং গোপালদশাক্ষরান্নপূর্ণা-সপ্তদশাক্ষরমন্ত্রবিষয়ঃ।

গুরুবংশজাত ব্যক্তি বয়ঃকনিষ্ঠ হইলেও জ্ঞানী হইলেই বয়োবিচার না করিয়াই মন্ত্র গ্রহণ করিবে। সিদ্ধমন্ত্র (দশমহাবিদ্যামন্ত্র ও পুরশ্চরণাদি প্রক্রিয়ায় সাধিতমন্ত্র) ত্রিপুরুষ উপাসিত হইলেও তাহা পিতা প্রভৃতির নিকট গ্রহণ করা যায়। বিধবা স্ত্রীদত্ত ও স্বপ্নলব্ধ মন্ত্র গ্রহণ করিলে তাহা সংস্কৃত করিয়া লইবে, সিদ্ধমন্ত্রে দোষ নাই। যতি, বনবাসী ও উদাসীনের নিকট দীক্ষা গৃহস্থের শুভকরী নহে। শূদ্রের নিকট কোন বর্ণই দীক্ষা গ্রহণ করিবে না।

শূদ্রের পক্ষে নিষিদ্ধ মন্ত্র।—প্রণব ও প্রণবঘটিত মন্ত্র শূদ্রকে দিবে না। শূদ্রকে আত্মমন্ত্র, গুরুর মন্ত্র, অজপামন্ত্র (হংস), স্বাহা ও প্রণবসংযুক্ত মন্ত্র

গোপালস্য মনুর্দেয়ো মহেশস্য চ পাদজে।
তৎপত্ন্যাশ্চাপি সূর্য্যস্য গণেশস্য মনুস্তথা।
এষাং দীক্ষাধিকারী স্যাদন্যথা পাপভাগ্ ভবেৎ

মন্ত্রের সিদ্ধাদিবিচার।

তত্রাপ্যনুকূলং মন্ত্রং দীক্ষয়েৎ। তথাহি—
মননাত্রায়তে যস্মাত্তস্মান্মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ॥
স্বতাররাশিকোষ্ঠানামনুকূলান্ ভজেন্মনূন্।
নৃসিংহার্কবরাহাণাং প্রাসাদপ্রণবস্য চ।
সংপিণ্ডাক্ষরমন্ত্রাণাং সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ॥
তারাচক্রং রাশিচক্রং নামচক্রন্তথৈব চ।
তত্র চেৎ সগুণো মন্ত্রো নান্যচ্চক্রং বিচিন্তয়েৎ॥
ধনিমন্ত্রং ন গৃহ্নীয়াদকুলঞ্চ তথৈব চ।
স্বপ্নলব্ধে স্ত্রিয়া দত্তে মালামন্ত্রে চ ত্র্যক্ষরে॥
বৈদিকেষু চ মন্ত্রেষু সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ॥
বিংশত্যর্ণাধিকা মন্ত্রা মালামন্ত্রাঃ প্রকীর্ত্তিতাঃ।
নপুংসকস্য মন্ত্রস্য সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ॥
হংসস্যাষ্টাক্ষরস্যাপি তথা পঞ্চাক্ষরস্য চ।
এক-দ্বি-ত্র্যাদিবীজস্য সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ॥

অর্পণ করিলে অধোগামী হইতে হয়, শূদ্রও নরকগামী হইয়া থাকে। গায়ত্রী, প্রণব এবং লক্ষ্মীমন্ত্র ( শ্রীঁ ) পরিজ্ঞানে স্ত্রী ও শূদ্র অধিকারী নহে। এই সকল মন্ত্র উচ্চারণ করিলে উহারা অধোগামী হয়। কিন্তু স্ত্রী ও শূদ্রের পক্ষে গোপাল-দশাক্ষর ও অন্নপূর্ণা-সপ্তদশাক্ষর মন্ত্র স্বাহা-প্রণবসংযুক্ত হইলেও মতান্তরে অধিকার আছে। মতান্তরে লিখিত আছে, শূদ্র গোপাল, মহেশ্বর, দুর্গা, সূর্য্য এবং গণেশের মন্ত্রগ্রহণেই অধিকারী।

মন্ত্রের সিদ্ধাদি-বিচার।—যে যে দেবতার মন্ত্রগ্রহণে অধিকার আছে, তন্মধ্য হইতে অনুকূলমন্ত্র গ্রহণ করিবে। বীজসকলের মনন দ্বারা ( স্মরণ-উচ্চারণাদি দ্বারা ) সংসার হইতে উদ্ধার হয় বলিয়া ইহার নাম মন্ত্র। এই হেতু নক্ষত্রচক্র ও রাশিচক্রবিচার পূর্ব্বক অনুকূল মন্ত্র ভজনা করিবে। নৃসিংহ, সূর্য্য ও বরাহের মন্ত্র, প্রাসাদবীজ ( হৌঁ ), প্রণব এবং কূটমন্ত্র ( ঠ্রৌঁ ) বীজঘটিত

একাক্ষরস্য মন্ত্রস্য মালামন্ত্রস্য পার্ব্বতি।
বৈদিকস্য চ মন্ত্রস্য সিদ্ধাদীন্নৈব শোধয়েৎ॥
পুং-মন্ত্রা হুঁ-ফড়ন্তাঃ স্যুর্দ্বিঠান্তাস্তু স্ত্রিয়ো মতাঃ।
নপুংসকা নমোহন্তাঃ স্যুরিত্যুক্তা মনবস্ত্রিধা॥
অথ বক্ষ্যাম্যহং যা যা মহাবিদ্যা মহীতলে।
দোষজালৈরসংস্পৃষ্টাস্তাঃ সর্ব্বা হি ফলৈঃ সহ॥
কালী নীলা মহাদুর্গা ত্বরিতা ছিন্নমস্তিকা।
বাগ্‌বাদিনী চান্নপূর্ণা তথা প্রত্যঙ্গিরা পুনঃ॥
কামাখ্যাবাসিনী বালা মাতঙ্গী শৈলবাসিনী।
ইত্যাদ্যাঃ সকলা বিদ্যাঃ কলৌ পূর্ণফলপ্রদাঃ॥
সিদ্ধমন্ত্রতয়া নাত্র যুগসেবাপরিশ্রমঃ।
তথা চৈতা মহাবিদ্যা কলিদোষান্ন বাধিতাঃ॥
কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী।
ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা॥

মন্ত্র) ইহাদিগের সম্বন্ধে সিদ্ধাদিবিচার নাই। নক্ষত্রচক্রে, রাশিচক্রে ও নামচক্রে, অনুকূল মন্ত্র হইলে অন্য চক্র বিচার অনাবশ্যক। তন্ত্রে লিখিত আছে, ধনিমন্ত্র ও অকুল মন্ত্র গ্রহণ করিবে না, সুতরাং ঋণিধনিচক্র ও কুলাকুলচক্র-বিচার আবশ্যক। স্বপ্নলব্ধ মন্ত্র, স্ত্রীর নিকট হইতে গ্রহীতব্য মন্ত্র, মালামন্ত্র, ত্র্যক্ষর মন্ত্র এবং সকল প্রকার বৈদিক মন্ত্র গ্রহণে সিদ্ধাদিবিচার করিবে না। বিংশতি বর্ণের অধিক বর্ণঘটিত মন্ত্রের নাম মালামন্ত্র। নপুংসকমন্ত্র, সূর্য্যের অষ্টাক্ষর, পঞ্চাক্ষর, দ্ব্যক্ষর এবং ত্র্যক্ষরাদি মন্ত্রের সিদ্ধাদিবিচার করিবে না; আর একাক্ষর মন্ত্র, মালামন্ত্র ও বৈদিক মন্ত্রেরও সিদ্ধাদিবিচারের আবশ্যকতা নাই। যে মন্ত্রের অন্তে "হুঁ ফট্" আছে, তাহাকে পুংমন্ত্র; যাহার অন্তে "স্বাহা" আছে, তাহাকে স্ত্রী-মন্ত্র এবং যাহার অন্তে "নমঃ" আছে, তাহাকে নপুংসক-মন্ত্র কহে; সুতরাং পুং-স্ত্র্যাদি-ভেদে মন্ত্র ত্রিবিধ। কালী, নীলা, মহাদুর্গা, ত্বরিতা, ছিন্নমস্তা, বাগ্‌বাদিনী, অন্নপূর্ণা, প্রত্যঙ্গিরা, কামাখ্যাবাসিনী, বালা, মাতঙ্গী ও শৈলবাসিনী প্রভৃতি দেবতাগণ কলিকালে পূর্ণফলদাত্রী। এই সকল দেবতা সিদ্ধমন্ত্র। এই সমস্ত মহাবিদ্যাগণ কলি-দোষদুষ্ট নহেন। তন্ত্রান্তরে লিখিত আছে, কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী,

বগলা সিদ্ধবিদ্যা চ মাতঙ্গী কমলাত্মিকা।
এতা দশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ।
নাত্র সিদ্ধাদ্যপেক্ষাস্তি নক্ষত্রাদিবিচারণা।
কালাদিশোধনং নাস্তি নারিমিত্রাদিদূষণম্ ॥
সিদ্ধবিদ্যাতয়া নাত্র যুগসেবা-পরিশ্রমঃ।
নাস্তি কিঞ্চিন্মহাদেবি দুঃখসাধ্যং কদাচন ॥
ইত্যাদি-বচনাদেষু বিচারো নাস্তি—
বস্তুতস্তু ইদং প্রশংসাপরম্।
সর্ব্বত্র বিচারস্যাবশ্যকত্বাৎ দুরদৃষ্টবশাৎ কদাচিদ্বৈরিমন্ত্রস্য
স্বপ্নাদৌ প্রাপ্ত্যা তদ্দোষস্য দৃষ্টত্বাদিতি তু সাম্প্রদায়িকাঃ ॥

কুলাকুলচক্র।

বায়গ্নি-ভূজলাকাশাঃ পঞ্চাশল্লিপয়ঃ ক্রমাৎ।
পঞ্চ হ্রস্বা পঞ্চ দীর্ঘা বিন্দ্বন্তাঃ সন্ধিসম্ভবাঃ ॥
কাদয়ঃ পঞ্চশঃ যক্ষলসহান্তাঃ প্রকীর্ত্তিতাঃ।
অ আ এ ক চ ট প য ষা মারুতাঃ ॥

---

ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী ও কমলা এই দশটি মহাবিদ্যার মন্ত্রগ্রহণে সিদ্ধাদিবিচার, নক্ষত্র-চক্রাদি-বিচার, কালাদিশোধন ও অরিমিত্রাদি-বিচারের আবশ্যকতা নাই। ইঁহারা সিদ্ধবিদ্যা। সুতরাং কলিকালানুরোধে চতুর্গুণ জপরূপ পরিশ্রম নাই। ইঁহাদের উপাসনা করিলে কিছুই দুঃসাধ্য হয় না। ইত্যাদি বচনানুসারে বুঝা যায় যে, এ সকল মন্ত্রে কোনই বিচার নাই। বস্তুতঃপক্ষে ইহা প্রশংসাবাক্য মাত্র, সর্ব্বত্রই বিচার আবশ্যক, কেন না, জীবের দুর্ভাগ্যবশতঃ কখনও শত্রুমন্ত্রও স্বপ্নলব্ধ হওয়ায় তাহার কুফল দেখা যায়। ইহা সাম্প্রদায়িকের মত।

কুলাকুলচক্র।—বায়ু, অগ্নি, পৃথিবী, জল ও আকাশ এই পঞ্চভূতময় পঞ্চাশদ্বর্ণ ক্রমত রাখিয়া কুলাকুল নির্ণয় করিবে। পাঁচটি হ্রস্ব, পাঁচটি দীর্ঘ, বিন্দু, অনুস্বার, সন্ধ্যক্ষর অর্থাৎ এ, ঐ, ও, ঔ এই সকল স্বরবর্ণ ও ককারাদি ব্যঞ্জনবর্ণ লইয়া বিচার করিবে। অ আ এ ক চ ট প য ষ এই কয়টি বর্ণ মারুত; ই ঈ ঐ খ ছ ঠ থ ফ র ক্ষ এই কয়টি আগ্নেয়; উ ঊ ও গ জ ড দ ব ল ল এই কয়টি পার্থিব; ঋ ৠ ঔ ঘ ঝ ঢ ভ ব স এই কয়টি বারুণ এবং

ই ঈ ঐ খ ছ ঠ থ ফ র ক্ষা আগ্নেয়াঃ।
উ ঊ ও গ জ ড দ ব ল লাঃ পার্থিবাঃ।
ঋ ৠ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব সা বারুণাঃ॥
ঌ ৡ অং ঙ ঞ ণ ন ম শ হা নাভসাঃ।
সাধকস্যাক্ষরং পূর্ব্বং মন্ত্রস্যাপি তদক্ষরম্।

| বায়ু | অগ্নি | ভূ | জল | আকাশ |
|---|---|---|---|---|
| অ আ | ই ঈ | উ ঊ | ঋ ৠ | ঌ |
| এ | ঐ | ও | ঔ | অং |
| ক | খ | গ | ঘ | ঙ |
| চ | ছ | জ | ঝ | ঞ |
| ট | ঠ | ড | ঢ | ণ |
| ত | থ | দ | ধ | ন |
| প | ফ | ব | ভ | ম |
| য | র | ল | ব | শ |
| ষ | ক্ষ | ল | স | হ |

ঌ ৡ অং ঙ ঞ ণ ন ম শ হ এই কয়টি বর্ণ আকাশ। এই প্রকারে বর্ণ বিন্যস্ত করিয়া কুলাকুলবিচার করিবে। মন্ত্রগ্রহীতার নামের আদ্য অক্ষর ও গ্রহীতব্য মন্ত্রের আদি অক্ষর একভূত বা এক-দৈবত হইলে স্বকুল, অন্যথা অকুল। স্বকুলমন্ত্রই গ্রহণীয়। সাধারণের বোধসৌকর্য্যার্থ এই স্থলে একটি চক্র অঙ্কিত করা গেল। এই চক্র দেখিলেই সহজে বুঝা যাইবে। এই পঞ্চ কোষ্ঠাবিশিষ্ট চক্রের প্রত্যেক কোষ্ঠার উপরিভাগে বায়ু, অগ্নি, ভূ, জল ও আকাশ এই পাঁচটি নাম লিখিত আছে, ইহাদের নিম্নে এক এক কোষ্ঠাতে যে যে বর্ণ লিখিত আছে, তৎসমুদায় একভূত বা একদৈবত। নামাদ্যক্ষর ও মন্ত্রাদ্যক্ষর এককোষ্ঠাস্থিত হইলে সেই মন্ত্র শুভ। সাধক-নামের আদ্যক্ষর ও মন্ত্রের আদ্যক্ষর একভূত বা এক-দৈবত না হইলে উক্ত

যদ্যেকভূতদৈবতং জানীয়াৎ সকুলং হিতম্।
ভৌমস্থ বারুণং মিত্রং আগ্নেয়স্যাপি মারুতম্।
মারুতং পার্থিবানাঞ্চ আগ্নেয়ঞ্চাম্ভসাং রিপুঃ।
পার্থিবানাঞ্চেতি চকারাৎ আগ্নেয়ং পার্থিবানাং রিপুঃ।
নাভসং সর্ব্বমিত্রং স্যাদ্বিরুদ্ধং নৈব শীলয়েৎ।
তথা—পার্থিবে বারুণং মৈত্রং তৈজসং শত্রুরীরিতম্।
ঐন্দ্র-বারুণয়োঃ শত্রুর্ম্মারুতঃ পরিকীর্ত্তিতঃ।

রাশিচক্র।

রেখাদ্বয়ং পূর্ব্বপরেণ কুর্য্যাত্তন্মধ্যতো যাম্যকুবেরভেদাৎ।
একৈকমীশাননিশাকরে তু হুতাশবায়োর্বিলিখেত্ততোহর্ণান্




বর্ণদ্বয়ের পরস্পর মিত্রতা থাকিলেও সেই মন্ত্র গ্রহণ করিতে পারে; কিন্তু শত্রুতা থাকিলে গ্রহণ করিবে না। বারুণ বা জলবর্ণ ভৌমবর্ণের এবং মারুতবর্ণ আগ্নেয়বর্ণের মিত্র, মারুতবর্ণ পার্থিববর্ণের, এবং আগ্নেয়বর্ণ বারুণ-বর্ণের শত্রু। আকাশবর্ণ সর্ব্ববর্ণের মিত্র। শত্রুমন্ত্র গ্রহণ করিবে না। তন্ত্রান্তরে লিখিত আছে, পার্থিববর্ণের মিত্র বারুণবর্ণ এবং শত্রু আগ্নেয়বর্ণ। মারুতবর্ণ, আকাশবর্ণ ও বারুণবর্ণের শত্রু।

রাশিচক্র।—এই স্থানে যে চক্র অঙ্কিত থাকিল, এইরূপ চক্র অঙ্কিত করিয়া উহার দ্বাদশ ঘরে দ্বাদশ রাশি কল্পনা পূর্ব্বক মেষাদিক্রমে বর্ণবিন্যাস করিবে।

দেবাগ্নি-বহ্নিযুগল-শ্রবণাক্ষি-সংখ্যান্, পঞ্চেষুবাণশরপঞ্চচতুষ্টয়ার্ণান্।
মেষাদিতঃ প্রবিলিখেৎ সকলাংস্ত্ব বর্ণান্, কন্যাগতান্ প্রবিলিখেদথ শাদিবর্ণান্॥

তেন অ আ ই ঈ মেষঃ। উ ঊ ঋ বৃষঃ। ৠ ঌ ৡ মিথুনম্। এ ঐ কর্কটঃ। ও ঔ সিংহঃ। অং অঃ শষসহলক্ষাঃ কন্যা। কবর্গস্তুলা। চবর্গো বৃশ্চিকঃ। টবর্গো ধনুঃ। তবর্গো মকরঃ। পবর্গঃ কুম্ভঃ। যবর্গো মীনঃ অত্র চতুর্ভির্যাদিভিঃ সার্দ্ধং স্যাৎ ক্ষকারস্ত্ব মীনগঃ। ইতিবচনাৎ ক্ষকারস্যাপি মীনে প্রবেশঃ। রাশীনামনুকূলং মন্ত্রং ভজেৎ।

তথা—স্বতাররাশিকোষ্ঠানামনুকূলান্ ভজেন্মনূনিতি নারদবচনাৎ।
রাশীনাং শুদ্ধতা জ্ঞেয়া ত্যজেচ্ছত্রুং মৃতিং ব্যয়ম্।
স্বরাশের্মন্ত্ররাশ্যন্তং গণনীয়ং বিচক্ষণৈঃ।

যদা তু স্বরাশেরজ্ঞানং তদা সাধকনামাদ্যক্ষরসম্বন্ধিনং রাশিং গৃহীত্বা গণয়েৎ॥

অন্যত্র—অজ্ঞাতে রাশিনক্ষত্রে নামাদ্যক্ষরদর্শনাৎ।
সাধ্যস্যাক্ষররাশ্যন্তং গণয়েৎ সাধকাক্ষরাৎ॥

তন্ত্ররাজে—তেন মন্ত্রাদ্যবর্ণেন নাম্নশ্চাদ্যক্ষরেণ চ।
গণয়েদ্‌যদি ষষ্ঠং বাপ্যষ্টমং দ্বাদশন্তু বা।
রিপুর্মন্ত্রাদ্যবর্ণঃ স্যাত্তেন তস্যাহিতং ভবেৎ॥

অন্যত্র—একপঞ্চ নববান্ধবাঃ স্মৃতা দ্বৌ চ ষট্ চ দশমাশ্চ সেবকাঃ।
বহ্নিরুদ্রমুনয়স্তু পোষকা দ্বাদশাষ্টচতুরস্তু ঘাতকাঃ।

---

যথাক্রমে অ হইতে আরম্ভ করিয়া মেষে ৪টি, বৃষে ৩টি, মিথুনে ৩টি, কর্কটে ২টি, সিংহে ২টি, কন্যায় ২টি, তুলায় ৫টি, বৃশ্চিকে ৫টি, ধনুতে ৫টি, মকরে ৫টি, কুম্ভে ৫টি, মীনে ৫টি এবং কন্যাতে শ, ষ, স, হ, ল, ক্ষ এই ৬টি বর্ণ লিখিবে। স্বীয় জন্মরাশি হইতে মন্ত্ররাশি অর্থাৎ যে রাশিতে মন্ত্রের আদিবর্ণ দৃষ্ট হইবে, সেই রাশি পর্য্যন্ত গণনা করিবে। যদি জন্মকালীন রাশি জানা না থাকে, তবে নামের আদি অক্ষর-সম্বন্ধীয় রাশি লইয়া গণনা করিতে হয়। এই প্রকারে গণনা করিলে যদি মন্ত্ররাশি জন্মরাশি হইতে ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশ হয়, তবে সেই মন্ত্র গ্রহণীয় নহে। ষষ্ঠাদি-রাশিগত রিপুমন্ত্র গ্রহণ করিলে গ্রহীতার অমঙ্গল হয়। মতান্তরে লিখিত আছে, এক, পঞ্চম ও নবম রাশিগত মন্ত্র হিতকারী; দ্বিতীয়, ষষ্ঠ ও দশমরাশিস্থিত মন্ত্র সেবকের ন্যায় কার্য্যসিদ্ধিকর; তৃতীয়, একাদশ ও সপ্তমরাশিস্থিত মন্ত্র পুষ্টিজনক এবং দ্বাদশ, অষ্টম ও

চতুরস্থ ঘাতকা ইতি বিষ্ণুবিষয়ম্। শক্ত্যাদৌ তু ষষ্ঠং বর্জ্জনীয়ম্।
ষষ্ঠাষ্টমদ্বাদশানি বর্জ্জনীয়ানি যত্নত ইতি বচনাৎ।
তন্ত্রান্তরে—দ্বাদশরাশীনামিয়ং সংজ্ঞা নামানুরূপং ফলম্।
লগ্নং ধনং ভ্রাতৃ-বন্ধু-পুত্রশত্রু-কলত্রকম্।
মরণং ধর্ম্মকর্ম্মায়ব্যয়া দ্বাদশরাশয়ঃ।
নামানুরূপমেতেষাং শুভাশুভফলং লভেৎ।
বৈষ্ণবে তু বন্ধুস্থানে শত্রুঃ শত্রুস্থানে বন্ধুরিতি পাঠঃ॥
লগ্নে সিদ্ধিস্তথা নিত্যং ধনে ধনসমৃদ্ধিকম্।
ভ্রাতরি ভ্রাতৃবৃদ্ধিঃ স্যাদ্বান্ধবে বান্ধবপ্রিয়ঃ।
পুত্রে পুত্রবিবৃদ্ধিঃ স্যাচ্ছত্রৌ শত্রুবিবর্দ্ধনম্।
কলত্রে মধ্যমা প্রোক্তা মরণে মরণং ভবেৎ।
ধর্ম্মে ধর্ম্মবিবৃদ্ধিঃ স্যাৎ সিদ্ধিঃ কর্ম্মসংস্থিতঃ।
আয়ে চ ধনসম্পত্তির্ব্যয়ে চ সঞ্চিতব্যয়ঃ॥

নক্ষত্রচক্র।

অ আ অশ্বিনী দেবঃ। ই ভরণী মানুষঃ। ঈ উ ঊ কৃত্তিকা রাক্ষসঃ। ঋ ৠ ঌ ৡ রোহিণী মানুষঃ। এ মৃগশিরো দেবঃ। ঐ আর্দ্রা মানুষঃ। ও ঔ পুনর্ব্বসুঃ

চতুর্থ-রাশিস্থিত মন্ত্র ঘাতক। চতুর্থ মন্ত্র কেবল বিষ্ণুমন্ত্রবিষয়ে ঘাতক। শক্তিমন্ত্র-গ্রহণে ষষ্ঠ মন্ত্রও ত্যাজ্য। তন্ত্রান্তরে লিখিত আছে, লগ্ন, ধন, ভ্রাতৃ, বন্ধু, পুত্র, শত্রু, কলত্র, মৃত্যু, ধর্ম্ম, কর্ম্ম, আয় ও ব্যয় মেষাদি দ্বাদশরাশির এই দ্বাদশ সংজ্ঞা। এই সংজ্ঞানুসারে শুভাশুভ ফল নির্ণীত হয়। বিষ্ণুমন্ত্র-বিচার-বিষয়ে চতুর্থ রাশি শত্রুস্থান এবং ষষ্ঠরাশি বন্ধুস্থান। লগ্নরাশিগত মন্ত্রগ্রহণে মন্ত্রসিদ্ধি, ধনস্থানস্থ মন্ত্রগ্রহণে ধনবৃদ্ধি, ভ্রাতৃস্থানস্থ মন্ত্রগ্রহণে ভ্রাতৃবৃদ্ধি, বন্ধু-স্থানস্থ মন্ত্রগ্রহণে বন্ধুপ্রিয়তা, পুত্রস্থানস্থ মন্ত্রগ্রহণে পুত্রবৃদ্ধি, শত্রুস্থানস্থ মন্ত্রগ্রহণে শত্রুবৃদ্ধি, কলত্রস্থানস্থ মন্ত্রগ্রহণে মধ্যবিধ বৃদ্ধি, মৃত্যুস্থানস্থ মন্ত্রগ্রহণে মৃত্যু, ধর্ম্মস্থানস্থ মন্ত্রগ্রহণে ধর্ম্মবৃদ্ধি, কর্ম্মস্থানস্থ মন্ত্রগ্রহণে কার্য্যসিদ্ধি, আয়স্থানস্থ মন্ত্র-গ্রহণে ধনসম্পত্তি এবং ব্যয়স্থানস্থ মন্ত্রগ্রহণে সঞ্চিত ধনের ব্যয় হয়।

**নক্ষত্রচক্র।**—এই স্থানে যে চক্র অঙ্কিত রহিল, এইরূপ সপ্তবিংশতিকোষ্ঠা-যুক্ত চক্র অঙ্কিত করিয়া যথাক্রমে অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র স্থাপন পূর্ব্বক অকারাদি ক্ষ পর্য্যন্ত বর্ণ-সকল বিন্যাস করিবে। অশ্বিনী নক্ষত্র দেবগণ, ইহাতে অ, আ বর্ণদ্বয় লিখিবে; ভরণীনক্ষত্র মানুষগণ, ইহাতে ই বর্ণ

## নক্ষত্র-চক্র।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অশ্বিনী | ভরণী | কৃত্তিকা | রোহিণী | মৃগশিরা | আর্দ্রা | পুনর্ব্বসু | পুষ্যা | অশ্লেষা |
| অ আ | ই | ঈ উ ঊ | ঋ ৠ ঌ ৡ | এ | ঐ | ও ঔ | ক | খ গ |
| দেবঃ | মানুষঃ | রাক্ষসঃ | মানুষঃ | দেবঃ | মানুষঃ | দেবঃ | দেবঃ | রাক্ষসঃ |
| মঘা | পূর্ব্বফল্গুনী | উত্তরফল্গুনী | হস্তা | চিত্রা | স্বাতী | বিশাখা | অনুরাধা | জ্যেষ্ঠা |
| ঘ ঙ | চ | ছ জ | ঝ ঞ | ট ঠ | ড | ঢ ণ | ত থ দ | ধ |
| রাক্ষসঃ | মানুষঃ | মানুষঃ | দেবঃ | রাক্ষসঃ | দেবঃ | রাক্ষসঃ | দেবঃ | রাক্ষসঃ |
| মূলা | পূর্ব্বাষাঢ়া | উত্তরাষাঢ়া | শ্রবণা | ধনিষ্ঠা | শতভিষা | পূর্ব্বভাদ্র | উত্তরভাদ্র | রেবতী |
| ন প ফ | ব | ভ | ম | য র | ল | ব শ | ষ স হ | ল ক্ষ অং অঃ |
| রাক্ষসঃ | মানুষঃ | মানুষঃ | দেবঃ | রাক্ষসঃ | রাক্ষসঃ | মানুষঃ | মানুষঃ | দেবঃ |

দেবঃ। ক পুষ্যা দেবঃ। খ গ অশ্লেষা রাক্ষসঃ। ঘ ঙ মঘা রাক্ষসঃ। চ পূর্ব্ব-ফল্গুনী মানুষঃ। ছ জ উত্তরফল্গুনী মানুষঃ। ঝ ঞ হস্তা দেবঃ। ট ঠ চিত্রা

---

লিখিবে; কৃত্তিকা রাক্ষসগণ, ইহাতে ঈ উ ঊ লিখিবে; রোহিণী মানুষগণ, ইহাতে ঋ ৠ ঌ ৡ লিখিবে; মৃগশিরা দেবগণ, ইহাতে এ বর্ণ লিখিবে; আর্দ্রা মানুষগণ, ইহাতে ঐ বর্ণ; পুনর্ব্বসু দেবগণ, ইহাতে ও ঔ; পুষ্যা দেবগণ,

রাক্ষসঃ। ড স্বাতী দেবঃ। ঢ ণ বিশাখা রাক্ষসঃ। ত থ দ অনুরাধা দেবঃ। ধ জ্যেষ্ঠা রাক্ষসঃ। ন প ফ মূলা রাক্ষসঃ। ব পূর্ব্বাষাঢ়া মানুষঃ। ভ উত্তরাষাঢ়া মানুষঃ। ম শ্রবণা দেবঃ। য র ধনিষ্ঠা রাক্ষসঃ। ল শতভিষা রাক্ষসঃ। ব শ পূর্ব্ব-ভাদ্রপদা মানুষঃ। ষ স হ উত্তরভাদ্রপদা মানুষঃ। অং অঃ ল ক্ষ রেবতী দেবঃ।

অন্যত্র—উত্তরাদ্দক্ষিণাগ্রাস্তু রেখাং কুর্য্যাচ্চতুষ্টয়ীম্।
দশরেখাঃ পশ্চিমাঃ স্যুঃ কর্ত্তব্যা বীরবন্দিতে।
অশ্বিন্যাদিক্রমেণৈব বিলিখেত্তারকাঃ পুনঃ॥
অকারাদি-ক্ষকারান্তান্ দ্বি-চন্দ্র-বহ্নি-বেদকান্।
ভূমীন্দু-নেত্রচন্দ্রাশ্চ অশ্লেষান্তং খগৌ প্রিয়ে।
দ্বিভূনেত্র-নেত্রযুগ্মাংশ্চেন্দুনেত্রাগ্নিযুগ্মকান্॥
মঘাদিকোঽপি জ্যেষ্ঠান্তং দ্বিতীয়ং নবতারকম্।
বহ্নিভূমীন্দুচন্দ্রাংশ্চ যুগ্মেন্দুনেত্রবহ্নিকান্।
বেদেন ভেদিতান্ বর্ণান্ রেবত্যন্তং গতাং ক্রমাৎ॥
তথা চ অন্যত্র—পূর্ব্বোত্তরত্রয়ঞ্চৈব ভরণ্যার্দ্রাথ রোহিণী।
ইমানি মানুষাণ্যাহুর্নক্ষত্রাণি মনীষিণঃ॥
জ্যেষ্ঠা শতভিষা মূলা ধনিষ্ঠাশ্লেষাকৃত্তিকাঃ।
চিত্রা-মঘা-বিশাখাঃ স্যুস্তারা রাক্ষসদেবতাঃ॥

---

ইহাতে ক বর্ণ; অশ্লেষা রাক্ষসগণ, ইহাতে খ গ বর্ণ; মঘা রাক্ষসগণ, ইহাতে ঘ ঙ বর্ণ; পূর্ব্বফল্গুনী মানুষগণ, ইহাতে চ বর্ণ; উত্তরফল্গুনী মানুষগণ, ইহাতে ছ জ বর্ণ; হস্তা দেবগণ, ইহাতে ঝ ঞ বর্ণ; চিত্রা রাক্ষসগণ, ইহাতে ট ঠ বর্ণ; স্বাতী দেবগণ, ইহাতে ড বর্ণ; বিশাখা রাক্ষসগণ, ইহাতে ঢ ণ বর্ণ; অনুরাধা দেবগণ, ইহাতে ত থ দ বর্ণ; জ্যেষ্ঠা রাক্ষসগণ, ইহাতে ধ বর্ণ; মূলা রাক্ষসগণ, ইহাতে ন প ফ বর্ণ; পূর্ব্বাষাঢ়া মানুষগণ, ইহাতে ব বর্ণ; উত্তরা-ষাঢ়া মানুষগণ, ইহাতে ভ বর্ণ; শ্রবণা দেবগণ, ইহাতে ম বর্ণ; ধনিষ্ঠা রাক্ষস-গণ, ইহাতে য র বর্ণ; শতভিষা রাক্ষসগণ, ইহাতে ল বর্ণ; পূর্ব্বভাদ্র মানুষগণ, ইহাতে ব শ বর্ণ; উত্তরভাদ্র মানুষগণ, ইহাতে ষ স হ বর্ণ এবং রেবতী দেবগণ, ইহাতে ল ক্ষ অং অঃ বর্ণ লিখিতে হইবে। স্বজাতিতে পরমপ্রীতি, ভিন্ন জাতিতে মধ্যমপ্রীতি, রাক্ষস ও মনুষ্যে বিনাশ এবং রাক্ষস ও দেবগণে শত্রুতা হয়। মন্ত্রগ্রহীতার জন্মনক্ষত্র এবং মন্ত্রের আদিবর্ণ যে গৃহে পড়িবে,

অশ্বিনী রেবতী পুষ্যা স্বাতী হস্তা পুনর্ব্বসুঃ।
অনুরাধা মৃগশিরঃ শ্রবণা দেবতারকাঃ॥
তথা—স্বজাতৌ পরমপ্রীতির্ম্মধ্যমা ভিন্নজাতিষু।
রক্ষোমানুষয়োর্নাশো বৈরং দানবদেবয়োঃ॥
জন্ম সম্পদ্‌বিপৎক্ষেমপ্রত্যরিঃ সাধকো বধঃ।
মিত্রং পরমমিত্রঞ্চ জন্মাদীনি পুনঃ পুনঃ॥
জন্ম-তৃতীয়-পঞ্চম-সপ্তমানি নক্ষত্রাণি বর্জ্জনীয়ানি॥
তথা চ—রসাষ্ট-নবভদ্রাণি যুগযুগ্মগতানি চ।
ইতরাণি ন ভদ্রাণি তত্ত্যজ্যানি মনীষিণা ইত্যাদি।
তত্র স্বনক্ষত্রাদেব নক্ষত্রং গণনীয়ম্।
স্বনক্ষত্রাজ্ঞানে স্বনামাদ্যক্ষরসম্বন্ধিনক্ষত্রাদেব নক্ষত্রং গণনীয়ম্।
তথা চ—প্রাদক্ষিণ্যেন গণয়েৎ সাধকাদ্যক্ষরাৎ সুধীঃ॥ ইতি বচনাৎ॥

অকথহ-চক্র।

কল্পদ্রুমে—পূর্ব্বপরায়তং কৃত্বা পঞ্চসূত্রং প্রপাতয়েৎ।
তথৈব দক্ষিণোদীচ্য-ক্রমেণ পঞ্চসূত্রকম্।

সেই গৃহস্থিত নক্ষত্র, এই দুই নক্ষত্র লইয়া গণনা করিবে। মন্ত্র ও মন্ত্রগ্রহীতার এক গণ হইলে তাহা গ্রহণে শুভ; যাহার মানুষগণ, সে দেবগণমন্ত্র গ্রহণ করিতে পারিবে। মানুষগণ ও রাক্ষসগণে মৃত্যু এবং দেবগণে রাক্ষসগণে শত্রুতা হয়; সুতরাং তাদৃশ মন্ত্র ত্যাজ্য। জন্ম, সম্পদ্, বিপদ্, ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ, মিত্র ও পরমমিত্র, এই নয়টি নক্ষত্রের নাম নির্দ্দিষ্ট আছে। মন্ত্রগ্রহীতার জন্ম-নক্ষত্র হইতে আরম্ভ করিয়া মন্ত্রনক্ষত্র পর্য্যন্ত জন্মসম্পদাদিক্রমে পুনঃ পুনঃ গণনা করিবে। জন্মনক্ষত্র হইতে মন্ত্রনক্ষত্র জন্ম, তৃতীয়, পঞ্চম কিংবা সপ্তম হইলে সেই মন্ত্র পরিত্যজ্য। ষষ্ঠ, অষ্টম, নবম কিংবা চতুর্থ ও দ্বিতীয় মন্ত্র শুভ; অন্য মন্ত্র অশুভ। স্বীয় জন্মনক্ষত্র হইতে গণনা করিতে হইবে। স্বীয় জন্মনক্ষত্র অজ্ঞাত হইলে স্বীয় নামের আদ্যক্ষর-সম্বন্ধি নক্ষত্র গ্রহণ করিতে হয় অর্থাৎ গ্রহীতার নামের অক্ষর-সংবলিত নক্ষত্র হইতে প্রদক্ষিণ-ক্রমে মন্ত্রের আদ্যক্ষরযুক্ত নক্ষত্রের গণনা করিবে।

**অকথহচক্র।** চতুষ্কোণ একটি ক্ষেত্র অঙ্কন পূর্ব্বক তাহা চারি কোষ্ঠায় বিভক্ত করিয়া ঐ চারি কোষ্ঠার এক এক কোষ্ঠাকে আবার চারি ভাগে বিভক্ত

| | | | |
|---|---|---|---|
| অ ক থ হ | ঊ ঙ প | আ খ দ | উ চ ফ |
| ও ড ব | ৯ ঞ ম | ঔ ঢ শ | ৡ ঞ য |
| ঈ ঘ ন | ৠ জ ভ | ই গ ধ | ঋ ছ ব |
| অঃ ত স | ঐ ঠ ল | অং ণ ষ | এ ট র |

যথা ষোড়শ কোষ্ঠানি সম্পাত্যন্তে তথা লিখেৎ।
চতুরস্রে লিখেদ্বর্ণান্ চতুঃকোষ্ঠসমন্বিতে।
চতুঃকোষ্ঠে ষোড়শ কোষ্ঠ ইতি যাবৎ॥

বিশ্বসারে—চতুরস্রং লিখেৎ কোষ্ঠং চতুঃকোষ্ঠসমন্বিতম্।
পুনশ্চতুষ্কং তত্রাপি লিখেদ্ধীমান্ ক্রমেণ তু।
ততঃ ষোড়শকোষ্ঠেষু অকারাদিবর্ণান্ প্রাদক্ষিণ্যেন লিখেৎ॥

তত্র ক্রমঃ—ইন্দ্বগ্নিরুদ্রনবনেত্র-যুগার্কদিক্ষু-ঋত্বষ্ট-ষোড়শ-চতুর্দ্দশভৌতিকেষু।
পাতাল-পঞ্চদশ-বহ্নিহিমাংশুকোষ্ঠে,
বর্ণাল্লিখেল্লিপিভবান্ ক্রমশস্তু ধীমান্॥
নামাদ্যক্ষরমারভ্য যাবন্মন্ত্রাদিমাক্ষরম্।
চতুর্ভিঃ কোষ্ঠৈরেকৈকমিতি কোষ্ঠচতুষ্টয়ম্।
পুনঃ কোষ্ঠগ-কোষ্ঠেষু সব্যতো নাম্ন আদিতঃ॥

---

করিবে। তাহা হইলে ষোড়শ কোষ্ঠায় একটি চক্র অঙ্কিত হইবে। প্রথম কোষ্ঠায় অ, তৃতীয় কোষ্ঠায় আ, একাদশে ই, নবমে ঈ, দ্বিতীয়ে ঊ, চতুর্থে উ, দ্বাদশে ঋ, দশমে ৠ, ষষ্ঠে ৯, অষ্টমে ৡ, ষোড়শে এ, চতুর্দ্দশে ঐ, পঞ্চমে ও, সপ্তমে ঔ, পঞ্চদশে অং এবং ত্রয়োদশ কোষ্ঠায় অঃ, এই প্রকারে ষোড়শ কোষ্ঠায়

বিশ্বসারে—দক্ষিণাবর্ত্তযোগেন কোষ্ঠে বর্ণান্ লিখেৎ সুধীঃ।
যেনৈব লিখনং কুর্য্যাত্তেনৈব গণনং স্মৃতম্॥
সিদ্ধঃ সাধ্যঃ সুসিদ্ধোঽরিঃ ক্রমাজ্‌জ্ঞেয়া বিচক্ষণৈঃ।
সিদ্ধঃ সিধ্যতি কালেন সাধ্যস্তু জপহোমতঃ।
সুসিদ্ধো গ্রহণাদেব রিপুর্ম্মূলং নিকৃন্ততি॥

তন্ত্রান্তরে—সিদ্ধার্ণা বান্ধবাঃ প্রোক্তাঃ সাধ্যাস্তু সেবকাঃ স্মৃতাঃ।
সুসিদ্ধাঃ পোষকা জ্ঞেয়াঃ শত্রবো ঘাতকাঃ স্মৃতাঃ॥
জপেন বন্ধুঃ সিদ্ধঃ স্যাৎ সেবকোঽধিকসেবয়া।
পুষ্ণাতি পোষকোঽভীষ্টং ঘাতকো নাশয়েদ্ধ্রুবম্॥
সিদ্ধ-সিদ্ধো যথোক্তেন দ্বিগুণাৎ সিদ্ধসাধ্যকঃ।
সিদ্ধ-সুসিদ্ধোঽর্দ্ধজপাৎ সিদ্ধারির্হন্তি বান্ধবান্॥
সাধ্য-সিদ্ধো দ্বিগুণকঃ সাধ্য-সাধ্যো নিরর্থকঃ।
তৎসুসিদ্ধো দ্বিগুণজপাৎ সাধ্যারির্হন্তি গোত্রজান্॥
সুসিদ্ধসিদ্ধোঽর্দ্ধজপাৎ তৎসাধ্যো দ্বিগুণাধিকাৎ।
তৎসুসিদ্ধো গ্রহাদেব সুসিদ্ধারিঃ স্বগোত্রহা॥

ষোড়শ স্বরবর্ণ লিখিয়া পুনরায় উক্ত নিয়মে ককারাদি হ পর্য্যন্ত বর্ণসকল লিখিবে। যাবৎ পর্য্যন্ত সকল বর্ণ শেষ না হয়, তাবৎ উক্ত প্রণালীতে এই ষোড়শ কোষ্ঠায় বর্ণপাত করিবে। এই স্থানে যে চক্র অঙ্কিত রহিল, তদ্দৃষ্টে সকল বোধগম্য হইবে। এইরূপে চক্রপাত করিয়া মন্ত্রগ্রহীতার নামের আদ্যক্ষর হইতে আরম্ভ করিয়া মন্ত্রের আদি অক্ষর পর্য্যন্ত সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরি এইরূপে গণনা করিবে। এক কোষ্ঠাতে নাম ও মন্ত্রের আদ্যক্ষর হইলে তাহাতেও ঐ প্রকারে বর্ণগণনা করিবে। উক্ত চক্রে দক্ষিণপার্শ্বে বর্ণবিন্যাস গণনা করিতে হইবে। সিদ্ধমন্ত্র গ্রহণ করিলে মন্ত্র স্বয়ং সিদ্ধ হয়, সাধ্যমন্ত্র-গ্রহণে জপহোমাদি দ্বারা মন্ত্র সিদ্ধ হয়, সুসিদ্ধ মন্ত্র-গ্রহণে তৎক্ষণাৎ মন্ত্রসিদ্ধি এবং অরিমন্ত্র-গ্রহণে সমূলে বংশবিনাশ হয়। তন্ত্রান্তরে লিখিত আছে, সিদ্ধমন্ত্র বান্ধব, সাধ্যমন্ত্র সেবক, সুসিদ্ধমন্ত্র পোষক এবং শত্রুমন্ত্র ঘাতক। বন্ধুমন্ত্র জপ দ্বারা ও সেবক-মন্ত্র অধিক সেবা দ্বারা সিদ্ধ হয়। পোষকমন্ত্র পুষ্টিজনক এবং ঘাতক-মন্ত্র অভীষ্ট নাশ করে। সিদ্ধগৃহস্থিত সিদ্ধমন্ত্র জপ দ্বারা সিদ্ধ হয়, সিদ্ধসাধ্যমন্ত্র দ্বিগুণ জপে ও সিদ্ধসুসিদ্ধমন্ত্র অর্দ্ধজপে সিদ্ধ হয় এবং সিদ্ধারিমন্ত্র জপ করিলে

অরিসিদ্ধঃ সুতান্ হন্যাৎ অরিসাধ্যস্তু কন্যকাঃ।
তৎসুসিদ্ধস্তু পত্নীমস্তদরির্হন্তি সাধকম্॥

অথ বৈরিমন্ত্রপরিত্যাগপ্রমাণমাহ তন্ত্রে—

গবাং ক্ষীরে দ্রোণমিতে জপেন্মন্ত্রং শতাষ্টকম্।*
পীত্বা ক্ষীরং জপেত্তদ্বৎ সমুচ্চার্য্য ত্যজেত্তথা॥
অনেনৈব বিধানেন বৈরিমন্ত্রাদ্বিমুচ্যতে।
অরিমন্ত্রং বিদিত্বা তু ন পুনঃ প্রজপেচ্চ তৎ।
তং সন্ত্যজ্য দেবতায়াস্তস্যা অন্যং ভজেন্মনুম্॥

দ্রোণপরিমাণং যথা তন্ত্রান্তরে—

পলদ্বয়ন্তু প্রসৃতিঃ কুড়বং তচ্চতুষ্টয়ম্।
চতুর্ভিঃ কুড়বৈঃ প্রস্থঃ প্রস্থাশ্চত্বার আঢ়কম্।
চতুর্ভিরাঢ়কৈর্দ্রোণঃ কথিতো মানবেদিভিঃ॥

প্রকারান্তরমাহ রুদ্রযামলে—

বটপত্রে লিখিত্বারি-মন্ত্রং স্রোতসি নিক্ষিপেৎ।
এবং মন্ত্র-বিমুক্তঃ স্যাদিত্যাহ ভগবান্ শিবঃ॥

বন্ধুবিনাশ হয়। সাধ্য-গৃহস্থিত সিদ্ধমন্ত্র দ্বিগুণ জপে সিদ্ধ হয়, সাধ্যসাধ্যমন্ত্র-জপে কোন ফল হয় না, সাধ্য-সুসিদ্ধমন্ত্র দ্বিগুণ জপে সিদ্ধ হয় এবং সাধ্যারি-মন্ত্র স্বগোত্র বিনাশ করে। সুসিদ্ধসিদ্ধমন্ত্র অর্দ্ধজপে, সুসিদ্ধসাধ্য দ্বিগুণ জপে ও সুসিদ্ধসুসিদ্ধমন্ত্র গ্রহণমাত্রেই সিদ্ধ হয় এবং সুসিদ্ধারিমন্ত্র স্বগোত্র বিনাশ করে। অরিসিদ্ধমন্ত্র পুত্র, অরিসাধ্যমন্ত্র কন্যা, অরিসুসিদ্ধমন্ত্র পত্নী, নাশ করে ও অরিগৃহ-স্থিত অরিমন্ত্র সাধকের পক্ষে বিনাশক। এই স্থানে যে চক্র অঙ্কিত করিয়া দেওয়া হইল, এতদৃষ্টে সিদ্ধাদি গণনা দ্বারা শুদ্ধমন্ত্র গ্রহণ করিবে; অরি-মন্ত্রাদি গ্রহণ করিবে না। ভ্রমবশতঃ অরিমন্ত্র গ্রহণ করিলে তাহা পরিত্যাগ করিবে। অরিমন্ত্র পরিত্যাগ করিতে হইলে এক দ্রোণ-পরিমিত গব্য-দুগ্ধোপরি একশত আটবার (মতান্তরে সহস্রবার) সেই বৈরিমন্ত্র জপ করিয়া সেই দুগ্ধ পান করিবে। পুনরায় একশত আটবার সেই মন্ত্র জপ করিয়া মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পরিত্যাগ করিবে। অরিমন্ত্র বলিয়া জানিতে পারিলে আর জপ করিবে না। সেই মন্ত্র পরিত্যাগ পূর্ব্বক সেই দেবতার অন্য মন্ত্র গ্রহণ করিবে। ২ পলে

* সহস্রকম্—পাঠান্তরম্।

অকডম-চক্র।



রেখাদ্বয়ং পূর্ব্বাপরেণ কুর্য্যাত্তন্মধ্যতো যাম্যকুবেরভেদাৎ।
মহেশ-রক্ষোধিপতিক্রমেণ তির্য্যক্ তথা বায়ু-হুতাশনেন
অকারাদি-ক্ষকারান্তান্ ক্লীবহীনান্ লিখেত্ততঃ।
ঋ ৠ বর্ণদ্বয়ং ঌ ৡ তদ্ধি ক্লীবং প্রচক্ষতে ॥
একৈকক্রমতো লেখ্যান্ মেষাদিষু বৃষান্তকান্।
গণয়েৎ ক্রমশো ভদ্রে নামাদি বর্ণপূর্ব্বকান্।
মেষাদিতোঽপি মীনান্তং গণয়েৎ ক্রমশঃ সুধীঃ ॥
জপ্তুঃ স্বনামতো মন্ত্রী যাবন্মন্ত্রাদিমাক্ষরম্।
সিদ্ধ-সাধ্য-সুসিদ্ধারীন্ পুনঃ সিদ্ধাদয়ঃ পুনঃ ॥

(৮ তোলা) এক প্রসৃতি, চারি প্রসৃতিতে এক কুড়ব, ৪ কুড়বে এক প্রস্থ, ৪ প্রস্থে এক আঢ়ক এবং ৪ আঢ়কে এক দ্রোণ। রুদ্রজামলে লিখিত আছে, বটপত্রে মন্ত্র লিখিয়া তাহা স্রোতোজলে নিক্ষেপ করিলেই বৈরিমন্ত্র পরিত্যাগ করা হয়।

অকডমচক্র। পূর্ব্বপশ্চিমে দুইটি রেখা অঙ্কন পূর্ব্বক তাহার মধ্যে উত্তর ও দক্ষিণায়ত আর দুইটি রেখা অঙ্কিত করিবে। অনন্তর ঈশানাদি চতুষ্কোণে চারিটি রেখা দ্বারা একটি রাশিচক্র করিবে। এই চক্রে মেষাদি বৃষ পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে অকারাদি ক্ষ পর্য্যন্ত সমুদয় বর্ণ এক একটি করিয়া লিখিবে। ঋ ৠ ঌ ৡ এই

নবৈকপঞ্চমে সিদ্ধঃ সাধ্যঃ ষড়্দশযুগ্মকে।
সুসিদ্ধস্ত্রিসপ্তকে রুদ্রে বেদাষ্টদ্বাদশে রিপুঃ।
এতত্তন্ত্রে কথিতং দেবি অকডমাদিকমুত্তমম্॥
ইদন্তু গোপালবিষয়কমেব গোপালেঽকডমঃ স্মৃত ইতি বচনাৎ॥
বৈষ্ণবং রাশিসংশুদ্ধং শৈবঞ্চাকডমং স্মৃতম্।
তারাশুদ্ধির্বৈষ্ণবানাং কোষ্ঠশুদ্ধিঃ শিবস্য চ।
রাশিশুদ্ধিস্ত্রৈপুরে চ গোপালেঽকডমঃ স্মৃতঃ॥

ঋণিধনি-চক্র।

কোষ্ঠান্যেকাদশান্যেব বেদেন পূরিতানি চ।
অকারাদি-হকারান্তান্ লিখেৎ কোষ্ঠেষু তত্ত্ববিৎ॥
প্রথমং পঞ্চকোষ্ঠেষু হ্রস্বদীর্ঘক্রমেণ তু।
দ্বয়ং দ্বয়ং লিখেত্তত্র বিচারে খলু সাধকঃ।
শেষেষ্বেকৈকশো বর্ণান্ ক্রমশস্তু লিখেৎ সুধীঃ॥

চারিটি ক্লীববর্ণ; ইহা পরিত্যাগ করিয়া যাবৎ সকল বর্ণ শেষ না হয়, তাবৎ পুনঃ পুনঃ বর্ণসকল লিখিবে। উপরে একটি চক্র অঙ্কিত থাকিল, তদ্দৃষ্টে সকল বোধগম্য হইবে। সাধকের নামের আদিবর্ণ হইতে মন্ত্রের আদিবর্ণ পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরি এইরূপে পুনঃ পুনঃ গণনা করিবে। মেষ হইতে মীন পর্য্যন্ত (বামাবর্ত্তে) বর্ণসমুদয় লিখিত হইলে গণনাও বামাবর্ত্তেই করিতে হইবে। নবম, এক ও পঞ্চম গৃহ সিদ্ধ; ষট্, দশ ও দ্বিতীয় গৃহ সাধ্য; তৃতীয়, সপ্তম ও একাদশ গৃহ সুসিদ্ধ; এবং চতুর্থ, অষ্টম ও দ্বাদশ গৃহ শত্রু। সিদ্ধ, সাধ্য কিংবা সুসিদ্ধ মন্ত্র গ্রহণে শুভ এবং অরিমন্ত্র গ্রহণে অশুভ হয়, অতএব অরিমন্ত্র পরিত্যজ্য। এই অকডম চক্রবিচার গোপালের মন্ত্র সম্বন্ধেই করিবে বটে, কিন্তু শিববিষয়েও অকডমচক্র-বিচার আবশ্যক। তন্ত্রান্তরে লিখিত আছে, বিষ্ণুমন্ত্রবিষয়ে রাশিচক্র এবং শিববিষয়ে অকডমচক্র বিচার করিবে। বৈষ্ণব—তারাশুদ্ধি, শৈব—অকডম, ত্রিপুরার উপাসক রাশিচক্রশুদ্ধি এবং গোপালবিষয়ে অকডমচক্রশুদ্ধি দেখিবে।

**ঋণিধনিচক্র।**—প্রথমতঃ একাদশ কোষ্ঠা অঙ্কন পূর্ব্বক তাহাদিগকে চারি কোষ্ঠা দ্বারা পূরণ করিয়া একটি চক্র অঙ্কিত করিবে। এই চক্রের প্রথম পঞ্চকোষ্ঠায় একটি হ্রস্ব ও একটি দীর্ঘ, এই প্রকারে দুই দুইটি করিয়া

ঋণি-ধনি-চক্র।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | ৬ | ৬ | ০ | ৩ | ৪ | ৪ | ০ | ০ | ০ | ৩ |
| অ আ | ই ঈ | উ ঊ | ঋ ৠ | ঌ ৡ | এ | ঐ | ও | ঔ | অং | অঃ |
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ | ঞ | ট |
| ঠ | ড | ঢ | ণ | ত | থ | দ | ধ | ন | প | ফ |
| ব | ভ | ম | য | র | ল | ব | শ | ষ | স | হ |
| ২ | ২ | ৫ | ০ | ০ | ২ | ১ | ০ | ৪ | ৪ | ১ |

তথা—দ্বৌ দ্বৌ স্বরৌ পঞ্চসু কোষ্ঠকেষু শেষান্ স্বরান্ ষট্সু ষড়েকমেকম্।

কাদীন্ হশেষান্ বিলিখেত্ততোঽর্ণান্,
একৈকমেকাদশকোষ্ঠকেষু।
ষট্কাল-কাল-বিয়দগ্নি-সমুদ্র-বেদ-
খাকাশ-শূন্য-দহনাঃ খলু সাধ্যবর্ণাঃ॥
যুগ্ম-দ্বি-পঞ্চ-বিয়দম্বর-যুক্-শশাঙ্ক-
ব্যোমাব্ধি-বেদশশিনঃ খলু সাধকার্ণাঃ।
নামাজ্ঝলা দকঠবাদ্গজভুক্তশেষং,
জ্ঞাত্বোভয়োরধিকশেষমৃণং ধনং স্যাৎ॥

সাধ্যবর্ণান্ স্বরব্যঞ্জনভেদেন পৃথক্কৃতান্ ষট্কালাদ্যৈঙ্কৈর্গুণিতান্ তথা সাধকনামাক্ষরান্ স্বরব্যঞ্জনরূপেণ পৃথক্কৃতান্ যুগ্মাদ্যৈরঙ্কৈর্গুণিতান্ কৃত্বা অষ্টসংখ্যাভির্হৃত্বা উভয়োঃ সাধ্যসাধকয়োর্যদধিকং তদৃণং যন্ন্যূনং তদ্ধনম্।

---

অকারাদি দশটি স্বরবর্ণ বিন্যাস করিবে। অনন্তর একারাদি স্বরবর্ণ ও ককারাদি হ পর্য্যন্ত ব্যঞ্জনবর্ণসকল এক এক কোষ্ঠায় এক একটি করিয়া লিখিবে। চক্রের উপরিভাগে ৬, ৬, ৬, ০, ৩,৪,৪,০,০,০, এবং ৩ এই একাদশটি অঙ্ক লিখিতে হয়। এই সকল অঙ্কের নাম সাধ্যাঙ্ক।

এবং জ্ঞাত্বা মন্ত্রং দদ্যাৎ ।। মন্ত্রশ্চেদৃণী ভবতি তদা মন্ত্রঃ শুভদো ভবতি।ধনী চেন্ন তথা ॥

মন্ত্রো যদ্যধিকাঙ্কঃ স্যাত্তদা মন্ত্রং জপেৎ সুধীঃ।
সমেঽপি চ জপেন্মন্ত্রং ন জপেত্তু ঋণাধিকে।
শূন্যে মৃত্যুং বিজানীয়াত্তস্মাচ্ছূন্যং পরিত্যজেৎ ॥

ইন্দ্বর্ক নেত্র-রবিপঞ্চদশর্ত্তু বেদ-
বহ্ন্যায়ুধাষ্টনবভির্গুণিতাংশ্চ সাধ্যান্।
দিগ্‌ভূ-গিরি-শ্রুতি-গজাগ্নি-মুনীষু-বেদ-
ষড়্‌বহ্নিভিস্তু গুণিতানথ সাধকার্ণান্ ॥

ষট্‌কালেত্যাদিকস্তু বিষ্ণুবিষয়ং রামার্চ্চনচন্দ্রিকাধৃতত্বাদিতি কেচিৎ, বস্তুতস্তু পূর্ব্বস্যৈব বিবরণমিদম্।

তথাচ ইন্দ্বর্কনেত্র ইত্যাদ্যভিধায় নামার্ণ-কোষ্ঠাঙ্কমথাভিহন্যাদেকাদি-রুদ্রাঙ্কগতঃ ক্রমেণ ইতি ॥

সাধ্যাঙ্কান্ সাধকাঙ্কাংশ্চ পূরয়েদ্‌গ্রহসংখ্যয়া।
গুণিতে তু হৃতেঽষ্টাভির্যচ্ছেষং জায়তে স্ফুটম্।
তদঙ্কং কথয়াম্যত্র একাদশগৃহস্থিতম্।
ইত্যুক্ত্বা ষট্‌কাল-কাল ইত্যুক্তম্ ॥

তন্ত্রান্তরে—মন্ত্রস্তৃণী শুভফলোঽপ্যশুভো ধনী চ,
তুল্যং যদা চ সফলঃ কথিতো মুনীন্দ্রৈঃ ॥

নিম্নভাগে ২, ২, ৫, ০, ০, ২, ১, ০, ৪, ৪, ১ এই একাদশটি অঙ্ক স্থাপন করিবে। ইহাকে সাধকাঙ্ক কহে। যখন সাধকের নামের অক্ষর ধরিয়া গণনা করিবে, তখন এই সকল অঙ্ক গ্রহণ করিবে। মন্ত্রের স্বর ও ব্যঞ্জনবর্ণ-সকল পৃথক্ পৃথক্ করিয়া রাখিতে হয়। এইরূপ করিলে যে যে বর্ণ দৃষ্ট হইবে, সেই সকল বর্ণ চক্রের যে যে কোষ্ঠায় আছে, সেই সেই কোষ্ঠার উপরিভাগে যে সকল অঙ্ক দেখিবে, প্রত্যেক বর্ণের সেই সকল অঙ্ক লইয়া একত্র যোগ করত যত অঙ্ক হইবে, তাহাকে ৮ দিয়া ভাগ করিবে এবং অবশিষ্ট অঙ্ক এক স্থানে রাখিবে। এইরূপে মন্ত্রগ্রহীতার নামের স্বর ও ব্যঞ্জনবর্ণসমুদয় পৃথক্ পৃথক্ করিয়া উক্তরূপে অঙ্ক লইয়া যোগ ও আট দিয়া হরণ পূর্ব্বক অবশিষ্ট অঙ্ক গ্রহণ করিবে। ইহাতে বিশেষ এই যে, চক্রের নিম্নবর্ত্তী অঙ্ক গ্রহণ করিতে হইবে।

অন্যত্র—শূন্যে মৃত্যুমবাপ্নোতি ধনেঽপি বিফলং ভবেৎ।
প্রকারান্তরম্—ঋণে তু প্রাপ্তিমাত্রেণ সর্ব্বসিদ্ধিস্তু জায়তে॥
নামাদ্যক্ষরমারভ্য যাবন্মন্ত্রাদিমাক্ষরম্।
ত্রিধা কৃত্বা স্বরৈর্ভিন্নং তদন্যদ্‌বিপরীতকম্॥

অস্যার্থঃ—সাধকনামাদ্যক্ষরতো গণনয়া যাবন্মন্ত্রাদ্যক্ষরং তৎসংখ্যাং ত্রিধা কৃত্বা সপ্তভিহৃত্বা অধিকং ঋণং শেষং ধনং স্যাৎ। অন্যদিতি মন্ত্রাদ্যক্ষরমারভ্য যাবৎ সাধকনামাদ্যক্ষরং ভবেৎ, তাবৎসংখ্যাং সপ্তগুণাং কৃত্বা ত্রিভির্হরেৎ॥

অন্যচ্চ—সাধ্যনামদ্বিগুণিতং সাধকেন সমন্বিতম্।
অষ্টাভিশ্চ হরেচ্ছেষং তদন্যদ্‌বিপরীতকম্॥

অস্যার্থঃ—সাধ্যনাম স্বরব্যঞ্জনভেদেন দ্বিগুণীকৃত্য সাধকনামাক্ষরেণ স্বরব্যঞ্জনভেদেন সংযোজ্য অষ্টাভির্হৃত্বা অধিকং ঋণং শেষং ধনং জ্ঞেয়ম্॥

নামগ্রহণপ্রকারমাহ—পিতৃমাতৃকৃতং নাম ত্যক্ত্বা শর্ম্মাদি-দেবকান্।
শ্রীবর্ণঞ্চ ততো হিত্বা চক্রেষু যোজয়েৎ ক্রমাৎ॥
মতান্তরে—প্রসিদ্ধং যদ্ভবেন্নাম কিংবাস্য জন্মনাম চ।
যতীনাং পুষ্পপাতেন গুরুণা যৎ কৃতং ভবেৎ॥
তন্ত্রান্তরে—লোকপ্রসিদ্ধমথবা মাতাপিত্রা তথা কৃতম্॥

৮ দিয়া ভাগ করিয়া মন্ত্র ও মন্ত্রগ্রহীতার নামাক্ষরসংখ্যা অধিক হইলে তাহার নাম ঋণ, ন্যূন হইলে তাহাকে ধন কহে। এই বিবেচনা করিয়া মন্ত্রদান করিবে। ঋণী মন্ত্র শুভ, ধনী অশুভ।

যদি অধিকসংখ্যার মন্ত্র হয় অর্থাৎ ঋণিমন্ত্র হয়, তাহা হইলে জপ করিবে, সমসংখ্যক মন্ত্রও জপার্হ, কিন্তু ধনিমন্ত্র সর্ব্বথা পরিত্যাজ্য। শূন্যসংখ্যক মন্ত্র-গ্রহণে মৃত্যু জানিবে, তাহা পরিত্যাগ করিবে। এইরূপে মন্ত্রের ভাগলব্ধ অঙ্ক এবং নামের ভাগলব্ধ অঙ্ক, এই দুই অঙ্ক লইয়া বিচার করিতে হয়। অঙ্ক অধিক হইলে ঋণী এবং ন্যূন হইলে ধনী। ঋণী মন্ত্র গ্রহণীয়, ধনী মন্ত্র ত্যাজ্য। মন্ত্রাঙ্ক ও নামাঙ্ক সমান হইলেও সেই মন্ত্র গ্রহণীয়। মন্ত্রাঙ্ক ও নামাঙ্কের ভাগফল কিছুই না থাকিলে (উভয়াঙ্ক শূন্য হইলে) সেই মন্ত্র সাধকের প্রাণনাশক। তন্ত্রে লিখিত আছে, পিতামাতা যে নাম নির্দ্দিষ্ট করিয়া রাখেন, সেই নামের দেবশর্ম্মা প্রভৃতি উপাধি ও শ্রী পরিত্যাগ করিয়া অন্যান্য বর্ণ গ্রহণ করিবে। তন্ত্রান্তরে লিখিত

রুদ্রজামলে—সুপ্তো জাগর্ত্তি যেনাসৌ দূরস্থঃ প্রতিভাষতে।
বদত্যন্যমনস্কোঽপি তন্নাম গ্রাহ্যমেব চ॥

দেবতাভেদে চক্রবিচারের আবশ্যকতা।

তারাশুদ্ধির্বৈষ্ণবানাং কোষ্ঠশুদ্ধিঃ শিবস্য চ।
রাশিশুদ্ধিস্ত্রৈপুরে চ গোপালেঽকডমঃ স্মৃতঃ॥
অকডমো রামচন্দ্রে গণেশে হরচক্রকম্।
কোষ্ঠচক্রং বরাহস্য মহালক্ষ্মাাঃ কুলাকুলম্॥
নামাদিচক্রং সর্ব্বেষাং ভূতচক্রং তথৈব চ।
ত্রৈপুরং তারকে, চক্রে শুদ্ধং মন্ত্রং জপেদ্‌বুধঃ॥
তথা—বৈষ্ণবং রাশিসংশুদ্ধং শৈবঞ্চাকডমং স্মৃতম্।
কালিকায়াশ্চ তারায়াস্তারাচক্রং শুভাবহম্॥
চণ্ডিকায়াস্তারকোষ্ঠে গোপালেঽকডমং স্মৃতম্।
হরিচক্রে সর্ব্বমন্ত্রং ধনাধিক্যে ন চাশ্রয়ে॥
ঋণাধিকে শুভং বিদ্যাদ্ধনাধিক্যে চ নো বিধিঃ।
দোষান্ সংশোধ্য গৃহ্নীয়ান্মধ্যদেশোদ্ভবস্য চ॥
ঋণিমন্ত্রঃ শুভফলো ধনি-মন্ত্রোঽশুভপ্রদঃ।
তুল্যং যদা শুভফলং কথিতং মুনিসত্তমৈঃ॥

আছে—যাহার যে প্রসিদ্ধ নাম থাকে, কিংবা জন্মকালীন যে নাম রক্ষিত হয় এবং যতিগণের সম্বন্ধে গুরু পুষ্পপাত দ্বারা যে নাম করেন, তাহাই গ্রহণীয়। তন্ত্রান্তরে লিখিত আছে, লোকপ্রসিদ্ধ নাম ও পিতা-মাতা-কর্ত্তৃক রক্ষিত নাম গ্রহণীয়। রুদ্রযামলে লিখিত আছে, যে নাম দ্বারা সম্বোধন করিলে প্রসুপ্ত ব্যক্তি জাগরিত হয়, দূর হইতে প্রত্যুত্তর করে এবং যে নাম গ্রহণ করিয়া আহ্বান করিলে অন্যমনস্ক অবস্থায় প্রত্যুত্তর প্রদান করে, সেই নাম গ্রহণীয়।

দেবতাভেদে চক্রবিচারের আবশ্যকতা।—বিষ্ণুমন্ত্রগ্রহণে নক্ষত্রচক্র, শিবমন্ত্রে কোষ্ঠচক্র, ত্রিপুরামন্ত্রে রাশিচক্র, গোপাল ও রামমন্ত্রে অকডম-চক্র, গণেশমন্ত্রে হরচক্র, বরাহমন্ত্রে কোষ্ঠচক্র এবং মহালক্ষ্মী-মন্ত্রে কুলাকুলবিচার আবশ্যক। যে সমস্ত চক্রে নামাদ্যবর্ণ লইয়া গণনা করিতে হয়, এবং ভূত-চক্র সকল মন্ত্রগ্রহণেই বিচার করিবে। ত্রিপরার মন্ত্রে তারা-চক্র বিচার্য্য।

অন্যত্রাপি—শূন্যে মৃত্যুমবাপ্নোতি ধনে চ বিফলং ভবেৎ।
ঋণে চ প্রাপ্তিমাত্রেণ সর্ব্বসিদ্ধিস্তু জায়তে॥

দীক্ষাপ্রণালী।

গুরুর্দীক্ষাপূর্ব্বদিনে স্বশিষ্যমভিমন্ত্রয়েৎ।
দর্ভশয্যাং পরিষ্কৃত্য শিষ্যং তত্র নিবেশয়েৎ॥
স্বাপমন্ত্রেণ. মন্ত্রজ্ঞঃ শিশোঃ শিখাং প্রবন্ধয়েৎ।
তন্মন্ত্রং স্বাপসময়ে পঠেদ্‌বারত্রয়ং শিশুঃ॥
শ্রীগুরোঃ পাদুকাং ধ্যাত্বা উপবাসী জিতেন্দ্রিয়ঃ।
তারো হিলিদ্বয়ং শূলপাণয়ে দ্বিঠ ইত্যতঃ॥
বারত্রয়ং পঠিত্বা তু উপবাসী জিতেন্দ্রিয়ঃ।
শ্রীগুরোঃ পাদুকাং ধ্যাত্বা শয়ীত কুশশায়নে॥

দীক্ষার মাসনির্ণয়।

মন্ত্রারম্ভস্তু চৈত্রে স্যাৎ সমস্তপুরুষার্থদঃ।
বৈশাখে রত্নলাভঃ স্যাৎ জ্যৈষ্ঠে তু মরণং ভবেৎ॥

বিষ্ণুমন্ত্রে রাশিচক্র, শিবমন্ত্রে অকডমচক্র, কালী ও তারামন্ত্রগ্রহণে নক্ষত্র-চক্র, চণ্ডিকাবিষয়ে নক্ষত্র-চক্র ও কোষ্ঠ-চক্র এবং গোপালবিষয়ে অকডম-চক্র। মন্ত্রশুদ্ধি হইলে সেই মন্ত্র গ্রহণীয়। ঋণি-ধনি-চক্র-বিচার সর্ব্বদেব-মন্ত্র-গ্রহণস্থলেই আবশ্যক। ঋণী মন্ত্র শুভ এব ধনী মন্ত্র অশুভ। সাধকের নামঘটিত সমস্ত বর্ণের স্বর-ব্যঞ্জনভেদে পৃথক্ পৃথক্ অঙ্ক এবং মন্ত্রের স্বরব্যঞ্জনভেদে পৃথক্ পৃথক্ অঙ্ক লইয়া আট দ্বারা হরণ পূর্ব্বক যদি ভাগফল সমান হয়, তবে সেই মন্ত্র গ্রহণীয়। ভাগফল কিছুই না থাকিলে সেই মন্ত্র ত্যাজ্য।

দীক্ষাপ্রণালী।—দীক্ষার পূর্ব্বদিন গুরু শিষ্যকে আহ্বান পূর্ব্বক পবিত্র কুশাসনে বসাইয়া "ওঁ হিলি হিলি শূলপাণয়ে স্বাহা" এই নিদ্রা-মন্ত্রে শিষ্যের শিখা বন্ধন করিবেন এবং শিষ্যও শয়নসময়ে এই মন্ত্র বারত্রয় পাঠ পূর্ব্বক উপবাসী ও জিতেন্দ্রিয় হইয়া শ্রীগুরুর পাদুকা ধ্যান করত কুশশয্যায় শয়ন করিবে।

দীক্ষার মাস।—চৈত্রমাসে দীক্ষাগ্রহণ করিলে পুরুষার্থলাভ, বৈশাখে রত্নলাভ, জ্যৈষ্ঠে মৃত্যু, আষাঢ়ে বন্ধুনাশ, শ্রাবণে পূর্ণায়ুঃপ্রাপ্তি, ভাদ্রে প্রাণনাশ,

আষাঢ়ে বন্ধুনাশঃ স্যাৎ পূর্ণায়ুঃ শ্রাবণে ভবেৎ।
প্রাণনাশো ভবেদ্ভাদ্রে আশ্বিনে রত্নসঞ্চয়ঃ॥
কার্ত্তিকে মন্ত্রসিদ্ধিঃ স্যাৎ মার্গশীর্ষে তথা ভবেৎ।
পৌষে তু শত্রুপীড়া স্যাৎ মাঘে মেধাবিবর্দ্ধনম্।
ফাল্গুনে সর্ব্বকামাঃ স্যুর্ম্মলমাসং বিবর্জ্জয়েৎ।
চৈত্রে ইতি গোপালবিষয়ং গৌতমীয়ে উক্তত্বাৎ।
মধুমাসে ভবেদ্দীক্ষা দুঃখায় মরণায় চ ইতি বচনাৎ নান্যত্র।
তত্র মাসঃ সৌর এব।
সৌরে মাসি ভবেদ্দীক্ষা ন চান্দ্রে ন চ তারকে॥

দীক্ষার বারনির্ণয়।

রবিবারে ভবেৎ বিত্তং সোমে শান্তির্ভবেৎ কিল।
আয়ুরঙ্গারকে হন্তি তত্র দীক্ষাং বিবর্জ্জয়েৎ॥
বুধে সৌন্দর্য্যমাপ্নোতি জ্ঞানং স্যাত্তু বৃহস্পতৌ।
শুক্রে সৌভাগ্যমাপ্নোতি যশোহানিঃ শনৈশ্চরে॥

দীক্ষার তিথিনির্ণয়।

প্রতিপদি কৃতা দীক্ষা জ্ঞাননাশকরী মতা।
দ্বিতীয়ায়াং ভবেজ্জ্ঞানং তৃতীয়ায়াং শুচির্ভবেৎ॥

---

আশ্বিনে রত্নসঞ্চয়, কার্ত্তিকে ও অগ্রহায়ণে মন্ত্রসিদ্ধি, পৌষে শত্রুপীড়ন, মাঘে মেধাবৃদ্ধি এবং ফাল্গুনে দীক্ষাগ্রহণ করিলে সর্ব্বকাম পূর্ণ হয়। মলমাসে দীক্ষা নিষিদ্ধ। গৌতমীয়বচনে জানা যায় যে, চৈত্রমাসে কেবল গোপাল-মন্ত্র গ্রহণ করিতে পারে। এতদ্ভিন্ন মধুমাসে দীক্ষা গ্রহণ করিলে দুঃখ ও মরণ হয়, এইরূপ বচন আছে। দীক্ষাবিষয়ে সৌরমাসই (সংক্রান্তি হইতে অপর সংক্রান্তি পর্য্যন্ত) গ্রাহ্য। চান্দ্র (তিথিঘটিত মাস) ও নাক্ষত্র (নক্ষত্র-ঘটিত) মাস গ্রাহ্য নহে।

বারনির্ণয়।—রবিবারে দীক্ষা গ্রহণ করিলে ধনলাভ, সোমে শান্তি, মঙ্গলে আয়ুর্নাশ, বুধে সৌন্দর্য্যলাভ, বৃহস্পতিতে জ্ঞানলাভ, শুক্রে সৌভাগ্য এবং শনিবারে দীক্ষা গ্রহণ করিলে যশোহানি হইয়া থাকে।

তিথিনির্ণয়।—প্রতিপদে দীক্ষা গ্রহণ করিলে জ্ঞাননাশ, দ্বিতীয়ায় জ্ঞান-লাভ, তৃতীয়ায় পবিত্রতা, চতুর্থীতে বিত্তনাশ, পঞ্চমীতে বুদ্ধিবৃদ্ধি, ষষ্ঠীতে

চতুর্থ্যাং বিত্তনাশঃ স্যাৎ পঞ্চম্যাং বুদ্ধিবর্দ্ধনম্।
ষষ্ঠ্যাং জ্ঞানক্ষয়ঃ সৌখ্যং লভতে সপ্তমীদিনে॥
অষ্টম্যাং বুদ্ধিনাশঃ স্যান্নবম্যাং বপুষঃ ক্ষয়ঃ।
দশম্যাং রাজসৌভাগ্যমেকাদশ্যাং শুচির্ভবেৎ॥
দ্বাদশ্যাং সর্ব্বশুদ্ধিঃ স্যাত্রয়োদশ্যাং দরিদ্রতা।
তির্য্যগ্‌যোনিশ্চতুর্দ্দশ্যাং হানির্মাসাবসানকে॥
পক্ষান্তে ধর্ম্মবৃদ্ধিঃ স্যাদস্বাধ্যায়ং বিবর্জ্জয়েৎ॥
সন্ধ্যাগর্জ্জিত-নির্ঘোষ-ভূকম্পোল্কানিপাতনে।
এতানন্যাংশ্চ দিবসান্ শ্রুত্যুক্তান্ পরিবর্জ্জয়েৎ॥
দ্বিতীয়া পঞ্চমী চৈব ষষ্ঠী চৈব বিশেষতঃ।
দ্বাদশ্যামপি কর্ত্তব্যং ত্রয়োদশ্যামথাপি বা॥

ইতি যৎ ষষ্ঠীত্রয়োদশীবিধানং তদ্‌বিষ্ণুবিষয়ং রামার্চ্চনচন্দ্রিকাধৃতত্বাৎ॥

সনৎকুমারীয়ে—পঞ্চমী সপ্তমী ষষ্ঠী দ্বিতীয়া পূর্ণিমা তথা।
ত্রয়োদশী চ দশমী প্রশস্তা সর্ব্বকামদা॥

দীক্ষার নক্ষত্রনির্ণয়।

অশ্বিন্যাং সুখমাপ্নোতি ভরণ্যাং মরণং ধ্রুবম্।
কৃত্তিকায়াং ভবেদ্দুঃখী রোহিণ্যাং বাক্‌পতির্ভবেৎ॥

জ্ঞাননাশ, সপ্তমীতে সুখ, অষ্টমীতে বুদ্ধিনাশ, নবমীতে আয়ুঃক্ষয়, দশমীতে রাজবৎ সৌভাগ্য, একাদশীতে পবিত্রতা-লাভ, দ্বাদশীতে সর্ব্বসিদ্ধি, কৃষ্ণা ত্রয়োদশীতে দরিদ্রতা, চতুর্দ্দশীতে তির্য্যগ্‌যোনিত্বপ্রাপ্তি এবং মাসাবসানে অনিষ্ট ঘটে। পক্ষান্তে ধর্ম্মবৃদ্ধি হয়। অনধ্যয়নদিনে দীক্ষা নিষিদ্ধ। প্রাতঃ-সন্ধ্যাগর্জ্জন, বজ্রপাত-শব্দ, ভূকম্প, উল্কাপাত এই সকল দুর্নিমিত্ত যে দিন উপস্থিত হয় এবং এতদ্ব্যতীত অন্যান্য শাস্ত্রোক্ত নিষিদ্ধদিবসে দীক্ষা গ্রহণ করিবে না। ষষ্ঠী ও ত্রয়োদশীতে কেবল বিষ্ণুমন্ত্র গ্রহণ করিবে। পঞ্চমী, সপ্তমী, ষষ্ঠী, দ্বিতীয়া, পূর্ণিমা, ত্রয়োদশী ও দশমী এই সকল তিথি দীক্ষাবিষয়ে প্রশস্ত ও সর্ব্বকামপ্রদ ; সনৎকুমারীয় তন্ত্রে ইহা লিখিত আছে।

নক্ষত্রনির্ণয়।—দীক্ষা-সম্বন্ধে অশ্বিনীনক্ষত্র সুখ, ভরণী মৃত্যু, কৃত্তিকা দুঃখ, রোহিণী বাক্‌পতিত্ব, মৃগশীর্ষ সুখ-প্রাপ্তি, আর্দ্রা বন্ধুনাশ, পুনর্ব্বসু ধনসম্পত্তি,

মৃগশীর্ষে সুখাবাপ্তিরার্দ্রায়াং বন্ধুনাশনম্।
পুনর্ব্বসৌ ধনাঢ্যঃ স্যাৎ পুষ্যে শত্রুবিনাশনম্॥
অশ্লেষায়াং ভবেন্মৃত্যুর্ম্মঘায়াং দুঃখমোচনম্।
সৌন্দর্য্যং পূর্ব্বফল্গুন্যাং প্রাপ্নোতি চ ন সংশয়ঃ॥
জ্ঞানঞ্চোত্তরফল্গুন্যাং হস্তায়াঞ্চ ধনী ভবেৎ।
চিত্রায়াং জ্ঞানসিদ্ধিঃ স্যাৎ স্বাত্যাং শত্রুবিনাশনম্॥
বিশাখায়াং সুখং চানুরাধায়াং বন্ধুবর্দ্ধনম্।
জ্যেষ্ঠায়াং সুতহানিঃ স্যান্মূলায়াং কীর্ত্তিবর্দ্ধনম্॥
পূর্ব্বাষাঢ়োত্তরাষাঢ়ে ভবেতাং কীর্ত্তিদায়িকে।
শ্রবণায়াং ভবেদ্দুঃখী ধনিষ্ঠায়াং দরিদ্রতা॥
বুদ্ধিঃ শতভিষায়াং স্যাৎ পূর্ব্বভাদ্রে সুখী ভবেৎ।
সৌখ্যঞ্চোত্তরভাদ্রে চ রেবত্যাং কীর্ত্তিবর্দ্ধনম্॥
আর্দ্রাকৃত্তিকয়োর্নিষেধস্তু শিববহ্নীতরবিষয়ঃ।

তথা চ—আর্দ্রায়াং কৃত্তিকায়াঞ্চ মন্ত্রারম্ভঃ প্রশস্যতে।
যদীশস্য কৃশানোর্ব্বা মন্ত্রারম্ভো যথাক্রমম্॥

তন্ত্রান্তরে—অশ্বিনী-ভরণী-স্বাতী-বিশাখাহস্তভেষু চ।
জ্যেষ্ঠোত্তরাত্রয়েষ্বেবং কুর্য্যান্মন্ত্রাভিষেচনম্।
জ্যেষ্ঠাভরণ্যোর্যদ্বিধানং তৎ রামবিষয়মগস্ত্যসংহিতোক্তত্বাৎ॥

পুষ্যা শত্রুনাশ, অশ্লেষা মৃত্যু, মঘা দুঃখনাশ এবং পূর্ব্বফল্গুনী সৌন্দর্য্য প্রদান করে। ঐ প্রকার উত্তরফল্গুনী জ্ঞান, হস্তা ধন, চিত্রা জ্ঞানসিদ্ধি, স্বাতী শত্রুবিনাশ, বিশাখা সুখ, অনুরাধা বন্ধু-বৃদ্ধি, জ্যেষ্ঠা সুতহানি, মূলা কীর্ত্তিবৃদ্ধি, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া কীর্ত্তি, শ্রবণা দুঃখ, ধনিষ্ঠা দারিদ্র্য, শতভিষা জ্ঞান, পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ সুখ এবং রেবতী কীর্ত্তি প্রদান করে। কিন্তু শিব ও বহ্নিমন্ত্রগ্রহণে আর্দ্রা ও কৃত্তিকা এই নক্ষত্রদ্বয় দোষাবহ নহে। তন্ত্রান্তরে লিখিত আছে, অশ্বিনী, ভরণী, স্বাতী, বিশাখা, হস্তা, জ্যেষ্ঠা, উত্তরভাদ্রপদ, উত্তরফল্গুনী এবং উত্তরাষাঢ়ায় মন্ত্র গ্রহণীয়, পরন্তু জ্যেষ্ঠা ও ভরণী নক্ষত্রে কেবলমাত্র রামমন্ত্র গ্রহণ করিবে।

যোগনির্ণয়।

শুভঃ সিদ্ধস্তথায়ুষ্মান্ ধ্রুবযোগস্ততঃ পরম্।
প্রীতিঃ সৌভাগ্যযোগশ্চ বৃদ্ধিযোগস্ততঃ পরম্।
হর্ষণশ্চ তথা যোগঃ সর্ব্বতন্ত্রে শুভাবহাঃ॥
অন্যত্র—যোগাঃ স্যুঃ প্রীতিরায়ুষ্মান্ সৌভাগ্যঃ শোভনো ধৃতিঃ।
বৃদ্ধির্ধ্রুবঃ সুকর্ম্মা চ সাধ্যঃ শুক্রশ্চ হর্ষণঃ।
বরীয়াংশ্চ শিবঃ সিদ্ধো ব্রহ্ম ইন্দ্রশ্চ ষোড়শ॥

করণনির্ণয়।

বব-বালব-কৌলব-তৈতিল-বণিজস্তদনন্তরম্।
করণানি শুভান্যেব সর্ব্বতন্ত্রেষু ভাষিতম্॥

লগ্ননির্ণয়।

বৃষে সিংহে চ কন্যায়াং ধনুর্ম্মীনাখ্যলগ্নকে।
চন্দ্রতারানুকূলে চ কুর্য্যাদ্দীক্ষাপ্রবর্ত্তনম্॥
তথা—স্থিরলগ্নং বিষ্ণুমন্ত্রে শিবমন্ত্রে চরং শুভম্।
দ্বিস্বভাবগতং লগ্নং শক্তিমন্ত্রে প্রশস্যতে॥

যোগনির্ণয়।—শুভ, সিদ্ধ, আয়ুষ্মান্, ধ্রুব, প্রীতি, সৌভাগ্য, বৃদ্ধি এবং হর্ষণযোগ দীক্ষাকার্য্যে শুভ। গ্রন্থান্তরে লিখিত আছে, প্রীতি, আয়ুষ্মান্, সৌভাগ্য, শোভন, ধৃতি, বৃদ্ধি, ধ্রুব, সুকর্ম্মা, সাধ্য, শুক্র, হর্ষণ, বরীয়ান্, শিব, সিদ্ধ, ব্রহ্ম এবং ইন্দ্র এই ষোড়শ যোগই দীক্ষাকার্য্যে প্রশস্ত।

করণনির্ণয়।—বব, বালব, কৌলব, তৈতিল ও বণিজ এই সমস্ত করণ মন্ত্রগ্রহণে শুভ।

লগ্ননির্ণয়।—বৃষ, সিংহ, কন্যা, ধনুঃ ও মীন এই সমস্ত লগ্নে এবং চন্দ্র-তারা-শুদ্ধিতে দীক্ষাগ্রহণ করিবে। বিষ্ণুমন্ত্রগ্রহণে বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ এই লগ্নচতুষ্টয়, শিবমন্ত্রগ্রহণে মেষ, কর্কট, তুলা ও মকর এই চারি লগ্ন এবং শক্তি-মন্ত্র-দীক্ষাতে মিথুন, কন্যা, ধনুঃ ও মীন এই লগ্ন-চতুষ্টয় শুভপ্রদ। মতান্তরে লগ্নাবধি তৃতীয়, ষষ্ঠ ও একাদশস্থানস্থিত পাপ-গ্রহ, এবং লগ্ন, সপ্তম,

অন্যত্র—ত্রিষড়ায়গতাঃ পাপাঃ শুভাঃ কেন্দ্রত্রিকোণগাঃ।
দীক্ষায়াস্তু শুভাঃ সর্ব্বে বক্রস্থাঃ সর্ব্বনাশকাঃ॥

পক্ষনির্ণয়।

শুক্লপক্ষে শুভা দীক্ষা কৃষ্ণেঽপ্যাপঞ্চমাদ্দিনাৎ॥
তন্ত্রান্তরে—শুক্লপক্ষে তু কৃষ্ণে বা দীক্ষা সর্ব্বত্র শোভনা॥
কালোত্তরে তু—ভূতিকামৈঃ সিতে সদা মুক্তিকামৈঃ কৃষ্ণপক্ষে ইতি শেষঃ
নিষিদ্ধেষ্বপি মাসেষু বিশেষো মুনিভেদিতঃ॥
রত্নাবল্যাম্—ষষ্ঠী ভাদ্রপদে ঈষে তথা কৃষ্ণা চতুর্দ্দশী।
কার্ত্তিকে নবমী শুক্লা তথা মার্গে তৃতীয়িকা।
পৌষে তু নবমী শুক্লা মাঘে শুক্লা চতুর্থিকা॥
ফাল্গুনে নবমী শুক্লা চৈত্রে কামচতুর্দ্দশী॥
ত্রয়োদশীতি কেচিৎ॥
বৈশাখে চাক্ষয়া চৈব জ্যৈষ্ঠে দশহরা তিথিঃ।
আষাঢ়ে পঞ্চমী শুক্লা শ্রাবণে কৃষ্ণপঞ্চমী॥
এতানি দেবপর্ব্বাণি তীর্থকোটিফলং লভেৎ।
অত্র দীক্ষা প্রকর্ত্তব্যা ন মাসঞ্চ পরীক্ষয়েৎ॥
ন বারং ন চ নক্ষত্রং ন তিথ্যাদিকদূষণম্।
ন যোগকরণঞ্চৈব শঙ্করেণ চ ভাষিতম্॥

দশম ও নবম পঞ্চমস্থানস্থিত শুভ গ্রহ থাকিলে দীক্ষায় শুভ হয়, কেবল বক্রী হইলে অনিষ্টকারী।

পক্ষনির্ণয়।—শুক্লপক্ষে দীক্ষা শুভদাত্রী এবং কৃষ্ণপক্ষে পঞ্চমী পর্য্যন্ত দীক্ষা গ্রহণ করা যায়। মতান্তরে শুক্ল ও কৃষ্ণ উভয়পক্ষেই দীক্ষা গ্রহণীয়। তন্ত্রান্তরে লিখিত আছে, সম্পত্তিকামীর পক্ষে শুক্লপক্ষ এবং মুক্তিকামীর পক্ষে কৃষ্ণপক্ষ প্রশস্ত। নিষিদ্ধ মাসেও মন্ত্রবিশেষের দীক্ষা মুনি-ভেদে ব্যবস্থা করিয়াছেন। ভাদ্রমাসের ষষ্ঠী, আশ্বিনমাসের কৃষ্ণা চতুর্দ্দশী, কার্ত্তিকের শুক্লা নবমী, অগ্রহায়ণের শুক্লা তৃতীয়া, পৌষের শুক্লা নবমী, মাঘের শুক্লা চতুর্থী, ফাল্গুনের শুক্লা নবমী, চৈত্রের মদনচতুর্দ্দশী (মতান্তরে ত্রয়োদশী), বৈশাখের অক্ষয়তৃতীয়া, জ্যৈষ্ঠের দশহরা, আষাঢ়ের শুক্লা পঞ্চমী ও শ্রাবণের কৃষ্ণা পঞ্চমী, এই সকল দিনে মন্ত্রগ্রহণ করিলে কোটি তীর্থস্থানে মন্ত্রগ্রহণের ন্যায়

অন্যচ্চ—চৈত্রে ত্রয়োদশী শুক্লা বৈশাখৈকাদশী সিতা।
জ্যৈষ্ঠে চতুর্দ্দশী কৃষ্ণা আষাঢ়ে নাগপঞ্চমী॥
শ্রাবণৈকাদশী ভাদ্রে রোহিণী-সহিতাষ্টমী।
আশ্বিনে চ মহাপুণ্যা মহাষ্টম্যপ্যভীষ্টদা।
কার্ত্তিকে নবমী শুক্লা মার্গশীর্ষে তথা সিতা॥
ষষ্ঠী চতুর্দ্দশী পৌষে মাঘেহপ্যেকাদশী সিতা।
ফাল্গুনে চ সিতা ষষ্ঠী চেতি কালবিনির্ণয়ঃ॥

যোগিনীতন্ত্রে—অয়নে বিষুবে চৈব গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
রবিসংক্রান্তিদিবসে যুগাদ্যায়াং সুরেশ্বরি॥
মন্বন্তরাসু সর্ব্বাসু মহাপূজাদিনেষু চ।
চতুর্থী পঞ্চমী চৈব চতুর্দ্দশ্যষ্টমী তথা॥
তিথয়ঃ শুভদাঃ প্রোক্তা দীক্ষাগ্রহণকর্ম্মণি।
ইত্যাদিবচনাচ্চতুর্দ্দশ্যষ্টমীতি শক্তিবিষয়ম্॥—
—চতুর্থীতি গণেশবিষয়ং তত্তৎকল্পোক্তত্বাৎ॥

কোটিগুণ ফল হয়। এই সমস্ত দেবপর্ব্বে মন্ত্রগ্রহণে কোটিতীর্থে দীক্ষাগ্রহণের ফল হয়। ইহাতে মাস, তিথি, বার ও নক্ষত্রাদি কিছুই বিচার করিবে না; মহাদেবও এই বলিয়াছেন। মতান্তরে চৈত্রের শুক্লা ত্রয়োদশী, বৈশাখের শুক্লা একাদশী, জ্যৈষ্ঠের কৃষ্ণা চতুর্দ্দশী, আষাঢ়ের নাগপঞ্চমী, শ্রাবণের শুক্লা একাদশী, ভাদ্রের রোহিণী-নক্ষত্রযুক্ত জন্মাষ্টমী, আশ্বিনের মহাষ্টমী, কার্ত্তিকের শুক্লা নবমী, অগ্রহায়ণের শুক্লা ষষ্ঠী, পৌষের শুক্লা চতুর্দ্দশী, মাঘমাসের শুক্লা একাদশী, ফাল্গুনের শুক্লা ষষ্ঠী, এই সমস্ত তিথি দীক্ষাকার্য্যে প্রশস্ত। যৌগিনীতন্ত্রে লিখিত আছে, উত্তরায়ণ ও দক্ষিণায়ন, মহাবিষুব-জলবিষুব-সংক্রান্তিদিন, চন্দ্রসূর্য্য-গ্রহণ, সাধারণতঃ সংক্রান্তিদিন, যুগাদ্যাতিথি (অক্ষয়তৃতীয়া, কার্ত্তিকী শুক্লা নবমী, শ্রাবণী কৃষ্ণা ত্রয়োদশী, মাঘী পূর্ণিমা) ও মন্বন্তরা-তিথি, [আশ্বিন-নবমী, কার্ত্তিক-দ্বাদশী, চৈত্র-তৃতীয়া, ভাদ্র-তৃতীয়া, ফাল্গুন-অমাবস্যা, পৌষ-একাদশী, আষাঢ়-দশমী, মাঘ-সপ্তমী (ইহারা শুক্লা গ্রাহ্য), শ্রাবণ-কৃষ্ণাষ্টমী, আষাঢ় কার্ত্তিক ফাল্গুন চৈত্র ও জ্যৈষ্ঠপূর্ণিমা,] এবং মহাপূজাদিনে দীক্ষাকার্য্য প্রশস্ত। চতুর্থী, পঞ্চমী, চতুর্দ্দশী ও অষ্টমী এই সকল তিথি দীক্ষাকার্য্যে প্রশস্ত, এই বচনে, চতুর্দ্দশী ও অষ্টমীবিধান শক্তিদীক্ষাবিষয়ে এবং চতুর্থী গণেশমন্ত্রদীক্ষাবিষয়ে বুঝিতে হইবে।

নিন্দিতেঽপি মাসেষু দীক্ষোক্তা গ্রহণে শুভা।
সূর্য্যগ্রহণকালস্য সমানো নাস্তি ভূতলে ॥
বিশেষতো মহাদেবি দীক্ষাগ্রহণকর্ম্মণি।
তত্র যদ্যৎকৃতং সর্ব্বমনন্তফলদং ভবেৎ।
ন বারতিথিমাসাদিশোধনং সূর্য্যপর্ব্বণি ॥
এবং চন্দ্রগ্রহণেঽপি ॥

জামলে—ন কুর্য্যাৎ শাক্তিকীং দীক্ষামুপরাগে বিভাবসৌ।
ন কুর্য্যাদ্বৈষ্ণবীং তাস্তু যদি চন্দ্রমসো গ্রহঃ ॥
এতচ্চ গোপাল-শ্রীবিদ্যেতরবিষয়ম্ ॥
অন্যেষু পর্ব্বযোগেষু গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
ইতি গৌতমীয়াৎ ॥
প্রশস্তা সকলা দীক্ষা স্বস্ববারে তদা ভবেৎ।
সূর্য্যগ্রহণকালে তু নান্যদন্বেষিতং ভবেৎ ॥
ইতি যোগিনীহৃদয়াচ্চ ॥

তারাদৌ তু—দীক্ষাকালং প্রবক্ষ্যামি নীলতন্ত্রানুসারতঃ।
কৃষ্ণপক্ষস্য চাষ্টম্যাং শুভে লগ্নে শুভে ক্ষণে ॥
পূর্ব্বভাদ্রপদাযুক্তে মিত্রতারাদিসংযুতে।
অথবাপ্যনুরাধায়াং রেবত্যাং বা প্রশস্যতে ॥
জানীয়াচ্ছোভনং কালং মন্ত্রস্য গ্রহণং প্রতি।
ঈষে চৈব বিশেষেণ কার্ত্তিকে চ বিশেষতঃ ॥

---

নিন্দিতমাসেও সূর্য্যগ্রহণকালে দীক্ষাগ্রহণ করিতে পারে। চন্দ্র-সূর্য্যগ্রহণকালে বারতিথ্যাদির বিচার নাই। "সূর্য্যগ্রহণকালে শক্তিদীক্ষা এবং চন্দ্রগ্রহণকালে বিষ্ণুদীক্ষা নিষিদ্ধ" এই রুদ্রজামলীয় বচন গোপাল ও শ্রীবিদ্যা ব্যতীত অন্য বিদ্যাসম্বন্ধে বুঝিবে। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে, পর্ব্বযোগে ও চন্দ্রগ্রহণসময়ে সকল প্রকার দীক্ষাই শুভপ্রদ। যোগিনীহৃদয়ে লিখিত আছে, সূর্য্য ও চন্দ্রগ্রহণসময়ে দীক্ষাকার্য্যে অন্য কিছুই বিচার্য্য নহে। নীলতন্ত্রে তারামন্ত্রদীক্ষাসম্বন্ধে লিখিত আছে, কৃষ্ণপক্ষের অষ্টমী তিথি, শুভলগ্ন, পূর্ব্বভাদ্রপদনক্ষত্র এবং মিত্রতারাতে তারাদিমন্ত্র গ্রহণীয়। তারামন্ত্রদীক্ষায় অনুরাধা ও রেবতীনক্ষত্র এবং আশ্বিন ও কার্ত্তিক মাস বিশেষ

সূর্য্যগ্রহণে বিশেষমাহ রত্নাবলীধৃতযামলে—

শ্রীপরা কালীবীজানি লোপোদোর্গশ্চ যো মনুঃ।
সূর্য্যস্থ গ্রহণে লব্ধো নৃণাং মুক্তিফলপ্রদঃ॥
অমাবস্যা সোমবারে ভৌমবারে চতুর্দ্দশী।
সপ্তমী রবিবারে চ সূর্য্যগ্রহশতৈঃ সমাঃ॥

কুলার্ণবে—সপ্তমী রবিবারে চ সোমে দর্শস্তথৈব চ।
চতুর্থী কুজবারে চ অষ্টমী চ বৃহস্পতৌ।
দেবপর্ব্বসমা জ্ঞেয়া তাসু দীক্ষাং সমাচরেৎ॥

যামলে—পুণ্যতীর্থে কুরুক্ষেত্রে দেবীপীঠচতুষ্টয়ে।
প্রয়াগে শ্রীগিরৌ কাশ্যাং কালাকালং ন শোধয়েৎ॥

বিষ্ণুযামলে—দেবীবোধং সমারভ্য যাবৎ স্যান্নবমী তিথিঃ।
কৃতা তাসু বুধৈর্দ্দীক্ষা সর্ব্বাভীষ্টফলপ্রদা॥
শুক্লপক্ষে বিশেষেণ তত্রাপি তিথিরষ্টমী।
তত্রাপি শারদী দুর্গা যত্র দেবী গৃহে গৃহে।
তত্র দীক্ষা প্রকর্ত্তব্যা মাসর্ক্ষাদীন্ ন শোধয়েৎ॥

তথা—বোধনে চৈব দুর্গায়াঃ কালাকালং ন শোধয়েৎ।
অশোকাখ্যাষ্টমী যত্র রামাখ্যা নবমী তথা॥

প্রশস্ত। সূর্য্যগ্রহণকালে মন্ত্রগ্রহণসম্বন্ধে রত্নাবলীধৃত যামলে লিখিত আছে, শ্রীবিদ্যা, কালীমন্ত্র ও দুর্গামন্ত্র সূর্য্যগ্রহণকালে গ্রহণ করিলে মুক্তিলাভ হয়; এবং সোমবারে অমাবস্যা, মঙ্গলবারে চতুর্দ্দশী, রবিবারে সপ্তমী তিথি হইলে শতসূর্য্য-গ্রহণের সমান হয়। কুলার্ণবে লিখিত আছে, রবিবারে সপ্তমী, সোমবারে অমাবস্যা, মঙ্গলবারে চতুর্দ্দশী ও বৃহস্পতিবারে অষ্টমী তিথি হইলে দেবপর্ব্বতুল্য হয়। যামলে লিখিত আছে, গঙ্গাদি পুণ্যতীর্থ, কুরুক্ষেত্র, প্রসিদ্ধ চারিটি দেবীপীঠস্থান, প্রয়াগ, কৈলাস পর্ব্বত ও কাশীক্ষেত্রে মন্ত্রগ্রহণে কালাকালশুদ্ধির আবশ্যকতা নাই। বিষ্ণুযামলে লিখিত আছে, দেবীর বোধন হইতে মহানবমী পর্য্যন্ত প্রত্যেক তিথিতেই দীক্ষাগ্রহণ করিলে অভীষ্টলাভ হয়। তন্মধ্যে শুক্লপক্ষ প্রশস্ত, তাহা অপেক্ষা শুক্লাষ্টমী তিথি, সর্ব্বাপেক্ষা শারদীয়া-দেবী-পূজা-দিনত্রয় দীক্ষাকার্য্যে বিশেষ প্রশস্ত। ইহাতে মাস ও নক্ষত্রাদি বিচার করিবে না। দুর্গাদেবীর বোধনে,

লগ্নেঽবাপ্যথবাঽলগ্নে যত্র তত্র তিথাবপি।
গুরোরাজ্ঞানুরূপেণ দীক্ষা কার্য্যা বিশেষতঃ॥
চতুর্থ্যঙ্গারবারে চ দিবসে ত্রিদিনস্পৃশি।
তত্র লগ্নাদিকং কিঞ্চিন্ন বিচার্য্যং কথঞ্চন॥

সময়াতন্ত্রে—যুগাদ্যায়াং জন্মদিনে বিবাহদিবসে তথা।
বিষুবায়নয়োর্দ্বন্দ্বে নৈব কিঞ্চিদ্‌বিচারয়েৎ॥

তথা—শিষ্যানাহূয় গুরুণা কৃপয়া যদি দীয়তে।
তদা লগ্নাদিকং কিঞ্চিন্ন বিচার্য্যং কদাচন॥
সর্ব্বে বারা গ্রহাঃ সর্ব্বে নক্ষত্রাণি চ রাশয়ঃ।
যস্মিন্নহনি মন্ত্রজ্ঞো গুরুঃ সর্ব্বে শুভাবহাঃ॥

যোগিনীতন্ত্রে—গ্রহণে চ মহাতীর্থে নাস্তি কালস্য নির্ণয়ঃ॥
শিষ্যত্রিজন্মদিবসে সংপ্রাপ্তে বিষুবায়নে।
সতীর্থেঽর্কবিধুগ্রাসে তন্তুদামনপর্ব্বণোঃ।
মন্ত্রদীক্ষাং প্রকুর্ব্বাণো মাসর্ক্ষাদীন্ন শোধয়েৎ॥

দীক্ষাস্থান।

অথ বক্ষ্যামি দীক্ষায়াঃ স্থানং তন্ত্রানুসারতঃ।
গোশালায়াং গুরোর্গেহে দেবাগারে চ কাননে॥

অশোকাষ্টমীতে, রামনবমীদিনে এবং গুরুর আজ্ঞাক্রমে মন্ত্রগ্রহণ করিলে কালাকালাদি-বিচার নাই। মঙ্গলবার চতুর্থী হইলে এবং ত্র্যহস্পর্শ দিবসে লগ্নাদি বিবেচনা না করিয়া মন্ত্রগ্রহণ করিতে পারে। সময়াতন্ত্রে লিখিত আছে, যুগাদ্যাতিথি, জন্মাহ এবং জলবিষুব, মহাবিষুব, উত্তরায়ণ ও দক্ষিণায়ন সংক্রান্তিতে মন্ত্রগ্রহণে কিছুই বিচার করিতে হয় না। গুরুদেব শিষ্যকে আহ্বান করিয়া যখনই ইচ্ছা মন্ত্র দিতে পারেন, তাহাতে কিছুই বিচার করিবে না। যোগিনীতন্ত্রে লিখিত আছে, চন্দ্র-সূর্য্য-গ্রহণকালে ও মহাতীর্থে কালাদি-বিচার অনাবশ্যক। শিষ্যের জন্মতারায় অয়ন ও বিষুবসংক্রান্তি-দিনে, পবিত্র তীর্থে, চন্দ্র-সূর্য্য গ্রহণে—তন্তুপর্ব্বে (বামনদেবের উপবীততিথি), শ্রাবণী-পূর্ণিমা ও দামনপর্ব্বে (দমনভঞ্জনতিথি চৈত্রশুক্লা চতুর্দ্দশী) দীক্ষায় মাসাদি-বিচার নাই।

দীক্ষাস্থান।—গোশালা, গুরুগৃহ, দেবমন্দির, কানন, পুণ্যক্ষেত্র, উদ্যান,

পুণ্যক্ষেত্রে তথোদ্যানে নদীতীরে চ মন্ত্রবিৎ।
ধাত্রী-বিল্বসমীপে চ পর্ব্বতাগ্রে গুহাসু চ।
গঙ্গায়াস্তু তটে বাপি কোটিকোটিগুণং ভবেৎ ॥

নিষিদ্ধস্থানাদিকমাহ—গয়ায়াং ভাস্করক্ষেত্রে বিরজে চন্দ্রপর্ব্বতে।
চট্টলে চ মতঙ্গে চ তথা কন্যাশ্রমেষু চ।
ন গৃহ্লীয়াত্ততো দীক্ষাং তীর্থেষেতেষু পার্ব্বতি ॥

বারাহীতন্ত্রে—শুক্রোঽস্তো যদি বা বৃদ্ধো গুর্ব্বাদিত্যো ভবেদ্‌যদি।
মেষবৃশ্চিকসিংহেষু তদা দোষো ন বিদ্যতে।
মহাবিদ্যাসু সর্ব্বাসু কালাদিবিচারো নাস্তি ॥

মুণ্ডমালাতন্ত্রে—কালাদিশোধনং নাস্তি ন চামিত্রাদিদূষণম্ ॥

মালানির্ণয়।

তর্জ্জনী মধ্যমানামা কনিষ্ঠা চেতি তাঃ ক্রমাৎ।
তিস্রোঽঙ্গুল্যস্ত্রিপর্ব্বাণো মধ্যমা চৈকপর্ব্বিকা।
পর্ব্বদ্বয়ং মধ্যমায়া মেরুত্বেনোপকল্পয়েৎ ॥

তত্র ক্রমমাহ—অনামা-মধ্যমারভ্য কনিষ্ঠাদিত এব চ।
তর্জ্জনীমূলপর্য্যন্তং দশপর্ব্বসু সংজপেৎ ॥

তথা—অনামামূলমারভ্য কনিষ্ঠাদিত এব চ।
তর্জ্জনীমধ্যপর্য্যন্তমষ্টপর্ব্বসু সংজপেৎ।
এতদ্‌বচনন্তু অষ্টোত্তরশতাদিবিষয়ম্ ॥

নদীকূল, আমলকী ও বিল্ববৃক্ষসন্নিধি, পর্ব্বতাগ্র, গহ্বর ও গঙ্গাতীর এই সকল স্থান দীক্ষাগ্রহণে কোটিগুণ ফলপ্রদ। ভাস্করক্ষেত্র, বিরজাতীর্থ, চন্দ্রপর্ব্বত, চট্টগ্রাম, মতঙ্গদেশ ও কন্যাগৃহ এই সকল স্থান দীক্ষাগ্রহণে নিষিদ্ধ। বারাহী-তন্ত্রে লিখিত আছে, যদি শুক্র অস্তগত কিংবা বৃদ্ধাবস্থায় থাকেন অথবা গুরু ও রবি একগৃহস্থ হন, তবে মেষ, বৃশ্চিক ও সিংহে মন্ত্রগ্রহণ করিতে পারে। কালী-তারাদি মহাবিদ্যার মন্ত্রগ্রহণে কালাকালাদিবিচার নাই। মলমাসে পূর্ব্বোক্ত দিন ব্যতিরেকে অন্যদিনে দীক্ষাকার্য্য নিষিদ্ধ।

মালানির্ণয়।—করমালাতে তর্জ্জনী, অনামা ও কনিষ্ঠার তিন তিন পর্ব্ব এবং মধ্যমাঙ্গুলীর এক পর্ব্ব গ্রহণীয়। মধ্যমার অপর দুই পর্ব্ব মেরুরূপে কল্পনা করিবে। অনামার মধ্যপর্ব্ব হইতে কনিষ্ঠাদিক্রমে

শক্তিবিষয়ে পুনঃ—অনামিকাত্রয়ং পর্ব্ব কনিষ্ঠায়াস্ত্রিপর্ব্বিকা।
মধ্যমায়াশ্চ ত্রিতয়ং তর্জ্জনীমূলপর্ব্বণি।
তর্জ্জন্যগ্রে তথা মধ্যে যো জপেৎ স তু পাপকৃৎ॥
ইতি নারদবচনাৎ॥

তথা হংসপরমেশ্বরে—পর্ব্বদ্বয়মনামায়াঃ পরিবর্ত্তেন বৈ ক্রমাৎ।
পর্ব্বত্রয়ং মধ্যমায়াস্তর্জ্জন্যেকং সমাহরেৎ।
পর্ব্বদ্বয়ঞ্চ তর্জ্জন্যা মেরুং তদ্‌বিদ্ধি পার্ব্বতি।
শক্তিমালা সমাখ্যাতা সর্ব্বতন্ত্রে প্রদীপিকা॥

তথা—অনামামূলমারভ্য প্রাদক্ষিণ্যক্রমেণ চ।
মধ্যমামূলপর্য্যন্তমষ্টপর্ব্বসু সংজপেৎ।
ইদমপ্যষ্টোত্তরশতাদিবিষয়ম্॥

শ্রীবিদ্যাবিষয়ে পুনঃ—অনামামধ্যমায়াশ্চ মূলাগ্রঞ্চ দ্বয়ং দ্বয়ম্।
কনিষ্ঠায়াশ্চ তর্জ্জন্যাস্ত্রয়ং পর্ব্ব সুরেশ্বরি।
অনামামধ্যমায়াশ্চ মেরুঃ স্যাদ্দ্বিতয়ং শ্রুতম্॥

তর্জ্জনীর মূল পর্য্যন্ত দশ পর্ব্বে জপ করিবে। অষ্টোত্তরশতাদি জপকালে পূর্ব্বোক্ত নিয়মে শতাদিসংখ্যক জপ পূর্ণ হইলে অনামিকার মূলপর্ব্ব হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে তর্জ্জনীর মধ্যপর্ব্ব পর্য্যন্ত অষ্ট পর্ব্বে অষ্টবার জপ করিবে। শক্তিমন্ত্র-জপের নিয়ম এই যে, অনামার তিন পর্ব্ব, কনিষ্ঠার তিন পর্ব্ব, মধ্যমার তিন পর্ব্ব এবং তর্জ্জনীর মূলপর্ব্ব, এই দশ পর্ব্বে জপ করিতে হয়। তর্জ্জনীর অগ্র এবং মধ্যপর্ব্বে শক্তিমন্ত্র জপ করিলে পাপ-স্পর্শ হয়। হংসপরমেশ্বরগ্রন্থে লিখিত আছে, অনামার মধ্যপর্ব্ব হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে মধ্যমার পর্ব্বত্রয় এবং তর্জ্জনীর এক পর্ব্ব, এই দশ পর্ব্বে জপ কর্ত্তব্য। তর্জ্জনীর উপরিস্থ পর্ব্বদ্বয় মেরু। ইহা তন্ত্রশাস্ত্রে শক্তিমালা বলিয়া অভিহিত। অষ্টোত্তরশতাদিসংখ্যক শক্তিমন্ত্র জপস্থলে পূর্ব্বোক্ত নিয়মে শতাদিসংখ্যক জপ করত অনামিকার মূলপর্ব্ব হইতে আরম্ভ করিয়া, কনিষ্ঠাদি-ক্রমে মধ্যমার মূলপর্ব্ব পর্য্যন্ত অষ্ট পর্ব্বে অষ্টবার জপ করিবে। শ্রীবিদ্যামন্ত্র-জপবিষয়ে অনামার মূল ও অগ্র এই দুই পর্ব্ব, মধ্যমার মূল ও অগ্র দুই পর্ব্ব, কনিষ্ঠার তিন পর্ব্ব এবং তর্জ্জনীর তিন পর্ব্ব, এই দশ পর্ব্বে জপ কর্ত্তব্য। অনামা ও মধ্যমার মধ্য-পর্ব্বদ্বয় মেরু। শ্রীবিদ্যার অষ্টোত্তরশতাদিসংখ্যক

প্রাদক্ষিণ্যক্রমাদ্দেবি জপেত্ত্রিপুরসুন্দরীম্। ইতি যামলবচনাৎ॥
কনিষ্ঠামূলমারভ্য প্রাদক্ষিণ্যক্রমেণ চ।
তর্জ্জনীমূলপর্য্যন্তমষ্টপর্ব্বসু সংজপেৎ॥ ইদমপ্যষ্টোত্তরশতবিষয়ম্॥

মুণ্ডমালাতন্ত্রে—অনামিকাদ্বয়ং পর্ব্ব কনিষ্ঠাদিক্রমেণ তু।
তর্জ্জনীমূলপর্য্যন্তং করমালা প্রকীর্ত্তিতা॥
অঙ্গুলীর্ন বিযুঞ্জীত কিঞ্চিদাকুঞ্চিতে তলে।
অঙ্গুলীনাং বিয়োগাচ্চ ছিদ্রে চ স্রবতে জপঃ॥

অন্যত্রাপি—অঙ্গুল্যগ্রেষু যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘনে।
পর্ব্বসন্ধিষু যজ্জপ্তং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ॥
গণনাবিধিমুল্লঙ্ঘ্য যো জপেত্তজ্জপং যতঃ।
গৃহ্ণন্তি রাক্ষসাস্তেন গণয়েৎ সর্ব্বথা বুধঃ॥

বিশ্বসারে—জপসংখ্যা তু কর্ত্তব্যা নাসংখ্যাতং জপেৎ সুধীঃ।
ন সংখ্যাকারকস্যাস্য সর্ব্বং ভবতি নিষ্ফলম্॥
হৃদয়ে হস্তমারোপ্য তির্য্যক্ কৃত্বা করাঙ্গুলীঃ।
আচ্ছাদ্য বাসসা হস্তৌ দক্ষিণেন জপেৎ সদা॥
নাক্ষতৈর্হস্তপর্ব্বৈর্বা ন ধান্যৈর্ন চ পুষ্পকৈঃ।

---

জপে পূর্ব্বোক্ত নিয়মে শতাদিসংখ্যক জপ করিয়া, কনিষ্ঠার মূলপর্ব্ব হইতে আরম্ভ করিয়া তর্জ্জনীর মূলপর্ব্ব পর্য্যন্ত অষ্ট পর্ব্বে প্রদক্ষিণক্রমে অষ্টবার জপ করিতে হয়। মুণ্ডমালাতন্ত্রে লিখিত আছে, অনামার মধ্যপর্ব্ব হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে তর্জ্জনীর মূলপর্ব্ব পর্য্যন্ত এই দশ পর্ব্বের নাম করমালা। জপকালে অঙ্গুলী বিযুক্ত না করিয়া হস্তখানি কিঞ্চিৎ আকুঞ্চন পূর্ব্বক জপ করিবে। অঙ্গুলী বিযুক্ত করিলে ফলের হানি হয়। মতান্তরে লিখিত আছে যে, অঙ্গুলীর অগ্রভাগে কিংবা মেরু লঙ্ঘন করিয়া যে জপ করা হয় এবং পর্ব্বসন্ধিতে (অঙ্গুলীর রেখাতে) যে জপ করা হয়, তাহা বিফল। এই সকল নিয়ম উল্লঙ্ঘন পূর্ব্বক জপ করিলে জপফল রাক্ষসগণ গ্রহণ করে। বিশ্বসার তন্ত্রে লিখিত আছে, জপ-সংখ্যা রাখিয়া জপ করিতে হয়, নচেৎ জপ নিষ্ফল হয়। তন্ত্রান্তরে লিখিত আছে, হৃদয়দেশে বামহস্তোপরি দক্ষিণ হস্ত স্থাপন পূর্ব্বক অঙ্গুলীগুলি কিঞ্চিৎ বক্র করিয়া হস্তদ্বয় বস্ত্র দ্বারা আচ্ছাদন পূর্ব্বক দক্ষিণ হস্তে জপ করিবে। আতপতণ্ডুল, হস্তপর্ব্ব, ধান্য, পুষ্প, চন্দন

ন চন্দনৈর্ম্মৃত্তিকয়া জপসংখ্যাস্তু কারয়েৎ।
জপনে যাদৃশী মালা সংখ্যানেঽপি চ তাদৃশী ॥

বর্ণমালাজপ—সনৎকুমারীয়ে—ক্রমোৎক্রমগতৈর্মালা মাতৃকার্ণৈঃ ক্ষমেরুকৈঃ
সবিন্দুকৈঃ সাষ্টবর্গৈরন্তর্যজনকর্ম্মণি ॥

মালায় মণি-নির্ণয়।

পদ্মবীজাদিভির্মালা বহির্যোগে শৃণুষ্ব তাঃ।
রুদ্রাক্ষ-শঙ্খ-পদ্মাক্ষ-পুত্রজীবক-মৌক্তিকৈঃ ॥
স্ফাটিকৈর্ম্মণিরত্নৈশ্চ সৌবর্ণৈর্বিদ্রুমৈস্তথা।
রাজতৈঃ কুশমূলৈশ্চ গৃহস্থস্যাক্ষমালিকা ॥

মালাজপফল।

অঙ্গুলীগণনাদেকং পর্ব্বণ্যষ্টগুণং ভবেৎ।
পুত্রজীবৈর্দশগুণং শতং শঙ্খৈঃ সহস্রকম্ ॥
প্রবালৈর্ম্মণিরত্নৈশ্চ দশসাহস্রিকং স্মৃতম্।
তদেব স্ফাটিকৈঃ প্রোক্তং মৌক্তিকৈর্লক্ষমুচ্যতে।
পদ্মাক্ষৈর্দশলক্ষং স্যাৎ সৌবর্ণৈঃ কোটিরুচ্যতে ॥

এবং মৃত্তিকার দ্বারা জপ-সংখ্যা রাখিবে না। মালায় জপস্থলে সেই মালা দ্বারা সংখ্যা করিতে হয়।

বর্ণমালা-জপ—অকারাদি মেরু (ক্ষ) সহিত একপঞ্চাশৎ বর্ণকে বর্ণমালা কহে। ঐ প্রত্যেক বর্ণে অনুস্বার যোগ করিয়া অনুলোম ( অং আং—ক্ষং ) ও বিলোমে ( ক্ষং হং—অং ) জপ করিবে। এই জপ অন্তর্জপে প্রশস্ত। বাহ্য-পূজাদিতেও বর্ণমালা জপ করা যায়।

মালায় মণি-নির্ণয়—বাহ্যপূজায় পদ্মবীজাদি-নির্ম্মিত মালা উপযোগী। গৃহস্থ রুদ্রাক্ষ, শঙ্খ, পদ্মবীজ, পুত্রজীব ( জিয়াপুতা বৃক্ষের ফল ), মুক্তা, স্ফটিক, হীরকাদি মণি, পদ্মরাগাদি রত্ন, সুবর্ণ, প্রবাল, রজত ও কুশমূল ইহাদের অন্যতম দ্বারা গ্রথিত মালা জপ করিবে।

মালাজপ-ফল—অঙ্গুলী দ্বারা গণিলে যে ফল, পর্ব্বগণনায় তাহার আট গুণ, পুত্রজীবে দশ, শঙ্খে শত, প্রবালে সহস্র, মণি, রত্ন ও স্ফটিকে দশ সহস্র,

কুশগ্রন্থ্যা কোটিশতং রুদ্রাক্ষৈঃ স্যাদনন্তকম্।
সর্ব্বৈর্বিরচিতা মালা নৃণাং মুক্তিফলপ্রদা॥

মালায় বীজমিশ্রণ নিষেধ।

কালিকাপুরাণে—রুদ্রাক্ষৈর্বা যদি জপেদিন্দ্রাক্ষৈঃ স্ফাটিকৈস্তথা।
নান্যন্মধ্যে প্রযোক্তব্যং পুত্রজীবাদিকঞ্চ যৎ॥
যত্ত্বন্যত্ত্ব প্রযুঞ্জীত মালায়াং জপকর্ম্মণি।
তস্য কামঞ্চ মোক্ষঞ্চ ন দদাতি প্রিয়ঙ্করী॥

দেবতাভেদে মালাবিশেষ।

বৈষ্ণবে তুলসীমালা গজদন্তৈর্গণেশ্বরে।
ত্রিপুরায়া জপে শস্তা রুদ্রাক্ষৈ রক্তচন্দনৈঃ॥
মহাশঙ্খময়ী মালা নীলসারস্বতে বিধৌ॥
মহাশঙ্খমালা নরকপালাস্থিমালা ইত্যর্থঃ॥

মালাসংস্কার।

সনৎকুমারীয়ে—অপ্রতিষ্ঠিত-মালাভির্মন্ত্রং জপতি যো নরঃ।
সর্ব্বং তন্নিষ্ফলং বিদ্যাৎ ক্রুদ্ধা ভবতি দেবতা॥
কালিকাপুরাণে—ব্রহ্মগ্রন্থিযুতং কুর্য্যাৎ প্রতিবীজং যথাস্থিতম্।
অথবা গ্রন্থিরহিতং দৃঢ়রজ্জুসমন্বিতম্।
এবং নির্ম্মায় মালাং বৈ শোধয়েন্মুনিসত্তমঃ॥

মুক্তায় লক্ষ, পদ্মবীজে দশ লক্ষ, স্বর্ণে কোটি, কুশগ্রন্থিতে শত কোটি এবং রুদ্রাক্ষে অনন্ত ফল হয়।

মালায় বীজমিশ্রণ নিষেধ—মালায় একবিধ রত্নাদি প্রয়োগ করিবে, অন্য দ্রব্য মিশাইলে অভীষ্ট ফল ও মোক্ষ সব নষ্ট হয়।

দেবতাভেদে মালাবিশেষ—বৈষ্ণব তুলসী-মালা, গাণপত্য গজদন্তনির্ম্মিত মালা, ত্রিপুরার উপাসক রুদ্রাক্ষ বা রক্তচন্দন-কাষ্ঠের মালা এবং নীলসরস্বতীর উপাসক মানুষের মস্তকের অস্থি-মালা জপ করিবে।

মালাসংস্কার—প্রতিষ্ঠা না করিয়া মালা জপ করিলে সমস্ত জপ নিষ্ফল হয় ও দেবতা অসন্তুষ্ট হন। কার্পাস-সূত্র দ্বারা মূলমন্ত্র পাঠপূর্ব্বক মালা গাঁথিয়া ব্রহ্মগ্রন্থি বা নাগপাশ-গ্রন্থির সূত্রদ্বয় একত্র করত ওঁ মন্ত্রে বা বীজমন্ত্রে মেরুবন্ধন

অশ্বত্থপত্রনবকৈঃ পদ্মাকারন্তু কল্পয়েৎ।
তন্মধ্যে স্থাপয়েন্মালাং মাতৃকামূলমুচ্চরন্॥
ক্ষালয়েৎ পঞ্চগব্যেন সদ্যোজাতেন সজ্জলৈঃ।
চন্দনাগুরুগন্ধাদ্যৈর্বামদেবেন ঘর্ষয়েৎ।
ধূপয়েত্তামঘোরেণ লেপয়েত্তৎপুরুষেণ তু।
মন্ত্রয়েৎ পঞ্চমেনৈব প্রত্যেকন্তু শতং শতম্।
মেরুঞ্চ মন্ত্রয়েচ্চৈব মূলেন চ শতং শতম্॥
প্রত্যেকন্তু সকৃৎ সকৃদিতি বা॥

তথা চ গৌতমীয়ে—পঞ্চমেনৈব সূক্তেন শতান্যনেন মন্ত্রয়েৎ।
তত্রাবাহ্য যজেদ্দেবং যথাবিভববিস্তরৈঃ॥
সংস্কৃত্যৈবং বুধো মালাং তৎপ্রাণাংস্তত্র যোজয়েৎ।
মূলমন্ত্রেণ তাং মালাং পূজয়েদ্দ্বিজসত্তমঃ॥
মায়াবীজাদিকং কৃত্বা রক্তপুষ্পৈঃ সমর্চ্চয়েৎ॥ ইতি শক্তিবিষয়ম্।

করিবে। নয়টি অশ্বত্থপত্র পদ্মাকারে রাখিয়া তাহার উপর মাতৃকামন্ত্র ও মূলমন্ত্র জপ করিয়া মালা রাখিবে, পঞ্চগব্যে এই মন্ত্রে ধৌত করিবে, যথা—ওঁ সদ্যো জাতং প্রপদ্যামি সদ্যোজাতায় বৈ নমঃ। ভবে ভবে নাদিভবে ভজস্ব মাং ভবোদ্ভবায় বৈ নমঃ। পরে চন্দন, অগুরু, কর্পূর দ্বারা এই মন্ত্রে ঐ মালা লেপন করিবে। যথা—ওঁ নমো জ্যেষ্ঠায় নমো রুদ্রায় নমঃ কালায় নমঃ কালবিকরণায় নমো বলপ্রমথনায় নমঃ সর্ব্বভূতদমনায় নমো নমো মনোন্মনায়। এই মন্ত্রে ধূপিত করিবে, যথা—অঘোরেভ্যোঽথ ঘোরেভ্যো ঘোরঘোরতরেভ্যশ্চ সর্ব্বতঃ সর্ব্বসর্ব্বেভ্যো নমস্তেঽস্তু রুদ্ররূপেভ্যঃ। পুনরায় চন্দন লেপন করিবে। যথা—ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ। প্রত্যেক বীজে বা মণিতে শতবার এই মন্ত্র বা একবার (মতান্তরে) জপ করিবে। যথা—ওঁ ঈশানঃ সর্ব্ববিদ্যানামীশ্বরঃ সর্ব্বভূতানাং ব্রহ্মাধিপতির্ব্রহ্মণোঽধিপতিঃ শিবো মেঽস্তু সদাশিবে মেৎ এইরূপে মালা সংস্কার করিয়া তাঁহাতে প্রাণ-প্রতিষ্ঠানিয়মে প্রাণপ্রতিষ্ঠা করিয়া মূলমন্ত্রে পূজা করিবে—পূজামন্ত্র যথা—হ্রীঁ মালে মালে মহামালে সর্ব্বতত্ত্বস্বরূপিণি। চতুর্ব্বর্গস্ত্বয়ি ন্যস্তস্তস্মান্মে সিদ্ধিদা ভব। রক্তপুষ্প দ্বারা পূজা করিবে। শক্তিবিষয়ে ঐরূপ ব্যবস্থা।

বিষ্ণুবিষয়ে তু যামলে—বাগ্‌ভবঞ্চ তথা লক্ষ্মীমক্ষাদিমালিকাং ততঃ
ঙেন্তাং হৃদয়বর্ণান্তাং মন্ত্রেণানেন পূজয়েৎ ॥

যোগিনীতন্ত্রে—হোমকর্ম্ম ততঃ কুর্য্যাৎ দেবতাভাবসিদ্ধয়ে।
হোমস্তু—অষ্টোত্তরশতমাজ্যেন জুহুয়াদিভি।
হোমাশক্তৌ দ্বিগুণজপঃ ॥
জপান্তে কর্ণদেশে বা উচ্চদেশেঽথবা ন্যসেৎ।
ওঁ ত্বং মালে সর্ব্বদেবানাং সর্ব্বসিদ্ধিপ্রদা মতা।
তেন সত্যেন মে সিদ্ধিং দেহি মাতর্নমোঽস্তু তে ॥
ইত্যুক্ত্বা পরিপূজ্যাথ গোপয়েদ্‌যত্নতো গৃহী ॥

মালাগণনায় অঙ্গুলিনিয়ম।

অঙ্গুষ্ঠমধ্যমাভ্যাঞ্চ চালয়েন্মধ্যমধ্যতঃ।
তর্জ্জন্যা ন স্পৃশেদেনাং মুক্তিদো গণনক্রমঃ ॥

মালা-সূত্রচ্ছেদাদিতে কর্ত্তব্য।

জীর্ণে সূত্রে পুনঃ সূত্রং গ্রথয়িত্বা শতং জপেৎ।
প্রমাদাৎ পতিতো হস্তাৎ শতমষ্টোত্তরং জপেৎ ॥
জপেন্নিষিদ্ধসংস্পর্শে ক্ষালয়িত্বা যথোদিতম্।
ছিন্নে সূত্রে পুনঃ সূত্রং গ্রথয়িত্বা শতং জপেৎ ॥

---

বিষ্ণুবিষয়ে—'ঐঁ শ্রীঁ অক্ষমালিকায়ৈ নমঃ' এই মন্ত্রে পূজা করিবে। অতঃপর অকারাদি বর্ণের প্রত্যেক বর্ণ দ্বারা মূলমন্ত্র পুটিত করিয়া মালার উপরে অনুলোম-বিলোমক্রমে জপ করিবে। বিশেষ এই, যে দেবতার মন্ত্রে মালা প্রতিষ্ঠা করিবে, সেই মালা দ্বারা অন্য দেবতার জপ করিবে না।

মালা-গণনায় অঙ্গুলি-নিয়ম।—অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা মালার মধ্যভাগ চালনা করিবে; কিন্তু তর্জ্জনী দ্বারা কখনও স্পর্শ করিবে না।

মালার সূত্রচ্ছেদাদি হইলে কর্ত্তব্য—সূত্র জীর্ণ হইলে পুনরায় সূত্রে গাঁথিয়া শতবার মূলমন্ত্র জপ করিবে। অসাবধানতায় হস্ত হইতে পতিত হইলে ১০৮ বার জপ করিবে। ছিঁড়িয়া যাইলেও এইরূপ ব্যবস্থা।

আসনবিধি।

হংসমাহেশ্বরে—কম্বলং কোমলং কৌষং দারবং কর্ম্মসাধনম্।
এতেষামাসনং শুদ্ধং চর্ম্মাসনং সুরেশ্বরি॥
কাম্যার্থং কম্বলঞ্চৈব শ্রেষ্ঠঞ্চ রক্তকম্বলম্।
কৃষ্ণাজিনে জ্ঞানসিদ্ধির্মোক্ষং শ্রীর্ব্যাঘ্রচর্ম্মণি।
কুশাসনে মন্ত্রসিদ্ধির্নাঽত্র কার্য্যা বিচারণা॥

নিষিদ্ধ আসন।

ধরণ্যাং দুঃখসম্ভূতির্দৌর্ভাগ্যং দারুজাসনে।
বংশাসনে দরিদ্রঃ স্যাৎ পাষাণে ব্যাধিপীড়নম্॥
তৃণাসনে যশোহানিঃ পল্লবে চিত্তবিভ্রমঃ।
জপধ্যানতপোহানিং বস্ত্রাসনং করোতি হি॥
কেবলং বস্ত্রাসনং নিষিদ্ধং চেলাজিনকুশোত্তরমিতি ভগবদ্‌বচনাৎ
নাদীক্ষিতো বিশেজ্জাতু কৃষ্ণসারাজিনে গৃহী॥

কলিতে তন্ত্রোক্ত কার্য্যের প্রাধান্য।

তারাপ্রদীপে—আগমোক্তবিধানেন কলৌ দেবান্ যজেৎ সুধীঃ।
ন হি দেবাঃ প্রসীদন্তি কলৌ চান্যবিধানতঃ॥

আসনবিধি—হংসমাহেশ্বরে উক্ত আছে—কোমল কম্বলাসন, চেলি বা গরদ-নির্ম্মিত আসন, কাষ্ঠাসন ও চর্ম্মাসন জপকার্য্যে প্রশস্ত।

নিষিদ্ধ আসন—ভূমি-আসনে দুঃখভোগ, কাষ্ঠাসনে দুর্গতি, বংশের আসনে দারিদ্র্য, প্রস্তরে ব্যাধিপীড়া, তৃণাসনে যশোহানি, পত্রের আসনে বুদ্ধিনাশ, বস্ত্রাসনে জপধ্যানে তপস্যার হানি হয়। বস্ত্রাসনে কেবল বস্ত্রই নিষিদ্ধ; অন্য কুশাদিযোগে দোষ নাই। যেহেতু, ভগবান্‌ই বলিয়াছেন, কুশোপরি কৃষ্ণসারাজিন, তদুপরি ক্ষৌমবস্ত্র পাতিয়া বসিবে।

অদীক্ষিতাবস্থায় কৃষ্ণসারচর্ম্মে উপবেশন করিবে না।

কলিতে তন্ত্রোক্ত কার্য্যের প্রাধান্য—কলিতে তন্ত্রোক্তবিধি অনুসারে দেবগণকে পূজা করিবে। অন্য বিধানে দেবগণ শীঘ্র সন্তুষ্ট হন না।

কৃতে শ্রুত্যুক্তো মার্গঃ স্যাৎ ত্রেতায়াং স্মৃতিসম্ভবঃ।
দ্বাপরে তু পুরাণোক্তঃ কলাবাগমসম্মতঃ॥

গুরুর প্রতি কর্ত্তব্য।

যথা—মন্ত্রার্ণা দেবতা জ্ঞেয়া দেবতা গুরুরূপিণী।
তেষাং ভিদা ন কর্ত্তব্যা যদীচ্ছেচ্ছুভমাত্মনঃ॥
দেব্যাগমে শিববাক্যম্—গুরুশয্যাসনং যানং পাদুকোপানৎপীঠকম্।
স্নানোদকং তথাচ্ছায়াং লঙ্ঘনং নৈব কারয়েৎ॥
গুরোরগ্রে পৃথক্‌পূজামৌদ্ধত্যঞ্চ বিবর্জ্জয়েৎ।
দীক্ষাং ব্যাখ্যাং প্রভুত্বঞ্চ গুরোরগ্রে পরিত্যজেৎ॥
রুদ্রাযমলে—ঋণদানং তথাদানং বস্তূনাং ক্রয়বিক্রয়ম্।
ন কুর্য্যাদ্‌গুরুণা সার্দ্ধং শিষ্যো ভূত্বা কদাচন॥
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চ বরবর্ণিনি।
ভুঞ্জীরন্ বিবিধৈর্ভক্ত্যা গুরোরুচ্ছিষ্টমুত্তমম্॥
গুরোঃ পাদোদকং পীত্বা ভক্ত্যা চ শিরসা বহন্।
কাশ্যাদিসর্ব্বতীর্থানাং ফলং কোটিগুণং লভেৎ॥
গুরুং নাম্না ন ভাষেত জপহোমার্চ্চনাদৃতে।
শ্রীনাথ দেব স্বামীতি বিবাদে সাধনে বদেৎ॥

সত্যযুগে বৈদিক অনুষ্ঠান, ত্রেতায় স্মার্ত্তকর্ম্ম, দ্বাপরে পৌরাণিকবিধি, কলিতে আগমানুমোদিত কার্য্যে ফল হইবে।

গুরুর প্রতি কর্ত্তব্য—শুভার্থী মন্ত্রাক্ষরকে দেবতা মনে করিবেন, গুরু দেবতাস্বরূপ, গুরুমন্ত্রে ও দেবতায় পরস্পর প্রভেদ নাই।

গুরুর আসন, শয্যা, যান, কাষ্ঠপাদুকা বা চর্ম্মপাদুকা, পীঠ, স্নানীয়জল ও ছায়া লঙ্ঘন কিংবা আক্রমণ করিবে না, গুরুর নিকট অন্য পূজা, ঔদ্ধত্য, শাস্ত্র-ব্যাখ্যা, পাণ্ডিত্য, প্রভুত্ব পরিত্যাগ করিবে।

গুরুর সহিত ঋণের আদান-প্রদান, ক্রয় ও বিক্রয় ব্যবহার করিবে না।

সকল বর্ণই অবিচারে ভক্তিসহকারে গুরুর উচ্ছিষ্ট ভোজন করিবে।

গুরুর পাদোদক পান করিয়া মস্তকে ধারণ করিলে সর্ব্বতীর্থপ্রাপ্তির ফল হয়।

জপ, হোম ও পূজাদি আবশ্যক কার্য্য ব্যতিরেকে গুরুর নাম করিতে

গুর্ব্বগ্রে ন তপঃ কার্য্যং সোপবাসব্রতাদিকম্।
তীর্থযাত্রাং ন কুর্য্যাচ্চ ন স্নায়াদাত্মশুদ্ধয়ে॥
ন নিয়োগং গুরৌ কুর্য্যাৎ দুষ্টতাং ন বিভাবয়েৎ॥
যত্র শ্রীগুরুনিন্দা স্যাৎ পিধায় শ্রবণেঽন্বিকে।
সত্বস্তস্মাদ্‌বিনিষ্ক্রামেন্ন তিষ্ঠেত কদাচন॥
গুরূচ্ছিষ্টস্তু দেবেশি তৎসুতোচ্ছিষ্টমেব চ।
ভোজনীয়ং ন সন্দেহো বিকারশ্চেদধোগতিম্॥
গৃহীতো দেবতামন্ত্রঃ সাবিত্রীগ্রহণং কৃতম্।
যস্মাৎ তস্য ত্রিরাত্রস্তু রক্ষেদ্‌বিদ্যাগ্রহো যতঃ॥
গুরুবৎ গুরুপুত্রেষু গুরুবৎ তৎসুতাদিষু।
গুরুবৎ পূজনং কার্য্যং তোষণং বাক্যপালনম্॥

যত্তু—গুরুবদ্‌গুরুপুত্রে বর্ত্তিতব্যং পাদোপসংগ্রহাদুচ্ছিষ্টভোজনাদ্‌বিনেতি তৎ স্বাপেক্ষয়া ন্যূনবয়স্কগুরুপুত্রপরমিতি সাম্প্রদায়িকাঃ।

নাই। বাদানুবাদে ও সাধনপ্রণালীতে আবশ্যকমত গুরুকে শ্রীনাথ, দেব, প্রভু বলিয়া আহ্বান করিবে।

গুরুসমীপে তপস্যা, উপবাস, ব্রতাদি কিছুই নাই। তীর্থযাত্রা ও আত্ম-শুদ্ধির জন্য মন্ত্রস্নানাদি আবশ্যক নহে।

গুরুকে আদেশ করিতে নাই, গুরুর প্রতি কু-ভাবনা পরিত্যাগ করিবে।

যে স্থানে গুরুনিন্দা হয়, কর্ণ আবৃত করিয়া সে স্থান তৎক্ষণাৎ পরিত্যাগ করিবে।

গুরুর উচ্ছিষ্ট বা তাঁহার পুত্রের উচ্ছিষ্ট অবিকারে ভোজন করিবে। ইহাতে কোনও পাপের সন্দেহ নাই।

বেশী কথা কি, যাঁহার নিকট মন্ত্রগ্রহণ হইয়াছে ও যিনি সাবিত্রীদীক্ষা দিয়াছেন, এই উভয়ের প্রভেদ নাই, এই উভয়ের মরণে ত্রিরাত্র অশৌচ গ্রহণ করিতে হয়।

যদিও গুরুপুত্রাদিতে গুরুর মত ব্যবহার করা কর্ত্তব্য, অথচ কেহ কেহ গুরুপুত্রাদির পাদস্পর্শ ও উচ্ছিষ্ট ভোজন নিষিদ্ধ বলিয়া থাকেন। তাঁহাদের অভিপ্রায় এই, বয়ঃকনিষ্ঠ গুরুপুত্রের পক্ষে নিষেধ বুঝিবে, ইহা সাম্প্রদায়িকের মত।

গৃহীতমন্ত্রস্ত্যক্তব্যো গুরুশ্চেদ্দোষসংযুতঃ।
মহাপাতকযুক্তো বা গুরুশ্চেদ্দেবনিন্দকঃ॥
গুরুর্ন মর্ত্ত্যং বুধ্যেত যদি বুধ্যেত তস্য তু।
ন কদাচিদ্‌ভবেৎ সিদ্ধির্ন মন্ত্রৈর্নৈব পূজনৈঃ॥
একগ্রামস্থিতঃ শিষ্যস্ত্রিসন্ধ্যং প্রণমেদ্‌গুরুম্।
ক্রোশমাত্রস্থিতো ভূত্বা গুরুং প্রতিদিনং নমেৎ॥ ইত্যাদি।

পুরশ্চরণ।

গুরোরাজ্ঞাং সমাদায় শুদ্ধান্তঃকরণো নরঃ।
ততঃ পুরস্ক্রিয়াং কুর্য্যান্মন্ত্রসংসিদ্ধিকাম্যয়া॥
জীবহীনো যথা দেহী সর্ব্বকর্ম্মসু ন ক্ষমঃ।
পুরশ্চরণহীনোঽপি তথা মন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ॥
তস্মাদাদৌ স্বয়ং কুর্য্যাদ্‌গুরুং বা কারয়েদ্‌বুধঃ।
গুরোরভাবে বিপ্রং বা সর্ব্বপ্রাণিহিতে রতম্॥
স্নিগ্ধং শাস্ত্রবিদং মিত্রং নানাগুণসমন্বিতম্।
স্ত্রিয়ং বা সগুণোপেতাং সপুত্রাং বিনিযোজয়েৎ॥

---

গুরুকে কখনই ত্যাগ করিবে না, গুরুত্যাগে দারিদ্র্য প্রভৃতি অনিষ্ট হয়। কিন্তু যে গুরু কুচরিত্রতাদোষদুষ্ট ও মহাপাপী অথবা দেবনিন্দক ও শাস্ত্রদ্বেষী, তাহাকে পরিত্যাগ করিতে পারা যায়।

গুরুকে সাধারণ মনুষ্য মনে করিবে না; যে ব্যক্তি মনে করে, তাহার মন্ত্রোপাসনায় ও পূজায় কখনও সিদ্ধিলাভ হয় না।

একগ্রামস্থিত শিষ্য গুরুকে ত্রিসন্ধ্যায় প্রণাম করিবে। ক্রোশান্তরে একবার, দুই ক্রোশ দূরে পঞ্চপর্ব্বে, যোজন হইতে দ্বাদশ যোজন দূরে যোজন-সংখ্যক মাসে, বহুদূরে থাকিলে ছয় মাস অন্তর গুরুর চরণ বন্দনা করিবে।

পুরশ্চরণ—বিশুদ্ধমনা ব্যক্তি গুরুর আদেশে মন্ত্রসিদ্ধিকামনায় পুরশ্চরণ করিবে। যেরূপ জীবহীন দেহ সর্ব্বকর্ম্মে অক্ষম, তদ্রূপ পুরশ্চরণহীন মন্ত্র সিদ্ধিপ্রদানে অক্ষম; অতএব সাধক অগ্রে স্বয়ং কিংবা গুরু দ্বারা পুরশ্চরণ করাইবে। গুরুর অভাবে শাস্ত্রবেত্তা, সর্ব্বপ্রাণীর হিতৈষী, নানাগুণবিশিষ্ট সদ্‌ব্রাহ্মণ দ্বারা পুরশ্চরণ করাইবে। পুণ্যশালিনী পুত্রবতী স্ত্রী-গুরুকেও পুরশ্চরণ-কর্ম্মে নিয়োজিত করা যায়।

পুরশ্চরণে স্থাননির্ণয়।

আদৌ পুরস্ক্রিয়াং কর্ত্তুং স্থাননির্ণয় উচ্যতে॥
পুণ্যক্ষেত্রং নদীতীরং গুহা পর্ব্বতমস্তকম্।
তীর্থপ্রদেশাঃ সিন্ধূনাং সঙ্গমঃ পাবনং মহৎ॥
উদ্যানানি বিবিক্তানি বিল্বমূলং তটং গিরেঃ।
তুলসী-কাননং গোষ্ঠং বৃষশূন্যং শিবালয়ম্॥
অশ্বত্থামলকীমূলং গোশালা জলমধ্যতঃ।
দেবতায়তনং কূলং সমুদ্রস্য নিজালয়ম্।
সাধনেষু প্রশস্তানি স্থানান্যেতানি মন্ত্রিণাম্॥
সূর্য্যস্যাগ্নের্গুরোরিন্দোর্দীপস্য চ জলস্য চ।
বিপ্রাণাঞ্চ গবাঞ্চৈব সন্নিধৌ শস্যতে জপঃ।
অথবা নিবসেত্তত্র যত্র চিত্তং প্রসীদতি॥
গৃহে শতগুণং বিদ্যাদ্গোষ্ঠে লক্ষগুণং ভবেৎ।
কোটির্দেবালয়ে পুণ্যমনন্তং শিবসন্নিধৌ॥

ব্রহ্মযামলে—জপমেকগুণং গেহে গোষ্ঠে দশগুণং স্মৃতম্
বনান্তরে শতগুণং তড়াগে চ সহস্রকম্॥
নদীতীরে লক্ষগুণং নগাগ্রে কোটিসম্মিতম্।
শিবালয়ে কোটিশতমনন্তং গুরুসন্নিধৌ॥

পুরশ্চরণের স্থাননির্ণয়—পুণ্যক্ষেত্র, নদীতীর, গুহা, পর্ব্বতের উপরিভাগ, তীর্থস্থান, নদীসঙ্গমস্থল, উদ্যান, বিজন স্থান, বিল্বমূল, পর্ব্বততট, তুলসীকানন, গোষ্ঠস্থান, বৃষশূন্য শিবালয়, অশ্বত্থ ও আমলকীবৃক্ষের মূল, গোশালা, জলমধ্য, দেবালয়, সমুদ্রতীর ও নিজগৃহ, এই সমস্ত স্থান সাধনকার্য্যে পবিত্র। সূর্য্য, অগ্নি, গুরু, চন্দ্র, প্রদীপ, জল, ব্রাহ্মণ এবং গো-সন্নিধানে জপ শুভপ্রদ। যে স্থানে মনঃপ্রসাদ জন্মে, সেই স্থান মনোনীত করিয়া পুরশ্চরণাদি কার্য্য করিবে। স্বগৃহে বসিয়া জপ করিলে শতগুণ, গোষ্ঠে লক্ষগুণ, দেবমন্দিরে কোটিগুণ এবং শিবসমীপে জপ অনন্তফলপ্রদ। ব্রহ্মযামলে লিখিত আছে, স্বগৃহে একগুণ, গোষ্ঠে দশগুণ, বনে শতগুণ, তড়াগে সহস্রগুণ, নদীতটে লক্ষগুণ, পর্ব্বতাগ্রে কোটিগুণ, শিবালয়ে শতকোটিগুণ

তন্ত্রান্তরে—গৃহে গোষ্ঠবনারামনদী-নদ-শিবালয়ে।

গুরোর্ব্বা সন্নিধৌ যত্র স জপঃ পরমো মতঃ॥

ম্লেচ্ছ-দুষ্ট-মৃগ-ব্যাল-শঙ্কাতঙ্কবিবর্জ্জিতে।

একান্তপাবনে নিন্দারহিতে ভক্তিসংযুতে॥

স্বদেশে ধার্ম্মিকে দেশে সুভিক্ষে নিরুপদ্রবে।

রম্যে ভক্তজনস্থানে নিবসেত্তাপসঃ প্রিয়ে॥

গুরূণাং সন্নিধানে চ চিত্তৈকাগ্রস্থলে তথা।

এষামন্যতমং স্থানমাশ্রিত্য জপমাচরেৎ॥

যত্র গ্রামে জপেন্মন্ত্রী তত্র কূর্ম্মং বিচিন্তয়েৎ॥

গৌতমীয়ে—পর্ব্বতে সিন্ধুতীরে বা পুণ্যারণ্যে নদীতটে।

যদি কুর্য্যাৎ পুরশ্চর্য্যাং তত্র কূর্ম্মং ন চিন্তয়েৎ।

গ্রামে বা যদি বা বাস্তৌ গৃহে তঞ্চ বিচিন্তয়েৎ॥

পুরশ্চরণে ভক্ষ্যাভক্ষ্যাদি-নিয়ম।

পুরশ্চরণকৃন্মন্ত্রী ভক্ষ্যাভক্ষ্যং বিভাবয়েৎ।

অন্যথা ভোজনাদ্দোষাৎ সিদ্ধিহানিঃ প্রজায়তে॥

এবং গুরুসন্নিধানে জপ অনন্তফলপ্রদ। এই প্রকার তন্ত্রান্তরে বর্ণিত আছে, গৃহ, গোষ্ঠ, বন, উপবন, নদী, নদ, শিবালয় এবং গুরুসন্নিধানে জপ করিলে সেই জপ অতীব উৎকৃষ্ট। পুরশ্চরণকার্য্যে ম্লেচ্ছের বসতিস্থান, দুষ্ট ও মৃগসর্পাদি দ্বারা ভয়াকুল স্থান পরিত্যাগ পূর্ব্বক পবিত্র, অনিন্দনীয়, ভক্তির জনক, মনোরম স্থান মনোনীত করিবে। স্বদেশ, ধার্ম্মিক-বহুলদেশ, সুভিক্ষদেশ, নিরুপদ্রব স্থান, মনোরম ভক্তবহুল স্থান, গুরুসন্নিধান এবং যেখানে অনায়াসে চিত্তের একাগ্রতা হয়, তাদৃশ স্থান, এই সকল স্থানের একতম স্থান আশ্রয় পূর্ব্বক জপ করা কর্ত্তব্য। গ্রামে জপ করিলে তাহার কূর্ম্মচক্র বিচার করিবে। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে, পর্ব্বত, সমুদ্রতীর, পুণ্যারণ্য এবং নদীতটে পুরশ্চরণ করিলে কূর্ম্মচক্র বিচারের আবশ্যকতা নাই ; কিন্তু গ্রামে বা বাস্তগৃহে পুরশ্চরণ করিলে কূর্ম্মচক্র-বিচার করিবে।

**পুরশ্চরণে ভক্ষ্যাভক্ষ্যাদি-নিয়ম।**—ভক্ষ্যাভক্ষ্য বিবেচনা না করিয়া পুরশ্চরণ করিলে ভক্ষ্যদোষে সিদ্ধিহানি ঘটে ; সুতরাং ভক্ষ্যাভক্ষ্য অবগত

শস্তান্নঞ্চ সমশ্নীয়ান্মন্ত্রসিদ্ধিসমীহয়া।
তস্মান্নিত্যং প্রযত্নেন শস্তান্নাশী ভবেন্নরঃ॥
দধি ক্ষীরং ঘৃতং গব্যং ঐক্ষবং গুড়বর্জ্জিতম্।
তিলাশ্চৈব সিতা মুদ্গাঃ কন্দং কেমুকবর্জ্জিতম্॥
নারিকেলফলঞ্চৈব কদলী লবনী তথা।
আম্রমামলকঞ্চৈব পনসঞ্চ হরীতকী॥
ব্রতারম্ভে প্রশস্তঞ্চ হবিষ্যং মন্যতে বুধৈঃ।
হৈমন্তিকং সিতাস্বিন্নং ধান্যং মুদ্গাস্তিলা যবাঃ॥
কলায়কঙ্কুনীবারা বাস্তূকং হিলমোচিকা।
ষষ্টিকা-কালশাকঞ্চ মূলকং কেমুকেতরৎ॥
লবণে সৈন্ধবসামুদ্রে গব্যে চ দধিসর্পিষী।
পয়োঽনুদ্ধৃতসারঞ্চ পনসাম্রহরীতকী॥
পিপ্পলী জীরকঞ্চৈব নাগরঙ্গকতিন্তিড়ী।
কদলী লবনী-ধাত্রী ফলান্যগুড়মৈক্ষবম্।
অতৈলপক্বং মুনয়ো হবিষ্যান্নং প্রচক্ষতে॥
ভুঞ্জানো বা হবিষ্যান্নং শাকং যাবকমেব বা।
পয়ো মূলং ফলং বাপি যত্র যত্রোপলভ্যতে॥

---

হওয়া আবশ্যক। মন্ত্রসিদ্ধি-কামনায় প্রশস্ত অন্ন ভোজন পূর্ব্বক পুরশ্চরণ করিবে।—গব্যদধি, দুগ্ধ, ঘৃত, ইক্ষুচিনি, তিল, শ্বেতমুগ, কেমুক (কেঁউ) ব্যতীত মূল, নারিকেল, কদলী, নোনাফল, আম্র, আমলকী, কাঁঠাল, হরীতকী এই সমস্ত দ্রব্য ব্রতের প্রারম্ভে হবিষ্য বলিয়া প্রশস্ত। মতান্তরে হেমন্তপক্ক শুভ্র আতপ অসিদ্ধ চাউল, ষষ্টিকধান্য (শরৎকালীন), মুগ, তিল, কলাই, কঙ্গু (কাকনীদানা), উড়িধান্য, বেতোশাক, হিঞ্চা, কালশাক, কেমুক ব্যতীত মূল, সিন্ধুনদসংলগ্নদেশজাত ও সমুদ্রজাত লবণ (সৈন্ধব ও সামুদ্র লবণ), গব্য দধি ও ঘৃত, অনুদ্ধৃতসার দুগ্ধ, কাঁঠাল, আম্র, হরীতকী, পিপ্পলী, জীরক, নারঙ্গ, তিন্তিড়ী, কদলী, নোনাফল, আমলকী এই সমস্ত ফল, ইক্ষুচিনি এবং অতৈলপক্ক বস্তু হবিষ্যান্ন বলিয়া নির্দ্দিষ্ট। পুরশ্চরণকারী ব্যক্তি হবিষ্যাশী হইয়া থাকিবে কিংবা শাক, যাবক (অর্দ্ধস্বিন্নযবাদি), দুগ্ধ, ঘৃত এবং রম্ভাফল

রম্ভাফলং তিন্তিড়ীঞ্চং কমলা নাগরঙ্গকম্।
ফলান্যেতানি ভোজ্যানি এভ্যোঽন্যানি বিবর্জ্জয়েৎ ॥
যত্তু—চিঞ্চাঞ্চ নালিকাশাকং কলায়ং লকুচং তথা।
কদম্বং নারিকেলঞ্চ ব্রতে কুষ্মাণ্ডকং ত্যজেৎ ॥
তত্তু ব্রতান্তরে বোধ্যম্ ॥

পুরশ্চরণে পরিত্যাজ্য।

বিবর্জ্জয়েন্মধু ক্ষারং লবণং তৈলমেব চ।
তাম্বূলং কাংস্যপাত্রঞ্চ দিবাভোজনমেব চ।
ক্ষারঞ্চ লবণং মাংসং গৃঞ্জনং কাংস্যভোজনম্ ॥
মাষাঢ়কীমসূরাংশ্চ কোদ্রবাংশ্চণকানপি।
অন্নং পর্য্যুষিতঞ্চৈব নিঃস্নেহং কীটদূষিতম্ ॥
মতান্তরে—মৈথুনং তৎকথালাপং তদ্গোষ্ঠীং পরিবর্জ্জয়েৎ।
ঋতুকালং বিনা মন্ত্রী স্বস্ত্রিয়ং নাভিসংস্পৃশেৎ ॥
লবণঞ্চৈব যৎক্ষারং তথা ক্ষৌদ্রং রসান্তরম্।
কৌটিল্যং ক্ষৌরমভ্যঙ্গমনিবেদিতভোজনম্ ॥
অসঙ্কল্পিতকৃত্যঞ্চ বর্জ্জয়েন্মর্দ্দনাদিকম্।
স্নায়াচ্চ পঞ্চগব্যেন কেবলামলকেন বা ॥

---

তিন্তিড়ী, নাগরঙ্গ এই সমস্ত ফল ভোজন করিবে। তিন্তিড়ী, নালিকা শাক, কলায়, লকুচ ( ডহুয়া ), কদম্ব, নারিকেল এবং কুষ্মাণ্ড ভক্ষণের যে নিষেধ আছে, তাহা অন্যান্য ব্রতে বুঝিতে হইবে।

পুরশ্চরণকালে পরিত্যাজ্য।—মধু, ক্ষারদ্রব্য, লবণ, তৈল ও তাম্বূল, কাংস্যপাত্র ব্যবহার এবং দিবসে ভোজন ত্যাগ করিবে। মতান্তরে ক্ষারদ্রব্য, লবণ, মাংস, গৃঞ্জন (গাঁজর), কাংস্যপাত্রে ভোজন, মাষকলাই, আঢ়কী (অড়র), মসূর, কোদ্রব ( কোদ ), চণক ( ছোলা ), পর্য্যুষিত অন্ন, স্নেহশূন্য দ্রব্য এবং কীটদূষিত দ্রব্য পরিত্যাজ্য। মতান্তরে মৈথুন ও মৈথুনালাপ ইত্যাদি পরিত্যাজ্য। ঋতুকাল ভিন্ন স্ত্রীস্পর্শ করিবে না। পুরশ্চরণকালে লবণ, ক্ষারদ্রব্য, মধু, অন্যবিধ রস, কুটিলতা, ক্ষৌরকর্ম্ম, তৈলমর্দ্দন, অনিবেদিত অন্ন ভোজন, অসঙ্কল্পিত কার্য্য এবং গাত্রমর্দ্দনাদি পরিত্যাজ্য। পঞ্চগব্য বা আমলকীর রস

মন্ত্রং জপ্ত্বা তু পানীয়ং স্নানার্চ্চনভোজনম্।
কুর্য্যাদ্‌যথোক্তবিধিনা ত্রিসন্ধ্যং দেবতার্চ্চনম্ ॥
ত্রিসন্ধ্যমেকসন্ধ্যং বা ন মন্ত্রং কেবলং জপেৎ।
শক্ত্যা ত্রিসবনং স্নানমশক্তৌ দ্বে সকৃচ্চ বা ॥
অস্নাতস্য ফলং নাস্তি ন চাতর্পয়তঃ পিতৄন্।
অপবিত্রকরো নগ্নঃ শিরোঽসংপ্রাবৃতোঽপি বা।
প্রজপন্ প্রজপেদ্‌যাবত্তাবন্নিষ্ফলমুচ্যতে ॥

নারদীয়ে—মৃদু নোষ্ণং সুপক্কঞ্চ কুর্য্যাদ্বৈ লঘু ভোজনম্।
নেন্দ্রিয়াণাং যথা বৃদ্ধিস্তথা ভুঞ্জীত সাধকঃ ॥
যস্যান্নপানপুষ্টাঙ্গঃ কুরুতে ধর্ম্মসঞ্চয়ম্।
অন্নদাতুঃ ফলস্যার্দ্ধং কর্ত্তুশ্চার্দ্ধং ন সংশয়ঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন পরান্নং বর্জ্জয়েৎ সুধীঃ ॥
পুরশ্চরণকালে তু সর্ব্বকর্ম্মসু শঙ্করি।
জিহ্বা দগ্ধা পরান্নেন করৌ দগ্ধৌ প্রতিগ্রহাৎ।
পরস্ত্রীষু মনো দগ্ধং কথং সিদ্ধির্ব্বরাননে ॥
পরান্নং ভিক্ষেতরবিষয়ম্।
ভিক্ষায়াং তস্য স্বত্বোৎপাদনাৎ ॥

দ্বারা মন্ত্রপাঠ পূর্ব্বক স্নানান্তে যথাবিধানে আচমন ও দেবতা পূজা করিয়া ত্রিসন্ধ্যা মন্ত্রজপ করিবে। সমর্থের পক্ষে তিনবার, অক্ষমের পক্ষে তুইবার বা একবার স্নান কর্ত্তব্য। স্নান বা পিতৃতর্পণ না করিয়া কার্য্য করিলে তাহা বিফল হয়। অপবিত্র-হস্ত, নগ্ন অথবা অনাবৃতমস্তক হইয়া জপ করিলে সেই জপ প্রলাপ-বাক্যের ন্যায় বিফল। নারদীয়তন্ত্রে লিখিত আছে, পুরশ্চরণকালে লঘু, অনুষ্ণ ও সুপক্ক দ্রব্য আহার করিবে। যাহাতে ইন্দ্রিয়ের তেজোবৃদ্ধি হয়, তাদৃশ দ্রব্য-ভোজন নিষিদ্ধ। যাহার অন্ন ভোজন করিয়া ধর্ম্মসঞ্চয় করে, সেই ধর্ম্মের ফল অর্দ্ধ কর্ত্তার, অপর অর্দ্ধ অন্নদাতার হইয়া থাকে; অতএব পুরশ্চরণকালে পরান্ন পরিত্যাজ্য। পরান্নভোজনে জিহ্বা, প্রতিগ্রহে হস্ত এবং পরস্ত্রীতে মন দগ্ধ হয়, অতএব কি প্রকারে সিদ্ধিলাভ করিতে পারে? এই স্থলে পরান্ন শব্দ ভিক্ষা ভিন্ন লব্ধ অন্ন সম্বন্ধে জানিবে, যেহেতু, ভিক্ষালব্ধ অন্নে নিজের স্বত্ব হয়।

বাদকাচারযুক্তানাং শুচীনাং শ্রীমতাং সতাম্।
সৎকুলস্থানজাতানাং ভিক্ষাচারাগ্রজন্মনাম্ ॥
বিহায় বহ্নিং ন হি বস্তু কিঞ্চিদ্‌গ্রাহ্যং পরেভ্যঃ সতি সম্ভবে চ।
অসম্ভবে তীর্থবহির্বিশুদ্ধাৎ, পর্ব্বাতিরিক্তে প্রতিগৃহ্য জপ্যাৎ ॥
তত্রাসমর্থোঽহ্নুদিনং বিশুদ্ধাদ্‌যাচেত যাবদ্দিনমাত্রভৈক্ষ্যম্।
গৃহ্ণাতি রাগাদধিকং ন সিদ্ধিঃ প্রজায়তে কল্পশতৈরমুষ্য ॥
সকৃদুচ্চরিতে শব্দে প্রণবং সমুদীরয়েৎ।
প্রোক্তে পারশবে শব্দে প্রাণায়ামং সকৃচ্চরেৎ।
বহুপ্রলাপী আচম্য ন্যস্তাঙ্গানি ততো জপেৎ ॥
ক্ষুতেঽপ্যেবং তথাস্পৃশ্যস্থানানাং স্পর্শনেঽপি চ।
বিণ্মূত্রোৎসর্গশঙ্কাদিযুক্তঃ কর্ম্ম করোতি যঃ।
জপার্চ্চনাদিকং সর্ব্বমপবিত্রং ভবেৎ প্রিয়ে ॥
মলিনাম্বরকেশাদি-মুখদৌর্গন্ধ্যসংযুতঃ।
যো জপেত্তং দহত্যাশু দেবতা গুপ্তিসংস্থিতা ॥
আলস্যং জৃম্ভণং নিদ্রাং ক্ষুতং নিষ্ঠীবনং ভয়ম্।
নীচাঙ্গস্পর্শনং কোপং জপকালে বিবর্জ্জয়েৎ ॥

নিজের সম্ভব থাকিলে বৈদিকাচারবিশিষ্ট, পবিত্র, সৎকুলজাত, ভিক্ষুক ব্রাহ্মণাতিরিক্ত অন্য কাহারও নিকট হইতে অগ্নি ভিন্ন কিছু গ্রহণ করিবে না। নিজের অসম্ভবে তীর্থাতিরিক্ত স্থলে পর্ব্ব ব্যতীত তিথিতে বিশুদ্ধ ব্যক্তির নিকট হইতে একদিবসের উপযুক্ত দ্রব্য ভিক্ষা করিতে পারে। যে ব্যক্তি লোলুপ হইয়া অধিক দ্রব্য ভিক্ষা করে, শতকল্পেও তাঁহার সিদ্ধিলাভ হয় না। জপসময়ে অন্য শব্দ একবার উচ্চারণ করিলে প্রণব পাঠ পূর্ব্বক পুনর্ব্বার জপে প্রবৃত্ত হইবে। ম্লেচ্ছভাষা উচ্চারণ করিলে একবার প্রাণায়াম করিতে হয়; অনেক কথা বলিলে আচমন ও অঙ্গন্যাসাদি করিয়া পুনর্ব্বার জপ করিবে। জপকালে হাঁচি বা অস্পৃশ্য দ্রব্যের স্পর্শ হইলেও আচমনাদি বিধেয়। মলমূত্র-উৎসর্গবস্ত্রে ও ভয়াদিযুক্তাবস্থায় জপপূজাদি করিলে পূজাদি অপবিত্র হয়। মলিন বস্ত্র পরিধান পূর্ব্বক দুর্গন্ধ কেশে ও দুর্গন্ধ মুখে, জপ করিলে দেবতা গুপ্তভাবে সেই জপকারীকে আশু দগ্ধ করেন। আলস্য, হাইতোলা, নিদ্রা, ক্ষুৎ (হাঁচি), নিষ্ঠীবন (থুথুফেলা), ভয়, অধমাঙ্গ স্পর্শন

এবমুক্তবিধানেন বিলম্বং ত্বরিতং বিনা।
উক্তসংখ্যং জপং কুর্য্যাৎ পুরশ্চরণসিদ্ধয়ে॥
দেবতা-গুরুমন্ত্রাণামৈক্যং সম্ভাবয়ন্ ধিয়া।
জপেদেকমনাঃ প্রাতঃকালং মধ্যন্দিনাবধি॥
যৎসংখ্যয়া সমারব্ধং তৎ কর্ত্তব্যমহর্নিশম্।
যদি ন্যূনাধিকং কুর্য্যাদ্‌ব্রতভ্রষ্টো ভবেন্নরঃ॥
ন বীক্ষেৎ পতিতং ব্রাত্যং পিশুনং দেবনিন্দকম্।
তথা নাশ্রমিনং বিপ্রং তথা বিশ্ববিনিন্দকম্॥

**অন্যত্র**—যৎসংখ্যয়া সমারব্ধং তজ্জপ্তব্যং দিনে দিনে।
ন্যূনাধিকং ন কর্ত্তব্যমাসমাপ্তং সদা জপেৎ॥
প্রজপেদুক্তসংখ্যায়াশ্চতুর্গুণজপং কলৌ॥
কৃতে জপস্তু কল্পোক্তস্ত্রেতায়াং দ্বিগুণো জপঃ।
দ্বাপরে ত্রিগুণঃ প্রোক্তশ্চতুর্গুণজপঃ কলৌ॥

কুলার্ণবে—ন্যূনাতিরিক্তকর্ম্মাণি ন ফলন্তি কদাচন।
যথাবিধি কৃতান্যেব তৎকর্ম্মাণি ফলন্তি হি॥

---

এবং ক্রোধ, জপকালে এই সমস্ত পরিত্যজ্য। এইরূপ বিধিপূর্ব্বক পুরশ্চরণ-সিদ্ধির নিমিত্ত প্রত্যহ অনতিবিলম্বিত ও অনতিদ্রুতভাবে নিয়মিত সংখ্যায় জপ করিবে। জপকালে দেবতা, গুরু ও মন্ত্রের ঐক্যজ্ঞান করিয়া একাগ্রমনে প্রাতঃকাল হইতে মধ্যাহ্নকাল পর্য্যন্ত জপ করাই কর্ত্তব্য। প্রথম দিন যত সংখ্যা জপ করিবে, তৎপর প্রত্যহ ততসংখ্যক জপ করা বিধেয়। যদি কোন দিন ন্যূন বা কোন দিন অধিক জপ করে, তাহা হইলে ব্রতভঙ্গ হয়। জপকালে পতিত, ব্রাত্য (অতীতসংস্কারকাল ব্যক্তি), খল, দেবনিন্দক, অনাশ্রমী ব্রাহ্মণ ও বিশ্বনিন্দক ব্যক্তিকে দর্শন করিতে নাই। প্রত্যহ সমসংখ্যক জপ করিবে, ন্যূনাধিক করিবে না, এই প্রকারে সমাপ্তি-পর্য্যন্ত প্রতিদিন নিরবচ্ছিন্ন-ভাবে জপ করিবে। কিন্তু কলিকালে বিহিত সংখ্যার চতুর্গুণ জপ করাই বিধেয়। সত্যযুগে যে দেবতার যতসংখ্যক জপ উক্ত আছে, তাহাই করিবে, ত্রেতাযুগে দ্বিগুণ, দ্বাপরে ত্রিগুণ ও কলিযুগে চতুর্গুণ জপ করিবে। কুলার্ণবে লিখিত আছে, জপসংখ্যার ন্যূনাধিক্য করিলে তাহা বিফল হয়। জপপূজাদি নিয়মানুসারে করিলে ফলপ্রদ হইয়া

ভূশয্যাং ব্রহ্মচারিত্বং মৌনঞ্চাচার্য্যসেবিতা।
নিত্যং ত্রিসবনং স্নানং ক্ষুৎকর্ম্মাদিবিবর্জ্জনম্॥
নিত্যপূজা নিত্যদানং দেবতাস্তুতিপূর্ব্বকম্।
নৈমিত্তিকার্চ্চনঞ্চৈব বিশ্বাসো গুরুদেবয়োঃ॥
জপনিষ্ঠা দ্বাদশৈতে ধর্ম্মাঃ স্যুর্মন্ত্রসিদ্ধিদাঃ।
স্ত্রীশূদ্রপতিতব্রাত্যনাস্তিকোচ্ছিষ্টভাষণম্॥
অসত্যভাষণং জিহ্মভাষণং* পরিবর্জ্জয়েৎ।
সত্যেনাপি ন ভাষেত জপহোমার্চ্চনাদিষু॥
অন্যথানুষ্ঠিতং সর্ব্বং ভবত্যেব নিরর্থকম্।
পুরশ্চরণকালে তু যদি স্যান্মৃতসূতকম্।
তথাপি কৃতসঙ্কল্পব্রতং নৈব পরিত্যজেৎ॥
শয়ীত কুশশয্যায়াং শুচিবস্ত্রধরঃ সদা।
প্রত্যহং ক্ষালয়েৎ শয্যামেকাকী নির্ভয়ঃ স্বপেৎ
অসত্যভাষণং বাচাং কৌটিল্যং পরিবর্জ্জয়েৎ।
বর্জ্জয়েদ্‌গীতবাদ্যাদিশ্রবণং নৃত্যদর্শনম্।
অভ্যঙ্গং গন্ধলেপঞ্চ পুষ্পধারণমেব চ॥

থাকে। ভূশয্যা, ব্রহ্মচর্য্য, মৌনাবলম্বন, আচার্য্য-সেবা, নিত্য ত্রিসন্ধ্যা স্নান, ক্ষুৎকর্ম্মাদি পরিত্যাগ, নিত্য পূজা, নিত্য দান, দেবতাস্তুতি, নৈমিত্তিক পূজা, গুরু ও দেবতায় প্রতি বিশ্বাস এবং জপনিষ্ঠা এই দ্বাদশটি মন্ত্রসিদ্ধিপ্রদ। স্ত্রী, শূদ্র, পতিত, ব্রাত্য এবং নাস্তিকগণের সহিত আলাপ, মিথ্যাভাষণ, কুটিল লোকের সহিত আলাপ পরিত্যাজ্য। বেশী কথা কি, জপহোমাদি ও অর্চ্চনাদিকালে সত্যভাষায়ও বাক্‌প্রয়োগ নিষিদ্ধ। ইহার অন্যথা করিলে সমস্তই বিফল হয়। পুরশ্চরণকালে মৃতাশৌচ বা জাতকাশৌচ উপস্থিত হইলেও সঙ্কল্পিত কার্য্য পরিত্যাগ করিবে না। পুরশ্চরণকালে শুচিবস্ত্র পরিধান পূর্ব্বক কুশশয্যাতে শয়ন করিবে। প্রত্যহ শয্যা ধৌত করিয়া একাকী নির্ভয়হৃদয়ে শয়ন করিয়া থাকিবে। পুরশ্চরণকালে মিথ্যাভাষণ, কুটিলবাক্য প্রয়োগ, গীতবাদ্যশ্রবণ, নৃত্যদর্শন, তৈলমর্দ্দন, গন্ধলেপন, পুষ্পধারণ,

---

*"জৃম্ভণম্"—ইতি পাঠান্তরম্ (হাইতোলা পরিত্যজ্য)

ত্যজেদুষ্ণোদকে স্নানমন্যদেবপ্রপূজনম্।
নৈকবাসা জপেন্মন্ত্রং বহুবাসাস্তথাপি বা॥

সংহিতায়াম্—বিপর্য্যাসং ন কুর্য্যাচ্চ কদাচিদপি মোহতঃ।
উপর্য্যধো বহির্ব্বস্ত্রে পুরশ্চরণকৃন্নরঃ।
বিনিয়োগে বিধানে তু ভবেদনিয়মঃ ক্বচিৎ॥
পতিতানামন্ত্যজানাং দর্শনে ভাষণে শ্রুতে।
ক্ষুতেঽধোবায়ুগমনে জৃম্ভণে জপমুৎসৃজেৎ॥
তথাচম্য চ তৎপ্রাপ্তৌ প্রাণায়ামং ষড়ঙ্গকম্।
কৃত্বা সম্যগ্‌জপেচ্ছেষং যদ্বা সূর্য্যাদিদর্শনম্॥
আদিশব্দাদ্‌বহ্নিং ব্রাহ্মণঞ্চ॥

তন্ত্রান্তরে—মনঃসংহরণং শৌচং মৌনং মন্ত্রার্থচিন্তনম্।
অব্যগ্রত্বমনির্ব্বেদো জপসম্পত্তিহেতবঃ॥
উষ্ণীষী কঞ্চুকী নগ্নো মুক্তকেশো গণাবৃতঃ।
অপবিত্রকরোঽশুদ্ধঃ প্রলপন্ন জপেৎ ক্বচিৎ॥
অনাসনঃ শয়ানো বা গচ্ছন্ ভুঞ্জান এব বা।
অপ্রাবৃতকরো কৃত্বা শিরসা প্রাবৃতোঽপি বা॥

উষ্ণজলে স্নান এবং অন্য দেবতার পূজা পরিত্যাগ করিবে। পুরশ্চরণসময়ে একবস্ত্র বা বহু বস্ত্র পরিধান পূর্ব্বক জপ করিবে না। কেবল পরিধেয় ও উত্তরীয় বস্ত্রে জপ করিবে। মন্ত্র জপ ও তদানুসঙ্গিক কার্য্যে কোন প্রকার অনিয়ম না হয়, এই জন্য নিয়ত সাবধান থাকিবে। পতিত এবং অন্ত্যজ ব্যক্তির দর্শনে, আলাপ শ্রবণে, ক্ষুতে বা অধোবায়ুনিঃসরণে জপ পরিত্যাগ করিবে। উক্ত বিষয়ের সম্ভাবনা হইলে আচমন, প্রাণায়াম, অঙ্গন্যাসাদি এবং সূর্য্য, অগ্নি, ও ব্রাহ্মণ দর্শন করিয়া জপ আরম্ভ করিবে। তন্ত্রান্তরে লিখিত আছে, মৌনী ও পবিত্র হইয়া মনঃসংযমন ও মন্ত্রার্থ চিন্তনপূর্ব্বক অব্যগ্রচিত্তে জপ করিলে জপের ফললাভ হয়। উষ্ণীষ কিংবা জামা পরিধান করিয়া অথবা নগ্ন, মুক্তকেশ, সঙ্গিগণপরিবৃত হইয়া অপবিত্র হস্তে, অপবিত্রভাবে, কথা বলিতে বলিতে জপ করিতে নাই। নিরাসনে অথবা শয়নসময়ে, গমনসময়ে,

চিন্তাব্যাকুলচিত্তো বা ক্রুদ্ধো ভ্রান্তঃ ক্ষুধান্বিতঃ।
রথ্যায়ামশিবস্থানে ন জপেত্তিমিরাবৃতে॥
উপানদ্গূঢ়পাদো বা যানশয্যাগতস্তথা।
প্রসার্য্য ন জপেৎ পাদাবুৎকটাসন এব বা॥
ন যজ্ঞকাষ্ঠে পাষাণে ন ভূমৌ নাসনে স্থিতঃ।
মার্জ্জারং কুক্কুটং ক্রৌঞ্চং শ্বানং শূদ্রং কপিং খরম্।
দৃষ্ট্বাচম্য জপেচ্ছেষং স্পৃষ্ট্বা স্নানং বিধীয়তে॥
সর্ব্বত্র জপে অয়ং নিয়মঃ। মানসে তু নিয়মো নাস্ত্যেব॥
অশুচির্ব্বা শুচির্ব্বাপি গচ্ছংস্তিষ্ঠন্ স্বপন্নপি।
মন্ত্রৈকশরণো বিদ্বান্ মনসৈব সদাভ্যসেৎ।
ন দোষো মানসে জপ্যে সর্ব্বদেশেঽপি সর্ব্বদা॥

জপফল।

জপনিষ্ঠো দ্বিজশ্রেষ্ঠোঽখিলযজ্ঞফলং লভেৎ।
সর্ব্বেষামেব যজ্ঞানাং জায়তেঽসৌ মহাফলঃ॥

---

ভোজনকালে, ব্যাকুলচিত্তে এবং ক্রুদ্ধচিত্তে ভ্রান্ত কিংবা ক্ষুধার্ত্ত হইয়া জপ করিবে না, আর হস্তদ্বয় আচ্ছাদন না করিয়া অথবা মস্তক প্রাবৃত করত জপ করিতে নাই। পথ ও অমঙ্গল-স্থান, অন্ধকারাবৃত গৃহ এই সকল স্থানে, চর্ম্মপাদুকা দ্বারা পদদ্বয় আবৃত করিয়া কিংবা শয্যাতে বসিয়া জপ করিলে জপ নিষ্ফল হয়। পাদদ্বয় প্রসারিত করিয়া বা উৎকটাসনে বা যজ্ঞকাষ্ঠ, পাষাণ ও মৃত্তিকাতে বসিয়া জপ করিবে না। জপসময়ে মার্জ্জার, কুক্কুট, বক, কুক্কুর, শূদ্র, বানর, গর্দ্দভ, এই সকল দর্শন করিলে আচমন করিবে এবং স্পর্শ করিলে স্নান করিয়া জপ শেষ করিবে। এইরূপ নিয়ম সকল জপেই বটে, কিন্তু মানসজপে কোন নিয়ম নাই। গমন, অবস্থান ও নিদ্রাকালে এবং শুচি বা অশুচি অবস্থায় মন্ত্র স্মরণ পূর্ব্বক বিদ্বান্ ব্যক্তি মানসজপের অভ্যাস করিবে। মানস জপ সকল স্থানে ও সকল সময়েই হইতে পারে।

জপফল।—জপনিষ্ঠ ব্যক্তি সমস্ত যজ্ঞফল লাভ করেন, কারণ, সমস্ত যজ্ঞাপেক্ষা জপযজ্ঞই মহাফলপ্রদ। জপের দ্বারা দেবতা প্রসন্ন হন এবং প্রসন্ন হইয়া

জপেন দেবতা নিত্যং স্তূয়মানা প্রসীদতি।
প্রসন্না বিপুলান্ কামান্ দত্বা মুক্তিঞ্চ শাশ্বতীম্।
যক্ষরক্ষঃপিশাচাশ্চ গ্রহাঃ সর্পাশ্চ ভীষণাঃ।
জপিনং নোপসর্পন্তি ভয়ভীতাঃ সমন্ততঃ॥

অন্যত্র—যাবন্তঃ কর্ম্মযজ্ঞাঃ স্যুঃ প্রতিষ্ঠাদিতপাংসি চ।*
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীম্॥
মাহাত্ম্যং বাচিকস্যৈতজ্জপযজ্ঞস্য কীর্ত্তিতম্।
তস্মাচ্ছতগুণোপাংশুঃ সহস্রো মানসঃ স্মৃতঃ॥

অন্যত্র—মানসঃ সিদ্ধিকামানাং পুষ্টিকামৈরুপাংশুকঃ।
বাচিকো মারণে চৈব প্রশস্তো জপ ঈরিতঃ॥

গৌতমীয়ে—শক্ত্যা ত্রিসবনং স্নানমশক্তো দ্বিঃসকৃচ্চ বা।
ত্রিসন্ধ্যং প্রজপেন্মন্ত্রং পূজনঞ্চ সমং ভবেৎ।
সন্ধ্যাত্রয়ে পূজাঙ্গত্বাৎ জপমষ্টোত্তরশতমিত্যর্থঃ॥
একদা বা ভবেৎ পূজা জপেত্তু পূজনং বিনা।
জপান্তে বা ভবেৎ পূজা পূজান্তে বা জপেন্মনুম্।
প্রাতঃকালং সমারভ্য জপেন্মধ্যন্দিনাবধি॥

বিপুল কাম্য বস্তু ও চিরন্তনী মুক্তি পর্য্যন্ত প্রদান করেন। যক্ষ, রাক্ষস, পিশাচ, গ্রহ এবং ভীষণ সর্পগণ পর্য্যন্ত ভয়ভীত হইয়া জাপক ব্যক্তির নিকট হইতে পলায়ন করে। মতান্তরে লিখিত আছে, ক্রিয়া, যজ্ঞ, প্রতিষ্ঠা এবং তপ, কিছুই জপযজ্ঞের তুল্য ফলপ্রদ নহে। এই যে বাচিক জপযজ্ঞের মাহাত্ম্য বলা হইল, ইহা অপেক্ষা উপাংশুজপে শত গুণ এবং উপাংশু হইতে মানসজপে সহস্রগুণ অধিক ফল হয়। মতান্তরে, সিদ্ধিকামীর পক্ষে মানসজপ, পুষ্টিকামীর পক্ষে উপাংশুজপ এবং মারণকামীর পক্ষে বাচিক জপ প্রশস্ত। গৌতমীয়ে লিখিত আছে, সমর্থের পক্ষে ত্রিসন্ধ্যা এবং অক্ষমস্থলে দুইবার বা একবার স্নান করিয়া ত্রিসন্ধ্যা মন্ত্র জপ ও দেবতার অর্চ্চনা করিবে। ত্রিসন্ধ্যা পূজা করিয়া পূজাঙ্গ অষ্টোত্তরশতবার জপ করা বিধেয়। অক্ষম হইলে একবার পূজা করিলেও পুরশ্চরণ সিদ্ধ হয়। জপশেষে পূজা বা পূজার শেষে জপ

* প্রতিষ্ঠানি তপাংসি চেতি পাঠান্তরম্।

মধ্যন্দিনাবধীতি ন নিয়মপরং কিন্ত্বধিককালব্যবচ্ছেদপরম্।
অন্যথা তাবৎসময়জপনিয়মে কদাচিৎ জিহ্বায়া জাড্যাজাড্যেন
প্রতিনিয়তজপসংখ্যায়া অপূর্ণত্বে অধিকত্বে বা নিয়মভঙ্গঃ স্যাৎ॥
মনঃ সংহৃত্য বিষয়ান্মন্ত্রার্থগতমানসঃ।
ন দ্রুতং ন বিলম্বঞ্চ জপেন্মৌক্তিকহারবৎ॥
জপঃ স্যাদক্ষরাবৃত্তির্মানসোপাংশুবাচিকৈঃ।
ধিয়া যদক্ষরশ্রেণীং বর্ণস্বরপদাত্মিকাম্।
উচ্চরেদর্থমুদ্দিশ্য মানসঃ স জপঃ স্মৃতঃ॥
জিহ্বৌষ্ঠৌ চালয়েৎ কিঞ্চিৎ দেবতাগতমানসঃ।
কিঞ্চিৎ শ্রবণযোগ্যঃ স্যাদুপাংশুঃ স জপঃ স্মৃতঃ॥
নিজকর্ণাগোচরোঽয়ং স জপো মানসঃ স্মৃতঃ।
উপাংশুর্নিজকর্ণস্য গোচরঃ পরিকীর্ত্তিতঃ॥
মন্ত্রমুচ্চারয়েদ্বাচা স জপো বাচিকঃ স্মৃতঃ॥

করিবে। প্রাতঃকালে জপ আরম্ভ করিয়া মধ্যাহ্নকাল পর্য্যন্ত জপ করা কর্ত্তব্য। দিনমধ্যভাগ অবধি জপ করিবে, এ কথায় প্রাতঃকাল হইতে মধ্যদিন পর্য্যন্ত জপ করিতেই হইবে, এরূপ নিয়ম নহে, কিন্তু মধ্যদিন অতিক্রম করিবে না, ইহাই অর্থ, কারণ, নিয়ম হইলে, ক্ষণকালও জিহ্বার জড়তায় নিয়তকাল জপ অসম্পূর্ণ হইলে কিংবা কোন দিন জিহ্বার জড়তার অভাবে বেশীসংখ্যা জপ হইলেও নিয়ত সংখ্যায় জপের নিয়মভঙ্গ হইয়া পড়ে। জপকালে বিষয়চিন্তা পরিত্যাগ পূর্ব্বক মন্ত্রার্থ ভাবনা করত নাতিদ্রুত ও নাতিবিলম্বিতভাবে মুক্তাহারের ন্যায় পর্য্যায়ক্রমে জপ করিবে। জপ ত্রিবিধ;—মানসিক, উপাংশু ও বাচনিক। জপ অর্থে মন্ত্রাক্ষরের আবৃত্তি, ইহা ত্রিবিধ জপেই হইয়া থাকে। মন্ত্রার্থ স্মরণ পূর্ব্বক মনে মনে মন্ত্র উচ্চারণ করাকে মানসিক জপ বলে। দেবতার প্রতি মনোনিবেশ পূর্ব্বক জিহ্বা ও ওষ্ঠ কিঞ্চিৎ পরিচালনা করিয়া নিজে মাত্র শ্রবণ করিতে পারে, এরূপভাবে মন্ত্র উচ্চারণকে উপাংশু জপ কহে। উভয়ের প্রভেদ এই,—নিজ কর্ণের অশ্রাব্যভাবে যে মন্ত্রজপ, তাহা মানস এবং নিজ কর্ণের গোচর যে জপ, তাহা উপাংশু। বাক্য দ্বারা মন্ত্র উচ্চারণকে বাচিক জপ কহে। বাচিক জপ অপেক্ষা উপাংশুজপে

উচ্চৈর্জপাদ্‌বিশিষ্টঃ স্যাদুপাংশুর্দ্দশভির্গুণৈঃ।
জিহ্বাজপঃ শতগুণঃ সহস্রো মানসঃ স্মৃতঃ॥
উচ্চৈর্জপোঽধমঃ প্রোক্ত উপাংশুর্মধ্যমঃ স্মৃতঃ।
উত্তমো মানসো দেবি ত্রিবিধঃ কথিতো জপঃ॥
জিহ্বাজপঃ স বিজ্ঞেয়ঃ কেবলং জিহ্বয়া বুধৈঃ।
অতিহ্রস্বো ব্যাধিহেতুরতিদীর্ঘো বসুক্ষয়ঃ।
অক্ষরাক্ষরসংযুক্তং জপেন্মৌক্তিকহারবৎ॥
মনসা যৎ স্মরেৎ স্তোত্রং বচসা বা মন্ত্রং স্মরেৎ।
উভয়ং নিষ্ফলং যাতি ভিন্নভাণ্ডোদকং যথা॥

গৌতমীয়ে—পশুভাবে স্থিতা মন্ত্রাঃ প্রোক্তা বর্ণাস্তু কেবলাঃ।
সৌষুম্নধ্বন্যুচ্চারিতা প্রভুত্বং প্রাপ্নুবন্তি তে॥
মন্ত্রাক্ষরাণি চিৎশক্তৌ প্রোতানি পরিভাবয়েৎ।
তামেব পরমব্যোম্নি পরমানন্দবৃংহিতে।
দর্শয়ত্যাত্মসদ্ভাবং পূজাহোমাদিভির্ব্বিনা॥

---

দশগুণ, জিহ্বাজপে শতগুণ এবং জিহ্বাজপ হইতে মানসিক জপে সহস্রগুণ অধিক ফল হয়। উচ্চৈঃস্বরে জপ অধম, উপাংশুজপ মধ্যম এবং মানসজপ উত্তম। কেবলমাত্র জিহ্বা দ্বারা জপকে জিহ্বা-জপ বলে। অতিবিলম্বিত জপে ব্যাধি ও অতিদ্রুত জপে ধননাশ হয়, অতএব অক্ষরে অক্ষরে যোগ করিয়া মুক্তামালার ন্যায় সমভাবে জপ করিবে। যে ব্যক্তি মনে মনে স্তব-পাঠ ও সুস্পষ্টভাবে মন্ত্র জপ করে, তাহার সেই স্তব ও মন্ত্র ভগ্নভাণ্ডস্থ জলের ন্যায় বিগলিত হয়। গৌতমীয়ে লিখিত আছে, পশুভাবে স্থিত যে মন্ত্র, তাহা কেবল বর্ণমাত্র; অতএব ঐ সমস্ত মন্ত্র সুষুম্নাধ্বনিতে উচ্চারিত হইলে উৎকর্ষ লাভ করে। মূলাধারস্থিত বিদ্যুৎপ্রকাশা চিদ্রূপা কুণ্ডলিনী শক্তিতে মন্ত্রাক্ষর গ্রথিত আছে ভাবিবে, পরে চিচ্ছক্তি পরমানন্দময় চিদাকাশে (পরমাত্মা) লগ্ন ভাবিবে। ইহাতে পূজাহোমাদি ব্যতিরেকেই কুণ্ডলিনী জাগরিত হইয়া ব্রহ্মস্বরূপের অনুভূতি ঘটাইয়া দেয়। মূলাধার-পদ্মের অন্তর্গত ব্রহ্মনাড়ী এবং ব্রহ্মনাড়ীর অন্তর্গত যে স্বয়ম্ভুলিঙ্গ আছেন, তিনি কুণ্ডলিনী শক্তিতে গ্রথিত ভাবনা করিয়া কুণ্ডলিনী শক্তিকে উত্থাপিত করত সহস্রার-কমল-কর্ণিকার মধ্যবর্ত্তী পরমানন্দময় পরম-শিবের সহিত ঐকাত্ম্য পাওয়াইবে। এইরূপ

গৌতমীয়ে—মূলমন্ত্রং প্রাণবুদ্ধ্যা সুষুম্নামূলদেশকে।
মন্ত্রার্থং তস্য চৈতন্যং জীবং ধ্যাত্বা পুনঃ পুনঃ॥

কুলার্ণবে—মনোঽন্যত্র শিবোঽন্যত্র শক্তিরন্যত্র মারুতঃ।
ন সিধ্যতি বরারোহে কল্পকোটিশতৈরপি॥
জাতসূতকমাদৌ স্যাদন্তে চ মৃতসূতকম্।
সূতকদ্বয়সংযুক্তো যো মন্ত্রঃ স ন সিধ্যতি॥
গুরোস্তত্র হিতং কৃত্বা মন্ত্রং যাবজ্জপেদ্ধিয়া।
সূতকদ্বয়নির্ম্মুক্তঃ স মন্ত্রঃ সর্ব্বসিদ্ধিদঃ॥
তস্মাদ্দেবি প্রযত্নেন ধ্রুবেণ পুটিতং মনুম্।
অষ্টোত্তরশতং বাপি সপ্তবারং জপাদিতঃ॥
জপান্তে চ ততো জপ্যাচ্চতুর্ব্বর্গফলাপ্তয়ে।
ব্রহ্মবীজং মনোর্দত্ত্বা চাদ্যন্তে পরমেশ্বরি।
সপ্তবারং জপেন্মন্ত্রং সূতকদ্বয়মুক্তয়ে॥
মন্ত্রার্থং মন্ত্রচৈতন্যং যোনিমুদ্রাং ন বেত্তি যঃ।
শতকোটিজপেনাপি তস্য সিদ্ধির্ন জায়তে॥
লুপ্তবীজাশ্চ যে মন্ত্রা ন দাস্যন্তি ফলং প্রিয়ে।
মন্ত্রাশ্চৈতন্যসহিতাঃ সর্ব্বসিদ্ধিকরাঃ স্মৃতাঃ॥

অনুষ্ঠানে পুজা-হোমাদির প্রয়োজন করে না। গৌতমীয়ে লিখিত আছে, মূলমন্ত্রকে সুষুম্নার মূলদেশে প্রাণরূপে চিন্তা করিয়া মন্ত্রার্থ ও মন্ত্রচৈতন্য পরিজ্ঞানপূর্ব্বক জপ করিবে। কুলার্ণবে লিখিত আছে, জপকালে মন, পরম শিব, শক্তি এবং বায়ু পৃথক্ পৃথক্ স্থানে থাকিলে, (ইহাদিগের একত্রসংযোগ না হইলে) শতকোটি কল্পেও মন্ত্রসিদ্ধির সম্ভব নাই। মন্ত্র-জপের পূর্ব্বে মন্ত্রের জাতকাশৌচ হয় এবং পরে মৃতাশৌচ হইয়া থাকে, এই অশৌচদ্বয়যুক্ত মন্ত্র কদাচ সিদ্ধ হয় না; অতএব উক্ত অশৌচদ্বয় নিবারণার্থ মন্ত্রের পূর্ব্বে ও পরে প্রণবপুটিত করিয়া সপ্তবার জপ করত প্রকৃত জপ করিবে। অশৌচদ্বয়বিহীন মন্ত্র সর্ব্বসিদ্ধিপ্রদ। অতএব মূলমন্ত্র প্রণব দ্বারা পুটিত করিয়া জপের আদি ও অন্তে অষ্টোত্তর-শতবার বা সপ্তবার জপ করিয়া প্রকৃত জপ করিবে। মন্ত্রার্থ, মন্ত্রচৈতন্য ও যোনিমুদ্রা না জানিয়া জপ করিলে তাহা সিদ্ধ হয় না। লুপ্ত-বীজ মন্ত্র কদাচ ফলপ্রদ হয় না। চৈতন্যসহিত মন্ত্র সর্ব্বসিদ্ধিপ্রদ, অচৈতন্য মন্ত্র কেবল

চৈতন্যরহিতা মন্ত্রাঃ প্রোক্তবর্ণাস্তু কেবলাঃ।
মন্ত্রোচ্চারে কৃতে যাদৃক্ স্বরূপং প্রথমং ভবেৎ॥
শতে সহস্রে লক্ষে বা কোটিজাপে ন তৎফলম্॥
হৃদয়ে গ্রন্থিভেদশ্চ সর্ব্বাবয়ববর্দ্ধনম্।
আনন্দাশ্রূণি পুলকো দেহাবেশঃ কুলেশ্বরি।
গদ্গদোক্তিশ্চ সহসা জায়তে নাত্র সংশয়ঃ॥
সকৃদুচ্চরিতেঽপ্যেবং মন্ত্রে চৈতন্যসংযুতে।
দৃশ্যন্তে প্রত্যয়া যত্র পারম্পর্য্যং তদুচ্যতে॥
মাসমাত্রং জপেন্মন্ত্রং ভূতলিপ্যাদিসংযুতম্।
ক্রমোৎক্রমাৎ সহস্রন্তু তস্য সিদ্ধো ভবেন্মনুঃ॥
তত্র ভূতলিপিঃ—পঞ্চহ্রস্বা সন্ধিবর্ণা ব্যোমেরাগ্নিজলন্ধরাঃ।
অন্ত্যমাদ্যং দ্বিতীয়ঞ্চ চতুর্থং মধ্যমং ক্রমাৎ॥
পঞ্চবর্গাক্ষরাণি স্যুর্ব্বান্তশ্বেতেন্দুভিঃ সহ।
এষা ভূতলিপিঃ প্রোক্তা দ্বিচত্বারিংশদক্ষরৈঃ॥

বর্ণমাত্র। অচৈতন্য মন্ত্র লক্ষকোটি জপেও ফলপ্রদান করিতে সমর্থ হয় না। চৈতন্যসংযুক্ত মন্ত্র একবার উচ্চারণ করিলে প্রথমে যেরূপ স্বরূপ প্রকাশ পায়, চৈতন্যহীন মন্ত্রের শত সহস্র লক্ষ বা কোটি জপেও সে ফল হয় না। চৈতন্য-সংযুক্ত মন্ত্রোচ্চারণে হৃদয়গ্রন্থি-ভেদ, আনন্দে সর্ব্ব-অবয়বের স্ফীততা, আনন্দাশ্রু, রোমাঞ্চ, দেহাবেশ এবং গদ্গদভাষণ প্রভৃতি ভক্তি প্রকাশ পায়। মন্ত্র চৈতন্য-সংযুক্ত করিয়া সেই মন্ত্র একবারমাত্র উচ্চারণ করিলেই পুর্ব্বোক্তভাবের স্ফূর্ত্তি হয়। ভূতলিপির সহিত বিলোমে এক মাস জপ করিলে মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। অ ই উ ঋ ৯ এ ঐ ও ঔ হ য র ব ল ঙ ক খ ঘ গ ঞ চ ছ ঝ জ ণ ট ঠ ঢ ড ন ত থ ধ দ ম প ফ ভ ব শ ষ স এই দ্বিচত্বারিংশৎ অক্ষরের নাম ভূতলিপি। এই ভূতলিপি দ্বারা অনুলোম-বিলোমে মন্ত্র পুটিত করিয়া জপ করিলে অর্থাৎ অ ই উ ঋ ৯ হ য র ব ল ঙ ক খ ঘ গ ঞ চ ছ ঝ জ ণ ট ঠ ঢ ড ন ত থ ধ দ ম প ফ ভ ব শ ষ স মূলমন্ত্র আবার স ষ শ ব ভ ফ প ম দ ধ থ ত ন ঢ ড ঠ ট ণ জ ঝ ছ চ ঞ গ ঘ খ ক ঙ ল ব র য হ এইরূপে সহস্র জপ করিয়া প্রকৃত জপ করিবে। প্রকৃত জপ শেষ হইলে কুশ, পুষ্প ও অর্ঘ্য-জলের সহিত

এবং জপং পুরা কৃত্বা তেজোরূপং সমর্পয়েৎ।
দেবস্য দক্ষিণে হস্তে কুশপুষ্পার্ঘ্যবারিভিঃ॥
সফলং তদ্‌বিভাব্যৈবং প্রাণায়ামং সমাচরেৎ।
জপস্যাদৌ জপান্তে চ ত্রিতয়ং ত্রিতয়ং চরেৎ॥
শক্তিবিষয়ে দেব্যা বামহস্তে।

তথা—এবং জপং পুরা কৃত্বা গন্ধাক্ষতকুশোদকৈঃ।
জপং সমর্পয়েদ্দেব্যা বামহস্তে বিচক্ষণঃ॥
জপান্তে প্রত্যহং দেবি হোময়েত্তদ্দশাংশতঃ।
তর্পণঞ্চাভিষেকঞ্চ তত্তদ্দশাংশতো মুনে॥
প্রত্যহং ভোজয়েদ্‌বিদ্বান্ ন্যূনাধিক্যপ্রশান্তয়ে।
অথবা সর্ব্বসংপূর্ণে হোমাদিকমথাচরেৎ॥

মুণ্ডমালায়াম্—যস্য যাবান্ জপঃ প্রোক্তস্তদ্দশাংশজপঃ ক্রমাৎ।
তত্তদ্‌দ্রব্যৈর্জপান্তে চ হোমং কুর্য্যাদ্দিনে দিনে॥
যদ্‌যদঙ্গং ভবেদ্‌ভগ্নং তৎসংখ্যাদ্বিগুণো জপঃ।
হোমাভাবে জপঃ কার্য্যো হোমসংখ্যাচতুর্গুণঃ॥

তেজোরূপ জপফল দেবতার দক্ষিণ করে সমর্পণ করিবে। এইরূপে জপসমর্পণ পূর্ব্বক জপ সফল হইল, এই প্রকার চিন্তা করত প্রাণায়াম করিবে। এই প্রাণায়াম জপের আদি ও অন্তে বারত্রয় কর্ত্তব্য। শক্তিবিষয়ে দেবীর বামকরে জপ সমর্পণ করিতে হয়। এই প্রকার জপ করিয়া গন্ধ, অক্ষত ও কুশোদকের সহিত জপ দেবীর বামকরে অর্পণ করিবে। পুরশ্চরণে প্রত্যহ জপান্তে জপের দশাংশ তর্পণ, তর্পণের দশাংশ অভিষেক, অভিষেকের দশাংশ ব্রাহ্মণভোজন করাইবে। ব্রাহ্মণ-ভোজনের দ্বারা জপের ন্যূনাধিক্য-দোষের শান্তি হয়। অথবা সমস্ত জপ সম্পূর্ণ হইলে শেষদিনে হোমাদি করিবে। মুণ্ডমালাতন্ত্রেও লিখিত আছে, যে দেবতার যত সংখ্যক জপ পুরশ্চরণে উক্ত আছে, তাহার দশাংশসংখ্যায় তদ্দ্রব্য দ্বারা প্রত্যহ জপান্তে হোম করিবে। তর্পণাদি অঙ্গানুষ্ঠান করিতে সমর্থ না হইলে প্রত্যেকের নির্দ্দিষ্টসংখ্যার দ্বিগুণ জপ করিবে; কিন্তু হোমের অভাব হইলে হোম-সংখ্যার চতুর্গুণ জপ কর্ত্তব্য। কোন কোন তন্ত্রে লিখিত আছে যে, ব্রাহ্মণ

বিপ্রাণাং ক্ষত্রিয়াণাঞ্চ রসসংখ্যাগুণঃ স্মৃতঃ।
বৈশ্যানাং বসুসংখ্যাক এষাং স্ত্রীণাময়ং বিধিঃ॥
যদ্বর্ণমাশ্রিতঃ শূদ্রঃ স চ তস্য বিধিঞ্চরেৎ।
অনাশ্রিতস্য শূদ্রস্য দিক্সংখ্যাকঃ সমীরিতঃ।
শূদ্রস্য বিপ্রভৃত্যস্য তৎপত্ন্যাঃ সদৃশো জপঃ॥

যোগিনীহৃদয়ে—হোমকর্ম্মণ্যশক্তানাং বিপ্রাণাং দ্বিগুণো জপঃ
ইতরেষান্তু বর্ণানাং সর্ব্বেষাং ত্রিগুণো মতঃ॥

ত্রিগুণ ইতি ত্রিগুণাদির্হোমসংখ্যাত্রিগুণজপঃ ক্ষত্রিয়েণ কার্য্যঃ। বৈশ্যেন চতুর্গুণঃ শূদ্রেণ পঞ্চগুণঃ॥

তদুক্তং কুলপ্রকাশে—যদ্যদঙ্গং বিহীনং স্যাত্তৎসংখ্যাদ্বিগুণো জপঃ।
কুর্ব্বীত ত্রিচতুঃপঞ্চ যথাসংখ্যং দ্বিজাতয়ঃ॥
এতেন স্ত্রীশূদ্রাণাং হোমাধিকারঃ॥
তথা চ শূদ্রাণাং ত্র্যস্রমীরিতমিতি কুণ্ডপ্রকরণে
সারদায়াং স্ত্রীণাং হোমাধিকারশ্চ।

তত্রৈব—লাজৈস্ত্রিমধুরোপেতৈর্হোমং কন্যা প্রযচ্ছতি।
অনেন বিধিনা কন্যা বরমাপ্নোতি বাঞ্ছিতম্॥

ও ক্ষত্রিয়ের হোমাদি করিতে অসামর্থ্য হইলে ছয়গুণ এবং বৈশ্যের অষ্টগুণ জপ করিতে হইবে। ইহাদিগের স্ত্রীসম্বন্ধেও এই প্রকার বিধি জানিবে। শূদ্র যে বর্ণের আশ্রিত থাকিবে, সেই বর্ণের ন্যায় কার্য্য করিবে। অনাশ্রিত শূদ্রের হোমের অশক্তিতে হোমসংখ্যার দশগুণ জপ হোমের অনুকল্প। যে শূদ্র ব্রাহ্মণের ভৃত্য, তাহার সম্বন্ধে ব্রাহ্মণস্ত্রীর সমান জপ জানিবে। যোগিনী-হৃদয়ে লিখিত আছে, হোমকর্ম্মাক্ষম ব্রাহ্মণের দ্বিগুণ এবং ক্ষত্রিয়াদিবর্ণের ত্রিগুণাদি অর্থাৎ ক্ষত্রিয়ের ত্রিগুণ, বৈশ্যের চতুর্গুণ এবং শূদ্রের পঞ্চগুণ হোমানুকল্প জপ জানিবে। কুলপ্রকাশের মতে পঞ্চাঙ্গ পুরশ্চরণের যে অঙ্গ হীন হইবে, ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় যথাক্রমে তৎসংখ্যার দ্বিগুণ, ত্রিগুণ, চতুর্গুণ এবং পঞ্চগুণ জপ করিবে। ইহা দ্বারা স্ত্রী-শূদ্রের যে হোমাধিকার আছে, তাহা প্রতিপাদিত হইল। পরন্তু, সারদাতিলকে কুণ্ড-প্রকরণে শূদ্রের ত্রিকোণ কুণ্ডের বিধি আছে এবং সেই গ্রন্থেই লিখিত আছে, কন্যা ত্রিমধুরযুক্ত লাজ (খৈ) দ্বারা হোম করিবে। এইরূপে হোম করিলে অভীষ্ট বরলাভ হয়।

অতএব স্ত্রীণাং হোমাধিকারঃ স চ ব্রাহ্মণদ্বারা।
ওঁকারোচ্চারণাদ্ধোমাৎ শালগ্রামশিলার্চ্চনাৎ।
ব্রাহ্মণীগমনাচ্চৈব শূদ্রশ্চাণ্ডালতাং ব্রজেৎ॥
ইতি সাক্ষান্নিষেধাৎ।
তথা—স্ত্রীণামপি সর্ব্ববৈদিককর্ম্মসু শূদ্রতুল্যত্বপ্রতিপাদনাৎ।
স্ত্রীশূদ্রকরসংস্পর্শো বজ্রপাতো মমোপরি ইতি ভগবদ্বচনাৎ॥

নৃসিংহতাপনীয়েঽপি সাবিত্রীং প্রণবং যজুর্লক্ষ্মীং স্ত্রীশূদ্রয়োর্নেচ্ছন্তীতি পর্য্যন্তং পরাশরভাষ্যেঽপি গোবিন্দভট্টধৃতম্।

স্বাহাপ্রণবসংযুক্তং শূদ্রে মন্ত্রং দদদ্দ্বিজঃ।
শূদ্রো নিরয়মাপ্নোতি ব্রাহ্মণো যাত্যধোগতিম্॥
যজুর্ব্বেদঃ। লক্ষ্মীঃ শ্রীবীজমিত্যর্থঃ॥

তথা নারায়ণকল্পেঽপি—অষ্টাক্ষরো মহামন্ত্রঃ সপ্তার্ণঃ শূদ্রযোষিতঃ।
প্রণবাদিশ্চ যো মন্ত্রো ন স্ত্রী-শূদ্রে প্রশস্যতে॥
ইতি সর্ব্বস্ত্রীণাং শূদ্রবদ্ব্যবহারঃ॥
শূদ্রস্যাপি হোমকর্ম্মণি স্বকর্ত্তৃকহোম ইতি কেচিৎ॥

ইত্যাদি শাস্ত্র-দ্বারা স্ত্রী-শূদ্রের হোমাধিকার প্রতিপাদিত হইল। কিন্তু স্ত্রীলোকের স্বাহা প্রভৃতি যজ্ঞীয় বাক্যসকল উচ্চারণে অধিকার নাই, অতএব স্ত্রীকর্ত্তৃক পুরশ্চরণে ব্রাহ্মণ দ্বারা হোম করাইবে, স্বয়ং করিবে না। যেহেতু, ওঁ এই শব্দ উচ্চারণ, হোম, শালগ্রামশিলার পূজা ও ব্রাহ্মণীগমন দ্বারা শূদ্র চাণ্ডালত্ব প্রাপ্ত হয়। এই সমস্ত বচনে শূদ্র ও স্ত্রীর সাক্ষাৎ হোম নিষিদ্ধ আছে। কারণ, সর্ব্ববিধ বৈদিক কর্ম্মে স্ত্রীলোকের শূদ্রতুল্যত্ব প্রতিপাদিত হইয়াছে। ভগবান্ স্বয়ং বলিয়াছেন যে, স্ত্রী কিংবা শূদ্র আমার অঙ্গ স্পর্শ করিলে আমি মস্তকে বজ্রাঘাত সদৃশ যাতনা পাই। নৃসিংহতাপনীয়ে লিখিত আছে, সাবিত্রী, প্রণব, বেদ এবং শ্রীবীজে স্ত্রী ও শূদ্রের অধিকার নাই। স্ত্রী ও শূদ্র উক্ত মন্ত্র উচ্চারণ করিলে মরণান্তে নরকগামী হয়। যে ব্রাহ্মণ স্বাহা ও প্রণবসংযুক্ত মন্ত্র শূদ্রকে প্রদান করে, সেই ব্রাহ্মণ ও শূদ্র উভয়েই নরকে গমন করে। নারায়ণকল্পে লিখিত আছে, সপ্তাক্ষর ও অষ্টাক্ষর মন্ত্রে এবং প্রণবে স্ত্রী ও শূদ্রের অধিকার নাই। মতান্তরে স্ত্রী ও শূদ্রের হোমাধিকার

তথা চ বারাহীতন্ত্রে—যদি কামী ভবত্যত্র শূদ্রোঽপি হোমকর্ম্মণি।
বহ্নিজায়াং পরিত্যজ্য হৃদয়ান্তেন হোময়েৎ ॥

বাশিষ্ঠে—যদ্যদঙ্গং বিহীয়েত তৎসংখ্যাদ্বিগুণো জপঃ।
কর্ত্তব্যশ্চাঙ্গসিদ্ধ্যর্থং তদশক্তেন ভক্তিতঃ ॥
ন চেদঙ্গং বিহীয়েত তদ্‌বিশিষ্টমবাপ্নুয়াৎ।
বিপ্রভোজনমাত্রেণ ব্যঙ্গং সাঙ্গং ভবেদ্ধ্রুবম্।
যদ্‌যদ্ভুঙ্‌ক্তে দ্বিজঃ সাক্ষাত্তত্তদ্‌ভুঙ্‌ক্তে হরিঃ স্বয়ম্ ॥

অগস্ত্যসংহিতায়াম্—যদি হোমেঽপ্যশক্তঃ স্যাৎ পূজায়াং তর্পণেঽপি ব।
তাবৎসংখ্যজপেনৈব ব্রাহ্মণারাধনেন চ।
ভবেদঙ্গদ্বয়েনৈব পুরশ্চরণমার্য্য বৈ ॥

বীরতন্ত্রে—নিয়মঃ পুরুষে জ্ঞেয়ো ন যোষিৎসু কথঞ্চন।
ন ন্যাসো যোষিতামত্র ন ধ্যানং ন চ পূজনম্।
কেবলং জপমাত্রেণ মন্ত্রাঃ সিধ্যন্তি যোষিতাম্ ॥
আচার্য্যমতে বিপ্রভোজনেঽপ্যনুকল্পঃ ॥

তথা চ মুণ্ডমালায়াম্—যদি পূজাদ্যশক্তশ্চেদ্দ্রব্যাভাবেন সুন্দরি।
কেবলং জপমাত্রেণ পুরশ্চর্য্যা বিধীয়তে ॥
অত্র ব্রাহ্মণভোজনমাবশ্যকমেব ॥

আছে। বারাহীতন্ত্রে লিখিত আছে, যদি শূদ্র হোমকর্ম্মে অভিলাষী হয়, তবে স্বাহা স্থানে নমঃ শব্দ উচ্চারণ করিয়া হোম করিবে। বশিষ্ঠসংহিতায় লিখিত আছে, পুরশ্চরণকর্ম্মে যে যে অঙ্গ হীন হয়, তৎপরিপূরণের নিমিত্ত তত্তৎসংখ্যার দ্বিগুণ জপ করিবে। পরন্তু অঙ্গের বৈকল্য হইলে ব্রাহ্মণভোজন দ্বারাই তাহা পরিপূর্ণ হয়। যে যে দ্রব্য ব্রাহ্মণগণ ভোজন করেন, তৎসমস্ত হরি ভোজন করিয়া থাকেন। অগস্ত্যসংহিতায় লিখিত আছে, হোম, পূজা এবং তর্পণ করিতে অক্ষম হইলে তৎসংখ্যক জপ এবং ব্রাহ্মণভোজন দ্বারা কার্য্য শেষ করিবে। বীরতন্ত্রে লিখিত আছে, স্ত্রীর পক্ষে কোন নিয়ম নাই, কেবল জপ দ্বারাই স্ত্রীর সিদ্ধি হয়। আচার্য্যমতে ব্রাহ্মণভোজনেরও অনুকল্প আছে। মুণ্ডমালাতন্ত্রে লিখিত আছে, পূজোপকরণদ্রব্যাদির অভাব হইলে কেবল জপমাত্রেই পুরশ্চরণ সিদ্ধ হইবে; কিন্তু ব্রাহ্মণভোজন অবশ্যই কর্ত্তব্য, কারণ,

সর্ব্বথা ভোজয়েদ্বিদ্বান্ কৃতসঙ্কল্পসিদ্ধয়ে।
বিপ্রারাধনমাত্রেণ ব্যঙ্গং সাঙ্গং ভবেদ্ধ্রুবম্ ॥
কুলার্ণবে—দীক্ষাহীনান্ পশূন্ যস্তু ভোজয়েদ্বা স্বমন্দিরে।
স যাতি পরমেশানি নরকানেকবিংশতীঃ ॥
এবং যঃ কুরুতে দেবি পুরশ্চরণকং প্রিয়ে।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দেবীসাযুজ্যমাপ্নুয়াৎ ॥
তথা—তদ্দশাংশেন বিপ্রাংশ্চ কৌলিকানথ ভোজয়েৎ।
ক্ষীরখণ্ডাদিভোজ্যৈশ্চ বহুমানপুরঃসরম্ ॥
ততশ্চ—গুরবে দক্ষিণাং দদ্যাদ্ভোজনাচ্ছাদনাদিভিঃ।
গুরুসন্তোষমাত্রেণ সর্ব্বসিদ্ধির্ভবেদ্ধ্রুবম্ ॥
গুরোরভাবে পুত্রায় তৎপত্ন্যৈ বা নিবেদয়েৎ।
তয়োরভাবে দেবেশি ব্রাহ্মণেভ্যো নিবেদয়েৎ ॥
সম্যক্ সিদ্ধৈকমন্ত্রস্য পঞ্চাঙ্গোপাসনেন চ।
সর্ব্বে মন্ত্রাশ্চ সিধ্যন্তি তৎপ্রসাদাৎ কুলেশ্বরি ॥
গুরুমূলমিদং সর্ব্বমিত্যাহুস্তন্ত্রবেদিনঃ।
একগ্রামে স্থিতো নিত্যং গত্বা বন্দেত বৈ গুরুম্ ॥
গুরুরেব পরং ব্রহ্ম তস্মাদাদৌ তমর্চ্চয়েৎ।
তদন্তে মহতীং পূজাং কুর্য্যাৎ সাধকসত্তমঃ ॥

ব্রাহ্মণভোজন করাইলে অঙ্গহীন ক্রিয়া পূর্ণাঙ্গ হয়। কুলার্ণবে লিখিত আছে, দীক্ষাহীন ব্রাহ্মণকে নিজগৃহে ভোজন করাইলে একবিংশতি নরকভোগ হয়। এই প্রকারে পুরশ্চরণ করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া দেবীসাযুজ্য লাভ করা যায়। মতান্তরে লিখিত আছে, জপের দশ ভাগ কৌলিক ব্রাহ্মণগণকে ক্ষীরাদি বিবিধ ভোজ্য দ্বারা বহু সমাদরে ভোজন করাইবে। তৎপরে গুরুকে ভোজন ও বস্ত্রাদি দান পূর্ব্বক দক্ষিণা দিতে হয়। গুরুদেব তুষ্ট হইলেই সর্ব্বকার্য্য সিদ্ধ হয়। গুরুর অভাবে গুরুপুত্র, তদভাবে গুরুপত্নী এবং তদভাবে ব্রাহ্মণদিগকে দক্ষিণা দিয়া কার্য্য সম্পূর্ণ করিবে। পঞ্চাঙ্গোপাসনা দ্বারা সম্যক্‌রূপে সিদ্ধমন্ত্র হইলে গুরুর কৃপায় সকল মন্ত্রই সিদ্ধ করা যায়। সকল কার্য্যেরই মূল গুরু। গুরু একগ্রামে থাকিলে প্রতিদিন গিয়া তাঁহাকে বন্দনা করিবে। গুরুই পরব্রহ্মস্বরূপ, অতএব

সুবাসিনীং কুমারীঞ্চ ভূষণৈরপি ভূষয়েৎ।
মিষ্টান্নং বহুশঃ কার্য্যং ভুঞ্জীত বন্ধুভিঃ সহ।
এবং সিদ্ধমন্ত্রৈর্মন্ত্রী সাধয়েৎ সকলেপ্সিতান্॥

গ্রহণ-পুরশ্চরণ।

অথবান্যপ্রকারেণ পুরশ্চরণমুচ্যতে।
গ্রহণেঽর্কস্য চেন্দোর্ব্বা শুচিঃ পূর্ব্বমুপোষিতঃ॥
নদ্যাং সমুদ্রগামিন্যাং নাভিমাত্রোদকে স্থিতঃ।
স্পর্শাদ্‌বিমুক্তিপর্য্যন্তং জপেন্মন্ত্রমনন্যধীঃ॥
নাভিপরিমিতজলাবস্থিতিঃ ফলবিশেষায়॥

যদি নক্রাদিদূষিতা নদী ভবতি, তদা যৎ কর্ত্তব্যং তদাহ রুদ্রযামলে—

অপি শুদ্ধোদকে স্নাত্বা শুচৌ দেশে সমাহিতঃ।
গ্রাসাদ্‌বিমুক্তিপর্য্যন্তং জপেন্মন্ত্রমনন্যধীঃ॥
ইতি কৃত্বা ন সন্দেহো জপস্য ফলভাগ্‌ভবেৎ॥

নদ্যভাবে—যদ্‌বা পুণ্যোদকে স্নাত্বা শুচিঃ পূর্ব্বমুপোষিতঃ।
গ্রহণাদিবিমোক্ষান্তং জপেন্মন্ত্রং সমাহিতঃ॥

উপবাসাসামর্থ্যে—অথবান্যপ্রকারেণ পৌরশ্চারণিকো বিধিঃ।
চন্দ্রসূর্য্যোপরাগে চ স্নাত্বা প্রয়তমানসঃ॥

আদিতে গুরুপূজা করিয়া তদন্তে দেবতার মহাপূজা করিবে, পরে সুবাসিনী কুমারীর অর্চ্চনা পূর্ব্বক তাহাদিগকে মিষ্টান্নভোজন ও বিবিধভূষণে অলঙ্কৃত করাইয়া বন্ধুবান্ধবের সহিত স্বয়ং ভোজন করিবে। এই প্রকারে মন্ত্রসিদ্ধি হইলে মনোরথ পূর্ণ হয়।

গ্রহণ-পুরশ্চরণ।—চন্দ্র কিংবা সূর্য্যগ্রহণকালে উপবাসী হইয়া সমুদ্র-গামিনী নদীতে নাভিমাত্র জলে থাকিয়া একাগ্রমনে গ্রহণ আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত ইষ্টমন্ত্র জপ করিবে। নাভিপরিমিত জলে জপ বিশেষ ফলদায়ক। রুদ্রযামলে লিখিত আছে, নদীতে কুম্ভীরাদির ভয় থাকিলে শুদ্ধজলে স্নান পূর্ব্বক পবিত্র স্থানে বসিয়া গ্রাস হইতে মোক্ষ পর্য্যন্ত একাগ্রমনে জপ করিবে, এইরূপ জপ দ্বারা পুরশ্চরণফললাভ হয়। নদীবিহীন দেশে পুণ্যজলে স্নান পূর্ব্বক সমাহিতমনে স্পর্শ হইতে মোক্ষ পর্য্যন্ত জপ করিবে। উপবাস করিতে অক্ষম হইলে চন্দ্র ও সূর্য্যগ্রহণে

স্পর্শনাদি-বিমোক্ষান্তং জপেন্মন্ত্রং সমাহিতঃ।
জপাদ্দশাংশতো হোমং তথা হোমাত্তু তর্পণম্॥
তর্পণস্য দশাংশেন চাভিষেকং সমাচরেৎ।
অভিষেকদশাংশেন কুর্য্যাদ্‌ব্রাহ্মণভোজনম্।
এবং কৃত্বা তু মন্ত্রস্য জায়তে সিদ্ধিরুত্তমা॥
গোপালমন্ত্রতর্পণে তু হোমসমসংখ্যত্বম্।

যথা—ইহ গোপালমন্ত্রাণাং তর্পণং হোমসংখ্যয়া।
বর্ণানামিহ সর্ব্বেষামিত্যাগমবিদো বিদুঃ॥
দৃষ্ট্বা স্নাত্বা সুসঙ্কল্প্য বিমোক্ষান্তং জপং চরেৎ।
তাবদ্‌যজ্ঞাদিকং কুর্য্যাদ্‌গ্রহণান্তে শুচিঃ পুমান্॥
এবং জপান্মন্ত্রসিদ্ধির্ভবত্যেব ন সংশয়ঃ॥
গ্রহণে জপস্যাবশ্যকত্বং সনৎকুমারীয়বচনাৎ॥
শ্রাদ্ধাদেরনুরোধেন যদি জপ্যং ত্যজেন্নরঃ।
স ভবেদ্দেবতাদ্রোহী পিতৄন্ সপ্ত নয়ত্যধঃ॥
ইতি সনৎকুমারবচনাৎ।
বস্তুতস্তু আরব্ধপুরশ্চরণবিষয়মিদম্॥

তথা হি—আরব্ধে পুরশ্চরণে যদি গ্রহণং ভবেত্তদা শ্রাদ্ধাদ্যনুরোধেন জপং ন ত্যজেৎ। এবং রাত্রাবপি পুরশ্চরণবিষয়ে বোদ্ধব্যমিতি সর্ব্বসম্মতম্॥

স্নান পূর্ব্বক সংযতচিত্তে স্পর্শ হইতে মুক্তি পর্য্যন্ত সমাহিত হইয়া মন্ত্রজপ করিবে এবং জপের দশাংশ হোম, হোমের দশাংশ তর্পণ, তর্পণের দশাংশ ব্রাহ্মণভোজন করাইয়া পুরশ্চরণ সম্পূর্ণ করিবে। এইরূপ মন্ত্রজপ দ্বারা পরমসিদ্ধিলাভ হয়। গোপালমন্ত্রে হোমসংখ্যায় তর্পণ করিতে হইবে। গ্রহণ-দর্শনান্তে স্নান ও সঙ্কল্প করিয়া মুক্তি পর্য্যন্ত জপ করিবে। সুতরাং যাহাদের গ্রহণ দেখা নিষিদ্ধ, তাহাদের গ্রহণপুরশ্চরণ হইবে না। সনৎকুমারতন্ত্রে লিখিত আছে, গ্রহণকালে অবশ্য জপ করিবে, শ্রাদ্ধাদির অনুরোধে জপ পরিত্যাগ করিলে দেবদ্রোহী হইতে হয় এবং ঊর্দ্ধতন সপ্তপুরুষ অধঃপতিত হয়; কিন্তু ইহা আরব্ধ পুরশ্চরণস্থলে জানিবে অর্থাৎ যদি পুরশ্চরণ আরম্ভ করিলে গ্রহণ হয়, তাহা হইলে আরব্ধ জপ পরিত্যাগ করিয়া শ্রাদ্ধাদি করিবে না, ইহাই প্রকৃত শাস্ত্রার্থ। এই প্রকার রাত্র্যাদিকালেও পুরশ্চরণ সম্বন্ধে

যোগিনীহৃদয়ে—কল্পোক্তবিধিনা মন্ত্রী কুর্য্যাদ্ধোমাদিকং ততঃ।
অথবা তদ্দশাংশেন হোমাদীংশ্চ সমাচরেৎ॥

তথা—অনন্তরং দশাংশেন ক্রমাদ্ধোমাদিকঞ্চরেৎ।
তদন্তে মহতীং পূজাং কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনম্॥
ততো মন্ত্রস্য সিদ্ধার্থং গুরুং সংপূজ্য তোষয়েৎ।
এবঞ্চ মন্ত্রসিদ্ধিঃ স্যাদ্দেবতা চ প্রসীদতি॥

যদ্যপি পুরশ্চরণমিদং পঞ্চাঙ্গপরং তথা চ—
জপহোমৌ তর্পণঞ্চাভিষেকো বিপ্রভোজনম্।
পঞ্চাঙ্গোপাসনং লোকে পুরশ্চরণমুচ্যতে॥
তথাপি গ্রহণাদৌ পুরশ্চরণপদং গৌণং জপমাত্রপরম্।
সূর্য্যোদয়াৎ সমারভ্য যাবৎ সূর্য্যোদয়াবধি।
তাবজ্জপ্তো মহেশানি পুরশ্চরণমিষ্যতে॥
ইত্যাদৌ তথা দর্শনাৎ॥

অত্র হোমাদেরভাবাৎ তর্হি কথং গ্রহণপুরশ্চরণে হোমাদিরিতি চেৎ, বচনাদেব জায়তে। ন চ পুরশ্চরণস্য পঞ্চাঙ্গত্বাৎ সর্ব্বত্র তদেব স্যাৎ ইতি বাচ্যং গ্রহণে তদ্বিধানং অনর্থকং স্যাৎ। কিঞ্চ গ্রহণে হোমাদি-নিয়মান্নাত্র হোমাদিঃ।

---

জানিবে। যোগিনীহৃদয়ে লিখিত আছে, পুরশ্চরণকল্পোক্ত বিধানে হোমাদি করিবে। তৎপরে তত্তদ্দশাংশক্রমে তর্পণ, অভিষেক ও ব্রাহ্মণভোজন করাইবে। জপান্তে মন্ত্রসিদ্ধ্যর্থ দেবতার মহতী পূজা করিয়া গুরুদেবকে পূজা করত পরিতুষ্ট করিবে। এইরূপ অনুষ্ঠান করিলে মন্ত্রসিদ্ধি হয় এবং দেবতা প্রসন্না হন। পঞ্চাঙ্গ উপাসনাই (জপ, হোম, তর্পণ, অভিষেক এবং ব্রাহ্মণভোজন) পুরশ্চরণ বলিয়া নির্দ্দিষ্ট; অতএব গ্রহণসময়ে কেবল জপমাত্রেই পুরশ্চরণ শব্দের প্রয়োগ কিরূপে হয়, এই আপত্তির উত্তর এই যে, গ্রহণকালীন পুরশ্চরণশব্দটি গৌণপুরশ্চরণ লক্ষ্য করিয়া প্রযুক্ত হইয়াছে অর্থাৎ জপমাত্রকে লক্ষ্য করিয়াই প্রযুক্ত হইয়াছে। সূর্য্যোদয় হইতে জপ করিবে, ইহাকে পুরশ্চরণ বলে, ইত্যাদি স্থলে হোমাদির অভাবেও কেবলমাত্র জপকেই পুরশ্চরণ বলিয়া উক্ত হইয়াছে। যদি বল, গ্রহণপুরশ্চরণে হোমাদি করিব কেন? যেহেতু, গ্রহণপুরশ্চরণ তোমার মতে গৌণপুরশ্চরণ। ইহার উত্তর এই যে, তাহা বচন দ্বারা প্রতিপাদিত হইয়াছে, যেখানে হোমাদি করিতে বিধি

গ্রহণপুরশ্চরণে হোমাদিবিধানন্তু প্রকৃতীভূতপঞ্চাঙ্গপুরশ্চরণতুল্যত্ববোধনায়, অতএব গ্রহণে পঙ্গাঙ্কস্বরূপপুরশ্চরণে কৃতে মুখ্যপ্রয়োগেঽপ্যধিকার ইতি প্রকটীকৃতম্। তদকরণে পুনঃ কেবলজপমাত্রপুরশ্চরণে কৃতে নাধিকার ইতি সর্ব্বসম্মতমিতি।

বারাহীতন্ত্রে পুরশ্চরণকালঃ—চন্দ্রতারানুকূলে চ শুক্লপক্ষে শুভেঽহনি।
আরভেত পুরশ্চর্য্যাং হরৌ সুপ্তে ন চাচরেৎ।
গ্রহণে চ মহাতীর্থে ন কালমবধারয়েৎ॥

প্রতিপ্রসবস্তু রুদ্রযামলে—কার্ত্তিকাশ্বিনবৈশাখ-মাঘেঽথ মার্গশীর্ষকে।
ফাল্গুনে শ্রাবণে দীক্ষা পুরশ্চর্য্যা প্রশস্যতে।
গ্রহণে চ মহাতীর্থে ন কালমবধারয়েৎ॥

গ্রস্তাস্তে গ্রস্তোদয়ে দীক্ষাপুরশ্চরণয়োর্নিষেধমাহ তন্ত্রান্তরে—
গ্রস্তাস্তে হ্যদিতে নৈব কুর্য্যাৎ দীক্ষাং জপং প্রিয়ে।
কৃতে নাশো ভবেদাশু হ্যায়ুঃশ্রীসুতসম্পদাম্॥

আছে, সে স্থানে কোন দোষ হইতে পারে না। পঞ্চাঙ্গ উপাসনার নাম পুরশ্চরণ। এই জন্য সর্ব্বত্রই যে পঞ্চাঙ্গসত্তা থাকিবে, তাহা বলা যায় না, কেন না, তাহা বলিলে গ্রহণে আর হোমাদির উল্লেখ বিশেষ করিয়া বলিতে হইত না। আর এক কথা, গ্রহণে হোমাদির বিধান থাকায় অন্য জপে হোমাদি নাই, ইহাও বুঝাইল। গ্রহণপুরশ্চরণে যে হোমাদি-বিধান আছে, তাহা প্রকৃত পুরশ্চরণের তুল্যতা-প্রতিপাদনের নিমিত্ত। গ্রহণে পঞ্চাঙ্গের অনুষ্ঠান করিলে মুখ্যপুরশ্চরণ শব্দপ্রয়োগ করিবার অধিকার আসে; কেবল জপ করিলে তাহাতে পুরশ্চরণ শব্দপ্রয়োগ হইবে না। বারাহীতন্ত্রে লিখিত আছে, চন্দ্র ও তারা-শুদ্ধি থাকিলে শুক্লপক্ষে শুভবারে পুরশ্চরণক্রিয়া আরম্ভ করিবে; কিন্তু হরিশয়নে পুরশ্চরণ নিষিদ্ধ। গ্রহণকালে মহাতীর্থক্ষেত্রে কালাকালবিচার নাই। রুদ্রযামলে লিখিত আছে, কার্ত্তিক, আশ্বিন, বৈশাখ, মাঘ, অগ্রহায়ণ, ফাল্গুন ও শ্রাবণ মাসে এবং গ্রহণকালে ও মহাতীর্থক্ষেত্রে দীক্ষা ও পুরশ্চরণসম্বন্ধে কালাকালবিচার নাই। মতান্তরে আছে, গ্রস্তাস্ত ও গ্রস্তোদয়গ্রহণে দীক্ষা ও পুরশ্চরণ করিলে আয়ুঃ, শ্রী, সুত এবং সম্পদ বিনষ্ট হয়।

পুরশ্চরণপ্রণালী।

তত্র তাবদ্ভূমেঃ পরিগ্রহং কৃত্বা পুরশ্চরণপ্রাক্ তৃতীয়দিবসে ক্ষৌরাদিকং বিধায় বেদিকায়াশ্চতুর্দ্দিক্ষু ক্রোশং ক্রোশদ্বয়ং বা চতুরস্রং আহারাদিবিহারার্থং পরিকল্প্য তত্র কূর্ম্মচক্রানুরূপং মণ্ডপং বিধায় একভক্তঞ্চ কুর্য্যাৎ। তৎপরদিনে স্নানাদিকং বিধায় শুদ্ধঃ সন্ বেদিকায়াশ্চতুর্দ্দিক্ষু অশ্বত্থোডুম্বরপ্লক্ষাণামন্যতমস্য বিতস্তিমাত্রান্ দশকীলকান্ ওঁ নমঃ সুদর্শনায় অস্ত্রায় ফট্ ইতি মন্ত্রেণাষ্টোত্তর-শতাভিমন্ত্রিতান্ বেদিকায়া দশদিক্ষু ওঁ যে চাত্র বিঘ্নকর্ত্তারো ভুবি দিব্যন্তরী-ক্ষগাঃ। বিঘ্নভূতাশ্চ যে চান্যে মম মন্ত্রস্য সিদ্ধিষু। ময়ৈতৎ কীলিতং ক্ষেত্রং পরিত্যজ্য বিদূরতঃ। অপসর্পন্তু তে সর্ব্বে নির্ব্বিঘ্নং সিদ্ধিরস্তু মে। ইত্যনেন নিখন্য তেষু, ওঁ নমঃ সুদর্শনায় অস্ত্রায় ফট্ ইতি অস্ত্রং সংপূজ্য তেষু পূর্ব্বাদি-ক্রমেণ ইন্দ্রাদিলোকপালান্ পূজয়েৎ। যথা—ওঁ ভূর্ভুবঃস্বঃ ইন্দ্রলোকপাল ইহা-গচ্ছ ইত্যাদ্যাবাহ্য পঞ্চোপচারৈঃ পূজয়েৎ। এবংক্রমেণ অন্যানপি পূজয়েৎ।

মুণ্ডমালায়াম্—পুণ্যক্ষেত্রাদিকং গত্বা কুর্য্যাদ্ভূমিপরিগ্রহম্।
তথা হ্যমুকমন্ত্রস্য পুরশ্চরণসিদ্ধয়ে।
ময়েয়ং গৃহ্যতে ভূমির্ম্মন্ত্রোঽয়ং সিধ্যতামিতি॥

---

পুরশ্চরণপ্রণালী—পুরশ্চরণক্রিয়ায় প্রথমতঃ স্থাননিরূপণ পূর্ব্বক পুরশ্চরণের তিন দিন পূর্ব্বে ক্ষৌরাদি সম্পাদন করিবে। পরে বেদির চতুর্দ্দিকে এক ক্রোশ বা দুই ক্রোশ পরিমিত চতুর্দ্দিকে সমান ক্ষেত্র আহারাদি-বিহারার্থ কল্পনা করিয়া তন্মধ্যে কূর্ম্মচক্রানুসারে মণ্ডপ নির্ম্মাণ করিবে। সেই দিবসে একাহারী থাকিতে হয়। পরদিবসে স্নানাদি নিত্যক্রিয়া সমাপন পূর্ব্বক শুদ্ধ হইয়া বেদিকার চতুর্দ্দিকে অশ্বত্থ, যজ্ঞোডুম্বর ও পাকুড় ইহাদের কোন এক বৃক্ষের বিতস্তিপ্রমাণ দশটি কীলক করিয়া তদুপরি "ওঁ নমঃ সুদর্শনায় অস্ত্রায় ফট্" এই মন্ত্র একশত অষ্টবার জপ করত বেদিকার দশদিকে "ওঁ যে চাত্র বিঘ্নকর্ত্তারঃ" ইত্যাদি মন্ত্রে গর্ত্ত করিয়া তাহাতে প্রোথিত করিবে। পরে "ওঁ নমঃ সুদর্শনায় ফট্" এই মন্ত্রে কীলকপূজা করিয়া তদুপরি "ওঁ ভূর্ভুবঃস্বঃ ইন্দ্রলোকপাল ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন পূর্ব্বক ইন্দ্রাদি লোকপালগণকে পঞ্চোপচারে অর্চ্চনা করিবে। মুণ্ডমালার মত এই—পবিত্র স্থানে যাইয়া "অমুকদেবতায়া অমুকমন্ত্রস্য পুরশ্চরণসিদ্ধয়ে ময়েয়ং গৃহ্যতে ভূমির্ম্মন্ত্রোঽয়ং সিধ্যতাম্" এই মন্ত্রে গ্রামে ১ ক্রোশ,

তথা চ—গ্রামে ক্রোশমিতং স্থানং নদ্যাদৌ স্বেচ্ছয়া মিতম্।
নগরাদাবপি ক্রোশং ক্রোশযুগ্মমথাপি বা ॥
ক্ষেত্রং বা যাবদিষ্টন্তু বিহারার্থং প্রকল্পয়েৎ।
আহারাদিবিহারার্থং তাবতীং ভূমিমাক্রমেৎ ॥
ক্ষীরিবৃক্ষোদ্ভবান্ কীলান্ অস্ত্রমন্ত্রাভিমন্ত্রিতান্।
নিখনেদ্দশদিগ্‌ভাগে তেষ্বস্ত্রঞ্চ প্রপূজয়েৎ।
লোকপালান্ পুনস্তেষু গন্ধাদ্যৈঃ পূজয়েৎ সুধীরিতি ॥

ততো মধ্যস্থানে ক্ষেত্রপালং বাস্তীশঞ্চ সংপূজ্য সর্ব্ববিঘ্নবিনাশার্থং গণপতিং পূজয়েৎ। ওঁ অদ্যেত্যাদি মৎকর্ত্তব্যামুকমন্ত্র-পুরশ্চরণকর্ম্মণি সর্ব্ববিঘ্নবিনাশার্থং গণেশপূজনমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য বেদিকামধ্যে পঞ্চোপচারৈর্গণেশং পূজয়েৎ ॥

তদুক্তম্—ক্ষেত্রপালাদিকং তত্র পূজয়েদ্‌বিধিবত্ততঃ।
ক্ষেত্রেশং বাস্তুনামানং বিঘ্নরাজং সমর্চ্চয়েৎ।
দিক্‌পালেভ্যো বলিং দদ্যাৎ ততঃ ক্ষেত্রং সমাবিশেৎ ॥
ততো মাষভক্তাদিনা পূজিতদেবতাভ্যো বলিং দদ্যাৎ।
ওঁ যে রৌদ্রা রৌদ্রকর্ম্মাণো রৌদ্রস্থাননিবাসিনঃ।
মাতরোঽপ্যুগ্ররূপাশ্চ গণাধিপতয়শ্চ যে।
বিঘ্নীভূতাশ্চ যে চান্যে দিগ্‌বিদিক্ষু সমাশ্রিতাঃ।
সর্ব্বে তে প্রীতমনসঃ প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্ ॥
ইত্যনেন দশদিক্ষু ভূতেভ্যো বলিং দদ্যাৎ।
ততো গায়ত্রীং জপেৎ।

---

নদী প্রভৃতিতে, নিজের ইচ্ছানুরূপ, নগরাদিতে ক্রোশ বা ক্রোশদ্বয় পরিমিত স্থান আহার ও বিচরণাদির জন্য শুদ্ধ করিয়া লইবে। বেদিকা-মধ্যে ক্ষেত্রপাল, বাস্তুপুরুষ ও ঈশান ইঁহাদের পূজা করিবে। অনন্তর সর্ব্ববিঘ্নবিনাশার্থ "ওঁ অদ্যেত্যাদি মৎকর্ত্তব্যামুকমন্ত্রপুরশ্চরণকর্ম্মণি বিঘ্নবিনাশার্থং গণেশপূজনমহং করিষ্যে" এই প্রকার সঙ্কল্প করিয়া বেদিকামধ্যে আবাহন পূর্ব্বক পঞ্চোপচারে গণেশের অর্চ্চনা করিবে। অনন্তর দিক্‌পালগণকে ও পূজিত দেবতাগণকে মাষভক্ত বলি দিয়া ক্ষেত্রমধ্যে প্রবেশ করিবে। পরে "ওঁ যে রৌদ্রা" ইত্যাদি মন্ত্রে বেদিকার দশদিকে ভূতগণকে মাষভক্তবলি প্রদান করিবে। তৎপরদিবস

তথা—প্রাতঃ স্নাত্বা তু গায়ত্র্যাঃ সহস্রং প্রয়তো জপেৎ।
জ্ঞাতাজ্ঞাতস্য পাপস্য ক্ষয়ার্থং প্রথমং ততঃ॥
বিপ্রান্ সন্তর্পয়েদর্থতোষণাচ্ছাদনাসনৈঃ॥
বহুভির্ব্বস্ত্রভূষাভিঃ সংপূজ্য গুরুমাত্মনঃ।
আরভেত জপং পশ্চাত্তদনুজ্ঞাপুরঃসরমিতি॥

পুনস্তত্তদ্দেবতায়া গায়ত্রীজপং কুর্য্যাৎ। যথা গোবিন্দবৃন্দাবনে—
জপাৎ পূর্ব্বং জপেৎ কৃষ্ণগায়ত্রীং সর্ব্বপাপহাম্।
অযুতৈকপ্রমাণেন এনসো ন্যূনহেতবে॥

ইতি কৃষ্ণগায়ত্রীস্বরসাদন্যত্রাপি তথা অতএব স্ত্রীশূদ্রসাধারণমিতি মাধবাচার্য্যঃ।

যত্তু—প্রাতঃ স্নাত্বা তু সাবিত্র্যা অযুতং প্রয়তো জপেদিতি তৎপুনরত্যল্পপাপাশঙ্কয়া। অদ্যেত্যাদি অমুকগোত্রঃ অমুকদেবশর্ম্মা জ্ঞাতাজ্ঞাতপাপক্ষয়কামঃ অষ্টোত্তরসহস্রসংখ্যকসাবিত্রীজপমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য জপেৎ।

প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া সমাপন পূর্ব্বক জ্ঞাতাজ্ঞাতপাপক্ষয়ার্থ সহস্র গায়ত্রী জপ করিবে। তৎপরে ধন, বস্ত্র ও ভূষণ দ্বারা ব্রাহ্মণ ও গুরুর প্রীতিসম্পাদন পূর্ব্বক তাঁহাদের অনুজ্ঞা লইয়া জপ করিতে প্রবৃত্ত হইবে। যে দেবতার মন্ত্রের পুরশ্চরণ, পাপক্ষয়ার্থ সেই দেবতার দশসহস্র গায়ত্রী জপ করিতে হয়। গোবিন্দবৃন্দাবনে লিখিত আছে, পুরশ্চরণ-জপের পূর্ব্বে সর্ব্বপাপ-বিনাশিনী কৃষ্ণগায়ত্রী জপ করিবে। এই স্থলে যেমন কৃষ্ণের পুরশ্চরণে কৃষ্ণের গায়ত্রী-জপের বিধান বলা হইল, এই প্রকার অন্যান্য দেবতার পুরশ্চরণেও তত্তদ্দেবতার গায়ত্রীজপ ব্যবস্থেয়। অতএব মাধবাচার্য্যের মতে স্ত্রী ও শূদ্র সাধারণের পক্ষে গায়ত্রীজপের অধিকার থাকিল। প্রাতঃকালে স্নানান্তে অযুত সাবিত্রী জপ করিবে, এইরূপ যে কথিত হইয়াছে, তাহা যে স্থলে অধিক পাপের আশঙ্কা আছে, সেই স্থলে বুঝিতে হইবে, তদ্ব্যতীত স্থলে পূর্ব্বোক্ত সহস্র গায়ত্রীজপ করিয়াই কার্য্য করিবে। গায়ত্রীজপের পূর্ব্বে "অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা জ্ঞাতাজ্ঞাতপাপক্ষয়কামঃ সহস্রসংখ্যকগায়ত্রীজপমহং করিষ্যে" এই প্রকার সঙ্কল্প করিয়া জপ করিবে। সেই দিনে উপবাসী বা হবিষ্যাশী থাকিবে। পরদিন প্রভাতে নিত্যকৃত্য সমাপন পূর্ব্বক "ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্র" ইত্যাদি বাক্যে সঙ্কল্প করিয়া

ততঃ উপবাসং হবিষ্যং বা কুর্য্যাৎ। পরদিনে উষসি স্নানাদিকং কৃত্বা স্বস্তি-বাচনপূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ—ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকদেবতায়া অমুকমন্ত্রসিদ্ধিপ্রতিবন্ধকাশেষ-দুরিতক্ষয়পূর্ব্বক-তন্মন্ত্রসিদ্ধি-কামোঽহমদ্যারভ্য যাবৎকালেন সেৎস্যতি তাবৎকালং অমুকদেবতায়াঃ অমুকমন্ত্রস্য ইয়ৎ-সংখ্যক-জপ-তদ্দশাংশ-হোম-তদ্দশাংশ-তর্পণ-তদ্দশাংশাভিষেক-তদ্দশাংশ-ব্রাহ্মণভোজনরূপ-পুরশ্চরণমহং করিষ্যে ইতি সঙ্কল্প্য ভূতশুদ্ধিপ্রাণায়া-মাদিকং কৃত্বা স্বস্বমুদ্রাং বদ্ধা স্বস্বপদ্ধত্যুক্তক্রমেণ দেবতাং সংপূজ্য দীপে প্রজ্বলিতাকারাং দেবতাং হৃদয়ে কৃত্বা প্রাতঃকালমারভ্য মধ্যন্দিনং যাবৎ জপং কুর্য্যাৎ। ততস্তদ্দশাংশ-হোম-হোমদশাংশ-তর্পণ-তর্পণ-দশাংশাভিষেক-অভিষেক-দশাংশ-ব্রাহ্মণ-ভোজনং কুর্য্যাৎ।

কুলার্ণবে—তর্পণন্তু ততঃ কুর্য্যাত্তীর্থোদৈশ্চন্দ্রমিশ্রিতৈঃ।
জলে দেবং সমাবাহ্য পাদ্যাদ্যৈরুদকাত্মকৈঃ॥
সংপূজ্য বিধিবদ্ভক্ত্যা পরিবারসমন্বিতম্।
একৈকমঞ্জলিং তোয়ং পরিবারান্ প্রতর্পয়েৎ।
ততো হোমদশাংশেন তর্পয়েৎ পরদেবতাম্॥

---

[ সৌরমাস ও রাশিবিশেষের উল্লেখ হইবে, যেহেতু, প্রমাণ আছে যে, ( আগমোক্তানি কার্য্যাণি সৌরেণৈব সদাভ্যসেৎ ) ] ভূতশুদ্ধি, প্রাণায়ামাদি ও তত্তদ্দেবতার মুদ্রাবন্ধন-পূর্ব্বক স্বস্বপদ্ধত্যুক্ত বিধানানুসারে ইষ্টদেবতার পূজা করত তেজোরূপিণী স্বীয় দেবতাকে স্বহৃদয়ে ধ্যান করিবে এবং প্রাতঃকালে আরম্ভ করিয়া মধ্যাহ্ন পর্য্যন্ত জপ করিবে। জপশেষে হোম, তর্পণ, অভিষেক ও ব্রাহ্মণভোজন সম্পন্ন করিতে হয়। কুলার্ণবে লিখিত আছে, জলে ইষ্টদেবতার আবাহন পূর্ব্বক জলরূপ পাদ্যাদি উপহার দ্বারা যথাবিধি পরিবারগণসমন্বিত ইষ্টদেবের অর্চ্চনা করিয়া পরিবারগণকে এক এক অঞ্জলি জল দ্বারা তর্পণ করিবে এবং কর্পূরমিশ্রিত তীর্থোদক দ্বারা হোমের দশাংশ সংখ্যায় ইষ্টদেবতার তর্পণ করিবে। পরিবারগণের নাম তত্তদ্দেবতার মন্ত্রপ্রকরণে লিখিত আছে। প্রধান তর্পণমন্ত্র যথা—মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক অমুকদেবতাং তর্পয়ামি স্বাহা, * ইহা শক্তিবিষয়ে। পুং দেবতাপক্ষে স্বাহা স্থানে নমঃ হইবে।

---

* কেহ কেহ তর্জ্জনী ও অঙ্গুষ্ঠযোগে তর্পণ করেন। দৈবতীর্থে তর্পণ, ইহাও অনেকের মত।

অভিষেকবাক্য।

নমোঽন্তং মূলমুচ্চার্য্য অমুকদেবতামহমভিষিঞ্চামি—ইতি কলসমুদ্রয়া স্বমূর্দ্ধ্নি অভিষেচয়েৎ।

গৌতমীয়ে—নমোঽন্তং মূলমুচ্চার্য্য তদন্তে দেবতাভিধাম্।
দ্বিতীয়ান্তামহং পশ্চাদভিষিঞ্চাম্যনেন তু।
অভিষিঞ্চেৎ স্বমূর্দ্ধানং তোয়ৈঃ কুম্ভাখ্যমুদ্রয়া॥
ততো ব্রাহ্মণান্ ভোজয়িত্বা দক্ষিণাং কুর্য্যাৎ—

ওঁ অদ্যেত্যাদি কৃতৈতদমুকদেবতামুকমন্ত্রপুরশ্চরণকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং কাঞ্চনমূল্যং বা বহ্নিদৈবতং অমুকগোত্রায় গুরবে তুভ্যমহং সংপ্রদদে। ততোঽচ্ছিদ্রাবধারণং কুর্য্যাদিতি পুরশ্চরণপ্রয়োগঃ।

গ্রহণপুরশ্চরণসঙ্কল্প।

ওঁ অদ্যেতাদি রাহুগ্রস্তে দিবাকরে নিশাকরে বা অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকদেবতায়া অমুকমন্ত্রসিদ্ধিকামো গ্রাসাদ্বিমুক্তিপর্য্যন্তং অমুকমন্ত্রপুরশ্চরণমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য জপেৎ। ততস্তদ্দিনে, তৎপরদিনে

---

অভিষেকবাক্য—মূলমন্ত্রের অন্তে নমঃ শব্দ উচ্চারণ পূর্ব্বক অমুকদেবতামহমভিষিঞ্চামি এই বলিয়া কলসমুদ্রা দ্বারা ( দক্ষিণমুষ্টি দ্বারা বামাঙ্গুষ্ঠ ধরিয়া চিৎভাবে রাখিবে ও দক্ষিণ অঙ্গুষ্ঠ প্রসারিত করিবে। বামহস্তের অঙ্গুলি ৪টি পরস্পর সংযুক্ত করিয়া দক্ষিণাঙ্গুষ্ঠে যোগ করত প্রসারিত করিলে শঙ্খাকৃতি মুদ্রা হইবে ) নিজ মস্তকে অভিষেক করিতে হয়। গৌতমীয়ে লিখিত আছে, মূলমন্ত্রের শেষে নমঃ শব্দ, তৎপরে অভিষিঞ্চামি এইরূপে বাক্য উচ্চারণ করিয়া (কৃষ্ণপক্ষে ক্লীং নমঃ শ্রীঅমুকদেবতামহমভিষিঞ্চামি ) কলসমুদ্রায় জল দ্বারা স্বীয় মস্তকে অভিষেক করিবে। নীলতন্ত্রে লিখিত আছে, শক্তিবিষয়ে মূলমন্ত্রের পর দেবতার নাম উচ্চারণ পূর্ব্বক অভিষিঞ্চামি নমঃ এইরূপ বাক্য দ্বারা (কালীপক্ষে—ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতামহমভিষিঞ্চামি নমঃ এই প্রকার ) তর্পণ করিবে। পরে ব্রাহ্মণ-ভোজন করাইয়া "অদ্যেত্যাদি কৃতৈতৎ অমুকদেবতামুকমন্ত্রপুরশ্চরণকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং বহ্নিদৈবতং অমুকগোত্রায় গুরবে তুভ্যমহং সম্প্রদদে" এইরূপ বাক্য করিয়া গুরুদেবকে দক্ষিণা প্রদান এবং অচ্ছিদ্রাধারণ করিয়া পুরশ্চরণ সাঙ্গ করিবে।

গ্রহণ-পুরশ্চরণের সঙ্কল্প—অদ্যেত্যাদি অমুকগোত্রঃ ইত্যাদিরূপে উপরে

বা স্নানং বিধায় ওঁ অদ্যেত্যাদি অমুকমন্ত্রস্য কৃতৈতদ্‌গ্রহণকালীন-ইয়ৎ-সংখ্যক-জপ-তদ্দশাংশ-হোম-তদ্দশাংশ-তর্পণ-তদ্দশাংশাভিষেক-তদ্দশাংশ-ব্রাহ্মণ-ভোজন-কর্ম্মাণ্যহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য হোমাদিকং কর্ম্ম কৃত্বা, পূর্ব্ববৎ দক্ষিণাদিকং কুর্য্যাদিতি পুরশ্চরণপ্রয়োগঃ।

গ্রহণে আসনোপবেশন নিষেধ।

কামধেনুতন্ত্রে—গ্রহণে চন্দ্রসূর্য্যস্য আসনে ন বসেত্তদা।
কাশীক্ষেত্র সমাভূমির্গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ॥

কূর্ম্মচক্র।




দীপস্থানং সমাশ্রিত্য কৃতং কর্ম্ম ফলপ্রদম্।
দীপ্যতে পুরুষো যত্র দীপস্থানং তদুচ্যতে॥

মূলে যে বাক্য লিখিত রহিল, ঐরূপ বাক্যে যথানিয়মে সঙ্কল্প করিয়া হোমাদি কর্ম্ম শেষ করিবে। পরে দক্ষিণা দিয়া অচ্ছিদ্রাবধারণ করিতে হয়।

গ্রহণে আসনোপবেশন নিষেধ।—কামধেনুতন্ত্রে লিখিত আছে যে, চন্দ্র ও সূর্য্যের গ্রহণে আসনে উপবেশন পূর্ব্বক কার্য্য করিবে না, কারণ, সে সময়ে ভূমি কাশীক্ষেত্র সমান হয়।

কূর্ম্মচক্র।—যে স্থানে পুরুষ দীপ্যমান হয়, তাহার নাম দীপস্থান। দীপ-স্থানকে আশ্রয় করিয়া কর্ম্ম করিলে সেই কর্ম্ম ফলপ্রদ হয়। জপপূজাদি

চতুরস্রাং ভুবং ভিত্ত্বা কোষ্ঠানাং নবকং লিখেৎ।
পূর্ব্বকোষ্ঠাদি বিলিখেৎ সপ্তবর্গাননুক্রমাৎ ॥
ল ক্ষমীশে মধ্যকোষ্ঠে স্বরান্ যুগ্মক্রমাল্লিখেৎ।
দিক্ষু চ পূর্ব্বকোষ্ঠাদি বিলিখেৎ স্বরসংস্থিতীঃ ॥
মুখন্তু তস্য জানীয়াৎ হস্তাবুভয়তঃ স্থিতৌ।
দিক্ষু পূর্ব্বাদিতৌ যত্র ক্ষেত্রাদ্যক্ষরসংস্থিতিঃ ॥
কোষ্ঠে কুক্ষী উভে পাদৌ দ্বে শিষ্টং পুচ্ছমীরিতম্।
ক্রমেণানেন বিভজেন্মধ্যস্থমপি ভাগতঃ ॥
মুখস্থো লভতে সিদ্ধিং করস্থঃ স্বল্পজীবনঃ।
উদাসীনঃ কুক্ষিসংস্থঃ পাদস্থো দুঃখমাপ্নুয়াৎ ॥
পুচ্ছস্থঃ পীড্যতে মন্ত্রী বন্ধনোচ্চাটনাদিভিঃ।
কূর্ম্মচক্রমিদং প্রোক্তং মন্ত্রিণাং সিদ্ধিদায়কম্ ॥

কার্য্যের উপযুক্ত স্থান মনোনীত করিয়া তথায় একটি চতুষ্কোণ মণ্ডল করিবে, পরে ঐ চতুরস্রকে নবকোষ্ঠায় বিভক্ত করিয়া একটি কূর্ম্মাকার চক্র প্রস্তুত করিবে। এই চক্রে পূর্ব্বদিক্ হইতে আরম্ভ করিয়া সপ্তকোষ্ঠায় সপ্তবর্গ এবং ঈশানকোণে ল ক্ষ এই দুই বর্ণ বিন্যস্ত থাকিবে। চতুরস্রের মধ্যবর্ত্তী নবকোষ্ঠের মধ্যে অষ্ট কোষ্ঠাতে এই প্রকার পূর্ব্বদিক্ হইতে আরম্ভ করিয়া দুই দুইটি করিয়া ষোড়শ স্বরবর্ণ লিখিতে হয়। এই চক্রের যে স্থানে ক্ষেত্র (গ্রামের আদ্য অক্ষর) দৃষ্ট হইবে, সেই স্থানই কূর্ম্মের মুখ জানিবে। মুখের দুই পার্শ্বে যে দুই কোষ্ঠা, তাহা দুই হস্ত; হস্তদ্বয়ের নিম্নে যে দুই কোষ্ঠা, তাহা কূর্ম্মের কুক্ষি এবং সর্ব্বনিম্নে যে তিনটি কোষ্ঠা, তাহার দুই পার্শ্বে দুই কোষ্ঠা দুই পদ ও অবশিষ্ট কোষ্ঠা কূর্ম্মের পুচ্ছ। মধ্যবর্ত্তী নবকোষ্ঠাকেও এই প্রকারে মুখহস্তাদিতে বিভক্ত করিবে। জপপূজাদি-মণ্ডপে ঐরূপ কূর্ম্মচক্র অঙ্কন পূর্ব্বক উপবেশন-স্থান নির্ণয় করিবে। মণ্ডপের যে ভাগে কূর্ম্মের মুখ, সেই ভাগে বসিয়া জপ-পূজাদি কার্য্য করিলে মন্ত্র-সিদ্ধি হয় এবং করস্থ হইয়া কার্য্য করিলে অল্পকালজীবী, কুক্ষিস্থ হইয়া করিলে উদাসীন, পাদস্থ হইয়া করিলে দুঃখী এবং পুচ্ছস্থ হইয়া করিলে বন্ধন ও উচ্চাটনাদি দ্বারা পরিপীড়িত হয়।

পিঙ্গলায়াম্—কূর্ম্মচক্রমবিজ্ঞায় যঃ কুর্য্যাজ্জপযজ্ঞকম্।
তস্য যজ্ঞফলং নাস্তি সর্ব্বানর্থায় কল্পতে॥

দীক্ষাপ্রয়োগ—মন্ত্রের দশসংস্কার।

জননং জীবনং পশ্চাত্তাড়নং বোধনন্তথা।
অথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ।
তর্পণং দীপনং গুপ্তির্দশৈতা মন্ত্রসংক্রিয়াঃ॥

মাতৃকা-যন্ত্র।

স্বর্ণাদিপাত্রে সংলিখ্য মাতৃকাযন্ত্রমুত্তমম্।
কাশ্মীরচন্দনেনাপি ভস্মনা বাথ সুব্রতে॥
কাশ্মীরং শক্তিসংস্কারে চন্দনং বৈষ্ণবে মনৌ।
শৈবে ভস্ম সমাখ্যাতং মাতৃকাযন্ত্রলেখনে॥
ব্যোমেন্দ্বোরসনার্ণকর্ণিকমচাং দ্বন্দ্বৈঃ স্ফুরৎকেশরং,
বর্গোল্লাসি বসুচ্ছদং বসুমতীগেহেন সংবেষ্টিতম্।
আশাস্বস্রিষু লান্তলাঙ্গলিযুজা ক্ষৌণীপুরেণাবৃতং,
যন্ত্রং বর্ণতনোঃ পরং নিগদিতং সৌভাগ্যসম্পৎকরম্॥
যন্ত্রস্য দিক্ষু বং বিদিক্ষু ঠং লিখেৎ॥

পিঙ্গলাতে লিখিত আছে, কূর্ম্মচক্র অজ্ঞাতথাকিয়া জপযজ্ঞাদি কার্য্য করিলে তাহা বিফল হয় এবং সর্ব্বপ্রকার অনিষ্ট ঘটে। এই স্থানে একটি চক্র অঙ্কিত থাকিল, তদ্দৃষ্টে সকল বোধগম্য হইবে।

মন্ত্রের দশবিধ সংস্কারের নাম দীক্ষাপ্রয়োগ—গুরু দীক্ষা প্রয়োগে প্রথমতঃ দেয় মন্ত্রের দশবিধ সংস্কার করিবেন, অন্যথা অসংস্কৃত মন্ত্র নির্ব্বীজ হয়। জনন, জীবন, তাড়ন, বোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন, তর্পণ, দীপন ও গুপ্তি এই দশটিই মন্ত্রের সংস্কার বলিয়া কথিত। স্বর্ণাদি পাত্রে মাতৃকাযন্ত্র অঙ্কন করিবে। শক্তিমন্ত্র-সংস্কারে কুঙ্কুম, বিষ্ণুমন্ত্রে রক্তচন্দন ও শিবমন্ত্রে ভস্ম দ্বারা মাতৃকাযন্ত্র লিখিতে হয়।

মাতৃকাযন্ত্র—প্রথমতঃ চতুর্দ্বারবিশিষ্ট একটি চতুষ্কোণ মণ্ডল অঙ্কন পূর্ব্বক তন্মধ্যে একটি অষ্টদলপদ্ম অঙ্কিত করিবে। এই পদ্মের কর্ণিকায় হ্সৌঃ এই মন্ত্র লিখিয়া অষ্টদলে পূর্ব্বাদি দিক্ হইতে ৮ কেশরে যথাক্রমে দুই দুই

মাতৃকা-যন্ত্র।




গৌতমীয়ে—কাদিমান্তান্ পঞ্চবর্গান্ দিক্ষু পূর্ব্বাদিতো ন্যসেৎ।
যাদিবান্তান্ শাদিহান্তান্ ল ক্ষমীশে প্রবিন্যসেৎ।
চতুরস্রং চতুর্দ্বারং দিক্ষু বং ঠং বিদিক্ষু চ॥

দশসংস্কারবিধি।

মন্ত্রাণাং মাতৃকাযন্ত্রাদুদ্ধারো জননং স্মৃতম্।
পঙ্‌ক্তিক্রমেণ বিধিনা মুনিভিস্তত্র নিশ্চিতম্॥

---

স্বরবর্ণ এবং অষ্টপত্রে ককারাদি সপ্তবর্গ এবং ঈশানকোণে ল ক্ষ এই দুই বর্ণ বিন্যাস করিবে। পরে পদ্মের বহির্ভাগস্থ চতুর্দ্বারে বং এই বর্ণ এবং বিদিগ্‌ভাগে ঠং লিখিবে। এই স্থানে একটি যন্ত্র অঙ্কিত রহিল, ইহা দৃষ্টি করিলেই সমস্ত অনায়াসে বুঝিতে পারা যাইবে।

দশসংস্কারবিধি—এই মাতৃকাযন্ত্র হইতে মন্ত্রবর্ণের উদ্ধারের নাম জনন। উদ্ধৃত বর্ণসকলের পঙ্‌ক্তিক্রমে প্রত্যেক বর্ণ প্রণব (ওঁ) দ্বারা পুটিত করিয়া

প্রণবান্তরিতান্ কৃত্বা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ।
প্রত্যেকং শতবারন্তু জীবনং তদুদাহৃতম্॥
দশসংখ্যো বা জপঃ॥
মন্ত্রবর্ণান্ সমালিখ্য তাড়য়েচ্চন্দনাম্ভসা।
প্রত্যেকং বায়ুবীজেন পূর্ব্ববত্তাড়নং মতম্॥
তাড়নং শতধা দশধা বা॥
বিলিখ্য মন্ত্রবর্ণাংস্তু প্রসূনৈঃ করবীরজৈঃ।
তন্মন্ত্রবর্ণসংখ্যাকৈর্হন্যাদ্রেফেণ বোধনম্॥
তত্তন্মন্ত্রোক্তবিধিনা অভিষেকঃ প্রকীর্ত্তিতঃ।
অশ্বত্থপল্লবৈঃ সিঞ্চেন্মন্ত্রী মন্ত্রার্ণসংখ্যয়া॥
সঞ্চিন্ত্য মনসা মন্ত্রং সুষুম্নামূলমধ্যতঃ।
জ্যোতির্ম্মন্ত্রেণ বিধিবদ্দহেন্মলত্রয়ং যতিঃ।
তারং ব্যোমাগ্নিমনুযুগ্দণ্ডী জ্যোতির্ম্মনুর্ম্মতঃ॥
তারং প্রণবঃ। ব্যোম্নো হকারঃ। অগ্নীরেফঃ। মনুরৌকারঃ। তেন ওঁ হ্রৌং॥

প্রপঞ্চসারে—মায়িকং নাম যোষোত্থং পৌরুষং কার্ম্মণং মলম্।
আনব্যং তদ্দ্বয়ং প্রোক্তং নিষিদ্ধং তন্মলত্রয়ম্॥

এক এক বর্ণ একশতবার জপ করার নাম জীবন। কেহ কেহ দশবারও জপ করেন। মন্ত্রের সমস্ত বর্ণ পৃথক্ পৃথক্ করিয়া লিখিয়া 'বং' এই মন্ত্র পাঠ পূর্ব্বক প্রত্যেক বর্ণকে চন্দন-জল দ্বারা শত বা দশবার তাড়ন করিবে, ইহার নাম তাড়ন। মন্ত্রের বর্ণসংখ্যানুসারে করবীরকুসুম দ্বারা 'বং' এই মন্ত্র পাঠ পূর্ব্বক হনন করিবে, ইহার নাম বোধন। মন্ত্রের বর্ণসংখ্যানুসারে অশ্বত্থপল্লব দ্বারা তত্তন্মন্ত্রোক্তবিধানে (কোন স্থলে অভিষিঞ্চামি নমঃ এইরূপ বিধানে) মন্ত্রবর্ণ সকলকে সেচন করার নাম অভিষেক। সুষুম্নার মূল ও মধ্যভাগে দেয়মন্ত্র চিন্তা করিয়া জ্যোতির্ম্মন্ত্রে (ওঁ হ্রৌং এই মন্ত্রে) মলত্রয় দগ্ধ করার নাম বিমলীকরণ। মল ত্রিবিধ;—আনব্য, মায়িক ও কার্ম্মণ। প্রপঞ্চসারে লিখিত আছে, স্ত্রী হইতে যে মল উৎপন্ন হয়, তাহার নাম মায়িক মল, পুরুষ হইতে উৎপন্ন মলকে কার্ম্মণ মল এবং এই উভয়বিধ মলকে আনব্য মল বলা যায়। এই ত্রিবিধ মলই সর্ব্বশাস্ত্রে

স্বর্ণেন কুশতোয়েন পুষ্পতোয়েন বা তথা।
তেন মন্ত্রেণ বিধিবদাপ্যায়নবিধিঃ স্মৃতঃ॥
মন্ত্রেণ বারিণা মন্ত্রে তর্পণং তর্পণং মতম্॥
( মধুনা শক্তিমন্ত্রেষু বৈষ্ণবে চেন্দুমজ্জলৈঃ।
শৈবে ঘৃতেন দুগ্ধেন তর্পণং সম্যগীরিতম্ )॥
অভিষেকেঽপি তথা॥
তারমায়া-রমাযোগো মনোর্দীপনমুচ্যতে।
জপ্যমানস্থ মন্ত্রস্থ গোপনং ত্বপ্রকাশনম্॥

তারমায়ারমাযোগ ইতি ওঁ হ্রীঁ শ্রীঁ ইতি বীজপুটিতং মন্ত্রমষ্টোত্তরশতং জপেদিত্যর্থঃ।

নিষিদ্ধ। মন্ত্রবর্ণ-সকলকে স্বর্ণ, কুশোদক বা পুষ্পোদক দ্বারা জ্যোতির্ম্মন্ত্রে আপ্যায়ন করার নাম আপ্যায়ন। পূর্ব্বোক্ত জ্যোতির্ম্মন্ত্র দ্বারা দেয়-মন্ত্রের বর্ণসংখ্যানুসারে জল দ্বারা তর্পণ করার নাম মন্ত্র-তর্পণ। শক্তিমন্ত্রে মধু দ্বারা, বিষ্ণুমন্ত্রে কর্পূর-মিশ্রিত জল দ্বারা ও শিবমন্ত্র-সম্বন্ধে দুগ্ধ দ্বারা তর্পণ করিতে হয়। অভিষেকেও এইরূপ নিয়ম। তার ( ওঁ ), মায়া ( হ্রীঁ ), রমা ( শ্রীঁ ), এই মন্ত্রত্রয়-পুটিত মূলমন্ত্র ১০৮ বার জপ করার নাম মন্ত্রের দীপন। অপ্রকাশ রাখার নাম মন্ত্রের গুপ্তি। মন্ত্রের দশসংস্কার অতিশয় গোপনীয়। এই দশবিধ সংস্কার করিয়া মন্ত্রগ্রহণ করিলে অভীষ্ট ফললাভ হয়।

**দীক্ষাপ্রয়োগ।**—শিষ্য পূর্ব্বদিন উপবাসী থাকিয়া দীক্ষাদিনে নিত্যক্রিয়া সমাপনান্তে সূর্য্যার্ঘ্যদান—গণেশাদি, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি লোকপাল; ব্রাহ্মণগণ ও গুরুপঙ্‌ক্তি পূজা করিয়া "ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুকদেবতায়া অমুক-মন্ত্রদীক্ষাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু" ( প্রতিবচনে ওঁ পুণ্যাহং ৩ বার বলাইবে ) এইরূপ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু ( ওঁ স্বস্তি ৩ বার ), ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু ( ওঁ ঋধ্যতাম্ ৩ বার ) (যজুর্ব্বেদী ও শূদ্রে অগ্রে ঋদ্ধি, পরে স্বস্তিপাঠ এই ক্রমে করিবে)। ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্। (যজুর্ব্বেদী ও শূদ্রে—স্ত্রীশূদ্র ব্রাহ্মণ দ্বারা পাঠ করাইবে) ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু। এই স্বস্তি-সূক্ত পড়িবেন। ওঁ স্বস্তি ৩ বার।

কৃতাঞ্জলি হইয়া ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা। পবনো

দিক্‌পতিভূ মিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্ ॥ অয়মারম্ভঃ শুভায় ভবতু। পরে নারায়ণকে গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া ওঁ সর্ব্ব-মঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্। নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ ॥ ওঁ তৎসৎ উচ্চারণ করিবে। (স্ত্রী শূদ্রে ওঁ তৎসৎ পাঠ করিবে না) উত্তরমুখে ভূমিতে হাঁটু রাখিয়া কুশ-তিল-জল-পুষ্পপূর্ণ তাম্রপাত্র লইয়া সঙ্কল্প করিবে—বিষ্ণুরোম্ তৎসদন্ত অমুকে মাসি (সৌরমাস) অমুকরাশিস্থে (সূর্য্য যে মাসে যে রাশিতে থাকিবেন, সেই রাশি) ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ (গ্রহণকালে দীক্ষা হইলে রাহুগ্রস্তে দিবাকরে বা নিশাকরে, সংক্রান্তিদিনে হইলে অমুকসংক্রান্ত্যাং) অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (স্ত্রী—অমুকগোত্রা শ্রীঅমুকদেবী বা দাসী, শূদ্র—অমুকগোত্রঃ শ্রীঅমুকদাসঃ) ধর্ম্মার্থকামমোক্ষ-প্রাপ্তিকামঃ (স্ত্রী—প্রাপ্তিকামা) অমুকদেবতায়া ইয়দক্ষর (একাক্ষর অষ্টাক্ষর ত্র্যক্ষর) অমুকমন্ত্র (দেয় মন্ত্র) দীক্ষামহং করিষ্যে। ঐ জল ঈশান কোণে ফেলিয়া পাত্র উবুড় করিয়া দিবে। সঙ্কল্পসূক্ত পড়িবে। (স্ত্রী-শূদ্র ব্রাহ্মণ দ্বারা পড়াইবে) ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্যাসিচং উদ্বা সিঞ্চধ্বমুপবা পৃণধ্বমাদিদ্বো দেব ওহতে।

যজুর্ব্বেদী ও শূদ্রের পক্ষে—

ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি দৈবং তদুসুপ্তস্য তথৈবৈতি দূরঙ্গমম্।
জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃশিব সঙ্কল্পমস্তু ॥

সঙ্কল্পিতার্থাঃ সিদ্ধাঃ সন্তু।—

পরে গুরুকে বরণ করিবে। যথা—আসন দিয়া বলিবে, ওঁ সাধুভবানাস্তাম্, (গুরু) ওঁ সাধ্বহমাসে। (শিষ্য) ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্ এই বলিয়া গন্ধপুষ্প দিবে। (গুরু) ওঁ অর্চ্চয়। বস্ত্র অঙ্গুরীয়ক গন্ধপুষ্প যজ্ঞসূত্র লইয়া "ইমানি বস্ত্রাঙ্গুরীয়ক-গন্ধপুষ্প-যজ্ঞসূত্রাণি ব্রাহ্মণায় নমঃ" এই মন্ত্রে দিবে। (গুরু) ওঁ স্বস্তি।

দক্ষিণহস্তে বামহস্ত যোগ করত আতপতণ্ডুল লইয়া গুরুর দক্ষিণ জানু ধরিয়া বলিবে—বিষ্ণুরোম্ তৎসদন্তামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ (সঙ্কল্পবৎ সমস্তই উল্লেখ্য) অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা মৎসঙ্কল্পিতামুকদেবতামুকমন্ত্রদীক্ষাকর্ম্মণি অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং এভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্চ্য গুরুত্বেন ভবন্তমহং বৃণে। (গুরু) ওঁ বৃতোঽস্মি। (শিষ্য) ওঁ যথাবিহিতং গুরুকর্ম্ম কুরু। (গুরু) ওঁ যথাজ্ঞানং করবাণি।

পরে গুরু সাধারণপূজাপ্রকরণানুসারে সামান্যার্ঘ্য, বিঘ্নাপসারণ, আসনশুদ্ধি, পঞ্চগব্যের দ্বারা বেদী-শোধন, গুরুপ্রণাম, করশুদ্ধি, দিগ্‌বন্ধন, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, অন্তর্মাতৃকান্যাস, বাহ্যমাতৃকান্যাস, প্রাণায়াম ( মূলমন্ত্রে, বীজমন্ত্রে অথবা প্রণব দ্বারা ) ঋষ্যাদিন্যাস, ( তত্তৎকল্পোক্ত ) করন্যাস, অঙ্গন্যাস, পীঠন্যাস, ব্যাপকন্যাস, যথাযথ মুদ্রাপ্রদর্শন, ধ্যান, বিশেষার্ঘ্যাদ্বয়, পীঠপূজা, পুনর্ধ্যান, সর্ব্বতোভদ্রমণ্ডলোপরি ঘটস্থাপন, ( শালগ্রামশিলা থাকিলে করিতে হয় না। ) কেহ কেহ ঘটস্থাপন ভূতাপসারণের পূর্ব্বেই করেন, ঘটস্থাপন থাকিলে আবাহন করিবে। যথাশক্তি উপচারে পুষ্পদান পর্য্যন্ত করিয়া শিরঃ হৃদয় মূলাধার পাদ ও সর্ব্বাঙ্গ এই পঞ্চাঙ্গ উদ্দেশে পঞ্চপুষ্পাঞ্জলি দিয়া ধূপ ( দেবতার বামভাগে অথবা সম্মুখে ) দীপ ( দেবতার দক্ষিণভাগে কিংবা সম্মুখে ) দান করিয়া পুষ্পাঞ্জলিত্রয় দান করিবে, নৈবেদ্যনিবেদনাদি ( পক্কান্ন দেবতাবামে, আমান্ন দক্ষিণে অথবা সম্মুখে ) তাম্বূলদানান্ত কার্য্য করিয়া অমুকদেবি অমুকদেব বা আবরণন্তে পূজয়ামি, এইরূপে অনুমতি লইয়া যথোক্তরূপে ( দেবতাভেদে আবরণ ভিন্ন ) পূজা করিয়া মূলদেবতার তিনবার মূলমন্ত্রান্তে ('অমুকদেবতাং তর্পয়ামি স্বাহা—পুংদেবতাপক্ষে তর্পয়ামি নমঃ ) তর্পণ করিয়া মূলমন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া পুষ্পাঞ্জলিত্রয় দিবে। পরে প্রাণায়াম (জপের আদ্যন্তে প্রাণায়াম, করাঙ্গন্যাস ও সেতু করিতে হয় ) পূর্ব্বক যথাশক্তি মূলমন্ত্র জপ করিয়া 'গুহ্যাতি' ইত্যাদি মন্ত্রে জপ সমর্পণ করিবে। স্তবকবচাদি পাঠ করিয়া প্রণামান্তে গুরু তান্ত্রিক হোমপদ্ধতি অনুসারে বহ্নিস্থাপন পূর্ব্বক যথোক্ত দ্রব্যে হোম করিয়া তিলকদানান্তে শিষ্যকে সম্মুখে আনয়ন করত 'বৌষট্' এই মন্ত্রে শিষ্যের নেত্রদ্বয় বস্ত্র দ্বারা আচ্ছাদন করিয়া পুষ্প দ্বারা শিষ্যের অঞ্জলি পূরণ করিবেন। পরে গুরু মূলমন্ত্রান্তে এষ পুষ্পাঞ্জলিঃ অমুকদেবতায়ৈ বৌষট্ পাঠ করিলে দেবতার প্রীতি-উদ্দেশে ঘটের উপর শিষ্য পুষ্পাঞ্জলি ফেলিবে। নেত্রবন্ধন খুলিয়া কুশাসনে উপবেশন করাইয়া ভূতশুদ্ধ্যাদি করিয়া শিষ্যের দেহে (মন্ত্রন্যাস, করন্যাস ও অঙ্গন্যাস) করিবেন। পুনরায় ঘটস্থদেবতার পঞ্চোপচারে পূজা করিয়া মঙ্গলাচার পূর্ব্বক শান্তিকুম্ভ লইয়া তাহা হইতে পঞ্চপল্লব শিষ্যের মস্তকে রাখিয়া মনে মনে মাতৃকামন্ত্র জপ করিয়া মূলমন্ত্রে অভিমন্ত্রিত শান্তিজলে বশিষ্ঠসংহিতোক্ত অভিষেকমন্ত্রে ( তান্ত্রিক শান্তি দেখ ) তাহাকে অভিষিক্ত করিবেন। পরে দেবতাকে শিষ্যে সংক্রান্ত মনে করিয়া

শিষ্য ও দেবতার ঐক্য ভাবিয়া গন্ধাদি দ্বারা শিষ্যদেহস্থিত দেবতাকে পূজা করিবেন। ওঁ সহস্রারে হুং ফট্ এই মন্ত্রে শিষ্যের শিখা বন্ধন করিয়া সে রক্ষিত হইল ভাবিয়া তাহার শরীরে কলান্যাস করিবেন, যথা—ত্রিপত্রের দ্বারা পাদ হইতে জানু পর্য্যন্ত ওঁ নিবৃত্ত্যৈ নমঃ, স্পর্শ করিবে, জানু হইতে নাভি পর্য্যন্ত স্পর্শ করত ওঁ প্রতিষ্ঠায়ৈ নমঃ, নাভি হইতে কণ্ঠ পর্য্যন্ত পূর্ব্বোক্ত প্রকারে ওঁ বিদ্যায়ৈ নমঃ, কণ্ঠ হইতে ললাট পর্য্যন্ত ওঁ শান্ত্যৈ নমঃ, ললাট হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত ওঁ শান্ত্যতীতায়ৈ নমঃ, পুনঃ—ব্রহ্মরন্ধ্র হইতে ললাটে ওঁ শান্ত্যতীতায়ৈ নমঃ, ললাট হইতে কণ্ঠ পর্য্যন্ত ওঁ শান্ত্যৈ নমঃ, কণ্ঠ হইতে নাভি পর্য্যন্ত ওঁ বিদ্যায়ৈ নমঃ, নাভি হইতে জানু পর্য্যন্ত ওঁ প্রতিষ্ঠায়ৈ নমঃ, জানু হইতে পাদ পর্য্যন্ত ওঁ নিবৃত্ত্যৈ নমঃ বলিয়া স্পর্শ করিবে।

পরে শিষ্যের মস্তকে হস্ত রাখিয়া দেয় মন্ত্র ১০৮ বার জপ করিয়া 'অমুক-দেবতায়া অমুকমন্ত্রং তেঽহং দদানি' বলিয়া শিষ্য-হস্তে জল দিবে। শিষ্য ওঁ দদস্ব বলিবে। অনন্তর গুরু ঋষ্যাদি সহিত (তান্ত্রিক পূজাপ্রকরণ দেখ) দেয় মন্ত্র শিষ্যের দক্ষিণকর্ণে তিনবার শুনাইয়া বামকর্ণে ১ বার শুনাইবে। স্ত্রী-শূদ্রের পক্ষে ইহার বিপরীত অর্থাৎ বামকর্ণে তিনবার, দক্ষিণকর্ণে একবার শ্রবণ করাইবে। গুরু পূর্ব্বমুখে বসিয়া শুনাইবেন। শিষ্য পশ্চিমমুখে বসিয়া শুনিবেন। এইরূপে তত্তৎদেবতার গায়ত্রীও শুনাইবেন। শিষ্য গুরু হইতে মূলমন্ত্র লাভ করিয়া শক্তিসঞ্চারের জন্য দেবতা, গুরু ও মন্ত্রের ঐক্যজ্ঞান হইলে ৮ বার জপ করিবে, ঐক্যজ্ঞান না হইলে সহস্রবার জপ করিবে, গুরুও নিজের শক্তিরক্ষার্থ আবশ্যকমত সহস্র বা শতবার জপ করিবেন। মতান্তরে অষ্টোত্তরশত জপ হইবে। তন্ত্রান্তরে লিখিত আছে, শিষ্য লব্ধমন্ত্র শতবার জপ করিবে, গুরুসমীপে তিন দিন বাস করিবে, নচেৎ সঞ্চারিণী শক্তি ফিরিয়া গুরুকে প্রাপ্ত হয়। মন্ত্রজপান্তে শিষ্য গুরুচরণে দণ্ডবৎ পতিত হইয়া বলিবে—

ত্বৎপ্রসাদাদহং দেব কৃতকৃত্যোঽস্মি সর্ব্বতঃ।
মায়ামৃত্যুমহাপাশাদ্‌বিমুক্তোঽস্মি শিবোঽস্মি চ॥

গুরু এই মন্ত্রে তাহাকে উঠাইবেন—

উত্তিষ্ঠ বৎস মুক্তোঽসি সম্যগাচারবান্ ভব।
কীর্ত্তিশ্রীকান্তিপুত্রায়ুর্ব্বলারোগ্যং সদাস্তু তে॥

শিষ্য গুরুকে সুবর্ণ বা কাঞ্চন ( ১ ভরি কাঞ্চন সুবর্ণ, একখণ্ড স্বর্ণকাঞ্চন ) অর্চ্চনা করিয়া দক্ষিণা দিবে। অদ্যেত্যাদি ( সঙ্কল্পবৎ ) অমুকদেবতায়া অমুক-মন্ত্রগ্রহণপ্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং সুবর্ণং বা কাঞ্চনং বা কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণু-দৈবতং অর্চ্চিতং যথাসম্ভবগোত্রনাম্নে শ্রীগুরবে তুভ্যমহং সম্প্রদদে।

পরে কৃতৈতৎদীক্ষাকর্ম্মাচ্ছিদ্রমস্তু। কৃতেঽস্মিন্ দীক্ষাকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণোঃ স্মরণমহং করিষ্যে। এইরূপে অচ্ছিদ্রাব-ধারণ ও বৈগুণ্যশান্তি করিবে। গুরু শিষ্যকে শান্তি—'ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু' ইত্যাদি তান্ত্রিক শান্তিসূত্রে শান্তি দিবেন।

গুরুকে দক্ষিণাদানের নিয়ম।—স্বতন্ত্র তন্ত্রে কথিত আছে, বিত্তশাঠ্য না করিয়া সর্ব্বস্ব বা তদর্দ্ধ বা তদর্দ্ধ তাঁহার আজ্ঞানুসারে দিবে।

রক্তকম্বলাসন গুরুকে উপবেশনার্থ দিবে। দুগ্ধবতী গাভী ও অলঙ্কার-বস্ত্রাদি ব্যবহারার্থ দিবে। সেই দিনে দীক্ষিত দশটি ব্রাহ্মণ ভোজন করাইয়া দক্ষিণা দিবে। গুরুশিষ্য দীক্ষাদিনে উপবাসী থাকিবে না। গুরূচ্ছিষ্টপ্রসাদ অমৃতবোধে ভোজন করিবে।

ইতি দীক্ষাপদ্ধতি।

# দ্বিতীয় প্রবাহ

## নিত্যকৃত্য-প্রকরণ।

### প্রাতঃকৃত্য।

[ রাত্রির শেষ প্রহরার্দ্ধ (সূর্য্যোদয়ের পূর্ব্ব ১।৩৬ মিনিট ) মধ্যে করণীয় ]

সাধারণতঃ দিবারাত্রকে ৮ভাগে বিভক্ত করিলে এক এক ভাগ যাম বা প্রহর বলিয়া অভিহিত হয়। যামের বা প্রহরের অর্দ্ধাংশকে যামার্দ্ধ বলে। তাহার অর্দ্ধাংশকে মুহূর্ত্ত বলা যায়, মুহূর্ত্ত ধরিয়াই সমস্ত বৈধ কার্য্য করা হয়। রাত্রিশেষযামার্দ্ধ ও প্রথমযামার্দ্ধ দিনবৎ; প্রতি যামার্দ্ধের সময়-পরিমাণ, দিনমানের বা রাত্রিমানের দীর্ঘতা ও হ্রস্বতা অনুসারে কম-বেশি হইয়া থাকে, কিন্তু সমদিবারাত্রিস্থলে ১।৩৬ মিনিট ধরিবে। ঐরূপ দেশভেদে সূর্য্যোদয়ের সময়ের ব্যতিক্রম আছে, সে কারণ সূর্য্যোদয়ের পূর্ব্ব ১।৩৬ মিনিট বা ন্যূনাধিক সময়ে প্রাতঃকৃত্য করিবে। দুই মুহূর্ত্তে ১ যামার্দ্ধ, রাত্রির শেষ যামার্দ্ধের প্রথম মুহূর্ত্ত ব্রাহ্ম্যমুহূর্ত্ত ও দ্বিতীয় মুহূর্ত্ত ( তৎপরবর্ত্তী ৪৮ মিনিট ) রৌদ্র-মুহূর্ত্ত নামে কথিত। ব্রাহ্ম্য মুহূর্ত্তে গাত্রোত্থান করা কর্ত্তব্য। তৎপ্রমাণ যথা—

রাত্রেশ্চ পশ্চিমে যামে মুহূর্ত্তো যস্তৃতীয়কঃ।
স ব্রাহ্ম ইতি বিখ্যাতো বিহিতঃ সংপ্রবোধনে॥

তান্ত্রিকেরা তন্ত্রোক্ত (তান্ত্রিক নিত্যকৃত্য-প্রকরণে দ্রষ্টব্য) বিশেষ বিধি পালন করিবেন, সাধারণ মতে গুরুপ্রণাম করিয়া ওঁ নমোঽস্তু গুরবে তস্মা ইষ্টদেবস্বরূপিণে। যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসারসংজ্ঞকম্॥ মন্ত্র পাঠ করিবে। পরে দীক্ষিত বা অদীক্ষিত সকলেই নিম্নলিখিত বিধি পালন করিবেন। প্রথা—পূর্ব্বাস্য বা উত্তরাস্য হইয়া পড়িবে।—

প্রভাতে যঃ স্মরেন্নিত্যং দুর্গা দুর্গাক্ষরদ্বয়ম্।
আপদস্তস্য নশ্যন্তি তমঃ সূর্য্যোদয়ে যথা॥
ব্রহ্মা মুরারিস্ত্রিপুরান্তকারী, ভানুঃ শশী ভূমিসুতো বুধশ্চ।
গুরুশ্চ শুক্রঃ শনী রাহুকেতু, কুর্ব্বন্তু সর্ব্বে মম সুপ্রভাতম্॥

কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী
ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা ॥
বগলা সিদ্ধবিদ্যা চ মাতঙ্গী কমলাত্মিকা।
এতা দশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥
অহল্যা দ্রৌপদী কুন্তী তারা মন্দোদরী তথা।
পঞ্চকন্যাঃ স্মরেন্নিত্যং মহাপাতকনাশনম্ ॥
পুণ্যশ্লোকো নলো রাজা পুণ্যশ্লোকো যুধিষ্ঠিরঃ।
পুণ্যশ্লোকা চ বৈদেহী পুণ্যশ্লোকো জনার্দ্দনঃ ॥
কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ।
ঋতুপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনম্ ॥
কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম রাজা বাহুসহস্রভৃৎ।
যোঽস্য সংকীর্ত্তয়েন্নাম কল্যমুত্থায় মানবঃ।
ন তস্য বিত্তনাশঃ স্যান্নষ্টঞ্চ লভতে পুনঃ ॥
অহং দেবো ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাহং ন শোকভাক্।
সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তস্বভাববান্ ॥
লোকেশ চৈতন্যময়াধিদেব, শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং, সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে ॥
জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তির্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশ হৃদি স্থিতেন, যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥
প্রাতঃ প্রভৃতি সায়ান্তং সায়াদি প্রাতরন্ততঃ।
যৎ করোমি জগত্যর্থে তদস্তু তব পূজনম্ ॥

দৈনিক ধর্ম্ম ও তদবিরোধী অর্থাদিচিন্তন।

**অনন্তর** দিবাভাগে কি কি কার্য্য করিতে হইবে, ধর্ম্মের অবিরোধে কি কি **অর্থসাধন করিতে** হইবে এবং ধর্ম্মার্থের অবিরোধে কি কি **কামসাধন করিতে হইবে,** তাহা চিন্তা করিতে হয়। শাস্ত্রেও লিখিত আছে, যথা,—

প্রবুদ্ধশ্চিন্তয়েদ্ধর্ম্মমর্থঞ্চাস্যাবিরোধিনম্।
অপীড়য়া তয়োঃ কাম্যমুভয়োরপি চিন্তয়েৎ ॥

**বস্তুতঃ এরূপ চিন্তা দ্বারা দিন দিন হৃদয়ে সত্ত্বগুণ সংবর্দ্ধিত হয়।**

পৃথিবী-প্রণতি।

অনন্তর পৃথিবীকে নমস্কার করিবে, যথা,—

সমুদ্রমেখলে দেবি পর্ব্বতস্তনমণ্ডলে।
বিষ্ণুপত্নি নমস্তুভ্যং পাদস্পর্শং ক্ষমস্ব মে॥

এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক পুরুষ দক্ষিণপদ এবং স্ত্রী বামপদ নিক্ষেপ করত "ওঁ প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ" এই মন্ত্র বা বাক্য উচ্চারণ পূর্ব্বক পৃথিবীকে নমস্কার করিবে।*

মাঙ্গল্যদ্রব্যদর্শন।

তৎপরে পুরুষ প্রথমে দক্ষিণপদ ও নারীজাতি বামপদ ভূতলে নিক্ষেপ পূর্ব্বক গৃহ হইতে বহির্গত হইবে এবং সর্ব্বপ্রথমে অগ্নি, বেদবিদ্-দ্বিজাতি, গো, যাজ্ঞিক ও ভাগ্যবতী স্ত্রী, দর্পণ, সুবর্ণ প্রভৃতি মাঙ্গল্যদ্রব্য ইহাদিগকে দর্শন করিয়া পরে অন্যের মুখ দেখিবে। প্রভাতে উঠিয়া পাপাত্মা, ভাগ্য-হীনা স্ত্রী, ছিন্ন-নাসিক, নগ্নব্যক্তি এবং মদ্য দর্শন করিতে নাই।

বিণ্মূত্রত্যাগ।

তৎপরে বাসস্থানের নৈঋতকোণে মলমূত্রত্যাগার্থ স্থান নিরূপণ করিবে। গ্রামবাসী হইলে বাসস্থানের দেড়শত হস্ত দূরে এবং নগরবাসী হইলে তাহার চতুর্গুণ দূরে মলমূত্রত্যাগ করা কর্ত্তব্য। দিবাভাগে উত্তরমুখ (সন্ধ্যার দিবাভাগে দিবাবৎ, রাত্রিভাগে রাত্রিবৎ) এবং রাত্রিকালে দক্ষিণমুখ হইয়া মাথায় কাপড় দিয়া থুথুফেলা ও দীর্ঘশ্বাস পরিত্যাগ করিয়া মৌনভাবে মলমূত্রত্যাগ করিবে। অত্যন্ত বেগবোধ না হইলে সন্ধ্যাকালে মলমূত্রত্যাগ করিবে না; মলমূত্রত্যাগকালে হস্ত দ্বারা জলপাত্র স্পর্শ করিবে না; জৃম্ভণ (হাইতোলা) ও ক্ষুৎ (হাঁচি) দেওয়াও নিষিদ্ধ। জুতা বা খড়ম ধারণ করিয়া মলমূত্র-পরিত্যাগ অথবা তৎকালে শূন্যমার্গ বা কোন দিকে দৃষ্টিপাত করিবে না। নৌকা, সূর্য্য, বায়ু, চন্দ্র, দেবালয়, গো, ব্রাহ্মণ, স্ত্রীজাতি, গুরু, ইহাদের অভিমুখে মলমূত্রত্যাগ করিতে নাই। দাঁড়াইয়া দাঁড়াইয়া বা গমন করিতে করিতে কিংবা আর্দ্রবস্ত্রে মলমূত্রত্যাগ নিষিদ্ধ। বল্মীক, গোব্রজ, জীর্ণদেবালয়, ভস্ম, পথ, পর্ব্বত, চষাভূমি, চিতা, জীবযুক্ত গর্ত্ত, জল, নদীতীর এই সমস্ত

* শূদ্র বা স্ত্রীজাতি ওঁ স্বাহা, স্বধা, বৌষট্ ইত্যাদি ও অন্য বেদমন্ত্র উচ্চারণ করিবে না।

স্থানে মলমূত্রত্যাগ করিবে না। রাত্রিকালে চোরব্যাঘ্রাদি-ভীতিযুক্ত স্থলে, অন্ধকারাচ্ছন্ন স্থানে বা বৃক্ষাদি-ছায়াবৃত স্থানে মলমূত্রত্যাগ করিতে হইলে যথেচ্ছমুখে বসিতে পারা যায়। উত্তরীয়বস্ত্র থাকিলে ব্রাহ্মণেরা মালার ন্যায় যজ্ঞোপবীত পৃষ্ঠদেশে রাখিবেন; উত্তরীয়বস্ত্র না থাকিলে কর্ণে যজ্ঞোপবীত ধারণ করিতে হয়। মলমূত্রত্যাগকালে অণ্ডদ্বয় বামহস্ত দ্বারা দৃঢ়রূপে ধারণ পূর্ব্বক মলমূত্রত্যাগ করিবে। তৎপরে মলত্যাগস্থল হইতে উঠিয়া শৌচক্রিয়া সম্পাদন করিতে হয়।

### শৌচাচরণ।

শৌচ দ্বিবিধ;—বাহ্য ও আভ্যন্তর। মৃত্তিকা, জল প্রভৃতি দ্বারা শুদ্ধির নাম বাহ্য এবং মানসশুদ্ধির নাম আভ্যন্তর। যাবৎ মানস শৌচ-শিক্ষা না হয়, তাবৎ বাহ্যশৌচ কর্ত্তব্য। বসা, শুক্র, রক্ত, মজ্জা, মূত্র, বিষ্ঠা, কর্ণমল, নখ, শ্লেষ্মা, অশ্রু, দূষিকা ( পিঁচুটি ) ও স্বেদ, মানবদেহে এই দ্বাদশটি মল বিদ্যমান আছে। তন্মধ্যে জল ও মৃত্তিকা দ্বারা প্রথমোক্ত ছয়টির এবং কেবলমাত্র জল দ্বারা শেষোক্ত ছয়টির শুদ্ধি হইয়া থাকে। দক্ষিণ হস্তে শৌচক্রিয়া নিষিদ্ধ, এমন কি, নাভির অধোভাগ দক্ষিণ হস্তে এবং নাভির ঊর্দ্ধভাগ বামহস্তে স্পর্শও নিষিদ্ধ। বামকরে মৃত্তিকা লইয়া একবার শিশ্নে, তিনবার গুহ্যে, দশবার বামহস্তে এবং পুনর্ব্বার সাতবার করিয়া দুই হস্তে মৃত্তিকা লেপন করিবে। কেহ কেহ শিশ্নে একবার, গুহ্যদেশে তিনবার, বামহস্তের তলদেশে দশবার, বামহস্তপৃষ্ঠে ছয়বার এবং পরে দুই হস্তে সাতবার করিয়া মৃত্তিকা দিবার ব্যবস্থা দেন। আবার কেহ কেহ শিশ্নে একবার, গুহ্যে পাঁচবার, বামকরে দশবার, দুই হস্তে সাত সাতবার, প্রতিচরণে এক একবার এবং দুই হাতে তিন তিনবার মৃত্তিকালেপনের বিধিও দিয়া থাকেন। ইহাতেও দুর্গন্ধ দূর না হইলে দুর্গন্ধনাশ যাবৎ না হয়, পুনঃ পুনঃ মৃত্তিকালেপন করিতে হয়। পরে জল দ্বারা উত্তমরূপে ধৌত করিবে।

মৃত্তিকা-লেপনান্তে জল দ্বারা ধৌত করিবে। জলাশয়ের জল দ্বারা ধৌত করিতে হইলে জলাশয়ের তীরবর্ত্তী এক হস্তপ্রমাণ স্থান পরিত্যাগ করত ( কিঞ্চিৎ জলে নামিয়া ) জলশৌচ করিতে হয়। তৎপরে তৃণাদি দ্বারা নখাভ্যন্তরস্থ মৃত্তিকাদি ধীরে ধীরে অপসারিত করিবে। অনন্তর পদদ্বয়ে তিন তিনবার করিয়া মৃত্তিকা দিয়া প্রক্ষালন করিবে। কেবল মূত্রত্যাগের পর

একবার শিশ্নে, তিনবার বামহস্তে, দুই দুইবার দুই হস্তে এবং এক একবার প্রতিপদে মৃত্তিকা দিয়া জল দ্বারা ধৌত করিবে। অনুপনীত দ্বিজশিশু, স্ত্রীজাতি ও শূদ্র, ইহাদের পক্ষে শৌচের কোনরূপ সংখ্যা নির্দ্দিষ্ট নাই, দুর্গন্ধ দূর হওয়া পর্য্যন্ত তাহারা পুনঃপুনঃ মৃত্তিকালেপন করত উত্তমরূপে ধৌত করিবে।

পীড়িত অথবা পথিকের পক্ষে যথাসম্ভব শৌচক্রিয়া করাই ব্যবস্থা। বিদেশী পরগৃহবাসী রাজ-সেবকের পক্ষেও শৌচব্যবস্থা ঐরূপ। রাত্রিকালে কোন বিঘ্নবশতঃ সম্পূর্ণ শৌচক্রিয়ায় অসমর্থ হইলেও ঐরূপ যথাসম্ভব শৌচক্রিয়া করিতে পারে; কিন্তু সামর্থ্য থাকিতে নিয়মভ্রষ্ট হইবে না। মতান্তরে এইরূপ নিয়ম গৃহীর পক্ষেই নির্দ্দিষ্ট; ব্রহ্মচারী প্রভৃতি অবশিষ্ট আশ্রমীরা উত্তরোত্তর ইহার দ্বিগুণ আচরণ করিবে। নিশাভাগে দিবাশৌচের অর্দ্ধেক করিতে হয়; রোগগ্রস্তের পক্ষে তদর্দ্ধ, পথিকের পক্ষে তাহারও অর্দ্ধ এবং স্ত্রীজাতির পক্ষে তাহারও অর্দ্ধ ব্যবস্থেয়।

মূষিকোদ্ধৃত, বল্মীকোদ্ধৃত, গৃহলেপনযোগ্য, জলগর্ভস্থ, কর্দ্দমযুক্ত, অন্যের শৌচাবশিষ্ট, প্রাণিবিশিষ্ট ও হলোৎখাত মৃত্তিকা শৌচক্রিয়ায় নিষিদ্ধ। তর্জ্জনী, মধ্যমা ও অনামা এই তিনটি অঙ্গুলীর পর্ব্বত্রয় পূর্ণ হইতে পারে, এতৎপ্রমাণ মৃত্তিকা শৌচার্থ গ্রাহ্য। শৌচকালে অভিবাদন করিবে না ও অন্যের অভিবাদন গ্রহণ করিবে না। গোময় ও মৃত্তিকাদি দ্বারা শৌচপাত্র মার্জ্জিত করিয়া মুখ ধৌত করিয়া সূর্য্য বা চন্দ্র কিংবা অগ্নি দর্শন করিতে হয়।

### পাদক্ষালন।

পশ্চিমমুখ হইয়া উপবেশন পূর্ব্বক ধীরে ধীরে প্রথমে বামপাদ, পরে দক্ষিণ-পাদ (সর্ব্ববেদীয় ব্রাহ্মণগণের এই নিয়ম) স্বয়ং প্রক্ষালন করিবে। শূদ্র ব্রাহ্মণের পা ধুইয়া দিলে তাহাই করিবে, কিন্তু ব্রাহ্মণ (শিষ্যাদি) ব্রাহ্মণের পা ধুইয়া দিতে আসিলে তাঁহাকে প্রথমে দক্ষিণ পাদ, পরে বাম পাদ দিবে। দেব-কার্য্যে পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া এবং পিতৃকার্য্যে দক্ষিণমুখ হইয়া পাদ ধৌত করিবে। অন্য সকল কার্য্যে পশ্চিমমুখ হইয়া ধৌত করিবে; পরে শিখাবন্ধন করিবে।

### শিখাবন্ধন।

গায়ত্র্যা তু শিখাং বদ্ধা নৈঋর্ত্যাং ব্রহ্মরন্ধ্রতঃ।
জুটিকাঞ্চ ততো বদ্ধা ততঃ কর্ম্ম সমারভেৎ॥

ব্রাহ্মণ গায়ত্রী পাঠ করিয়া আড়াই পাক দিয়া শিখাবন্ধন করিয়া ব্রহ্মরন্ধ্রের নৈঋর্তভাগে জুটিকা (ঝুঁটি) বাঁধিবে।

নারীজাতি ও শূদ্রেরা নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক শিখাবন্ধন করিবে, যথা—

ব্রহ্মবাণীসহস্রাণি শিববাণীশতানি চ।
বিষ্ণোর্নামসহস্রেণ শিখাবন্ধং করোম্যহম্॥

শিখামোচনমন্ত্র যথা—ওঁ গচ্ছন্তু সকলা দেবা ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
তিষ্ঠত্বত্রাচলা লক্ষ্মীঃ শিখামুক্তং করোম্যহম্॥

আচমন।

শিখাবন্ধনান্তে চক্ষুর্দ্বয় ধৌত করিয়া আচমন করিবে। (এ আচমন সামান্য কুল্লিমাত্র। অনেকে মলমূত্রত্যাগের অগ্রে দুইবার আচমন করেন। কেহ কেহ শৌচান্তে দন্তধাবনের অগ্রে দুইবার প্রকৃত আচমন করিয়া থাকেন)।

দন্ত ও মুখধাবন।

তৎপরে দন্তধাবন করিবে। মুখবিশুদ্ধ্যর্থ দন্তধাবন না করিয়া আচান্ত হইলেও অপবিত্র বলিয়া গণ্য হয়; মুখ পর্য্যুষিত থাকিলে, অত্যন্ত অপবিত্র থাকিতে হয়; সুতরাং দন্তধাবন করা অবশ্য কর্ত্তব্য।

তিক্ত, কষায়, কটু, কণ্টকিত বা ক্ষীরযুক্ত কাষ্ঠই দন্তধাবনে প্রশস্ত। নিম্ব, খদির, কদম্ব, আম্র, বট, করঞ্জ, তিন্তিড়ী, বংশত্বক্, উডুম্বর, অপামার্গ, বিল্ব, আকন্দ এই সমস্ত কাষ্ঠের যে কোন একটি দ্বারা দন্তধাবন করিবে। তাল, কেতকী, গুবাক, নারিকেল, খর্জ্জুর, সেফালিকা, নিসিন্দা, শোণ, তৃণ, পলাশ, চালতা, রক্তকাঞ্চন, এই সমস্তের কাষ্ঠ দ্বারা দন্তধাবন নিষিদ্ধ। বিহিত কাষ্ঠের অভাবে চূর্ণাদিদ্রব্যে দন্তমার্জ্জন করিবে; কিন্তু কেবলমাত্র লবণ, কেবলমাত্র মৃত্তিকা, ইষ্টক, লোষ্ট্রক, অঙ্গার, কেবলমাত্র অঙ্গুলী, খোলা, বালুকা, লৌহ, চর্ম্ম ও প্রস্তর দ্বারা মার্জ্জন করিবে না। সামবেদীয়েরা অষ্টাঙ্গুলী এবং অন্যান্যবেদীয়গণ দ্বাদশাঙ্গুলীপ্রমাণ দন্তকাষ্ঠ ব্যবহার করিবে। শূদ্রের ষড়ঙ্গুলী ও স্ত্রীলোকের ৪ অঙ্গুলীপ্রমাণ দন্তকাষ্ঠ ব্যবহার কর্ত্তব্য। দন্তকাষ্ঠ কনিষ্ঠাঙ্গুলীর অগ্রভাগবৎ স্থূল ও ত্বক্‌বিশিষ্ট হইবে এবং উহার অগ্রদেশ দলিত হওয়াই প্রশস্ত।

দক্ষিণ হস্তের অনামা ও অঙ্গুষ্ঠাঙ্গুলী দ্বারা দন্তকাষ্ঠ ধারণ পূর্ব্বক পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া নিম্নলিখিত দুইটি মন্ত্র পাঠ পূর্ব্বক দন্তধাবন করিবে; চূর্ণদ্রব্যে দন্তধাবনকারিগণ অনামা কিংবা অঙ্গুষ্ঠের দ্বারা করিবেন। শূদ্র ও স্ত্রীলোকেরা প্রথমমন্ত্র পাঠ করিবে না, কেবল দ্বিতীয় মন্ত্রটি পাঠ্য। সামবেদীয় ও ঋগ্‌বেদীয় ব্রাহ্মণগণ এই মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ অন্নাদ্যায় ব্যূহধ্বং সোমো রাজায়মাগমৎ।
স মে মুখং প্রমার্ক্ষ্যতে যশসা চ ভগেন চ॥ ১॥

সর্ব্বসাধারণপাঠ্য।

আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ।
ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বন্নো ধেহি বনস্পতে॥ ২॥ *

দন্তকাষ্ঠের অভাবে ও নিষিদ্ধদিনে দ্বাদশ গণ্ডূষ জল দ্বারা মুখ ধৌত করিতে হয়। যদি ভুক্ত বস্তুর কোন অংশ দন্তে গাঢ়রূপে সংলগ্ন থাকে, অথচ তাহার কোন প্রকার স্বাদ অনুভূত না হয়, তাহা হইলে তাহা বহিষ্করণার্থ বিশেষ চেষ্টা করিবে না। দন্ত হইতে যাহাতে রক্ত নির্গত না হয়, এরূপভাবে দন্তধাবন করিবে। খড়-তৃণের দ্বারা বিদ্ধ হইয়া, দন্ত হইতে রক্ত নির্গত হইলে সেই দিন অশৌচ হয়। সংযতবাক্ হইয়া ধীরে ধীরে দন্তকাষ্ঠ দ্বারা দন্তধাবন করিবে। দন্তমার্জ্জনের পর দন্তকাষ্ঠপ্রক্ষালনান্তে পবিত্র স্থানে নিক্ষেপ করিবে। জিহ্বামার্জ্জন প্রতিদিনই করিতে হয়। মুখে পাঁচবার জল নাড়িয়া উপবেশন পূর্ব্বক দ্বাদশবার কুল্লি করিতে হয়। ইহাই মুখধাবনবিধি।

জন্মদিন, বিবাহদিবস, উপনয়নদিন, শ্রাদ্ধাহ, ব্রত ও উপবাসদিন, প্রতিপৎ, ষষ্ঠী, নবমী, পঞ্চপর্ব্ব ( চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি ) এই সমস্ত দিনে এবং অজীর্ণাদি স্থলে দন্তধাবন করিবে না। নিষিদ্ধ দিনে ভস্ম দ্বারা অথবা দ্বাদশ গণ্ডূষ জল দ্বারা উক্ত মন্ত্রে মুখপ্রক্ষালন করাই কর্ত্তব্য। মুখধাবনের পর রাত্রিবাস ত্যাগান্তে পুষ্পাদি চয়ন করিবে। প্রাতঃসন্ধ্যাদির সময় অতীত হইবার আশঙ্কা থাকিলে প্রাতঃসন্ধ্যার পর পুষ্পাদি চয়ন করিতে হয়।

---

* শাস্ত্রে প্রমাণ আছে, শব্দেহবিপ্রতিপত্তিঃ, প্রতিনিধিস্থলেও যথোক্ত মন্ত্রপাঠ হইবে। পরিবর্ত্তন হইবে না।

### প্রাতঃস্নানবিধি।

স্নানে তৈলমর্দ্দন নিষেধ—প্রাতঃস্নানে পিতৃশ্রাদ্ধে ষষ্ঠ্যাঞ্চ দ্বাদশীসু চ।

সুরাস্নানসমং তৈলং পিতল্লং নরকং নয়েৎ॥
অষ্টমীঞ্চ তথা ষষ্ঠীং নবমীঞ্চ চতুর্দ্দশীম্।
শিরোঽভ্যঙ্গং ন কুর্ব্বীত পর্ব্বসন্ধৌ তথৈব চ॥
উপোষিতস্য ব্রতিনঃ কৃত্তকেশস্য নাপিতৈঃ।
তাবৎ শ্রীস্তিষ্ঠতি প্রীতা যাবত্তৈলং ন সংস্পৃশেৎ॥
স্ত্রীতৈলমাংসসম্ভোগী পর্ব্বস্বেতেষু বৈ পুমান্।
বিণ্মূত্রভোজনং নাম নরকং প্রতিপদ্যতে॥
নাভ্যঙ্গমর্কে ন চ ভূমিপুত্রে ইত্যাদি।
চিত্রাশ্বিহস্তাশ্রবণেষু তৈলং বর্জ্জ্যম্॥
তৈলস্নানাত্তনয়মরণং দৃশ্যতে সূর্য্যবারে।
ভৌমে মৃত্যুর্ভবতি নিয়তং ভার্গবে বিত্তনাশঃ॥

স্নানে তৈলমর্দ্দন নিষেধ—প্রাতঃস্নানে, শ্রাদ্ধাহে, ষষ্ঠী, দ্বাদশী, নবমী, অষ্টমী, চতুর্দ্দশী, অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তিদিনে, উপবাসী বা ব্রতাবলম্বী হইলে, নাপিতে কেশ কর্ত্তন করিলে, রবি মঙ্গল ও শুক্রবারে, চিত্রা শ্রবণা অশ্বিনী ও হস্তা-নক্ষত্রে ও বিধবার পক্ষে তিলতৈল মর্দ্দন নিষিদ্ধ।

বারদোষপ্রতীকার—রবৌ পুষ্পং গুরৌ দূর্ব্বাং ভূমিং ভূমিজবাসরে। শুক্রে চ গোময়ং দদ্যাত্তৈলদোষোপশান্তয়ে দদ্যাত্তৈলে ইতি শেষঃ॥

বারদোষপ্রতীকার—রবিবারে তৈলে পুষ্প, বৃহস্পতিবারে দূর্ব্বা, মঙ্গলবারে মৃত্তিকা ও শুক্রবারে গোময় ( গোবর ) দিয়া ব্যবহার করা যায়।

অতৈলং সার্ষপং তৈলং যত্তৈলং পুষ্পবাসিতম্।
অদুষ্টং পক্বতৈলঞ্চ তৈলাভ্যঙ্গেষু নিত্যশঃ॥

বিশেষতঃ খাঁটি সর্ষপতৈল, পুষ্পসুরভিত তৈল, আয়ুর্ব্বেদীয় পক্বতৈল সর্ব্বদাই ব্যবহার করা যায়, ইহারা তৈলমধ্যে গণ্য নহে। তৎপরে প্রাতঃস্নান করিবে। স্নান সাত প্রকার ;—মান্ত্র, ভৌম, আগ্নেয়, বায়ব্য, দিব্য, মানস ও বারুণ। আপো হি ষ্ঠা ইত্যাদি মন্ত্র উচ্চারণ পূর্ব্বক স্নানকে মান্ত্রস্নান, গঙ্গা-মৃত্তিকাবিলেপনকে ভৌমস্নান, গাত্রে হোমভস্মলেপনকে আগ্নেয় স্নান, বায়ুবেগোত্থ-গোখুরধূলিস্পর্শকে বায়ব্য স্নান, রৌদ্র থাকিতে থাকিতে যে জলবর্ষণ হয়, সেই জল দ্বারা দেহ সিক্ত করাকে দিব্য-স্নান, "হরিপাদনিঃসৃত

সুরধুনীজলে স্নান করিতেছি” মনে মনে এইরূপ ভাবনা করাকে মানস স্নান এবং জলমধ্যে অবতরণ পূর্ব্বক অবগাহনকেই বারুণস্নান কহে। তন্মধ্যে কেবলমাত্র বেদাধিকারী ব্যক্তিই মান্ত্র স্নানের যোগ্য। এই সপ্তবিধ স্নানের মধ্যে বারুণস্নানই মুখ্যস্নান। অস্নাত ব্যক্তি জপাদিক্রিয়ায় অধিকারী নহে।

স্রোতোজলে স্রোতের অভিমুখে এবং স্রোতোরহিত জলে সূর্য্যের অভিমুখে নাভিপরিমাণ জলে দাঁড়াইয়া হস্তদ্বয় দ্বারা মুখ, নাসিকা ও কর্ণ আচ্ছাদন পূর্ব্বক কোন কামনায় বা যোগে স্নান হইলে উত্তরীয় লইয়া সঙ্কল্প পূর্ব্বক ডুব দিবে। কেহ কেহ বলেন, স্রোতোরহিত জলাশয়ে উদঙ্মুখ হইয়া স্নান করিতে হয়। অন্যের কৃত জলাশয় হইলে নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক জলাশয় হইতে তিনটি বা পাঁচটি মৃত্তিকাপিণ্ড উঠাইয়া তীরে ফেলিয়া দিয়া ডুব দিবে। মন্ত্র যথা—

উত্তিষ্ঠোত্তিষ্ঠ পঙ্ক ত্বং ত্যজ পুণ্যং পরস্য চ।
পাপানি বিলয়ং যান্তু শান্তিং দেহি সদা মম॥

আচমন—একবার ডুব দিবার পর যথানিয়মে আচমন করিবে। যথা,—দক্ষিণকর গোকর্ণাকৃতিভাবে স্থাপন করত উহাতে একটি মাষকলায় নিমগ্ন হইতে পারে, এরূপ পরিমিত জল বামহস্ত দ্বারা লইবে। পরে ব্রাহ্মতীর্থ অর্থাৎ অঙ্গুষ্ঠাঙ্গুলীর মূলদেশ দ্বারা ঐ জল তিনবার পান করিয়া নিম্নলিখিত মন্ত্র দুইটি পাঠ পূর্ব্বক বিষ্ণু স্মরণ করিবে, যথা—

ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ।
দিবীব চক্ষুরাততম্ ॥১॥
ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ ॥২॥

নারীজাতি অথবা শূদ্রগণ প্রথম মন্ত্রটি পরিত্যাগ পূর্ব্বক দ্বিতীয় মন্ত্রটি পাঠ করিয়া শ্রীবিষ্ণুঃ ৩ বার বা নমো বিষ্ণুঃ ৩ বার বলিয়া বিষ্ণুস্মরণ করিবে। উহারা দৈবতীর্থ অর্থাৎ অঙ্গুলীর অগ্রভাগ দ্বারা ওষ্ঠে একবারমাত্র জলস্পর্শ করিবে।

তৎপরে দক্ষিণকরের অঙ্গুষ্ঠমূল দ্বারা দক্ষিণদিক্ হইতে বামদিকে দুইবার ওষ্ঠমার্জ্জনপূর্ব্বক পাদে ও মস্তকে জলের ছিটা দিয়া তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা এই অঙ্গুলীত্রয় একত্র করত উহার অগ্রভাগ দ্বারা ওষ্ঠের উপরিভাগ এবং অধরের নিম্নভাগ দুইবার স্পর্শ করিবে। অনন্তর অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রদেশ সংযুক্ত করত একবার নাসিকার দক্ষিণরন্ধ্র ও একবার বামরন্ধ্র, অঙ্গুষ্ঠ ও অনামাযোগে একবার দক্ষিণচক্ষু ও একবার বামচক্ষু স্পর্শ, পরে তদবস্থায় একবার দক্ষিণকর্ণ

ও একবার বামকর্ণ স্পর্শ করিবে।* তৎপরে অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলীর অগ্রদেশ একত্র করিয়া একবার নাভি স্পর্শ করত হস্ততল দ্বারা একবার বক্ষঃস্থল স্পর্শ করিবে। পরে সমস্ত অঙ্গুলীর অগ্রভাগ একত্র করিয়া তদ্দ্বারা একবার মস্তক এবং একবার দক্ষিণবাহুমূল ও একবার বামবাহুমূল স্পর্শ করিবে। †

আচমনে বিশেষ।

নিষ্ঠীবনে তথাভ্যঙ্গে তথা পাদাবসেচনে।
উচ্ছিষ্টস্য চ সম্ভাষাৎ অশুচ্যপহতস্য চ ॥
সন্দেহেষু চ সর্ব্বেষু শিখাং মুক্ত্বা তথৈব চ।
বিনা যজ্ঞোপবীতেন নিত্যমেবমুপস্পৃশেৎ ॥
স্নাত্বা পীত্বা ক্ষুতে সুপ্তে ভুক্ত্বা রথ্যোপসর্পণে।
আচান্তঃ পুনরাচামেৎ বাসো বিপরিধায় চ ॥
হোমে ভোজনকালে চ সন্ধ্যয়োরুভয়োরপি।
আচান্তঃ পুনরাচামেৎ অন্যত্রাপি সকৃৎ সকৃৎ।
দ্বিরাচম্য ততঃ শুদ্ধঃ স্মৃত্বা বিষ্ণুং সনাতনম্ ॥
ক্ষুতে নিষ্ঠীবিতে সুপ্তে পরিধানেঽশ্রুপাতনে।
কর্ম্মস্থ এষু নাচামেদ্দক্ষিণং শ্রবণং স্পৃশেৎ ॥

আচমনে বিশেষ—থুথু ফেলিলে, তৈল মর্দ্দন করিলে, পা ধুইলে, পাপিষ্ঠের সহিত আলাপ করিলে, অশুচিদ্রব্য স্পর্শ করিলে, অশুচি সন্দেহ হইলে, শিখা-মোচন পূর্ব্বক বন্ধন করিলে, যজ্ঞোপবীতরহিত অবস্থায় থাকিয়া পুনশ্চ যজ্ঞো-পবীত ও বস্ত্র পরিধান করিলে আচমন করিতে হয়। স্নান, পান, হাঁচি, তন্দ্রা, ভোজন ও পরিভ্রমণ করিলে পূর্ব্বে আচমন করা থাকিলেও পুনরায় আচমন করিতে হয়। হোম, ভোজন, উভয় সন্ধ্যার আদ্যন্তে আচমন করিবে। সকল কার্য্যের আদিতে দুইবার আচমন করিয়া বিষ্ণুস্মরণ করিবে। কার্য্য-কালে হাঁচি, থুথু, তন্দ্রা, বস্ত্রপরিধান, অশ্রুপাত ঘটিলে আচমন না করিয়া দক্ষিণ কর্ণ স্পর্শ করিবে।

---

* মতান্তরে চক্ষু ও কর্ণ স্পর্শ দুইবার করিবে।

† হৃদয়দেশ পর্য্যন্ত স্পর্শ করিতে পারে, এরূপ পরিমাণে জল আচমনার্থ ব্রাহ্মণেরা গ্রহণ করিবে। কণ্ঠ পর্য্যন্ত স্পর্শ করিতে পারে, এতৎপরিমাণ জল ক্ষত্রিয়েরা, মুখপ্রবেশ করিতে পারে, এতৎপরিমাণ জল বৈশ্যেরা এবং কেবল মুখমাত্র স্পর্শ করিতে পারে, এতৎপরিমাণ জল শূদ্রে ও নারীগণ গ্রহণ করিবে। আচমনার্থ তাম্রপাত্রস্থ জল প্রশস্ত। লৌহ, মৃন্ময়, পিত্তল, সীসক ও কাংস্যপাত্রস্থ জলে আচমন করিতে নাই।

জানোরূর্দ্ধং জলে তিষ্ঠন্নাচান্তঃ শুচিতামিয়াৎ।
অধস্তাৎ শতকৃত্বোঽপি সমাচান্তো ন শুধ্যতি ॥
আর্দ্রবাসা জলে কুর্য্যাৎ তর্পণাচমনং জপম্।
শুষ্কবাসাঃ স্থলে কুর্য্যাৎ তর্পণাচমনং জপম্ ॥

জলে জানু না ডুবাইয়া আচমন করিলে শুদ্ধ হইবে না। জলে তর্পণ, আচমন, জপ প্রভৃতি কার্য্য আর্দ্রবস্ত্রে ও স্থলে শুষ্কবস্ত্রে করিবে।

আচমনান্তে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিতে হয়, যথা—

ওঁ কুরুক্ষেত্রং গয়া-গঙ্গা-প্রভাসপুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি স্নানকালে ভবন্ত্বিহ ॥

তদনন্তর সঙ্কল্প করিবে। বাক্য যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য (শূদ্র ও স্ত্রীলোকেরা বিষ্ণুর্নমোঽদ্য বলিবে) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ (অথবা অমুকগোত্রা) শ্রীঅমুকদেবশর্ম্মা (কিংবা অমুকদাসঃ বা অমুকীদেবী অথবা অমুকীদাসী) শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ (বা কামা) * অস্মিন্ জলে প্রাতঃস্নানমহং করিষ্যে। †

সঙ্কল্পের পর "নমো নারায়ণায় নমঃ" এই মন্ত্র সাতবার জপ ও উচ্চারণ করত পুরোভাগে চতুর্দ্দিকে এক এক হাত করিয়া চারি হাত জল মাপিয়া একটি চতুষ্কোণ স্থান করিবে এবং অঙ্কুশমুদ্রাযোগে তর্জ্জনীর অগ্রভাগ দ্বারা ঐ স্থানে জল আলোড়ন পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে তীর্থ আবাহন করিতে হয়। তীর্থ আবাহনের মন্ত্র যথা—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু ॥

অনন্তর কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র কয়টি পাঠ করিবে, যথা—

ওঁ বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা।
পাহি নস্ত্বেনসস্তস্মাদাজন্মমরণান্তিকাৎ ॥

---

* বিষ্ণুপ্রীতিকামনায় স্নান করিয়া স্বীয় ইষ্টদেবপ্রীতিকামনায় পুনর্ব্বার স্নান করা দীক্ষিত ব্যক্তির কর্ত্তব্য।

† মাস তিন প্রকার;—সৌর, মুখ্যচান্দ্র ও গৌণচান্দ্র। সঙ্কল্পে এই ত্রিবিধ মাসই ব্যবহৃত হয়। বৈদিকস্নানে মুখ্যচান্দ্রমাস উল্লেখ করিবে। তান্ত্রিকস্নানে সৌরমাস ও রাশির উল্লেখ হইবে। শূদ্র বা স্ত্রীলোকেরা সঙ্কল্প ব্যতীত স্নানাঙ্গ অন্য মন্ত্র পাঠ করিবে না, তাহারা কেবল "নমো নমঃ" বলিবে, মন্ত্রগুলি ব্রাহ্মণ দ্বারা পাঠ করাইবে।

তিস্রঃ কোট্যোঽৰ্দ্ধকোটী চ তীর্থানাং বায়ুরব্রবীৎ
দিবি ভুব্যন্তরীক্ষে চ তানি তে সন্তু জাহ্নবি ॥
নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ।
বৃন্দা পৃথ্বী চ সুভগা বিশ্বকায়া শিবা সিতা ॥
বিদ্যাধরী সুপ্রসন্না তথা লোকপ্রসাদিনী।
ক্ষেমা চ জাহ্নবী চৈব শান্তা শান্তিপ্রদায়িনী ॥
এতানি পুণ্যনামানি স্নানকালে চ যঃ পঠেৎ। †
ভবেৎ সন্নিহিতা তত্র গঙ্গা ত্রিপথগামিনী ॥

তৎপরে "ওঁ নমো নারায়ণায় নমঃ" সাতবার উচ্চারণ করত দুই হস্তের অগ্রদেশ সংযুক্ত করিয়া তদ্দ্বারা বারত্রয় মস্তকে জলসেচন করিবে। তদনন্তর নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে গাত্রে মৃত্তিকা লেপন করিবে, যথা—

ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্ ॥
উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা।
নমস্তে পুণ্ডরীকাক্ষপ্রভবারিণি সুব্রতে ॥
আরুহ্য মম গাত্রাণি সর্ব্বং পাপং প্রমোচয় ॥

জলাশয়ের তীরস্থ মৃত্তিকা লইয়া গাত্রে লেপন করিবে। বল্মীকমৃত্তিকা, মূষিকোৎখাত মৃত্তিকা এবং জলগর্ভস্থ, বৃক্ষমূলস্থ, স্নানাবশিষ্ট, শ্মশানস্থ ও শৌণ্ডিকালয়স্থ মৃত্তিকা গ্রহণ করিবে না।

গঙ্গাস্নানে বিশেষ মন্ত্রপাঠান্তে স্নান করিতে হইবে, যথা—

ওঁ বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি।
ধর্ম্মদ্রবীতি বিখ্যাতে পাপং মে হর জাহ্নবি ॥
শ্রদ্ধয়া ভক্তিসম্পন্নে শ্রীমাতর্দেবি জাহ্নবি।
অমৃতেনাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাম্ ॥ ‡

* শিবামৃতা ইত্যপি পাঠো দৃশ্যতে।
† স্নানকালে প্রকীর্ত্তয়েৎ ইতি পাঠান্তরম্।
‡ তীর্থবিশেষে স্নানমন্ত্র তীর্থকৃত্যে দ্রষ্টব্য।

গাত্রে মৃত্তিকা লেপন পূর্ব্বক তিনবার অবগাহনস্নানান্তে গঙ্গাস্তোত্রাদি পাঠ ও গঙ্গাদেবীর উদ্দেশ্যে প্রণাম করিবে। এইরূপে প্রাতঃস্নান-সমাধানান্তে তান্ত্রিকস্নান করা দীক্ষিত ব্যক্তির কর্ত্তব্য।*

স্নানানুকল্প।—স্নানে অক্ষম হইলে গলদেশ পর্য্যন্ত ধৌত করিবে। আর্দ্রমার্জ্জনী দ্বারা গাত্রমার্জ্জন করিতে হইবে; পরিধেয় বস্ত্র ও হস্তে গাত্র-মার্জ্জন নিষেধ।

বসন-পরিধান।—স্নানান্তে সর্ব্বাঙ্গ মার্জ্জন পূর্ব্বক মস্তকে পরিষ্কৃত উষ্ণীষ বান্ধিয়া ধৌত ও পরিষ্কৃত বস্ত্র পরিধান করিবে। পরিধেয় বস্ত্র জানুর নিম্নভাগে পতিত হওয়া উচিত। বিপ্রগণ ইষ্টমন্ত্র কিংবা প্রণব এবং দীক্ষিত শূদ্রাদি ইষ্টমন্ত্র উচ্চারণ পূর্ব্বক ত্রিকচ্ছ করিয়া বসন পরিধান করিবে। রজকালয় হইতে আনীত বস্ত্র উত্তমরূপে ধৌত করিয়া পরিধান করা কর্ত্তব্য। ধৌত বস্ত্রের অভাবে মেষরোমজ কিংবা শণসূত্রজ বস্ত্র, চেলি, গরদ, তসর বস্ত্র পরিধান করিয়া পূজাদি ক্রিয়ায় প্রবৃত্ত হইবে। † ছিন্ন, অধৌত, সূচীস্যূত (শিলাই করা), শীর্ণ, দশাহীন, অন্যের পরিহিত, মলিন, দগ্ধ, কীটমূষিকাদি দ্বারা ছিদ্রীকৃত এবং নীলবর্ণ বস্ত্র পরিধান করিয়া পূজাদি করিবে না। বস্ত্র-পরিধানান্তে যজ্ঞোপবীতবৎ উত্তরীয় ধারণ করিবে ; কিন্তু তিনগ্রন্থি যজ্ঞোপবীত থাকিলে উত্তরীয়ধারণ না করিলেও চলে ; স্নানান্তে পরিধেয় আর্দ্রবস্ত্র তিনবার মৃত্তিকা দিয়া, উত্তরে বা পূর্ব্বদিকে তাহার দশাগ্র বিস্তার করত হস্ত দ্বারা উত্তমরূপে ধৌত করিয়া পুনর্ব্বার পশ্চিম বা দক্ষিণদিকে দশাগ্র বিস্তার সহকারে ধৌত করিবে। স্বয়ং ধৌত করিতে অসমর্থ হইলে স্বীয় পুত্র, কন্যা, পত্নী, জ্ঞাতি, বন্ধু বা ভৃত্য দ্বারা ধৌত করাইবে। জামা গায়ে দিয়া কোন কার্য্য হয় না। প্রমাণ—"ন স্যাৎ কর্ম্মণি কঞ্চুকী।"

## তিলক-বিধি।

তিলকক্রিয়া—অঙ্গুষ্ঠ, মধ্যমা, অনামিকা ও তর্জ্জনী দ্বারা প্রশস্ত ; কনিষ্ঠাঙ্গুলী দ্বারা তিলক রচনা করিবে না।

---

* উত্তাপবিশিষ্ট জলে স্নান করিতে নাই। উদ্ধৃত কূপাদি-জল শঙ্খে করিয়া মস্তকে দিলে গঙ্গাজল সদৃশ হয়।

† তান্ত্রিক কার্য্যে রক্তবস্ত্র বা কাষায়বস্ত্র পরিধান প্রশস্ত। ছাগ বা মেষরোমজাত ও শণসূত্রজ বস্ত্র আহারান্তে ছাড়িয়া রাখিলে তাহা ধৌত করিয়া পরিধান করা কর্ত্তব্য। ক্ষৌমবস্ত্র ঝাড়িলেই শুদ্ধ।

বস্ত্রপরিধানান্তে পূর্ব্বমুখ হইয়া তিলক ধারণ করিবে। ব্রাহ্মণেরা নাসিকার মূলদেশ হইতে কেশ পর্য্যন্ত সচ্ছিদ্র ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিবে। ক্ষত্রিয়েরা ত্রিপুণ্ড্র, বৈশ্যেরা অর্দ্ধচন্দ্রাকৃতি এবং স্ত্রী ও শূদ্রেরা বর্ত্তুলাকৃতি তিলক ধারণ করিবে। * নিম্নলিখিত মন্ত্রে বৈষ্ণবের তিলক ধারণ করিতে হয়, যথা—

কেশবানন্দ গোবিন্দ বরাহ পুরুষোত্তম।
পুণ্যং যশস্যমায়ুষ্যং তিলকং মে প্রসীদতু॥

চন্দনতিলকে নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

কান্তিং লক্ষ্মীং ধৃতিং সৌখ্যং সৌভাগ্যমতুলং মম।
দদাতু চন্দনং নিত্যং সততং ধারয়াম্যহম্॥

তিলকধারণস্থান।—ললাট, মস্তক, বক্ষঃ, কণ্ঠ, কর্ণদ্বয়, বাহুমূলদ্বয়, নাভি, পৃষ্ঠ, পার্শ্বযুগল, মস্তকমধ্য, এই কয়স্থানে তিলক ধারণ করিবে। জীবৎপিতৃক ব্যক্তি কেবলমাত্র ললাটে তিলক ধারণ করিবে।

তিলকদ্রব্য।—মৃত্তিকা, তমাল, রোচনা, নিম্ব, গোপীচন্দন, যজ্ঞীয়কাষ্ঠ, শ্বেতচন্দন, গোময়, রক্তচন্দন, কুঙ্কুম, তুলসী, পদ্ম ও বিল্বকাষ্ঠ, এই সকলের যে কোন একটি ঘর্ষণ করিয়া তদ্দ্বারা তিলক ধারণ করিবে। যদি এই সমস্ত দ্রব্যের মধ্যে কোন একটিও প্রাপ্ত হওয়া না যায়, তাহা হইলে কেবল জল দ্বারা তিলক করিতে হয়। কেহ কেহ বিল্বকাষ্ঠ দ্বারা তিলকরচনার নিষেধ করিয়া থাকেন।

## শৈব তিলক।

শিবার্চ্চনায় ভস্ম দ্বারা ত্রিপুণ্ড্র করিতে হয়। ঊর্দ্ধপুণ্ড্রের পর "ওঁ নমঃ শিবায়" মন্ত্রে ত্রিপুণ্ড্র করিবে। হোমীয় বা শোধিত ভস্মই প্রশস্ত। ভস্মের অভাবে চন্দন, চন্দনের অভাবে মৃত্তিকা এবং মৃত্তিকার অভাবে জল দ্বারা ত্রিপুণ্ড্র রচনা করিতে হয়।

ত্রিপুণ্ড্র-ধারণস্থান ও নিয়ম।—মস্তক, ললাট, হৃদয়, নাভি, গলা, বাহুমূলদ্বয়, বাহুদ্বয়, হাতের কব্জি, পৃষ্ঠ ও ঘাড়। ললাটে অবশ্যই কর্ত্তব্য। ভ্রূমধ্য হইতে দক্ষিণকর্ণমূল যাবৎ টানিয়া পুনরায় তথা হইতে বামকর্ণমূল যাবৎ মধ্যমা, অনামা ও তর্জ্জনী অঙ্গুলীযোগে তিনটি পাশাপাশি রেখা অঙ্কিত করিতে হয়।

* মৃত্তিকা দ্বারা ঊর্দ্ধপুণ্ড্র, ভস্মের দ্বারা ত্রিপুণ্ড্র, চন্দনের দ্বারা সর্ব্ববিধ তিলকই করা যায়।

### বৈষ্ণব তিলক।

ললাটে "কেশবায় নমঃ"; কণ্ঠে "পুরুষোত্তমায়"; বামবাহুতে "বাসুদেবায়"; দক্ষিণবাহুতে "দামোদরায়"; নাভিতে "নারায়ণায়"; হৃদয়ে "মাধবায়"; দক্ষিণ-পার্শ্বে "গোবিন্দায়"; বামপার্শ্বে 'ত্রিবিক্রমায়'; বামকর্ণমূলে "বিষ্ণবে"; দক্ষিণ-কর্ণমূলে "মধুসূদনায়"; শিরোমধ্যে "হৃষীকেশায়"; পৃষ্ঠে "পদ্মনাভায়।" প্রত্যেক নামের পর নমঃ শব্দ উচ্চার্য্য। এই প্রকারে তিলকরচনান্তে হস্তক্ষালন-জল "বাসুদেবায় নমঃ" বলিয়া মস্তকে দিবে।*

### তর্পণবিধি। †

অনন্তর তর্পণ করিতে হয়। তর্পণ দুই প্রকার ;—নিত্য ও স্নানাঙ্গ। প্রত্যহ কর্ত্তব্য তর্পণকেই নিত্য, এবং স্নানান্তে তর্পণ করাকে স্নানাঙ্গ তর্পণ কহে। স্নানাঙ্গ তর্পণ দ্বারা নিত্য তর্পণ সিদ্ধ হয়। যে ব্যক্তি নাস্তিকতা নিবন্ধন পিতৃগণের তর্পণ করে না, পিতৃগণ পিপাসিত হইয়া তাহার দেহরুধির পান করেন। যে জলাশয়ের জল যাবতীয় জীবের উদ্দেশ্যে উৎসর্গীকৃত হয় নাই, যে জল স্নানের অযোগ্য এবং যে জল নিপানজ, ‡ তদ্দ্বারা তর্পণ করা নিষিদ্ধ; আর্দ্রবসনে তর্পণ করিবার আবশ্যক হইলে জলে দাঁড়াইয়া করা কর্ত্তব্য ; শুষ্কবস্ত্র পরিধান করিলে তীরে বসিয়া করিতে হয়। শুষ্কবস্ত্রে তর্পণ করিতে হইলে একপদ জলে ও একপদ স্থলে রাখিবে। স্বর্ণ (অনামিকাতে), রজত (তর্জ্জনীতে) বা কুশ-নির্ম্মিত অঙ্গুরীয় দক্ষিণকরের অনামাতে ধারণ

* মতান্তরে ললাটে "কেশবায় নমঃ"; উদরে "নারায়ণায় নমঃ"; বক্ষে "মাধবায় নমঃ"; কণ্ঠকূপে "গোবিন্দায় নমঃ"; দক্ষিণ কুক্ষিতে "বিষ্ণবে নমঃ"; দক্ষিণ-কন্ধরে "ত্রিবিক্রমায় নমঃ"; বামপার্শ্বে "বামনায় নমঃ"; বামবাহুতে "শ্রীধরায় নমঃ" বামকন্ধরে "হৃষীকেশায় নমঃ"; পৃষ্ঠে "পদ্মনাভায় নমঃ" এবং কটিতে "দামোদরায় নমঃ" মন্ত্রে তিলক করিয়া করপ্রক্ষালনান্তে সেই জল "বাসুদেবায় নমঃ" বলিয়া শিরঃপ্রদেশে দিবে।

† নিত্য শ্রাদ্ধে অক্ষম হইলে তর্পণ দ্বারাই পিতৃযজ্ঞ সিদ্ধ হইয়া থাকে। তিন্নজাতির তর্পণ বা পিণ্ডদান করিতে নাই। প্রাতঃস্নানান্তে তিলকধারণ করিয়া তর্পণ করিতে হয়। প্রাতঃ-সন্ধ্যার কাল অতীত হইবার আশঙ্কা থাকিলে সন্ধ্যাকালে তর্পণ করিবে। ঋগ্বেদীয়েরা জপবিসর্জ্জনান্তে সূর্য্যার্ঘপ্রদানের পূর্ব্বে, যজুর্ব্বেদীয়েরা ব্রহ্মযজ্ঞান্তে এবং সামবেদীয়েরা সূর্য্যোপস্থানান্তে উপজায় নমঃ মন্ত্রে জল দিবার পর তর্পণ করিবে। শূদ্রগণের পক্ষে প্রাতঃস্নানের পর তর্পণ করাই বিধি।

‡ নিপান—কূপসমীপে গো প্রভৃতির পানার্থ কৃত্রিম জলাশয়।

করিয়া তর্পণ করা কর্ত্তব্য। এক হস্তে তর্পণ করিতে নাই। যব ও ত্রিপত্র দ্বারা দেবতর্পণ এবং তিল ও কুশমোটক দ্বারা পিতৃতর্পণ করিবে। তিল-যবাদি প্রাপ্ত না হইলে জলে কুশ, রজত বা স্বর্ণ স্পর্শ করাইয়া তর্পণ করিতে হয়। বৃষ্টির জল, অন্ত্যজজাতির জলাশয়ের জল এবং শূদ্রাদি কর্ত্তৃক আনীত জলে তর্পণ করা নিষিদ্ধ; কিন্তু শূদ্রানীত গঙ্গোদকে দোষ নাই। তর্পণ-জল আধার হইতে অর্দ্ধ হস্ত উচ্চ করিয়া ফেলিবে। তর্পণ-জল জলাশয়েই ফেলিতে হয়; কিন্তু উদ্ধৃত জলে তর্পণ করিলে তজ্জল স্বর্ণ, রজত, তাম্রপাত্র বা কুশ অথবা জল-পূরিত গর্ত্তে ফেলিবে; কোন অপবিত্র স্থলে ফেলিতে নাই। বাম-বাহুর রোমশূন্য স্থলে তিল-স্থাপন পূর্ব্বক দক্ষিণ-করের অঙ্গুষ্ঠ ও অনামা দ্বারা ঐ তিল লইবে। গৃহে তর্পণ করিলে তর্পণ-জল ইষ্টক-নির্ম্মিত স্থানে ফেলিবে না, ৮ অঙ্গুলীর ছোট তাম্রকুশি দ্বারা তর্পণ হয় না। তাম্রকুণ্ডে বা মৃত্তিকার উপর কুশ পাতিয়া তাহাতে ফেলিবে। রবিবার, শুক্রবার, দ্বাদশী, অমাবস্যানিমিত্তক শ্রাদ্ধ ব্যতীত শ্রাদ্ধের দিন, সপ্তমী, জন্মতিথি, সংক্রান্তি ও রাত্রিকালে তিলতর্পণ নিষিদ্ধ; পরন্তু বিষুব ও অয়নসংক্রান্তি, গ্রহণ, যুগাদি, প্রেতপক্ষ (মহালয়া অমাবস্যার পূর্ব্বপ্রতিপদ্ হইতে মহালয়া অমাবস্যা যাবৎ) এবং গঙ্গাদি তীর্থে সর্ব্বদাই তিলতর্পণ করিতে পারে। এতদ্ব্যতীত শবদাহান্তে প্রেতোদ্দেশে সর্ব্বদাই তিলতর্পণ কর্ত্তব্য। তীর্থে তিলতর্পণে তিথিবারাদির বিচার নাই।

পুত্র-পৌত্রাদির অভাবে বিধবা স্ত্রী তিল-কুশ দ্বারা পতি, শ্বশুর ও তৎ-পিতার তর্পণ করিবে; স্ত্রী ও শূদ্র তর্পণমন্ত্র ব্রাহ্মণ দ্বারা পাঠ করাইয়া স্বয়ং "নমো নমঃ" বলিয়া জল দিবে। পরন্তু পিত্রাদির নাম উল্লেখ করত যে কার্য্য করিতে হয়, তাহা উচ্চারণ করা স্ত্রী ও শূদ্রেরও কর্ত্তব্য। অনুপনীত ও জীবৎ-পিতৃক ব্যক্তি প্রেততর্পণ ব্যতীত অন্য তর্পণ করিবে না। একদিনে বহুতীর্থে স্নান অথবা গ্রহণাদিনিমিত্তক স্নানস্থলে প্রতি স্নানেই তর্পণ করিতে হয়।

## সামবেদীয় তর্পণ।

### (তীর্থ আবাহন।)

প্রথমতঃ বারদ্বয় আচমন করত প্রাচীনাবীতী * ও দক্ষিণাস্য হইয়া কর-যোড়ে নিম্নলিখিত মন্ত্রে তীর্থ আবাহন করিতে হইবে। দেব, মনুষ্য

---

* প্রাচীনাবীতী—দক্ষিণস্কন্ধের উপর হইতে বামপার্শ্ব দিয়া উত্তরীয় এবং যজ্ঞসূত্র লম্বিত করিয়া দিলেই তাহাকে প্রাচীনাবীতী কহে।

ও ঋষিতর্পণে যবযুক্তজল, পিতৃতর্পণে, যমতর্পণে ও অন্যান্য তর্পণে তিলযুক্তজল দিবে। * মন্ত্র যথা—

ওঁ কুরুক্ষেত্রং গয়া-গঙ্গা-প্রভাস-পুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি তর্পণকালে ভবন্ত্বিহ॥

( দেবতর্পণ )

তৎপরে উপবীতী † হইয়া দক্ষিণ জানু ভূমিতে পাতিয়া পূর্ব্বমুখে নিম্নলিখিত মন্ত্রে দেবতর্পণ করিবে। এই তর্পণে দেবতীর্থ দ্বারা ‡ প্রত্যেকবার এক এক অঞ্জলি জল প্রদান করিতে হয়। মন্ত্র যথা—

ওঁ ব্রহ্মা তৃপ্যতাম্, ওঁ বিষ্ণুস্তৃপ্যতাম্, ওঁ রুদ্রস্তৃপ্যতাম্, ওঁ প্রজাপতিস্তৃপ্য-তাম্।

তৎপরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া দেবতীর্থ দ্বারা এক অঞ্জলি জল দিবে, যথা—

ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ।
ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ॥
বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ।
নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে।
তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া॥

( মনুষ্যতর্পণ )

তদনন্তর পশ্চিমাস্যে নিবীতী হইয়া কায়তীর্থ § দ্বারা ক্রোড়াভিমুখে দুই অঞ্জলি জল দিবে। মন্ত্র যথা—

ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ।
কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা।
সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥

---

* মতান্তরে তর্পণের প্রথমে তীর্থ আবাহন নাই।

† উপবীতী—স্বভাবতঃ যে ভাবে গলদেশে যজ্ঞসূত্র লম্বিত থাকে।

‡ দেবতীর্থ বা দৈবতীর্থ—অঙ্গুলীর অগ্রভাগ।

§ নিবীতী—মাল্যবৎ গলদেশে যজ্ঞসূত্রধারণ। কায়তীর্থ—কনিষ্ঠার মূলদেশ।

(ঋষিতর্পণ।)

অনন্তর পূর্ব্বাস্যে উপবীতী অবস্থায় যথাক্রমে নিম্নলিখিত মন্ত্রকয়টি পড়িয়া প্রত্যেককে দেবতীর্থ দ্বারা এক এক অঞ্জলি জল প্রদান করিবে, যথা—

ওঁ মরীচিস্তৃপ্যতাম্, ওঁ অত্রিস্তৃপ্যতাম্, ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাম্, ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাম্, ওঁ পুলহস্তৃপ্যতাম্, ওঁ ক্রতুস্তৃপ্যতাম্, ওঁ প্রচেতাস্তৃপ্যতাম্, ওঁ ভৃগুস্তৃপ্যতাম্, ওঁ নারদস্তৃপ্যতাম্, ওঁ দেবাস্তৃপ্যন্তাম্, ওঁ ঋষয়স্তৃপ্যন্তাম্।

(দিব্যপিতৃতর্পণ)

অনন্তর দক্ষিণাস্যে প্রাচীনাবীতীভাবে নিম্নলিখিত সাতটি মন্ত্র যথাক্রমে পড়িয়া পিতৃতীর্থযোগে * বাম-জানু ভূমিতে পাতিয়া প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবে। যথা—

ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ সৌম্যাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ সুকালিনঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।
ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা॥ †

(যমতর্পণ)

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে প্রাচীনাবীতী ও দক্ষিণাস্য হইয়া যথাক্রমে বারত্রয় পাঠ করত অঞ্জলিত্রয় জলপ্রদান দ্বারা যমতর্পণ করিবে, যথা—

ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ।
বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ॥
ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে।
বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥

* পিতৃতীর্থ—অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মূলদেশ।

† গঙ্গাদি তীর্থে বিনা তিলে তর্পণ করিতে নাই। সুতরাং সে স্থলে "সতিলগঙ্গোদকং" বলিবে। তিলের অভাব হইলে তৎপ্রতিনিধিস্বরূপ আর কিঞ্চিৎ জল লইয়া "সতিলগঙ্গোদকং" বলিতে হয়। অন্য কোন তীর্থের জল হইলে সেই তীর্থের নাম উচ্চারণ করিবে। যেমন যমুনা হইলে "সতিলযমুনোদকং" বলিবে।

( পিতৃতর্পণ )

তৎপরে তর্পণসমাপ্তি পর্য্যন্ত দক্ষিণমুখ ও প্রাচীনাবীতী হইয়া "ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্ত্বপোঽঞ্জলিং" করপুটে এই বলিয়া পিতৃগণের আবাহন পূর্ব্বক পিতৃতীর্থযোগে নিম্নলিখিত প্রকারে গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ করত মন্ত্রপাঠ সহকারে পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, মাতা, পিতামহী ও প্রপিতামহী এই নয় জনের প্রত্যেককে তিন তিন অঞ্জলি করিয়া জল দিবে, মন্ত্রও যথাক্রমে বারত্রয় পাঠ করিতে হয়। পরে এক একবার মন্ত্রপাঠ পূর্ব্বক মাতামহী, প্রমাতামহী ও বৃদ্ধপ্রমাতামহী এই তিন জনকে এক এক অঞ্জলি জল দিবে, যথা—

ওঁ বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্মৈ স্বধা।

| | | | | |
|---|---|---|---|---|
| ওঁ বিষ্ণুরোম্ ( ইত্যাদি ) | | পিতামহঃ | ( অমুকদেবশর্ম্মা ইত্যাদি )। | |
| " | " | প্রপিতামহঃ | " | " |
| " | " | মাতামহঃ | " | " |
| " | " | প্রমাতামহঃ | " | " |
| " | " | বৃদ্ধপ্রমাতামহঃ | " | " |
| * ( অমুকগোত্রা ইত্যাদি ) | | মাতা | ( অমুকদেবী ইত্যাদি ) তৃপ্যতামেতৎ সতিলোদকং তস্যৈ স্বধা। | |
| " | " | পিতামহী | " | " |
| " | " | প্রপিতামহী | " | " |
| " | " | মাতামহী | " | " |
| " | " | প্রমাতামহী | " | " |
| " | " | বৃদ্ধপ্রমাতামহী | " | " |

অনন্তর ঐরূপ নিয়মে বিমাতা, জ্যেষ্ঠভ্রাতা, পিতৃব্য, মাতুল, ভ্রাতা, ভগিনী, পিতৃষ্বসা, মাতৃষ্বসা ও সপিণ্ড প্রভৃতিকে এক এক অঞ্জলি সলিল দ্বারা তর্পণ করিবে। (পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী, এই দ্বাদশজনের মধ্যে কেহ জীবিত থাকিলে তাহাকে পরিত্যাগ পূর্ব্বক ঊর্দ্ধতন পুরুষ ধরিয়া দ্বাদশসংখ্যা পূরণ করিতে হয়।)

---

* গোভিল ও অন্যান্য শাস্ত্রকারের মতে পিতৃতর্পণের পরই মাতৃতর্পণ, পরে মাতামহাদির তর্পণ। স্মার্ত্তমতে মাতামহাদি তর্পণের পর মাতৃ প্রভৃতির তর্পণ।

(ভীষ্মতর্পণ)

ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাংকৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥

তৎপরে উক্ত মন্ত্রে দক্ষিণমুখে প্রাচীনাবীতী হইয়া ভীষ্মের উদ্দেশ্যে এক-বার জলাঞ্জলি দিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে।* যথা—

ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভিরবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াম্॥

অগ্নিদগ্ধাদি তর্পণ—পরে নিম্নলিখিত দুইটি মন্ত্র পাঠ পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিবে, যথা—

ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্॥ ১॥
ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥ ২॥

রামতর্পণ—অনন্তর রামতর্পণ করিতে হয়। নিম্নলিখিত মন্ত্রটি যথাক্রমে তিনবার পড়িয়া তিন অঞ্জলি জল দিবে, যথা—

ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ॥
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্।
ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ম্॥

(লক্ষ্মণতর্পণ ও সংক্ষিপ্ত তর্পণ)

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ তৃপ্যতু। †

তৎপরে উপরি-উক্ত মন্ত্র যথাক্রমে বারত্রয় পাঠ সহকারে জলাঞ্জলিত্রয় প্রদান করিবে।

* ভীষ্মাষ্টমীতেই এই তর্পণ কর্ত্তব্য, নিত্য নহে। এই তর্পণ ব্রাহ্মণ পিতৃতর্পণের পর, অন্যজাতি পিতৃতর্পণের পূর্ব্বে করিবেন।

† একমাত্র লক্ষ্মণতর্পণ দ্বারাই সমগ্র তর্পণফল প্রাপ্ত হইতে পারা যায়; সুতরাং অক্ষম ব্যক্তি কেবল এই তর্পণ করিতে পারে। এই তর্পণেও বস্ত্রনিষ্পীড়নোদক দিতে হয়।

( বস্ত্রনিষ্পীড়নোদকে তর্পণ )

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পড়িয়া বস্ত্রনিষ্পীড়ন-জল দ্বারা ভূমিতে একবার জলপ্রদান করিবে, যথা—

ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রাগোত্রিণো মৃতাঃ।
তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকম্ ॥

( পিতৃস্তুতি ) *

পরে পিতৃস্তুতি ও পিতৃ-নমস্কার করিতে হয়, যথা—

ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ ॥

( পিতৃনমস্কার )

পিতৃন্নমস্যে দিবি যে চ মূর্ত্তাঃ স্বধাভুজঃ কাম্যফলাভিসন্ধৌ।
প্রদানশক্তাঃ সকলেপ্সিতানাং বিমুক্তিদা যেঽনভিসংহিতেষু ॥

## যজুর্ব্বেদীয়গণের ও শূদ্রের তর্পণ। †

পূর্ব্বাস্য হইয়া আচমন পূর্ব্বক দক্ষিণমুখে প্রাচীনাবীতী ‡ হইয়া করযোড়ে "ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গা" ইত্যাদি সামবেদীর লিখিত মন্ত্রে তীর্থ আবাহন করিয়া "ওঁ দেবা আগচ্ছন্তু" এই বাক্যে দেবগণের আবাহন করিবে। পরে পূর্ব্বমুখে উপবীতী হইয়া সামবেদী ব্রাহ্মণবৎ দেবতর্পণ হইতে যমতর্পণ পর্য্যন্ত অবিকলভাবে করিবে।

তৎপরে পিতৃতর্পণ করিতে হয়। করপুটে "ওঁ পিতৃন্ আবাহয়িষ্যে" এই বলিয়া "ওঁ আবাহয়" বলাইবে। অনন্তর নিম্নলিখিত দুইটি মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি উশন্নুশত আবহ পিতৃন্ হবিষেঽত্তবে ॥ ১ ॥

ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সৌম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দেবযানৈঃ অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তে অবন্ত্বস্মান্ ॥ ২ ॥

* স্থলে উঠিয়া এই তর্পণ করিতে হয়। কেন না, জলে বস্ত্রনিষ্পীড়ন করিতে নাই। এই তর্পণের অগ্রেও বস্ত্রনিষ্পীড়ন নিষিদ্ধ। অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী, সংক্রান্তি ও শ্রাদ্ধাহে বস্ত্রনিষ্পীড়নজল দ্বারা তর্পণ করিতে নাই।

† শূদ্রগণ সর্ব্বত্র প্রণব পরিত্যাগ পূর্ব্বক অবশিষ্টাংশ উচ্চারণ করিবে।

‡ তর্পণসমাপ্তি যাবৎ এইরূপ প্রাচীনাবীতী থাকিবে।

*ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্লন্ত্বপোঽঞ্জলিম্।

পরে নিম্নলিখিত মন্ত্র যথাক্রমে বারত্রয় পাঠসহকারে পিতৃ-উদ্দেশে জলাঞ্জলিত্রয় দিতে হয়, যথা—

ওঁ বিষ্ণুরোম্ অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ ( শূদ্রপক্ষে অমুকদাস ) তৃপ্যস্ব এতত্তে সতিলোদকং (তিলতর্পণ-নিষিদ্ধ-দিবসে—"এতদুদকং ) স্বধা। ( শূদ্রপক্ষে—নমঃ )। †

পিতৃতর্পণ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বিষ্ণুরোম্ | অমুকগোত্র | পিতঃ | অমুকদেবশর্ম্মন্ | তৃপ্যস্বৈতত্তে | সতিলোদকং | স্বধা। |
| „ | „ | পিতামহ | „ | „ | „ | „ |
| „ | „ | প্রপিতামহ | „ | „ | „ | „ |
| „ | „ | মাতামহ | „ | „ | „ | „ |
| „ | „ | প্রমাতামহ | „ | „ | „ | „ |
| „ | „ | বৃদ্ধপ্রমাতামহ | „ | „ | „ | „ |
| „ | অমুকগোত্রে | মাতঃ | অমুকীদেবি | „ | „ | „ |
| „ | „ | পিতামহি | „ | „ | „ | „ |
| „ | „ | প্রপিতামহি | „ | „ | „ | „ |

মাতামহী প্রভৃতিকে এক এক অঞ্জলি জল দিবে—

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| „ | অমুকগোত্রে | মাতামহি | অমুকীদেবি | „ | „ | „ |
| „ | „ | প্রমাতামহি | „ | „ | „ | „ |
| „ | „ | বৃদ্ধপ্রমাতামহি | „ | „ | „ | „ |
| „ | „ | পিতৃব্য | অমুকদেবশর্ম্মন্ ইত্যাদি। ‡ | | | |

অনন্তর সামবেদীয় তর্পণের লিখিত নিয়মে অন্যান্য কার্য্য করিবে।

তৎপরে নিম্নলিখিত মন্ত্রদ্বয় যথাক্রমে তিন তিনবার পাঠ করত তিন তিন অঞ্জলি জল দিবে, যথা,—

ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ।
তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া ॥ ১ ॥

---

* শূদ্রজাতি এই মন্ত্রে পিতৃগণের আবাহন করিবে।

† "অমুক ঘোষ বা বসু দাস তৃপ্যস্ব এতত্তে সতিলোদকং নমঃ" শূদ্রের পক্ষে এইরূপ মন্ত্রোচ্চারণের ব্যবস্থা।

‡ সকলেরই নাম গোত্র সম্বন্ধ সম্বোধনবিভক্তিযুক্ত করিবে, যথা—অমুকগোত্র পিতঃ অমুকদেবশর্ম্মন্ পিতামহ প্রপিতামহ ইত্যাদি। এই স্থলেই ভীষ্মতর্পণ করা শূদ্রগণের কর্ত্তব্য। প্রতিদিন কর্ত্তব্য নহে।

ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ ॥ ২ ॥

পরে সামবেদীয় তর্পণের লিখিত প্রণালীতে রামতর্পণ, লক্ষ্মণতর্পণ ও বস্ত্রনিষ্পীড়নোদকে তর্পণ করিয়া পিতৃস্তুতি পাঠ ও পিতৃনমস্কার করিতে হয়।

## ঋগ্বেদীয় তর্পণ।

ঋগ্বেদী ব্রাহ্মণগণ, যজুর্ব্বেদীয় তর্পণের নিয়মানুসারে প্রথম হইতে যমতর্পণ পর্য্যন্ত করিবেন। কেবল 'তৃপ্যতাং' স্থলে 'তৃপ্যতু' এবং 'তৃপ্যন্তাং' স্থলে 'তৃপ্যন্তু' প্রয়োগ করিবেন। পিতৃতর্পণে বিশেষ নিম্নে লিখিত হইল, যথা—

বিষ্ণুরোম্ অমুকগোত্রং পিতরং অমুকদেবশর্ম্মাণং তর্পয়ামি এতৎ সতিলগঙ্গোদকং তস্মৈ স্বধা নমঃ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| „ | „ | পিতামহং | „ | „ | „ | „ |
| „ | „ | প্রপিতামহং | „ | „ | „ | „ |
| „ | „ | মাতামহং | „ | „ | „ | „ |
| „ | „ | প্রমাতামহং | „ | „ | „ | „ |
| „ | „ | বৃদ্ধপ্রমাতামহং | „ | „ | „ | „ |

„ অমুকগোত্রাং মাতরম্ অমুকীদেবীম্ তর্পয়ামি এতৎ সতিলোদকং তস্যৈ স্বধা নমঃ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| „ | „ | পিতামহীং | „ | „ | „ | „ |
| „ | „ | প্রপিতামহীং | „ | „ | „ | „ |

এক এক অঞ্জলি জল দিবে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| „ | অমুকগোত্রাং মাতামহীং | „ | „ | „ | „ |
| „ | „ বৃদ্ধপ্রমাতামহীম্ | „ | „ | „ | „ |

„ অমুকগোত্রং পিতৃব্যং অমুকদেবশর্ম্মাণং ইত্যাদি।

অবশিষ্ট কার্য্য সামবেদীয়বৎ করিবে।

তদনন্তর সামবেদীয় পিতৃতর্পণের লিখিত নিয়মে অন্যান্য ব্যক্তির উদ্দেশ্যেও তর্পণ করিবে।

## ক্ষত্রিয় ও বৈশ্যের তর্পণ।

ক্ষত্রিয় ও বৈশ্যগণ যজুর্ব্বেদী ব্রাহ্মণের নিয়মানুসারে সমস্তই করিবেন। কেবল পিতৃতর্পণে ক্ষত্রিয়েরা 'দেবশর্ম্মন্' স্থলে—'ত্রাতৃবর্ম্মন্' বলিবেন। বৈশ্যগণ, 'দেবশর্ম্মন্' স্থলে—'দত্তভূতে' বা 'গুপ্তভূতে' বলিবেন। মৃতব্যক্তির নাম না জানা থাকিলে অমুকগোত্র, শ্রীঅমুকদেবশর্ম্মা 'পিতামহ দেবশর্ম্মন্'। (তর্পণকর্ত্তার নাম উল্লেখ করিয়া তাহার পিতামহ) এইরূপ প্রপিতামহাদি-স্থলেও জানিবে।

## সন্ধ্যা।

### সন্ধ্যার কর্ত্তব্যতা।

একদা মন্দেহ নামক মহাবলিষ্ঠ ত্রিংশৎকোটি রাক্ষস মিলিত হইয়া সূর্য্যের সংহারার্থ উপস্থিত হইয়াছিল। তখন দেবগণ ও ঋষিগণ সমবেত হইয়া জলাঞ্জলি গ্রহণ পূর্ব্বক সন্ধ্যার উপাসনা করত সেই সন্ধ্যোপাসনা-কৃত বজ্রভূত জলপ্রক্ষেপ দ্বারা সমস্ত দৈত্যগণের বিনাশসাধন করেন; এই জন্য বিপ্রগণ নিত্য সন্ধ্যোপাসনা করিয়া থাকেন। শাস্ত্রেও ইহার প্রমাণ আছে, যথা—

ত্রিংশৎকোট্যো মহাবীর্য্যা মন্দেহা নাম রাক্ষসাঃ।
কৃষ্ণাতিদারুণা ঘোরাঃ সূর্য্যমিচ্ছন্তি খাদিতুম্॥
ততো দেবগণাঃ সর্ব্বে ঋষয়শ্চ তপোধনাঃ।
উপাসতেঽত্র যে সন্ধ্যাং প্রক্ষিপন্ত্যুদকাঞ্জলিম্॥
দহ্যন্তে তেন তে দৈত্যা বজ্রভূতেন বারিণা।
এতস্মাৎ কারণাদ্‌বিপ্রাঃ সন্ধ্যাং নিত্যমুপাসতে॥

সন্ধ্যা অবশ্য কর্ত্তব্য। সন্ধ্যার উপাসনা করিলে বিষ্ণুর উপাসনা করা হয়। যিনি গায়ত্রী, তিনিই সন্ধ্যা; একেই দ্বিধা হইয়া রহিয়াছেন। যিনি যাবজ্জীবন ত্রিসন্ধ্যা করেন, তিনি তেজে ও তপস্যায় সূর্য্যতুল্য হইয়া থাকেন; তদীয় পদধূলি দ্বারা ধরণী সদ্যঃ পূতা হন; সেই সন্ধ্যাপূত তেজস্বী বিপ্র জীবন্মুক্ত, সন্দেহ নাই। ত্রিসন্ধ্যা দ্বারা মহাপাতকাদিও নষ্ট হয়। শাস্ত্রোক্ত প্রমাণ যথা—

যা সন্ধ্যা সা তু গায়ত্রী দ্বিধাভূত্বা প্রতিষ্ঠিতা।
সন্ধ্যা উপাসিতা য়েন বিষ্ণুস্তেন উপাসিতঃ॥

স চ সূর্য্যসমো বিপ্রস্তেজসা তপসা সদা।
তৎপাদপদ্মরজসা সদ্যঃ পূতা বসুন্ধরা॥
জীবন্মুক্তঃ স তেজস্বী সন্ধ্যাপূতো হি যো দ্বিজঃ॥
অনর্হঃ কর্ম্মণাং বিপ্রঃ সন্ধ্যাহীনোঽশুচির্ম্মতঃ।
এতৎসন্ধ্যাত্রয়ং প্রোক্তং ব্রাহ্মণ্যং যদধিষ্ঠিতম্।
যস্য নাস্ত্যাদরস্তত্র ন স ব্রাহ্মণ উচ্যতে॥
সন্ধ্যামুপাসতে যে তু নিয়তং সংশিতব্রতাঃ।
বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকমনাময়ম্॥

সন্ধ্যার সাধারণ ব্যবস্থা।—সন্ধ্যার প্রকৃত সময় অতীত হইলে দশবার গায়ত্রী-জপরূপ প্রায়শ্চিত্ত করিয়া সন্ধ্যা করিবে। বৈদিকী সন্ধ্যায় বৈদিকী এবং তান্ত্রিকী সন্ধ্যায় তান্ত্রিকী গায়ত্রী-জপ কর্ত্তব্য।

সন্ধ্যাহীন ব্যক্তি কার্য্যে অনধিকারী। এই ত্রিসন্ধ্যার উপর ব্রাহ্মণ্য অধিষ্ঠিত, যাঁহার এই ত্রিসন্ধ্যায় শ্রদ্ধা নাই, তিনি ব্রাহ্মণপদবাচ্য নহেন। সূর্য্যোদয়ের একদণ্ড পূর্ব্বে ও একদণ্ড পরে যে সময়, তাহাই প্রাতঃসন্ধ্যার কাল, সূর্য্য যৎকালে পশ্চিমাচলগমনোন্মুখ হইয়া সেই দিক্ অরুণরাগে রঞ্জিত করেন, তাঁহাই সায়ং-সন্ধ্যার কাল এবং যে সময় সূর্য্যদেব ঠিক আকাশের মধ্যস্থলে অবস্থিত থাকেন, তখনই মধ্যাহ্ন-সন্ধ্যা করিবে। ফলতঃ দিনমানের ন্যূনাধিক্যানুসারে এই সময়নিরূপণ করিবে। শাস্ত্রোক্ত প্রমাণ যথা—

অর্দ্ধাস্তময়াৎ সন্ধ্যা ব্যক্তীভূতা ন তারকা যাবৎ।
তেজঃপরিহানিরূষা ভানোরর্দ্ধোদয়ং যাবৎ।
রাত্র্যন্তকালে নাড্যৌ দ্বে সন্ধ্যাদিঃ কাল উচ্যতে।
দর্শনাদ্রবিরেখায়াস্তদন্তে মুনিভিঃ স্মৃতঃ॥
সন্ধ্যা মুহূর্ত্তমাখ্যাতা হ্রাসে বৃদ্ধৌ সমা স্মৃতা।
প্রাতঃসন্ধ্যাং সনক্ষত্রামুপাসীত যথাবিধি॥
সাদিত্যাং পশ্চিমাং সন্ধ্যাং অর্দ্ধাস্তমিতভাস্করাম্।
সমসূর্য্যেঽপি মধ্যাহ্নে মুহূর্ত্তে সপ্তমোপরি॥

নক্ষত্রযুক্তকালে উপক্রম্য অর্দ্ধোদয়পর্য্যন্তং প্রাতঃসন্ধ্যাং দণ্ডদ্বয়মুপাসীত। এবং অর্দ্ধাস্তমিতভাস্করযুক্তকালে উপক্রম্য আনক্ষত্রদর্শনাৎ সায়ংসন্ধ্যামুপাসীত।

• সন্ধ্যা করিবার সময় মৌনভাবে থাকিতে হয়। তখন হাঁচি বা নিষ্ঠীবন

ফেলিলে, কথা কহিলে, হাই তুলিলে, অধোবায়ু ত্যাগ করিলে কিংবা নিদ্রাকর্ষণ হইলে বিষ্ণুস্মরণ পূর্ব্বক দক্ষিণকর্ণ স্পর্শ করিতে হয়, ইহাই ব্যবস্থা।

জননাশৌচ ও মরণাশৌচ-দিনে সন্ধ্যা নিষিদ্ধ। তদ্ভিন্ন অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী, সংক্রান্তি ও শ্রাদ্ধদিনে সায়ংসন্ধ্যা করিবে না; কিন্তু নিষিদ্ধ দিবসে গায়ত্রী জপ করিতে পারে। তান্ত্রিক সন্ধ্যা কোন দিনেই নিষিদ্ধ নহে, প্রত্যহই কর্ত্তব্য; কিন্তু অশৌচদিনে করিবে না, মূলমন্ত্র জপ করিবে।

প্রমাদ নিবন্ধন পূর্ব্বসন্ধ্যার বাধ হইলে পরসন্ধ্যা করিবার অগ্রে পূর্ব্বসন্ধ্যা কর্ত্তব্য। তিনটি সন্ধ্যারই বাধ হইলে একদিন অনশনে থাকিবে; তাহাতে অসমর্থ হইলে একটি ব্রাহ্মণভোজন করাইবে কিংবা ভোজনদ্রব্যের উপযুক্ত মূল্য দিবে। ঈশানকোণাভিমুখ হইয়া প্রাতঃসন্ধ্যা, পূর্ব্বাস্য বা উদঙ্মুখ হইয়া মধ্যাহ্নসন্ধ্যা এবং বায়ুকোণাস্য হইয়া সায়ংসন্ধ্যা করিবে।

সন্ধ্যা কেবল উপনীত ব্রাহ্মণের পক্ষেই কর্ত্তব্য। প্রথমতঃ বারদ্বয় আচমন করিয়া বিষ্ণুস্মরণ পূর্ব্বক আপোমার্জ্জন করিবে, অর্থাৎ নিম্নকথিত ছয়টি মন্ত্রপাঠ সহকারে কুশের দ্বারা বা হস্ত দ্বারা মস্তকে বিন্দু বিন্দু জলের ছিটা দিবে, যথা—

## সামবেদীয় সন্ধ্যাপ্রয়োগ।

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ॥ ১॥ ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ॥ ২॥ ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহেরণায় চক্ষসে॥ ৩॥ ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য

মরুদেশোদ্ভব জল আমাদিগের কল্যাণ করুক, অনূপদেশজাত জল আমাদিগের মঙ্গলপ্রদ হউক, সাগরবারি আমাদিগের শ্রেয়োবিধান করুক এবং কূপজল আমাদিগের শুভদায়ী হউক॥ ১॥ স্বেদাক্ত ব্যক্তি তরুমূলে থাকিয়া যে প্রকার স্বেদ হইতে মুক্তিলাভ করে, স্নাত ব্যক্তি যেরূপ শারীরিক মল হইতে মুক্ত হয়, মন্ত্রপাঠ দ্বারা হবিঃ যেমন পবিত্র হয়, জল আমাকে তদ্রূপ পাপ হইতে পরিত্রাণ করুক॥২॥ হে জল-সকল! তোমরা পরমসুখপ্রদ; অতএব ইহকালে আমাদিগের অন্নের সংস্থান করিয়া দাও এবং পরলোকে সুদর্শন পরব্রহ্মের সহিত আমাদিগের সম্মিলন করিয়া দিও॥ ৩॥ স্নেহময়ী

ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ৪॥ ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ৫॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসো অধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ, সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী। সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ॥ ৬॥

অনন্তর কেবল প্রাতঃসন্ধ্যাকালে নিম্নলিখিত মন্ত্রটি পাঠ করিবে, যথা—

ওঁ নত্বা তু পুণ্ডরীকাক্ষমুপাত্তাঘপ্রশান্তয়ে।
ব্রহ্মবর্চ্চসকামার্থং প্রাতঃসন্ধ্যামুপাস্মহে॥

### প্রাণায়াম।

তৎপরে কৃতাঞ্জলি হইয়া নিম্নোক্ত মন্ত্রকয়টি পাঠ সহকারে ঋষ্যাদি স্মরণ করত শিরঃপ্রদেশের চারিদিকে জলবেষ্টন করিবে, * মন্ত্র যথা—

ওঁকারস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ॥ ৭॥

---

জননী যেরূপ স্বীয় স্তনদুগ্ধ পান করাইয়া পুত্রের কল্যাণবিধান করেন, হে জলসমূহ! তোমরাও তদ্রূপ ইহলোকে আমাদিগকে কল্যাণময় রসের দ্বারা পরিতৃপ্ত কর॥ ৪॥ হে বারি-সমূহ! তোমরা যে রস দ্বারা আব্রহ্মস্তম্ব যাবৎ জগতের তৃপ্তিসাধন করিতেছ, সেই রস দ্বারা যেন আমাদিগের তৃপ্তি জন্মে। তোমরা আমাদিগকে সেই রসভোগের অধিকার প্রদান কর॥ ৫॥ মহাপ্রলয়কালে কেবলমাত্র ব্রহ্ম বিরাজমান ছিলেন, তখন সমস্ত অন্ধকারাবৃত ছিল; তদনন্তর সৃষ্টির প্রাক্কালে অদৃষ্টবশে মূলস্বরূপ সলিল-পূরিত সাগর সমুৎপন্ন হইল। সেই সাগরবারি হইতে জগৎ-সৃষ্টিকারী বিধাতা সঞ্জাত হইলেন। সেই বিধাতাই দিবা-প্রকাশক সূর্য্য ও নিশা-প্রকাশক চন্দ্র সৃষ্টি করিয়া বৎসরের কল্পনা করেন অর্থাৎ সেই সময় হইতে দিবারাত্রি, ঋতু, অয়ন, বৎসর প্রভৃতি যথানিয়মে প্রতিষ্ঠিত হইল। পরে ব্রহ্মা একে একে মহ আদি ঊর্দ্ধতন চারিলোক ও ভূরাদি ত্রিলোকের সৃষ্টি করিলেন॥ ৬॥

---

* ঋষি—বেদ নিত্য; মহাপ্রলয়কালে বিলীনভাবে থাকে মাত্র; তদনন্তর সৃষ্টিকালে যিনি যে মন্ত্রটি প্রথমতঃ স্মরণ করেন অথবা যিনি যে মন্ত্রের দ্বারা সিদ্ধিপ্রাপ্ত হন, তিনিই সেই মন্ত্রের ঋষি। ছন্দঃ—যে মন্ত্র যে ছন্দে রচিত, তাহাই সেই মন্ত্রের ছন্দঃ। দেবতা—মন্ত্রের আরাধ্য বস্তু। বিনিয়োগ—যে কর্ম্মে মন্ত্রের প্রয়োগ। প্রত্যেক মন্ত্রপাঠের প্রথম এই প্রকারে মন্ত্রের ঋষি, ছন্দঃ, দেবতা ও বিনিয়োগ জানিতে হয়, ইহারই নাম ঋষ্যাদি ন্যাস।

ওঁ সপ্তব্যাহৃতীনাং প্রজাপতিঋষির্গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্‌বৃহতীপঙ্‌ক্তিত্রিষ্টুব্‌জগত্যশ্ছন্দাংসি অগ্নি-বায়ু-সূর্য্য-বরুণ-বৃহস্পতীন্দ্র-বিশ্বদেবা দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ৮ ॥ ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ৯ ॥ ওঁ গায়ত্রীশিরসঃ প্রজাপতিঋষির্গায়ত্রীচ্ছন্দো ব্রহ্মবায়্বগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ১০ ॥

তৎপরে দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণনাসাপুট ধারণ করিয়া বামনাসাপুট দ্বারা বায়ুপূরণ করত নাভিদেশে ব্রহ্মাকে ধ্যান করিবে, যথা—

( নাভৌ ) রক্তবর্ণং চতুর্ম্মুখং দ্বিভুজম্ অক্ষসূত্রকমণ্ডলুকরং হংসবাহনস্থং ব্রহ্মাণং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ। ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোঁ। ॥ ১১-১২ ॥

এই ভাবে থাকিয়া অনামিকা অঙ্গুলী দ্বারা বামনাসাপুট ধরিয়া বায়ুরোধরূপ কুম্ভক করত হৃদয়ে বিষ্ণুকে ধ্যান করিবে, যথা—

( হৃদি ) ওঁ নীলোৎপলদলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্রগদাপদ্মধরং গরুড়ারূঢ়ং কেশবং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ। ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোঁ। ॥ ১৩ ॥

ব্রহ্মা লোহিতবর্ণ, চতুরানন, অক্ষসূত্রকমণ্ডলুধারী, দ্বিভুজ ও হংসারূঢ়। এই প্রকারে নাভিস্থলে ধ্যান করিয়া নিম্নলিখিতরূপে চিন্তা করিবে। যাঁহা দ্বারা ভূঃ প্রভৃতি সপ্তলোক প্রকাশিত হইতেছে, যিনি জল, তেজ ও মনরূপে বিদ্যমান, যিনি অখিল জীবের হৃদয়ে জীবাত্মরূপে অধিষ্ঠিত, যিনি সত্ত্বাদি ত্রিগুণভেদে ব্রহ্মাবিষ্ণুরুদ্ররূপে বিরাজমান, সেই আদিত্যমণ্ডলোপাধিপরিচ্ছিন্ন চৈতন্যকে ( ব্রহ্মকে ) আমরা আরাধনা করি। তিনি ধর্ম্মাদি চতুর্ব্বর্গবিষয়ে আমাদিগের বুদ্ধিবৃত্তিকে প্রেরিত করিতেছেন ॥ ১১-১২ ॥

নীলোৎপলদলপ্রভ, চতুর্ভুজ, শঙ্খচক্রগদাপদ্মহস্ত, গরুড়াসনসমারূঢ় বিষ্ণুকে হৃদয়ে ধ্যান করিতে করিতে পূর্ব্ববৎ ভূরাদি সপ্তলোক ও গায়ত্রীর অর্থ চিন্তা করিবে ॥ ১৩ ॥

পরে বৃদ্ধাঙ্গুষ্ঠ উত্তোলন পূর্ব্বক দক্ষিণনাসাপুট দ্বারা ধীরে ধীরে বায়ুত্যাগ করিয়া ললাটে শিবকে ধ্যান করিবে, যথা—

(ললাটে) শ্বেতং দ্বিভুজং ত্রিশূলডমরুকরং অর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং বৃষভারূঢ়ং শম্ভুং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ। ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোঁ॥ ১৪॥

তৎপরে দক্ষিণকরে জল লইয়া প্রাতঃসন্ধ্যায় নিম্নকথিত মন্ত্রপাঠ সহকারে বারত্রয় জলপান করত আচমন করিবে।

প্রাতরাচমন।

সূর্য্যশ্চ মেতি মন্ত্রস্য ব্রহ্ম-ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্। যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু। যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপো অমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা॥ ১৫॥

শ্বেতবর্ণ, দ্বিভুজ, ত্রিশূলডমরুকর, অর্দ্ধচন্দ্রবিভূষিত, ত্রিনেত্র, বৃষভস্থ শম্ভুকে ললাটে ধ্যান করিতে করিতে পূর্ব্ববৎ সপ্তব্যাহৃতিযুক্ত সশিরস্ক গায়ত্রীর অর্থ চিন্তা করিবে॥ ১৪॥

"সূর্য্যশ্চ মা" মন্ত্রের ঋষি ব্রহ্মা, প্রকৃতি ইহার ছন্দঃ, জল দেবতা এবং আচমনকর্ম্মে ইহার প্রয়োগ হয়। সূর্য্য, যজ্ঞ ও যজ্ঞপতি ইন্দ্রাদি অমরগণ অসম্পূর্ণযজ্ঞজনিত পাপ হইতে আমাকে উদ্ধার করুন। আমি রাত্রিকালে মন, বাক্য, হস্ত, পদ, জঠর ও শিশ্ন দ্বারা যে পাপ করিয়াছি, দিবা তাহা বিনষ্ট করুন্। আমাতে যে কিছু পাপ আছে, তৎসমস্ত এই সলিলে সংক্রামিত করিয়া এই পাপময় সলিল হৃৎপদ্ম-মধ্যগত অমৃতযোনি (চৈতন্য-শক্তিপ্রকাশক) জ্যোতির্ম্ময় সূর্য্যে সমর্পণ (হোম) করিলাম; উহা নিঃশেষে ভস্মীভূত হউক॥ ১৫॥

কেহ কেহ "রাত্রিস্তদবলুম্পতু" বলেন।

মধ্যাহ্নাচমন।

আপঃ পুনন্ত্বিতি মন্ত্রস্য বিষ্ণুঋষিরনুষ্টুপ্ ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং, পৃথ্বী পূতা পুনাতু মাম্। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূতা পুনাতু মাম্। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপো অসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥ ১৬॥

সায়াহ্নাচমন।

অগ্নিশ্চ মেতি মন্ত্রস্য রুদ্র-ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে বিনি-য়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্। যদহ্না পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না রাত্রিস্তদবলুম্পতু।* যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽমৃতযোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা॥ ১৭॥

---

"আপঃ পুনন্তু' ইত্যাদি মন্ত্রের ঋষি বিষ্ণু, অনুষ্টুপ্ ইহার ছন্দঃ, জল ইহার দেবতা এবং আচমনকর্ম্মে ইহার প্রয়োগ হয়। জল আমার পার্থিব কায়ের পবিত্রতাবিধান করুক্, দেহ পবিত্র হইয়া আমাকে (ক্ষেত্রজ্ঞ আত্মাকে) পবিত্র করুক্, জল পরমাত্মাকে পবিত্র করুক্ এবং পরমাত্মা পবিত্র হইয়া আমাকে বিশুদ্ধ করুন্। উচ্ছিষ্ট-সেবন, অখাদ্য-ভোজন, অসদ্ব্যবহার ও অসৎ-প্রতিগ্রহজনিত মদীয় যে কিছু পাতকসঞ্চয় হইয়াছে, জল সেই সমস্ত পাপ হইতে আমাকে পরিমুক্ত করুক॥ ১৬॥

"অগ্নিশ্চ মা" ইত্যাদি মন্ত্রের ঋষি রুদ্র, প্রকৃতি ইহার ছন্দঃ, জল দেবতা এবং আচমনকর্ম্মে প্রয়োগ হয়। অগ্নি, যজ্ঞ ও যজ্ঞপতি ইন্দ্রাদি দেবগণ আমার পাপ ধ্বংস করিয়া আমাকে উদ্ধার করুন। আমি দিবাভাগে মন, বাক্য, হস্ত, চরণ, উদর ও শিশ্ন দ্বারা যে সমস্ত পাপাচরণ করিয়াছি, নিশা তৎসমস্ত দূর করুন্; আমার শরীরে যে কিছু পাপসঞ্চয় হইয়াছে, তন্মিশ্রিত এই সলিলকে আমি অমৃতযোনি (চৈতন্যশক্তিপ্রকাশক) হৃদয়মধ্যগত জ্যোতির্ম্ময় সত্যে (ব্রহ্মে) হোম করিলাম, উহা নিঃশেষে ভস্মীভূত হইয়া যাউক॥ ১৭॥

---

* কেহ কেহ বলেন, 'অহস্তদবলুম্পতু'।

পুনর্ম্মার্জ্জন।

অনন্তর জলে গায়ত্রী জপ করিয়া ঋষ্যাদিসহ নিম্নলিখিত মন্ত্রত্রয়ে মস্তকে বারত্রয় জল দিবে। মন্ত্র যথা,—

আপো হি ষ্ঠেতি ঋক্‌ত্রয়স্য সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা মার্জ্জনে বিনিয়োগঃ॥

ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে॥ ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ১৮॥

অঘমর্ষণ।

তৎপরে নাসিকাগ্রে এক গণ্ডূষ জল ধারণ পূর্ব্বক তিনবার, অসামর্থ্যে একবার নিম্নলিখিত মন্ত্রপাঠ করিতে করিতে নিশ্বাস দ্বারা অভ্যন্তরগত ভস্মীভূত পাপরাশি নিষ্ক্রান্ত হইয়া ঐ জলগণ্ডূষে মিশিয়াছে, এইরূপ ভাবনা করত সেই জল বামভাগে ভূপৃষ্ঠে ফেলিবে। ঋতমিত্যস্যাঘমর্ষণ-ঋষিরনুষ্টুপ্‌ ছন্দো ভাববৃত্তো দেবতা অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসো অধ্যজায়ত ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ। সমুদ্রাদর্ণবাদধি-সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী। সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ॥ ১৯॥

অনন্তর হস্তপ্রক্ষালন পূর্ব্বক তিনবার গায়ত্রীপাঠ সহকারে সূর্য্যকে অঞ্জলিত্রয় জল দিবে। মধ্যাহ্নে একবার গায়ত্রী পাঠপূর্ব্বক এক অঞ্জলি জল দিতে হয়।

---

"আপো হি ষ্ঠা" ইত্যাদি তিনটি মন্ত্রের ঋষি সিন্ধুদ্বীপ, গায়ত্রী ইহার ছন্দঃ, জল দেবতা এবং মার্জ্জন-ক্রিয়ায় ইহার প্রয়োগ হয়॥ ১৮॥

"ঋতম্‌" ইত্যাদি মন্ত্রের ঋষি অঘমর্ষণ, অনুষ্টুপ্‌ ছন্দঃ, ভাববৃত্ত দেবতা এবং অশ্বমেধযজ্ঞান্তে স্নানকর্ম্মে ইহার প্রয়োগ॥ ১৯॥ *

---

* এই দশটি মন্ত্রের অর্থ পূর্ব্বে লিখিত হইয়াছে।

### সূর্য্যোপস্থান।

প্রভাতে ও সন্ধ্যাকালে করপুটে এবং মধ্যাহ্নে উর্দ্ধবাহু হইয়া নিম্নলিখিত মন্ত্র দ্বারা সূর্য্যোপস্থান করিবে।* যথা—

উদু ত্যমিত্যস্য প্রস্কন্ন-ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্॥ ২০॥

চিত্রমিত্যস্য + কৌৎস-ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং, চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ আপ্রা-দ্যাবা পৃথিবী অন্তরিক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ॥ ২১॥

তদনন্তর নিম্নলিখিত কয়েকটি মন্ত্রের এক একটি পাঠ পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিতে হয়, যথা—

ওঁ নমো ব্রহ্মণে, ওঁ নমো ব্রাহ্মণেভ্যঃ, ওঁ নম আচার্য্যেভ্যঃ, ওঁ নম ঋষিভ্যঃ, ওঁ নমো দেবেভ্যঃ, ওঁ নমো বেদেভ্যঃ, ওঁ নমো বায়বে, ওঁ নমো মৃত্যবে, ওঁ নমো বিষ্ণবে, ওঁ নমো বৈশ্রবণায়, ওঁ নম উপজায়। ‡

"উদু ত্যং" ইত্যাদি মন্ত্রের ঋষি প্রস্কন্ন, গায়ত্রী ছন্দঃ, সূর্য্য দেবতা এবং সূর্য্যোপস্থানে ইহার প্রয়োগ হয়। অগ্নিতুল্য তেজোযুক্ত সুপ্রসিদ্ধ আদিত্য-দেবকে তদীয় রশ্মিরাশি উর্দ্ধে ধারণ করিয়া রাখিয়াছে, এই হেতু সকল-লোক প্রকাশিত হইতেছে॥ ২০॥

"চিত্রম্" ইত্যাদি মন্ত্রের ঋষি কৌৎস, ছন্দঃ ত্রিষ্টুপ্, সূর্য্য দেবতা এবং সূর্য্যোপস্থানে ইহার প্রয়োগ হয়। দেবগণের বিস্ময়প্রদ তেজোরাশিস্বরূপ সূর্য্যদেব উদিত হইয়াছেন। ইনি মিত্র, বরুণ ও অগ্নি এই দেবত্রয়ের নেত্র-স্বরূপ, অন্য দেববৃন্দের সমষ্টিস্বরূপ এবং স্থাবরজঙ্গমের আত্মস্বরূপ। ইনি নিজময়ূখমালা দ্বারা স্বর্গ, মর্ত্ত্য ও আকাশকে পরিপূর্ণ করিয়াছেন॥ ২১॥

* সূর্য্যোপস্থানে বিশেষ বিধি—"তদসংযুক্তপার্ষ্ণির্বা একপাদর্দ্ধপাদপি। কুর্য্যাৎ কৃতাঞ্জলির্বাপি উর্দ্ধবাহুরথাপি বা।" ভূমিতে পায়ের গোড়ালী না ঠেকাইয়া অথবা একপাদে কিংবা অর্দ্ধপাদে সূর্য্যোপস্থান করিলে ফলাধিক্য হয়।

\+ কেহ কেহ 'কুৎসঋষিঃ' বলেন।

‡ মধ্যাহ্নস্নানের তর্পণ করিবার আবশ্যক হইলে এই সময়েই করিবে।

অঙ্গন্যাস।

পরে 'ওঁ' এই মন্ত্রে হৃদয় স্পর্শ করিবে, 'ভূঃ' মন্ত্রে শিরঃ স্পর্শ করিবে। 'ভুঃ' মন্ত্রে শিখা স্পর্শ, 'বঃ' মন্ত্রে সর্ব্বগাত্র স্পর্শ, 'স্বঃ' মন্ত্রে করতলদ্বয় স্পর্শ করিয়া আঘাত করিবে। এইরূপ আর দুইবার করিবে।

গায়ত্রী-জপ

ঋষ্যাদিন্যাস—গায়ত্র্যা বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ।

গায়ত্রী-আবাহন যথা—

ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি।
গায়ত্রি চ্ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে ॥ ২২ ॥

গায়ত্রী-ধ্যান।

প্রাতঃসন্ধ্যায়—ওঁ কুমারীমৃগ্‌বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ।
হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্ ॥ ২৩ ॥
মধ্যাহ্নে—ওঁ মধ্যাহ্নে বিষ্ণুরূপাঞ্চ তার্ক্ষ্যস্থাং পীতবাসসীম্।
যুবতীঞ্চ যজুর্ব্বেদাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্ ॥ ২৪ ॥
সায়াহ্নে—ওঁ সায়াহ্নে শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভবাহিনীম্।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং সামবেদসমাযুতাম্ ॥ ২৫ ॥

প্রাতঃ গায়ত্রী ব্রহ্মরূপা, মধ্যাহ্নে বিষ্ণুরূপা সাবিত্রী, সায়ং শিবরূপা সরস্বতী এই ভাবিয়া জপ করিবে।

হে বরপ্রদে দেবি! হে অক্ষরত্রয়ময়ি! হে ব্রহ্মপ্রকাশিকি! হে ছন্দোমাতঃ! হে বেদোদ্ভবে গায়ত্রি! জপের সময় আমার সমীপবর্ত্তিনী হও, তোমাকে প্রণাম করি ॥ ২২ ॥

প্রাতঃকালে গায়ত্রীকে কুমারী, ঋগ্বেদোদ্ভূতা, ব্রহ্মস্বরূপিণী, কুশধারিণী ও সূর্য্যমণ্ডলস্থিতা ধ্যান করিবে ॥ ২৩ ॥

মধ্যাহ্নকালে গায়ত্রীকে বৈষ্ণবী, গরুড়াসনা, পীতাম্বরধারিণী, যুবতী, যজুর্ব্বেদোদ্ভূতা ও সূর্য্যমণ্ডলগতা ধ্যান করিবে ॥ ২৪ ॥

সায়াহ্নকালে গায়ত্রী দেবীকে শিবশক্তি, বৃদ্ধা, বৃষারূঢ়া, সামবেদোদ্ভূতা ও সূর্য্যমণ্ডলমধ্যগতা ধ্যান করিবে ॥ ২৫ ॥

তদনন্তর যথাশক্তি দশধা, অষ্টোত্তরশত কিংবা অষ্টোত্তর-সহস্রবার গায়ত্রী জপ করিবে। গায়ত্রী যথা—

গায়ত্রী।

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ ॥ ২৬ ॥

এইরূপে প্রভাতে, মধ্যাহ্নে ও সায়াহ্নে যথাক্রমে গায়ত্রী, সাবিত্রী ও সরস্বতীকে ধ্যান করিবে। প্রাতঃকালে ঊর্দ্ধভাবে থাকিয়া হস্তদ্বয় ঊর্দ্ধোত্তান, মধ্যাহ্নে তদনুরূপে অবস্থান করত হস্তদ্বয় তির্য্যগ্‌গত এবং সায়ংকালে উপবিষ্ট হইয়া করদ্বয়কে অধোমুখ করত অনামা অঙ্গুলীর মধ্যপর্ব্ব, মূলপর্ব্ব, কনিষ্ঠাঙ্গুলীর মূলাদি পর্ব্বত্রয়, অনামিকার অগ্রপর্ব্ব, মধ্যমাঙ্গুলীর অগ্রপর্ব্ব আর তর্জ্জনীর পর্ব্বত্রয় এই দশসংখ্য পর্ব্বে অঙ্গুষ্ঠাগ্রপর্ব্ব দ্বারা গায়ত্রী জপ করিতে হয়। শক্তি অনুসারে গায়ত্রীজপের প্রথমে ও শেষে গায়ত্রীর স্তবকবচ পাঠ এবং প্রথমে গায়ত্রীশাপোদ্ধার পাঠ করা কর্ত্তব্য।

তৎপরে জপ-বিসর্জ্জন করিতে হয়। মন্ত্র যথা—

ওঁ মহেশবদনোৎপন্না বিষ্ণোর্হৃদয়সম্ভবা।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া ॥ ২৭ ॥

অনন্তর "অনেন জপেন ভগবন্তাবাদিত্যশুক্রৌ প্রীয়েতাম্। ওঁ আদিত্য-শুক্রাভ্যাং নমঃ" এই মন্ত্রে এক গণ্ডূষ জল দিয়া নিম্নোক্ত মন্ত্রে দক্ষিণকরের

স্থাবরজঙ্গমাত্মক ত্রিভুবনস্বরূপ, জননমরণ-দুঃখাদি-বিদূরণার্থ উপাস্য, আদিত্যমণ্ডলান্তর্গত তেজের প্রাণভূত, সৃষ্টিস্থিতিসংহারকারিণী শক্তির সহিত অবিচ্ছিন্ন, সর্ব্বান্তর্য্যামী ব্রহ্মের তেজকে উপাসনা করি। তিনি আমাদের বুদ্ধিবৃত্তিকে ধর্ম্মাদি চতুর্ব্বর্গবিষয়ে প্রেরণ করিতেছেন। তিনি ভূরাদি সপ্তলোকের প্রকাশক, বারি, তেজ ও রসরূপে অধিষ্ঠিত, সূর্য্যমণ্ডলোপাধি-পরিচ্ছিন্ন চৈতন্যস্বরূপ ও সত্ত্বাদি ব্রহ্মাবিষ্ণুরুদ্ররূপে বিরাজমান ॥ ২৬ ॥

হে দেবি! তুমি মহেশ্বরের বদনদেশ হইতে সঞ্জাত হইয়াছ এবং ব্রহ্মার অনুজ্ঞায় বিষ্ণুর বক্ষঃপ্রদেশে অধিষ্ঠান করিতেছ, তুমি স্বেচ্ছানুসারে প্রস্থান কর ॥ ২৭ ॥

### আত্মরক্ষা।

যজ্ঞোপবীতসহ অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণকর্ণের পৃষ্ঠদেশ স্পর্শ করিয়া আত্মরক্ষা করিবে, যথা—

জাতবেদস ইত্যস্য কাশ্যপঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা আত্মরক্ষায়াং জপে বিনিয়োগঃ। ওঁ জাতবেদসে সুনবাম সোমমরাতীয়তো নিদহাতি বেদঃ, স নঃ পর্ষদতি * দুর্গাণি বিশ্বা, নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ ॥ ২৮ ॥

পরে মস্তকে জলের ছিটা দিবে।

### রুদ্রোপস্থান।

পরে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ করিবে, যথা—

ঋতমিত্যস্য কালাগ্নিরুদ্র-ঋষিরনুষ্টুপ্ ছন্দো রুদ্রো দেবতা রুদ্রোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং কৃষ্ণপিঙ্গলম্।
ঊর্দ্ধলিঙ্গং বিরূপাক্ষং বিশ্বরূপং নমো নমঃ ॥ ২৯ ॥

তদনন্তর নিম্নলিখিত মন্ত্র কয়টির এক একটি পাঠ পূর্ব্বক এক এক অঞ্জলি জল দিতে হয়, যথা—

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বরুণায় নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ রুদ্রায় নমঃ।

সামর্থ্যপক্ষে ব্রাহ্মণমাত্রেরই নিত্য ব্রহ্মযজ্ঞ করা উচিত। ব্রহ্মযজ্ঞান্তে সূর্য্যার্ঘ্য-দান। যাঁহারা ব্রহ্মযজ্ঞ করেন না, তাঁহারা অগ্রে সূর্য্যার্ঘ্য দিবেন।

কাশ্যপ আত্মরক্ষা-মন্ত্রের ঋষি, ত্রিষ্টুপ্ ছন্দঃ, অগ্নি দেবতা এবং আত্মরক্ষণ-কার্য্যে ইহার প্রয়োগ হয়। যে অগ্নি আমাদিগের অনিষ্টকারীদিগকে ভস্মীভূত করেন ও বেদকে আয়ত্ত করিয়াছেন, নৌকাযোগে তটিনী উত্তরণের ন্যায় জগৎ যে অগ্নি দ্বারা দুস্তর পাপ হইতে পরিত্রাণ পায়, আমরা সেই অগ্নির জন্য সোমযজ্ঞের আচরণ করি ॥ ২৮ ॥

কালাগ্নিরুদ্র রুদ্রোপস্থান-মন্ত্রের ঋষি, অনুষ্টুপ্ ছন্দঃ, রুদ্র দেবতা এবং রুদ্রোপস্থানকার্য্যে ইহার বিনিয়োগ হয়। যিনি একাক্ষর ও অনন্তজ্ঞানসংজ্ঞক পরব্রহ্ম, ব্রহ্মবিষ্ণু-রুদ্ররূপী, ঊর্দ্ধলিঙ্গ (ঊর্দ্ধস্থিত) ও বিরূপাক্ষ, সেই বিশ্বরূপ পুরুষকে প্রণাম করি ॥ ২৯ ॥

---

* 'পরিষদতি' ইতি বা পাঠঃ।

### সূর্য্যার্ঘ্য।

তৎপরে ( অর্ঘ্যদ্রব্য বা তদভাবে জল দ্বারা ) সূর্য্যার্ঘ্য প্রদান পূর্ব্বক তাঁহাকে নমস্কার করিবে, যথা—

ইদমর্ঘ্যং—ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে ॥
ওঁ শ্রীসূর্য্যায় নমঃ ॥ ৩০ ॥

### সূর্য্যের নমস্কার।

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্ ॥ ৩১ ॥

### ক্রটিমার্জ্জনা।

অনন্তর এক গণ্ডূষ জল দ্বারা ক্রটিমার্জ্জনা করিবে। মন্ত্র যথা—
ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি ॥ ৩২ ॥

সন্ধ্যান্তে আচমন করিবে।

### ব্রহ্মযজ্ঞ।

মধ্যাহ্নসন্ধ্যান্তে চারিবেদের আদি-মন্ত্রচতুষ্টয় পাঠ করা কর্ত্তব্য। যথা—
ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুরিত্যাদি গায়ত্রী পাঠান্তে—
মধুচ্ছন্দঋষির্গায়ত্রীচ্ছন্দ অগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।
ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্ ॥ ১ ॥

হে ব্রহ্মন্! তুমি তেজঃসম্পন্ন, দীপ্তিশীল, বিষ্ণুতেজের আধার, জগৎকর্ত্তা, পবিত্র ও কর্ম্মপ্রবর্ত্তক। এই অর্ঘ্য শ্রীসূর্য্যদেবকে প্রদান করিলাম ॥ ৩০ ॥

যিনি জবাকুসুমতুল্য লোহিতবর্ণ, মহাদ্যুতিশালী, তমোনাশক, অখিল-পাপহারী, সেই কশ্যপনন্দন ভাস্করদেবকে প্রণাম ॥ ৩১ ॥

এই সন্ধ্যোপাসনায় যদি কোন বর্ণ অনুচ্চারিত হইয়া থাকে এবং যদি কিছু মাত্রাহীন হইয়া থাকে, হে সুরেশ্বরি গায়ত্রীদেবি! তোমার প্রসাদে তৎসমস্ত পূর্ণ হউক্ ॥ ৩২ ॥

যিনি যজ্ঞানুষ্ঠানের অগ্রে স্থাপিত হইয়াছেন, যিনি যাগ ও হোমক্রিয়ার সহায় এবং যিনি বহুধনপ্রদ, সেই বহ্নিদেবের স্তব করি ॥ ১ ॥

যাজ্ঞবল্ক্য-ঋষির্বায়ুর্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ। দেবো বঃ সবিতা প্রার্পয়তু। শ্রেষ্ঠতমায় কর্ম্মণে ॥ ২ ॥

গৌতম-ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নিহোতা সৎসি বর্হিষি ॥ ৩ ॥

পিপ্পলাদঋষির্গায়ত্রীচ্ছন্দো বরুণো দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শং যোরভিস্রবন্তু নঃ ॥ ৪ ॥

## কাণ্বশাখি-যজুর্ব্বেদীয় সন্ধ্যা।

সামবেদীয় সন্ধ্যার নিয়মে প্রথম হইতে অঘমর্ষণ যাবৎ কার্য্য সম্পাদন পূর্ব্বক সূর্য্যোপস্থান করিতে হয়, যথা—

সূর্য্যোপস্থান।

(প্রস্কন্নঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ তমসা বা অসৌ লোকো দেব অন্তর্হিতঃ তমসোঽপহন্তা তমোঽপহত্য স্বর্গং লোকমুপসংক্রামতীতি ব্রাহ্মণম্)। †

উদু ত্যমিত্যস্য প্রস্কন্নঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিযোগঃ ॥ ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্ ॥১॥

---

হে শাখে! বৃষ্টির জন্য, তোমাকে ছেদন এবং রসের জন্য তোমাকে আহরণ করি। হে বৎসগণ! তোমরা বায়ুর তুল্য ব্রহ্মাণ্ডের হিতকারী হও; হে ধেনুবৃন্দ! দীপ্তিমান্ সূর্য্যদেব যজ্ঞার্থ তোমাদিগকে প্রার্থনা করুন ॥২॥

হে অগ্নে! আমরা তোমার স্তুতিবাদ করিতেছি, তুমি হবির্ভোজনার্থ অমরবৃন্দকে অন্নপ্রদানার্থ সমাগত হও। তুমি হোমকর্ম্মের প্রধান সাধনস্বরূপ হইয়া কুশের উপর অবস্থান কর ॥ ৩ ॥

স্তবোচিত সলিল আমাদিগের পুষ্টিবিধানার্থ ও পানার্থ কল্যাণকর হউক এবং আমাদিগের কল্যাণসাধনার্থ অভিমুখে প্রবাহিত হউক ॥ ৪ ॥

রশ্মিজাল জগৎপ্রকাশার্থ তেজঃস্বরূপ আদিত্যদেবকে বহন করিতেছে ॥১॥

---

* এই চারিটি মন্ত্র যথাক্রমে ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ববেদের প্রথম মন্ত্র; সন্ধ্যার অঙ্গ নহে। শক্ত্যনুসারে চতুর্বেদ, ধর্ম্মশাস্ত্র ও ইতিহাসাদি পাঠের নাম ব্রহ্মযজ্ঞ; কিন্তু উহা অসম্ভব হেতু বেদচতুষ্টয়ের প্রথম মন্ত্র পাঠ করিতে হয়।

† এই মন্ত্রটি সকল পদ্ধতিতে নাই, কিন্তু অনেকেই সূর্য্যোপস্থানে পাঠ করেন।

চিত্রমিত্যস্য কৌৎসঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দৈবতা অগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥ ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা-দ্যাবাপৃথিবী অন্তরীক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ২ ॥

তচ্চক্ষুরিত্যস্য দধ্যঙ্ঙাথর্ব্বণ-ঋষিঃ সূর্য্যো দেবতা ত্রিষ্টুপ্ ছন্দো মহাবীরা-দ্যস্তয়োঃ শান্তিকরণে বিনিয়োগঃ ॥ ওঁ তচ্চক্ষুর্দ্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতম্ শৃণুয়াম শতম্ ॥ ৩ ॥

উদ্বয়মিত্যস্য প্রস্কন্ন-ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা সৌত্রামণ্যবভৃথে বিনিয়োগঃ ॥ ওঁ উদ্বয়ং তমসঃ পরিস্বঃ পশ্যন্ত উত্তরম্। দেবং পবিত্রাঃ সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্ ॥ ৪ ॥

স্বয়ম্ভূরিত্যস্য সূর্য্য-ঋষিঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥ ওঁ স্বয়ম্ভূরসি শ্রেষ্ঠো রশ্মির্বর্চ্চোদা অসি, বর্চ্চো মে দেহি ॥ ৫ ॥*

---

মিত্র, বরুণ ও অগ্নি এই দেবত্রয়ের নেত্রস্বরূপ, সর্ব্বসুরাত্মক, স্থাবরজঙ্গমা-ত্মক, নিখিলবিশ্বের আত্মাস্বরূপ সূর্য্যদেব অতি বিচিত্রভাবে উদিত হইয়া স্বীয় রশ্মিপটল দ্বারা স্বর্গ, মর্ত্ত্য ও আকাশ পরিপূর্ণ করিয়াছেন ॥২॥

দেববৃন্দের সমীহিত, শুভ্রবর্ণ ( নির্ম্মল ), প্রকাশস্বরূপ আদিত্যদেব পূর্ব্ব-দিকে সমুদিত হইয়াছেন। আমরা তাদৃশ আদিত্যদেবের ভজনা করিয়া যেন শতবর্ষ যাবৎ দর্শনশক্তি, শ্রবণশক্তি ও বাগিন্দ্রিয়শক্তিসম্পন্ন থাকি অর্থাৎ শত বর্ষ যাবৎ পূর্ব্বকথিত ইন্দ্রিয়শক্তি সকল যেন স্খলিত এবং আমাদিগকে যেন কাহার নিকট দীনভাবগ্রস্ত হইতে না হয় ॥ ৩ ॥

অপ্রকাশস্বরূপ ভূলোকের ঊর্দ্ধস্থিত স্বর্গলোক দেখিয়া অগ্ন্যাদিজ্যোতির্ম্ময় পদার্থপুঞ্জমধ্যে অত্যুৎকৃষ্ট জ্যোতিঃস্বরূপ আদিত্যদেবকে উপাসনা করিতেছি, তিনি আমাদিগের রক্ষাবিধান করেন ॥ ৪ ॥

হে সূর্য্যরশ্মে ! তুমি স্বয়ং প্রকাশমান বস্তু, তোমাকে প্রকাশ করিতে অন্য কাহারও সামর্থ্য নাই, তুমি সর্ব্বপ্রধান ও তেজঃপ্রদ, তুমি আমাকে ব্রাহ্ম্যতেজ অর্পণ কর ॥ ৫ ॥

---

* কেহ কেহ ইহার পর "আকৃষ্ণেন রজসা" ইত্যাদি সূর্য্যমন্ত্র ও "তেজোঽসি শুক্রমস্যমৃতমসি" ইত্যাদি মন্ত্রপাঠ করেন ; কিন্তু এ উভয়ই হলায়ুধধৃত নহে বলিয়া উপেক্ষিত হইল।

গায়ত্রীর অঙ্গন্যাস।

ওঁ ভূঃ হৃদয়ায় নমঃ ( হৃদয়ে ), ভুবঃ শিরসে স্বাহা ( মস্তকে ), স্বঃ শিখায়ৈ বষট্ ( শিখায় ), এইরূপ তিনবার করিবে ॥ ৬ ॥

গায়ত্রী-আবাহন।

ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ম্।
দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।

অনেকেই আয়াহি বরদে দেবীত্যাদি সামবেদীসন্ধ্যোক্ত মন্ত্রে আবাহন করেন। কিন্তু—আবাহ্য যজুষানেন তেজোঽসীতি বিধানতঃ।
এতদ্‌যজুঃ পুরা দৃষ্টং দেবৈর্দর্শনকাঙ্ক্ষিভিঃ ॥ ৭

ঋষ্যাদিন্যাস।

গায়ত্র্যা বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা উপনয়নে জপে বিনিয়োগঃ।—

অনেকেই বলেন যে, হৃদয় শিরঃ শিখা কবচ করতলে ন্যাস হইবে ; কিন্তু "প্রণবো ভূর্ভুবঃ স্বরিত্যক্ষরচতুষ্টয়ং হৃদয়শিরঃশিখাসু স্থানত্রয়েষু একৈকবারন্যাসেন ত্রিরাবর্ত্তিতং কর্ত্তব্যমিতি" হলায়ুধগ্রন্থ আলোচনা না করিয়াই ঐরূপ উল্লেখ করেন ॥ ৬ ॥

এই হলায়ুধবচন পর্য্যালোচনায় বুঝা যায় যে, যজুর্ব্বেদীদিগের তেজোঽসীতি মন্ত্রেই আবাহন হইবে। আয়াহি মন্ত্রে হইবে, তাহার কোনও প্রমাণ পাওয়া যায় না ॥ ৭ ॥

অনেকেই বলেন, 'জপোপনয়নে বিনিয়োগঃ' কিন্তু "বিশ্বামিত্রঋষিশ্ছন্দো গায়ত্র্যাঃ সবিতা তথা। দেবতা বিনিয়োগশ্চ গায়ত্র্যা জপ উচ্যতে ॥" তথা— "বিশ্বস্য জগতো মিত্রং বিশ্বামিত্রঃ প্রজাপতিঃ। বিনিয়োগ উপনয়নে প্রাণায়ামে জপে তথা ॥" এই বচনদ্বয় আলোচনা করিলে বুঝা যায়, ভিন্ন ভিন্ন বিষয়ে ইহার বিনিয়োগ, সুতরাং এ ক্ষেত্রে শুধু জপেই বিনিয়োগ। যদি সমূহে বিনিয়োগ ধরা হইত, তাহা হইলে "প্রাণায়ামে উপনয়নে চ জপে বিনিয়োগঃ" এইরূপ পাঠ হইত।

প্রাতর্ধ্যান।

ওঁ প্রাতর্গায়ত্রী রবিমণ্ডলমধ্যস্থা রক্তবর্ণা দ্বিভুজা অক্ষসূত্রকমণ্ডলুধরা হংসাসনমারূঢ়া ব্রহ্মাণী ব্রহ্মদৈবত্যা কুমারী ঋগ্বেদাদাহৃতা ধ্যেয়া ॥ ৮ ॥

মধ্যাহ্নধ্যান।

ওঁ মধ্যাহ্নে সাবিত্রী রবিমণ্ডলমধ্যস্থা কৃষ্ণবর্ণা চতুর্ভুজা ত্রিনেত্রা শঙ্খচক্রগদাপদ্মহস্তা যুবতী গরুড়ারূঢ়া বৈষ্ণবী বিষ্ণুদৈবত্যা যজুর্ব্বেদাদাহৃতা ধ্যেয়া ॥ ৯ ॥

সায়াহ্নধ্যান।

ওঁ সায়াহ্নে সরস্বতী রবিমণ্ডলমধ্যস্থা শুক্লবর্ণা দ্বিভুজা ত্রিশূলডমরুকরা বৃষভাসনমারূঢ়া রুদ্রাণী রুদ্রদৈবত্যা সামবেদাদাহৃতা ধ্যেয়া ॥ ১০ ॥

ধ্যানান্তে গায়ত্রী জপ করিবে। পরে জপবিসর্জ্জন করিতে হয়, যথা—

জপবিসর্জ্জন।

ওঁ উত্তরে শিখরে জাতা ভূম্যাং পর্ব্বতবাসিনী।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া ॥ ১১ ॥

এই মন্ত্রে এক অঞ্জলি জল দিবে। পরে নিম্নলিখিত ত্রয়োদশটি মন্ত্রে যথাক্রমে এক এক অঞ্জলি জল দিতে হয়, যথা—

ওঁ নমো দিগ্‌দেবতাভ্যঃ, ওঁ নমো ব্রহ্মণে, ওঁ নমঃ পৃথিব্যৈ, ওঁ নম ওষধিভ্যঃ,

---

প্রাতঃকালে গায়ত্রী-দেবীকে রক্তবর্ণা, দ্বিভুজা, অক্ষসূত্রকমণ্ডলুধারিণী, হংসাসনস্থা, ব্রহ্মরূপা, ব্রহ্মশক্তিস্বরূপিণী, কুমারী, ঋগ্বেদস্বরূপা এবং আদিত্যমণ্ডলমধ্যস্থিতা ধ্যান করিবে ॥ ৮ ॥

মধ্যাহ্নকালে গায়ত্রী-দেবীকে সাবিত্রীরূপা, কৃষ্ণবর্ণা, চতুর্ভুজা, ত্রিনেত্রা, শঙ্খচক্রগদাপদ্মধারিণী, যুবতী, গরুড়াসনসমারূঢ়া, বিষ্ণুরূপা, বিষ্ণুশক্তিস্বরূপিণী, যজুর্ব্বেদরূপা ও আদিত্যমণ্ডলমধ্যস্থা ধ্যান করিতে হয় ॥ ৯ ॥

সায়াহ্নে গায়ত্রী-দেবীকে সরস্বতীরূপা, শ্বেতবর্ণা, দ্বিভুজা, ত্রিশূলডমরুধারিণী, বৃষাসনস্থা, বৃদ্ধা, রুদ্ররূপা, রুদ্রদৈবত্যা, সামবেদস্বরূপা ও আদিত্যমণ্ডলগতা চিন্তা করিবে ॥ ১০ ॥

হে দেবি! তুমি উত্তরশিখর হইতে সঞ্জাত হইয়া ভূতলে ও পর্ব্বতশিখরে বিরাজিত রহিয়াছ; তুমি ব্রহ্মা কর্তৃক অনুজ্ঞাত হইয়া যথেচ্ছ গমন কর ॥ ১১ ॥

ওঁ নমোঽগ্নয়ে, ওঁ নমো বাচে, ওঁ নমো বাচস্পতয়ে, ওঁ নমো বিষ্ণবে, ওঁ নমো মহতে, ওঁ নমোঽদ্ভ্যঃ, ওঁ নমোঽপাং পতয়ে, ওঁ নমো বরুণায় ॥*

পরে সামবেদীয় নিয়মানুসারে মধ্যাহ্নসন্ধ্যার পর ব্রহ্মযজ্ঞ† করিয়া তর্পণ করত সূর্য্যার্ঘ্য দিবে।

### যজুর্ব্বেদীয় ব্রহ্মযজ্ঞ।

ওঁ ( ভূর্ভুবঃ স্বঃ ) তৎসবিতুরিত্যাদি গায়ত্রীপাঠান্তে চারিবেদের আদিমন্ত্র-পাঠ করিবে। ঋগ্‌বেদাদিমন্ত্রস্য প্রজাপতির্ঋষিরগ্নির্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাতরনুবাকে বিনিয়োগঃ। ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং হোতারং রত্নধাতমম্।

যজুর্ব্বেদাদিমন্ত্রস্য পরমেষ্ঠী প্রজাপতির্ঋষিঃ শাখাবৎসগাবো দেবতাঃ শাখা-চ্ছেদন-সমুন্নয়ন-বৎসাপাকরণে স্বশাখাযাগোপস্পর্শনে চ বিনিয়োগঃ। ওঁ ইষে ত্বোর্জ্জেত্বা বায়বঃ স্থ। দেবো বঃ সবিতা প্রার্পয়তু, শ্রেষ্ঠতমায় কর্ম্মণে ॥

সামবেদাদিমন্ত্রস্য গোতমঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা রথন্তর-স্তোত্রগানে বিনিয়োগঃ। ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিষি ॥

অথর্ব্বাদিমন্ত্রস্য দধ্যঙ্‌ঙাথর্ব্বণঋষিরাপো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শান্তি-করণে বিনিয়োগঃ। ওঁ শন্নো দেবীরভীষ্টয় আপো ভবন্তু পীতয়ে শং যোরভিস্রবন্তু নঃ ॥

যজুর্ব্বেদিগণ—এষোঽর্ঘঃ ওঁ নমো বিবস্বতে ইত্যাদি শ্রীসূর্য্যায় নমঃ এই মন্ত্রে দিবে।

### সূর্য্য-নমস্কার।

ওঁ নমঃ সবিত্রে জগদেকচক্ষুষে, জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে।
ত্রয়ীময়ায় ত্রিগুণাত্মধারিণে, বিরিঞ্চিনারায়ণশঙ্করাত্মনে ॥

---

* মতান্তরে এই ত্রয়োদশটি মন্ত্রে জলপ্রদানের আবশ্যকতা নাই।

† পূর্ব্বাগ্রকুশোপরি পূর্ব্বমুখে পদ্মাসনে বসিয়া বামহস্তে কুশধারণ ও তদুপরি দক্ষিণহস্ত অধোমুখভাবে রাখিয়া ব্রহ্মযজ্ঞ ( বেদাদিমন্ত্রচতুষ্টয় পাঠ ) করিবে।

## মাধ্যন্দিনশাখি-যজুর্ব্বেদীয় সন্ধ্যা।

দুইবার আচমন করিয়া—ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসো অধ্যজায়ত ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো-অর্ণবঃ সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরো অজায়ত অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীমক্ষথো স্বঃ ওঁ। এই মন্ত্রে আচমন করিবে।

পরে গায়ত্রীধ্যান। প্রাতঃসন্ধ্যায়—প্রাতঃসন্ধ্যাং গায়ত্রীং কুমারীং রক্তাঙ্গীং রক্তবাসসম্। ত্রিনেত্রাং বরদাঙ্কুশাক্ষমালাকমণ্ডলুধরাং হংসারূঢ়াম্ ঋগবেদসহিতাং ব্রহ্মদৈবত্যাং ভূর্লোকব্যবস্থিতাং আদিত্যপথগামিনীং গায়ত্রীমাবাহয়িষ্যে।

মধ্যাহ্নসন্ধ্যায়—মধ্যাহ্নসন্ধ্যাং সাবিত্রীং যুবতীং শ্বেতাঙ্গীং শ্বেতবাসসং ত্রিনেত্রাং পাশাঙ্কুশত্রিশূলডমরুহস্তাং বৃষারূঢ়াং যজুর্ব্বেদসহিতাং রুদ্রদৈবত্যাং ভুবর্লোকব্যবস্থিতাম্ আদিত্যপথগামিনীং সাবিত্রীমাবাহয়িষ্যে।

সায়ংসন্ধ্যায়—সায়াহ্নসন্ধ্যাং সরস্বতীং বৃদ্ধাং কৃষ্ণাঙ্গীং কৃষ্ণবাসসং ত্রিনেত্রাং শঙ্খচক্রগদাপদ্মহস্তাং গরুড়ারূঢ়াং বিষ্ণুদৈবত্যাং সামবেদসহিতাং স্বর্লোকব্যবস্থিতাম্ আদিত্যপথগামিনীং সরস্বতীমাবাহয়িষ্যে॥

ওঁ ভূঃ ( পাদদ্বয়ে ) ওঁ ভুবঃ ( জানুদ্বয়ে ) ওঁ স্বঃ ( কটিদ্বয়ে ) ওঁ মহঃ ( নাভিতে ) ওঁ জনঃ ( হৃদয়ে ) ওঁ তপঃ ( কণ্ঠে ) ওঁ সত্যং ( ভ্রূমধ্যে ) ওঁ ভূর্হৃদয়ায় নমঃ ( হৃদয়ে ) ওঁ ভুবঃ শিরসে স্বাহা (মস্তকে) ওঁ স্বঃ শিখায়ৈ বষট্ (শিখায়) ওঁ ভূর্ভুবঃ স্বঃ কবচায় হুং (বাহুদ্বয়ে) ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্ ( চক্ষুর্দ্বয়ে ) ওঁ ভূর্ভুবঃস্বঃ অস্ত্রায় ফট্ ( করতলে তালি দিবে ) ওঁ ভূর্ভুবঃ স্বঃ এই মন্ত্রে জল দ্বারা নিজেকে তিনবার বেষ্টন করিবে। ওঁকারস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। অঙ্গুষ্ঠের দ্বারা দক্ষিণনাসাপুট টিপিয়া বামনাসায় বায়ু পূরণ করিবে; ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোম্। এই প্রকারে উভয় নাসাপুট বদ্ধ করিয়া ঐ মন্ত্রে কুম্ভক এবং বামনাসা অনামা ও কনিষ্ঠা দ্বারা বদ্ধ করিয়া দক্ষিণনাসায় ঐ মন্ত্রে বায়ুরেচন করিবে।

পরে আচমন। প্রাতঃসন্ধ্যায় মন্ত্র—ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা।

মধ্যাহ্ন-সন্ধ্যায় আচমন মন্ত্র যথা—

ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং পৃথ্বী পূতা পুনাতু মাং পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূতা পুনাতু মাং যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপো অসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা।

সায়াহ্ন-সন্ধ্যায় আচমনমন্ত্র যথা—

ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং যদহ্না পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না রাত্রিস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপো অমৃতযোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা।

মার্জ্জন—ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন মহেরণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ ন উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ, আপো জনয়থা চ নঃ। ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুন্ধন্তু মৈনসঃ। এই বলিয়া মস্তকে অঙ্গুলি দ্বারা জলের ছিটা দিবে। অঘমর্ষণসূক্তস্য অঘমর্ষণ-ঋষিরনুষ্টুপ্‌ছন্দো ভাববৃত্তো দেবতা অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চেত্যাদি মন্ত্রে হস্তস্থ জল বামনাসায় লইয়া দক্ষিণনাসায় পাপের সহিত নির্গত হইয়াছে চিন্তা করিয়া ভূমিতে আঘাত করিবে। এইরূপ তিনবার করিতে হয়।

ওঁ অন্তশ্চরসি ভূতেষু গুহায়াং বিশ্বতোমুখঃ। ত্বং যজ্ঞস্ত্বং বষট্‌কার আপো জ্যোতীরসোঽমৃতম্। এই মন্ত্রে আচমন করিয়া গায়ত্রীপাঠান্তে প্রাতঃকালে তিনবার, মধ্যাহ্নে একবার, সায়াহ্নে দুইবার সূর্য্যের উদ্দেশে জলাঞ্জলি দিবে।

## সূর্য্যোপস্থান।

প্রাতঃ ও সায়ং কৃতাঞ্জলি, মধ্যাহ্নে উর্দ্ধবাহু হইয়া যজ্ঞোপবীত ধারণ করিয়া একপদে দাঁড়াইয়া প্রস্কন্নঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ—

ওঁ উদ্বয়ং তমসস্পরিস্বঃ পশ্যন্ত উত্তরং দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্। ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ, দৃশে বিশ্বায় সূর্য্যম্।

কৌৎসঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা অগ্নিষ্টোমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ, আপ্রাদ্যাবাপৃথিবী অন্তরিক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ। ওঁ তচ্চক্ষুর্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ। পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতং শৃণুয়াম শরদঃ শতং প্রব্রবাম শরদঃ শতং মদীনাঃ স্যাম শরদঃ শতং ভূয়শ্চ শরদঃ শতাৎ। ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।

ওঁ গায়ত্র্যস্যেকপদী দ্বিপদী ত্রিপদী চতুষ্পদ্যপদসি নহি পদ্যসে। ওঁ নমস্তে তুরীয়ায় দর্শতায় পদায় পরোরজসে সা পদামাপ্রাপৎ। (প্রাতঃ) ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি। গায়ত্রিচ্ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে। মধ্যাহ্নে ওঁ আয়াহি…রুদ্রবাদিনি। সাবিত্রি…রুদ্রযোনি নমোঽস্তু তে। সায়াহ্নে ওঁ আয়াহি…বিষ্ণুবাদিনি। সরস্বতি…বিষ্ণুযোনি নমোঽস্তু তে॥ আবাহন করিয়া ন্যাস করিবে, যথা—ওঁ ভূর্হৃদয়ায় নমঃ (হৃদয়ে), ওঁ ভুবঃ শিরসে স্বাহা (মস্তকে), ওঁ স্বঃ শিখায়ৈ বষট্ (শিখায়), ওঁ ভূর্ভুবঃস্বঃ কবচায় হুং (বাহুদ্বয়ে), ওঁ ভূর্ভুবঃস্বঃ নেত্রত্রয়ায় বৌষট্ (চক্ষুর্দ্বয়ে), ওঁ ভূর্ভুবঃস্বঃ অস্ত্রায় ফট্ করতলে তালি দিবে। পরে অষ্টাদশবার গায়ত্রী জপ করিয়া ওঁ উত্তরে শিখরে জাতা ভূম্যাং পর্ব্বত-মূর্দ্ধনি। ব্রাহ্মণেভ্যোঽভ্যনুজ্ঞাতা গচ্ছ দেবি যথাসুখম্। গায়ত্রীদেবি ক্ষমস্ব এই বলিয়া সংহারমুদ্রায় গায়ত্রী বিসর্জ্জন করিয়া ওঁ ব্রহ্মণে নমঃ ওঁ অদ্‌ভ্যো নমঃ ওঁ বরুণায় নমঃ ওঁ বিষ্ণবে নমঃ ওঁ রুদ্রায় নমঃ ওঁ অনন্তায় নমঃ ওঁ পৃথিব্যৈ নমঃ ওঁ ঋষিভ্যো নমঃ ওঁ গুরুভ্যো নমঃ ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ ওঁ গঙ্গায়ৈ নমঃ ওঁ যমুনায়ৈ নমঃ ওঁ সরস্বত্যৈ নমঃ এই মন্ত্রে প্রত্যেককে এক এক অঞ্জলি জল দিবে। ওঁ ইষেত্বোর্জ্জেত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে। ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং হোতারং রত্নধাতমম্। ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিষি। ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে আপো ভবন্তু পীতয়ে শংযোরভিস্রবন্তু নঃ। ওঁ তদ্বিষ্ণোঃ পরমমিত্যাদি। ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ। ওঁ নমো বিবস্বতে ইত্যাদি মন্ত্র পাঠান্তে ও এষোঽর্ঘ্যঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ বলিয়া সূর্য্যার্ঘ্য দিবে। ওঁ নমঃ সবিত্রে জগদেকচক্ষুষে জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে। ত্রয়ীময়ায় ত্রিগুণাত্মধারিণে বিরিঞ্চিনারায়ণশঙ্করাত্মনে। ওঁ নমঃ শ্রীসূর্য্যায় নমঃ।—এই মন্ত্রে প্রণাম করিবে।

## ঋগ্‌বেদীয়-সন্ধ্যা।

দুইবার আচমন ও বিষ্ণুস্মরণ করিয়া নিম্নলিখিত মন্ত্রে মস্তকে অঞ্জলি দ্বারা জলের ছিটা দিবে।

### মার্জ্জন।

ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ, শমনঃ সন্তনূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ, শমনঃ সন্ত কূপ্যাঃ। ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ, স্বিন্নঃ স্নাতো মলাদিব, পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ, শুন্ধন্তু মৈনসঃ। ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন, মহেরণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ ন উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ, আপো জনয়থা চ নঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো-অর্ণবঃ। ওঁ সমুদ্রাদর্ণবাদধিসংবৎসরো অজায়ত, অহোরাত্রাণি বিদধৎ বিশ্বস্য মিষতো বশী। ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়দ্দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্বঃ।*

### প্রাণায়াম।

ওঁকারস্য ব্রহ্ম-ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। সপ্তব্যাহৃতীনাং বিশ্বামিত্রভৃগুভরদ্বাজবসিষ্ঠগোতমকাশ্যপাঙ্গিরসঋষয়ঃ অগ্নিবায়্বাদিত্যবৃহস্পতিবরুণেন্দ্রবিশ্বেদেবা দেবতাঃ গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্‌বৃহতী-পঙ্‌ক্তি ত্রিষ্টুব্‌জগত্যশ্ছন্দাংসি প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্রীশিরসঃ প্রজাপতিঋষির্ব্রহ্মবায়্বগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাণায়ামে বিনিয়োগঃ।

হংসস্থং দ্বিভুজং রক্তং সাক্ষসূত্রকমণ্ডলুম্।
চতুর্ম্মুখমহং বন্দে ব্রহ্মাণং নাভিমণ্ডলে॥

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং ওঁ তৎসবিতুর্বরেণ্যমিত্যাদি ওঁ আপো জ্যোতীরসোঽমৃতং ব্রহ্মভূর্ভুবঃস্বরোম্ ইত্যাদি মন্ত্রপাঠ

---

* এই সকল ও অন্যান্য মন্ত্রের অর্থ সামবেদীয় সন্ধ্যায় লিখিত হওয়ায় পুনশ্চ লিখিত হইল না।

সহকারে পূরক-প্রাণায়াম করিবে। তদনন্তর হৃদয়ে নিম্নলিখিতরূপে বিষ্ণুর চিন্তা করিয়া পূর্ব্ববৎ মন্ত্রে অঙ্গুষ্ঠের দ্বারা দক্ষিণনাসা ও তর্জ্জনী দ্বারা বামনাসা রোধপূর্ব্বক কুম্ভক-প্রাণায়াম করিতে হয়, যথা—

ওঁ শঙ্খ-চক্র-গদা-পদ্ম-করং গরুড়বাহনম্।
হৃদি নীলোৎপলশ্যামং বিষ্ণুং বন্দে চতুর্ভুজম্॥

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ইত্যাদি পূর্ব্ববৎ পাঠ্য।

পরে ললাটে নিম্নলিখিত প্রকারে শম্ভুর ধ্যান করত পূর্ব্ববৎ মন্ত্রে তর্জ্জনী দ্বারা বামনাসা রোধপূর্ব্বক দক্ষিণনাসায় রেচক-প্রাণায়াম করিবে, যথা—

ওঁ শ্বেতং ত্রিশূলডমরু-করমর্দ্ধেন্দুভূষিতম্।
ত্রিলোচনং ব্যাঘ্রচর্ম্ম-পরিধানং বৃষাসনম্।
ললাটে চিন্তয়েদ্দেবমেবং ভুজগভূষণম্॥

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ইত্যাদি।

তৎপরে তিন বেলায় ত্রিবিধ মন্ত্র পড়িয়া আচমনবিধি অনুসারে আচমন করিবে, যথা—

## প্রাতরাচমন।

সূর্য্যশ্চেত্যনুবাকস্য যাজ্ঞিক-উপনিষদৃষিঃ সূর্য্যমন্যুমন্যুপতিরাত্রয়ো দেবতাঃ সূর্য্যশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তস্য চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী যদ্রাত্র্যেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পঙ্‌ক্তিঃ, ইদমহমিত্যারভ্য স্বাহেত্যন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেতা বিরাট্‌ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ॥ ১॥

ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্‌ভ্যামুদরেণ শিশ্না রাত্রিস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি (পরমাত্মনি) জুহোমি স্বাহা।

---

যজ্ঞকারী উপনিষৎ "সূর্য্যশ্চ" ইত্যাদি মন্ত্রের ঋষি; সূর্য্য, যজ্ঞ, ইন্দ্র ও রাত্রি ইহার দেবতা; "সূর্য্যশ্চ" হইতে "রক্ষন্তাং" পর্য্যন্ত মন্ত্রের চতুর্ব্বিংশাক্ষরাত্মিকা গায়ত্রী; "যদ্রাত্র্যা" হইতে "ময়ি" যাবৎ মন্ত্রের পঞ্চপদাত্মিকা পংক্তি ও "ইদমহ" হইতে "স্বাহা" যাবৎ মন্ত্রের বিংশাক্ষরাত্মক বিরাট্ ইহার ছন্দঃ এবং আচমনকর্ম্মে ইহার বিনিয়োগ হয় ১

মধ্যাহ্নাচমনং।

আপঃ পুনন্ত্বিত্যনুবাকস্য নারায়ণ-ঋষিরাপো দেবতা অষ্টিশ্ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ ॥ ২ ॥

ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং পৃথ্বী পূতা পুনাতু মাম্। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূতা পুনাতু মাম্। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা।

সায়ংকালীন আচমন।

অগ্নিশ্চেত্যনুবাকস্য যাজ্ঞিক উপনিষদৃষিরগ্নিমন্যু-মন্যুপত্যহানি দেবতাঃ, অগ্নিশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তস্য চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী, যদহ্নেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পঙ্‌ক্তিঃ ইদমহমিত্যারভ্য স্বাহেত্যন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেতা বিরাট্ ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ ॥ ৩ ॥

ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং যদহ্না পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্‌ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু যৎকিঞ্চিদ্দুরিতং ময়ি ইদমহমাপোঽমৃতযোনৌ সত্যে জ্যোতিষি (পরমাত্মনি) জুহোমি স্বাহা।

পুনর্ম্মার্জ্জন।

পরে মার্জ্জন-প্রণালীর নিয়মে নিম্নলিখিত মন্ত্রে মার্জ্জন করিবে, যথা—ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ।

আপো হি ষ্ঠেতি নবর্চ্চস্য সূক্তস্যাম্বরীষঃ সিন্ধুদ্বীপঋষিরাপো দেবতা আদ্যানাং চতসৃণাং গায়ত্রী পঞ্চম্যা বর্দ্ধমানা সপ্তম্যাঃ প্রতিষ্ঠা অন্ত্যয়োরনুষ্টুপ্ ছন্দো মার্জ্জনে বিনিয়োগঃ।

---

নারায়ণ "আপঃ পুনন্তু" ইত্যাদি মন্ত্রের ঋষি, ইহার দেবতা জল, অষ্টি ছন্দ এবং মন্ত্রাচমনে ইহার বিনিয়োগ ॥ ২ ॥

"অগ্নিশ্চ" ইত্যাদি মন্ত্রের ঋষি যজ্ঞকারী উপনিষৎ; দেবতা—অগ্নি, যজ্ঞ, ইন্দ্র ও দিবস এই চারিজন; "অগ্নিশ্চ" হইতে "রক্ষন্তাং" যাবৎ মন্ত্রের বিংশাক্ষরাত্মিকা গায়ত্রী; "যদহ্না" হইতে "ময়ি" যাবৎ পঞ্চপদাত্মিকা পংক্তি ও "ইদমহ" হইতে "স্বাহা" যাবৎ বিংশাক্ষরাত্মক বিরাট্ ইহার ছন্দঃ এবং মন্ত্রাচমনে বিনিয়োগ ॥ ৩ ॥

ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহেরণায় চক্ষসে।

ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥

ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ।

ওঁ শন্নো দেবীরভীষ্টয় আপো ভবন্তু পীতয়ে। শং যোরভিস্রবন্তু নঃ॥ ৪॥

ওঁ ঈশানা বার্য্যাণাং ক্ষয়ন্তীশ্চর্ষণীনাং অপো যাচামি ভেষজম্॥ ৫॥

ওঁ অপ্সু মে সোমোঽব্রবীদন্তর্বিশ্বানি ভেষজা অগ্নিঞ্চ বিশ্বশং-ভুবম্॥ ৬॥

ওঁ আপঃ পৃণীত ভেষজং বরূথং তন্বে মম। জ্যোক্ চ সূর্য্যং দৃশে॥ ৭॥

ওঁ ইদমাপঃ প্রবহ যৎকিঞ্চ দুরিতং ময়ি।
যদ্বাহমভিদুদ্রোহ যদ্বা শেপ উতানৃতম্॥ ৮॥

ওঁ আপো অদ্যান্বচারিষং রসেন সমগস্মহি পয়স্বানগ্ন আগহি তস্মা সংসৃজ বর্চ্চসা॥ ৯॥

জলসমূহ পাতক দূর করিয়া আমাদিগকে সুখী করুন এবং আমাদিগের উপচয়, পান ও কল্যাণপ্রদ হউন॥ ৪॥

জলের সাহায্যেই ধান্যাদি নিখিল পদার্থ উৎপন্ন হয়, জল মনুষ্যস্বরূপ, সুতরাং আমি জলসকাশে সুখ যাচ্ঞা করি॥ ৫॥

জলগর্ভে নানারূপ ঔষধ বিদ্যমান আছে এবং সমস্ত জগতের সুখপ্রদ অগ্নিও (তেজঃপদার্থও) উহাতে নিহিত; সোমদেব আমাকে ইহা বলিয়াছেন॥ ৬॥

হে জলসকল! আমার শরীর-রক্ষণার্থ এবং চিরদিন সূর্য্য (পরমাত্মভূত জ্যোতিঃ) দর্শনার্থ বর্ম্মস্বরূপ (পীড়ানাশক) ঔষধ আমাকে অর্পণ কর॥ ৭॥

হে জল! আমি অজ্ঞানে যে পাতকাচরণ করিয়াছি, পরের অনিষ্টা-চরণ দ্বারা যে পাপ করিয়াছি, সাধুজনের প্রতি শাপ দিয়া যে পাপ করিয়াছি এবং মিথ্যাবাক্য-প্রয়োগজনিত যে পাপ করিয়াছি, তৎসমস্ত বিনষ্ট কর॥৮॥

হে জল! আমি অন্য যে কিছু মিথ্যাচরণ করিয়াছি, তাহা জল দ্বারা দূর কর। হে অগ্নে! তুমিও জলের সহিত সংমবেত হইয়া উপস্থিত হও এবং স্বীয় তেজঃ দ্বারা স্নাত আমাকে সংযোজিত কর॥ ৯॥

### অঘমর্ষণ।

অনন্তর অঘমর্ষণ-প্রণালী অনুসারে অঘমর্ষণ করিতে হয়, যথা—

ঋতঞ্চেতি ঋকৃত্রয়স্য মাধুচ্ছন্দসাঘমর্ষণঋষির্ভাববৃত্তো দেবতা অনুষ্টুপ্ ছন্দোঽশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ ॥ ১০ ॥

এইরূপে ঋষ্যাদি-স্মরণান্তে পূর্ব্বলিখিত "ঋতঞ্চ" ইত্যাদি মন্ত্রে গণ্ডূষপরিমাণ জল আঘ্রাণ করিয়া ফেলিবে, এইরূপ তিনবার করিবে।

তৎপরে বিনা মন্ত্রে আচমন করত প্রাতঃও সায়ংসন্ধ্যায়—

ওঙ্কারস্য ব্রহ্ম-ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ, মহাব্যাহৃতীনাং পরমেষ্ঠী প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দেবতা বৃহতীচ্ছন্দঃ, গায়ত্র্যা. বিশ্বামিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ, সূর্য্যজলাঞ্জলিদানে বিনিয়োগঃ ॥

পরে গায়ত্রীপাঠপূর্ব্বক সূর্য্যের উদ্দেশে তিন অঞ্জলি জল তিনবার উর্দ্ধে ফেলিবে।

মধ্যাহ্নসময়ে নিম্নলিখিত মন্ত্রে একবার উর্দ্ধে জলাঞ্জলি ক্ষেপণ করিতে হয়। যথা—*

আকৃষ্ণেন ইত্যস্য হিরণ্যস্তূপঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যজলাঞ্জলিদানে.বিনিয়োগঃ ॥ ১১ ॥

ওঁ আকৃষ্ণেন রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ হিরণ্যয়েন সবিতা রথেনাদেবো যাতি ভুবনানি পশ্যন্ ॥ ১২ ॥

মধুচ্ছন্দা "ঋতঞ্চ" ইত্যাদি মন্ত্রত্রয়ের অঘমর্ষণ ঋষি, ভাববৃত্ত দেবতা, ছন্দঃ অনুষ্টুপ্ এবং অশ্বমেধযজ্ঞে ইহার প্রয়োগ হয় ॥ ১০ ॥

হিরণ্যস্তূপ "আকৃষ্ণেন" ইত্যাদি মন্ত্রের ঋষি, সূর্য্য দেবতা, ত্রিষ্টুপ্ ছন্দঃ এবং সূর্য্যজলাঞ্জলিদানে ইহার প্রয়োগ হয় ॥ ১১ ॥

সকলে যাঁহার স্তুতিবাদ করে, সেই আদিত্যদেব স্বর্ণরথে আরোহণ পূর্ব্বক সমাগত হইতেছেন। ইনি সর্ব্বজনের সাক্ষিস্বরূপ, ইঁহার উদয়ে যাবতীয় লোক ও দেববৃন্দ স্ব স্ব ব্যাপারে নিযুক্ত হন। এইরূপে সূর্য্যদেব কৃষ্ণবর্ণ রজনীর সহিত নিরন্তর উপস্থিত হইয়া লোকসকলকে আপ্যায়িত করিতেছেন ॥ ১২ ॥ †

---

* সন্ধ্যাকালে উর্দ্ধে ক্ষেপণ করিবে না, গায়ত্রী পাঠপূর্ব্বক মৃত্তিকায় জলাঞ্জলিত্রয় বিক্ষেপ করিবে।

† পাপকার্য্য প্রায়শঃ রাত্রে হয় বলিয়া কৃষ্ণবর্ণ বলা হইল।

সূর্য্যোপস্থান।

প্রাতঃসন্ধ্যায় সূর্য্যাভিমুখে একপাদে অবস্থান পূর্ব্বক সূর্য্যোপস্থান করিতে হয়, যথা—

চিত্রং দেবানামিতি ষড়ৃচস্য সূক্তস্য কুৎস-ঋষিঃ সূর্য্যো দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ ॥ ১৩ ॥

ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ আপ্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ ॥ ১৪ ॥ *

ওঁ সূর্য্যো দেবীমুষসং রোচমানাং, মর্য্যো ন যোষামভ্যেতি পশ্চাৎ। যত্রা নরো দেবয়ন্তো যুগানি, বিতন্বতে প্রতিভদ্রায় ভদ্রম্ ॥ ১৫ ॥

ওঁ ভদ্রা অশ্বা হরিতঃ সূর্য্যস্য, চিত্রা এতগ্বা অনুমাদ্যাসঃ। নমস্যন্তোদিব আ পৃষ্ঠম্ স্থুঃ পরিদ্যাবা পৃথিবী যন্তি সদ্যঃ ॥ ১৬ ॥

ওঁ তৎ সূর্য্যস্য দেবত্বং তন্মহিত্বং মধ্যা কর্ত্তোর্বিততং সঞ্জভার যদেতদযুক্ত হরিতঃ সধস্থাদাদ্রাত্রী বাসস্তনুতে সিমস্মৈ ॥ ১৭ ॥

---

কুৎস "চিত্রং দেবানাং" ইত্যাদি ছয়টি মন্ত্রের ঋষি, সূর্য্য দেবতা, ত্রিষ্টুপ্ ছন্দঃ এবং সূর্য্যোপস্থানে ইহার প্রয়োগ ॥ ১৩ ॥

মানবগণ যেরূপ রূপবতী নারীর অভিগমন করে, সেইরূপ আদিত্যদেব দানাদিগুণসম্পন্না দীপ্তিমতী ঊষাকে লক্ষ্য করিয়া গমন করিতেছেন। এই ঊষা উদিত হইলে যজমানেরা অগ্নিহোত্রাদি ক্রিয়ার অনুষ্ঠান করেন। আমরা সেই কল্যাণদাতা আদিত্যদেবকে মঙ্গলকামনায় স্তব করি ॥ ১৪-১৫ ॥

কল্যাণকর, রসগ্রহণস্বভাব ও গতিশীল সূর্য্যরশ্মিমণ্ডলকে আমরা স্তব ও নমস্কার করি। এই রশ্মিমণ্ডল গগনতলে সমুদিত হইয়া আকাশ ও পৃথিবীর সর্ব্বদিকে প্রকীর্ণ হইয়া রহিয়াছে ॥ ১৬ ॥

সকলের প্রেরক সূর্য্যদেবের অদ্ভুত স্বাধীনতা ও মহত্ত্ব কৃষ্যাদি ক্রিয়ায় পরিব্যাপ্ত রহিয়াছে। আদিত্যদেব যথাকালে নিজ রশ্মিজাল সংহরণ পূর্ব্বক অন্যত্র সংযুক্ত করেন, তখন অন্ধকার দ্বারা এই লোক পরিব্যাপ্ত হইয়া পড়ে ॥ ১৭ ॥

* যে সকল মন্ত্রের অর্থ লিখিত হইল না, তাহা ইত্যগ্রে প্রদর্শিত হইয়াছে।

ওঁ তন্মিত্রস্য বরুণস্যাভিচক্ষে, সূর্য্যো রূপং কৃণুতে দ্যোরুপস্থে, অনন্তমন্য-দ্রুশদস্য পাজঃ কৃষ্ণমন্যদ্ধরিতঃ সংভরন্তি ॥ ১৮ ॥

ওঁ অদ্যা দেবা উদিতা সূর্য্যস্য, নিরংহসঃ পিপৃতা নিরবদ্যাৎ। তন্নো মিত্রো বরুণো মামহন্তামদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত দ্যৌঃ ॥ ১৯ ॥

মধ্যাহ্ন-সূর্য্যোপস্থান।

একপাদে ঊর্দ্ধবাহু হইয়া সূর্য্যোপস্থান করিবে :-

উদু ত্যমিতি ত্রয়োদশর্চ্চস্য সূক্তস্য কাণ্বপ্রস্কন্ন-ঋষিঃ সূর্য্যো দেবতা আদ্যানাং নবানাং গায়ত্রী অন্ত্যানাং চতসৃণাং অনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ উদু ত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্ ॥

ওঁ অপত্যে তায়বো যথা, নক্ষত্রা যন্ত্যক্তুভিঃ, সূরায় বিশ্বচক্ষসে ॥ ২০ ॥

ওঁ অদৃশ্রমস্য কেতবো, বিরশ্ময়ো জনা অনুভ্রাজন্তো অগ্নয়ো যথা ॥ ২১ ॥

ওঁ তরণির্বিশ্বদর্শতা, জ্যোতিষ্কৃদসি সূর্য্য, বিশ্বমা ভাসি রোচনম্ ॥ ২২ ॥

---

সূর্য্যদেব উদয়কালে সমগ্র জগৎকে সম্মুখভাগে দর্শনার্থ স্বীয় তেজঃপুঞ্জ অম্বরতলে প্রকাশ করেন। তদীয় রসহরণশীল রশ্মিসমূহ জগদ্ব্যাপক দীপ্যমান শ্বেতবর্ণ ও নৈশান্ধকারনাশক তেজ বিস্তার করে এবং রাত্রে জগৎকে অন্ধকারাবৃত করিয়া ফেলে ॥ ১৮ ॥

হে প্রকাশমান রশ্মিসমূহ! অদ্য আদিত্যোদয় হইলে তোমরা সমন্তাৎ পরিব্যাপ্ত হইয়া আমাদিগকে অতিনিন্দনীয় পাতক হইতে মুক্ত কর এবং মিত্র (দিবাভিমানিনী দেবতা), বরুণ (রাত্র্যভিমানিনী দেবতা), অদিতি, সিন্ধু (জলাভিমানিনী দেবতা,) ভূর্লোকাধিষ্ঠাত্রী দেবী ও আকাশাধিষ্ঠাত্রী দেবী আমাদিগের পাতকসংহার করুন ॥ ১৯ ॥

জগৎপ্রকাশক আদিত্যদেবের উপস্থিতিতে যেমন চৌরগণ পলায়ন করে, তদ্রূপ নক্ষত্রমালাও নিশার সহিত অদৃশ্য হইতেছে ॥ ২০ ॥

প্রদীপ্ত অগ্নি যেমন সমগ্র জগৎকে প্রকাশিত করে, তদ্রূপ সূর্য্যরশ্মি নিখিল জগৎ প্রকাশিত করিতেছে ॥ ২১ ॥

হে আদিত্যদেব! আপনি স্বীয় উপাসকবৃন্দের রোগহারী, সমগ্র জগতের দর্শনীয় ও প্রকাশক, এই হেতুই পরিব্যাপ্ত সুশোভমান এই আকাশতলকে প্রকাশিত করিতেছেন ॥ ২২ ॥

ওঁ প্রত্যঙ্ দেবানাং বিশঃ, প্রত্যঙ্ঙ্ দেষি মানুষান্, প্রত্যঙ্ বিশ্বং স্বর্দ্দৃশে ॥২৩॥

ওঁ যেনা পাবক চক্ষুষা ভুরণ্যন্তং জনা অনু, ত্বং বরুণ পশ্যসি ॥ ২৪ ॥

ওঁ বিদ্যামেষি রজস্পৃথ্বহা মিমানোঅক্তুভিঃ, পশ্যন্ জন্মানি সূর্য্য ॥ ২৫ ॥

ওঁ সপ্ত ত্বা হরিতো রথে, বহন্তি দেব সূর্য্য, শোচিষ্কেশং বিচক্ষণ ॥ ২৬ ॥

ওঁ অযুক্ত সপ্তশুন্ধ্যুবঃ, সূরো রথস্য নপ্ত্যঃ, তাভির্যাতি স্বযুক্তিভিঃ ॥ ২৭ ॥

ওঁ উদ্বয়ং তমসস্পরি জ্যোতিষ্পশ্যন্ত উত্তরং দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্ ॥ ২৮ ॥

ওঁ উদ্যন্নদ্য মিত্র মহ, আরোহন্নুত্তরাং দিবং, হৃদ্রোগং মম সূর্য্য হরিমাণঞ্চ নাশয় ॥ ২৯ ॥

হে সূর্য্যদেব! মরুৎনামক অমরগণের ও নরলোকের অভিমুখে আপনার উদয় পরিলক্ষিত হইতেছে এবং স্বর্গবাসীদিগকে দর্শনপ্রদানার্থ আপনি তদভিমুখে উদিত হইতেছেন। আপনি এক হইয়াও সর্ব্বত্র সমভাবে বিরাজমান হইতেছেন ॥ ২৩ ॥

হে সূর্য্যদেব! আপনি পবিত্রতাকারী, আপনার দ্বারা অমঙ্গল বিনষ্ট হয়। আপনি যে জ্যোতিঃপদার্থ দ্বারা এই সমস্ত লোককে প্রকাশিত করিতেছেন, আমরা সেই জ্যোতিঃপদার্থের স্তুতিবাদ করি ॥ ২৪ ॥

হে সূর্য্যদেব! আপনি দিবারাত্রি বিভাগ করিয়া এই উৎপত্তিশীল পদার্থসমূহকে প্রকাশ করিতেছেন এবং সুবিস্তীর্ণ আকাশলোকে বিশেষরূপে গমন করিতেছেন ॥ ২৫ ॥

হে সর্ব্বপ্রকাশক! আপনি শোচিষ্কেশ (তেজঃপুঞ্জই আপনার কেশস্বরূপ), সপ্তাশ্ব আপনাকে রথে বহন করিতেছে ॥ ২৬ ॥

সর্ব্বপ্রেরক সূর্য্যদেব সতত সপ্ত অশ্বস্ত্রীকে রথে নিয়োজিত করিয়া যজ্ঞস্থলে প্রস্থান করিতেছেন ॥ ২৭ ॥

আমরা অকলুষ অমরবৃন্দমধ্যে দানাদিগুণসম্পন্ন আদিত্যকে দর্শন ও তদীয় আরাধনা করিয়া অত্যুত্তম সূর্য্যরূপ প্রাপ্ত হইব ॥ ২৮ ॥

হে অনুকূলদীপ্তিসম্পন্ন আদিত্যদেব! অদ্য আপনি আকাশতলে উদিত হইয়া আমার শরীর ও হৃদয়গত বাহ্যহরিদ্বর্ণ রোগসমূহ বিনষ্ট করুন ॥ ২৯ ॥

ওঁ শুকেষু মে হরিমাণং, রোপণাকাসু দধ্মসি, অথো হারিদ্রবেষু মে, হরিমাণং নিদধ্মসি ॥ ৩০ ॥

ওঁ উদগাদয়মাদিত্যো, বিশ্বেন সহসা সহ, দ্বিষন্তং মহ্যং রন্ধয়ন্, মো অহং দ্বিষতে রধম্ ॥ ৩১ ॥

সায়ং-সূর্য্যোপস্থান্।

কৃতাঞ্জলি হইয়া সূর্য্যোপস্থান করিবে :—

মোষু বরুণেতি পঞ্চর্চস্য বশিষ্ঠ-ঋষির্ব্বরুণো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ।

ওঁ মোষু বরুণ মৃন্ময়ং, গৃহং রাজন্নহং গমং, মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৩২ ॥

ওঁ যদেমি প্রস্ফুরন্নিব দৃতির্নধ্মাতো অদ্রিবঃ, মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৩৩ ॥

ওঁ ক্রত্বঃ সমহ দীনতা, প্রতীপং জগমা শুচে, মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৩৪ ॥

ওঁ অপাং মধ্যে তস্থিবাংসং, তৃষ্ণাবিদ্ জ্জরিতারং, মৃড়া সুক্ষত্র মৃড়য় ॥ ৩৫ ॥

আমরা মদীয় হরিদ্বর্ণ রোগকে হরিদ্বর্ণপ্রার্থী শুক ও শারিকা পক্ষীতে এবং হরিতাল-তরুতে স্থাপন করিতেছি ॥ ৩০ ॥

এই পুরোবর্ত্তী অদিতিসুত সূর্য্যদেব মদীয় উপদ্রবকারী বিপক্ষকে ধ্বংস করিয়া সর্ব্ববল্ গ্রহণ করত উদিত হইয়াছেন। ইনিই আমার অনিষ্টকারী ব্যাধি বিদূরিত করুন, আমি ব্যাধির প্রতিহিংসা করিব না ॥ ৩১ ॥

হে নৃপতে বরুণ! আমি ত্বদীয় মৃন্ময় গৃহে গমন করিব না, আমি ত্বদীয় স্বর্ণময় গৃহ প্রাপ্ত হইব। হে প্রশস্তধনশালিন্! তুমি মৎপ্রতি করুণা প্রদর্শন পূর্ব্বক আমাকে সুখী কর ॥ ৩২ ॥

হে অস্ত্রধারিন্ বরুণ! আমি যৎকালে তোমার ভয়ে বিকম্পিত বায়ুপূর্ণ চর্ম্মপাত্রবৎ স্ফীত ও ত্বৎকর্ত্তৃক বন্দী হইয়া গমন করিব, তৎকালে তুমি আমাকে সুখী করিও ॥ ৩৩ ॥

হে অর্থশালিন্! হে বিমলস্বভাব বরুণ! আমরা শ্রুতিস্মৃতিবিহিত ক্রিয়ার অনুষ্ঠানে অসমর্থ; অতএব যৎকালে ত্বৎকর্ত্তৃক বন্দী হইয়া গমন করিব, তখন তুমি আমাকে সুখী করিও ॥ ৩৪ ॥

হে বরুণ! আমি সমুদ্রগর্ভে অবস্থিতি করিয়া ও ত্বদীয় উপাসনা করিয়াও পিপাসার্ত্ত হইতেছি; যেহেতু, লবণাক্ত জল পানের অযোগ্য, উহা পান করিতে পারিতেছি না; অতএব তুমি এই তৃষ্ণার্ত্ত ব্যক্তিকে (আমাকে) সুখী কর ॥ ৩৫ ॥

ওঁ যৎ কিঞ্চেদং বরুণ দৈব্যে জনেঽভিদ্রোহং মনুষ্যাশ্চরামসি, অচিত্তী যত্তব ধর্ম্মাযুয়োপিম মা নস্তস্মাদেনসো দেব রীরিষঃ ॥ ৩৬ ॥

অঙ্গন্যাস।

এইরূপে সূর্য্যোপস্থান করিয়া নিম্নলিখিত প্রকারে তিনবার অঙ্গন্যাস করিতে হয়। যথা—

"ওঁ হৃদয়ায় নমঃ" মন্ত্রে অঙ্গুলী দ্বারা হৃদয়, "ওঁ ভূঃ শিরসে স্বাহা" মন্ত্রে মস্তক, "ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্" মন্ত্রে শিখা, "ওঁ স্বঃ কবচায় হুঁ" মন্ত্রে বাহু, "ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্" মন্ত্রে নেত্র, "ওঁ ভূর্ভুবস্বঃ অস্ত্রায় ফট্" মন্ত্রে করতল, "ওঁ তৎ সবিতুঃ হৃদয়ায় নমঃ" মন্ত্রে পুনর্ব্বার হৃদয়, "বরেণ্যং শিরসে স্বাহা" মন্ত্রে শিরঃ, "ভর্গো দেবস্য শিখায়ৈ বষট্" মন্ত্রে শিখা, "ধীমহি কবচায় হুঁ" মন্ত্রে বাহু, "ধিয়ো য়ো নঃ নেত্রত্রয়ায় বৌষট্" মন্ত্রে নেত্র এবং "প্রচোদয়াৎ অস্ত্রায় ফট্" মন্ত্রে করতল স্পর্শ করিবে।

তদনন্তর গায়ত্রীর ধ্যান করিবে। তিন বেলায় ধ্যান ত্রিবিধ, যথা—

প্রাতর্ধ্যান।

ওঁ বালাং বালাদিত্যমণ্ডলস্থাং রক্তাম্বরানুলেপনস্রগাভরণাং চতুর্মুখীং দণ্ডকমণ্ডল্বক্ষসূত্রাভয়াঙ্কচতুর্ভুজাং হংসারূঢ়াং ব্রহ্মদৈবত্যাং ঋগ্বেদমুদাহরন্তীং ভূর্লোকাধিষ্ঠাত্রীং গায়ত্রীং নাম তাং ধ্যায়েৎ ॥ ৩৭ ॥

মধ্যাহ্নধ্যান।

ওঁ যুবতীং যুবাদিত্যমণ্ডলস্থাং শ্বেতবর্ণাং শ্বেতাম্বরানুলেপনস্রগাভরণাং সত্রিনেত্রপঞ্চবক্ত্রাং চন্দ্রশেখরাং ত্রিশূলখড়্গাখট্বাঙ্গডমরুকরাং চতুর্ভুজাং

---

হে বরুণ! আমরা দেববৃন্দসম্বন্ধে অনিষ্ট করিয়াছি ও অজ্ঞানতাবশতঃ ত্বদীয় কার্য্যে বিমোহিত হইয়াছি; সেই জন্য আমাদের পাপসঞ্চয় হইয়াছে; তুমি সেই পাপবশতঃ আমাদিগের প্রতি হিংসাচরণ করিও না ॥ ৩৬ ॥

প্রভাতে বালিকা, বালাদিত্যমণ্ডলাভ্যন্তরগতা, লোহিতবর্ণা, রক্তাম্বরা, অনুলেপন ও মাল্যধারিণী, চতুর্মুখী, চতুর্ভুজে দণ্ড, কমণ্ডলু, জপমালা ও অভয়ধারিণী, হংসারূঢ়া, ঋগ্বেদোচ্চারণকারিণী, ভূর্লোকের অধিষ্ঠাত্রী ব্রহ্মাণী দেবীকে গায়ত্রী নামে ধ্যান করিবে ॥ ৩৭ ॥

মধ্যাহ্নকালে যুবতী, মধ্যাহ্নকালীন আদিত্যমণ্ডলস্থিতা, শ্বেতবর্ণা, শুক্লাম্বরা, অনুলেপন ও মাল্যধারিণী, পঞ্চবদনা, পঞ্চদশনেত্রা, শশাঙ্কশেখরা,

বৃষারূঢ়াং রুদ্রদৈবত্যাং যজুর্ব্বেদমুদাহরন্তীং ভুবর্লোকাধিষ্ঠাত্রীং সাবিত্রীং নাম তাং ধ্যায়েৎ ॥ ৩৮ ॥

সায়াহ্নধ্যান।

ওঁ বৃদ্ধাং বৃদ্ধাদিত্যমণ্ডলস্থাং শ্যামবর্ণাং শ্যামাম্বরানুলেপনস্রগাভরণাং একবক্ত্রাং শঙ্খচক্রগদাপদ্মাঙ্কচতুর্ভুজাং গরুড়ারূঢ়াং বিষ্ণুদৈবত্যাং সামবেদমুদাহরন্তীং স্বর্লোকাধিষ্ঠাত্রীং সরস্বতীং নাম তাং ধ্যায়েৎ ॥ ৩৯ ॥

গায়ত্রীর আবাহন।

এই প্রকারে ধ্যানান্তে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে গায়ত্রীর আবাহন করিবে, যথা—

ওঁ আয়াতু বরদা দেবী অক্ষরং ব্রহ্মসম্মিতম্।
গায়ত্রী ছন্দসাং মাতা ইদং ব্রহ্ম জুষস্ব নঃ ॥ ৪০ ॥

ওঁ তেজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধামনামাসি বিশ্বমসি বিশ্বমায়ুঃ সর্ব্বমসি সর্ব্বায়ুঃ অভিভূরোঁ। গায়ত্রীমাবাহয়ামি ॥ ৪১ ॥

ওঁ আগচ্ছ বরদে দেবি জপ্যে মে সন্নিধা ভব।
গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রী ত্বমতঃ স্মৃতা ॥ ৪২ ॥

---

করচতুষ্টয়ে ত্রিশূল, অসি, খট্বাঙ্গ ও ডমরুধারিণী, বৃষবাহনা, যজুর্ব্বেদবক্ত্রা, ভুবর্লোকাধিষ্ঠাত্রী রুদ্রাণীদেবীকে সাবিত্রী নামে ধ্যান করিবে ॥ ৩৮ ॥

সন্ধ্যাকালে বৃদ্ধা, বৃদ্ধসূর্য্যমণ্ডলগতা, কৃষ্ণবর্ণা, কৃষ্ণাম্বর, অনুলেপন ও মাল্যধারিণী, একবক্ত্রা, করচতুষ্টয়ে শঙ্খচক্রগদাপদ্মধারিণী, গরুড়বাহনা, সামবেদোচ্চারণকারিণী, স্বর্লোকাধিষ্ঠাত্রী, বৈষ্ণবী দেবীকে সরস্বতী নামে ধ্যান করিবে ॥ ৩৯ ॥

হে বরপ্রদে! হে ছন্দঃপ্রসবকারিণি! হে বেদোদ্ভূতে গায়ত্রি! তুমি আমাদিগকে অবিনশ্বর ব্রহ্মতত্ত্ব বুঝাইবার জন্য সমাগত হও। হে গায়ত্রি! তুমি দেহের হেতুভূত ধাতুস্বরূপিণী, তুমি প্রতিপক্ষগণের পরাভবের শক্তিরূপা, তুমি শক্তিস্বরূপিণী, তুমি দীপ্তিরূপা ; তুমি অগ্ন্যাদি দেবগণের তেজোরূপিণী, তুমি সমগ্রজগৎস্বরূপা, তুমি জীবনীশক্তিরূপিণী, তুমি পাপনাশিনী এবং ওঙ্কার-প্রতিপাদ্য-পরমাত্মস্বরূপা। হে অভীষ্টদাত্রি গায়ত্রি! তুমি মদীয় জপসময়ে আমার হৃদয়ে অধিষ্ঠিত হইও। তুমি ত্বদীয় উপাসককে ত্রাণ কর বলিয়াই গায়ত্রী নামে প্রথিত হইয়াছ ॥ ৪০—৪২ ॥

## ঋষ্যাদিস্মরণ ও গায়ত্রীজপ।

অনন্তর নিম্নলিখিত "ওঙ্কারস্য ব্রহ্ম-ঋষিঃ" ইত্যাদি মন্ত্রে গায়ত্রীর ঋষ্যাদি স্মরণ করিতে হয়, যথা—

ওঁ কারস্য-ব্রহ্মঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দো মহাব্যাহৃতীনাং পরমেষ্ঠী প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা বৃহতীচ্ছন্দো গায়ত্র্যা বিশ্বামিত্র-ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ শ্বেতো বর্ণঃ অগ্নির্মুখং ব্রহ্মা শিরো বিষ্ণুর্হৃদয়ং রুদ্রো ললাটং পৃথিবী কুক্ষিস্ত্রৈলোক্যং চরণাঃ সাংখ্যায়নো গোত্রং অশেষপাপক্ষয়ায় জপে বিনিয়োগঃ ॥ ৪৩ ॥

ঋষ্যাদিস্মরণান্তে দশধা বা অষ্টোত্তর-শতধা গায়ত্রী জপ করিবে, যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ।

## আত্মরক্ষা।

এইরূপে গায়ত্রী জপ করিয়া নিম্নলিখিত মন্ত্রে আত্মরক্ষা করিবে। যথা—

জাতবেদস ইত্যস্য কাশ্যপঋষির্জাতবেদোঽগ্নির্দ্দেবতা ত্রিষ্টুপ্ ছন্দঃ শান্ত্যর্থং জপে বিনিয়োগঃ।

ওঁ জাতবেদসে সুনবাম সোম মরাতীয়তো নিদহাতি বেদঃ, স নঃ পর্ষদতি * দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ।

তচ্ছং যোরিত্যস্য শংযুর্ঋষির্বিশ্বেদেবা দেবতা শর্করীচ্ছন্দঃ শান্ত্যর্থং জপে বিনিয়োগঃ॥ ওঁ তচ্ছং যোরাবৃণীমহে।

ওঁ নমো ব্রহ্মণ ইত্যস্য প্রজাপতির্ঋষির্বিশ্বেদেবা দেবতা জগতীচ্ছন্দঃ শান্ত্যর্থ-জপে বিনিয়োগঃ।

ওঁ নমো ব্রহ্মণে, ওঁ নমো অস্ত্বগ্নয়ে ॥

---

প্রণবের ঋষি ব্রহ্মা, দেবতা অগ্নি, ছন্দঃ গায়ত্রী ; মহাব্যাহৃতির পরমেষ্ঠী প্রজাপতি ঋষি, দেবতা প্রজাপতি, ছন্দঃ বৃহতী ; গায়ত্রীর ঋষি বিশ্বামিত্র, সূর্য্য দেবতা, ছন্দঃ গায়ত্রী, বর্ণ শুভ্র, মুখ বহ্নি, মস্তক ব্রহ্মা, হৃদয় বিষ্ণু, ললাট রুদ্র, উদর পৃথিবী, পদ ব্রহ্মাণ্ড, গোত্র সাংখ্যায়ন এবং পাপবিদূরণার্থ ইহার প্রয়োগ হয় ॥ ৪৩ ॥

* কেহ কেহ 'পরিষদতি' পাঠ করেন।

গায়ত্রী-বিসর্জ্জন।

অনন্তর "ওঁ পূর্ব্বাদিদিগ্‌ভ্যো নমঃ, ওঁ দিগীশেভ্যো নমঃ, ওঁ সন্ধ্যায়ৈ নমঃ, ওঁ গায়ত্র্যৈ নমঃ, ওঁ সাবিত্র্যৈ নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ" বলিয়া প্রণাম করত নিম্নকথিত মন্ত্রে এক গণ্ডূষ জল দিয়া গায়ত্রীবিসর্জ্জন করিবে, যথা—

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতমূর্দ্ধনি।
ব্রাহ্মণেভ্যোঽভ্যনুজ্ঞাতা গচ্ছ দেবি যথাসুখম্‌॥ ৪৪॥

ব্রহ্মযজ্ঞ।

তৎপরে সামবেদিসন্ধ্যার প্রণালীতে ( মধ্যাহ্ন-সন্ধ্যান্তে ) ব্রহ্মযজ্ঞ করিবে। কেবল চতুর্থ মন্ত্রটির "শন্নো ভবন্তু" স্থানে "আপো ভবন্তু" পাঠ করিবে, এইমাত্র প্রভেদ। *

সূর্য্যার্ঘ্য।

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে সূর্য্যার্ঘ্য প্রদান করিবে, যথা—ইদমর্ঘ্যং

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে।
এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর॥

ওঁ শ্রীসূর্য্যায় নমঃ এইরূপে সূর্য্যের উদ্দেশে অর্ঘ্য বা এক অঞ্জলি জল দিয়া পূর্ব্বলিখিত "জবাকুসুম" ইত্যাদি মন্ত্রে নমস্কার করিবে॥

হে দেবি গায়ত্রি! তুমি উত্তরদিক্‌স্থিত গিরিশিখরে অধিষ্ঠিত থাক, কিন্তু জপকালে আমার নিকটবর্ত্তিনী হইয়াছিলে; অধুনা তোমার সেবকগণের অনুজ্ঞায় যথাস্থানে সুখে গমন কর॥ ৪৪॥

* এই স্থলে তর্পণ করিয়া সূর্য্যার্ঘ্য দেওয়া তর্পণাধিকারীর কর্ত্তব্য; তদনধিকারী ব্যক্তি ব্রহ্মযজ্ঞের পর সূর্য্যার্ঘ্য দিবে

## নিত্যপূজা।

### অশ্বত্থবন্দনা।

কাল—অশ্বত্থং বন্দয়েন্নিত্যং পূর্ব্বাহ্নে প্রহরদ্বয়ে।
অত ঊর্দ্ধং ন বন্দেত অশ্বত্থস্তু কদাচন॥
মন্ত্র—ওঁ চক্ষুঃস্পন্দং ভুজস্পন্দং তথা দুঃস্বপ্নদর্শনম্।
শত্রূণাঞ্চ সমুত্থানমশ্বত্থ শময়াশু মে॥
অশ্বত্থরূপী ভগবান্ প্রীয়তাং মে জনার্দ্দনঃ।
ত্বাং দৃষ্ট্বা নশ্যতে পাপং দৃষ্ট্বা লক্ষ্মীঃ প্রবর্দ্ধতে॥

উপরিলিখিত মন্ত্রে প্রতিদিনই মধ্যাহ্নের পূর্ব্বে অশ্বত্থবৃক্ষে জল দান পূর্ব্বক বন্দনা করিবে।

### দেবপূজা।

এবাহ্নিকং দেবপূজা বেদাভ্যাসঃ সরিৎপ্লবঃ।
নাশয়ন্ত্যাশু পাপানি মহাপাতকজান্যপি॥
তথা চ—পূজা চ পঞ্চধা প্রোক্তা তাসাং ভেদান্ শৃণুষ্ব মে।
অভিগমনমুপাদানং যোগঃ স্বাধ্যায় এব চ।
ইজ্যা পঞ্চ প্রকারার্চ্চাঃ ক্রমেণ কথয়ামি তে॥ ১॥

স্নাতঃ সুপ্রক্ষালিতপাণিপাদঃ শুচির্বদ্ধশিখো দর্ভপাণিরাচান্তঃ প্রাঙ্মুখো উদঙ্মুখো বা উপবিষ্টো ধ্যানী দেবতাং পূজয়েৎ॥

দেবপূজায় প্রথমতঃ স্নান করিয়া পাদ ও হস্ত ধৌত করত শুদ্ধচিত্তে শিখা-বন্ধন পূর্ব্বক কুশহস্তে পূর্ব্ব বা উত্তরমুখে বসিয়া (রাত্রিকার্য্য হইলে উত্তরমুখে

---

প্রতিদিন যে ব্যক্তি গোগ্রাসদান, দেবপূজা, স্বস্বাধ্যায়াধ্যয়ন (সন্ধ্যা-ব্রহ্মযজ্ঞাদি) ও গঙ্গা প্রভৃতি নদীতে স্নান করে, তাহার মহাপাতকাদি পাপ নষ্ট হয়। সাধারণতঃ পূজা পঞ্চবিধ—(১) অভিগমন—দেবতাস্থান-মার্জ্জন, গোময়োপলেপন, নির্ম্মাল্য দূরীকরণ; (২) উপাদান—গন্ধপুষ্পাদি সংগ্রহ, পূজার আয়োজন; (৩) যোগ—উপাস্য দেবতাকে আত্মরূপে (ব্রহ্মভাবে) ধ্যান; (৪) অধ্যায়—মন্ত্রার্থ ভাবনা পূর্ব্বক মূলমন্ত্র জপ, স্তোত্রাদি পাঠ, নামকীর্ত্তন, তত্ত্বশাস্ত্রাদির পাঠ; (৫) ইজ্যা—যথাশক্তি উপচারে ইষ্টদেবতার পূজা॥ ১॥

বসিবে, শিবপূজা সর্ব্বদা উত্তরমুখে করিবে) আচমন পূর্ব্বক একাগ্রচিত্তে পূজা করিবে, সম্ভবমত কথা কহিবে না, কথা কহিলে আচমন ও বিষ্ণুস্মরণ করিতে হয়। ব্রাহ্মণমাত্রই প্রতিদিন শিবপূজা ও নারায়ণপূজা করিবেন। দীক্ষিত হইলে গুরু ও ইষ্টদেবতার পূজা করিতে হয়। শাস্ত্রে কথিত আছে, কামাসক্তই হউক আর লোভীই হউক, যে ব্যক্তি ভক্তি বা অভক্তি সহকারেও নিত্য শালগ্রামশিলা পূজা করে, তাহার নিশ্চিত মুক্তি হয়। দেবতার নিত্য পূজা করিয়া পারিশ্রমিক লইতে নাই, লইলে তিন বৎসরে দেবল নামে পতিত ব্রাহ্মণ হয়। এ বিষয়ে প্রমাণ এই—

দেবার্চ্চনপরো বিপ্রো বিত্তার্থী বৎসরত্রয়ম্।
দত্ত-দেবলকো নাম হব্যকব্যেষু গর্হিতঃ॥
শালগ্রামশিলারূপী যত্র তিষ্ঠতি কেশবঃ।
তত্র দেবাসুরা যক্ষা ভুবনানি চতুর্দ্দশ॥
ততশ্চ সর্ব্ব-দেবপূজনং শালগ্রামে কর্ত্তব্যম্।

তথা—বাণলিঙ্গে জলে বহ্নৌ মনসি চ সর্ব্বদেবপূজনমাবাহনং বিনৈব

তথা হি বৃহত্তন্ত্রসারে— শালগ্রামে শিবে চাপ্সু বহ্নৌ মনসি পুষ্পকে।
এষু চাবাহনং নাস্তি দেবতানাং সদাস্থিতিঃ॥

## দেবগৃহ-মার্জ্জনাদি।

ততো গৃহার্চ্চনং কুর্য্যাদভীষ্টসুরপূজনম্।
নরসিংহগৃহে নিত্যং যঃ সম্মার্জ্জনমাচরেৎ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে॥

---

যে স্থানে শালগ্রামশিলারূপী নারায়ণ থাকেন, দেব, অসুর, যক্ষ, এমন কি, চতুর্দ্দশ ভুবন সে স্থানে সন্নিহিত। এই জন্য শালগ্রামশিলায় সর্ব্বদেব-দেবীর পূজা হয় এবং বাণলিঙ্গে, জলে, অগ্নিতে ও মনে মনে সর্ব্বদেবতারই পূজা হয়, আবাহন করিতে হয় না। যেহেতু, দেবতারা সর্ব্বদাই এইগুলিতে অবস্থান করেন। গঙ্গা ভিন্ন জলে আবাহন করিতে হইবে।

দেবগৃহ-মার্জ্জনাদি।—প্রাতঃসন্ধ্যার পর দেবপূজা করিবে, তাহার পূর্ব্বে দেবগৃহ শোধন করিতে হয়। যে ব্যক্তি নিত্য নরসিংহদেব বা যে কোনও দেবের গৃহ পরিষ্কার করে, সে সর্ব্বপাপমুক্ত হইয়া স্বর্গলোকে পূজিত হয়।

গোময়েন সদা তোয়ৈর্যঃ কুর্য্যাদুপলেপনম্।
চান্দ্রায়ণফলং প্রাপ্য বিষ্ণুলোকে মহীয়তে ॥

মঙ্গলদর্শন—গুরূন্ বীক্ষেৎ ততো ধীমান্ পুষ্পাণি বিবিধানি চ।
দেবানাং বিগ্রহাংশ্চৈব সাধ্বীং পতিপরায়ণাম্ ॥

কেশপ্রসাধন—ন দক্ষিণামুখো নোর্দ্ধং কুর্য্যাৎ কেশপ্রসাধনম্।
স্মৃত্বোঙ্কারঞ্চ গায়ত্রীং নিবধ্নীয়াৎ শিখাস্ততঃ ॥

দর্পণে মুখদর্শন—মুখবিম্বং ততো পশ্যেদ্দর্পণে হৃষ্টমানসঃ।
হৃদি স্মৃত্বা তু দেবেশং পুষ্পাদীনাহরেত্ততঃ ॥

পুষ্পাদিচয়ন—পরারোপিতবৃক্ষেভ্যঃ পুষ্পাণ্যানীয় যোঽর্চ্চয়েৎ।
অবিজ্ঞাপ্য চ তস্যৈব তস্য তন্নিষ্ফলং ভবেৎ ॥

ইদন্তু নিষেধবচনম্ দ্বিজেতরপরম্।—
দ্বিজস্তুণৈধঃপুষ্পাণি, সর্ব্বতঃ স্ববদাহরেৎ।

অন্যচ্চ—সমিৎপুষ্পকুশাদীনি ব্রাহ্মণঃ স্বয়মাহরেৎ ॥
শূদ্রানীতৈঃ ক্রয়ক্রীতৈঃ কর্ম্ম কুর্ব্বন্ পতত্যধঃ।
মলিনং ভূমিসংস্পৃষ্টং কৃমিকেশাদিদূষিতম্।
অঙ্গস্পৃষ্টং সমাঘ্রাতং ত্যজেৎ পর্য্যুষিতং বুধঃ ॥

অনন্তর দেবগৃহ গোময়জল দ্বারা লেপন করিতে হয়, ইষ্টকনির্ম্মিত ঘর শুদ্ধ জলছিটা দিয়া পুঁছিলেই হয়, উক্ত কার্য্য করিলে চান্দ্রায়ণফল পায় ও বিষ্ণুলোকে গমন করে।

পুষ্পাদি চয়ন—যে ব্যক্তি পরকীয় বৃক্ষ হইতে বৃক্ষস্বামীকে না জানাইয়া পুষ্প আহরণ করত পূজা করে, তাহার তাহা নিষ্ফল হয়। ইহা শূদ্রের পক্ষে নিষেধ। ব্রাহ্মণ সর্ব্বস্থান হইতে কুশ, কাষ্ঠ ও পুষ্প আত্মীয়বোধে না জানাইয়াও আনিবে, ব্রাহ্মণের উক্ত চৌর্য্যে দোষ হয় না।

সমিধ, পুষ্প, কুশ ও গঙ্গোদক ভিন্ন জল, ব্রাহ্মণ স্বয়ং আহরণ করিবে। শূদ্র-আনীত ও ক্রয়লব্ধ পুষ্পে কার্য্য করিলে পতিত হইতে হয়। কিন্তু নিজ ভৃত্য-(শূদ্র) আনীত পুষ্পে, মালাকারের পুষ্পে ও অন্ত্যজ-আনীত পদ্মপুষ্পেও দোষ হয় না, বিক্রেতার দরে পুষ্প ক্রয় করিলে তাহার দ্বারা পূজা হয়। মলিন, কৃমি ও কেশসংযুক্ত, কীটদষ্ট, যাচিত, পর্য্যুষিত (বাসি), ইচ্ছা করিয়া আঘ্রাত ও অধমাঙ্গে স্পৃষ্ট পুষ্প দেবার্চ্চনায় নিষিদ্ধ। তুলসী, বিল্বপত্র, মালাকারগৃহস্থিত

ভূমিস্পর্শে প্রতিপ্রসব :—

সর্ব্বং ভূমিগতং দুষ্টং শেফালীং বকুলং বিনা ॥

শূদ্রানয়নে প্রতিপ্রসব—অন্ত্যজানীতজলর্জং শুদ্ধমিত্যাহ নারদঃ।

শূদ্রানীতৈরিত্যস্য ভৃত্যাতিরিক্তশূদ্রানীতৈরিত্যর্থঃ শিষ্টব্যবহারাৎ গোবিন্দ-ভট্টানুমোদিতত্বাচ্চ।

পর্য্যুষিতে প্রতিপ্রসব ভবিষ্যপুরাণে।—

তুলস্যাং বিল্বপত্রে চ ফলেষু চৈব সর্ব্বশঃ।
ন পর্য্যুষিতদোষোঽস্তি মালাকারগৃহেষু চ।
বিল্বপত্রঞ্চ মাঘ্যঞ্চ তমালামলকীদলম্।
কহ্লারং তুলসীঞ্চৈব পদ্মঞ্চ মুনিপুষ্পকম্।
এতৎ পর্য্যুষিতং ন স্যাৎ যচ্চান্যৎ কলিকাত্মকম্ ॥

কলিকাভিস্তথা নার্চ্চ্যং বিনা চম্পকপদ্মকৈরিতিবচনেনৈকবাক্যত্বাৎ প্রতি-প্রসববচনীয়কলিকাপদং পদ্মচম্পককলিকাতিরিক্তকলিকাপরম্।

শেফালিকায়াং বিশেষঃ—শেফালিকাং কহ্লারঞ্চ শরৎকালং বিনা ত্যজেৎ।

ছিন্ন-ভিন্নে প্রতিপ্রসব—নীরজস্য চ বিল্বস্য তুলস্যা দলমেব চ।

ন দুষ্যেৎ ছিন্নভিন্নঞ্চ জাতীপুষ্পঞ্চ শঙ্করি।
শুষ্কৈশ্চ নার্চ্চয়েদ্বিষ্ণুং পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈরপি।
স্নাত্বানীতৈঃ পর্য্যুষিতৈর্যাচিতৈঃ কৃষ্ণবর্ণকৈঃ।
স্বয়ং বিকসিতৈঃ পুষ্পৈঃ স্বয়ঞ্চ পতিতৈর্ভুবি।
ত্রিপত্রন্যূনকুসুমৈর্নার্চ্চয়েত্তু কদাচন ॥

---

পুষ্প, সর্ব্ববিধ ফল, কুন্দ, কহ্লার (নাল ফুল), পদ্ম, বক ও পরদিন ফুটিতে পারে, এমন কুঁড়ি ইহারা পর্য্যুষিত হয় না, কিন্তু কেহ কেহ বলেন, পদ্মও পঞ্চদিন পরে পর্য্যুষিত হয়। কেবলমাত্র চম্পক ও পদ্মের কলিকা দ্বারা পূজা হইবে। অন্য কলিকা দ্বারা পূজা নিষিদ্ধ। শরৎকাল ভিন্ন অন্য কালে শেফালিকা ও কহ্লার পুষ্প বর্জ্জনীয়। পদ্ম, বিল্বপত্র, তুলসীপত্র, জাতি পুষ্প, ইহারা ছিন্ন-ভিন্ন হইলেও পূজায় ব্যবহৃত হইবে। শুষ্ক পুষ্প, পত্র ও ফলে দেবতার অর্চ্চনা নিষিদ্ধ। মধ্যাহ্ন-স্নানের পর আনীত পুষ্প, ভিক্ষালব্ধ, কৃষ্ণবর্ণ, হস্তের দ্বারা প্রস্ফুটিত, স্বয়ং ভূমিপতিত, (শেফালিকা ও বকুল ভিন্ন) ত্রিপত্রন্যূন কুসুমে অর্চ্চনা হইবে না।

স্নাত্বা নীতৈঃ—মধ্যাহ্নস্নানানন্তরমানীতৈরিত্যর্থঃ।

তথা হি—স্নাত্বা মধ্যাহ্নসময়ে ন ছিন্দ্যাৎ কুসুমং নরঃ।
ইতি নিষেধাৎ।

অঙ্গস্পৃষ্টং বামহস্তে ধৃতং বামহস্তেন চিতঞ্চ।

তথা হি—ন পুষ্পচ্ছেদনং কুর্য্যাদ্দেবার্থং বামহস্ততঃ।
ন দত্ত্বাত্তানি দেবেভ্যঃ সংস্থাপ্য বামহস্ততঃ॥

অন্যচ্চ—দেবোপরিধৃতং যচ্চ বামহস্তধৃতঞ্চ যৎ।
অধোবস্ত্রধৃতং যচ্চ জলেঽন্তঃক্ষালিতঞ্চ যৎ।
দেবতাস্তন্ন গৃহ্ণন্তি পুষ্পং নির্ম্মাল্যতাং গতম্॥

অশোকার্জ্জুনবকুলানি সবৃন্তানি বর্জ্জয়েৎ—

বিষ্ণুক্রান্তা-জবা-নাগকেশর-নাগচম্পকানি চ নির্ব্বৃন্তানি। অভিবাদ্যাভিবাদককরস্থপুষ্পাদি প্রোক্ষণাৎ কর্ম্মণ্যম্।

উগ্রগন্ধীন্যগন্ধীনি কুসুমানি ন দাপয়েৎ।
অন্যায়তনজাতানি কণ্টকীনি তথৈব চ।
রক্তানি যানি ধর্ম্মজ্ঞ চৈত্যবৃক্ষোদ্ভবানি চ।
যানি শ্মশানজাতানি যানি চাকালজানি চ॥

পুষ্পাদি চয়ন।

পুষ্পাদিচয়ন বলিতে পুষ্প, তুলসী, বিল্বপত্র ও দূর্ব্বা প্রভৃতি চয়ন বুঝিতে হইবে।

---

মধ্যাহ্ন-স্নানের পর পুষ্পচয়ন নিষিদ্ধ। বামহস্তে স্থাপিত ও বামহস্তে চয়িত, পরিধানবস্ত্রে স্থাপিত, দেবতার উপরে শোভার্থ দত্ত ও জলে চুবাইলে সে পুষ্প দেবতা গ্রহণ করেন না। বামহস্তে পুষ্প চয়ন করিবে না এবং বামহস্তে রাখিয়া দক্ষিণ হস্ত দ্বারা ছিঁড়িয়া বা লইয়া তাহার দ্বারা পূজা করিবে না।

অশোক, অর্জ্জুন ও বকুল বৃন্তহীন হইলে, অপরাজিতা, জবা, নাগকেশর ও নাগচম্পক নির্ব্বৃন্ত হইলে পূজাকার্য্যে ত্যাগ করিবে।

পুষ্পহস্তে প্রণাম করিবে না ও প্রণাম লইবে না, উহা ঘটিলে সেই পুষ্প ফেলিয়া দিবে বা প্রোক্ষিত করিবে। উৎকটগন্ধি, নির্গন্ধ, দেবাশ্রম ভিন্ন অন্য খ্রীষ্টাশ্রম বা বৌদ্ধাশ্রম প্রভৃতি বিধর্ম্মীয় আশ্রমোপবনজাত, শ্মশানজাত, অপবিত্র স্থানজাত, কণ্টকান্বিত ও অন্যঋতুর পুষ্প দেবকার্য্যে নিয়োগ করিতে নাই।

তুলসীবৃক্ষে জলদান-মাহাত্ম্য।

জলক্লিন্না ভবেদ্যাবত্তুলসীমূলমৃত্তিকা।
তাবৎ প্রীণাতি বিশ্বাত্মা ভগবান্ পিতৃভিঃ সহ॥

তুলসীবৃক্ষে জলদানমন্ত্র।

শ্রিয়ঃ প্রিয়ে শ্রিয়াবাসে নিত্যং শ্রীধরসৎকৃতে।
ভক্ত্যা দত্তং ময়া দেবি গৃহাণার্ঘ্যং নমোঽস্তু তে॥

নমস্কার-মন্ত্র।

মনঃপ্রসাদজননী সুখসৌভাগ্যবর্দ্ধিনী।
আধিব্যাধিহরে নিত্যং তুলসি ত্বং নমোঽস্তু তে॥

প্রার্থনা-মন্ত্র।

শ্রিয়ং দেহি যশো দেহি কীর্ত্তিমায়ুস্তথা সুখম্।
বলং পুষ্টিং তথা ধর্ম্মং তুলসি ত্বং প্রযচ্ছ মে॥

তুলসীমাহাত্ম্য।

সদ্যঃপর্য্যুষিতং বাপি নির্ম্মাল্যং নৈব দুষ্যতি।
সমঞ্জরীদলৈর্যুক্তং তুলসীসম্ভবৈঃ ক্ষিতৌ।
কুর্ব্বন্তি পূজনং বিষ্ণোস্তে কৃতার্থাঃ কলৌ যুগে॥
স্নানে দানে তথা ধ্যানে প্রাশনে কেশবার্চ্চনে।
তুলসী দহতে পাপং কীর্ত্তনে রোপণে কলৌ॥

কার্ত্তিকে বিশেষঃ—গবাময়ুতদানেন যৎফলং লভতে খগ।
তুলসীপত্রৈকেকেন তৎফলং কার্ত্তিকে স্মৃতম্॥

তুলসীচয়ন-প্রণালী।

ওঁ তুলস্যমৃতনামাসি সদা ত্বং কেশবপ্রিয়ে।
কেশবার্থং চিনোমি ত্বাং বরদা ভব শোভনে॥

---

তুলসীবৃক্ষে জলদান-মাহাত্ম্য—তুলসীবৃক্ষের মূল-মৃত্তিকা যাবৎকাল পর্য্যন্ত জলসিক্ত থাকিবে, তাবৎকাল ভগবান্ পিতৃপুরুষগণের সহিত প্রীত থাকেন।

তুলসীচয়ন-প্রণালী—এক একটি করিয়া বৃন্ত সহিত চয়ন করিবে।

ওঁ ত্বদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিম্।
তথা কুরু পবিত্রাঙ্গি কলৌ মলবিনাশিনি॥

তুলসীচয়নের নিষিদ্ধ দিন।

সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং নিশি সন্ধ্যয়োঃ।
ছিন্দন্তি তুলসীং যে তু তে ছিন্দন্তি হরেঃ শিরঃ॥

বিল্ববৃক্ষ-মাহাত্ম্য।

ঊর্দ্ধপত্রং হরো জ্ঞেয়ঃ পত্রং বামং বিধিঃ স্বয়ম্।
অহং দক্ষিণপত্রঞ্চ ত্রিপত্রদলমিত্যুত॥
অস্য চ্ছায়াঞ্চ পত্রঞ্চ লঙ্ঘয়েন্ন পদা স্পৃশেৎ।
হরতে লঙ্ঘনাদায়ুঃ পদা স্পর্শাৎ শ্রিয়ং হরেৎ॥
বিল্ববৃক্ষবনং যত্র সা তু বারাণসীপুরী।

বিল্ববৃক্ষ-প্রণাম-মন্ত্র।

ওঁ নমো বিল্বতরবে সদা শঙ্কররূপিণে।
সকলানি মমাঙ্গানি কুরুষ শিবহর্ষদ॥

পূজামন্ত্র।

ওঁ নমঃ শ্রীফলায় দ্রুমায় নমঃ।

---

চয়নকালে প্রত্যেকটিতে করতালি দিতে দিতে প্রদক্ষিণ পূর্ব্বক উপরিলিখিত মন্ত্রপাঠ সহকারে দক্ষিণ হস্ত দ্বারা চয়ন করিতে হয়।*

সন্ধ্যাকাল, রাত্রিকাল, মধ্যাহ্নকাল, সংক্রান্তি, পূর্ণিমা, অমাবস্যা ও দ্বাদশী, এই সমস্ত দিনে কদাচ তুলসীচয়ন করিবে না।

বিল্বপত্র-মাহাত্ম্য—ত্রিপত্র বিল্বপত্রের ঊর্দ্ধপত্র হর-স্বরূপ, বামপত্র ব্রহ্মা-স্বরূপ ও দক্ষিণপত্র বিষ্ণু-স্বরূপ-ইহা ভগবানের উক্তি। এই বিল্ববৃক্ষের ছায়া লঙ্ঘন করিবে না, লঙ্ঘনে আয়ু ও পদস্পর্শে শ্রীনাশ হয়। যে স্থানে বিল্ববৃক্ষ আছে, সে স্থান বারাণসী তুল্য।

* স্ত্রীলোকে তুলসী চয়ন করিবে না।

বিল্বপত্র-চয়ন-মন্ত্র।

পুণ্যবৃক্ষ মহাভাগ মালূর শ্রীফল প্রভো।
মহেশপূজনার্থায় ত্বৎপত্রাণি চিনোম্যহম্॥

বিল্বপত্র চয়ন-নিষিদ্ধ-দিন।—পক্ষান্তদ্বাদশী সায়ং মধ্যাহ্নভিন্নকালতঃ।
শাখাভঙ্গো ন কর্ত্তব্যো নৈবারোহেত্তথা তরুম্॥
বরমারুহ্য চিনুয়াৎ ন শাখাভঞ্জনং ক্বচিৎ॥

দূর্ব্বা-চয়ন।—প্রভাতে পবিত্র স্থান হইতে দূর্ব্বা চয়ন করিতে হয়। শ্রাদ্ধে ও শিবপূজায় দূর্ব্বার কোঁক ফেলিয়া ত্রিপত্রান্বিত করিবে। প্রমাণ—
অগর্ভা পিতৃপূজায়াং সগর্ভা দেবতার্চ্চনে।
গর্ভযুক্তা চ যা দূর্ব্বা দীয়তে হরমস্তকে॥
শিবদ্রোহী কৃতঘ্নশ্চ সপ্তজন্ম নয়ত্যধঃ।
পত্রত্রয়ান্বিতা দূর্ব্বা প্রশস্তা চার্ঘ্যকর্ম্মণি॥

পূজার কালাদি।

'পূর্ব্বাহ্নো বৈ দেবানাম্'-দেবপূজায় পূর্ব্বাহ্নকাল ( দিবার প্রথম চতুর্থভাগ ) প্রশস্ত। প্রাতঃসন্ধ্যার পরে দেবপূজা করিয়া মধ্যাহ্নসন্ধ্যা করিবে। দেবপূজায় প্রথমে আচমন, বিষ্ণুস্মরণ, সামান্যার্ঘ্য ( জলশুদ্ধি ), দ্বারদেবতাপূজা, বিঘ্নাপসারণ, আসনশুদ্ধি, করশুদ্ধি, গুরুপ্রণাম, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস ( অন্তর্মাতৃকান্যাস ও বাহ্যমাতৃকান্যাস ), গন্ধাদির অর্চ্চনা, সূর্য্যার্ঘ দান, গণেশাদি পঞ্চদেবতাপূজা, নবগ্রহ, দিক্‌পাল, সর্ব্বদেব ও দেবীর পঞ্চোপচারে বা গন্ধপুষ্প দ্বারা ( অভাবে জলেও হয় ) পূজা করিয়া প্রাণায়াম, পীঠন্যাস, ঋষ্যাদিন্যাস, করন্যাস, অঙ্গন্যাস, ব্যাপকন্যাসান্তে প্রধান দেবতার পূজা করিবে। প্রধান পূজায় অগ্রে ধ্যান, মানসপূজা ও পরে বিশেষার্ঘ্যস্থাপন, পুনর্ধ্যান, দশোপচারে পূজা, জপ, প্রণাম, স্তবপাঠ, ভোগ দেওয়া, আরাত্রিক করিতে হয় এবং সায়ংকালে নিত্যপূজায় আরাত্রিক পূর্ব্বক জলপানি নিবেদন করিতে হয়।

---

বিল্বপত্র-চয়ন-বিধি—বিল্বের শাখা ভগ্ন করিতে নাই। দক্ষিণ হস্ত দ্বারা ধীরে ধীরে এক একটি করিয়া পত্র চয়ন করিবে। চক্রহীন, নিশ্ছিদ্র, বৃন্তসমন্বিত ও ত্রিপত্রান্বিত বিল্বপত্রই প্রশস্ত। ফলহীন বৃক্ষজাত, অচিরোদগত ও অজলসিক্ত বিল্বপত্রে পূজা করিবে না। কিন্তু বিল্বপত্রের বৃন্তে জলসেক করিতে নাই।

বিল্বপত্র-চয়ন-নিষিদ্ধ-দিন—মধ্যাহ্নকাল, সায়ংকাল, অমাবস্যা, পূর্ণিমা ও দ্বাদশীতে বিল্বপত্র চয়ন করিতে নাই। বিল্বপত্র চয়নে শাখাচ্ছেদ নিষেধ।

## সাধারণ প্রণালী।

### সামান্যার্ঘ্য।

স্ববামে ত্রিকোণবৃত্ত-চতুষ্কোণ-ভূবিম্বং বিলিখ্য, তত্র ওঁ আধারশক্তয়ে নমঃ, ইতি সম্পূজ্য, ফড়িতি মন্ত্রেণ পাত্রং প্রক্ষাল্য, মণ্ডলোপরি সংস্থাপ্য, নমঃ ইতি মন্ত্রেণ জলেনাপূর্য্য, অঙ্কুশমুদ্রয়া ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি, নর্ম্মদে সিন্ধু,-কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু। ইতি মন্ত্রেণ সূর্য্যমণ্ডলাত্তীর্থমাবাহ্য, নমঃ ইতি মন্ত্রেণ তৎপাত্রে গন্ধপুষ্পাক্ষতাদীন্ নিক্ষিপ্য, বমিতি ধেনুমুদ্রাং প্রদর্শ্য, মৎস্যমুদ্রয়াচ্ছাদ্য, ওঁ ইত্যষ্টধা জপ্ত্বা (শক্ত্যাদৌ তু দশধা জপ্ত্বা) ফড়িতি তজ্জলেন দ্বারমভ্যুক্ষ্য, দ্বারপূজাং কুর্য্যাৎ—যথা আবাহ্য, ঊর্দ্ধোডুম্বরে—এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্নায় নমঃ, দক্ষিণ শাখায়াং—ওঁ ক্ষেত্রপালায় নমঃ, তয়োঃ পার্শ্বে ওঁ গঙ্গায়ৈ নমঃ, ওঁ যমুনায়ৈ নমঃ, দেহল্যাং ওঁ অস্ত্রায় নমঃ। অশক্তশ্চেৎ—ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ ইতি গন্ধপুষ্পাভ্যাং পূজয়েৎ। ততো দক্ষিণপাদপ্রক্ষেপপুরঃসরং বামশাখাং স্পৃশন্ দক্ষিণাঙ্গং সঙ্কোচয়ন্ মণ্ডপান্তঃ প্রবিশ্য। নৈর্ঋত্যাং—এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তুপুরুষায় নমঃ, ওঁ ব্রহ্মণে নমঃ, ইতি পূজয়েৎ। ততঃ প্রণবেন দিব্যদৃষ্ট্যা দিব্যান্ বিঘ্নান্ উৎসার্য্য। অস্ত্রায় ফড়িতি মন্ত্রেণ জলেনান্তরীক্ষগান্ বিঘ্নান্ উৎসার্য্য। বামপার্ষ্ণিঘাতত্রয়েণ ভৌমান্ বিঘ্নান্ উৎসার্য্য। ফড়িতি সপ্তজপ্তান্ বিকিরান্ (মহাপূজায়াং লাজচন্দনসিদ্ধার্থভস্মদূর্ব্বাকুশাক্ষতান্ অভাবে কেবলতণ্ডুলান্) আদায়, ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি

সামান্যার্ঘ্য।—প্রথমতঃ সামান্যার্ঘ্য স্থাপন করিবে। বামদিকে ভূতলে একটি চতুষ্কোণ, তন্মধ্যে বৃত্ত (গোল) এবং তাহার মধ্যে ত্রিকোণমণ্ডল করিয়া তাহার উপর "এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ" গন্ধপুষ্প দিবে। (পুষ্পের অভাব হইলে গন্ধ ও আতপতণ্ডুল লইয়া "এতে গন্ধাক্ষতে" ইত্যাদি রূপ বলিতে হয়।) পরে "ফট্" মন্ত্রে কোশা ধৌত করত ত্রিকোণোপরি (একটি পাত্র স্থাপন পূর্ব্বক) তদুপরি কোশা রাখিয়া "নমঃ" মন্ত্রে জল দ্বারা

সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া। ইতি নারাচমুদ্রয়া বিকিরেৎ।

### আসনশুদ্ধি।

এতে গন্ধপুষ্পে হ্রীঁ আধারশক্তিকমলাসনায় নমঃ, ইত্যাসনং সম্পূজ্য, ধৃত্বা পঠেৎ। অস্যাসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসন-

---

পূর্ণ করিবে। পরে কোশার অগ্রভাগে অর্ঘ্য সাজাইবে অর্থাৎ গন্ধ, পুষ্প, অক্ষত, বিল্বপত্র, ত্রিপত্র দূর্ব্বা স্থাপন করিবে। তৎপরে জলশুদ্ধি করিতে হয়।

জলশুদ্ধি।—অঙ্কুশমুদ্রাযোগে মধ্যমার অগ্র দ্বারা ঐ জল আলোড়ন পূর্ব্বক "ওঁ গঙ্গে চ" ইত্যাদি মন্ত্রে তীর্থ আবাহন করিয়া গন্ধপুষ্প প্রদান করিবে। পরে "বং" এই মন্ত্রে ধেনুমুদ্রা দেখাইয়া মৎস্যমুদ্রা দ্বারা ঐ জল আচ্ছাদন করত তদুপরি দশধা (শক্তিপূজায় অষ্টধা) প্রণব জপ করিবে। (স্ত্রী ও শূদ্রগণ "নমঃ" বলিবে।) তদনন্তর ঐ জল তিনবার ভূতলে ছিটাইয়া নিজ আপনার মস্তকে ও যাবতীয় পূজোপকরণে কিঞ্চিৎ কিঞ্চিৎ ছিটাইয়া দিবে। অনন্তর মূলোক্ত প্রণালীতে দ্বারপূজা করিয়া বিঘ্নাপসারণ করিবে। কেহ কেহ আসনশুদ্ধির পরে বিঘ্নাপসারণ বলেন।

বিঘ্নাপসারণ।—পরে বিঘ্ননিবারণ করিবে। মন্ত্রপাঠ সহকারে ঊর্দ্ধে নেত্রপাত পূর্ব্বক ঊর্দ্ধভাগস্থ, "অস্ত্রায় ফট্" মন্ত্রে দক্ষিণহস্ত দ্বারা দক্ষিণাবর্ত্তে মস্তকের চারিধারে শূন্যে জলক্ষেপ করত শূন্যমার্গস্থ এবং বামপদের গুল্ফ দ্বারা বামদিকে ভূতলে বারত্রয় আঘাত পূর্ব্বক ভূতলস্থ নিখিল বিঘ্ন বিদূরিত হইয়াছে চিন্তা করিয়া, মহাপূজায় খই, চন্দন, শ্বেতসর্ষপ, ভস্ম, দূর্ব্বা, কুশ ও তণ্ডুল। অন্যবিষয়ে কেবল তণ্ডুলের উপর সাতবার "ফট্" মন্ত্র জপ করিবে। পরে নারাচমুদ্রা দ্বারা ঐ তণ্ডুল লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করত ভূতলে ফেলিয়া দিবে, যথা—

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥

পরে এইরূপ চিন্তা করিবে যে, গৃহমধ্যস্থ বিঘ্নরাশিও বিদূরিত হইয়াছে।

আসনশুদ্ধি।—পরে আসনশুদ্ধি করিতে হয়। অনেকে সামান্যার্ঘ্য স্থাপনের পূর্ব্বে আসনশুদ্ধির ব্যবস্থা দেন। আসনের নিম্নে ত্রিকোণমণ্ডল

পরিগ্রহণে বিনিয়োগঃ, ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্। ইতি পঠিত্বা। স্বস্তিকাদিক্রমেণ পরিশোধ্য ( মহাপূজায়াং ততঃ পঞ্চগব্যেন মূলেন মণ্ডপং শোধয়েৎ )।

গুরুপঙ্‌ক্তি-প্রণাম।

ততঃ পুটাঞ্জলির্ভূত্বা। শিরোবামভাগে—ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, দক্ষিণে—ওঁ গণেশায় নমঃ, মধ্যে মস্তকে—ওঁ ( পূজনীয় ) অমুকদেবতায়ৈ নমঃ।

করশুদ্ধি।

ততঃ ফড়িতি মন্ত্রেণ গন্ধপুষ্পাভ্যাং করৌ সংশোধ্য। আঘ্রায় ঐশান্যাং ক্ষিপ্ত্বা উর্দ্ধোর্দ্ধতালত্রয়ং দত্ত্বা ছোটিকাভির্দশদিগ্‌বন্ধনং কুর্য্যাৎ।

অঙ্কন পূর্ব্বক "এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তিকমলাসনায় নমঃ" বলিয়া একটি সচন্দন পুষ্প আসনের উপর দিবে। পুষ্পের অভাবে "এতে গন্ধাক্ষতে" বলিয়া সচন্দন আতপতণ্ডুল দিতে হয়। পরে আসন ধরিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ-ঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্॥

গুরুপ্রণাম—অনন্তর করযোড়ে ( বামে ) ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, পরাপরগুরুভ্যো নমঃ ;—( দক্ষিণে ) ওঁ গণেশায় নমঃ ; [ মতান্তরে ( উর্দ্ধে ) ওঁ ব্রহ্মণে নমঃ, ( অধঃ ) ওঁ অনন্তায় নমঃ ; ( মধ্যে ) ওঁ নারায়ণায় নমঃ ; ] ( সম্মুখে ) ওঁ অমুকদেবতায়ৈ ( স্ব স্ব অভীষ্টদেব ) নমঃ বলিয়া যথাযথ স্থান স্পর্শ পূর্ব্বক প্রণাম করিবে।

করশুদ্ধি—তৎপরে করশুদ্ধি করিতে হয়। একটি সচন্দন পুষ্প লইয়া ফট্ মন্ত্রে হস্তদ্বয় দ্বারা উহা ঘর্ষণ পূর্ব্বক ঈশানকোণে বামহস্ত আঘ্রাণপূর্ব্বক ফেলিয়া দিবে। পরে সম্মুখভাগে উর্দ্ধদেশে যথাক্রমে তিনটি তালি দিয়া দক্ষিণাবর্ত্তে পূর্ব্বদিক্ হইতে দশদিকে তুড়ি প্রদান পূর্ব্বক দশদিগ্বন্ধন করিবে। পরে ভূতশুদ্ধি করিতে হয়।

ভূতশুদ্ধি।

ততো রমিতি জলধারয়া আত্মানং সংবেষ্ট্য বহ্নিপ্রাকারং বিচিন্তয়েৎ। স্বাঙ্কে উত্তানৌ করৌ কৃত্বা সোঽহমিতি জীবাত্মানং হৃদয়স্থং দীপকলিকাকারং মূলাধারস্থিত-কুলকুণ্ডলিন্যা সহ সুষুম্নাবর্ত্মনা মূলাধার-স্বাধিষ্ঠান-মণিপূরকা-নাহত-বিশুদ্ধাজ্ঞাখ্যষট্চক্রাণি ভিত্ত্বা শিরোঽবস্থিতাধোমুখ-সহস্রদল-কমল-কর্ণিকান্তর্গতপরমাত্মনি সংযোজ্য তত্রৈব পৃথিব্যপ্-তেজো-বায়্বাকাশ-গন্ধরসরূপস্পর্শ-শব্দ-নাসিকা--জিহ্বা--চক্ষুস্ত্বক্--শ্রোত্র--বাক্পাণি--পাদ--পায়ূপস্থ-প্রকৃতি-মনোবুদ্ধ্যহঙ্কাররূপচতুর্ব্বিংশতিতত্ত্বানি লীনানি বিভাব্য যমিতি বায়ুবীজং ধূম্রবর্ণং বামনাসাপুটে বিচিন্ত্য, তস্য ষোড়শবারজপেন বায়ুনা দেহ-মাপূর্য্য, নাসাপুটৌ ধৃত্বা তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা বামকুক্ষিস্থ-কৃষ্ণবর্ণপাপপুরুষেণ সহ ( ওঁ বামপার্শ্বে স্থিতং পাপং পুরুষং কজ্জলপ্রভম্। ব্রহ্মহত্যাশিরস্কঞ্চ স্বর্ণস্তেয়ভুজদ্বয়ম্। সুরাপানহৃদা যুক্তং গুরুতল্পকটি-দ্বয়ম্। তৎসংসর্গিপদদ্বন্দ্বমঙ্গপ্রত্যঙ্গপাতকম্। উপপাতকরোমাণং রক্তশ্মশ্রু-বিলোচনম্। খড়্গচর্ম্মধরং ক্রুদ্ধমেবং কুক্ষৌ বিচিন্তয়েৎ॥ ইতি পাপপুরুষধ্যানম্)

---

• ভূতশুদ্ধি।—"রং" এই মন্ত্রে জলধারা দ্বারা স্বদেহ বেষ্টন করত ঐ জল-ধারাকে অগ্নিময় প্রাচীর ভাবনা পূর্ব্বক করদ্বয় উত্তানভাবে বামদক্ষিণক্রমে উপর্য্যুপরি স্বীয় ক্রোড়দেশে স্থাপন করিবে। পরে "সোহং" চিন্তা করিয়া * হৃৎপ্রদেশস্থ দীপকলিকাবৎ জীবাত্মাকে মূলাধারস্থ কুণ্ডলিনীসহ সুষুম্নামার্গে মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপূর, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞানামক চক্রে চতুর্দ্দল, ষড়্দল, দশদল, দ্বাদশদল, ষোড়শদল ও দ্বিদলপদ্ম ভেদ করত মস্তকস্থ অধো-বদন সহস্রদলকমলের কর্ণিকাভ্যন্তরগত পরমাত্মাতে সংযোগ করিয়া তাহাতেই দৈহিক ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, গন্ধ, রস, রূপ, স্পর্শ, শব্দ, ঘ্রাণ, জিহ্বা, নেত্র, ত্বক্, কর্ণ, বাক্, কর, চরণ, পায়ু, উপস্থ, প্রকৃতি, মন, বুদ্ধি ও অহঙ্কার এই চতুর্ব্বিংশতত্ত্বকে বিলীন চিন্তা করিবে। অনন্তর বামনাসাপুটে "যং" এই বায়ুবীজকে ধূম্রবর্ণ ভাবনা করিয়া প্রাণায়ামবিধি অনুসারে ঐ বীজ ষোড়শবার জপ করিয়া বায়ু দ্বারা দেহ পূর্ণ করিবে এবং নাসাপুট রোধ করিয়া চতুঃষষ্টিবার কুম্ভক করত বামকুক্ষিস্থ কৃষ্ণবর্ণ, খর্ব্ব, পিঙ্গলচক্ষু, পিঙ্গল-কেশ পাপপুরুষের সহিত ( ধ্যান মূলে লিখিত আছে ) নিজ দেহকে শোষণ

---

* শক্তিবিষয়ে "হংসঃ" এবং শূদ্রগণ "নমঃ", চিন্তা করিবে।

দেহং সংশোষ্য তস্য দ্বাত্রিংশদ্বারজপেন দক্ষিণনাসয়া বায়ুং রেচয়েৎ। দক্ষিণনাসাপুটে রমিতি বহ্নিবীজং রক্তবর্ণং ধ্যাত্বা তস্য ষোড়শবারজপেন বায়ুনা দেহমাপূর্য্য, নাসাপুটৌ ধৃত্বা তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা, তেন পাপপুরুষেণ সহ দেহং মূলাধারস্থিতবহ্নিনা দগ্ধ্বা তস্য দ্বাত্রিংশদ্বারজপেন বামনাসয়া ভস্মনা সহ বায়ুং রেচয়েৎ। ঠমিতি চন্দ্রবীজং শুক্লবর্ণং বামনাসিকায়াং ধ্যাত্বা তস্য ষোড়শবারজপেন ললাটে চন্দ্রং নীত্বা নাসাপুটৌ ধৃত্বা বমিতি বরুণবীজস্য চতুঃষষ্টিবারজপেন তস্মাল্ললাটচন্দ্রাদ্‌গলিতসুধয়া মাতৃকাবর্ণাত্মিকয়া সমস্তদেহং বিরচয্য লমিতি পৃথ্বীবীজস্য দ্বাত্রিংশদ্বারজপেন দেহং সুদৃঢ়ং বিচিন্ত্য দক্ষিণেন বায়ুং রেচয়েৎ। ততো হংস ইতি মন্ত্রেণ পুনস্তেনৈব বর্ত্মনা জীবং তত্ত্বানি কুলকুণ্ডলিনীঞ্চ যথাস্থানং নয়েৎ। শক্তিবিষয়ে হংস ইতি জীবাদিকং পরমশিবে সংযোজ্য সোঽহমিতি মন্ত্রেণ যথাস্থানং নয়েৎ। তত আং সোঽহমিতি পঠিত্বা হৃদি হস্তং দত্ত্বা প্রাণপ্রতিষ্ঠাং কুর্য্যাৎ।

করিবে। পরে ঐ বীজ দ্বাত্রিংশদ্বার জপ করিয়া দক্ষিণনাসারন্ধ্র দ্বারা বায়ু পরিত্যাগ করিতে হয়। অনন্তর দক্ষিণনাসাপুটে "রং" এই বহ্নিবীজ চিন্তা করত উহা ষোড়শবার জপ করিয়া বায়ু দ্বারা দেহ পূর্ণ করিবে এবং নাসাপুট-দ্বয় রোধ করত ঐ বীজ চতুঃষষ্টিবার জপ সহকারে কুম্ভক করিয়া মূলাধারোত্থিত বহ্নি দ্বারা পাপপুরুষসহ নিজদেহ দগ্ধ করত পুনর্ব্বার দ্বাত্রিংশদ্বার জপান্তে বাম-নাসাপুট দ্বারা দগ্ধভস্ম সহ ঐ বায়ু ত্যাগ করিবে। পরে বামনাসাপুটে "ঠং" এই সোমবীজ ধ্যান করত ষোড়শবার জপ দ্বারা শ্বাস আকর্ষণ পূর্ব্বক ঐ বীজা-কৃতি সোমকে ললাটদেশে নীত ধ্যান করিয়া নাসাপুটদ্বয় রোধ করিবে এবং "বং" এই বরুণবীজ চতুঃষষ্টিবার জপ করিয়া কুম্ভক করত উল্লিখিত সোমদেব হইতে নিগলিত পঞ্চাশন্মাতৃকাবর্ণস্বরূপ সুধা দ্বারা সমগ্র দেহকে নূতন-গঠিতবৎ চিন্তা করিবে। তৎপরে "লং" এই ধরাবীজ দ্বাত্রিংশদ্বার জপ করিয়া নিজদেহকে সুদৃঢ় জ্ঞান করত দক্ষিণনাসাপুট দ্বারা বায়ু ত্যাগ করিবে। তৎপরে "হংসঃ" ( শূদ্র ও স্ত্রীলোকেরা "নমঃ" ) এই মন্ত্র দ্বারা বিলীন কুণ্ড-লিনী সহ জীবাত্মা ও চতুর্ব্বিংশতি তত্ত্বকে পুনর্ব্বার স্বস্থানে আবির্ভূত ধ্যান করিবে। এই প্রকারে ভূতশুদ্ধি ও আং সোঽহম্ এই মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করিয়া নিজদেহে প্রাণপ্রতিষ্ঠা পূর্ব্বক মাতৃকান্যাস করিতে হয়।

প্রকারান্তর।

অথবান্যপ্রকারেণ ভূতশুদ্ধির্বিধীয়তে।
ধর্ম্মকন্দসমুদ্ভূতং জ্ঞাননালং সুশোভনম্।
ঐশ্বর্য্যাষ্টদলোপেতং পরং বৈরাগ্যকর্ণিকম্।
স্বীয় হৃৎকমলে ধ্যায়েৎ প্রণবেন প্রকাশিতম্।
কৃত্বা তৎ কর্ণিকাসংস্থং প্রদীপকলিকানিভম্।
জীবাত্মানং হৃদি ধ্যাত্বা মূলে সঞ্চিন্ত্য কুণ্ডলীম্।
সুষুম্না বর্ত্মনাত্মানং পরমাত্মনি যোজয়েৎ ॥

মাতৃকান্যাস।

অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকা সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ো মাতৃকান্যাসে (লিপিন্যাসে) বিনিয়োগঃ। শিরসি ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ, মুখে ওঁ গায়ত্র্যৈচ্ছন্দসে নমঃ, হৃদি ওঁ মাতৃকায়ৈ সরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ, গুহ্যে ওঁ হল্‌ভ্যো বীজেভ্যো নমঃ, পাদয়োঃ ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ। ততো মাতৃকাকরাঙ্গন্যাসৌ—ওঁ অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং

মাতৃকান্যাস।—(মন্ত্রপাঠ সহকারে নির্দ্দিষ্ট স্থলে অঙ্গুলিস্থাপনকেই ন্যাস বলে। পুষ্প দ্বারা অথবা অঙ্গুষ্ঠ ও অনামা যোগ করিয়া ন্যাস করিতে হয়।) প্রথমে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকা সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ো মাতৃকান্যাসে বিনিয়োগঃ ॥

এই মন্ত্র পাঠ করিয়া মস্তকে দক্ষিণ হস্ত প্রদান পূর্ব্বক "ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ" মুখে "ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ" হৃদি "ওঁ মাতৃকাসরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ," গুহ্যে "ওঁ হল্‌ভ্যো বীজেভ্যো নমঃ," পাদয়োঃ "ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ" বলিয়া হস্ত স্পর্শ করিবে। সর্ব্বত্র দক্ষিণ হস্ত দ্বারা স্পর্শ করাই বিধি। পরে "অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" বলিয়া দুই হস্তেরই তর্জ্জনী অঙ্গুলী বৃদ্ধাঙ্গুষ্ঠের উপর দিবে; "ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা" বলিয়া উভয় হস্তের অঙ্গুষ্ঠ তর্জ্জনীর উপর, "উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্" বলিয়া উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলী মধ্যমার

অনামিকাভ্যাং হুং। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্॥ এবং অং……আং হৃদয়ায় নমঃ। ইং……ঈং শিরসে স্বাহা। উং টং……শিখায়ৈ বষট্, এং……ঐং কবচায় হুং। ওং……মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্। অং……ক্ষং অঃ অস্ত্রায় ফট্ (করতালি)

অন্তর্মাতৃকান্যাস।

ষোড়শদলকমলে কণ্ঠমূলে ঐকৈকদলে অকারাদি-ষোড়শ-স্বরান্

---

উপর; "এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং" বলিয়া উভয় হস্তের অঙ্গুষ্ঠ অনামিকার উপর দিবে। ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্" বলিয়া উভয় হস্তের অঙ্গুষ্ঠ কনিষ্ঠার উপর দিবে। পরে "অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া দক্ষিণ হস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামকরের পৃষ্ঠ ও তলস্পর্শ পূর্ব্বক তালি দিবে। অনন্তর "অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামার অগ্রদেশ দ্বারা বক্ষঃস্থল; "ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা" বলিয়া তর্জ্জনী ও মধ্যমার অগ্র দ্বারা মস্তক; "উং টং ঠং ডং ঢং ণং উং শিখায়ৈ বষট্" বলিয়া বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্র দ্বারা শিখা; "এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং" বলিয়া দক্ষিণ হস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা বামবাহু ও বামহস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা দক্ষিণবাহু এবং "ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামার অগ্র দ্বারা যথাক্রমে দুই চক্ষু ও নাসিকার মূল স্পর্শ করিবে। তৎপরে "অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করিয়া তালি দিবে। অঙ্গন্যাস-করন্যাসের প্রণালী সর্ব্বত্রই এইরূপ, কেবল মন্ত্র ভিন্ন ভিন্ন। তৎপরে অন্তর্মাতৃকান্যাস, সংহারমাতৃকান্যাস ও প্রাণায়াম করিবে। পরে ঋষ্যাদিন্যাস করিবে।

অন্তর্মাতৃকান্যাস—মনুষ্যশরীরমধ্যে আধারাদি ভ্রূমধ্য পর্য্যন্ত যে ছয়টি পদ্ম বা চক্র আছে, ঐ পদ্মে মাতৃকা-বর্ণের ন্যাস করিতে হয়।

যথা কণ্ঠমূলে ষোড়শদলকমলে একএকটি দলে চতুর্দ্দশ স্বরের অং নমঃ, আং নমঃ, ইং নমঃ, ঈং নমঃ, উং নমঃ, ঊং নমঃ, ঋং নমঃ, ৠং নমঃ, ৯ং নমঃ, ৡং নমঃ, এং নমঃ, ঐং নমঃ, ওং নমঃ, ঔং নমঃ, অং নমঃ অঃ নমঃ। এই মন্ত্রে

সবিন্দূন্ ন্যসেৎ, ককারাদি-দ্বাদশবর্ণান্ সবিন্দূন্ দ্বাদশদলকমলে হৃদয়ে, ডকারাদিদশবর্ণান্ সবিন্দূন্ দশদলকমলে নাভৌ, বকারাদি-ষড়্বর্ণান্ সবিন্দূন্ ষড়্দলকমলে লিঙ্গমূলে, বাদিচতুর্বর্ণান্ সবিন্দূন্ চতুর্দ্দলকমলে মূলাধারে হাদি বর্ণদ্বয়ং দ্বিদলকমলে ভ্রূমধ্যে ন্যসেৎ।

---

ন্যাস করিবে, এইরূপে হৃদয়স্থিত দ্বাদশদলকমলে ককারাদি দ্বাদশবর্ণের ওঁ কং নমঃ খং নমঃ, গং নমঃ, ঘং নমঃ ঙং নমঃ, চং নমঃ, ছং নমঃ, জং নমঃ, ঝং নমঃ, ঞং নমঃ, টং নমঃ, ঠং নমঃ, মন্ত্রে ন্যাস হইবে।

নাভিস্থিত দশদলকমলে ড হইতে দশটি বর্ণের ওঁ ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ, থং নমঃ, দং নমঃ, ধং নমঃ, নং নমঃ, পং নমঃ, ফং নমঃ মন্ত্রে ন্যাস করিবে। লিঙ্গমূলস্থিত ষড়্দলকমলে ব হইতে ছয়টি বর্ণের ওঁ বং নমঃ, ভং নমঃ, মং নমঃ, যং নমঃ, রং নমঃ, লং নমঃ, এই মন্ত্রে ন্যাস করিবে।

গুহ্যদেশস্থিত চতুর্দ্দলকমলে ব হইতে ৪টি বর্ণের ওঁ বং নমঃ, শং নমঃ, ষং নমঃ, সং নমঃ মন্ত্রে ন্যাস করিবে।

ভ্রূমধ্যস্থিত দ্বিদলকমলে হ ওঁ ক্ষ বর্ণের হং নমঃ ক্ষং নমঃ মন্ত্রে ন্যাস করিবে। বিষ্ণুবিষয়ে আধারাদি মস্তক পর্য্যন্ত বিলোমভাবে ন্যাস করিবে যথা—

মূলাধার (গুহ্যদেশ) স্থিত চতুর্দ্দলকমলে স্বর্বর্ণসদৃশে ওঁ বং নমঃ শং নমঃ, ষং নমঃ, সং নমঃ মন্ত্রে, লিঙ্গমূলস্থিত অমলকান্তিবিদ্যুন্নিভস্বাধিষ্ঠান-পদ্মে ষড়্দলে ওঁ বং নমঃ, ভং নমঃ, মং নমঃ, যং নমঃ, রং নমঃ, লং নমঃ মন্ত্রে; নাভিদেশস্থিত বিদ্যুদ্ভাসিত নীলমেঘসদৃশ মণিপূরকপদ্মে দশদলে ওঁ ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ, থং নমঃ, দং নমঃ, ধং নমঃ, নং নমঃ, পং নমঃ, ফং নমঃ মন্ত্রে; হৃদয়দেশস্থিত প্রবালরুচিসদৃশ অনাহতপদ্মে দ্বাদশদলে ওঁ কং নমঃ খং নমঃ, গং নমঃ, ঘং নমঃ, ঙং নমঃ, চং নমঃ ছং নমঃ, জং নমঃ, ঝং নমঃ, ঞং নমঃ, টং নমঃ, ঠং নমঃ মন্ত্রে; কণ্ঠদেশস্থিত ধূম্রবর্ণ বিশুদ্ধপদ্মে ষোড়শদলে ওঁ অং নমঃ আং নমঃ ইং নমঃ ঈং নমঃ উং নমঃ ঊং নমঃ ঋং নমঃ ৠং নমঃ ৯ং নমঃ ৡং নমঃ এং নমঃ ঐং নমঃ ওং নমঃ ঔং নমঃ অং নমঃ অঃ নমঃ মন্ত্রে; ভ্রূমধ্যস্থিত চন্দ্রসদৃশ দ্বিদলপদ্মে ওঁ হং নমঃ ক্ষং নমঃ মন্ত্রে ন্যাস করিয়া শিরঃস্থিত সহস্রদল হিমসদৃশ, সর্ব্বমাতৃকাবর্ণবিভূষিত পদ্মে সৃষ্টিস্থিতিলয়াত্মক পরম শিবের চিন্তা করিবে।

বাহ্যমাতৃকান্যাস।

ধ্যানম্—ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্তমুখদোঃপন্মধ্যবক্ষঃস্থলাম্, ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈর্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে।—পুষ্পেণ ন্যাসে নাঙ্গুলিনিয়মঃ। অঙ্গুষ্ঠানামাভ্যাং বা বিন্যসেৎ।

অথ ন্যাসঃ—অং নমঃ (ললাটে অনামা-মধ্যমাভ্যাং) আং নমঃ (মুখমণ্ডলে তর্জ্জনী-মধ্যমানামাভিঃ) ইং নমঃ (দক্ষিণচক্ষুষি বৃদ্ধানামাভ্যাং) ঈং নমঃ (বামচক্ষুষি বৃদ্ধানামাভ্যাং) উং নমঃ (দক্ষিণকর্ণে অঙ্গুষ্ঠেন) ঊং নমঃ (বামকর্ণে অঙ্গুষ্ঠেন) ঋং নমঃ (দক্ষিণনাসিকায়াং কনিষ্ঠাঙ্গুষ্ঠাভ্যাং) ৠং নমঃ (বামনাসিকায়াং কনিষ্ঠাঙ্গুষ্ঠাভ্যাং) ঌং নমঃ (দক্ষিণগণ্ডে তর্জ্জনীমধ্যমানামাভিঃ) ৡং নমঃ (বামগণ্ডে তথৈব) এং নমঃ (ওষ্ঠে মধ্যময়া) ঐং নমঃ (অধরে তথৈব) ওং নমঃ (ঊর্দ্ধদন্তপঙ্‌ক্তৌ অনাময়া) ঔং নমঃ (অধোদন্তপঙ্‌ক্তৌ তথৈব) অং নমঃ (ব্রহ্মরন্ধ্রে মধ্যময়া) অঃ নমঃ (মুখমণ্ডলে অনামা-মধ্যমাভ্যাং) কং নমঃ (দক্ষবাহুমূলে কনিষ্ঠানামামধ্যমাভিঃ) খং নমঃ (কূর্পরে তথৈব) গং নমঃ (মণিবন্ধে তথৈব) ঘং নমঃ (অঙ্গুলিমূলে তথৈব) ঙং নমঃ (অঙ্গুল্যগ্রে তথৈব) চং নমঃ

---

বাহ্যমাতৃকান্যাস—ধ্যান করিবে, যথা—

ওঁ পঞ্চাশল্লিপিভিঃ ইত্যাদি মূলোক্ত ধ্যান করিবে। শরীরমধ্যে এক এক স্থানে এক একটি মাতৃকাবর্ণের ন্যাস করিবে, যথা—

অং নমঃ (ললাটে মধ্যমা ও অনামাঙ্গুলি) দ্বারা ন্যাস করিবে, এইরূপে আং নমঃ (মুখে তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা), দক্ষিণচক্ষুতে ইং নমঃ (অঙ্গুষ্ঠ ও অনামা), বামচক্ষুতে ঈং নমঃ (অঙ্গুষ্ঠ ও অনামা), বামচক্ষুতে ঈং নমঃ অঙ্গুষ্ঠ ও অনামা) দক্ষিণ ও বামকর্ণে উং নমঃ ঊং নমঃ (অঙ্গুষ্ঠ), দক্ষিণ ও বামনাসিকায় ঋং নমঃ ৠং নমঃ (কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ), দক্ষিণ ও বামগণ্ডে ঌং নমঃ ৡং নমঃ (তর্জ্জনী, মধ্যমা ও অনামা), ওষ্ঠ ও অধরে এং নমঃ ঐং নমঃ (মধ্যমা), ঊর্দ্ধদন্ত অধোদন্ত-পঙ্‌ক্তিতে ওং নমঃ ঔং নমঃ (অনামিকা), ব্রহ্মরন্ধ্রে অং নমঃ (মধ্যমা), মুখমণ্ডলে আং নমঃ (অনামা ও মধ্যমা), দক্ষিণহস্তের ৪টি সন্ধি ও অগ্রভাগে কং নমঃ খং নমঃ গং নমঃ ঘং নমঃ ঙং নমঃ (কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা), ঐরূপ বামহস্তের সন্ধি ও অগ্রভাগে

বামবাহুমূলে তথৈব) ছং নমঃ (বামকূর্পরে তথৈব) জং নমঃ (বামমণিবন্ধে তথৈব) ঝং নমঃ ( অঙ্গুলিমূলে তথৈব ) ঞং নমঃ ( বাম অঙ্গুল্যগ্রে তথৈব ) এবং টং ঠং ডং ঢং ণং ( নমঃ ) ( দক্ষিণপাদমূলে সন্ধ্যগ্রকেষু তথৈব ) তং থং দং ধং নং (নমঃ) ( বামপাদমূলসন্ধ্যগ্রকেষু তথৈব ) পং নমঃ ( দক্ষপার্শ্বে তথৈব ) ফং নমঃ ( বামপার্শ্বে তথৈব ) বং নমঃ ( পৃষ্ঠে তথৈব ) ভং নমঃ ( নাভৌ অঙ্গুষ্ঠমধ্যমা-নামাকনিষ্ঠাভিঃ ) মং নমঃ ( কুক্ষৌ সর্ব্বাভিঃ ) যং নমঃ ( হৃদয়ে তলেন ) রং নমঃ ( দক্ষিণস্কন্ধে অঙ্গুল্যগ্রৈঃ ) লং নমঃ ( ককুদি তথৈব ) বং নমঃ ( বামস্কন্ধে তথৈব ) শং নমঃ ( হৃদয়াৎ দক্ষিণকরাগ্রং যাবৎ তলেন ) ষং নমঃ ( হৃদয়াৎ বাম করাগ্রং যাবৎ তথৈব ) সং নমঃ ( হৃদয়াৎ দক্ষিণপাদাগ্রং যাবৎ তথৈব ) হং নমঃ, ( হৃদয়াৎ বামপাদাগ্রং যাবৎ তথৈব ) লং নমঃ (হৃদয়াৎ উদরং যাবৎ তথৈব ) ক্ষং নমঃ ( হৃদাদিমুখে তথৈব )।

## সংহারমাতৃকান্যাস।

ধ্যানং—অক্ষস্রজং হরিণপোতমুদগ্রটঙ্কং, বিদ্যাং করৈরবিরতং দধতীং ত্রিনেত্রাম্। অর্দ্ধেন্দুমৌলিমরুণামরবিন্দবাসাং, বর্ণেশ্বরীং প্রণমতস্তনভার-নম্রাম্। ক্ষং নমঃ ( হৃদাদিমুখে তলেন ) লং নমঃ ( হৃদাদি উদরে তলেন )

চং নমঃ ছং নমঃ জং নমঃ ঝং নমঃ ঞং নমঃ ( কনিষ্ঠা অনামিকা মধ্যমা) দক্ষিণ পাদের সন্ধি ও অগ্রভাগে টং নমঃ ঠং নমঃ ডং নমঃ ঢং নমঃ ণং নমঃ ( কনিষ্ঠানামা মধ্যমা ) বামপাদে সন্ধি অগ্রে তং নমঃ থং নমঃ দং নমঃ ধং নমঃ নং নমঃ ( কনিষ্ঠা অনামা মধ্যমা ) দক্ষিণ পার্শ্বে পং নমঃ ( পূর্ব্ববৎ ) বামপার্শ্বে ফং নমঃ ( পূর্ব্ববৎ ) পৃষ্ঠে বং নমঃ ( পূর্ব্ববৎ ) নাভিতে ভং নমঃ ( অঙ্গুষ্ঠ কনিষ্ঠা অনামা মধ্যমা ) উদরে মং নমঃ ( সর্ব্বাঙ্গুলী ) হৃদয়ে যং নমঃ ( করতলে ) দক্ষিণ স্কন্ধে রং নমঃ ( পূর্ব্ববৎ ) বামস্কন্ধে লং নমঃ ( পূর্ব্ববৎ ) ককুৎস্থলে ( ঘাড় ) বং নমঃ ( পূর্ব্ববৎ ) হৃদয়াদি দক্ষিণহস্তে শং নমঃ (পূর্ব্ববৎ) হৃদয়াদি বামহস্তে ষং নমঃ ( পূর্ব্ববৎ ) হৃদয়াদি দক্ষিণ পাদে সং নমঃ ( পূর্ব্ববৎ ) হৃদয়াদি বাম পাদে হং নমঃ ( পূর্ব্ববৎ ) হৃদয়াদি উদর পর্য্যন্ত লং নমঃ ( পূর্ব্ববৎ ) হৃদয়াদি মুখ পর্য্যন্ত ক্ষং নমঃ পূর্ব্ববৎ করতাল দ্বারা ন্যাস করিবে।

সংহারমাতৃকান্যাস—ওঁ অক্ষস্রজং ইত্যাদি মূলোক্ত ধ্যান করিয়া হৃদয়াদি মুখ পর্য্যন্ত ক্ষং নমঃ লং নমঃ ( করতল ) হৃদয়াদি উদর পর্য্যন্ত ( করতল )

এবং বিপরীতক্রমেণ বিলোমমাতৃকান্যাসঃ কার্য্যঃ। ততো যথাবিধি গন্ধপুষ্পাদী-ন্যর্চ্চয়িত্বা সূর্য্যায়ার্ঘ্যং দত্ত্বা গণেশাদীন্ পূজয়েৎ। তদ্‌যথা—

গন্ধাদি অর্চ্চনা।

ওঁ এতেভ্যো গন্ধপুষ্পাদিভ্যো নমঃ। ইতি ত্রিঃ প্রোক্ষ্য, এতে গন্ধপুষ্পে ওঁ এতেভ্যো গন্ধপুষ্পাদিভ্যো নমঃ, ইতি সম্পূজ্য ; এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানেভ্যো দেবেভ্যো নমঃ। ইতি পূজয়েৎ। সূর্য্যার্ঘ্য দান—সূর্য্যার্ঘ্যমাদায় ( গন্ধপুষ্প, অক্ষত, দূর্ব্বান্বিত-জলম্ ) ইদমর্ঘ্যং ওঁ এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে। অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর। ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে। জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে। ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।

নমস্কার-মন্ত্র—ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্। শ্রীসূর্য্যায় নমঃ।

ইত্যাদিরূপে মাতৃকান্যাস ক্রমে বিপরীতভাবে আকার পর্য্যন্ত ন্যাস করিবে।

গন্ধাদির পূজা।—পরে গন্ধাদির পূজা করিতে হয়। শাস্ত্রে লিখিত আছে যে, কোন দ্রব্য পূজা না করিয়া দেবতাকে দিলে তাহা দেবতারা গ্রহণ করেন না ; উহা অসুরদিগের ভোগ্য হয়। প্রথমে "ব্লং এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ" বলিয়া গন্ধাদির উপর তিনবার জলের ছিটা দিবে। পরে গন্ধপুষ্প লইয়া "এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতৎ-সম্প্রদানেভ্যো পূজনীয়দেবেভ্যো নমঃ এতে গন্ধপুষ্পে ওঁ এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ" বলিয়া এক একটি গন্ধপুষ্প প্রক্ষেপ করিবে।

নারায়ণাদির অর্চ্চনা।—পরে নিম্নলিখিত মন্ত্রে এক একটি গন্ধপুষ্প প্রক্ষেপ করত নারায়ণাদির অর্চ্চনা করিতে হয়, যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ গুরবে নম, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ॥

পূজান্তে "এহি সূর্য্য সহস্রাংশো" ইত্যাদি ওঁ সূর্য্যায় নমঃ এই মন্ত্রে অর্ঘ্যদান করিয়া ওঁ জবাকুসুমসঙ্কাশমিত্যাদি মন্ত্রে প্রণাম করিবে।

গণেশাদিদেবতা পূজা—এতে গন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ নমঃ শিবায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ভাস্করায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নয়ে নমঃ; এতে গন্ধপুষ্পে ওঁ কেশবায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ কৌশিক্যৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ কুলদেবতায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ।

গণেশপূজা।—প্রথমতঃ "গাং গীং গূং গৈং গৌং গঃ এই মন্ত্রে করাঙ্গন্যাস-পদ্ধতির নিয়মে করাঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে একটি পুষ্প লইয়া ধ্যান করিবে, যথা—

খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলম্।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্॥

এইরূপে ধ্যান করিয়া স্বীয় মস্তকে পুষ্পটি দিয়া মানসপূজা সম্পাদন পূর্ব্বক পুনর্ব্বার করাঙ্গন্যাস-ধ্যানান্তে শালগ্রামশিলার উপর পুষ্প দিবে এবং নিম্নলিখিতরূপে পূজা করিবে, যথা—

এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ, এতৎ পুষ্পং ওঁ গণেশায় নমঃ, এষ ধূপঃ ওঁ গণেশায় নমঃ, এষ দীপঃ ওঁ গণেশায় নমঃ, এতন্নৈবেদ্যং ওঁ গণেশায় নমঃ॥

তদনন্তর "ওঁ গণেশায় নমঃ" এই মন্ত্র দশবার বা অষ্টোত্তরশতবার জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্র দ্বারা জপসমর্পণ পূর্ব্বক প্রণাম করিবে, পঞ্চোপচারে পূজায়ও ধ্যান ও জপ করিতে হয়; কিন্তু তাহা শক্তি অনুসারে না করিলেও পূজার হানি হয় না ) যথা—

ওঁ দেবেন্দ্রমৌলিমন্দার-মকরন্দকণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্ব-চরণাম্বুজরেণবঃ॥

পরে শিব, সূর্য্য, অগ্নি, কেশব ও দুর্গার পঞ্চোপচারে পূজা করিতে হয়। কেবল ধ্যান ও প্রণামমন্ত্র পৃথক্।

---

গণেশাদি পূজা—অনন্তর পঞ্চোপচারে শালগ্রামে বা জলে গণেশাদি পঞ্চ দেবতার পূজা করিবে। শূদ্র ও স্ত্রীলোকে জলে করিবে।

শিবপূজা।—শিবের ধ্যান, পূজামন্ত্র ও প্রণামমন্ত্রে পঞ্চোপচারে শিবের পূজা করিবে। ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশমিত্যাদি ওঁ নমঃ শিবায় নমঃ এই মন্ত্রে পঞ্চোপচারে পূজা—

সূর্য্যপূজা, ধ্যান—রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং,
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ-
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

অগ্নিপূজা, ধ্যান—ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষপীনাঙ্গজঠরোঽরুণঃ
ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।
ওঁ অগ্নয়ে নমঃ—ইহা পূজামন্ত্র।

প্রণামমন্ত্র—ওঁ অগ্নয়ে নমঃ।

বিষ্ণুপূজা।—অনন্তর ঐরূপ গণেশপূজাপদ্ধতির নিয়মে পঞ্চোপচারে "ওঁ বিষ্ণবে নমঃ" মন্ত্রে বিষ্ণুর পূজা করিবে। কেবল ধ্যান ও প্রণামমন্ত্র পৃথক্। ধ্যান যথা—

ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী,
নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী,
হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥

পূজান্তে "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিবে। পরে জয়দুর্গার পূজা করিতে হয়।

জয়দুর্গাপূজা।—অনন্তর ঐরূপে পঞ্চোপচারে "ওঁ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে জয়দুর্গার পূজা করিবে। কেবল ধ্যান ও প্রণামমন্ত্র পৃথক্। ধ্যান যথা—

কালাভ্রাভাং কটাক্ষৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং,
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাম্।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং,
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ॥

যথানিয়মে পূজান্তে নিম্নলিখিতরূপে প্রণাম করিবে, যথা—

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

উক্তপ্রকারে পূজায় অসমর্থ হইলে সংক্ষেপে পূজা করিবে ; যথা— এতে গন্ধপুষ্পে ওঁ গণেশাদি পঞ্চদেবতাভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ গুরুভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ।

প্রাণায়াম।

মূলমন্ত্রস্য বীজস্য প্রণবস্য বা ষোড়শবারজপেন অঙ্গুষ্ঠেন দক্ষিণনাসাপুটং নিরুধ্য বামনাসয়া বায়ুং পূরয়েৎ। অঙ্গুষ্ঠেন দক্ষিণং কনিষ্ঠানামাভ্যাং বামং নাসাপুটং ধৃত্বা অস্য চতুঃষষ্টিবারজপেন বায়ুং কুম্ভয়েৎ। তস্য দ্বাত্রিংশদ্‌বারজপেন বামনাসাপুটং কনিষ্ঠানামাভ্যাং নিরুধ্য দক্ষিণনাসয়া বায়ুং রেচয়েৎ। পুনঃ তথৈব দক্ষিণেনাপূর্য্য উভাভ্যাং কুম্ভয়িত্বা বামেন রেচয়েৎ। পুনস্তথৈব বামেনাপূর্য্য উভাভ্যাং কুম্ভয়িত্বা দক্ষিণেন রেচয়েৎ। যদ্‌বা চতুঃষোড়শাষ্টবারজপেন পূরণ-কুম্ভন-রেচনানি কুর্য্যাৎ। তত্রাপ্যসামর্থ্যে একচতুর্দ্বিবারেণ কুর্য্যাৎ। আদাবন্তে চ যত্নেন প্রাণায়ামং সমাচরেৎ। কর্ম্মস্বপি সমস্তেষু শুভেষ্বপ্যশুভেষু চ।

অথ পীঠন্যাস—(হৃদয়ে) ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ, ওঁ রত্নদ্বীপায় নমঃ, ওঁ মণিমণ্ডপায় নমঃ, ওঁ কল্পবৃক্ষায় নমঃ, ওঁ রত্নবেদিকায়ৈ নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ। (দক্ষিণস্কন্ধে) ওঁ ধর্ম্মায় নমঃ, (বামস্কন্ধে)

প্রাণায়াম।—মূলমন্ত্র বীজ বা প্রণব ষোড়শবার জপ দ্বারা পূরণ, চতুঃষষ্টিবার জপ দ্বারা কুম্ভক এবং দ্বাত্রিংশদ্বার জপ দ্বারা রেচকরূপ প্রাণায়াম করিতে হয়, এইরূপ তিনবার করিতে হয়। অক্ষম হইলে চারিবার জপ দ্বারা পূরণ, ষোড়শবার জপ দ্বারা কুম্ভক এবং আটবার জপ দ্বারা রেচক করিবে। কিংবা ১বার জপ দ্বারা পূরণ ৪বার জপ দ্বারা কুম্ভক ২বার জপ দ্বারা রেচন। প্রাণায়ামের প্রণালী মূলে লিখিত হইয়াছে। কৃষ্ণবিষয়ে বিশেষ পরে বক্তব্য।

পীঠন্যাস—ওঁ আধারশক্তয়ে নমঃ ইত্যাদি, রত্নসিংহাসনায় নমঃ ইত্যন্ত মন্ত্রে হৃদয়ে, দক্ষিণ স্কন্ধে ওঁ ধর্ম্মায় নমঃ, বামস্কন্ধে ওঁ জ্ঞানায় নমঃ,

ওঁ জ্ঞানায় নমঃ, (বামোরৌ) ওঁ বৈরাগ্যায় নমঃ, ( দক্ষিণোরৌ ) ওঁ ঐশ্বর্য্যায় নমঃ, ( মুখে ) ওঁ অধর্ম্মায় নমঃ, (বামপার্শ্বে ) ওঁ অজ্ঞানায় নমঃ, ( নাভৌ ) ওঁ অবৈরাগ্যায় নমঃ, (দক্ষিণপার্শ্বে) ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ, ( হৃদয়ে ) ওঁ অনন্তায় নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, ওঁ সং সত্ত্বায় নমঃ, ওঁ রং রজসে নমঃ, ওঁ তং তমসে নমঃ, ওঁ আং আত্মনে নমঃ, ওঁ অং অন্তরাত্মনে নমঃ, ওঁ পং পরমাত্মনে নমঃ, ওঁ হ্রীঁ জ্ঞানাত্মনে নমঃ। এতৎপর্য্যন্তং সর্ব্বদেবপূজাসু বিন্যস্য তত্তৎকল্পোক্তবিশেষান্ বিন্যসেৎ।

ততো মূলমন্ত্রস্য ঋষ্যাদিন্যাসঃ তত্তৎকল্পোক্তবিশেষোঽবগন্তব্যঃ।

করন্যাস—মূলমন্ত্রং ষড়্দীর্ঘযোগেন বিভজ্য অঙ্গুলিষু বিন্যসেৎ। অঙ্গহীনস্য মন্ত্রস্য স্বেনৈবাঙ্গানি কল্পয়েৎ।

তথা চ ব্রহ্মজামলে—স্বনামাদ্যক্ষরং বীজং সর্ব্বেষামভিধীয়তে। যথা—শিববিষয়ে—( হৌং মন্ত্রস্য ) হাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হীং তর্জ্জনীভ্যাং স্বাহা, হূং

---

বাম উরুতে ওঁ বৈরাগ্যায় নমঃ, দক্ষিণ উরুতে ওঁ ঐশ্বর্য্যায় নমঃ, মুখে ওঁ অধর্ম্মায় নমঃ, বামপার্শ্বে ( পাঁজরায় ) ওঁ অজ্ঞানায় নমঃ, নাভিতে ওঁ অবৈরাগ্যায় নমঃ, দক্ষিণপার্শ্বে ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ। পুনরায় হৃদয়ে অনন্তায় নমঃ ইত্যাদি হ্রীং জ্ঞানাত্মনে নম ইত্যন্ত মন্ত্রে ন্যাস করিয়া দেবতাবিশেষে বিশেষ পীঠদেবতার ন্যাস করিবে। ঐ দেবতার উল্লেখ সেই সেই পূজায় কথিত হইবে।

ঋষ্যাদিন্যাস।—যথা শিববিষয়ে "ওঁ বামদেবঋষয়ে নমঃ" বলিয়া শিরঃপ্রদেশে, "ওঁ পঙ্‌ক্তিচ্ছন্দসে নমঃ" বলিয়া মুখে, "ওঁ ঈশানায় দেবতায়ৈ নমঃ" বলিয়া হৃদয়ে দক্ষিণহস্ত স্পর্শ করাইবে।

করন্যাস।—যথা ওঁ নমঃ শিবায় এই মন্ত্রের "ওঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, নং তর্জ্জনীভ্যাং স্বাহা, মং মধ্যমাভ্যাং বষট্, শিং অনামিকাভ্যাং হুং, বাং কনিষ্ঠাভ্যাং বৌষট্" বলিয়া যথাক্রমে যথাযথ অঙ্গুলীর উপর যথাবিহিত অঙ্গুলী স্পর্শ করাইয়া "যং করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করিয়া তালি

মধ্যমাভ্যাং বষট্, হৈং অনামিকাভ্যাং হুং, হৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, হঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস—জামলে অঙ্গুলিনিয়মঃ—

হৃদয়ং মধ্যমানামাতর্জ্জনীভিঃ স্মৃতং শিরঃ।
মধ্যমাতর্জ্জনীভ্যাং স্যাদঙ্গুষ্ঠেন শিখা তথা।
দশভিঃ কবচং প্রোক্তং তিসৃভির্নেত্রমীরিতম্।
প্রোক্তাঙ্গুলীভ্যামস্ত্রং স্যাদঙ্কক৯প্তিরিয়ক৯ং মতা॥

যথা—দুর্গাবিষয়ে ( হ্রীং মন্ত্রস্য ) হ্রাং হৃদয়ায় নমঃ, (তর্জ্জনীমধ্যমানামাভিঃ) হ্রীং শিরসে স্বাহা, ( মধ্যমাতর্জ্জনীভ্যাং ) হ্রূং শিখায়ৈ বষট্, ( অঙ্গুষ্ঠেন ) হ্রৈং কবচায় হুং, ( উভয়হস্তসর্ব্বাঙ্গুলীভিঃ ) হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, ( তর্জ্জনী-মধ্যমাভ্যাং ) হ্রঃ অস্ত্রায় ফট্, ( করতলপৃষ্ঠাভ্যাম্ ) এবমন্যত্র। পঞ্চাঙ্গন্যাসপক্ষে নেত্রন্যাসো ন কার্য্যঃ।

অথ ব্যাপকন্যাস—মূলমন্ত্রেণ আকেশাদাপাদমাপাদাদাকেশম্ যথাবিধি মুদ্রাদর্শনম্ পঞ্চধা সপ্তধা বা স্পৃশেৎ। শিবপূজায়াং বিষ্ণুপূজায়াঞ্চ বিশেষো বক্তব্যঃ।

ততো ধ্যানম্। অথ মানসপূজা। ততঃ বিশেষার্ঘ্যস্থাপনং কুর্য্যাৎ।

দিবে। অঙ্গন্যাসে যে যে অঙ্গুলী দ্বারা যে ভাবে স্পর্শ করিতে হয়, তাহা পূর্ব্বে লিখিত হইয়াছে।

অঙ্গন্যাস।—যথা শিববিষয়ে ওঁ নমঃ শিবায় এই মন্ত্রের "ওঁ হৃদয়ায় নমঃ" বলিয়া বক্ষঃস্থল, "নং শিরসে স্বাহা" বলিয়া মস্তক, "মং শিখায়ৈ বষট্" বলিয়া শিখা, "শিং কবচায় হুং" বলিয়া বামবাহু ও দক্ষিণবাহু এবং "বাং নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া দুই চক্ষু ও নাসিকার মূল স্পর্শ করত "য়ং করতল-পৃষ্ঠাভ্যাং ফট্" বলিয়া বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করত তালি দিবে।

ব্যাপকন্যাস।—যথা শিব বিষয়ে হস্তদ্বয় বিস্তার করত "ওঁ নমঃ শিবায়" বলিয়া দুই হাত মস্তক হইতে চরণ যাবৎ, পুনরায় চরণ হইতে মস্তক যাবৎ নয়বার, সাতবার, পাঁচবার বা তিনবার লইয়া যাইবে।

ধ্যান।—পরে কূর্ম্মমুদ্রা দ্বারা বামহস্তে একটি পুষ্প বা বিল্বপত্র লইয়া ধ্যান করিবে। ধ্যানানন্তর হস্ত পুষ্প মস্তকে লইয়া মানসোপচারে পূজা করিবে।

মানসপূজা—হৃৎপদ্মম্ আসনং, সহস্রারচ্যুতামৃতেন পাদ্যং চরণয়োঃ, মনঃ অর্ঘ্যং সহস্রারপদ্মভৃঙ্গারললিতপরমামৃতেন আচমনং, তদেব স্নানীয়ম্, আকাশতত্ত্বং বস্ত্রং, ক্ষিতিতত্ত্বং গন্ধং, চিত্তং ( বুদ্ধিতত্ত্বং ) পুষ্পং, প্রাণবায়ুং ধূপং, তেজস্তত্ত্বং দীপং, হৃদয়ে কল্পিতসুধাসমুদ্রং নৈবেদ্যং, অনাহতধ্বনিং ঘণ্টাং, বায়ুতত্ত্বং চামরং, শিরঃস্থসহস্রদলকমলং ছত্রং, শব্দতত্ত্বং গীতং, ইন্দ্রিয়কর্ম্মাণি চ নৃত্যং পরিভাবয়েৎ।

বিশেষার্ঘ্য।

স্ববামে ত্রিকোণমণ্ডলং কৃত্বা, তদুপরি ত্রিপদিকামারোপ্য, ফড়িতি ( দ্বাদশাঙ্গুলপ্রমাণান্যূনং ) শঙ্খং প্রক্ষাল্য, তদুপরি সংস্থাপ্য, নমঃ ইতি মন্ত্রেণ

---

মানসপূজা।—মানসপূজাতে যাহা কিছু কর্ত্তব্য, তৎসমস্তই মনে মনে করিতে হয়। ইহাতে বাহ্য উপকরণের প্রয়োজন নাই। হৃৎকমলাভ্যন্তরে সুধাসমুদ্র ভাবনা করিবে। তন্মধ্যে রত্নদ্বীপমধ্যস্থ কল্পতরুমূলে দেবতার রূপ ধ্যান করিয়া হৃৎকমলেই আসন প্রদান পূর্ব্বক স্বাগত * জিজ্ঞাসা করিয়া সহস্রদলকমলনিঃসৃত জলরূপ পাদ্য, মনোরূপ অর্ঘ্য, মস্তকস্থিত সহস্রদলপদ্ম হইতে নিঃসৃত সুধারূপ আচমনীয়, ক্ষিতিতত্ত্বরূপ গন্ধ, চিত্তরূপ পুষ্প, প্রাণরূপ ধূপ, তেজোরূপ দীপ, হৃদয়কল্পিত সুধাসমুদ্র নৈবেদ্য, সুধাসমুদ্রের জলরূপ পানীয়, হৃৎকমলস্থ অনাহতচক্রের ধ্বনিরূপ বাদ্য, এই সমস্ত মনে মনে অর্পণ করিবে। পরে মনে মনে "ওঁ নমঃ শিবায়" এই মূলমন্ত্র যথাশক্তি জপ করিয়া মনে মনেই স্তবপাঠ, প্রদক্ষিণ ও নমস্কার করিবে। পরে বিশেষার্ঘ্য স্থাপন করিতে হয়।

বিশেষার্ঘ্য।—( শিবপূজায় স্বর্ণ, রৌপ্য বা তাম্রপাত্রে অর্ঘ্যস্থাপন করিবে। শিব ও সূর্য্যপূজার শঙ্খে অর্ঘ্যস্থাপন করিতে নাই। অন্যান্য দেবতার অর্ঘ্যস্থাপন শঙ্খে করিবে। অর্ঘ্যপাত্র ষট্‌ত্রিংশৎ অঙ্গুলী-পরিমিত হইলে উত্তম, চতুর্ব্বিংশাঙ্গুলী হইলে মধ্যম এবং দ্বাদশাঙ্গুলপ্রমাণ হইলে অধম। পরন্তু অষ্টাঙ্গুলীর ন্যূন হইলে তাহাতে অর্ঘ্যস্থাপন করিতে নাই।) সম্মুখস্থ কোশার বামদিকে মৃত্তিকায় জলের ছিটা দিয়া তদুপরি ত্রিকোণমণ্ডল অঙ্কন পূর্ব্বক তাহার উপর ত্রিপদী স্থাপন করিবে। পরে "ফট্" মন্ত্রে জল দ্বারা অর্ঘ্যপাত্র প্রক্ষালন করত ত্রিপদীর উপর রাখিয়া

---

* আর্চ্চিতব্য দেবতাকে শুভাগমন জিজ্ঞাসা করার নাম স্বাগত।

গন্ধপুষ্পাক্ষতযবকুশাগ্রতিলসর্ষপদূর্ব্বাত্মকমর্ঘ্যং যথালাভং বা তত্র নিক্ষিপ্য, বিমলজলেন বিলোমমাতৃকয়া মূলেন চ পূরয়েৎ। যথা—ক্ষং লং হং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অঃ অং ঔং ওং ঐং এং ৯ং ৯ং ৠং ঋং ঊং উং ঈং ইং আং অং মূলমন্ত্রেণ চ। এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, ইতি ত্রিপদিকায়াং এবং ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ; ইতি শঙ্খে, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ইতি জলে পূজয়েৎ। ওঁ গঙ্গে চেত্যাদিনা সূর্য্যমণ্ডলাদঙ্কুশমুদ্রয়া তীর্থমাবাহ্য, অমুকদেব, অমুকীদেবি ইতি বা সম্বোধনান্তনাম্না ইহাবহ ইহাবহ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইত্যাবাহ্য, সংস্থাপ্য, হুং ইতি তর্জ্জনীভ্যামবগুণ্ঠ্য বষড়িতি গালিনীমুদ্রাং প্রদর্শ্য, বৌষড়িতি তজ্জলং

"নমঃ" মন্ত্রে তাহাতে অষ্টাঙ্গ অর্ঘ্য অভাবে গন্ধ, পুষ্প, তণ্ডুল ও দূর্ব্বা দিবে। পরে "ওঁ নমঃ শিবায়" এই মূলমন্ত্র * এবং "ক্ষং লং হুং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অঃ অং ঔং ওং ঐং এং ৯ং ৯ং ৠং ঋং ঊং উং ঈং ইং আং অং" এই বিলোম মাতৃকামন্ত্র উচ্চাচরণ পূর্ব্বক স্বচ্ছজল দ্বারা অর্ঘ্যপাত্র পূর্ণ করিবে। পরে ত্রিপদীতে "মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ," অর্ঘ্যপাত্রে "অং সূর্য্য-মণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ" এবং জলে "উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ" বলিয়া গন্ধপুষ্প বা তণ্ডুল প্রদান করত পূজা করিয়া অঙ্কুশমুদ্রা-যোগে অর্ঘ্যপাত্রস্থ জল আলোড়ন করিতে করিতে "গঙ্গে চ যমুনে" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। তৎপরে এই প্রকার ভাবনা করিবে যে, সূর্য্যমণ্ডল হইতে তীর্থসকল মদীয় অর্ঘ্যপাত্রে অবতীর্ণ হইলেন। তৎপরে মূলমন্ত্রে হৃৎকমলস্থ মহাদেবকে ঐ জলে আনয়ন পূর্ব্বক "হুং" মন্ত্রে জলের উপর অব-গুণ্ঠনমুদ্রা দেখাইয়া মূলোক্ত মন্ত্রে আবাহন করত বষট্ মন্ত্রে ঐ জলের উপর গালিনীমুদ্রা প্রদর্শন করিবে। তৎপরে সেই জলের দিকে নেত্রপাত করত

* যাবতীয় দেবতার পূজাতেই এই নিয়মে বিশেষার্ঘ্য স্থাপন করিতে হয়। কেবল প্রভেদ এই যে, "ওঁ নমঃ শিবায়" মূলমন্ত্র এখানে আছে, অন্যান্য দেবতাপূজায় এস্থলে সেই দেবতার মূলমন্ত্র উচ্চারণ করিবে।

বীক্ষ্য, পুনরঙ্গমন্ত্রৈঃ সকলীকৃত্য গন্ধপুষ্পাভ্যাং তত্র দেবতাং সম্পূজ্য, তদুপরি মৎস্যমুদ্রয়া আচ্ছাদ্য মূলমন্ত্রমষ্টধা জপেৎ। (শক্তিবিষয়ে দশধা) বমিতি ধেনুমুদ্রয়া অমৃতীকৃত্য, ফড়িতি সংরক্ষ্য, ছোটিকাভির্দশদিগ্বন্ধনং কৃত্বা, তজ্জলং কিঞ্চিৎ প্রোক্ষণীপাত্রে নিক্ষিপ্য, মূলেন তেনোদকেনাত্মানং পূজোপকরণঞ্চাভুক্ষ্য, পীঠপূজাং কুর্য্যাৎ। (পীঠান্যাসেক্তদেবতানাং যথাশক্তি উপচারৈঃ পূজা)। ততঃ পুনর্ধ্যানম্—অথ উপচারদানম্, যথাশক্তি জপঃ—জপসমর্পণম্ পঞ্চাঙ্গ-প্রণামঃ। স্তবপাঠশ্চ। ইতি সাধারণপূজাপ্রণালী—

---

দেবতারূপ চিন্তা করিয়া গন্ধপুষ্প দ্বারা ষড়ঙ্গে (অঙ্গন্যাস-মন্ত্রে) * অর্চ্চনা করিবে, যথা—

শিববিষয়ে এতে গন্ধপুষ্পে ওঁ হৃদয়ায় নমঃ, এতে গন্ধপুষ্পে নং শিরসে স্বাহা, এতে গন্ধপুষ্পে মং শিখায়ৈ বষট্, এতে গন্ধপুষ্পে শিং কবচায় হুং, এতে গন্ধপুষ্পে বাং নেত্রত্রয়ায় বৌষট্, এতে গন্ধপুষ্পে য়ং করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

এক একটি মন্ত্র পড়িয়া জলে গন্ধপুষ্প প্রদান করিবে। (স্ত্রী ও শূদ্রেরা "ওঁ নং মং শিং বাং য়ং" এই কয়টির পরিবর্ত্তে "শাং শীং শূং শৈং শৌং শঃ" এই কয়টি বর্ণ উচ্চারণ করত ষড়ঙ্গপূজা করিবে। অপরাপর দেবতার অর্চ্চনায় তত্তদ্দেবতার নামের আদ্যক্ষরে ঐ প্রকার দীর্ঘস্বর ও অনুস্বার যোগ করিয়া অর্চ্চনা করিতে হয়।)

পরে গন্ধপুষ্প দ্বারা "ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে সেই জলমধ্যে শিবের পূজা করিয়া মৎস্যমুদ্রা দ্বারা জল আচ্ছাদন করত তাহার উপর অষ্টধা শক্তি-পূজায় দশবার মূলমন্ত্র জপ করিয়া ধেনুমুদ্রা দেখাইবে। তদনন্তর "ফট্" মন্ত্র উচ্চারণ করত দশবার তুড়ি দিয়া ঐ জল নির্ব্বিঘ্নে রক্ষিত হইল, এইরূপ ভাবনা করিয়া ঐ জলের কিঞ্চিৎ তুলিয়া সামান্যার্ঘ্যপাত্রে স্থাপন করিবে। সেই জল নিজের মস্তকে ও পূজার সামগ্রীতে ছিটাইয়া দিবে।

পুনর্ধ্যান ও আবাহন।—এইরূপে বিশেষার্ঘ্যস্থাপনান্তে পূর্ব্ববৎ অঙ্গন্যাস ও করন্যাস করিয়া কূর্ম্মমুদ্রা দ্বারা একটি সচন্দন পুষ্প বা বিল্বপত্র লইয়া পূর্ব্ববৎ ধ্যান করিবে। পরে সেই পুষ্পে বা বিল্বপত্রে নিশ্বাস দ্বারা ব্রহ্মরন্ধ্র হইতে

---

* অপরাপর দেবার্চ্চনায় তত্তদ্দেবতার অঙ্গন্যাসমন্ত্রে অর্চ্চনা করিবে।

"ওঁ অমুকদেব বা অমুকীদেবি ইহাগচ্ছাগচ্ছ" বলিয়া আবাহন, স্থাপনী মুদ্রা দ্বারা "ইহ তিষ্ঠ তিষ্ঠ" বলিয়া স্থাপন, সন্নিধাপনী মুদ্রা দ্বারা "ইহ সন্নিধেহি" বলিয়া সন্নিধাপন, সংরোধিনী মুদ্রা দ্বারা "ইহ সন্নিরুধ্যস্ব" বলিয়া সংরোধন, সম্মুখীকরণমুদ্রা দ্বারা "অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ" বলিয়া সম্মুখী-করণ করত করযোড়ে "স্থিরো ভব যাবৎ পূজাং করোম্যহং"স্থাপন করিবে। এইরূপে আবাহন করত উপচার দান করিবে। ইতি সাধারণ-প্রণালী।

নিত্যপূজা—পূর্ব্বোক্ত সমুদায় বিধি সাধারণ পূজাতেই পালনীয়; কিন্তু নিত্যপূজায় শক্তি অনুসারে করিবে। জলশুদ্ধি, আসনশুদ্ধি, গুরুপ্রণাম ও করশুদ্ধি করিয়া শক্তি অনুসারে সূর্য্যার্ঘ্যদানানন্তর পঞ্চদেবতাপূজান্তে প্রাণায়াম, অঙ্গন্যাস, করন্যাস, ব্যাপকন্যাস করিয়া শালগ্রামশিলা, বাণলিঙ্গ বা অন্য দেবতাকে স্নান করাইবে, যথা—এতৎ স্নানীয়োদকং বা স্নানীয়গঙ্গোদকং অমুকদেবতায়ৈ নমঃ। নারায়ণকে নিম্নলিখিত মন্ত্রে স্নান করাইবে।

ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ স হস্রপাৎ। স ভূমিং সর্ব্বতো বৃত্বা (যজুর্ব্বেদিগণ 'সর্ব্বতস্পৃত্বা', ঋগ্‌বেদিগণ 'বিশ্বতো বৃত্বা' বলিবেন) অত্যতিষ্ঠ-দ্দশাঙ্গুলম্। ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং হোতারং রত্নধাতমম্। ওঁ ইষেত্বোর্জ্জেত্বা বায়বঃস্থ দেবো বঃ সবিতা প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে। ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নিহোতা সৎসি বর্হিষি। ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে আপো ভবন্তু পীতয়ে শং যোরভিস্রবন্তু নঃ। গায়ত্রী। কেহ কেহ পুরুষসূক্ত সমুদায়ই পাঠ করেন। যথা—

ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং সর্ব্বতো বৃত্বা অত্যতিষ্ঠ-দ্দশাঙ্গুলম্। ওঁ পুরুষ এবেদং সর্ব্বং যদ্‌ভূতং যচ্চ ভাব্যম্ উতামৃতত্বস্যেশানো যদন্নে নাতিরোহতি। ওঁ এতাবানস্য মহিমাঽতো জ্যায়াংশ্চ পুরুষঃ, পাদোঽস্য বিশ্বাভুতানি ত্রিপাদস্যামৃতং দিবি। ওঁ ত্রিপাদূর্দ্ধ উদৈৎ পুরুষঃ পাদোঽস্যেহা-ভবৎ পুনঃ। ততো বিশ্বং ব্যক্রামৎ সাশনানশনে অভি। ওঁ ততো বিরাড়-জায়ত বিরাজোঽধিপুরুষঃ স জাতোঽত্যরিচ্যত পশ্চাদ্‌ভূমিমথো পুরঃ। ওঁ তস্মাদ্ যজ্ঞাৎ সর্ব্বহুতঃ সম্ভৃতং পৃষদাজ্যং পশূংস্তাংশ্চক্রে বায়ব্যানারণ্যা গ্রাম্যাশ্চ যে। ওঁ তস্মাদ্ যজ্ঞাৎ সর্ব্বহুত ঋচঃ সামানি জজ্ঞিরে। ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদ্ যজু-স্তস্মাদজায়ত। ওঁ তস্মাদশ্বা অজায়ন্ত যে কেচোভয়াদতঃ। গাবোহ জজ্ঞিরে তস্মাৎ তস্মাজ্জাতা অজাবয়ঃ। ওঁ তং যজ্ঞং বর্হিষি প্রৌক্ষন্ পুরুষং জাতমগ্রতঃ। তেন দেবা অযজন্ত সাধ্যা ঋষয়শ্চ যে। ওঁ যৎ পুরুষং ব্যদধুঃ কতিধা ব্যকল্পয়ন্।

মুখং কিমস্যাসীৎ কিং বাহূ কিমূরূ পাদাবুচ্যেতে ; ওঁ ব্রাহ্মণোঽস্যমুখমাসীদ্‌-বাহূ রাজন্যকঃ কৃতঃ। উরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্‌ভ্যাং শূদ্রো অজায়ত। ওঁ চন্দ্রমা মনসো জাতশ্চক্ষোঃ সূর্য্যো অজায়ত। শ্রোত্রাদ্‌বায়ুশ্চ প্রাণশ্চ মুখাদগ্নিরজায়ত ওঁ নাভ্যা আসীদন্তরীক্ষং শীর্ষ্ণো দ্যৌঃ সমবর্ত্তত। পদ্‌ভ্যাং ভূমির্দ্দিশঃ শ্রোত্রাৎ তথালোকানকল্পয়ৎ। ওঁ যৎপুরুষেণ হবিষা দেবা যজ্ঞমতন্বত। বসন্তোঽস্যাসী-দাজ্যং গ্রীষ্ম ইধ্মঃ শরদ্ধবিঃ। ওঁ সপ্তাস্যাসন্ পরিধয়স্ত্রিঃসপ্ত সমিধঃ কৃতাঃ। দেবা যদ্ যজ্ঞং তন্বানা অবধ্নন্ পুরুষং পশুম্। ওঁ যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবাস্তানি ধর্ম্মাণি প্রথমান্যাসন্। তেহ নাকং মহিমানঃ সচন্ত যত্র পূর্ব্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ। এই মন্ত্রে শঙ্খস্থ জলে ঘণ্টাবাদ্য পূর্ব্বক স্নান করাইয়া নির্ম্মাল্যদূরীকরণান্তে ক্রোড়ীকৃতভাবে উপরে ও অধোভাগে তুলসী দিয়া রাখিবে।

বাণলিঙ্গস্নান—এতৎ স্নানীয়ং ওঁ বাণেশ্বরায় নমঃ। কেহ কেহ নিম্ন-লিখিত মন্ত্রেও স্নান করাইয়া থাকেন। ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টি-বর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্ম্মুক্ষীয়মামৃতাৎ। গায়ত্রী পাঠ ও অগ্নি-মীলে ইত্যাদি বেদচতুষ্টয় পাঠ করিয়া সকল দেবদেবীর স্নান করাইবে। নিত্যপূজার দৃষ্টান্তরূপে গণেশপূজা লিখিত হইল।

## গণেশপূজা।

ধ্যান—ওঁ খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলম্।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূরশোভাকরম্॥
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্॥

ধ্যানান্তে কূর্ম্মমুদ্রায় ধৃত হস্তস্থ পুষ্প মস্তকে দিয়া মানস উপচারে পূজা করিবে। পরে পুনর্ধ্যানান্তে হস্তস্থ পুষ্প প্রতিমার উপর দিবে।

দশোপচারে পূজা, যথা—এতৎ পাদ্যং ওঁ গাং গণেশায় নমঃ, জল দিবে। ইদমর্ঘ্যং (পুষ্প, চন্দন, দূর্ব্বা, বিল্বপত্র, আতপতণ্ডুল, জল) ওঁ গাং গণেশায় নমঃ এই মন্ত্রে অন্যান্য উপচারও দিবে। যজুর্ব্বেদী ব্রাহ্মণ এষোঽর্ঘ্যঃ বলিবেন। এতদাচমনীয়োদকং......(জল) এতৎ স্নানীয়োদকং (এক কুশি জল), এষ গন্ধঃ (শঙ্খের উপর চন্দন রাখিয়া কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ অঙ্গুলি দ্বারা দিবে) এতৎ পুষ্পং (যে ভাবে ফুটিয়াছে, সেই ভাবে দিবে, রক্তপুষ্প প্রশস্ত) অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ দ্বারা দিবে। এতদ্‌বিল্বপত্রম্ (তুলসীপত্র গণেশকে দিতে

নাই ) এষ ধূপঃ ( ধূপ না থাকিলে ) জল দিবে ( দেবতার বামে বা সম্মুখে, কিন্তু আসনে, ভূমিতে ও ঘটে নহে, দেবতার নাসিকা পর্য্যন্ত ধূপ ) অঙ্গুষ্ঠ ও অনামার মধ্যপর্ব্বে অঙ্গুষ্ঠ দ্বারা ধরিয়া এষ ধূপ বলিবে। দেবতার দক্ষিণে বা সম্মুখে দেবতার চক্ষু পর্য্যন্ত দীপ )। এষ দীপ বলিয়া দিবে। নৈবেদ্যদান-বিধি—দেবতার দক্ষিণে ত্রিকোণমণ্ডলীর উপরি রাখিয়া ফট্ মন্ত্রে প্রোক্ষণ করিয়া অর্চ্চনা করিবে, যথা—ওঁ এতস্মৈ সম্বতোপকরণামান্ননৈবেদ্যায় নমঃ (ফল মূল নৈবেদ্য হইলে ফলাদ্যুপকরণনৈবেদ্যায় নমঃ, মিষ্টান্ন হইলে মিষ্টদ্রব্য-নৈবেদ্যায় নমঃ, চিনি হইলে শর্করনৈবেদ্যায় নমঃ, দুগ্ধ হইলে দুগ্ধনৈবেদ্যায় নমঃ, ছানা হইলে আমিক্ষানৈবেদ্যায় নমঃ) বলিয়া তিনবার চিৎহাতে জলের ছিটা দিবে, এতে গন্ধপুষ্পে ওঁ অমুকনৈবেদ্যায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ, এতৎসম্প্রদানায় অমুকদেবতায়ৈ নমঃ। 'হুং' মন্ত্রে বামহস্তের তর্জ্জনী নৈবেদ্যের উপর ঘুরাইয়া আনিবে, 'বং' মন্ত্রে ধেনুমুদ্রা দেখাইবে। তদুপরি চক্রমুদ্রা দেখাইয়া মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন করিয়া মূলমন্ত্র ( ওঁ গাং গণেশায় নমঃ ) এই মন্ত্র দশবার জপ করিয়া এতৎ অমুক-নৈবেদ্যং ওঁ গাং গণেশায় নমঃ। এতদাচমনীয়োদকং......ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা বলিয়া এক গণ্ডুষ জল দিবে, পঞ্চগ্রাস মুদ্রা দেখাইবে, ওঁ প্রাণায় স্বাহা, ( তর্জ্জনী ও মধ্যমার অগ্রভাগ অঙ্গুষ্ঠের যোগে ), ওঁ অপানায় স্বাহা, (মধ্যমা ও অনামার অগ্রভাগ অঙ্গুষ্ঠের যোগে) ওঁ ব্যানায় স্বাহা ( অনামা ও কনিষ্ঠার অগ্রভাগ অঙ্গুষ্ঠের যোগে ), ওঁ উদানায় স্বাহা, ( কনিষ্ঠা, অনামা ও মধ্যমার অগ্রভাগ অঙ্গুষ্ঠের যোগে), ওঁ সমানায় স্বাহা (সমস্ত অঙ্গুলির অগ্রভাগ অঙ্গুষ্ঠের যোগে ) উভয় হস্তে কৃতাঞ্জলি হইয়া ওঁ নিবেদয়ামি ভবতে। পরে উভয় হস্তের অনামা অঙ্গুষ্ঠযোগে মুদ্রা দেখাইবে। এতৎ পুনরাচমনীয়ং, এতত্তাম্বূলং, এতৎ পুষ্পমাল্যং এইরূপে অন্যান্য দ্রব্যও দেওয়া যায়। পরে ১০৮ বা ২৮ বার মূলমন্ত্র জপ করিয়া জপ সমর্পণ করিবে। যথা—ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং (স্ত্রীদেবতার স্থলে গোপ্ত্রী বলিবে) গৃহাণাস্মৎকৃতং জপম্, সিদ্ধির্ভবতু মে দেব [ স্ত্রীদেবতায় দেবি ] ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর [ স্ত্রীদেবতায় সুরেশ্বরি ]। নারায়ণে—জনার্দ্দন, মহাদেবে—মহেশ্বর, দুর্গায়—মহেশ্বরি বলিবে। পরে স্তবপাঠান্তে প্রণাম করিবে।

প্রার্থনা-মন্ত্র—ওঁ দেবেন্দ্রমৌলিমন্দারমকরন্দকণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্বচরণাম্বুজরেণবঃ॥

প্রণাম-মন্ত্র—ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদরগজাননম্।
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্॥

## সূর্য্যপূজা।

ধ্যান—ওঁ রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ-
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

পূর্ব্বোক্ত প্রকারে মানসপূজা, পুনর্ধ্যানান্তে দশোপচার দান, গণেশপূজা-প্রণালীতে করিবে। সূর্য্যমন্ত্র—হ্রীং শ্রীসূর্য্যায় নমঃ বা ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। সূর্য্যকে তগরফুল দিবে না, শঙ্খপাত্র ব্যবহার করিবে না। রক্তপুষ্প ও রক্ত-চন্দন দিবে। সূর্য্যকে বিল্বপত্রের দ্বারা পূজা করিবে না। প্রমাণং যথা—

নাক্ষতৈরর্চ্চয়েদ্বিষ্ণুং ন তুলস্যা বিনায়কম্।
ন দূর্ব্বয়া যজেদ্দুর্গাং বিল্বপত্রৈর্দিবাকরম্॥

একসঙ্গে দুইটি গণেশমূর্ত্তি, দুইটি সূর্য্যমূর্ত্তি, ২টি শিবলিঙ্গ, ২টি শক্তি পূজা একোপক্রমে করিবে না, পৃথক্ পৃথক্ ভাবে করিবে। ৩টি হইতে শত শিব-লিঙ্গকে ও নারায়ণকে এক উপক্রমে পূজা করিতে পারা যায়। প্রমাণং যথা—

লিঙ্গদ্বয়ং তথা নার্চ্চ্যং গণেশদ্বয়মেব চ। শক্তিদ্বয়ং তথা সূর্য্যদ্বয়মেকত্র নার্চ্চয়েৎ। দ্বে চক্রে দ্বারকায়াস্তু শালগ্রামশিলাদ্বয়ম্। এতেষামর্চ্চনান্নিত্য-মুদ্বেগং প্রাপ্নুয়াদ্গৃহী॥

সূর্য্যের নমস্কার—ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

## শিবপূজা।

ধ্যান—ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥

এতৎ পাদ্যং ওঁ নমঃ শিবায় নমঃ। ওঁ নমঃ শিবায় এই ষড়ক্ষরমন্ত্রই শিবের পরম প্রীতিপদ। এই মন্ত্রেই শিবপূজা করিতে হয়। স্ত্রী-শূদ্রে নমঃ শিবায় নমঃ বলিয়া পূজা করিবে। জলে শিবপূজা বা অন্য দেবতার পূজা করিতে হইবে কেবল পুষ্পের দ্বারা বা জলের দ্বারাই করিবে।

তথা হি—গন্ধং পুষ্পং তথা ধূপং দীপং নৈবেদ্যপঞ্চমম্।

প্রতিমাদিষু পূজায়ামবশ্যং কল্পয়েদ্‌বুধঃ।

জলে তু পুষ্পমাত্রেণ জলৈর্ব্বা প্রতিপূজয়েৎ॥

সর্ব্বত্র উপচারদানের প্রতিনিধির স্বরূপ জল দিলেও এতৎ পাদ্যং, ইদমর্ঘ্যং, এষ গন্ধ ইত্যাদি বলিবে, কারণ, প্রতিনিধিস্থলে মন্ত্রের উহ হয় না। বেদী-বিহীন শিবলিঙ্গপূজায় অষ্টমূর্ত্তি পূজা করিতে হয় না। বেদী থাকিলে করিতে হইবে। পূর্ব্বাদিক্রমে বামাবর্ত্তে বেদীর পূর্ব্বদিকে—এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ, ঈশানে এতে গন্ধপুষ্পে ওঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ, উত্তরে—এতে গন্ধপুষ্পে ওঁ রুদ্রায়াগ্নিমূর্ত্তয়ে নমঃ, যোনিপীঠ লঙ্ঘন না করিয়া বায়ু-কোণে—এতে গন্ধপুষ্পে ওঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ, পশ্চিমে—এতে গন্ধপুষ্পে ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ, নৈঋর্তে—এতে গন্ধপুষ্পে ওঁ পশুপতয়ে যজমান-মূর্ত্তয়ে নমঃ, দক্ষিণে—এতে গন্ধপুষ্পে ওঁ মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ, অগ্নিকোণে—এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ, বেদীমধ্যে—এতে গন্ধপুষ্পে ওঁ গৌর্য্যৈ নমঃ। পরে মূলমন্ত্র ২৮ বার জপ করিয়া পূর্ব্বোক্ত গুহ্যাতি ইত্যাদি মন্ত্রে জপ সমর্পণ করিয়া প্রণাম করিবে। যথা—

ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।

নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর॥

স্তবপাঠ করিতে হয়। যথা—

ওঁ নমস্তুভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে।

নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ॥

নমস্ত্রিশূলহস্তায় দণ্ডপাশাসিপাণয়ে।

নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ॥

ওঁ নমস্তে ত্বাং মহাদেব লোকানাং গুরুমীশ্বরম্।

পুংসামপূর্ণকামানাং কামপূরামরাঙ্ঘিপম্॥

ওঁ তব তত্ত্বং ন জানামি কীদৃশোঽসি মহেশ্বর।

যাদৃশস্ত্বং মহাদেব তাদৃশায় নমো নমঃ॥

পরে শক্তি অনুসারে কবচপাঠান্তে 'বম্ বম্' শব্দে গালবাদ্য করিয়া এতন্নির্ম্মাল্যপুষ্পং ওঁ চণ্ডেশ্বরায় নমঃ এই মন্ত্রে ঈশানকোণে ত্রিকোণ-মণ্ডলোপরি কিঞ্চিৎ নৈবেদ্য ও পুষ্প দিবে। শিবপূজায় ধুতূরা ও আকন্দ-পুষ্প প্রশস্ত, বিল্বপত্র বৃন্তচ্ছেদ করিয়া দিবে, দূর্ব্বা গর্ভশূন্য করিয়া দিবে। উত্তরমুখে বসিয়া পূজা করিবে। ত্রিপুণ্ড্র করিয়া রুদ্রাক্ষমালা লইয়া পূজা প্রশস্ত। মালতী, বকুল, জাতি, যুঁই, কুন্দ, শেফালিকা, জবা ও কাঠটগর পুষ্পে শিবপূজা হয় না। কিন্তু পার্থিব শিবপূজায় কোনও নিষেধ নাই। বিল্বপত্র জলে চুবাইয়া অধোমুখে দিবে, শঙ্খপাত্র ব্যবহার করিবে না। শিবের গৃহে করতালবাদ্য নিষিদ্ধ। শিবলিঙ্গের উপরে যাহা দেওয়া যায়, তাহাই নির্ম্মাল্য, শিবনির্ম্মাল্য অগ্রাহ্য। বাণলিঙ্গে কোনও নির্ম্মাল্য দোষ হয় না। কিন্তু শালগ্রামশিলার উপর শিবপূজা হইলে অগ্রাহ্য নহে। শিবের চরণামৃত পান করিতে নাই।

## বাণলিঙ্গপূজা।

বাণলিঙ্গে আবাহন ও বিসর্জ্জন নাই, ইহাতে সকল দেবতারই পূজা হয়।

ধ্যান—ওঁ প্রমত্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভম্।
কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমম্।
শৃঙ্গারাদিরসোল্লাসং বাণাখ্যং পরমেশ্বরম্॥

শিবপূজা-প্রণালীতে করিবে। মূলমন্ত্র—'ওঁ ঐঁ বাণেশ্বরায় শিবায় নমঃ' কেহ কেহ হৌং বাণেশ্বরায় নমঃ মন্ত্রে পূজা করেন, কিন্তু তাহা সঙ্গত নহে, যেহেতু, প্রাণতোষিণীতন্ত্রে বাগভববীজ (ঐঁ) উল্লিখিত আছে। বেদীহীন বাণলিঙ্গপূজায় অষ্টমূর্ত্তির পূজা নাই। বাণলিঙ্গের স্তব ও কবচ স্বতন্ত্র।

## বাণলিঙ্গ-স্তব।

ওঁ বাণেশ্বরায় নরকার্ণবতারণায়, জ্ঞানপ্রদায় করুণাময়সাগরায়।
কর্পূরকুন্দধবলেন্দুজটাধরায়, দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায়॥

## শালগ্রামশিলায় নারায়ণপূজা।

পূর্ব্বোক্ত প্রণালীতে সামান্যার্ঘ্যাদি মাতৃকান্যাসান্ত (অক্ষম হইলে ন্যাস প্রভৃতি করিতে হয় না) কর্ম্ম করিয়া গন্ধপুষ্পাদির অর্চ্চনা, গণেশাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদিলোকপাল, গুরু, সর্ব্বদেব, সর্ব্বদেবীর পূর্ব্বোক্ত নিয়মে পূজান্তে 'ওঁ' মন্ত্রে প্রাণায়াম করিবে—পূরক—৪, কুম্ভক—১৬, রেচক—৮ (নিয়ম পূর্ব্বে নিত্যপূজার সাধারণ নিয়মে লিখিত আছে); করাঙ্গন্যাস—'ওঁ আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ' এই বলিয়া (উভয় অঙ্গুষ্ঠ স্পর্শ), 'ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা' (উভয় তর্জ্জনী স্পর্শ), 'উং মধ্যমাভ্যাং বষট্' (উভয় মধ্যমা স্পর্শ), 'ঐং অনামিকাভ্যাং হুং' (উভয় অনামা স্পর্শ), 'ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্' (উভয় কনিষ্ঠা স্পর্শ), 'অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্' (উভয় করতল ও তৎপৃষ্ঠে আঘাত)। অঙ্গন্যাস—আং হৃদয়ায় নমঃ (হৃদয়স্পর্শ), ঈং শিরসে স্বাহা (শিরঃস্পর্শ), উং শিখায়ৈ বষট্ (শিখাস্পর্শ), ঐং কবচায় হুং (বাহুদ্বয় স্পর্শ), ঔং নেত্রত্রয়ায় বৌষট্ (নেত্র স্পর্শ), অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ (করতলপৃষ্ঠে আঘাত)। ব্যাপকন্যাস—ওঁ কিরীট-কেয়ূর-হার-মকর-কুণ্ডল-শঙ্খচক্রগদাম্ভোজহস্ত পীতাম্বরধর শ্রীবৎসাঙ্কিতবক্ষঃস্থল শ্রীভূমিসহিত স্বাত্মজ্যোতির্ম্ময় দীপ্তকরায় সহস্রাদিত্যতেজসে নমঃ। এই মন্ত্রে কেশ হইতে পাদ পর্য্যন্ত, পুনঃ পাদ হইতে কেশ পর্য্যন্ত স্পর্শ, এইরূপ ৫ বার অথবা ৭ বার করিবে।

ধ্যান—ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী
নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী
হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥

ধ্যানান্তে ঐ পুষ্প মস্তকে দিয়া হৃৎপদ্মমধ্যে ঐ মূর্ত্তি চিন্তা করিয়া (সমর্থ হইলে পূর্ব্বোক্ত প্রণালীতে বিশেষার্ঘ্যস্থাপন পূর্ব্বক) পুনর্ধ্যান করিয়া নারায়ণের উপর ঐ পুষ্প দিবে।

দশোপচারে পূজা—এতৎপাদ্যং ওঁ নমো নারায়ণায় নমঃ। ইদমর্ঘ্যং ওঁ নমো নারায়ণায় নমঃ। (যজুর্ব্বেদী এষোঽর্ঘঃ বলিবেন) এতদাচমনীয়োদকং ওঁ নমো নারায়ণায় নমঃ। এতৎ স্নানীয়োদকং (গঙ্গাজল হইলে সর্ব্বত্রই গঙ্গোদকং বলিবে) ওঁ নমো নারায়ণায় নমঃ। এষ গন্ধঃ ওঁ নমো নারায়ণায়

নমঃ। এতৎ পুষ্পং ওঁ নমো নারায়ণায় নমঃ [নারায়ণকে রক্তপুষ্প, রক্তচন্দন, বিল্বপত্র, ধুস্তূর, আকন্দ, শুষ্ক পত্র পুষ্প ফল, উগ্রগন্ধি, নির্গন্ধ, কৃষ্ণবর্ণ, অন্যান্য নিষিদ্ধ পুষ্প (পুষ্পচয়ন বিধিতে লিখিত আছে) দিতে নাই। কিন্তু করবীর ও পদ্ম রক্ত হইলেও নিষিদ্ধ নহে]। পুষ্পের অভাবে তণ্ডুলের দ্বারা বিষ্ণুপূজা করিবে না, দূর্ব্বা বা জল দ্বারা করিবে। এতৎ সচন্দনতুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা ওঁ নমো নারায়ণায় নমঃ (যে ভাবে উৎপন্ন হইয়াছে, সেই ভাবেই পুষ্প ও তুলসী প্রদান করিবে, উবুড় করিয়া দিবে না)। এষ ধূপঃ ওঁ নমো নারায়ণায় নমঃ। (ধূপ না থাকিলে জল দিবে; কিন্তু ধূপার্থোদকং বলিবে না)। এষ দীপঃ ওঁ নমো নারায়ণায় নমঃ (গব্য ঘৃত বা অন্য বিশুদ্ধ ঘৃত অথবা তিলতৈলে দীপ করিবে, সর্ষপতৈলের দীপ, অভাবে পঞ্চপ্রদীপে চলে, অন্যত্র চলে না)। অন্যান্য নিয়ম ধূপবৎ। এতন্নৈবেদ্যং ওঁ নমো নারায়ণায় নমঃ, আচমনীয়োদকং ওঁ নমো নারায়ণায় নমঃ, অমৃতোপস্তরণমসি স্বাহা মন্ত্রে জল দিবে। ওঁ প্রাণায় স্বাহা ওঁ অপানায় স্বাহা ইত্যাদি মন্ত্রে পঞ্চগ্রাসমুদ্রা দেখাইবে। এতৎ পানার্থোদকং ওঁ নমো নারায়ণায় নমঃ, এতৎ পুনরাচমনীয়োদকং ওঁ নমো নারায়ণায় নমঃ, এতৎ তাম্বূলং ওঁ নমো নারায়ণায় নমঃ। পরে আবরণদেবতাপূজা যথা—এতে গন্ধপুষ্পে ওঁ শঙ্খায় নমঃ, এবং ওঁ চক্রায় নমঃ, ওঁ গদায়ৈ নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ বনমালায়ৈ নমঃ, ওঁ নন্দকায় নমঃ, ওঁ গরুড়ায় নমঃ, ওঁ শ্রীবৎসায় নমঃ, ওঁ কৌস্তুভায় নমঃ, ওঁ নারদাদিপার্ষদেভ্যো নমঃ, ওঁ মৎস্যাদিদশাবতারেভ্যো নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ লক্ষ্মীদেব্যৈ নমঃ। পরে ২৮ বার ওঁ নমো নারায়ণায় নমঃ এই মন্ত্র জপ করিবে (সমর্থ হইলে জপের আদ্যন্তে প্রাণায়াম, করন্যাস ও অঙ্গন্যাস করিবে) পরে গুহ্যাতীত্যাদি মন্ত্রে জপ সমর্পণ করিয়া স্তব পাঠ করিবে।

নিত্যস্তব।

ওঁ ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যম্।
ভৃত্যার্ত্তিহং প্রণতপাল ভবাব্ধিপোতং
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্॥
ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যম্।

মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্-
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্ ॥
ওঁ ত্রৈলোক্যপূজিতঃ শ্রীমান্ সদা বিজয়বর্দ্ধনঃ।
শান্তিং কুরু গদাপাণে নারায়ণ নমোঽস্তু তে॥
ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥
ওঁ পাপোঽহং পাপকর্ম্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপহরো ভব॥

এই বলিয়া প্রণাম করিবে।

ঈশানকোণে একটি ত্রিকোণমণ্ডল করিয়া একটি নির্ম্মাল্যপুষ্প তাহাতে দিয়া বলিবে—এতৎ নির্ম্মাল্যপুষ্পং ওঁ বিষ্বক্‌সেনায় নমঃ॥

## লক্ষ্মীপূজা—নিত্যপূজা।

বিষ্ণুপূজাবৎ সমস্তই করিবে, কেবল ধ্যান, প্রণাম ও মন্ত্রে বিশেষ—

ধ্যান—ওঁ পাশাক্ষমালিকাম্ভোজশৃণিভির্যাম্যসৌম্যয়োঃ
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরম্॥
গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাম্।
রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু॥

পূজামন্ত্র—শ্রীঁ লক্ষ্মীদেব্যৈ নমঃ বা ওঁ লক্ষ্মীদেব্যৈ নমঃ।

প্রণামমন্ত্র—ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং নিত্যং মহালক্ষ্মি নমোঽস্তু তে॥

## পার্থিব-শিবপূজা-প্রকরণ।

বিনা ভস্মত্রিপুণ্ড্রেণ বিনা রুদ্রাক্ষমালয়া।
পূজিতোঽপি মহাদেবো ন স্যাত্তস্য ফলপ্রদঃ।
তস্মান্মৃদাঽপি কর্ত্তব্যং ললাটেঽপি ত্রিপুণ্ড্রকম্॥ ১॥

---

গোময়ভস্মের দ্বারা ললাটে ও বাহুদ্বয়ে ত্রিপুণ্ড্র করিয়া ও রুদ্রাক্ষমালা ধারণপূর্ব্বক পার্থিব শিবপূজা করিতে হয়, অন্যথা মহাদেবকে পূজা করিলেও কোন ফল হয় না, এই কারণে গোময়-ভস্মের অভাবে গঙ্গামৃত্তিকা দ্বারাও কেবল ললাটেও ত্রিপুণ্ড্র করিবে। ১

আয়ুষ্মান্ বলবান্ শ্রীমান্ পুত্রবান্ ধনবান্ সুখী।
বরমিষ্টং লভেল্লিঙ্গং পার্থিবং যঃ সমর্চ্চয়েৎ।
তস্মাত্তু পার্থিবং লিঙ্গং জ্ঞেয়ং সর্ব্বার্থসাধকম্॥ ১॥
অক্ষাদল্পপরীমাণং ন লিঙ্গং কুত্রচিন্নরঃ।
কুর্ব্বীতাঙ্গুষ্ঠতো হ্রস্বং ন কদাচিৎ সমাচরেৎ॥

অক্ষঃ অশীতি রক্তিকা। অঙ্গুষ্ঠতঃ তদ্বৃহৎপর্ব্বগ্রন্থিতঃ ইত্যর্থঃ। পঞ্চবক্ত্র-রুদ্রাক্ষং 'হূং' নমঃ ইতি প্রত্যেকমষ্টোত্তরশতং জপ্ত্বা শিবাম্ভসা প্রক্ষাল্য ধারণীয়মিতি স্মার্ত্তঃ॥ ২॥

তথা হি—বিনা মন্ত্রেণ যো ধত্তে রুদ্রাক্ষং ভুবি মানবঃ।
স যাতি নরকং ঘোরং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ॥

শিবলিঙ্গ-মৃত্তিকা-নিয়ম।

মৃত্তিকা-তোলকং গ্রাহ্যমথবা তোলকদ্বয়ম্।
তীর্থমৃৎস্নাং সমাহৃত্য নির্ম্মায় লিঙ্গমদ্ভুতম্।
তীর্থাভাবে মহেশানি ক্ষুদ্রস্থ মৃত্তিকাং প্রিয়ে।
পর্ব্বতপ্রভবা দেবি নদীনাম্নেত্যুদাহৃতম্।
এতদ্ভিন্না মহেশানি নদী ক্ষুদ্রা ইতি প্রিয়ে।
নির্ঝরস্থ চ দেবেশি নদী সম্পৎপ্রদায়িনী।
সর্ব্বাভাবে মহেশানি গোষ্পদস্থাঞ্চ মৃত্তিকাম্।

যে ব্যক্তি পার্থিব শিবপূজা করে, সে দীর্ঘজীবী, বলবান্, শ্রীমান্, পুত্রবান্, ধনী ও সুখী হয়। অধিক কি, সমস্ত অভীষ্ট বর লাভ করা যায়। এই কারণে পার্থিব শিবলিঙ্গ সর্ব্বাভীষ্টসাধক বলিয়া জানিবে॥ ১॥

১ তোলার ন্যূন মৃত্তিকা দ্বারা বৃদ্ধাঙ্গুষ্ঠের বৃহৎ পর্ব্বগ্রন্থি অপেক্ষা ক্ষুদ্র শিব-লিঙ্গ নির্ম্মাণ করিবে না। পঞ্চমুখ-রুদ্রাক্ষ 'হূং নমঃ' এই মন্ত্রে প্রত্যেকটিতে ১০৮ বার জপ করিয়া শিব-নির্ম্মাল্যজলে অথবা গঙ্গাজলে শোধনপূর্ব্বক ধারণ করিবে॥ ২॥

মৃত্তিকা-নিয়ম—পবিত্র, কেশকীটশর্করা-(কাঁকর) রহিত তীর্থ-মৃত্তিকা দ্বারা শিবলিঙ্গ নির্ম্মাণ প্রশস্ত, অভাবে নদী-মৃত্তিকা, (পর্ব্বতপ্রভবা নদী), অভাবে সাধারণ নদী মৃত্তিকা, তদভাবে নির্ঝরিণীর (ঝরণা) মৃত্তিকা,

অথবা পরমেশানি যত্র চিত্তং প্রসীদতি।
সুপীনং সুন্দরং রম্যং শর্করারহিতং সদা।
নির্ম্মায় পার্থিবং লিঙ্গং কুণ্ডলীসহিতং প্রিয়ে ॥ ১ ॥

শিবের পঞ্চমুখ।

তৎ সর্ব্বং শৃণু চার্ব্বঙ্গি পার্থিবস্য মুখং প্রিয়ে।
বিভাব্য মুখপদ্মং হি শিবস্য বরবর্ণিনি ॥
সদ্যোজাতং বামদেবমঘোরঞ্চ ততঃ পরম্।
তৎপুরুষং তথেশানং পঞ্চবক্ত্রং প্রকীর্ত্তিতম্ ॥ ২ ॥

শিবপূজায় সর্ব্ববর্ণের অধিকার।

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বাপ্যনুলোমজঃ।
পূজয়েৎ সততং লিঙ্গং তন্মন্ত্রেণৈব সাদরম্ ॥

বিন্দুস্থাপন-প্রমাণ।

লিঙ্গমধ্যে মহত্তেজো বহ্নিরূপঞ্চ সুন্দরি।
যৎকিঞ্চিদ্‌বায়ুযোগেন ব্রহ্মাণ্ডং দহ্যতে যতঃ ॥
অতঃ সা কুণ্ডলী দেবী মুখেনাচ্ছাদ্য সংস্থিতা।
তেনৈব পার্থিবে লিঙ্গে বিন্দুশক্তিং নিযোজয়েৎ।
বিন্দুশক্তিং সমুত্থাপ্য লিঙ্গপূজা প্রকীর্ত্তিতা ॥
অন্যচ্চ—লিঙ্গচ্ছিদ্রে মহেশানি মহাবহ্নিঃ প্রজায়তে।
অতএব বরারোহে বজ্রং দদ্যাচ্ছিরোপরি ॥

---

কিংবা যাহাতে চিত্তের কোনরূপ বিকার না জন্মে, এরূপ মৃত্তিকা দ্বারা বেশ স্থূল, সুন্দর, মনোহর লিঙ্গ, বেদী ও পীঠাসন সহিত নির্ম্মাণ করিবে ॥ ১ ॥

শিবের পঞ্চমুখ।—সদ্যোজাত, বামদেব, অঘোর, তৎপুরুষ ও ঈশান। চতুর্দ্দিকে চারি মুখ ও ঊর্দ্ধে এক মুখ ॥ ২ ॥

বিন্দুস্থাপন-প্রমাণ।—লিঙ্গমধ্যস্থ দ্বার হইতে বহ্নিরূপ মহাতেজ নির্গত হইয়া বায়ু দ্বারা চালিত হইলে ব্রহ্মাণ্ড দগ্ধ হয়, এই কারণে দেবী কুণ্ডলী (বিন্দু বা বজ্র) আকারে মুখের দ্বারা আচ্ছাদন করিয়া আছেন। সেই জন্য পার্থিবলিঙ্গে বিন্দুশক্তি নিয়োগ করিতে হয়। বিন্দুশক্তি উত্তোলন করিয়া পূজা করিতে হয়। গঠন, স্থাপন ও স্নান সবজ্র অবস্থায় করিবে, পরে বজ্রটি

সবজ্রং গঠয়েদ্দেবি সবজ্রং স্থাপনং চরেৎ।
সবজ্রং স্থাপয়িত্বা চ ততো বজ্রং পরিত্যজেৎ ॥

বিন্দুস্থাপনস্থান।

ন বায়ৌ প্রক্ষিপেদ্বিন্দুং ন বহ্নৌ প্রক্ষিপেত্ততঃ
ন পৃথিব্যাং ক্ষিপেদ্বিন্দুং পুষ্পযন্ত্রে বিনিক্ষিপেৎ ॥ ১
পুষ্পযন্ত্রং দেব্যা যোনিপীঠঃ ॥

দিঙ্‌নিয়ম।

ন প্রাচীমগ্রতঃ শম্ভোর্নোদীচীং শক্তিসংস্থিতাম্।
ন প্রতীচীং যতঃ পৃষ্ঠমতো দক্ষং সমাশ্রয়েৎ ॥
রাত্রাবুদঙ্মুখঃ কুর্য্যাদ্দেবকার্য্যং সদৈব হি।
শিবার্চ্চনং সদাঽপ্যেবং শুচিঃ কুর্য্যাদুদঙ্মুখঃ ॥ ২ ॥

পূজাধার-নিয়ম।

স্বর্ণপাত্রে তথা রৌপ্যে তাম্রে চ প্রস্তরে তথা।
পদ্মপত্রে পলাশে চ তথা বা কদলীদলে ॥
পূজনং মৃন্ময়ং লিঙ্গং কাশীক্ষেত্রসমং প্রিয়ে।
তাম্রপাত্রে তথা কাংস্যে ন দদ্যাত্তু কদাচন ॥

---

যোনির পীঠে (বেদীতে), ঈশানকোণে রাখিবে। মাটী, বায়ু ও অগ্নিতে বিন্দু নিক্ষেপ করিতে নাই ॥ ১ ॥

দিঙ্‌নিয়ম।—পঞ্চবক্ত্র মহাদেবের প্রধান মুখ পূর্ব্বদিক্ অভিমুখে বর্ত্তমান, সুতরাং জগৎসংহারকারী দেবের সম্মুখে বসিয়া পূজা করিবে না অর্থাৎ পূর্ব্বমুখে শিবপূজা নিষিদ্ধ। উত্তরমুখে পূজা করিবে না, যেহেতু, শক্তি (উত্তর) বামভাগে আছেন, পশ্চিমমুখ হইলে শিবের পশ্চাদ্‌ভাগ হয়, অতএব শিবলিঙ্গের দক্ষিণভাগে শিবলিঙ্গ ও উত্তরমুখে উত্তরদিকে যোনি-পীঠের অগ্র রাখিয়া পূজা করিবে। অন্যান্য পূজায় রাত্রিকালে উত্তরমুখ হইয়া করিতে হয়। শিবপূজায় সর্ব্বদাই উত্তরমুখ হইতে হয় ॥ ২ ॥

পূজাধার।—স্বর্ণ, রজত, তাম্র ও প্রস্তরপাত্র, পদ্ম, পলাশ ও কদলীপত্রে এবং কাংস্যপাত্রে শিবপূজা কাশীক্ষেত্রে পূজার তুল্য হয়। কাষ্ঠপাত্র কিংবা পিত্তল বা অন্য অমিশ্রিত ধাতুপাত্রে পূজা সাধারণ ফলপ্রদ; কিন্তু এতদ্‌ভি

তাম্রপাত্রে স্থিতে লিঙ্গে ন দদ্যাৎ কেবলং মধু।
তথৈব কাংস্যপাত্রে চ নারিকেলোদকং প্রিয়ে॥
ন দদ্যাৎ পরমেশানি কেবলন্তু কদাচন।
আমান্নসহিতং কৃত্বা শিবায় লিঙ্গরূপিণে।
যো দদ্যাৎ প্রযতো নিত্যং স শিবো নাঽত্র সংশয়ঃ॥ ১॥

ফলদান-নিয়মং।

একমাম্রফলং পক্বং যঃ শম্ভোর্বিনিবেদয়েৎ।
বর্ষাণামযুতং ভোগৈঃ ক্রীড়তে স শিবে পুরে॥
একং মোচাফলং পক্বং যঃ শিবায় নিবেদয়েৎ।
বর্ষলক্ষং তথা ভোগৈঃ শিবলোকে মহীয়তে॥
পনসং কোষমুদ্ধৃত্য রম্ভাং দদ্যাত্ত্বচং বিনা॥
কলৌ কণ্ঠে গরলচিন্তনস্য নীলকণ্ঠস্তবপাঠস্য চ নিষেধঃ॥ ২॥

বিসর্জ্জনানন্তর স্থাপনস্থান।

ঐশান্যাং হস্তমাত্রন্তু খাতং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
তত্র সংস্থাপয়েল্লিঙ্গং ধনবৃদ্ধিকরং পরম্॥
বিল্বমূলে চতুর্ব্বর্গং ফলমাপ্নোতি নিশ্চিতম্।
ধুস্তূরে মম সাযুজ্যং জলে নির্ব্বাণতামিয়াৎ॥

---

মৃৎপাত্র বা কলাইকরা পাত্রাদিতে পূজা নিষিদ্ধ। তাম্রপাত্রে কিংবা কাংস্যপাত্রে শিবপূজা করিলে তাহাতে মধু বা নারিকেলোদক আমান্নের সহিত দিলে দোষ হয় না। অন্যথা মদ্যতুল্য হয়। এইরূপ শর্করা, দুগ্ধ, দধি তাম্রপাত্রে আমান্নের সহিত দিবে। ইহাতে মহাদেব বিশেষ প্রীতিলাভ করেন॥ ১॥

ফলদান-নিয়ম।—পক্ক আম্রফল ১টি বা ঘৃতাক্ত বিল্বফল, পক্ক কদলীফল ১টি মহাদেবকে দান করিলে অনন্তকাল শিবলোকে বাস হয়। অন্যান্য ফলও বল্কলযুক্ত অবস্থায় দেওয়া যায়। কিন্তু পনস (কাঁঠাল) কোষমুক্ত করিয়া ও কদলীফল (কাঁটালি কলা) ত্বক্‌মুক্ত করিয়া (খোসা ফেলিয়া) দিবে। কলিকালে নীলকণ্ঠ-স্তব পাঠ ও মহাদেবের কণ্ঠে গরল চিন্তা করিতে নাই॥২॥

বিসর্জ্জনের অনন্তর নিক্ষেপস্থান।—ঈশানকোণে ১ হস্ত খাত করিয়া তাহাতে নির্ম্মাল্য অপাকরণপূর্ব্বক স্থাপন করিলে ধনবৃদ্ধি হয়। বিল্বমূলে

জলে গঙ্গাজলে ইত্যর্থঃ।

তথা চ— ন জলে স্থাপয়েৎ শম্ভুং ভাগীরথীজলং বিনা।
ন জলে পূজয়েচ্ছম্ভুং ভাগীরথীজলং বিনা॥ ১॥

প্রদক্ষিণ-নিয়ম।

লিঙ্গবেদী ভবেদ্দেবী লিঙ্গং সাক্ষান্মহেশ্বরঃ।
তয়োঃ সম্পূজনাৎ স্যাতাং দেবী দেবশ্চ পূজিতৌ॥
সব্যং ব্রজেত্ততোঽসব্যং প্রণালং নৈব লঙ্ঘয়েৎ।
একীভূতমনা রুদ্রে যঃ কুর্য্যাত্রিঃ প্রদক্ষিণম্।
ছিন্নস্তেন ভবগ্রন্থির্ন তস্য পুনরুদ্ভবঃ॥ ২॥

প্রণাম—পঞ্চাঙ্গ—জানুভ্যাং চৈব পাণিভ্যাং শিরসা চ বিচক্ষণঃ।
কৃত্বা প্রণামং দেবেশে সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ॥ ৩॥

শিবপূজায় নিষিদ্ধ-পুষ্প।

শিবে কুন্দং মদন্তীঞ্চ যূথীং বন্ধূককেতকে।
রক্তাং জবাং ত্রিসন্ধ্যে দ্বে মালতীং কেতকীং তথা।
ঘুসৃণং কুমুদং রক্তং হয়ারিঞ্চ বিবর্জ্জয়েৎ॥ ৪॥

নিক্ষেপ করিলে চতুর্ব্বর্গসিদ্ধি হয়। ধুস্তূর-বৃক্ষতলে শিবসাযুজ্য লাভ হয়। গঙ্গাজলে নিক্ষেপ করিলে মুক্তি হয়। অন্য পুষ্করিণী বা নদীজলে শিবলিঙ্গ নিক্ষেপ করিতে নাই। গঙ্গাজল ব্যতীত অন্য জলের উপর (লিঙ্গের অভাবে) শিবপূজা নিষিদ্ধ॥ ১॥

প্রদক্ষিণ-নিয়ম।—লিঙ্গবেদী শক্তিস্বরূপা, লিঙ্গ সাক্ষাৎ মহাদেবস্বরূপ, এই ভাবে পূজা করিলে উভয়েই পূজিত হন। পূজান্তে প্রদক্ষিণ ও প্রণাম করিতে হয়। শিবের অর্দ্ধচন্দ্রাকারে প্রদক্ষিণ হইবে, প্রথমতঃ পূজক নিজের বাম-ভাগে বায়ুকোণ পর্য্যন্ত যাইবে, পরে ঈশানকোণ পর্য্যন্ত যাইবে; এইরূপ তিনবার করিলে তাহার সংসারবন্ধন ছিন্ন হয়, আর পুনর্ব্বার জন্ম হয় না॥ ২॥

প্রণাম—পঞ্চাঙ্গ।—দুই জানু, দুই বাহু ও মস্তক ভূমিতে ঠেকাইয়া মহাদেবকে প্রণাম করিলে সকল কামনা সিদ্ধ হয়॥ ৩॥

শিবপূজায় নিষিদ্ধ পুষ্প।—কুন্দ, শেফালিকা, মদন্তী (কাঠমল্লিকা), যূঁই, বন্ধূক, কেতকী, রক্তজবা ও মালতী পুষ্প নিষিদ্ধ॥ ৪॥

শিবলিঙ্গ-গঠন ও পূজাদি।—ওঁ হরায় নমঃ এই মন্ত্রে মৃত্তিকা গ্রহণ, ওঁ মহেশ্বরায় নমঃ এই মন্ত্রে শিবলিঙ্গ নির্ম্মাণ ও শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতো ভব এই মন্ত্রে প্রতিষ্ঠা (চাউল, চন্দন ও জল লিঙ্গের উপর দিবে)। পরে ধ্যান যথা—

ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশমিত্যাদি (নিত্যপূজা দেখ) ধ্যানান্তে হস্তস্থ পুষ্প মস্তকে স্থাপন, হৃৎপদ্মে শিবমূর্ত্তি চিন্তা, মানসোপচারে পূজা, পুনর্ধ্যান করিয়া ঐ পুষ্প শিবলিঙ্গোপরি দিয়া আবাহন করিবে, যথা—ওঁ ভগবন্ পিনাকধৃক্ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ। আবাহন করিয়া স্নান করাইবে। *

শিবলিঙ্গস্নাপন।—"ওঁ পশুপতয়ে নমঃ" বলিয়া কিংবা "ইদং স্নানীয়োদকং পশুপতয়ে নমঃ" বলিয়া লিঙ্গোপরি বারত্রয় জল প্রদান পূর্ব্বক স্নান করাইবে। পরে সম্প্রদায়ানুসারে বজ্র ফেলিয়া দিয়া পূজা আরম্ভ করিবে। শাক্ত, সৌর ও শৈবগণ ঈশানকোণে, গাণপত্য শিবলিঙ্গের মূলদেশে এবং বৈষ্ণবেরা পৃষ্ঠদেশে নিক্ষেপ করিবে।

পূজা।—(যাবতীয় উপচার শিবের সদ্যোজাত নামক পূর্ব্বদিকৃস্থ মুখে অর্পণ করিতে হয়। তাঁহার পূর্ব্বদিকে সদ্যোজাত, পশ্চিমে বামদেব, উত্তরে অঘোর, দক্ষিণে তৎপুরুষ ও উর্দ্ধে ঈশান নামক মুখ সংস্থিত।) এতৎ পাদ্যং ওঁ নমঃ শিবায় নমঃ, ইদমর্ঘ্যং † ওঁ নমঃ শিবায় নমঃ, ইদং আচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ স্নানীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এষ গন্ধঃ ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ পুষ্পং ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ বিল্বপত্রং ওঁ নমঃ শিবায় নমঃ, (অনেক পুষ্প হইলে "এতানি পুষ্পাণি", অনেক বিল্বপত্র হইলে "এতানি বিল্বপত্রাণি" উচ্চারণ করিতে হয়।) (বিল্বপত্রের বৃন্ত ও মূল ত্যাগ করিয়া এবং দূর্ব্বার গর্ভ অর্থাৎ কোঁক ফেলিয়া শিবকে দিতে হয়।) ‡ এষ ধূপঃ ওঁ নমঃ শিবায় নমঃ, এষ দীপঃ ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ নৈবেদ্যং ওঁ নমঃ

* সকল পূজাতেই আবাহন এই প্রকার, কেবল দেবতার নাম পৃথক্ উচ্চার্য্য।

† শিবের অর্ঘ্যে বিল্বপত্র ও রম্ভাও দিবে।

‡ মল্লিকা, মালতী, জাতি, শেফালিকা, জবা, বকুল ও কাষ্ঠটগর পুষ্প শিবপূজায় দিতে নাই। ব্রাহ্মণেরা নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়াও শিবকে বিল্বপত্র দিতে পারেন, যথা—

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্।
উর্ব্বারুকমিব বন্ধনাৎ মৃত্যোর্ম্মুক্ষীয়মামৃতাৎ॥

শিবায় নমঃ, * এতৎ পানার্থজলং ওঁ নমঃ শিবায় নমঃ, ইদং পুনরাচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ, এতৎ তাম্বূলং ওঁ নমঃ শিবায় নমঃ, এষ সচন্দনপুষ্পবিল্বপত্রাঞ্জলিঃ ওঁ নমঃ শিবায় নমঃ ॥

( সাধারণতঃ দশোপচারেই নিত্যপূজা হয়, সুতরাং এথানে দশোপচারে পূজাই লিখিত হইল। ষোড়শোপচার দ্বারা পূজাপ্রণালীও এই প্রকার, কেবল কয়েকটি উপচার মাত্র অধিক দিতে হয়, আর কিছুই নহে। ) এই প্রকারে পূজা করিয়া অষ্টমূর্ত্তি পূজা করিবে।

অষ্টমূর্ত্তিপূজা।—পূর্ব্বদিকে "এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ," ঈশানকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ," উত্তরে "এতে গন্ধপুষ্পে ওঁ রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ," বায়ুকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ," পশ্চিমে "এতে গন্ধপুষ্পে ওঁ ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ," নৈঋর্তে "এতে গন্ধপুষ্পে ওঁ পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ," দক্ষিণে "এতে গন্ধপুষ্পে ওঁ মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ", অগ্নিকোণে "এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ ॥" গৌরীপীঠে ওঁ গৌর্য্যৈ নমঃ এই মন্ত্রে পূজা করিবে।

পুষ্পের অভাব হইলে আতপতণ্ডুল লইয়া "এতে গন্ধাক্ষতে" বলিয়া পূজা করিতে হয়।

জপ ও জপবিসর্জ্জন।—পরে প্রাণায়াম করিয়া দশধা বা অষ্টোত্তরশতবার শিবের মূলমন্ত্র জপ করিয়া "ওঁ গুহ্যাতি" মন্ত্রে বিসর্জ্জন করিবে অর্থাৎ কোশাস্থিত সামান্যার্ঘ্য বা জলগণ্ডুষ দেবতার দক্ষিণ হস্তে মনে মনে দিবে এবং উর্দ্ধস্থিত ঈশান নামক মুখে জপফল সমর্পণ করিবে। পরে দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ ও তর্জ্জনী যোগ করিয়া তদ্দারা "বম্ বম্" শব্দে দক্ষিণগালবাদ্য করিতে হয়। অনেকে প্রণামান্তে গালবাদ্য করেন। সময় থাকিলে স্তবকবচ পাঠ করিবে। পরে "এষ পুষ্পবিল্বপত্রাঞ্জলিঃ ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিবে।

প্রণাম।—পরে প্রদক্ষিণ করিয়া নিম্নকথিত মন্ত্রে প্রণাম করিতে হয়, যথা—

* গন্ধমুদ্রা দ্বারা গন্ধ, পুষ্পমুদ্রা দ্বারা পুষ্প, ধূপমুদ্রা দ্বারা ধূপ, দীপমুদ্রা দ্বারা দীপ এবং নৈবেদ্যমুদ্রা দ্বারা নৈবেদ্য দিতে হয়। নৈবেদ্য দেবতার দক্ষিণ বা সম্মুখে রাখা কর্ত্তব্য।

ওঁ নমস্তভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে।
নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ ॥
নমস্ত্রিশূলহস্তায় দণ্ডপাশাসিপাণয়ে।
নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ ॥
নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর ॥
নমস্তে ত্বাং মহাদেব লোকানাং গুরুমীশ্বরম্।
পুংসামপূর্ণকামানাং কামপূরামরাঙ্ঘ্রিপম্ ॥

আত্মসমর্পণ।—দক্ষিণ হস্তে বিশেষার্ঘ্যজল লইয়া নিম্নোক্ত মন্ত্রে উহা শিবলিঙ্গোপরি দিবে, যথা—

ইতঃপূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারতো জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎ কৃতং তৎ সর্ব্বং ব্রহ্মার্পণং ভবতু স্বাহা। মাং মদীয়ঞ্চ সকলং সম্যক্ শ্রীশিবায় সমর্পয়ে ॥

ক্ষমা-প্রার্থনা।—এইরূপে আত্মসমর্পণ করিয়া করযোড়ে নিম্নকথিত মন্ত্র পাঠ করত ক্ষমা প্রার্থনা করিবে, যথা—

ওঁ আবাহনং ন জানামি নৈব জানামি পূজনম্।
বিসর্জ্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর ॥

বিসর্জ্জন।—তৎপরে ঈশানকোণে জলের ছিটা দিয়া ত্রিকোণমণ্ডল অঙ্কন পূর্ব্বক সংহারমুদ্রা দ্বারা একটি নির্ম্মাল্য লইয়া নাসিকাগ্রে আঘ্রাণ লইবে। আঘ্রাণ করিতে করিতে এইরূপ চিন্তা করিবে যে, পূজিত দেবতা হৃৎকমল-মধ্যে প্রবিষ্ট হইলেন। তৎপরে ঐ পুষ্পটি পূর্ব্বোক্ত ত্রিকোণমণ্ডলের উপর রাখিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ চণ্ডেশ্বরায় নমঃ" মন্ত্রে মণ্ডলোপরি পূজা করত "মহাদেব ক্ষমস্ব" বলিয়া শিবটিকে কাত করিয়া ফেলিবে। তৎকালে শিবের মস্তকে একটু জল দিতে হয়। * পরে চরণামৃত ও নির্ম্মাল্যাদি গ্রহণ কর্ত্তব্য। শিবনির্ম্মাল্য ও নৈবেদ্যাদি অগ্রে বিষ্ণুকে নিবেদন করিয়া তৎপরে গ্রহণ করিতে হয়।

* এই নিয়মে সর্ব্বত্রই পার্থিবশিবলিঙ্গপূজা করিতে হয়; কেবল শিবরাত্রিকৃত্যে কিঞ্চিৎ প্রভেদ আছে, তাহা যথাস্থানে দ্রষ্টব্য। প্রতিষ্ঠিত মূর্ত্তিতে বা জলে পূজা করিলে আবাহন, বিসর্জ্জন ও প্রাণপ্রতিষ্ঠা করিতে হয় না। তদ্ব্যতীত সমস্তই পার্থিবশিবলিঙ্গপূজাপদ্ধতি অনুসারে করিবে।

## অন্নাদি নিবেদন প্রণালী।

দেবতার বামভাগে জলের দ্বারা একটি চতুষ্কোণ মণ্ডল আঁকিয়া তদুপরি ভোগদ্রব্য রাখিয়া তাহাতে তুলসী বা বিল্বপত্র দিয়া প্রোক্ষণ করিবে, যথা—( সিদ্ধান্ন হইলে ) ওঁ এতস্মৈ সঘৃতোপকরণসিদ্ধান্নায় নমঃ এই মন্ত্রে চিৎহাতে তিনবার জলের ছিটা দিবে। এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ সঘৃতোপকরণ-সিদ্ধান্নায় নমঃ—এই মন্ত্রে গন্ধপুষ্প বা জলের দ্বারা পূজা করিয়া এতে গন্ধ-পুষ্পে ওঁ এতদধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ এই মন্ত্রে বিষ্ণুপূজা পূর্ব্বক এতে গন্ধপুষ্পে ওঁ এতৎসম্প্রদানায় অমুকদেবায় নমঃ, স্ত্রীদেবতাপক্ষে এতৎসম্প্রদানৈ অমুকীদেব্যৈ নমঃ বলিয়া অর্চ্চনা করিতে হয়। পরে সুপ্রোক্ষিতমস্তু বলিয়া, উভয় হস্তের তর্জ্জনী তদুপরি 'হুং' এই মন্ত্রে ঘুরাইয়া 'বম্' মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন করাইয়া ফট্ মন্ত্রে চক্রমুদ্রা দেখাইবে। পরে মৎস্যমুদ্রা দ্বারা নিবেদনীয় দ্রব্য আচ্ছাদন করত দশবার মূলমন্ত্র জপ করিবে। সিদ্ধান্ন।—( ভাত ) ইদং সঘৃতোপকরণসিদ্ধান্নং ওঁ অমুক-দেবতায়ৈ নমঃ, ( খিচুড়ি ) ইদং সঘৃতোপকরণকৃষরান্নং, ( লুচি ) ইমানি ঘৃতপক্কানি গোধূমচূর্ণপিষ্টকানি, ( রুটী ) ইমানি গোধূমচূর্ণপিষ্টকানি, ( পিষ্টক ) ইমানি পিষ্টকানি, ( মোয়া ) ইদং মোদকং, ( পায়স ) ইদং পরমান্নং, ( দধি ) ইদং দধি, ( আটভাজা ) ইদং ভৃষ্টাষ্টকং, ( মুড়্কি ) ইমে সগুড়লাজাঃ, ( খই ) ইমে লাজাঃ, ( চিঁড়ে ) ইদং চিপিটকং, ( দই-কড়্মা ) এষঃ দধিকরম্ভঃ, ( সন্দেশ ) ইমানি আমিক্ষামোদকানি বা ইদং মিষ্টদ্রব্যং এই মন্ত্রে ও অন্যান্য দ্রব্য তাহার নাম উল্লেখ করিয়া তন্মন্ত্রে একটু জল দিয়া নিবেদন করিয়া এতদাচমনীয়গঙ্গোদকং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ, এই মন্ত্রে আচমনীয় জল দিয়া ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা মন্ত্রে গণ্ডূষ দিবে, ওঁ প্রাণায় স্বাহা। ওঁ অপানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা এই মন্ত্রে পঞ্চগ্রাসমুদ্রা দেখাইয়া ওঁ নিবেদয়ামি ভবতে জুষাণেদং হবির্হরে ( ইহা বিষ্ণুবিষয়ে ). ( শিববিষয়ে ) ওঁ নিবেদয়ামি ভবতে, জুষাণেদং হবিঃ শিব, ( দুর্গাবিষয়ে ) ওঁ নিবেদয়ামি ভবত্যৈ জুষাণেদং হবিঃ শিবে বলিবে, এতৎ পানার্থগঙ্গোদকং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ, ( পানার্থ জল ) ওঁ অমৃতাপিধানমসি স্বাহা এই মন্ত্রে পুনর্গণ্ডূষ জল দিবে। এতৎ পুনরাচমনীয়গঙ্গোদকং

ওঁ অমুকদেবতায়ৈ নমঃ (পুনরাচমনীয় জল), এতৎ তাম্বূলং ওঁ অমুক-দেবতায়ৈ নমঃ। (তাম্বূল) নিবেদন করিয়া যথাশক্তি প্রাণায়াম, করন্যাস, অঙ্গন্যাস করিয়া জপান্তে জপবিসর্জ্জন পূর্ব্বক পুনরায় প্রাণায়াম, করন্যাস, অঙ্গন্যাস করিয়া প্রণামমন্ত্রে প্রণাম করিয়া প্রতিমাস্থলে আরাত্রিক করিবে। নিত্যপূজাস্থলে শক্তি অনুসারে আরাত্রিক করিবে।

### বিষ্ণুচরণামৃতগ্রহণ-মন্ত্র।

ওঁ কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো ভক্তানামার্ত্তিনাশন।
সর্ব্বপাপপ্রশমনং পাদোদকং প্রযচ্ছ মে॥

### বিষ্ণুপাদোদকপান-মন্ত্র।

স্নানজল কিংবা শালগ্রামশিলা-ধৌত জল লইয়া—

ওঁ অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনম্।
বিষ্ণোঃ পাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহম্॥

এই মন্ত্রে পান করিয়া অবশিষ্ট জল মস্তকে দিবে।

### বিপ্রপাদোদকপান-মন্ত্র।

বিপ্রের পাদবিগলিত জল লইয়া পান করিয়া এই মন্ত্রার্থ স্মরণ করিবে।

ওঁ ব্রহ্মাণ্ডোদরমধ্যে তু যানি তীর্থানি সন্তি বৈ।
তানি সর্ব্বাণি তীর্থানি সন্তি বিপ্রপদোদকে।
বিপ্রপাদোদকং পীত্বা যাবত্তিষ্ঠতি মেদিনী।
তাবৎ পুষ্করপত্রেণ পিবন্তি পিতরো জলম্॥

বিপ্রপাদোদক পানের পূর্ব্বে বিষ্ণুপাদোদক পান করিতে নাই।

## আরাত্রিক-বিধি।

আরাত্রিক (আরতি) পঞ্চাঙ্গ—১ম—দীপমালা ও কর্পূরদীপ, ২য়—সজল শঙ্খ, ৩য়—ধৌতবস্ত্র, ৪র্থ—বিল্বপত্রাদি, ৫ম—চামরব্যজন। প্রদক্ষিণ, প্রণাম।

বামভাগে ত্রিকোণ মণ্ডলের উপর দীপমালা রাখিয়া ওঁ এতস্মৈ দীপ-মালায়ৈ নমঃ এই মন্ত্রে তিনবার জলের ছিটা দিবে। এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ দীপমালায়ৈ নমঃ, এই মন্ত্রে দীপমালা পূজা করিবে, এতে গন্ধপুষ্পে

ওঁ এতদধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ, বিষ্ণুকে অর্চ্চনা করিয়া এতে গন্ধপুষ্পে ওঁ এতৎসম্প্রদানেভ্যঃ পূজিতদেবেভ্যো (এক দেবতাস্থলে অমুক-দেবতায়ৈ) নমঃ এই মন্ত্রে পূজা করিয়া এষা দীপমালা ওঁ পূজিতদেবতাভ্যো নমঃ এই মন্ত্রে নিবেদন পূর্ব্বক ভূমিতে একপাদ ও আসনে একপাদ দিয়া দাঁড়াইয়া ৪বার দেবতার পাদতলে, ২বার নাভিদেশে, ৩বার মুখমণ্ডলে, ৭বার সর্ব্বাঙ্গে ঐ দীপমালা প্রদর্শন করাইবে। পরে কর্পূরদীপ লইয়া এষ কর্পূরদীপঃ ওঁ পূজিতদেবতাভ্যো নমঃ এই মন্ত্রে নিবেদন পূর্ব্বক পূর্ব্ববৎ প্রদর্শন করাইবে। শঙ্খের দ্বারা আরতির সময় নির্দ্দিষ্ট এক এক অঙ্গের আরতির পর শঙ্খস্থ জল ভূমিতে ফেলিবে। ঐ প্রকারে অন্যান্য নির্দ্দিষ্ট দ্রব্যের দ্বারা আরাত্রিক করিয়া অষ্টাঙ্গ বা পঞ্চাঙ্গ প্রণাম করিবে। পরে নিবেদনীয় (জলপানীয় দ্রব্য ফলমূলাদি) দ্রব্য নৈবেদ্য নিবেদনের প্রণালীতে নিবেদন করিবে। ইতি নিত্যপূজাপ্রণালী।

## তান্ত্রিক নিত্যকৃত্য।

ব্রাহ্মমুহূর্ত্তে নিদ্রান্তে গাত্রোত্থান পূর্ব্বক রাত্রিবাস পরিত্যাগ করিবে। পরে শিরসি সহস্রদলকমলাবস্থিতং শ্বেতবর্ণং দ্বিভুজং, বরাভয়করং শ্বেতমাল্যানুলেপনং স্বপ্রকাশরূপং স্ববামস্থিতসুরক্তশক্ত্যা স্বপ্রকাশরূপয়া সহিতং গুরুং বিভাবয়েৎ। অর্থাৎ শিরঃস্থিতসহস্রদলকমলে গুরুদেব বিরাজ করিতেছেন। তিনি শ্বেতবর্ণ, দ্বিভুজ, বরাভয়প্রদ, শ্বেতমাল্য ও শ্বেতচন্দনে বিভূষিত, স্বপ্রকাশমূর্ত্তি। তাঁহার বামভাগে গুরুপত্নী রক্তবর্ণা শক্তিরূপা স্বপ্রকাশা বিরাজমানা। এইরূপ চিন্তা পূর্ব্বক মানসোপচারে (গুরুপূজায় দেখ) গুরুর অর্চ্চনা করত—ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্। তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ এই মন্ত্রে প্রণাম করিবে। পরে মূলাধার হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত মূল বিদ্যা কুলকুণ্ডলিনীকে চিন্তা করিবে। ধ্যান যথা—

ধ্যায়েৎ কুণ্ডলিনীং সূক্ষ্মাং মূলাধারনিবাসিনীম্।
তামিষ্টদেবতারূপাং সার্দ্ধত্রিবলয়ান্বিতাম্।
কোটিসৌদামিনীভাসাং স্বয়ম্ভূলিঙ্গবেষ্টিতাম্॥

অর্থাৎ—যিনি অতি সূক্ষ্মরূপিণী, মূলাধার-(গুহ্যদেশস্থ চতুর্দ্দল কমল) নিবাসিনী, ইষ্টদেবতারূপা, সার্দ্ধত্রিতয়বেষ্টনে স্বয়ম্ভূলিঙ্গকে বেষ্টন করিয়া রহিয়াছেন,

যাঁহার দেহকান্তি কোটি বিদ্যুতের ন্যায়। পরে ইষ্টদেবতার প্রণামমন্ত্রে তাঁহাকে প্রণামপূর্ব্বক চৌরগণেশন্যাস ও জপ করিবে। চৌরগণেশন্যাস যথা—হৃদয়ে ক্রোং এই মন্ত্র দশবার জপ করিয়া দক্ষিণ নেত্রে হ্রীং হ্রীং একবার জপ করিবে, এইরূপে বামনেত্রে হ্রীং হ্রীং, দক্ষিণকর্ণে হ্রীং হ্রীং, বামকর্ণে হ্রীং হ্রীং, দক্ষিণনাসায় ওঁ হুং, বামনাসায় হুং হুং, মুখে স্ত্রীং স্ত্রীং, নাভিদেশে ক্লীঁ, লিঙ্গমূলে হ্সৌঃ, গুহ্যে ব্লুং, ভ্রূমধ্যে হুং। পরে ইষ্টদেবতাকে ধ্যান করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপান্তে জপ সমর্পণ ও প্রণাম করিবে। পরে কৃতাঞ্জলি হইয়া—শক্তিবিষয়ে—

ওঁ ত্রৈলোক্যচৈতন্যময়ি ত্রিশক্তে শ্রীবিশ্বমাতর্ভবদাজ্ঞয়ৈব।
প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং সংসারযাত্রামনুবর্ত্তয়িষ্যে॥
জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তির্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
ত্বয়া হৃষীকেশি হৃদিস্থয়া মে যথা নিযুক্তোঽস্মি তথা করোমি॥
অহং দেবো ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাহং ন শোকভাক্।
সচ্চিদানন্দরূপোঽহং নিত্যমুক্তস্বভাববান্॥
সমুদ্রমেখলে দেবি পর্ব্বতস্তনমণ্ডলে।
বিষ্ণুপত্নি নমস্তুভ্যং পদস্পর্শং ক্ষমস্ব মে॥
ধারণং পোষণং ত্বত্তো ভূতানাং দেবি সর্ব্বদা।
তেন সত্যেন মাং পাহি পাশান্ মোচয় ধারিণি॥

এইরূপে প্রার্থনা করিয়া ওঁ প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ—এই মন্ত্রে পৃথিবীকে নমস্কার পূর্ব্বক অগ্রে দক্ষিণপদ, পরে বামপদ নিক্ষেপ করিবে।

পরে মলমূত্রত্যাগান্তে—নিম্নলিখিত মন্ত্রে দন্তধাবন করিবে, যথা—ক্লীং কামদেবায় সর্ব্বজনপ্রিয়ায় স্বাহা।—অনন্তর নিত্যোক্ত প্রণালীতে স্নান করিবে, যথা,—বৈদিক স্নানোক্ত নিয়মে স্নান করিয়া তান্ত্রিক স্নান করিবে। সঙ্কল্প যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে (সৌরমাস ও সৌররাশি) অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রা অমুকীদেবী বা দাসঃ বা দাসী) অমুকদেবতাপ্রীতিকামঃ (বা প্রীতিকামা) স্নানমহং করিষ্যে। পরে মূলমন্ত্রে প্রাণায়াম, করন্যাস ও অঙ্গন্যাস করিয়া ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু এই মন্ত্রে অঙ্কুশমুদ্রায় সূর্য্যমণ্ডল হইতে জলে তীর্থাবাহন করিয়া বম্ এই মন্ত্রে ধেনুমুদ্রায় তাহাকে অমৃতস্বরূপ করিয়া

হুং এই মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন করিয়া ফট্ এই মন্ত্রে রক্ষাপূর্ব্বক মূলমন্ত্রে একাদশবার অভিমন্ত্রিত করিয়া মূলমন্ত্রে সূর্য্যাভিমুখে দ্বাদশবার জলধারা নিক্ষেপ পূর্ব্বক ঐ জল ইষ্টদেবতার চরণারবিন্দ হইতে নির্গত হইয়াছে ভাবিয়া তিনবার ডুব দিবে। পরে দেবতাকে ধ্যান করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপান্তে কলসমুদ্রা দ্বারা তিনবার মূলমন্ত্রপূত জলের দ্বারা নিজের মস্তকে অভিষেক করিয়া বৈদিক সন্ধ্যানুষ্ঠানের পর সূর্য্যার্ঘ্য দিয়া তান্ত্রিক সন্ধ্যা করিবে।

## দীক্ষিতের সংক্ষেপ প্রাতঃকৃত্য।

ব্রাহ্মমুহূর্ত্তে (সূর্য্যোদয়ের পূর্ব্ব চারিদণ্ড দিবাভাগ, তন্মধ্যে সূর্য্যোদয়ের অব্যবহিতপূর্ব্ব দুই দণ্ডকে রৌদ্র মুহূর্ত্ত ও রৌদ্রদণ্ডের পূর্ব্ব ২ দণ্ডকে ব্রাহ্ম-মুহূর্ত্ত বলে) উঠিয়া শয্যাতেই বসিয়া গুরুকে এইরূপে চিন্তা করিবে যে, তিনি মনুষ্য নহেন। শিবই গুরু। মস্তকে যে অধোমুখ সহস্রদলপদ্ম আছে, তাহার কর্ণিকামধ্যে উর্দ্ধমুখে অবস্থিত, শুভ্র, দ্বিহস্তে বর ও অভয়দান করিতেছেন, শ্বেত মাল্য ও চন্দনবিভূষিত শান্ত স্বপ্রকাশ তেজোময়, তাঁহার বাম উরুতে স্বপ্রকাশা, রক্তবর্ণা,বামহস্তে রক্তোৎপলধারিণী শক্তি বিরাজমানা। পরে ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্। তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ গুরুর নামোল্লেখ পূর্ব্বক "অমুকানন্দনাথগুরুমহং পূজয়ামি।" বলিয়া স্মরণ করিবে। পরে কুলকুণ্ডলিনীস্বরূপ চিন্তা ও যথাশক্তি মূলমন্ত্র জপ করিবে। অনন্তর শৌচাদি প্রাতঃস্নানান্তে বৈদিক সন্ধ্যা, তান্ত্রিক সন্ধ্যা, তর্পণ ও তিলকধারণ করিতে হয়।

## তান্ত্রিক সন্ধ্যা ও তান্ত্রিক তর্পণ।

দীক্ষিত ব্যক্তিমাত্রেই তান্ত্রিকী সন্ধ্যা ও তান্ত্রিক তর্পণ করিবে। বৈদিক-সন্ধ্যার পর এই সন্ধ্যা কর্ত্তব্য। কিন্তু শূদ্র ও স্ত্রীলোকে প্রাতঃস্নানান্তে তান্ত্রিকী সন্ধ্যা করিয়া তর্পণ করিবে। ত্রিসন্ধ্যায়ই এই সন্ধ্যা করিবে। বীরভাবাপন্ন স্ত্রীলোকের তান্ত্রিক সন্ধ্যায় অধিকার নাই। কেহ কেহ তর্পণান্তে তান্ত্রিকী সন্ধ্যা করিয়া থাকেন। তর্পণে অনধিকারী ব্যক্তিও এই নিয়মে তান্ত্রিকসন্ধ্যা করিবে। দ্বাদশী প্রভৃতি বৈদিকসন্ধ্যার নিষিদ্ধ দিনেও তান্ত্রিক সন্ধ্যা করিবে।

সন্ধ্যার সময় অতীত হইলে আচমনান্তে ইষ্টদেবতার গায়ত্রী দশবার জপ করিয়া সন্ধ্যানুষ্ঠান করিবে। প্রথমে বিধানানুসারে আচমন * ও বিষ্ণুস্মরণ করিয়া অঙ্কুশমুদ্রা দ্বারা "গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রে জলশুদ্ধি করিতে হয়। অনন্তর ধেনুমুদ্রা প্রদর্শন পূর্ব্বক গুরুদত্ত মূলমন্ত্রে তত্ত্ব-মুদ্রাযোগে সেই জল বারত্রয় ভূতলে নিক্ষেপ করিবে এবং মস্তকে সাতবার ছিটা দিবে। পরে মূলমন্ত্রে করন্যাস ও অঙ্গন্যাস † করত বামকরতলে জল লইয়া দক্ষিণকর দ্বারা আচ্ছাদন পূর্ব্বক "হং যং বং লং রং" এই মন্ত্র বারত্রয় উচ্চারণ করিবে এবং করচ্ছিদ্র দিয়া গলিত জলবিন্দু তত্ত্বমুদ্রা দ্বারা মূলমন্ত্রে সাতবার বিন্দু বিন্দু শিরঃপ্রদেশে দিবে। অতঃপর অবশিষ্ট জল দক্ষিণহস্তে লইয়া তাহাকে তেজোময় ধ্যান করত নাসাগ্রে ধরিয়া বামভাগস্থ ইড়ানাড়ী দ্বারা আকর্ষণ করিবে এবং "দেহমধ্যস্থ পাপ ঐ জলে মিশ্রিত হইয়াছে, পাপস্পর্শে ঐ জলও কৃষ্ণবর্ণ হইয়াছে," এই প্রকার ভাবনা করত দক্ষিণনাসা দ্বারা সেই জল বাহির করিয়া "ফট্" মন্ত্রে ঐ পাপময় সলিল ভূমিতে অগ্রে বজ্রশিলা কল্পনা করিয়া তাহাতে ফেলিবে।

তৎপরে করক্ষালন ও একবার আচমন পূর্ব্বক নিম্নকথিতমন্ত্রে তর্পণ করিবে। পরে সূর্য্যার্ঘ্য দান। কেহ কেহ এই সময় সূর্য্যার্ঘ্যের ব্যবস্থা দেন। (রাত্রিকালেও) সূর্য্যার্ঘ্য দিবে। ‡

তর্পণ—দৈবতীর্থে উত্তরমুখে নিম্নলিখিত মন্ত্রে প্রত্যেককে এক একবার তর্পণ করিবে, § যথা—

ওঁ দেবাংস্তর্পয়ামি, ওঁ ঋষীংস্তর্পয়ামি, ওঁ পিতৃংস্তর্পয়ামি, ওঁ গুরুং তর্পয়ামি, ওঁ পরমগুরুং তর্পয়ামি, ওঁ পরাপরগুরুং তর্পয়ামি, ওঁ পরমেষ্ঠিগুরুং তর্পয়ামি ॥

বৈষ্ণবেরা পূর্ব্বমুখ হইয়া উক্ত তর্পণান্তে "নারদং তর্পয়ামি, পর্ব্বতং তর্পয়ামি, জিষ্ণুং তর্পয়ামি, নিশঠং তর্পয়ামি, উদ্ধবং তর্পয়ামি, দারুকং তর্পয়ামি, বিষ্বক্‌সেনং তর্পয়ামি, শৈনেয়ং তর্পয়ামি" এই কয়টি মন্ত্রে প্রত্যেককে তিন

* বৈষ্ণবাদিরা বিনা মন্ত্রে দুইবার আচমন করিবে। শাক্তেরা ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা এই মন্ত্রে তিনবার জলপান পূর্ব্বক আচমন করিবে।

† মূলমন্ত্র অনুসারে অঙ্গন্যাসের পার্থক্য আছে, উহা দেবতাভেদে মন্ত্রভেদপ্রকরণে দ্রষ্টব্য।

‡ অনেকে গায়ত্রী-জপবিসর্জ্জনের পর তান্ত্রিক তর্পণ করেন। তন্ত্রসারকার জপের পরেই তর্পণ লিখিয়াছেন।

§ জীবৎপিতৃক ব্যক্তিও এ তর্পণ করিবে। ত্রিসন্ধ্যায়ই তর্পণ করিবে। এই তর্পণ দৈবতীর্থ দ্বারা হইবে।

তিন অঞ্জলি জল প্রদান পূর্ব্বক পুনশ্চ গুরুর তর্পণ করিবেন। (মতান্তরে গুরুপঙ্ক্তির তর্পণান্তে উক্ত তর্পণ করণীয়)।

পরে শাক্তগণ মূলমন্ত্র পাঠ সহকারে "অমুকীদেবীং (ইষ্টদেবতার নাম উচ্চারণ করিয়া) তর্পয়ামি স্বাহা" বলিয়া বারত্রয় তর্পণ করিবে। শৈবগণ মূল-মন্ত্র পাঠ পূর্ব্বক 'অমুকদেবং তর্পয়ামি' নমঃ এই মন্ত্রে একবার এবং বৈষ্ণবগণ মূলমন্ত্র পাঠান্তে "অমুকদেবং তর্পয়ামি নমঃ" এই মন্ত্রে তিনবার তর্পণ করিবেন।

তদনন্তর দেবতার স্ব স্ব আবরণদেবতাদিগকেও এক একবার তর্পণ করিতে হয়। (আবরণদেবতার বিষয় তত্তৎদেবতাকল্পে জ্ঞাতব্য) ইহাতে অক্ষম হইলে কেবল ইষ্টদেবতার তর্পণ করিলেই হইবে। পরে নিম্নলিখিত মন্ত্রে সূর্য্যার্ঘ্য দিবে, যথা—

ওঁ হ্রীং হং সঃ (কিংবা ঘৃণিঃ সূর্য্য আদিত্যঃ) ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় স্বাহা॥ * (যজুর্ব্বেদিগণ সর্ব্বত্র এষোঽর্ঘঃ বলিবেন।)

কালী-তারাদি-মন্ত্রোপাসকেরা "হ্রীং হং সঃ ইদমর্ঘ্যং মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশশক্তিসহিতায় শ্রীসূর্য্যায় স্বাহা" বলিয়া অর্ঘ্য দিবে। †

কালী, তারা ও অজপা মন্ত্রোপাসকগণ গায়ত্রীপাঠান্তে এষোঽর্ঘঃ ওঁ উদ্যদাদিত্যমণ্ডলমধ্যবর্ত্তিন্যৈ নিত্যচৈতন্যোদিতায়ৈ শ্রীঅমুকদেবতায়ৈ স্বাহা এই মন্ত্রে দেবতাকে অর্ঘ্য দিবেন।

অপরে গায়ত্রী পাঠান্তে এষোঽর্ঘঃ "ওঁ সূর্য্যমণ্ডলস্থায়ৈ অমুকদেবতায়ৈ নমঃ" মন্ত্রে তিনবার জলাঞ্জলি দিয়া গায়ত্রীর ধ্যান করিবে, যথা—

প্রাতর্ধ্যান।

উদ্যদাদিত্যসঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ।
কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েৎ তারকিতেঽম্বরে॥ ১॥

প্রাতঃকালে গায়ত্রীকে সমুদিত আদিত্যসন্নিভা, পুস্তক ও জপমালাধারিণী, কৃষ্ণসারচর্ম্মাম্বরা ব্রাহ্মীশক্তিরূপিণী বিরলতারকাযুক্ত গগনে অবস্থিতা ধ্যান করিবে॥ ১॥

---

* স্ত্রীশূদ্রে 'স্বাহা' পাঠ না করিয়া "নমঃ" বলিবেন।

† তাম্রপাত্রে চন্দন, আকন্দপুষ্প ও অপরাজিতাপুষ্প লইয়া অর্ঘ্য প্রদান করাই তারাদি উপাসকের কর্ত্তব্য। শ্রীবিদ্যাদি উপাসকেরা ঐং হ্রীং শ্রীং হ্রাং হ্রীং সঃ মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশ-শক্তিসহিতায় গ্রহরাশিনক্ষত্রতিথিযোগকরণপরিবারসহিতায় ইদমর্ঘ্যং স্বাহা এই মন্ত্রে অর্ঘ্য দিবেন। ত্রিসন্ধ্যায়ই সূর্য্যার্ঘ্য দিবেন।

মধ্যাহ্নধ্যান।

শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্রলসৎকরাম্।
গদাপদ্মধরাং দেবীং সূর্য্যাসনকৃতাশ্রয়াম্॥ ১॥

সায়াহ্নধ্যান।

সায়াহ্নে বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্‌যতিঃ।
শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াম্॥
ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাম্।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং ধ্যায়ন্ দেবীং সমভ্যসেৎ॥ ২॥

ত্রিপুরাসুন্দরীর উপাসকেরা গায়ত্রীধ্যান এইরূপে করিবেন। যথা
প্রাতঃ—প্রাতরাধারকমলে হুতভুঙ্‌মণ্ডলোপরি।
বাগ্‌বীজরূপাং বিস্তায়া বিদ্যুদুৎপলভাস্বরাম্॥
পুষ্পবাণেক্ষুকোদণ্ডপাশাঙ্কুশলসৎকরাম্।
স্বেচ্ছাগৃহীতবপুষীং গুরুবিদ্যাক্ষরাত্মিকাম্॥
মধ্যাহ্নে—মধ্যাহ্নে হৃদয়াম্ভোজকর্ণিকে সূর্য্যমণ্ডলে।
কামবীজাত্মিকাং দেবীমলক্তকরসারুণাম্॥
প্রসূনবাণপুণ্ড্রেক্ষুচাপপাশাঙ্কুশান্বিতাম্।
পরিতঃ স্বাত্মমুখ্যাভিঃ ষট্‌ত্রিংশত্তত্ত্বশক্তিভিঃ॥
সায়াহ্নে—সায়মাজ্জাসরোজস্থে চন্দ্রে চন্দ্রসমদ্যুতিম্।
শক্তিবীজাত্মিকাং চাপবাণপাশাঙ্কুশান্বিতাম্॥
যুগমিত্যাক্ষরাকারাং ঝটিকাবরণান্বিতাম্।
চিন্তয়িত্বা ভগবতীং নিত্যাভিঃ পরিবারিতাম্॥

---

মধ্যাহ্নে গায়ত্রীকে শ্যামবর্ণা, চতুর্ভুজা,* শঙ্খচক্রগদাপদ্মধারিণী ও সূর্য্যমণ্ডলস্থিতা ধ্যান করিবে॥ ১॥

সন্ধ্যাকালে গায়ত্রীকে বরপ্রদা, শুভ্রবর্ণা, শুক্লাম্বরধারিণী, বৃষাসনস্থিতা, ত্রিনয়না, পাশ, শূল ও নৃকরোটিকাধারিণী এবং সূর্য্যমণ্ডলান্তর্গতা চিন্তা করিবে॥ ২॥

---

* বিভ্রতীং করপদ্মৈশ্চ বৃদ্ধাং গলিতযৌবনাং—কেহ কেহ এইরূপ অধিক পাঠও করেন।

অনন্তর ইষ্টদেবতার গায়ত্রী অষ্টোত্তরশতধা বা দশধা জপান্তে নিম্নকথিত মন্ত্রে জপ সমর্পণ করিবে, যথা—

গুহ্যাতিগুহ্যগোপ্‌ত্রী ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি ॥ ১ ॥

পুংদেবতা হইলে নিম্নকথিত প্রকারে মন্ত্র উচ্চার্য্য, যথা—

গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর ॥

পুংদেবতাস্থলে মনে মনে তদীয় দক্ষিণকরে এবং স্ত্রীদেবতাস্থলে তদীয় বামকরে উক্ত মন্ত্রে গোযোনি মুদ্রায় জল দিয়া জপসমর্পণ করিবে।

তৎপরে "রং" এই মন্ত্রে শিরঃপ্রদেশে জল দিয়া করযোড়ে যথাক্রমে বাম-নেত্রপ্রান্ত, দক্ষিণনেত্রপ্রান্ত ও ললাটদেশ স্পর্শ করত নমস্কার করিবে, যথা—

(বামে) ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ। (মধ্যে) ওঁ অমুকদেবায় নমঃ ॥

অনন্তর প্রাণায়াম, শক্তি অনুসারে ঋষ্যাদিন্যাস (মন্ত্রবিশেষ প্রকরণে দ্রষ্টব্য), করন্যাস মূলমন্ত্রের আদিতে ও অন্তেতে—প্রণব (স্ত্রী-শূদ্রে 'নমঃ' এই মন্ত্র) দিয়া সাতবার জপ করিয়া গুরু, দেবতা ও মন্ত্র এই তিনের ঐক্য ভাবনাপূর্ব্বক শক্ত্যনুসারে মূলমন্ত্র জপ করিবে। জপান্তে পুনশ্চ প্রণবপুটিত করিয়া 'গুহ্যাতিগুহ্য' ইত্যাদি মন্ত্রে জপসমর্পণ পূর্ব্বক পুনরায় প্রাণায়াম আদি করিয়া দেবতার প্রণাম ও গুরুদেবকে প্রণাম করিবে। গুরুপ্রণাম-মন্ত্র যথা—

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥
ওঁ গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুর্গুরুর্দেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥
ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥

হে দেবি সুরেশ্বরি! যাহা গুহ্য হইতেও গুহ্যতর, তুমি তাদৃশ মন্ত্রের রক্ষয়িত্রী, তুমি মৎকৃত জপ গ্রহণ কর। তোমার প্রসাদে আমি যেন সিদ্ধি-লাভ করি ॥ ১ ॥

## সংক্ষিপ্ত আহ্নিক।

পূর্ব্বোক্ত তান্ত্রিকসন্ধ্যানুষ্ঠানে অক্ষম হইলে ইষ্টদেবতার দশবার গায়ত্রী জপ ও জপসমর্পণ, পরে মূলমন্ত্রে বা বীজমন্ত্রে প্রাণায়াম, করন্যাস ও অঙ্গন্যাস (তত্তৎদেবতাকল্পে পৃথক্ পৃথক্ করাঙ্গন্যাসাদি লিখিত আছে) পূর্ব্বক অষ্টোত্তর-শত মূলমন্ত্র জপ ও জপসমর্পণ করিয়া পুনশ্চ প্রাণায়াম, করন্যাস ও অঙ্গন্যাস করত ইষ্টদেবতার ও গুরুর প্রণাম করিবে।০ ইতি সংক্ষিপ্ত সন্ধ্যা।

অথ পূজা।—(স্ত্রী ও শূদ্রেরও অধিকার) দীক্ষিত মাত্রেই প্রথমতঃ যথাবিধি শিবলিঙ্গ পূজা করিবে (পার্থিব লিঙ্গ অথবা গঙ্গাজলে শিবপূজা, পূজাপ্রকরণে দ্রষ্টব্য)। পাদপ্রক্ষালন (পূজাগৃহদ্বারে দিবাতে পূর্ব্বমুখ, রাত্রিতে উত্তরমুখ হইয়া আসনে বসিয়া অগ্রে বামপাদ, পরে দক্ষিণপাদ শোধন), বৈদিকাচমন (ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্) স্ত্রী ও শূদ্রে শ্রীবিষ্ণুঃ শ্রীবিষ্ণুঃ শ্রীবিষ্ণুঃ বা নমো বিষ্ণুঃ নমো বিষ্ণুঃ নমো বিষ্ণুঃ।

তান্ত্রিকাচমন (তান্ত্রিক পূজাপ্রকরণে দ্রষ্টব্য)।—তিলক ও শিখাবন্ধন, (গায়ত্রী বা মূলমন্ত্র দ্বারা দ্বিজ করিবে—স্ত্রীশূদ্রে—নমো ব্রহ্মবাণীসহস্রাণি শিববাণীশতানি চ। বিষ্ণোর্নামসহস্রেণ শিখাবন্ধং করোম্যহং এই মন্ত্রে), সামন্যার্ঘ্য স্থাপন (সামান্য পূজাপ্রণালী দ্রষ্টব্য), দ্বারপূজা (এতে গন্ধপুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ), বিঘ্নাপসারণ—অস্ত্রায় ফট্ এই মন্ত্রে ভূমিতে বাম-পায়ের মূল তিনবার ঠুকিবে, পরে স্নিগ্ধ দৃষ্টিতে মূলমন্ত্রে ঊর্দ্ধে দর্শন করিয়া জল দ্বারা ফট্ মন্ত্রে অন্তরীক্ষের বিঘ্নাপসারণ,—তণ্ডুলোপরি সাতবার ফট্মন্ত্র জপ করিয়া "ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্ন-কর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।" এই মন্ত্রে সব দিকে ছড়াইবে।

আসনশুদ্ধি।—আসনের তলে ত্রিকোণমণ্ডল করিয়া তাহাতে এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তিকমলাসনায় নমঃ,—পূজা করিয়া দুই হাতে আসন ধরিয়া অস্যাসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্॥

গুরুপ্রণাম।—মস্তকের বামভাগে ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, দক্ষিণে ওঁ গণেশায় নমঃ, মধ্যে ওঁ অমুক-দেবতায়ৈ নমঃ।

করশুদ্ধি।—সচন্দনপুষ্প লইয়া বাম হস্ততলে রাখিয়া দক্ষিণহস্তের দ্বারা ঘর্ষণ করিয়া আঘ্রাণপূর্ব্বক ঈশানকোণে 'ফট্' এই মন্ত্রে নিক্ষেপ করিবে।

দিগ্বন্ধন।—ফট্ মন্ত্রে তিনবার করতালি দিবে, ফট্ মন্ত্রে দশদিক্ তুড়ি দিয়া বন্ধন করিবে।

পুষ্পশুদ্ধি।—ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে হুং ফট্ স্বাহা—এই মন্ত্রে পুষ্পশোধন করিবে।

ভূতশুদ্ধি ও মাতৃকান্যাস।—( সাধারণ পূজাপ্রকরণে দ্রষ্টব্য )।

প্রাণায়ামত্রয়।—সাধারণতঃ বীজমন্ত্রে ৪ বার জপে বামনাসায় পূরক, উভয় নাসারন্ধ্রে ১৬ বার জপে কুম্ভক, দক্ষিণনাসায় ৮ বার জপে রেচক; পুনর্ব্বার দক্ষিণনাসায় উক্তক্রমে পূরক, উভয় নাসারন্ধ্রে কুম্ভক, বামনাসায় রেচক; পুনশ্চ বামনাসায় পূরক, উভয় নাসায় কুম্ভক, দক্ষিণনাসায় রেচক।—শ্রীকৃষ্ণগোপালমন্ত্রে—মূলমন্ত্র ১ বার জপে দক্ষিণনাসায় রেচক; বামনাসায় ৭ বার জপে পূরক, উভয় নাসায় ২০ বার জপে কুম্ভক; পুনঃ বামনাসায় রেচক, দক্ষিণনাসায় পূরক, উভয় নাসায় কুম্ভক; পুনঃ দক্ষিণনাসায় রেচক, বামনাসায় পূরক, উভয় নাসায় কুম্ভক।

ঋষ্যাদিন্যাস, করন্যাস, অঙ্গন্যাস ( তত্তৎদেবতামন্ত্রে দ্রষ্টব্য ), ব্যাপকন্যাস ( মূলমন্ত্রে শিখা হইতে পাদ পর্য্যন্ত ও পাদ হইতে শিখা পর্য্যন্ত স্পর্শ করত দেবতার ভাবনা, এইরূপ ৭ বা ৫ বার স্পর্শ )। পরে ধ্যান—( তত্তৎদেবতামন্ত্রে দ্রষ্টব্য ) দশোপচার বা পঞ্চোপচারে পূজান্তে প্রাণায়াম, জপ, ঋষ্যাদিন্যাস, করন্যাস, অঙ্গন্যাস, কুল্লুকা, সেতু জপ, মহাসেতু জপান্তে মূলমন্ত্র জপ, পরে পুনশ্চ সেতুজপ, মহাসেতু জপান্তে জপসমর্পণ, যথা—গুহ্যাতিগুহ্যগোপত্রী ত্বং ( পুংদেবতাপক্ষে গোপ্তা ত্বং ) গৃহাণাস্মৎকৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেবি ( পুংদেবতায় দেব ) ত্বৎপ্রসাদান্মহেশ্বরি ( দেবতাভেদে জনার্দ্দন, মহেশ্বর, সুরেশ্বরি ইত্যাদি )।

কুল্লুকা ( মস্তকে ৭ বার জপ ), মহাসেতু ( কণ্ঠে ৭ বার জপ ), সেতু ( হৃদয়ে ৭ বার জপ ), দেবতাভেদে কুল্লুকাদির জপমন্ত্র ভিন্ন প্রকার।

সাধারণতঃ কুল্লুকা প্রভৃতিতে অক্ষম হইলে ওঙ্কারাদি মূলমন্ত্র ওঙ্কারান্ত করিয়া ৭ বার জপ, মূলমন্ত্র জপের আদিতে ও জপান্তে জপিবে। তাহা হইলেই জপসিদ্ধি হইবে।

প্রণাম অষ্টাঙ্গ।—২ পাদ, ২ হস্ত, ২ জানু, মস্তক, বক্ষঃ, চক্ষুঃ, বাক্য, মন এই অষ্টবিধ অঙ্গে প্রণাম। পরে আত্মসমর্পণ করিবে, যথা—গণ্ডূষ জল লইয়া ওঁ ইতঃপূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারতো জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎ কৃতং তৎসর্ব্বং ব্রহ্মার্পণং ভবতু স্বাহা মাং মদীয়ঞ্চ সকলং সম্যক্ অমুকদেবতায়ৈ সমর্পয়ামি ওঁ তৎসৎ (স্ত্রীশূদ্রে তৎসৎ, স্বাহা ও ওঁ স্থলে নমঃ বলিবে)।

দীক্ষিতের প্রতিদিনকর্ত্তব্য প্রমাণ।

যদাহ রাঘবভট্টঃ—দ্বিবিধং স্যাল্লব্ধমনোর্বাহ্যান্তরমুপাসনম্।
ন্যাসিনাং চান্তরং প্রোক্তমন্যেষামুভয়ং স্মৃতম্।
ব্রাহ্মে মুহূর্ত্তে চোত্থায় চিন্তয়েদ্‌গুরুদৈবতম্॥

তারাপ্রদীপে—রাত্রিবাসস্ততস্ত্যক্ত্বা নির্ম্মলানন্দমানসঃ।
ত্যক্ত্বা মূত্রপুরীষঞ্চ দন্তধাবনমাচরেৎ॥
প্রাতঃকৃত্যং বিধায়াথ মূলমন্ত্রং জপেন্ন চ।
তস্য সিদ্ধির্মহাদেব হ্রিয়তে যোগিনীগণৈঃ॥
গত্বা নদীতটে মন্ত্রী প্রাতঃসন্ধ্যাং সমাচরেৎ।
বৈদিকীং তান্ত্রিকীং স্নানদ্বয়ঞ্চৈব যথাবিধি॥
বিভৃয়াদ্বাসসী শুদ্ধে তিলকং বর্ণভেদতঃ।
ব্রাহ্মণস্যোর্দ্ধপুণ্ড্রং স্যাৎ ক্ষত্রিয়স্য ত্রিপুণ্ড্রকম্।
বৈশ্যপুণ্ড্রমর্দ্ধচন্দ্রং শূদ্রাণাং বর্ত্তুলাকৃতি॥

বিষ্ণুবিষয়ে তু—ললাটে তু গদা কার্য্যা মূর্দ্ধি চাপং করান্তকে।
নন্দকঞ্চৈব হৃন্মধ্যে শঙ্খং চক্রং ভুজদ্বয়ে॥

ততশ্চ—বৈদিকীং তান্ত্রিকীং সন্ধ্যাং কৃত্বা তর্পণমেব চ।
জপন্ স্তোত্রাণি নামানি যায়াদ্দেবনিকেতনম্॥

গুরুর নিত্যপূজা।

সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি প্রভৃতির অন্তে ধ্যান করিবে, যথা—
ওঁ ধ্যায়েচ্ছিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুম্।
শ্বেতাম্বরপরীধানং শ্বেতমাল্যানুলেপনম্।
বরাভয়করং শান্তং করুণাময়বিগ্রহম্।
বামেনোৎপলধারিণ্যা শক্ত্যালিঙ্গিতবিগ্রহম্।
স্মেরাননং সুপ্রসন্নং সাধকাভীষ্টদায়কম্॥

স্ত্রীগুরু হইলে অন্যরূপ ধ্যান, যথা—

ওঁ সহস্রারে মহাপদ্মে কিঞ্জল্কগণশোভিতে।
প্রফুল্লপদ্মপত্রাক্ষীং ঘনপীনপয়োধরাম্।
প্রসন্নবদনাং ক্ষীণমধ্যাং ধ্যায়েচ্ছিবাং গুরুম্।
পদ্মরাগসমাভাসাং রক্তবস্ত্রসুশোভনাম্।
রক্তকুঙ্কুমপাণিঞ্চ রক্তনূপুরশোভিতাম্।
স্থলপদ্মপ্রতীকাশপাদপদ্মবিশোভিতাম্।
স্বনাথবামভাগস্থাং বরাভয়করাম্বুজাম্॥

ধ্যানান্তে পুরুষ-গুরুকে শিবস্বরূপ ও স্ত্রীগুরুকে শক্তিস্বরূপা চিন্তা করিয়া পঞ্চোপচারে মানসপূজা করিবে, যথা—

ঐঁ লং ভূম্যাত্মকং গন্ধং অমুকশর্ম্মানন্দনাথগুরবে সমর্পয়ামি নমঃ (দেহের পার্থিব অংশ গন্ধ কল্পনা করিবে)। ঐঁ হং আকাশাত্মকং পুষ্পং অমুকেত্যাদি সমর্পয়ামি নমঃ (পাঞ্চভৌতিক শরীরের আকাশভাগ পুষ্প ভাবিয়া সমর্পণ করিবে)। ঐঁ যং বায়্বাত্মকং ধূপম অমুকানন্দেত্যাদি সমর্পয়ামি নমঃ—(দেহের বায়ুভাগ ধূপভাবে সমর্পণ করিবে)। ঐঁ রং বহ্ন্যাত্মকং দীপং অমুকেত্যাদি সমর্পয়ামি নমঃ (দেহের অগ্নিভাগ দীপভাবে সমর্পণ করিবে)। ঐঁ বং অমৃতাত্মকং নৈবেদ্যং অমুকেত্যাদি নমঃ (শিরঃস্থিত সহস্রদলকমলবিনির্গত সুধা নৈবেদ্যভাবে সমর্পণ করিবে)। ঐঁ সর্ব্বাত্মকং তাম্বূলং অমুকেত্যাদি তাম্বূলভাবে দান করিবে। পুনর্ধ্যানান্তে এতৎ পাদ্যং ঐঁ শ্রীগুরবে নমঃ, এই মন্ত্রে দশোপচারে পূজান্তে ঐঁ এই মন্ত্র যথাশক্তি জপ করিয়া জপসমর্পণ মন্ত্রে (ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদাৎ ত্বয়ি স্থিতে) জপ সমর্পণান্তে গুরুপ্রণাম মন্ত্রে প্রণাম করিবে।

## বিস্তৃত গুরু-পূজা।

প্রথমে আচমনান্তে নিম্নোক্ত ধ্যান করিয়া মানসপূজা করিবে, যথা—

শিরসি সহস্রদলকমলাবস্থিতং শ্বেতবর্ণং দ্বিভুজম্।
বরাভয়করং শ্বেতমাল্যানুলেপনং স্বপ্রকাশরূপম্।
স্ববামস্থিতসুরক্তশক্ত্যা স্বপ্রকাশস্বরূপয়া সহিতং গুরুম্॥

স্ত্রীগুরু হইলে নিম্নলিখিতরূপে ধ্যান করিবে, যথা—

সহস্রারে মহাপদ্মে কিঞ্জল্কগণশোভিতে।
প্রফুল্লপদ্মপত্রাক্ষীং ঘনপীনপয়োধরাম্।
প্রসন্নবদনাং ক্ষীণমধ্যাং ধ্যায়েচ্ছিবাং গুরুম্।
পদ্মরাগসমাভাসাং রক্তবস্ত্রসুশোভনাম্।
রক্তকুঙ্কুমপাণিঞ্চ রক্তনূপুরশোভিতাম্।
স্থলপদ্মপ্রতীকাশ-পাদপদ্মবিশোভিতাম্।
শরদিন্দুপ্রতীকাশাং রক্তোদ্ভাসিতকুণ্ডলাম্।
স্বনাথবামভাগস্থাং বরাভয়করাম্বুজাম্॥

কূর্ম্মমুদ্রাযোগে একটি পুষ্প লইয়া এইরূপে ধ্যান করত আপন মস্তকে দিয়া মানসপূজা করিবে। (মানসপূজাস্থলে পুষ্প আবশ্যক হয় না, মনে মনেই সমস্ত কার্য্য শেষ করিবে।)

মানসপূজা।—এইরূপ ধ্যানান্তে গুরুদেবকে সদাশিবমূর্ত্তি এবং স্ত্রীগুরু হইলে শক্তিমূর্ত্তি চিন্তা করত মানসপঞ্চোপচারে অর্চ্চনা করিবে। যথা—"ঐঁ লং ভূম্যাত্মকং গন্ধং শ্রীঅমুকানন্দনাথগুরবে* সমর্পয়ামি" বাক্যে স্বদেহস্থ পার্থিবাংশ গন্ধরূপে কল্পনা করত গন্ধমুদ্রা দেখাইবে; "ঐঁ হং আকাশাত্মকং পুষ্পং শ্রীঅমুকানন্দনাথগুরবে সমর্পয়ামি" বলিয়া দেহস্থ আকাশকে পুষ্প-রূপে কল্পনা করত পুষ্পমুদ্রা দেখাইবে; "ঐঁ যং বায়্বাত্মকং ধূপং শ্রীঅমুকা-নন্দনাথগুরবে সমর্পয়ামি" বলিয়া দেহস্থ বায়ুকে ধূপরূপে কল্পনা করত ধূপ-মুদ্রা দেখাইবে এবং "ঐঁ রং বহ্ন্যাত্মকং দীপং শ্রীঅমুকানন্দনাথগুরবে সমর্পয়ামি" বলিয়া দেহস্থ বহ্নিকে দীপরূপে কল্পনা করত দীপমুদ্রা দেখাইবে এবং "বং জলাত্মকং নৈবেদ্যং ঐং শ্রীঅমুকানন্দনাথগুরবে সমর্পয়ামি" বলিয়া দেহস্থ জলীয় অংশ নৈবেদ্যরূপে কল্পনা করত নৈবেদ্যমুদ্রা দেখাইবে। তৎপরে করন্যাস ও অঙ্গন্যাস করিতে হয়।

করন্যাস।—"গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" বলিয়া দুই হস্তেরই বৃদ্ধাঙ্গুলীর উপর তর্জ্জনীদ্বয়, "গীং তর্জ্জনীভ্যাং স্বাহা" বলিয়া তর্জ্জনীর উপর অঙ্গুষ্ঠ, "গূং মধ্যমাভ্যাং বষট্" বলিয়া মধ্যমার উপর অঙ্গুষ্ঠ, "গৈং অনামিকাভ্যাং হুং" বলিয়া অনামিকার উপর অঙ্গুষ্ঠ এবং "গৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্" বলিয়া

* যে যে স্থলে "শ্রীঅমুকানন্দনাথ" আছে, তত্তৎস্থলেই নিজ গুরুদেবের নাম উচ্চার্য্য।

উভয় হস্তের কনিষ্ঠার উপর অঙ্গুষ্ঠদ্বয় স্থাপন করিবে। পরে "গঃ করতল-পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামকরের পৃষ্ঠ ও তলদেশ স্পর্শ পূর্ব্বক তালি দিবে। তৎপরে অঙ্গন্যাস করিতে হয়।

অঙ্গন্যাস।—"গাং হৃদয়ায় নমঃ" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামিকার অগ্র দ্বারা হৃদয়, "গীং শিরসে স্বাহা" বলিয়া তর্জ্জনী ও মধ্যমার অগ্র দ্বারা মস্তক, "গূং শিখায়ৈ বষট্" বলিয়া অঙ্গুষ্ঠাগ্র দ্বারা শিখা, "গৈং কবচায় হুং" বলিয়া দক্ষিণহস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা বামস্কন্ধ ও বামহস্তের পঞ্চাঙ্গুলীর অগ্র দ্বারা দক্ষিণস্কন্ধ এবং "গৌং নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া দক্ষিণ-হস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামার অগ্র দ্বারা ক্রমান্বয়ে নেত্রদ্বয় ও নাসামূল স্পর্শ করিবে। পরে "গঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া দক্ষিণহস্তের তর্জ্জনী ও মধ্যমা যোগ করত বামহস্তের পৃষ্ঠ ও তল স্পর্শ করিয়া তালি দিবে।

পূজা।—তৎপরে পুনর্ব্বার ধ্যান করিয়া পঞ্চোপচারে বা দশোপচারে পূজা করিবে। "ঐং শ্রীগুরবে নমঃ" মন্ত্রে সমস্ত উপচার দিবে। তৎপরে পুনর্ব্বার উপরি-উক্তরূপে করাঙ্গন্যাস করিয়া গুরুপংক্তি নমস্কার করিবে।

গুরুপংক্তি-নমস্কার ও জপবিসর্জ্জন।—করপুটে বামে "ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ," দক্ষিণে "ওঁ গণপতয়ে নমঃ"; মধ্যে "ঐঁ শ্রীগুরবে নমঃ।" এইরূপে প্রণাম করত * "ঐঁ" মূলমন্ত্র একশত আটবার জপান্তে "গুহ্যাতিগুহ্য" ইত্যাদি মন্ত্রে জপ বিসর্জ্জন করিবে।

গুরুপ্রণাম।—তৎপরে গুরুদেবকে প্রণাম করিবে, যথা—

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
নমোঽস্তু গুরবে তস্মৈ ইষ্টদেবস্বরূপিণে।
যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসারসংজ্ঞিতম্॥

* অন্যান্য দেবপূজার সময় তত্তদ্দেবতার মূলমন্ত্রযুক্ত নাম উচ্চার্য্য।

পরে "প্রহ্লাদানন্দনাথায় গুরবে নমঃ, সনকানন্দনাথায় গুরবে নমঃ, কুমারানন্দনাথায় গুরবে নমঃ, বশিষ্ঠানন্দনাথায় গুরবে নমঃ, ক্রোধানন্দনাথায় গুরবে নমঃ, সুখানন্দনাথায় গুরবে নমঃ, বোধানন্দনাথায় গুরবে নমঃ" এই প্রকারে প্রণাম করিয়া গুরুর স্তব, কবচ ও গুরুগীতা পাঠ করিতে হয়।

গুরুপাদুকাপূজা।

ঐঁ হ্রীঁ শ্রীঁ হ স খ ফ্রেং হ স ক্ষ ম ল ব র যূং হ স ক্ষ ম ল ব র যীং হে সৌঃ শ্রীঅমুকানন্দনাথগুরো শ্রীঅমুকীদেব্যম্ব * শ্রীগুরুপাদুকাং পূজয়ামি।

## কুণ্ডলিনীপূজা।

মেরুদণ্ডের বামে ইড়া, দক্ষিণে পিঙ্গলা ও মধ্যভাগে সুষুম্না নাড়ী বিদ্যমান। তন্মধ্যে সুষুম্নার গ্রন্থিতে যথাক্রমে মূলাধারপদ্ম, স্বাধিষ্ঠানপদ্ম, মণিপূরকপদ্ম, অনাহতপদ্ম, বিশুদ্ধপদ্ম ও আজ্ঞাপদ্ম অবস্থিত আছে। মূলাধারপদ্ম চতুর্দ্দল ও রক্তবর্ণ, মলদ্বারের চতুরঙ্গুলী উর্দ্ধে এই পদ্ম অবস্থিত। ঐ পদ্মের বীজ-কোষে ত্রিকোণ একটি চক্র আছে, তন্মধ্যে স্বয়ম্ভুলিঙ্গ অধোবদনে অবস্থিতি করিতেছেন। কুলকুণ্ডলিনীশক্তি ঐ স্বয়ম্ভুলিঙ্গকে বেষ্টন পূর্ব্বক বিরাজিতা রহিয়াছেন। তিনি সার্দ্ধত্রিবলয়বেষ্টিনী, নিদ্রিতভুজগাকারা, অতি সূক্ষ্মতমা, শতকোটি-তড়িদ্বৎকান্তিমতী, দ্বাদশাঙ্গুলসন্নিভা এবং ইষ্টদেবীস্বরূপিণী। তিনি ধ্যানগম্যা, সাধারণ নেত্রের গোচরীভূতা নহেন।

"হুঁ" বা "হংসঃ" (বৈষ্ণবগণ এই স্থলে "সোঽহং" উচ্চারণ করিবেন) এই মন্ত্র উচ্চারণ করিয়া মূলাধারের ত্রিকোণস্থিত বহ্নি প্রজ্বালন করত কুণ্ডলিনী শক্তিকে জাগরিতা করিবে এবং সুষুম্নাভ্যন্তর দিয়া সহস্রদলকমলস্থ পরমশিবে সংযোজিত করিবে। তদনন্তর পুনর্ব্বার "সোঽহং" মন্ত্রে (বৈষ্ণবেরা এই স্থলে "হংসঃ" উচ্চারণ করিবেন) সুষুম্নামার্গে মূলাধারে সংস্থাপন করত মনে মনে নিম্নলিখিতরূপে ধ্যান ও পূজা করিবে, যথা—

ধ্যায়েৎ কুণ্ডলিনীং সূক্ষ্মাং মূলাধারনিবাসিনীম্।
তামিষ্টদেবতারূপাং সার্দ্ধত্রিবলয়ান্বিতাম্।
কোটিসৌদামিনীভাসাং স্বয়ম্ভুলিঙ্গবেষ্টিতাম্॥

---

* শ্রীঅমুকানন্দ স্থলে স্বীয় গুরুদেবের নাম এবং শ্রীঅমুকী দেবী স্থানে স্বীয় ইষ্টদেবীর নাম উচ্চার্য্য।

এই প্রকারে ধ্যান করিয়া "ঐঁ" মন্ত্রে গন্ধ,পুষ্প,ধূপ,দীপ,নৈবেদ্য ও পানীয় প্রদান পূর্ব্বক অষ্টোত্তরশতবার "ঐঁ" মন্ত্র জপ করিয়া ইষ্টদেবতার নমস্কার মন্ত্রে নমস্কার করিবে। পরে ঐরূপে গন্ধাদি দ্বারা ইষ্টদেবতার মানসপূজা করিয়া অষ্টোত্তরশত মূলমন্ত্র জপ করত গুহ্যাতিগুহ্য ইত্যাদি মন্ত্রে জপ বিসর্জ্জন করিবে। অনন্তর ইষ্টদেবতার প্রণামমন্ত্রে প্রণাম করিবে।

## তৃতীয়যামার্দ্ধকৃত্য।

[ ৯টা হইতে ১০৷৷টার মধ্যে করণীয় ]

অর্থসাধন।

তদনন্তর তৃতীয়-যামার্দ্ধে পোষ্যবর্গের * ভরণপোষণার্থ স্বীয় বৃত্তি দ্বারা অর্থোপার্জ্জন করিতে হয়। শূদ্রগণ দ্বিতীয় ও তৃতীয় যামার্দ্ধেই অর্থোপার্জ্জন করিবে।

## চতুর্থযামার্দ্ধকৃত্য।

[ ১০৷৷টা হইতে ১২টার মধ্যে করণীয় ]

তৈলমর্দ্দন, মধ্যাহ্নস্নান ও তর্পণাদি।

প্রাতঃস্নানবিধি অনুসারেই মধ্যাহ্নস্নান করিতে হয়, তবে এইমাত্র প্রভেদ যে, প্রাতঃস্নানে তৈলমর্দ্দন নিষিদ্ধ, মধ্যাহ্নস্নানে তৈলমর্দ্দন করিবে।

তৈলমর্দ্দনবিধি—উপবিষ্ট হইয়া কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ দ্বারা কিঞ্চিৎ তৈল-গ্রহণ পূর্ব্বক "অশ্বত্থাম্নে নমঃ" এই মন্ত্রে মাটীতে তিনবার ফেলিয়া দিবে। তৎপরে অগ্রে বামপদে, তদনন্তর দক্ষিণপদে, পরে মস্তকে এবং শেষে অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গে তৈল মর্দ্দন করিবে। ক্ষত্রিয়েরা প্রথমে দক্ষিণ কর্ণে, বৈশ্যেরা

* মাতা, পিতা, গুরু, ভার্য্যা, দরিদ্র, প্রজা, অগ্নি, আশ্রিত, অভ্যাগত ব্যক্তি ও অতিথি ইহাদিগকে পোষ্যবর্গ কহে। প্রমাণ যথা—

মাতা পিতা গুরুর্ভার্য্যা প্রজা দীনাঃ সমাশ্রিতাঃ।
অভ্যাগতোঽতিথিশ্চাগ্নিঃ পোষ্যবর্গ উদাহৃতঃ॥

পরন্তু অগ্নি কেবল সাগ্নিক ব্যক্তির পক্ষেই বুঝিতে হইবে।

দক্ষিণপদে এবং শূদ্রেরা মস্তকে তৈল মাখিয়া পরে অন্যান্য অবয়বে মর্দ্দন করিবে। মস্তকে, কর্ণে ও পদতলে বিশেষরূপে* তৈল মর্দ্দন করা উচিত।

তৈলমর্দ্দনান্তে যথানিয়মে স্নান, বস্ত্র-পরিবর্ত্তন, শিখাবন্ধন ও তিলকধারণ করত মধ্যাহ্নকালীন বৈদিকী ও তান্ত্রিকী সন্ধ্যা করিতে হয়। শূদ্র ও স্ত্রী-লোকেরা বৈদিকী সন্ধ্যা করিবে না। অনন্তর ব্রহ্মযজ্ঞ ও প্রাতঃস্নানকালে তর্পণ না হইলে তর্পণ করিয়া অবশিষ্ট মধ্যাহ্নকৃত্য করিবে। †

গীতাপাঠ।—অনন্তর অন্ততঃ গীতার একটি অধ্যায়ও পাঠ্য। প্রমাণ যথা—

অহন্যহনি যো মর্ত্ত্যো গীতাধ্যায়ন্তু সংপঠেৎ।
দ্বাত্রিংশদপরাধৈশ্চ অহন্যহনি মুচ্যতে॥

তে চাপরাধা যথা

ভগবদ্ভক্তানাং ক্ষত্রিয়সিদ্ধান্নভোজনম্ (১), অনিষিদ্ধদিনে দন্তধাবন-মকৃত্বা বিষ্ণোরুপসর্পণম্ (২), মৈথুনং কৃত্বা অস্নাত্বা বিষ্ণোরুপসর্পণম্ (৩),

---

যে ব্যক্তি প্রতিদিন অন্ততঃ গীতার এক অধ্যায়ও পাঠ করে, সে নিম্ন-কথিত বত্রিশ প্রকার অপরাধ ও অন্যান্য অপরাধ হইতে মুক্ত হয়, যথা—

ভগবদ্ভক্তের ক্ষত্রিয়াদি নিকৃষ্ট বর্ণের পক্বান্ন ভোজন (১), নিষিদ্ধদিন ব্যতীত অন্যদিনে দন্তধাবন না করিয়া বিষ্ণুগৃহে গমন (২), মৈথুনান্তে

---

* আয়ুর্ব্বেদেও লিখিত আছে যে,—মস্তকে, কর্ণে ও পদে বিশেষরূপে তৈলমর্দ্দন করিবে। প্রত্যহ তৈলাভ্যঙ্গ করিলে শ্রম, বাতদোষ ও জরা বিদূরিত হয়, প্রমাণ যথা—

অভ্যঙ্গমাচরেন্নিত্যং স জরাশ্রমবাতহা।
শিরঃশ্রবণপাদেষু তং বিশেষেণ শীলয়েৎ॥

আমাদিগের দেশের আধুনিকগণ ইংরাজীশিক্ষায় শিক্ষিত হইয়া তৈলব্যবহার একরূপ পরিত্যাগ করিয়াছেন বলিলেও অত্যুক্তি হয় না; কিন্তু তাহাতে স্বাস্থ্যের হানিই দেখিতে পাওয়া যায়। ইয়োরোপের উত্তরাংশ শীতপ্রধান দেশ বলিয়া তত্রত্য অধিবাসিগণ গাত্রবস্ত্র খুলিয়া থাকিতে সমর্থ হয় না, সুতরাং তথায় কোনপ্রকার তৈলব্যবহার প্রচলিত নাই। পরন্তু ইয়োরোপের অধিকাংশ স্থলেই সাবান ব্যবহৃত হয়। সাবানে তৈল বা বসা প্রভৃতি তৈলবৎ পদার্থ আছে; কাজে কাজেই উহা ব্যবহারে একরূপ তৈলব্যবহারই হইয়া থাকে। প্রাচীন কালে গ্রীক, রোমীয় ও য়িহুদীরাও তৈল সেবন ও ব্যবহার করিত।

† চতুর্থ যামার্দ্ধের করণীয় যাহা বিবৃত হইল, দেড় ঘণ্টার মধ্যে এতগুলি কার্য্য সম্পাদন করা অনেকের বিবেচনায় কঠিন বলিয়া বোধ হয়; কিন্তু অভ্যস্ত হইলে দেড় ঘণ্টার কথা দূরে থাকুক, একঘণ্টার মধ্যে নিষ্পন্ন হইতে পারে। তবে কথা এই যে, আধুনিক ব্যক্তিগণের পক্ষে অনেকেই বেলা সাড়ে দশ ঘটিকার মধ্যে আহারাদি সমাপন পূর্ব্বক কর্মস্থলে গমন করেন। সুতরাং তাঁহারা তৃতীয় যামার্দ্ধ হইতেই আরম্ভ করিয়া মধ্যাহ্ন-সন্ধ্যা ও দেবার্চ্চনাদি সম্পন্ন করিয়া থাকেন। বস্তুতঃ একযামার্দ্ধকৃত্য কারণবশতঃ অন্য যামার্দ্ধে নির্ব্বাহিত হইলে তত দোষাবহ হয় না। স্মার্ত্তশিরোমণি রঘুনন্দনও বলিয়া গিয়াছেন—

অত্রাপ্রত্যাখ্যেয়কর্ম্মানুরোধেন প্রধানকালাদন্যত্রাপি কালান্তরে কর্ম্মানুষ্ঠানমিতি।

"ওঁ বহ্নের্যোগপীঠায় নমঃ" মন্ত্রে অর্চ্চনা করত চারিদিকে "ওঁ বামায়ৈ নমঃ, ওঁ জ্যেষ্ঠায়ৈ নমঃ, ওঁ রৌদ্র্যৈ নমঃ, ওঁ অম্বিকায়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিবে।

তৎপরে মূলমন্ত্রপাঠ সহকারে 'অমুকদেবতাকুণ্ডায় নমঃ' বলিয়া কুণ্ডের পূজা করত তাহার নিম্নে বাগীশ্বরীকে তত্তদ্দেবতারূপা ঋতুমতী ধ্যান করিয়া দ্বিজাতিগৃহ হইতে বহ্নি আনয়ন করত বৌষড়ন্ত মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক উহা অভিমন্ত্রিত করিয়া নিরীক্ষণ করিবে। অনন্তর "ফট্" মন্ত্রে অগ্নির আবাহন করিয়া মূলমন্ত্রান্তে "হূং ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা" বলিয়া ক্রব্যাদাংশ ত্যাগ করিবে। ফট্ মন্ত্রে কুশ দ্বারা তাড়ন, ফট্ মন্ত্রে প্রোক্ষণ, হূং মন্ত্রে অভ্যুক্ষণ, বীক্ষণাদি দ্বারা সংস্করণ, রং বীজে উদ্ধরণ, রং মন্ত্রে সংরক্ষণ, হূং মন্ত্রে অবগুণ্ঠন, বং মন্ত্রে ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ এবং অবশেষে বাহুযুগল দ্বারা উত্তোলন পূর্ব্বক কুণ্ডোপরি বারত্রয় ভ্রামিত করিয়া কুণ্ডে স্থাপন করিবে।

পরে 'হ্রীং বহ্নিমূর্ত্তয়ে নমঃ' বলিয়া অর্চ্চনা, 'রং বহ্নিচৈতন্যায় নমঃ' বলিয়া চৈতন্যসংযোজন ও 'ওঁ চিৎ পিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্ব্বজ্ঞাজ্ঞাপয় স্বাহা' বলিয়া বহ্নি প্রজ্বালিত করিয়া নিম্নলিখিত মন্ত্রে অগ্ন্যুপস্থান করিবে, যথা—

ওঁ অগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্।
সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্॥

তদনন্তর "অগ্নে ত্বং অমুকনামাসি" মন্ত্রে বহ্নির নামকরণ করিয়া "ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা" বলিয়া অর্ঘ্যাদি দ্বারা অর্চ্চনা করত নিম্নকথিত মন্ত্র কয়টি দ্বারাও ঐরূপে পূজা করিবে, যথা—

ওঁ অগ্নের্হিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ, ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় ইত্যাদ্যগ্নিষড়ঙ্গেভ্যো নমঃ, ওঁ অগ্নয়ে জাতবেদসে ইত্যাদ্যষ্টমূর্ত্তিভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, (তদ্বহিঃ) ওঁ পদ্মাদ্যষ্টনিধিভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ, (তদ্বাহ্যে) ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ॥

'সংখ্যাও অল্প এবং আহবনীয় দ্রব্যও মহামূল্য বা দুষ্প্রাপ্য নহে। শাস্ত্রেও লিখিত আছে, যথা—

গৃহমেধিনা যদশনীয়ং তস্য
হোমাবলয়শ্চ স্বস্বপুষ্টিসংযুক্তাঃ।

অর্থাৎ গৃহীর আহারীয় যাহা, তাহার হবনীয় পোষণকারী দ্রব্যও তাহাই হইবে। বিশেষতঃ জলেও আহুতি প্রদান হোমক্রিয়ার স্থানীয় হইতে পারে। কেন না, শাস্ত্রেও আছে যে, "জুহুয়াদম্বুনাপি চ।" সুতরাং এ প্রকার অনায়াসসাধ্য অনুষ্ঠানটি যে লোপ পায়, ইহার প্রতি যে প্রায় কেহই সেরূপ আস্থা প্রদর্শন করেন না, ইহা যার পর নাই দুঃখের বিষয়।

তৎপরে প্রাদেশপ্রমাণ কুশপত্রদ্বয় ঘৃতমধ্যে নিক্ষেপ করত সব্য, দক্ষিণ ও মধ্যভাগে ইড়া, পিঙ্গলা ও সুষুম্নাকে ধ্যান করত স্রুব দ্বারা ঘৃত লইয়া "ওঁ অগ্নয়ে স্বাহা' মন্ত্রে অগ্নির দক্ষিণচক্ষুতে এবং বামভাগ হইতে ঘৃত লইয়া "ওঁ সোমায় স্বাহা" মন্ত্রে বামচক্ষুতে হোম করিবে। তৎপরে মধ্যস্থল হইতে ঘৃত লইয়া 'ওঁ অগ্নীষোমাভ্যাং স্বাহা' মন্ত্রে অগ্নির ললাটনেত্রে এবং 'নমঃ' মন্ত্রে দক্ষিণাংশ হইতে ঘৃত লইয়া "ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা" মন্ত্রে অগ্নির মুখে হোম করিবে। অনন্তর "ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা" এই মন্ত্রে মহাব্যাহৃতি হোমান্তে নিম্নোক্ত মন্ত্রে বারত্রয় আহুতি দিবে, যথা—

"ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা।"

তদনন্তর মূলমন্ত্র দ্বারা বহ্নির মুখদেশে পঞ্চবিংশতি ঘৃতাহুতি দিয়া অগ্নি ও দেবতার সহ আত্মার ঐক্য চিন্তা করিবে। পরে মূলমন্ত্র দ্বারা একাদশ ঘৃতাহুতি দিয়া "ওঁ মূলমন্ত্রস্য অঙ্গদেবতাভ্যঃ স্বাহা" মন্ত্রে একটি আহুতি প্রদান, "ওঁ মূলদেবতায়া আবরণদেবতাভ্যঃ স্বাহা" এই মন্ত্রে অপর একটি আহুতি প্রদান করিবে। পরে মূলমন্ত্রান্তে স্বাহা যোগ করত ১০৮ বা ২৮ বা ৮টি যথোক্ত বিল্বপত্র প্রভৃতি সমিধের দ্বারা প্রকৃত হোম করিবে। অনন্তর মূলমন্ত্র দ্বারা পূর্ণাহুতি দিয়া সংহারমুদ্রা দ্বারা ইষ্টদেবতাকে হৃদয়ে আনয়ন করত 'ক্ষমস্ব' মন্ত্রে বিসর্জ্জন করিতে হয়।

## বৈশ্বদেব। *

বৈশ্বদেব ও বলিকর্ম্ম পিতৃমান্ ব্যক্তির ও শূদ্রেরও কর্ত্তব্য। প্রমাণ যথা—"পঞ্চমে চ ততো ভাগে সংবিভাগো যথার্হতঃ। দেবপিতৃমনুষ্যাণাং কীটানাঞ্চোপদিশ্যতে। সংবিভাগং ততঃ কৃত্বা গৃহস্থঃ শেষভুক্ ভবেৎ। অষ্টধা বিভক্তদিনস্য পঞ্চমো ভাগো মুখ্যঃ কালঃ দিবা বৈধকৃত্যস্য পর্য্যুদস্তরাত্রীতরকালো গৌণঃ, অতএব—সায়ং প্রাতর্বৈশ্বদেবঃ কর্ত্তব্যো বলিকর্ম্ম চ। অনশ্নতাপি কর্ত্তব্যমন্যথা কিল্বিষী ভবেৎ॥ অতিথ্যাদ্যনুরোধেন পাকসত্ত্ব এব সায়ম্। পাকসত্ত্ব এব রাত্রৌ বৈশ্বদেববলিকর্ম্মণী দিবা তু সর্ব্বথৈব ইতি স্মার্ত্তঃ॥"

* বৈশ্বদেবকর্ম্ম আর কিছুই নহে, প্রকারান্তরে বিষ্ণুর আরাধনা মাত্র। যাহা সমষ্টিভাবে বিষ্ণু বলিয়া অভিহিত, তাহাই ব্যষ্টিভাবে বিশ্বদেব শব্দে কীর্ত্তিত। মধ্যাহ্নে ও সায়ংকালে অতিথিসৎকার আবশ্যক হইলে বৈশ্বদেবকর্ম্ম ও বলিকর্ম্ম না করিয়া আহার করিলে পাপভাগী হইতে হয়।

বৈশ্বদেব ও বলিকর্ম্মের প্রথমারম্ভদিনে স্বীয় বেদবিহিত নিয়মে একটি আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয়।* যে দিন গৃহী পার্ব্বণশ্রাদ্ধাদি করিবে, সে দিন তাহার অন্তে বৈশ্বদেব ও বলিকর্ম্ম করিবে। নিত্যকৃত্যে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয় না। তৎপরে পূর্ব্বমুখে দক্ষিণজানু পাতিত করিয়া উপবেশন করত যথাবিধানে অগ্নিস্থাপন পূর্ব্বক কিংবা জলে দেবতীর্থযোগে সঘৃত অন্ন, সঘৃত পরমান্ন কিংবা জলযুক্ত আতপতণ্ডুল বা যব দ্বারা হোম করিতে হয়। ইহার মন্ত্র যথা—

ওঁ ভূঃ স্বাহা। ওঁ ভুবঃ স্বাহা। ওঁ স্বঃ স্বাহা। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ওঁ দেবকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ পিতৃকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ মনুষ্যকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ আত্মকৃতস্যৈনসোঽবযজনমসি স্বাহা। ওঁ যদ্দিবা চ নক্তঞ্চৈনশ্চ কৃতমস্তাবযজনমসি স্বাহা। ওঁ যদ্বিদ্বাংশ্চাবিদ্বাংশ্চৈনশ্চ কৃতমস্তাবযজনমসি স্বাহা। ওঁ এনস এনসোঽবযজনমসি স্বাহা॥

প্রত্যেক মন্ত্র দ্বারা পৃথক্ পৃথক্ হোম করিতে হয়। মতান্তরে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে, "ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যো নমঃ" এই মন্ত্রে পূজাবিধি-প্রণালীতে ষোড়শোপচারে, দশোপচারে বা পঞ্চোপচারে করিলেও বৈশ্বদেব-কর্ম্ম সমাহিত হয়। মহাগুরুনিপাতের অশৌচান্ত দ্বিতীয় দিনে বৈশ্বদেব ও বলিকর্ম্মের প্রথমারম্ভে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হইবে না। পূর্ব্ব হইতে আরব্ধ বৈশ্বদেব ও বলিকর্ম্মে মহাগুরুনিপাতাশৌচেও কর্ত্তব্যতা আছে। মহাগুরুনিপাতজন্য দেহাশৌচে বৈশ্বদেব ও বলিকর্ম্মের প্রতিবন্ধ নাই।

## বলিকর্ম্ম। †

পূর্ব্ব হইতে পশ্চিমদিকে জলসেচন পূর্ব্বক একটি রেখা অঙ্কিত করিয়া তদুপরি "ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যো নমঃ" বলিয়া বলি (অন্নাদি) সমর্পণ করিবে।

* জীবৎপিতৃক ব্যক্তির পক্ষে নিষেধ।

† সকলকে আহার প্রদান না করিয়া গৃহী কদাচ স্বয়ং আহার করিতে পারে না। [র।] গৃহীই নিখিল জীবের আশ্রয়। এই কারণেই বলির ব্যবস্থা হইয়াছে। শাস্ত্রেও লিখিত আছে,—

ভুবি ভূতোপকারায় গৃহী সর্ব্বাশ্রয়ো যতঃ।
শ্বচাণ্ডালবিহঙ্গানামন্নং দদ্যাত্ততো নরঃ॥

বস্তুতঃ পুরুষানুক্রমিক এইরূপ সদনুষ্ঠানের ফলেই ভারতবাসী আর্য্যজাতি অপরাপর জাতি

উক্ত মন্ত্রেই উহার উপর কিঞ্চিৎ জল দিতে হয়। তৎপরে প্রথমোক্ত রেখার উত্তরে আর একটি রেখা করিয়া "ওঁ সর্ব্বেভ্যো ভূতেভ্যো নমঃ" বলিয়া বলি ও জল দিবে। অনন্তর দক্ষিণাস্যে বামজানু পাতিয়া উপবেশন করত দক্ষিণ-স্কন্ধে উত্তরীয়স্থাপন পূর্ব্বক একটি রেখা অঙ্কিত করিবে, এবং "ওঁ পিতৃভ্যঃ স্বধা" বলিয়া পিতৃতীর্থ দ্বারা তদুপরি পূর্ব্ববৎ বলি ও জল প্রদান করিবে। পরে উহার উত্তরে আর একটি রেখা অঙ্কিত করিয়া দক্ষিণজানু পাতিত করত উপবেশনান্তে বামস্কন্ধে উত্তরীয়স্থাপন পূর্ব্বক "ওঁ যক্ষন্ নমস্তেঽস্তু মা মা হিংসীঃ" মন্ত্রে বলি প্রদান এবং "ওঁ যক্ষণে নমঃ" মন্ত্রে জল দিবে।

তদনন্তর পূর্ব্বকথিত যক্ষবলির পশ্চিমভাগে জল দ্বারা একটি উত্তরাগ্র রেখা অঙ্কিত করত নিম্নলিখিত মন্ত্রে বলি দিবে, যথা—

ওঁ দেবা মনুষ্যাঃ পশবো বয়াংসি, সিদ্ধাঃ সযক্ষোরগদৈত্যসঙ্ঘাঃ।
প্রেতাঃ পিশাচাস্তরবঃ সমস্তা, যে চান্নমিচ্ছন্তি ময়া প্রদত্তম্॥
পিপীলিকাকীটপতঙ্গকাদ্যা, বুভুক্ষিতাঃ কর্ম্মনিবন্ধবদ্ধাঃ।
প্রয়ান্তু তে তৃপ্তিমিদং ময়ান্নং, তেভ্যো বিসৃষ্টং সুখিনো ভবন্তু॥
যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুর্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি।
তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ, প্রয়ান্তু তৃপ্তিং মুদিতা ভবন্তু॥
ভূতানি সর্ব্বাণি তথান্নমেতৎ, অহঞ্চ বিষ্ণুর্ন যতোঽন্যদস্তি।
তস্মাদহং ভূতনিকায়ভূতমন্নং প্রযচ্ছামি ভবায় তেষাম্॥
চতুর্দ্দশো ভূতগণো য এষ, যত্র স্থিতা যেঽখিলভূতসঙ্ঘাঃ।
তৃপ্ত্যর্থমন্নং হি ময়া বিসৃষ্টং, তেষামিদং তে মুদিতা ভবন্তু॥

বলিপ্রদানান্তে "ওঁ দেবাদিভ্যো নমঃ" মন্ত্রে তদুপরি কিঞ্চিৎ জল দিয়া ভূমিতেও কিঞ্চিৎ জলের ছিটা দিবে। পরে "ওঁ চাণ্ডালপতিতপাপরোগিভ্যো নমঃ, ওঁ ধর্ম্মরাজচিত্রগুপ্তাভ্যাং নমঃ, ওঁ বায়সেভ্যো নমঃ", এই তিন মন্ত্রে ভূতলে জল দিতে হয়।

অপেক্ষা দয়ার্দ্র, পরার্থজীবী ও হিংসাদ্বেষবিহীন হইয়াছেন। এই প্রকার শাস্ত্রবিহিত সদনুষ্ঠানের দ্বারা সর্ব্বভূতে দয়ার ও পরোপকারিতার অভ্যাস যেরূপ সাধিত হয়, অন্যজাতির পক্ষে তাহা হৃদয়ঙ্গম করা দূরে থাকুক, উহা তাহাদিগের কল্পনাশক্তিরও অগোচর।

তৎপরে নিম্নলিখিত মন্ত্রটি পাঠ করিয়া "ওঁ বায়সেভ্যো নমঃ" উচ্চারণ করত বলি দিবে, যথা—

ঐন্দ্রবারুণবায়ব্যাঃ সৌম্যা বৈ নৈঋর্তাস্তথা।

বায়সাঃ প্রতিগৃহ্ণন্তু ভূমৌ পিণ্ডং * ময়ার্পিতম্॥

তদনন্তর নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে "ওঁ শ্বভ্যাং নমঃ" বলিয়া বলি দিবে, যথা—

শ্বানৌ দ্বৌ শ্যাবশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।

তাভ্যাং পিণ্ডং প্রযচ্ছামি স্যাতামেতাবহিংসকৌ॥

এইরূপে বলি প্রদান করিয়া অতিথিসৎকার (নৃযজ্ঞ) করিতে হয়। বলি-ক্রিয়ার পূর্ব্বে কোন ভিক্ষুক উপস্থিত হইলে তাহাকে যথাসাধ্য ভিক্ষা দিবে। পথিক, ক্ষীণবৃত্তি ব্যক্তি, বিদ্যার্থী, ব্রহ্মচারী, গুরুপোষক ও যতি, এই সকল ব্যক্তির নাম ভিক্ষুক।

## অতিথিসৎকার।

বলি সমাধানান্তে অতিথি-সৎকার করাই আর্য্যজাতির প্রধানতম নিত্য-কর্ম্ম। অভ্যাগত ব্যক্তিকে ব্রহ্মার স্বরূপ জ্ঞান করাই গৃহীর কর্ত্তব্য। যথা—

হিরণ্যগর্ভবুদ্ধ্যা তং মন্যেতাভ্যাগতং গৃহী।

অতিথি প্রিয় হউক, দ্বেষ্য হউক, মূর্খ হউক, বিদ্বান্ হউক, যেরূপই হউক না কেন, বৈশ্বদেবক্রিয়ার অন্তে যে অতিথি লাভ করা যায়, তাহা হইতে স্বর্গলাভ হইয়া থাকে, যথা—

প্রিয়ো বা যদি বা দ্বেষ্যো মূর্খঃ পণ্ডিত এব বা।

সংপ্রাপ্তো বৈশ্বদেবান্তে সোঽতিথিঃ স্বর্গসংক্রমঃ॥

অতিথি সমাগত হইলে তাহার নিবাস, নাম, কুল, বিদ্যা প্রভৃতি জিজ্ঞাসা করিতে নাই। ঐ সমস্ত জিজ্ঞাসা করিয়া অন্নপ্রদান করিলে অন্নদান নিষ্ফল হয় এবং দাতার স্বর্গলাভের আশা থাকে না, যথা—

দেশং নাম কুলং বিদ্যাং পৃষ্ট্বা যোঽন্নং প্রযচ্ছতি।

ন স তৎফলমাপ্নোতি দত্ত্বা স্বর্গং ন গচ্ছতি॥

---

* "পিণ্ডং শুভম্" ইতি বা পাঠঃ।

## নিত্যশ্রাদ্ধ।*

প্রাচীন শাস্ত্রকারেরা আমাদিগকে ধর্ম্মশীল করিবার জন্য যে সমস্ত উপায় উদ্ভাবন করিয়া গিয়াছেন, তন্মধ্যে পূর্ব্বপুরুষগণের স্মৃতি জাগরূক করাও একটি প্রধানতম উপায় সন্দেহ নাই। এই কারণেই পূর্ব্বপুরুষগণের স্মারক শ্রাদ্ধক্রিয়া বৎসরে বৎসরে সাধনের যেরূপ একটি প্রথা প্রচলিত রহিয়াছে, তদ্রূপ মাসে মাসে, বিশেষ পর্ব্বদিবসে এবং প্রতি দিনেও করিবার নিয়ম আছে। তবে নিত্যশ্রাদ্ধে বিশেষ বাহুল্যানুষ্ঠানের আবশ্যক করে না। নিত্যশ্রাদ্ধে আবাহন, অগ্নৌকরণ, পাত্রালম্ভন, পিণ্ডদান-প্রণালী, দেবপক্ষ স্থাপন ও স্বধাবচন কিছুই করিতে হয় না। পার্ব্বণ-শ্রাদ্ধদিনে আর নিত্য-শ্রাদ্ধ করিতে হয় না। তথাচ শ্রাদ্ধাশক্তৌ কেবলান্নোৎসর্গঃ কার্য্যঃ, তত্রাপ্যশক্তৌ দ্রব্যাভাবে বা কিঞ্চিদন্নং পাত্রে দত্ত্বা ষট্ পিতৄন্ উদ্দিশ্য, অমুক-গোত্র পিতরমুকদেবশর্ম্মন্ অমুক গোত্রপিতামহামুকদেবশর্ম্মন্ অমুকগোত্র প্রপিতামহামুকদেবশর্ম্মন্ অমুকগোত্র মাতামহামুক এবং প্রমাতামহ বৃদ্ধ-প্রমাতামহ এতত্তেঽন্নং স্বধা ইতি মন্ত্রেণ দদ্যাৎ, অপরমন্নং গৃহীত্বা ইদমন্নং

---

* শাস্ত্রোক্ত বিধানে পিতৃকর্ম্মকেই শ্রাদ্ধ বলা যায়; অর্থাৎ পিতৃগণের উদ্দেশ্যে শ্রদ্ধাসহকারে যে অন্নাদি দান, তাহাকেই শ্রাদ্ধ কহে। সুসংস্কৃত ব্যঞ্জন, দধি, দুগ্ধ, ঘৃত এই সমস্ত দ্রব্য শ্রদ্ধা-সহকারে পিতৃগণকে প্রদান করা যায়। এই হেতুই ঐ কর্ম্মকে শ্রাদ্ধ কহে। যথা—

সংস্কৃতব্যঞ্জনাঢ্যঞ্চ পয়োদধিঘৃতান্বিতম্।
শ্রদ্ধয়া দীয়তে যস্মাৎ শ্রাদ্ধং তেন নিগদ্যতে॥

শ্রাদ্ধ দ্বাদশবিধ।—(১) নিত্য, (২) নৈমিত্তিক, (৩) কাম্য, (৪) বৃদ্ধি, (৫) সপিণ্ডন, (৬) পার্ব্বণ, (৭) গোষ্ঠীশ্রাদ্ধ, (৮) শুদ্ধ্যর্থক, (৯) কর্ম্মাঙ্গ, (১০) দৈবিক, (১১) যাত্রার্থ এবং (১২) পুষ্ট্যর্থ। প্রতিদিন যে শ্রাদ্ধ করা যায়, তাহার নাম নিত্য; একোদ্দিষ্ট শ্রাদ্ধকে নৈমিত্তিক কহে; কামনা করিয়া অভিপ্রেতার্থসিদ্ধির জন্য যে শ্রাদ্ধ করা যায়, তাহার নাম কাম্য; বিবাহাদি কর্ম্মকালে কৃত শ্রাদ্ধকে বৃদ্ধিশ্রাদ্ধ কহে; পূর্ণসংবৎসর-ক্রিয়মাণ পার্ব্বণৈকো-দ্দিষ্টেতিকর্ত্তব্যতাকশ্রাদ্ধের নাম সপিণ্ডন অর্থাৎ মৃত্যুর পর একবর্ষ পূর্ণ হইলে পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের মিশ্রীকরণরূপ শ্রাদ্ধকেই সপিণ্ডনশ্রাদ্ধ বলা যায়। অমাবস্যা অথবা পর্ব্বদিন-কৃত শ্রাদ্ধের নাম পার্ব্বণ; বহুবিদ্বন্মণ্ডলীর সম্পৎসুখকামনায় পিতৃগণের তৃপ্ত্যর্থ গোষ্ঠীতে যে শ্রাদ্ধ করা যায়, তাহাকে গোষ্ঠীশ্রাদ্ধ কহে; শুদ্ধার্থ প্রায়শ্চিত্তান্তে শ্রাদ্ধ ও ব্রাহ্মণভোজনের নাম শুদ্ধার্থ শ্রাদ্ধ; নিষেককালে, সীমন্তোন্নয়নে ও পুংসবনসময়ে কৃত শ্রাদ্ধকে কর্ম্মাঙ্গ শ্রাদ্ধ কহে; দেবতার উদ্দেশ্যে শ্রাদ্ধের নাম দৈবিক; দেশান্তরে গমনকালে ঘৃত দ্বারা কৃত শ্রাদ্ধকে যাত্রার্থ শ্রাদ্ধ কহে এবং অর্থোপচয় ও শরীরোপচয়ের জন্য যে শ্রাদ্ধ করা যায়, তাহার নাম পুষ্ট্যর্থ শ্রাদ্ধ। বৃহস্পতির মতে শ্রাদ্ধ পঞ্চবিধ;—নিত্য, নৈমিত্তিক, কাম্য, বৃদ্ধি ও পার্ব্বণ। মৎস্যপুরাণে নিত্য, নৈমিত্তিক ও কাম্য এই ত্রিবিধ শ্রাদ্ধের উল্লেখ আছে।

মনুষ্যেভ্যো হন্ত ইতি মন্ত্রেণ দদ্যাৎ। এই শ্রাদ্ধে পিণ্ডদান, ভোজ্য উৎসর্গ, বিশ্বদেবাবাহন, বলিক্রিয়া কিছুই করিতে হয় না; কেবলমাত্র ষট্‌পিতৃগণকে অর্থাৎ পিতৃপক্ষীয় তিন ও মাতামহপক্ষীয় তিন পুরুষকে স্মরণ করত কিঞ্চিৎ কিঞ্চিৎ অন্ন দিলেই যথেষ্ট হয়। কিঞ্চিৎ জল দিলেও কার্য্য সমাহিত হইতে পারে, যথা—

অহন্যহনি যৎ শ্রাদ্ধং তন্নিত্যমভিধীয়তে।
বৈশ্বদেববিহীনং তদশক্তাবুদকেন তু॥

নৃযজ্ঞ—মনুষ্যদিগের উদ্দেশে উক্ত মন্ত্রে অন্ন দিবে।

গোগ্রাসদান।

আতপতণ্ডুল, দূর্ব্বাপল্লব ও কদলীফল প্রভৃতি লইয়া—

সৌরভেয্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ।
প্রতিগৃহ্নন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্যমাতরঃ॥

অর্থাৎ সকলের হিতকারিণী, পুণ্যতমা, পুণ্যরাশিস্বরূপিণী, ত্রৈলোক্যজননী-রূপা সুরভিনন্দিনীগণ* মদ্দত্ত এই গ্রাস গ্রহণ করুন, এই মন্ত্রে গোগ্রাস প্রদান করিতে হয়।

তদনন্তর নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ পঞ্চভূতে শিবে পুণ্যে পবিত্রে সূর্য্যসম্ভবে।
প্রতীচ্ছেমং ময়া দত্তং সৌরভেয়ি নমোঽস্তু তে॥
নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥

## ভোজন।

ভোজনবিধি এবং ভক্ষ্যাভক্ষ্যনিরূপণ।

পঞ্চমযামার্দ্ধে যতগুলি ক্রিয়ার অনুষ্ঠান করিতে হয়, তন্মধ্যে ভোজনই সর্ব্বাপেক্ষা বৃহৎ ব্যাপার বলিতে হইবে। এই যামার্দ্ধে হোম, বৈশ্বদেব, বলি, অতিথিসেবা, নিত্যশ্রাদ্ধ, গোগ্রাসদান এই সকল কার্য্য শেষ করিয়া তৎপরে অনুষ্ঠেয় ভোজনব্যাপার নির্ব্বাহ করিতে হইবে। পরন্তু যজ্ঞাশী হওয়াই

* সুরভিকন্যা গাভীর প্রতি ভারতবাসী আর্য্যজাতির যে ঐকান্তিক ভক্তি, ইহা দ্বারা তাহাই প্রকাশ পাইতেছে। গোজাতির সম্বন্ধে একটু বিশেষ করিবার জন্যই ভৌতবলি-প্রদানের পর এই গোগ্রাসদানের বিধি নিবদ্ধ হইয়াছে।

শাস্ত্রের বিধি অর্থাৎ যজ্ঞের অবশিষ্টাংশ ভোজন করিবে। আবার বিধি হইল যে, "পঞ্চযজ্ঞান্ন হাপয়েৎ," দেবযজ্ঞ, ভূতযজ্ঞ, ব্রহ্মযজ্ঞ, পিতৃযজ্ঞ ও নরযজ্ঞ * নির্ব্বাহিত না করিলে গৃহীর ভোজন শাস্ত্রমত হইতে পারে না। কিন্তু ভোজন করিতে হইবে বলিয়া যে যাহা তাহা আহার করিবে অথবা যেমন তেমন করিয়া খাইবে, তাহা শাস্ত্রে নিষিদ্ধ। যাহাতে আহারকালেও পাশবভাব বিদ্যমান না থাকে, আর্য্য-ঋষিগণ সেইরূপেই উপদেশ দিয়া গিয়াছেন। যথা—

ইন্দ্রিয়প্রীতিজননং বৃথাপাকং বিবর্জ্জয়েৎ।

অর্থাৎ যাহা কেবলমাত্র ইন্দ্রিয়গ্রামের প্রীতিজনক, তাদৃশ বৃথা পাক পরিত্যাগ করিবে।

প্রাঙ্মুখোঽন্নানি ভুঞ্জীত শুচিঃ পীঠমধিষ্ঠিতঃ।
বিশুদ্ধবদনঃ প্রীতো ভুঞ্জীত ন বিদিঙ্মুখঃ॥

পূর্ব্বাস্য হইয়া অন্ন সেবন করিবে, † তৎকালে পবিত্র আসনে বসিবে, মুখ পরিষ্কার রাখিবে, প্রীতিপূর্ণচিত্তে ভোজন করিবে এবং বিদিঙ্মুখে বসিবে না অর্থাৎ কোণাকুণিভাবে বসিতে নাই।

অপিচ—পঞ্চার্দ্রো ভোজনং কুর্য্যাৎ প্রাঙ্মুখো মৌনমাস্থিতঃ।
হস্তৌ পাদৌ তথৈবাস্যমেষা পঞ্চার্দ্রতা মতা॥

আবার এইরূপ বিধিও নির্দ্দিষ্ট আছে যে, প্রথমতঃ দেহের পাঁচটি অংশ আর্দ্র করিয়া তৎপরে পূর্ব্বাস্য হইয়া উপবেশনপূর্ব্বক আহার করিবে। হস্তদ্বয়, পদদ্বয় ও মুখ, ইহাকেই পঞ্চ অংশ কহে। এই কয়টি অঙ্গ ধৌত করিয়া ভোজনে প্রবৃত্ত হইবে।

---

* অধ্যাপনাকে ব্রহ্মযজ্ঞ, তর্পণকে পিতৃযজ্ঞ, হোমকে দেবযজ্ঞ, বলিকে ভূতযজ্ঞ এবং অতিথিসৎকারকেই নৃযজ্ঞ কহে, যথা—

অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্।
হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনম্॥

† মতান্তরে পুত্রবান্ ব্যক্তি ভিন্ন অন্য সকলে উত্তরমুখে আহার করিতে পারে।

‡ আর্য্যশাস্ত্রে লিখিত আছে যে, আহারের সময় মৌনভাবে থাকিবে, কিন্তু ইয়োরোপখণ্ডে ইহার বিপরীতাচরণ দৃষ্ট হয়। তাঁহারা এইরূপ মত প্রকাশ করেন যে, আহারের সময় কথোপকথন করিলে পরিপাকাদি-ক্রিয়া সুন্দররূপে সমাহিত হইয়া থাকে। আমাদের যুক্তিতে ও বিবেচনায় স্পষ্ট উপলব্ধি হয় যে, কথোপকথন করিলে মুখের লালানিস্রাব কম হইয়া জিহ্বা শুষ্ক হইয়া উঠে। এই কারণেই বোধ হয়, ইয়োরোপবাসীরা আহারকালে ঘন ঘন সুরা বা জল পান

প্রাগ্‌দ্রবং পুরুষোঽশ্নন্ বৈ মধ্যে চ কঠিনানি তু।
পুনরন্তে দ্রবাশী তু বলারোগ্যে ন মুঞ্চতি॥

আহারকালে প্রথমতঃ দ্রবপদার্থ ভোজন করিবে, মধ্যে কঠিনদ্রব্য এবং সর্ব্বশেষে পুনরায় দ্রব-পদার্থ ভোজন করিতে হয়। এই প্রকার করিলে বলের বা স্বাস্থ্যের হানি হয় না। এতদ্ব্যতীত কোন্ রস কোন্ সময়ে সেবন করিতে হয়, তাহারও বিধি শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে, যথা—

অশ্নীয়াত্তন্মনা ভূত্বা পূর্ব্বন্তু মধুরং রসম্।
লবণাম্লৌ তথা মধ্যে কটুতিক্তাদিকং তথা॥

অর্থাৎ তন্মনা হইয়া প্রথমে মধুররস সেবন করিবে, তৎপরে লবণ, তদনন্তর অম্ল এবং অবশেষে কটু ও তিক্তরস সেবন করিবে। *

পূজয়েদশনং নিত্যমদ্যাচ্চৈতদকুৎসয়ন্।
দৃষ্ট্বা হৃষ্যেৎ প্রসীদেচ্চ প্রতিনন্দেচ্চ সর্ব্বশঃ॥

আহারীয় দ্রব্য সম্মুখভাগে উপস্থিত হইলে মনের ভাব যেরূপ হওয়া উচিত, এই শ্লোকে তাহার স্পষ্ট উপলব্ধি হইতেছে অর্থাৎ প্রত্যহ আহারীয় দ্রব্যের আদর করিবে, ভক্ষ্য-দ্রব্যের নিন্দা করিতে নাই, আহারীয় দ্রব্য দর্শনমাত্র পুলকিত হইবে এবং সর্ব্বদা হর্ষযুক্ত হইয়া থাকিবে। ভোজনের পাত্র যে প্রকারে রাখিতে হয়, তাহাও শাস্ত্রে উক্ত আছে, যথা—

উপলিপ্তে সমে স্থানে শুচৌ লঘ্বাসনান্বিতঃ।
চতুরস্রং ত্রিকোণঞ্চ মণ্ডলঞ্চার্দ্ধচন্দ্রকম্।
কর্ত্তব্যমানুপূর্ব্ব্যেণ ব্রাহ্মণাদিষু মণ্ডলম্॥

অর্থাৎ গোময় দ্বারা উপলিপ্ত, সম ও পবিত্র স্থলে লঘু আসনোপরি সমাসীন হইবে এবং চতুরস্র, ত্রিকোণ বৃত্ত ও অর্দ্ধচন্দ্রাকৃতি মণ্ডল আনুপূর্ব্বিক ক্রমে আঁকিয়া বিপ্র, ক্ষত্র, বৈশ্য ও শূদ্র জাতি ভোজন করিবে।

---

করিয়া থাকেন। মুখের লালা শুষ্ক হওয়া আর মধ্যে মধ্যে জল পান করা কখনই পরিপাক-ক্রিয়ার অনুকূল নহে। তবে কথা এই যে, মাংস পরিপাক করিবার জন্য তত লালার আবশ্যক করে না। ইহার আরও একটি স্পষ্ট দৃষ্টান্ত দেখা যায় যে, মাংসাশী জন্তরা আহারকালে গর-গর করিয়া শব্দ করে, উদ্ভিজ্জভোজীরা সেরূপ শব্দ করে না, বরং নিঃশব্দে আহার করিয়া থাকে।

* আমাদিগের দেশে আহারের নিয়ম ঠিক ইহার বিপরীত অর্থাৎ অস্মদ্দেশে প্রথমতঃ তিক্ত, তৎপরে কটু, তদনন্তর লবণ ও অম্ল এবং অবশেষে মধুররস সেবন করা হয়; কিন্তু পঞ্জাব প্রদেশের ব্রাহ্মণেরা অদ্যাপি উপরি-উক্ত শাস্ত্রবিধির অনুবর্ত্তী হইয়া ভোজন-ক্রিয়া সমাহিত করেন।

অপ্যেকপঙ্‌ক্ত্যা নাশ্নীয়াৎ সংবৃত স্বজনৈরপি।
ভস্মস্তম্বজলদ্বারমার্গৈঃ পঙ্‌ক্তিঞ্চ ভেদয়েৎ॥

আত্মীয়জনের সহিতও একপঙ্‌ক্তি হইয়া আহার করিতে নাই। ভস্ম, তৃণ বা জলের অঙ্ক দিয়া পঙ্‌ক্তিভেদ করিয়া লইবেন।*

আহারের সময় প্রথমতঃ পঞ্চ বাহ্য বায়ুর উদ্দেশে ভূতলে কিঞ্চিৎ কিঞ্চিৎ অন্ন দিয়া গণ্ডূষ গ্রহণ করত অন্তর্বায়ু-পঞ্চকের আহুতি দিয়া উৎসর্গীকৃত অন্ন ধীরে ধীরে অঙ্গুলীর পর্ব্বমাত্রযোগে আহার করিবে এবং তৎকালে বাগ্‌যত হইয়া থাকিবে।

প্রশস্তরত্নপাণিস্তু ভুঞ্জীত প্রযতো গৃহী।

প্রশস্তরত্নপাণি হইয়া ভোজন করিবে।

নাশেষং পুরুষোঽশ্নীয়াদন্যত্র জগতীপতে।
মধ্বম্বুদধিসর্পির্ভ্যঃ শক্তুভ্যশ্চ বিবেকবান্॥

পায়স, দধি, ঘৃত ছাতু, ভিন্ন অন্য খাদ্য নিঃশেষভাবে পুরুষ ভোজন করিবে না।

মুনিভির্দ্বিরশনং প্রোক্তং বিপ্রাণাং মর্ত্ত্যবাসিনাং নিত্যম্।
অহনি চ তথা তমস্বিন্যাং সার্দ্ধপ্রহরযামান্তঃ॥

গৃহস্থের পক্ষে প্রতিদিনই দুইবার ভোজন ব্যবস্থা আছে। দিবাতে মধ্যাহ্নে ও রাত্রিতে ১৷৷৹ প্রহর রাত্রি (৯৷৩০) মধ্যে ভোজন করিতে হয়।

দক্ষিণামুখো ন ভুঞ্জীত এবংবিধভোজনমনায়ুষ্যং মাতুরুপদিশতি।

কুহূস্নানং গয়াশ্রাদ্ধং তিলৈস্তর্পণমেব চ।
ন জীবৎপিতৃকঃ কুর্য্যাদ্দক্ষিণামুখ ভোজনম্॥

দক্ষিণমুখ হইয়া ভোজন করিলে মাতার আয়ুঃক্ষয় হয়। এ কারণ মাতৃসত্ত্বে দক্ষিণমুখে ভোজন নিষিদ্ধ।

কেহ কেহ পিতৃসত্ত্বেও দক্ষিণমুখ হইয়া ভোজন নিষেধ করেন।

---

* এখানে ভস্ম শব্দে হোমজাত ভস্ম বুঝিবে; অন্য কোনরূপ ভস্ম হইলে চলিবে না। মহারাষ্ট্রীয় ব্রাহ্মণেরা জলের অঙ্ক দিয়া তদুপরি পঞ্চগুঁড়ি বিন্যাস করত পঙ্‌ক্তিভেদের চিহ্নগুলি পরম সুন্দর করিয়া থাকেন।

একপঙ্‌ক্ত্যুপবিষ্টানাং বিপ্রাণাং সহভোজনে।
যদ্যেকোঽপি ত্যজেৎ পাত্রং শেষমন্নং বিবর্জ্জয়েৎ॥

একপঙ্‌ক্তিতে ব্রাহ্মণগণ সহ ভোজনকালে কেহ উঠিবেন না, যদি কেহ অগ্রে ভোজনপাত্র ত্যাগ করেন, তাহা হইলে অবশিষ্ট অন্ন কেহই ভোজন করিবে না।

তাম্রপাত্রে ন ভুঞ্জীত ভিন্নকাংস্যে মলাবিলে।
পলাশপদ্মপত্রেষু গৃহী ভুক্ত্বৈন্দবং চরেৎ॥
অর্কপত্রে তথা পৃষ্ঠে আয়সে তাম্রভাজনে।
করে কর্পটিকে চৈব ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ॥

তাম্রপাত্রে, ভগ্নকাংস্যপাত্রে, পলাশ ও পদ্মপত্রে, আকন্দপত্রে, কদলী-পত্রাদির পৃষ্ঠভাগে, লৌহপাত্রে, হস্তে ও ভগ্নমৃৎপাত্রে ভোজন করিলে চান্দ্রায়ণ করিতে হয়।

লশুনং গৃঞ্জনঞ্চৈব পলাণ্ডুকরকাণি চ।
অভক্ষ্যাণি দ্বিজাতীনাং অমেধ্য-প্রভবাণি চ।

লশুন, গাজোর, পলাণ্ডু (পেঁয়াজ), ছত্রাক (পাতালকোঁড়) এবং অমেধ্য স্থানোৎপন্ন দ্রব্য ভক্ষণ করা বিপ্রগণের অকর্ত্তব্য। কেন না, ভোজনের দোষগুণে মানুষের স্বভাবেরও পরিবর্ত্তন হইয়া থাকে। বস্তুতঃ দেহযন্ত্রে পাকক্রিয়ার দ্বারা মথিত হইয়াই অন্তঃকরণাদি সংগঠিত হইয়া থাকে; সুতরাং ভক্ষ্যদ্রব্যের গুণদোষ যে অন্তঃকরণবৃত্তিতে সংক্রামিত হইবে, তাহাতে সন্দেহ নাই। আহারের দোষগুণ এক পুরুষ হইতে তৎপরবর্ত্তী পুরুষান্তরেও সংক্রামিত হইবার সম্ভব। এই জন্যই আর্য্যশাস্ত্র সত্ত্বগুণবিরোধী কতকগুলি দ্রব্য আহার করা দ্বিজাতিগণের পক্ষে নিষেধ করিয়া রাখিয়াছেন। প্রসবের পর দশ দিনের মধ্যে ছাগীর, মেষীর, গাভীর, সন্ধিনীর (বৃষের জন্য ইচ্ছাবতী গাভীর), উষ্ট্রীর, মৃতবৎসা বা দূরস্থবৎসা ধেনুর, মহিষীর, রাসভাদি একশফের দুগ্ধ সেবন করিতে নাই। কেন না, ঐ সকল দুগ্ধ রোগোৎপত্তিকর, মনের অপকর্ষ-জনক এবং তাদৃশ দুগ্ধগ্রহণ স্বল্পবয়স্ক বৎসের প্রতি নৃশংসতা-প্রকাশক। ব্যভি-চারিণী, বার্দ্ধুষিক, পতিত, গণিকা, মত্ত, ক্রুদ্ধ, ক্রূর, আতুর, পিশুন, শক্র, স্ত্রীজিত, ব্যাধ, সূত্রধর, চোর, গায়ক, মিথ্যাবাদী, উচ্ছিষ্টভোজী, ইহাদের অন্ন ভোজন করিবে না। অবজ্ঞাদত্ত, ভাবদুষ্ট, বাগ্‌দুষ্ট, ভ্রূণঘ্ন কর্ত্তৃক দৃষ্ট, রজস্বলাস্পৃষ্ট, ভুক্তোচ্ছিষ্ট, পদ দ্বারা মর্দ্দিত, এই সকল অন্নভোজনও নিষিদ্ধ।

মরণাশৌচান্ন, জননাশৌচান্ন, যাহার উপর হাঁচিয়াছে, এরূপ অন্ন, সূতিকান্ন, বারোয়ারির অন্ন এবং উচ্চৈঃস্বরে ডাকিয়া দেওয়া অন্নও গ্রহণ করিবে না অর্থাৎ দাতার ক্লেশকর অথবা সন্দেহজনক, ঘৃণাকর, উদ্বেগকর ও অপবিত্রতা-জনক দ্রব্য ভোজন করিতে নাই; উহাতে মনোমালিন্য জন্মিবার অবশ্যই সম্ভাবনা। কালবশে বিকৃতিপ্রাপ্ত দ্রব্যও ভক্ষণ করিবে না। উহার দ্বারা সত্ত্ব-গুণের বিনাশ এবং তমোগুণের বৃদ্ধি হইয়া থাকে; এই কারণে দধি ও দধিজাত দ্রব্যাদি ব্যতীত সকল প্রকার শুক্তই পরিত্যজ্য। মধুররস কালবশে অম্লরস হইলেই তাহার নাম শুক্ত (যেমন কাঁজি, বিনিগার ইত্যাদি)। ফল, মূল, কন্দ ও পুষ্পাদি হইতে প্রস্তুত শুক্ত মত্ততাসাধক না হইলেই ভক্ষ্য।

বৃথা-কৃষর-সংযাবপায়সাপূপমেব চ।
অনুপাকৃত-মাংসানি দেবান্নানি হবীংষি চ॥

কৃষর অর্থাৎ কেবলমাত্র আত্মপ্রীতিসাধনার্থ প্রস্তুত কৃষর (মিশ্রিতদ্বিদল-পক্ব বস্তু খিচুড়ি) কিংবা সংযাব (গুড়, ঘৃত, ক্ষীর, গোধূমাদি-চূর্ণ-পক্ব বস্তু) অথবা পায়স বা পিষ্টক আহার করিতে নাই। অসংস্কৃত মাংস অর্থাৎ যাহা দেবতাকে নিবেদন করা হয় নাই, তাদৃশ মাংস, দেবতার নৈবেদ্য ও হবিও ভোজন করিবে না। এই সমস্ত দ্রব্য অত্যন্ত ইন্দ্রিয়প্রীতিজনক ও অতিরুচি-কর। ঐ সমস্ত বস্তু অতিথি বা দেবতার জন্য প্রস্তুত হইলে উহারা লালসার উদ্রেক করিয়া প্রকৃতির ক্ষুদ্রতা সম্পাদন করিতে পারে না, এই কারণেই আর্য্যশাস্ত্র অতিথি ও দেবতার উদ্দেশে ঐ সমস্ত প্রস্তুতের বিধান করিয়াছেন।

তিথি, বার ও মাসাদিভেদেও কতকগুলি দ্রব্যভোজনের নিষেধ আছে, সাধারণের বিদিতার্থ এ স্থলে তাহা উদ্ধৃত হইল, যথা—প্রতিপদাদি পঞ্চদশী যাবৎ তিথিসমূহে ক্রমান্বয়ে কুষ্মাণ্ড, বৃহতী, পটোল, মূলা, বেল, নিম্ব, তাল, মাংস ও নারিকেল, লাউ, কলম্বী, শিম, পুঁই, বেগুন, মাষকলায় ও মৎস্য-মাংসভক্ষণ নিষিদ্ধ; মঙ্গলবারে মাংস-ভোজন নিষিদ্ধ। রবিবারে মাষকলায়, আমিষ, মসুর, রাঙ্গাশাক, নিম্ব, আদা এই সমস্ত ভোজন করিতে নাই। কার্ত্তিক মাসে মৎস্য ও মাংস ভোজন নিষিদ্ধ। কার্ত্তিকমাসের শুক্লপক্ষীয়া একাদশী তিথি হইতে পূর্ণিমা যাবৎ কয়দিনকে বকপঞ্চক কহে; ঐ কয়দিন মৎস্য বা মাংস আহার করিতে নাই। মাঘমাসে মূলকভক্ষণ নিষিদ্ধ। শয়নে অর্থাৎ আষাঢ়মাসের শুক্লপক্ষীয়া একাদশী হইতে কার্ত্তিকমাসের শুক্লা দ্বাদশী যাবৎ পটোল, বেগুন, কলম্বী, শ্বেতশিম্বী, বরবটি ও কদম্বভক্ষণ নিষিদ্ধ।

ভাদ্রমাসে অলাবু ভক্ষণ করিবে না। শ্বেতবর্ণ তাল, গোলাকার অলাবু, কুন্দ-পুষ্পবৎ শুভ্রবর্ণ বেগুন, শ্বেতকলম্বী এবং শ্বেতবর্ণ কুসুম্ভ শাক ভক্ষণ করিতে নাই। পক্ষিমাংস ভক্ষণ সর্ব্বথা নিষিদ্ধ। স্ত্রীলোকের পক্ষে মাংসভক্ষণ একবারে নিষিদ্ধ।

মৎস্যাদঃ সর্ব্বভক্ষ্যাদস্তস্মান্মৎস্যান্ বিবর্জ্জয়েৎ।
দেবান্ পিতৄন্ সমভ্যর্চ্চ্য খাদন্ মাংসং ন দোষভাক্॥

মৎস্যভোজী সর্ব্ববিধ অখাদ্যই ভোজন করে, কেন না, মৎস্য সবই খায়। সে কারণে মৎস্যভোজন ত্যাগ করিবে। পরন্তু শাস্ত্রে আছে, দেবতা ও পিতৃ-গণের উদ্দেশে মৎস্যমাংসাদি নিবেদিত হইলে তাহা ভোজনে দোষ হয় না। বৃথা ভোজনেই দোষ।

দিবা পুনর্ন ভুঞ্জীতান্যত্র তু ফলমূলয়োঃ।

দিবাভাগে দুইবার আহার করিতে নাই। একাধিকবার আহারের অভিলাষ হইলে ফলমূলাদি ভক্ষণ করিবে।

ভোজনের সময় স্বীয় অভীষ্টদেবকে অন্ন নিবেদন করিয়া দিবে। স্বয়ং যাহা ভোজন করিবে, স্বীয় দেবতাকেও তাহা নিবেদন করিবে। শাস্ত্রেও আছে, যথা—

যদন্নঃ পুরুষো রাজন্ তদন্নস্তস্য দেবতা।
অনিবেদ্য ন ভুঞ্জীত মৎস্যমাংসাদিকঞ্চ যৎ।
অন্নং বিষ্ঠা পয়ো মূত্রং যদ্বিষ্ণোরনিবেদিতম্॥
লবণং ব্যঞ্জনঞ্চৈব ঘৃতং তৈলং তথৈব চ।
লেহ্যং পেয়ঞ্চ বিবিধং হস্তদত্তং ন ভক্ষয়েৎ॥

লবণ, ব্যঞ্জন, ঘৃত, তৈল, লেহ্য বা পেয় ইহার কিছু হস্তে লইয়া পরি-বেশন করিলে তাহার দত্ত দ্রব্য ভোজন করিবে না।

যো ভুঙ্‌ক্তে বেষ্টিতশিরা যশ্চ ভুঙ্‌ক্তে বিদিঙ্মুখঃ।
সোপানৎকশ্চ যো ভুঙ্‌ক্তে সর্ব্বং বিদ্যাত্তদাসুরম্॥

বেষ্টিতশিরা হইয়া অর্থাৎ মস্তকে বস্ত্র বাঁধিয়া কিংবা বিদিঙ্মুখ হইয়া অথবা উপানহ (জুতা) পায়ে দিয়া ভোজন করিলে তাহাকে আসুর-ভোজন কহে; সুতরাং ঐরূপে ভোজন করিবে না। (মাথায় কাপড় বান্ধিয়া কিংবা কোণা-কুণি বসিয়া অথবা জুতা পায়ে দিয়া ভোজন করিলে রজোগুণের বৃদ্ধি হয় ও সাত্ত্বিক গুণ লোপ পায়; এই জন্যই উহা নিষিদ্ধ।)

অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যঞ্চাতিভোজনম্।
অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ॥

অতিভোজন করিলে রোগ জন্মে, আয়ুর হ্রাস হয়, স্বর্গলাভের ব্যাঘাত জন্মে এবং উহা অপবিত্র ও সর্ব্বজনবিদ্বেষক ; সুতরাং অতিভোজন পরিত্যজ্য। (অধিক আহার ঘোর তমোগুণের আশ্রয়ীভূত এবং উহা অতীব ঘৃণিত ও অপবিত্র আচরণ ; এইজন্য শাস্ত্রে উঁহার নিষেধ উল্লেখ হইয়াছে।)

জলপানবিধি।—জলপাত্র স্বীয় দক্ষিণদিকে রাখিবে, বামদিকে রাখিতে নাই। বামদিকে থাকিলে দক্ষিণদিকে একবার রাখিয়া পরে জলপান করিতে হয়। এক হস্ত দ্বারাও জলপান করিবে না। চুমুক দিয়া জল খাইতে নাই। পীতশেষ জলপান নিষিদ্ধ।

অনিবেদিত দ্রব্যাদি ভোজন করিতে নাই, সুতরাং অন্নাদি যথাবিধানে নিবেদন করিয়া ভোজন করিবে। আহারীয়ের মধ্যে মৎস্য, মাংস বা মুদ্রা অর্থাৎ লুচি, রুটী এবং ভাজা দ্রব্যাদি থাকিলে তাহা শোধন পূর্ব্বক পরে অন্নাদি নিবেদন করিবে।

মৎস্যশোধন।—নিম্নকথিত মন্ত্রপাঠ সহকারে পক্ক মৎস্যের উপর জলপ্রক্ষেপ করত শোধন করিবে, যথা—

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্।
উর্ব্বারুকমিব বন্ধনাৎ মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ॥

মাংসশোধন।—নিম্নকথিত মন্ত্রে মাংসের উপর জল প্রক্ষেপ করিবে, যথা—

ওঁ প্রতদ্বিষ্ণুঃ স্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠা যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ।

মুদ্রাশোধন।—নিম্নকথিত মন্ত্রে মুদ্রার উপর জলের ছিটা দিবে, যথা—

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্॥
ওঁ তদ্বিপ্রাসো বিপণ্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে। বিষ্ণোর্যৎ পরমং পদম্॥

এইরূপে মৎস্যাদি শোধনান্তে অন্নাদি নিবেদন করিবে।

ভোজন-প্রণালী।—'সুপ্রোক্ষিতমস্ত' বলিয়া অন্নব্যঞ্জনাদির উপর জলাভ্যুক্ষণ করিবে। নিম্নলিখিত মন্ত্রে অন্নকে নমস্কার করিবে, যথা—

ওঁ তেজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধামনামাসি বিশ্বমসি বিশ্বায়ুঃ সর্ব্বমসি সর্ব্বায়ুরভিভূঃ।

পরে নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে তিনবার ভূতলে কিঞ্চিৎ অন্ন রাখিবে, যথা—

ওঁ ভুবঃ পতয়ে স্বাহা, ওঁ ভুবনপতয়ে স্বাহা, ওঁ ভূতানাং পতয়ে স্বাহা।

অনন্তর ভূমির উপর অল্পপরিমাণে অন্ন পাঁচ ভাগে রাখিয়া এক গণ্ডূষ জল গ্রহণ করত "ওঁ নাগায় নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ কৃকরায় নমঃ ওঁ দেবদত্তায় নমঃ, ওঁ ধনঞ্জয়ায় নমঃ" এই মন্ত্রে প্রত্যেক ভাগের উপর এক একটু জল দিবে। ইহা দ্বারা বাহ্য পঞ্চবায়ুকে বলিপ্রদান করা হয়।

তৎপরে "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" বলিয়া এক গণ্ডূষ জল পান করত * অল্প অল্প অন্ন তুলিয়া প্রাণাদি মুদ্রা দ্বারা নিম্নলিখিত পঞ্চমন্ত্রে পাঁচবার ভোজন করিবে, যথা—

ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা॥

ঐরূপে পাঁচবার মুখে দিয়া ভুক্তাবশেষ মাটীতে ফেলিবে। তৎপরে নির্জ্জনে বসিয়া ভোজন করিবে।

গণ্ডূষত্যাগ।—ভোজনশেষে অন্নযুক্ত হস্তে এক গণ্ডূষ জল লইয়া "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা" মন্ত্রে অর্দ্ধাংশ পান পূর্ব্বক অবশিষ্টাংশ মাটীতে ফেলিবে † এবং কিঞ্চিৎ উচ্ছিষ্ট অন্ন ও জল লইয়া নিম্নলিখিত মন্ত্র-পাঠ-সহকারে ভূতলে স্থাপন করিবে, যথা—

ওঁ রৌরবে পুণ্যনিলয়ে পদ্মার্ব্বুদনিবাসিনাম্।
প্রাণিনাং সর্ব্বভূতানামক্ষয্যমুপতিষ্ঠতাম্॥ ‡

* তন্ত্রমতে গণ্ডূষের মন্ত্র, যথা—

ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্ম হবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা॥

† মাংসভোজন করিলে কিঞ্চিৎ জল দ্বারা হস্ত ধৌত করত অন্নযুক্ত জলগণ্ডূষ গ্রহণ করিতে হয়।

‡ কেহ কেহ "ওঁ উচ্ছিষ্টভাগধেয়েভ্যো নমঃ" বলিয়াও ভূতলে স্থাপন করেন। ভোজনশেষ হইবামাত্র উচ্ছিষ্টপাত্র স্থানান্তরিত ও উচ্ছিষ্টস্থান পরিষ্কার করিবে, নচেৎ আচান্ত হইলেও অশুচি বলিয়া পরিগণিত হইতে হয়। প্রমাণ যথা—

আচান্তোঽপ্যশুচিস্তাবৎ যাবৎ পাত্রমনুদ্ধৃতম্।
উদ্ধৃত্যাপ্যশুচিস্তাবৎ যাবন্নোচ্ছিষ্টমার্জ্জনম্॥

ভোজনান্তে আচমন।—তদনন্তর জল ও মৃত্তিকা দ্বারা হস্ত প্রক্ষালন পূর্ব্বক আচমন করিবে এবং এরূপভাবে দন্তলগ্ন দ্রব্য বাহির করিবে, যেন ক্ষত না হয় কিংবা রক্ত না পড়ে ; পরন্তু নখ দ্বারা বাহির করিবে না। তৎপরে পদ ধৌত করত উপবিষ্ট হইয়া যথাবিধানে আচমন করিবে এবং নিম্নলিখিত মন্ত্রে দক্ষিণপদের অঙ্গুষ্ঠে জল দিবে, যথা—

ওঁ অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষঃ অঙ্গুষ্ঠঞ্চ সমাশ্রিতঃ।
ঈশঃ সর্ব্বস্য জগতঃ প্রভুঃ প্রীণাতু বিশ্বভুক্ ॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক উদরে হাত বুলাইতে হয়, যথা—

ওঁ অগ্নিরাপ্যায়তাং ধাতুং পার্থিবং পবনেরিতঃ।
দত্তাবকাশো নভসা জরয়ত্বস্তু মে সুখম্ ॥
প্রাণাপানসমানানামুদানব্যানয়োস্তথা।
অন্নং পুষ্টিকরং চাস্তু মমাস্ত্বব্যাহতং সুখম্ ॥
অগস্ত্যবহ্নির্বড়বানলশ্চ, ভুক্তং ময়ান্নং জরয়ত্বশেষম্।
সুখং মমৈতৎ পরিণামসম্ভবং, যচ্ছন্ত্বরোগং মম চাস্তু দেহে ॥

নিম্নলিখিত মন্ত্র পড়িয়াও হাত বুলাইতে পারে, যথা—

যথা সমস্তেন্দ্রিয়দেহিদেহে, প্রধানভূতো ভগবান্ যথৈকঃ।
সত্যেন তেনান্নমশেষমেতৎ, আরোগ্যদং মে পরিণামমেতু ॥
বীর্য্যবত্তা যথৈবান্নং পরিণামমবৈত্তি বৈ।
সত্যেন তেন যদ্ভুক্তং জীর্য্যত্বন্নমিদং তথা ॥

এইরূপে আহার শেষ হইলে তাম্বুল সেবন করিতে হয়।

### তাম্বূলভক্ষণ।

তাম্বূলসেবনের পূর্ব্বে একবার আচমন করিবে। পানের বোঁটা খাইলে পীড়া, অগ্রভাগ খাইলে পাপ ও শিরা ভক্ষণ করিলে বুদ্ধিভ্রংশ হয় ; সুতরাং ঐ সমস্ত ফেলিয়া ভক্ষণ করিবে। শুষ্কপান-ভক্ষণও নিষিদ্ধ ; কারণ, উহা আয়ুঃক্ষয়কর। প্রমাণ যথা—

পর্ণমূলে ভবেদ্ব্যাধিঃ পর্ণাগ্রে পাপসম্ভবঃ।
জীর্ণং পর্ণং হরেদায়ুঃ শিরা বুদ্ধিপ্রণাশিনী ॥

## অপরাহ্ণ ও সায়াহ্নকৃত্য।

### ষষ্ঠ ও সপ্তমযামার্দ্ধকৃত্য।

[ ১৷৷টা হইতে ৪৷৷টার মধ্যে করণীয়। ]

মধ্যাহ্নে আহারান্তে প্রশান্তভাব অবলম্বন পূর্ব্বক আসনে সমাসীন হইয়া ষষ্ঠ-সপ্তমাদি যামার্দ্ধকৃত্যে প্রবৃত্ত হইতে হয়। যে সকল ক্রিয়া দ্বারা ধর্ম্ম ও জ্ঞানের পরিবৃদ্ধি হয় এবং যে সমস্ত ক্রিয়া চিত্তের প্রসাদজনক, এই যামার্দ্ধগুলিতে তত্তৎক্রিয়ারই অনুষ্ঠান করিবে। আজিকালি আমাদের দেশের অনেক ব্যক্তি মধ্যাহ্নভোজন শেষ করত শয়ন করিয়া থাকেন, কিন্তু তাহা শাস্ত্রে সম্পূর্ণ নিষিদ্ধ, যথা—

দিবা-স্বপ্নং ন কুর্ব্বীত স্ত্রিয়ঞ্চৈব পরিত্যজেৎ।
আয়ুঃক্ষীণা দিবানিদ্রা দিবাস্ত্রী পুণ্যনাশিনী ॥

অর্থাৎ দিবাভাগে নিদ্রা যাইবে না। এবং স্ত্রীসংসর্গও পরিত্যাগ করিবে, কেন না, দিবানিদ্রা আয়ুঃক্ষয়করী এবং দিবাতে নারীসহবাস পুণ্যরাশি ক্ষয় করে। *

ইতিহাসপুরাণানি সর্ব্বশাস্ত্রাণি চাভ্যসেৎ।
বৃথা বিবাদবাক্যানি পরীবাদঞ্চ বর্জ্জয়েৎ ॥

আহারের পর ইতিহাস, পুরাণ ও অন্যান্য ধর্ম্মশাস্ত্র প্রভৃতির আলোচনা করিবে। বৃথা বিবাদ অথবা পরনিন্দা এ সমস্তের আলোচনা করা অকর্ত্তব্য।

* অস্মদ্দেশে অনেকে দিবানিদ্রা শাস্ত্রনিষিদ্ধ বলিয়া তাহা পরিত্যাগ করেন সত্য, কিন্তু সেই সময়টি তাসক্রীড়াদি ব্যসনে বৃথা নষ্ট করিয়া থাকেন। ব্রাহ্মণের পক্ষে সেটিও সর্ব্বথা নিষিদ্ধ; যথা—

দ্যূতমেতৎ পুরাকল্পে দৃষ্টং বৈরকরং মহৎ।
তস্মাদ্দ্যূতং ন সেবেত হাস্যার্থমপি বুদ্ধিমান্ ॥

অর্থাৎ পুরাকালে এরূপ অনেক দৃষ্টান্ত দেখা গিয়াছে যে, দ্যূত দ্বারা বহুবিধ শত্রুতার উৎপত্তি হয়; সুতরাং হাস্যার্থও অর্থাৎ আমোদ করিয়াও দ্যূতক্রীড়া করা বুদ্ধিমানের কর্ত্তব্য নহে। আর্য্যশাস্ত্র সর্ব্বত্রই সত্ত্বগুণের পক্ষপাতী। দ্যূতক্রীড়াদি দ্বারা কেবলমাত্র তমোগুণের পোষণ হয় সন্দেহ নাই। এই জন্যই ভোজনের পর নিদ্রাদি বা দ্যূতক্রীড়াদি ত্যাগ করত করণীয় বিষয়ের ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে।

## অষ্টমযামার্দ্ধকৃত্য।

[ ৪॥টা হইতে ৬টার মধ্যে করণীয়। ]

অহঃশেষং সমাসীত শিষ্টৈরিষ্টৈশ্চ বন্ধুভিঃ ॥

এই প্রকারে থাকিয়া তৎপরে দিবার শেষভাগে কিঞ্চিৎ ভ্রমণ করিবে এবং শিষ্টজন ও আত্মীয়বন্ধুগণের সহিত সদালাপ করিবে।

এই প্রকারে ষষ্ঠযামার্দ্ধ, সপ্তমযামার্দ্ধ ও অষ্টমযামার্দ্ধের কিয়দংশ অতীত হইলে সূর্য্যাস্তের একদণ্ড বিলম্ব থাকিতে সায়ংসন্ধ্যায় প্রবৃত্ত হইতে হয়। সায়ংসন্ধ্যা বায়ুকোণাভিমুখ হইয়া করিবে এবং সম্মুখ আকাশে তারাদর্শন যাবৎ গায়ত্রী জপ করিবে। * গৃহে শালগ্রামশিলা বা দেবদেবীর বিগ্রহাদি থাকিলে এই সময় আরতি করিয়া শীতল দিবে। আরতি ও শীতল দেওয়ার প্রণালী পূর্ব্বে লিখিত হইয়াছে।

ইতি অপরাহ্ণ ও সায়াহ্নকৃত্য সমাপ্ত।

## প্রথমযামকৃত্য।

[ ৬টা হইতে ৯টার মধ্যে করণীয়। ]

রাত্রি ছয়টা হইতে নয়টা পর্য্যন্ত সময়ের মধ্যে দিবাকৃত সকল কর্ম্মের আলোচনা করিবে অর্থাৎ দিবাভাগে কি কি কার্য্য করা হইয়াছে, তাহাই মনে মনে চিন্তা করিবে এবং প্রমাদবশে যে সকল কার্য্য দিবাভাগে অনুষ্ঠিত হয় নাই, সেই সকল বৈধকর্ম্মগুলি সম্পাদন করিবে, † যথা—

* সন্ধ্যোপাসনা যে নিত্যক্রিয়া এবং অবশ্য কর্ত্তব্য, তাহা পূর্ব্বেই কথিত হইয়াছে এবং ইহা দ্বারা যে পরমফলের উৎপত্তি হয়, তাহাতেও সন্দেহ নাই, যথা—

সন্ধ্যামুপাসতে যে তু সততং সংশিতব্রতাঃ।
বিধূতপাপাস্তে যান্তি ব্রহ্মলোকমনাময়ম্ ॥

অর্থাৎ সংযত হইয়া সন্ধ্যোপাসনা করিলে বিগতপাপ হইয়া অনায়াসে ব্রহ্মলোকে গমন করা যায়।

† ফল কথা, নিত্যাচারের যাবতীয় অনুষ্ঠানগুলি যাহাতে যথাকালে অনুষ্ঠিত হয়, তাহাতে যত্নবান্ থাকা অবশ্য কর্ত্তব্য। অনুষ্ঠানের দ্বারা শিক্ষণীয় বিষয়ের সংস্কার দৃঢ়ীভূত হইয়া থাকে। বিশেষতঃ এই সকল বৈধকর্ম্মের অনুষ্ঠানের পরিণামফল যে কতদূর সুখাবহ ও অনির্ব্বচনীয়, তাহা বলা বাহুল্যমাত্র। বহুকাল যাবৎ অনুষ্ঠানের অনুসরণ দ্বারা অভ্যাস দৃঢ়ীভূত হইলে

দিবোদিতানি কর্ম্মাণি প্রমাদাদকৃতানি চ।
শর্ব্বর্য্যাঃ প্রথমে যামে তানি কুর্য্যাদতন্দ্রিতঃ ॥

অর্থাৎ প্রমাদতঃ দিবাবিহিত যে কার্য্য অকৃত রহিয়াছে, শর্ব্বরীর প্রথম যামে অতন্দ্রিত হইয়া সেইগুলি সম্পাদন করিবে।

উচ্চ অধিকারীকে বাহ্য অনুষ্ঠান বিসর্জ্জন পূর্ব্বক শুদ্ধ মানস-কার্য্যে প্রবৃত্তি দিবার জন্য শাস্ত্রে মানসক্রিয়ার ভূরি ভূরি প্রশংসা দৃষ্ট হইয়া থাকে। মানসস্নান, মানসার্চ্চনা ও মানস জপ এই তিনটিই বাহ্যস্নান, বাহ্যপূজা ও বাহ্যজপ হইতে শ্রেষ্ঠ। ইহার কয়েকটি শাস্ত্রোক্ত উদাহরণ এই স্থলে প্রদত্ত হইল, ইহা দ্বারাই শাস্ত্রের গভীরতম তাৎপর্য্য উপলব্ধি হইবে। যথা—

বায়ব্যাৎ মানসঞ্চেহ সর্ব্বস্নানাৎ পরং বরম্।
মর্ত্ত্যশ্চেৎ মানসস্নাতঃ সর্ব্বত্র বিজয়ী ভবেৎ ॥

অর্থাৎ স্নান সম্বন্ধে বায়ব্য স্নানই সমস্ত স্নানাপেক্ষা প্রধান বলিয়া কথিত, কিন্তু সেই বায়ব্য স্নান হইতেও আবার মানস স্নান শ্রেষ্ঠ। মানব মানসস্নাত হইলেই সর্ব্বত্র বিজয়ী হইয়া থাকে। পূজা সম্বন্ধেও কথিত আছে, যথা—

বাহ্যপূজা প্রকর্ত্তব্যা গুরুবাক্যানুসারতঃ।
অন্তর্যাগাত্মিকা পূজা সর্ব্বপূজোত্তমোত্তমা ॥
বহিঃপূজা বিধাতব্যা যাবজ্জ্ঞানং ন জায়তে।
জাতে জ্ঞানে চ দেবেশি দেবতামূর্ত্তিভাবনা ॥

অর্থাৎ গুরুর আদেশে বাহ্যপূজা করিবে। যাবতীয় পূজা অপেক্ষাই অন্তর্যাগ অর্থাৎ মানসিকী পূজা প্রধান। যত দিন জ্ঞানোদয় না হয়, তত দিনই বাহ্যপূজার অনুষ্ঠান করিবে। জ্ঞানোদয় হইলে কেবলমাত্র দেবমূর্ত্তি চিন্তা করিতে হয়। যজ্ঞ সম্বন্ধেও শাস্ত্রের উক্তি আছে, যথা—

যাবন্তঃ কর্ম্মযজ্ঞাঃ স্যুঃ প্রদিষ্টানি তপাংসি চ।
সর্ব্বে তে জপযজ্ঞস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥
মাহাত্ম্যং বাচিকস্যৈতৎ জপযজ্ঞস্য কীর্ত্তিতম্।
তস্মাচ্ছতগুণোপাংশুঃ সহস্রো মানসঃ স্মৃতঃ ॥

অর্থাৎ যতরূপ কর্ম্মযজ্ঞ ও তপোবিধি আছে, তৎসমস্ত জপযজ্ঞের কলামাত্রও নহে। বাচিক জপের মাহাত্ম্যও তদ্রূপ। উপাংশুজপে অর্থাৎ ওষ্ঠমাত্র নড়িবে, শব্দ শ্রুত হইবে না, এরূপ জপে পূর্ব্বোক্ত অপেক্ষা শতগুণ ফল এবং মানসজপে তদপেক্ষাও সহস্রগুণ ফল হইয়া থাকে। শৌচসম্বন্ধেও কথিত আছে, যথা—

গঙ্গাতোয়েন কৃৎস্নেন মৃদ্ভারৈশ্চ নগোপমৈঃ।
আমৃত্যোঃ স্নাতকশ্চৈব ভাবদুষ্টো ন শুধ্যতি ॥

অর্থাৎ সমস্ত গঙ্গোদক, গিরিপ্রমাণ মৃত্তিকা এবং আমরণকাল পর্য্যন্ত স্নান এই সমস্ত দ্বারাও ভাবদুষ্ট ব্যক্তি পবিত্র হইতে পারে না। সুতরাং বাহ্য অনুষ্ঠান অপেক্ষা যে মানসক্রিয়া শ্রেষ্ঠ, তাহাতে সন্দেহমাত্র নাই। ফল কথা, নিত্যকৃত্য সম্বন্ধে যে সকল অনুষ্ঠান নির্দ্দিষ্ট আছে, তৎসমস্তই মানসকার্য্যের দ্বারা অনুকল্পিত হইতে পারে। এ বিষয়ে গৌতম ঋষিও বলিয়া গিয়াছেন, যথা—

যদাসমর্থস্তদা মনসা সমগ্রমাচারমনুপালয়েৎ।

অর্থাৎ যাঁহারা কার্য্যতঃ সম্পাদনে অসমর্থ, তাঁহারা সমস্ত আচার মনে মনেই নির্ব্বাহিত করিতে পারেন। সুতরাং এটি এক প্রকার সংক্ষিপ্ত নিত্যকর্ম্মের মধ্যেই পরিগণিত বলিতে হইবে। কেন না, যাঁহারা চাকরী করিয়া জীবিকা নির্ব্বাহ করেন অথবা যাঁহারা অন্যান্য বিশেষ কারণে যথাকালে যথানিয়মে ক্রিয়াগুলির অনুষ্ঠানে অক্ষম, তাঁহারা রাত্রির প্রথম যামার্দ্ধে করিতে পারেন, অথবা মনে মনে সমস্তগুলি স্মরণ করিলেও কার্য্য নির্ব্বাহিত হইতে পারে।

## দ্বিতীয়যামকৃত্য।

[ ৯টা হইতে ১২টার মধ্যে করণীয়। ]

এই প্রকারে রাত্রির প্রথমযামে উপরিলিখিত কার্য্যগুলি সম্পাদন পূর্ব্বক রাত্রিভোজনের পূর্ব্বকৃত্যস্বরূপ বৈশ্বদেব, বলি ও অতিথি-সৎকার করিয়া ১১টার মধ্যে স্বয়ং আহার করিবে। শাস্ত্রে কথিত আছে যে, দিবার অতিথি অপেক্ষা রাত্রির অতিথিকে অধিকতর সম্মাননা করিলে অধিকতর পুণ্যলাভ হইয়া থাকে।

### রাত্রিভোজন।

আর্য্যশাস্ত্রে এইরূপ নির্দ্দিষ্ট আছে যে,রাত্রিকালে আহারবিষয়ে অতিতৃপ্তি পরিত্যাগ করিবে অর্থাৎ রাত্রিযোগে উদর পূর্ণ করিয়া আহার করিতে নাই। অনেকের এইরূপ সংস্কার ও ধারণা আছে যে, রাত্রিযোগে আহারের পরিপাক উত্তম হয়, সুতরাং দিবা অপেক্ষা রাত্রিকালে অধিক আহার করাই উচিত; কিন্তু সেটি তাঁহাদিগের সম্পূর্ণ ভ্রম। শাস্ত্রের বিধি মানিয়া রাত্রির আহারটা অতিতৃপ্তিকর না করাই উচিত। রাত্রি দেড়প্রহরের মধ্যে আহার সম্পন্ন করা উচিত। শাস্ত্রে আরও উক্ত আছে যে, রাত্রিযোগে আহারের পরক্ষণেই শয়ন করিবে না, কিঞ্চিৎ বিলম্বে শয়ন করিতে হয়। ভৃত্যগণকে তাহাদিগের রাত্রিতে করণীয় সম্বন্ধে আজ্ঞা প্রদান করিয়া পরে যথানিয়মে শয়ন করিবে।

## তৃতীয়াদিযামকৃত্য।

### শয়ন।

শুচৌ দেশে বিবিক্তেষু গোময়েনোপলিপ্তকে।
প্রাগুদক্প্লবনে চৈব সংবিশেত্তু সদা বুধঃ॥
মাঙ্গল্যং পূর্ণকুম্ভঞ্চ শিরঃস্থানে নিধাপয়েৎ।
বৈদিকৈর্গারুড়ৈর্ম্মন্ত্রৈ রক্ষাং কৃত্বা স্বপেত্ততঃ॥

অসংলগ্নভাবে অর্থাৎ প্রাচীরাদিতে শয্যাস্পর্শ না হয়, এরূপে গোময়লিপ্ত, পবিত্র, নির্জ্জন স্থানে শিরোদেশে জলপূর্ণ কলস স্থাপন করত বৈদিক মন্ত্র ও গারুড় মন্ত্র উচ্চারণ করিয়া শয়ন করাই ধীমান্ ব্যক্তির কর্ত্তব্য।

নাবিশালাং ন বৈ ভগ্নাং নাসমাং মলিনাং ন চ।
ন চ জন্তুময়ীং শয্যামধিগচ্ছেদনাস্তৃতাম্॥
ন শুক্রেণাপবিত্রে চ ন তৃণে ন চ ভূতলে।
তূলিকায়াং তথা বস্ত্রে শয্যাভাবে স্বপেদ্‌গৃহী।
স্বপেন্ন পট্টবস্ত্রে চ কলঙ্কি-কম্বলেষু চ॥

ক্ষুদ্র, ভগ্ন, উচ্চাবচ, মলিন, জন্তুময় অর্থাৎ যে বিছানায় ছারপোকা ইত্যাদি থাকে, আস্তরণহীন ও অপবিত্র শয্যায় শয়ন করিবে না। তৃণের উপর কেবলমাত্র মাটীতে, পট্টবস্ত্রে অথবা দাগযুক্ত কম্বলে শয়ন নিষিদ্ধ। শয্যার অভাবে ভূতলে কার্পাসবস্ত্র আস্তৃত করিয়া শয়ন করাই গৃহীর কর্ত্তব্য।

ত্রিদোষশমনী খট্টা তূলী বাতকফাপহা।
ভূশয্যা বাতলাতীব রুক্ষা পিত্তাস্রনাশিনী॥
সুশয্যাশয়নং হৃদ্যং পুষ্টিনিদ্রাধৃতিপ্রদম্।
শ্রমানিলহরং বৃষ্যং বিপরীতমতোঽন্যথা॥

খট্টা অর্থাৎ খাট বা তক্তপোষের উপর শয্যা প্রস্তুত করিয়া শয়ন করিলে বাত, পিত্ত ও শ্লেষ্মা এই ত্রিদোষ বিনাশ প্রাপ্ত হয়। তূলানির্ম্মিত শয্যা বাতহরী ও কফবিনাশিনী। ভূতলে শয়ন করিলে বাতবৃদ্ধি হয় এবং উহা রুক্ষ; কিন্তু পিত্তহর আর চক্ষুর্জ্জলনাশক। উত্তম শয্যায় শয়ন করিলে তৃপ্তি, পুষ্টি, নিদ্রা ও ধৈর্য্যসঞ্চার হয়, শ্রম ও বায়ু নাশ পায় এবং বলবৃদ্ধি হইয়া থাকে। কুশয্যা ইহার বিপরীত জানিবে।

ধান্যগোবিপ্রদেবানাং গুরূণাঞ্চ তথোপরি॥
ন চাপি ভগ্নশয়নে নাশুচৌ নাশুচিঃ স্বয়ম্।
আর্দ্রবাসা ন নগ্নশ্চ নোত্তরাপরমস্তকঃ॥

ধান্য, গো, বিপ্র ও দেবতা ইঁহাদিগের উপরিতলে শয়ন করিবে না অর্থাৎ যে গৃহে ঐ সমস্তের কোন একটি থাকে, তাহার উপরিতলে শয়ন নিষিদ্ধ; ভগ্ন বা অপবিত্র শয্যায় শয়ন করিতে নাই। উলঙ্গ হইয়া, আর্দ্রবস্ত্র পরিধান করিয়া অথবা উত্তরশিরা বা পশ্চিমশিরা হইয়া শয়ন করিবে না। প্রবাসে পশ্চিমশিরা হইয়া শয়ন করা যায়। শয়নকালে মস্তকের নিকট জলপূর্ণ কুম্ভ রাখিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ নন্দিকেশ্বরায় নমঃ, ওঁ নর্ম্মদায়ৈ নমঃ, ওঁ প্রাতর্নর্ম্মদায়ৈ নমঃ॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া শয়ন করিবে, যথা—

ওঁ নমস্তে নর্ম্মদে নিত্যং ত্রাহি মাং বিষসর্পতঃ ॥

এই মন্ত্র পড়িয়া শয়ন করত "ওঁ নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি মন্ত্রে নমস্কার করিয়া পদ্মনাভের স্মরণ করিয়া তদীয় মূর্ত্তি ধ্যান করিতে করিতে নিদ্রিত হইবে।

নিদ্রার পূর্ব্বে মনসাদেবী, আস্তীক ঋষি, জরৎকারু মুনি, বাসুকি, গরুড়, নলরাজা, যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব ও জীমূতবাহন ইঁহাদিগের নাম স্মরণ করিবে।

## দারোপগমন।

রাত্রিকৃত্যমধ্যে দারোপগমনও একটি অনুষ্ঠেয় বলিয়া নির্দ্দিষ্ট। তদ্বিষয়ে শাস্ত্রে যেরূপ নিয়ম নিরূপিত আছে, তাহারই স্থূল স্থূল মর্ম্মগুলি এই স্থানে উদ্ধৃত হইল, যথা—

পরদাররতিঃ পুংসামুভয়ত্রাপি ভীতিদা।
মৃতো নরকমভ্যেতি হীয়তেঽত্রাপি চায়ুষঃ ॥
ইতি মত্বা স্বদারেষু ঋতুমৎসু বুধো ব্রজেৎ ॥

অর্থাৎ পরদাররতি কি ইহ কি পর উভয় লোকেই ভীতিপ্রদ; উহা দ্বারা পরমায়ুঃ হ্রাসপ্রাপ্ত হয় এবং মরণান্তে নরকগামী হইয়া থাকে, এই জন্য এ বিষয় বিশেষ বিদিত হইয়া ঋতুকালে আপন স্ত্রীতে সঙ্গত হওয়াই বুধ ব্যক্তির কর্ত্তব্য।

ষোড়শর্ত্তু নিশাঃ স্ত্রীণাং তাসু যুগ্মাসু সংবিশেৎ।

প্রতি মাসে রজোদর্শন হইলে রজোদর্শন হইতে ষোড়শ রাত্রি পর্য্যন্তই নারীগণের ঋতুকাল অর্থাৎ গর্ভধারণের উপযুক্ত কাল। তন্মধ্যে যুগ্মরাত্রিতেই সহবাস কর্ত্তব্য।

ষষ্ঠ্যষ্টমীমমাবাস্যামুভে পক্ষে চতুর্দ্দশীম্।
মৈথুনং নোপসেবেত দ্বাদশীঞ্চ মম প্রিয়াম্॥

ষষ্ঠী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা, কৃষ্ণ বা শুক্লপক্ষীয়া চতুর্দ্দশী ও দ্বাদশী এই সকল তিথিতে মৈথুনসেবন নিষিদ্ধ। এতদ্ব্যতীত রবিসংক্রান্তিতেও স্ত্রীসঙ্গ করিতে নাই।

চতুর্থী প্রভৃত্যুত্তরোত্তরা প্রজা নিঃশ্রেয়সার্থম্।

রজোদর্শনের চতুর্থ দিন হইতে যত পর দিনে গর্ভাধান হয়, সন্তানের ততই মঙ্গল হইয়া থাকে।

রজস্যুপরতে সাধ্বী স্নানেন স্ত্রী রজস্বলা ॥

রজঃস্রাব নিবৃত্তি প্রাপ্ত হইলে সেই রজস্বলা নারী স্নানান্তে সাধ্বী হয় অর্থাৎ গর্ভধারণের উপযুক্তা হইয়া থাকে। তৎপরেই পতিসহবাস করা উচিত। রজোনিবৃত্তি না হইলে এবং স্নাতা না হইলে তাহার সহিত সংসর্গ করিবে না।

ঋতুকালাভিগামী স্যাৎ যাবৎ পুত্রো ন জায়তে ॥

যাবৎ পুত্রোৎপত্তি না হয়, ততদিনই ঋতুসময়ে নারী-সহবাসের কর্ত্তব্যতা জানিবে। † পরন্তু রমণীর মনস্তুষ্টিবিধানার্থ অন্য সময়েও তৎসহবাস করিতে পারা যায় বটে, কিন্তু ইচ্ছা পূর্ব্বক নারীগমন বিপ্রের পক্ষে অকর্ত্তব্য। যাহা হউক, শাস্ত্রোক্ত যথাযোগ্য ঋতুর লক্ষণ বুঝিয়া গর্ভাধানের ব্যবস্থা যদি সম্যক্ রক্ষিত হয় এবং প্রাজাপত্যাদি বৈদিক ব্রত সম্যক্ আচরিত হয়, তাহা হইলে পিতৃ-মাতৃ-দেহের ও তাঁহাদিগের চিত্তের ভাব এ প্রকার পরিশুদ্ধ হয় যে, সহজাত দোষ বশতঃ সন্তান কদাচ অকালে মৃত্যুগ্রাসে নিপতিত হয় না; সুতরাং বংশরক্ষার্থ বহু সন্তানোৎপাদনেরও আবশ্যক করে না।

ইতি নিত্যকৃত্য-প্রকরণ সমাপ্ত।

* য়িহুদীদিগের শাস্ত্রেও এই নিয়ম আছে। উহারা নবম দিনের পর নারীসঙ্গ করিয়া থাকে। এই জন্যই উহাদিগের সন্তান-সন্ততি সকল হৃষ্টপুষ্ট, শ্রীমান্ ও দীর্ঘজীবী হয়।

† পুত্রকামনাতেই নারীসহবাস করিবে, ইহাই আমাদিগের শাস্ত্রের মুখ্য উদ্দেশ্য। পরন্তু প্রধানতঃ একটিমাত্র পুত্রই প্রার্থনীয়। জ্যেষ্ঠ পুত্রই পুত্রমধ্যে গণ্য, অপরেরা তাহা নহে; যথা—

যস্মিন্নৃণং সন্নয়তি যেন চানন্ত্যমশ্নুতে।
স এব ধর্ম্মজঃ পুত্রঃ কামজানিতরান্ বিদুঃ॥

অর্থাৎ যাহার জন্ম হইলে জন্মদাতা পিতৃঋণ হইতে মুক্ত হন এবং আনন্ত্যপ্রাপ্তি অর্থাৎ বংশরক্ষা হয়, সেই জ্যেষ্ঠ পুত্রকেই ধর্ম্মজ পুত্র কহে; অন্য সকলকে কামজ পুত্র বলা যায়। শাস্ত্রকারগণের মত মূলতঃ এইরূপ বটে, কিন্তু পরে তাঁহারা দেখিলেন যে, মানুষ যতগুলি সন্তান লাভ করে, তাহাদিগের মধ্যে প্রায় অর্দ্ধাংশই শৈশবে কালগ্রাসে নিপতিত হয়, এই হেতুই মহাভারতের সময় হইতে একাধিক পুত্রোৎপাদনের ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছে, যথা—

একপুত্রো অপুত্রো মে মৃতঃ কৌরবনন্দন॥

অন্যান্য পুরাণাদিতেও বহুপুত্রোৎপাদন-সম্বন্ধীয় ব্যবস্থা দৃষ্ট হয় বটে, কিন্তু তাহা বহু-পুত্র-জননের প্রশংসার জন্য নহে, অপরাপর বিষয়ের অর্থবাদ মাত্র।

এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যপ্যেকো গয়াং ব্রজেৎ।

অর্থাৎ মানুষেরা বহু পুত্রের কামনা করিবে; কেন না, তাহাদিগের মধ্যে একজনও গয়ায় গিয়া পিণ্ডদান করিতে পারে। এখানে স্পষ্টই বুঝা যাইতেছে যে, শ্রীগয়াক্ষেত্রের মাহাত্ম্য-প্রচারই এই প্রমাণের মুখ্য উদ্দেশ্য।

# তৃতীয় প্রবাহ।

## পূজা-প্রকরণ।

### সর্ব্বতোভদ্রমণ্ডলম্।




সারদায়াম্—চতুরস্রে চতুঃকোষ্ঠে কর্ণসূত্রসমন্বিতে।
চতুর্ষ্বপি চ কোষ্ঠেষু কোণসূত্রচতুষ্টয়ম্॥
মধ্যে মধ্যে যথা মৎস্যা ভবেয়ুঃ পাতয়েৎ তথা।
পূর্ব্বাপরায়তে দ্বে দ্বে মন্ত্রী যামোত্তরায়তে॥

পাতয়েত্তেষু মৎস্যেষু সমং সূত্রচতুষ্টয়ম্।
পূর্ব্ববৎ কোণকোষ্ঠেষু কর্ণসূত্রাণি পাতয়েৎ ॥
তত্তদ্ভূতেষু মৎস্যেষু দত্ত্বাৎ সূত্রচতুষ্টয়ম্।
ততঃ কোষ্ঠেষু মৎস্যাঃ স্যুস্তেষু সূত্রাণি পাতয়েৎ ॥
যাবৎ শতদ্বয়ং মন্ত্রী ষট্পঞ্চাশৎ পদান্যপি।
তাবত্তেনৈব বিধিনা তত্র সূত্রাণিপাতয়েৎ ॥
ষট্‌ত্রিংশতা পদৈর্মধ্যে লিখেৎ পদ্মং সুলক্ষণম্।
বহিঃপঙ্‌ক্ত্যা ভবেৎ পীঠং পঙ্‌ক্তিযুগ্মেন বীথিকা ॥
দ্বারশোভোপশোভাভ্যাং শিষ্টাভ্যাং পরিকল্পয়েৎ।
শাস্ত্রোক্তবিধিনা মন্ত্রী ততঃ পদ্মং সমালিখেৎ ॥
পদ্মক্ষেত্রস্য সন্ত্যজ্য দ্বাদশাংশং বহিঃ সুধীঃ।
তন্মধ্যে বিভজেদ্‌বৃত্তৈস্ত্রিভিঃ সমবিভাগতঃ ॥
আদ্যং স্যাৎ কর্ণিকাস্থানং কেশরাণাং দ্বিতীয়কম্।
তৃতীয়ং পদ্মপত্রাণাং মুক্তাংশেন দলাগ্রকম্ ॥
বাহ্যবৃত্তান্তরালস্য মানেন বিধিনা সুধীঃ।
আলিখেদ্ বাহ্যহস্তেন দলাগ্রাণি সমন্ততঃ ॥
দলমূলেষু যুগশঃ কেশরাণি প্রকল্পয়েৎ।
এতৎ সাধারণং প্রোক্তং পঙ্কজং তন্ত্রবেদিভিঃ ॥
পদানি ত্রীণি পাদার্থং পীঠকোণেষু মার্জ্জয়েৎ।
অবশিষ্টৈঃ পদৈর্বিদ্বান্ পীঠগাত্রাণি কল্পয়েৎ ॥
পদানি বীথীসংস্থানি মার্জ্জয়েৎ পঙ্‌ক্ত্যভেদতঃ।
দিক্ষু দ্বারাণি রচয়েদ্ দ্বিচতুঃকোষ্ঠকৈস্ততঃ ॥
পদৈস্ত্রিভিরথৈকেন শোভাঃ স্যুর্দ্বারপার্শ্বয়োঃ।
উপশোভাঃ স্যুরেকেন ত্রিভিঃ কোষ্ঠৈরনন্তরম্ ॥
অবশিষ্টৈঃ পদৈঃ ষড়্‌ভিঃ কোণানাং স্যাচ্চতুষ্টয়ম্।
রঞ্জয়েৎ পঞ্চভির্বর্ণৈর্মণ্ডলং তন্মনোহরম্ ॥
পীতং হরিদ্রাচূর্ণং স্যাৎ সিতং তণ্ডুলসম্ভবম্।
কুসুম্ভচূর্ণমরুণং কৃষ্ণং দগ্ধপুলাকজম্ ॥
বিল্বাদিপত্রজং শ্যামমিত্যুক্তং বর্ণপঞ্চকম্।
অঙ্গুলোৎসেধবিস্তারাঃ সীমারেখাঃ সিতাঃ শুভাঃ ॥

কর্ণিকাং পীতবর্ণেন কেশরাণ্যরুণেন চ।
শুক্লবর্ণানি পত্রাণি তৎসন্ধীন্ শ্যামলেন চ॥
রজসা রঞ্জয়েন্মন্ত্রী যদ্বা পীতৈব কর্ণিকা।
কেশরাঃ পীতরক্তাঃ স্যুররুণানি দলানি চ॥
সন্ধয়ঃ কৃষ্ণবর্ণাঃ স্যুঃ সিতেনাপ্যসিতেন বা।
রঞ্জয়েৎ পীঠগর্ভাণি পাদাঃ স্যুররুণপ্রভাঃ॥
গাত্রাণি তস্য শুক্লানি বীথীষু চ চতস্বষু।
আলিখেৎ কল্পলতিকা দলপুষ্পসমন্বিতাঃ॥
বর্ণৈর্নানাবিধৈশ্চিত্রৈঃ সমদৃষ্টিমনোহরাঃ।
দ্বারাণি শ্বেতবর্ণানি শোভা রক্তাঃ সমীরিতাঃ॥
উপশোভাঃ পীতবর্ণাঃ কোণান্যসিতভানি চ।
তিস্রো রেখা বহিঃ কার্য্যাঃ সিতরক্তাসিতাঃ ক্রমাৎ॥
মণ্ডলং সর্ব্বতোভদ্রমেতৎ সাধারণং স্মৃতম্॥

একটি চতুরস্র করতঃ (চতুর্দ্দিকে সমান ১ হস্ত প্রমাণ চতুষ্কোণ) কর্ণ-সূত্রপাত করিয়া (কোণাকুণি দুইটি রেখা করিয়া) তাহাকে চারি কোষ্ঠায় (ঘরে) বিভক্ত করিবে। পুনর্ব্বার ঐ চতুঃকোষ্ঠামধ্যে কর্ণসূত্রপাত করিয়া যাহাতে ঐ সকল কর্ণরেখা অঙ্কিত হইতে পারে, এরূপ করিবে। পরে পূর্ব্বপশ্চিমে উত্তরদক্ষিণে দুই দুইটি করিয়া রেখা করিবে। পুনঃ পুনঃ কোষ্ঠাগত কোষ্ঠাতে কর্ণরেখা ও মধ্যরেখা পাত করিবে। যাবৎ পর্য্যন্ত ২৫৬ না হয়, তাবৎ পর্য্যন্ত পূর্ব্ববৎ কর্ণসূত্রপাত মধ্যসূত্রপাত করিয়া রেখা অঙ্কিত করিবে। পরে ষট্‌ত্রিংশৎ কোষ্ঠাতে সুলক্ষণ পদ্ম অঙ্কিত করিয়া তদ্বাহ্যে একপঙ্‌ক্তিতে পীঠ ও তদ্বহিঃ পঙ্‌ক্তিতে বীথী, তদ্বহিঃ পঙ্‌ক্তিতে দ্বারশোভা ও কোণ রচনা করিবে। পদ্মক্ষেত্রের দ্বাদশাংশ ত্যাগ করিয়া অবশিষ্ট ক্ষেত্রকে সমান তিন অংশে বৃত্তে বিভক্ত করিবে। ইহার আদ্যভাগ বৃত্তে কর্ণিকা, দ্বিতীয় ভাগ বৃত্তে কেশর, তৃতীয় ভাগ বৃত্তে পদ্মপত্র অঙ্কিত করিবে। বাহ্যবৃত্তের অভ্যন্তরপরিমাণে (বাহ্যবৃত্তের বহির্ভাগে না যায় এরূপ ভাবে) অষ্টদিকে অষ্টদল অঙ্কিত করিবে। প্রত্যেক পত্রের মূলে দুই দুইটি কেশর অঙ্কিত করিবে। পরে পীঠক্ষেত্রের চারি কোণে তিন তিনটি কোষ্ঠায় চারিটি পীঠকোণ মার্জ্জনা করিবে। পীঠক্ষেত্রের অবশিষ্ট কোষ্ঠাতে পীঠগাত্র অঙ্কিত করিবে। তদ্বাহ্যে পঙ্‌ক্তিদ্বয়ে বীথীস্থান মার্জ্জনা

করিবে, অনন্তর চতুর্দ্দিকে সর্ব্ববাহ্য পঙ্‌ক্তিদ্বয়ের মধ্যস্থলে বাহ্যপঙ্‌ক্তির চারি কোষ্ঠা এবং তদুপরি পঙ্‌ক্তির দুই কোষ্ঠা এই ছয় কোষ্ঠাতে দ্বার, ঐরূপে এক কোষ্ঠা এবং তিন কোষ্ঠা এই চারি কোষ্ঠাতে শোভা এবং ঐরূপ তিন কোষ্ঠা ও এক কোষ্ঠা এই চারি কোষ্ঠাতে উপশোভা অঙ্কিত করিবে। অবশিষ্ট ছয় ছয় কোষ্ঠাতে চারিটি কোণ মার্জ্জনা করিবে। এইরূপে চারিদিকে চারি দ্বার, দ্বারের উভয় পার্শ্বে দুইটি করিয়া শোভা এবং শোভা-দ্বয়ের পার্শ্বে দুইটি করিয়া উপশোভা মার্জ্জনা করিবে। ইহাতে ৪টি দ্বার-৮টি শোভা ও ৮টি উপশোভা হইবে। সর্ব্বশেষে বাহ্যে তিনটি রেখা হইবে, প্রথমটি শ্বেত, পরে রক্ত, সর্ব্ববহিঃ কৃষ্ণ। ঐ মণ্ডল পঞ্চবর্ণ গুঁড়ি দ্বারা নির্ম্মাণ করিতে হয়।

পঞ্চবর্ণ গুড়ি যথা—হরিদ্রাচূর্ণ পীতবর্ণ, তণ্ডুলচূর্ণ শ্বেতবর্ণ, কুসুম্ভ-(পুষ্প) চূর্ণ রক্তবর্ণ, দগ্ধপুলাক-(চিটে পোড়া) চূর্ণ কৃষ্ণবর্ণ, বিল্বপত্রাদি নীলপত্রচূর্ণ শ্যাম-বর্ণ। এক অঙ্গুলি উচ্চ পরিমাণে শুক্লবর্ণ দ্বারা সীমারেখা অঙ্কিত করিবে। পীতবর্ণ দ্বারা কর্ণিকা, রক্তবর্ণ দ্বারা কেশর, শুক্লবর্ণ দ্বারা পত্র, শ্যামবর্ণে পত্রগুলির পরস্পর সন্ধিস্থান চিত্রিত করিবে। দ্বার শুক্লবর্ণ, শোভা রক্তবর্ণ, উপশোভা পীতবর্ণ, কোণ কৃষ্ণবর্ণ। কল্পলতা সর্ব্ববর্ণ দ্বারা পত্র-পুষ্পশোভিত করিবে। পীঠগাত্র শুক্লবর্ণ, পীঠগর্ভ কৃষ্ণবর্ণ দ্বারা অঙ্কিত করিবে। শক্তি বিষয়ে কর্ণিকা পীতবর্ণ, কেশর পীত ও রক্তবর্ণ, পত্র রক্তবর্ণ, সন্ধি কৃষ্ণবর্ণের দ্বারা অঙ্কিত করিবে।

# পূজা-প্রকরণ।

## সাধারণ প্রণালী।

### কাম্যবিশেষ পূজা।

লক্ষ্মী, ষষ্ঠী, মনসাদেবী, গঙ্গা প্রভৃতি দেবতার তিথিবিশেষে কামনাপূর্ব্বক যে পূজা হয়, তাহাই কাম্যপূজা।

নৈমিত্তিক ও কাম্যপূজায় পুণ্যাহাদিবাচন ও সঙ্কল্প করিতে হয়।

### পুণ্যাহবাচন ও সাধারণ সঙ্কল্প।

সর্ব্ববিধ সঙ্কল্পেই প্রথমতঃ দীপ প্রজ্বালিত করিয়া কুশহস্তে বদ্ধশিখ ও তিলকী হইয়া প্রাতঃসন্ধ্যাদি নিত্যক্রিয়া সমাপনান্তে আচমন ও বিষ্ণুস্মরণ করিবে। ওঁ তদ্বিষ্ণোরিত্যাদি স্মরণান্তে—

### সর্ব্বসাধারণ বিষ্ণুস্মরণ।

ওঁ শঙ্খচক্রধরং বিষ্ণুং দ্বিভুজং পীতবাসসম্।
প্রারম্ভে কর্ম্মণাং বিপ্রঃ পুণ্ডরীকং স্মরেদ্ধরিম্॥
ওঁ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি।
স্মরন্তি সাধবঃ সর্ব্বে সর্ব্বকার্য্যেষু মাধবম্॥
ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥

ওঁ বিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ শ্রীমাধবঃ।—শূদ্র ও স্ত্রীলোকগণ তদ্বিষ্ণোঃ ইত্যাদি মন্ত্র ও 'ওঁ' এই মন্ত্র পড়িবে না। পরে সূর্য্যার্ঘ্য দান—

অর্ঘ্য অভাবে জল লইয়া ওঁ ইদমর্ঘ্যং (শূদ্র ও যজুর্ব্বেদিগণ এষোঽর্ঘঃ)

ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে॥ ওঁ নমঃ শ্রীসূর্য্যায় নমঃ।

### প্রণামমন্ত্র।

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

ওঁ নমঃ শ্রীসূর্য্যায় নমঃ।—পরে গণেশাদি পূজা—

এতে গন্ধপুষ্পে ওঁ গণেশাদিপঞ্চদেবতাভ্যো নমঃ।
" " " ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ।
" " " ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ।
" " " ওঁ গুরুভ্যো নমঃ।
" " " ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।
" " " ওঁ নমো নারায়ণায় নমঃ।

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ ॥

ওঁ নমো নারায়ণায় নমঃ। ইতি নমস্কারান্তে—

পুণ্যাহাদিবাচন—আতপ তণ্ডুল লইয়া—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুকপূজা-কর্ম্মণি (বা অমুকব্রতকর্ম্মণি বা অমুককর্ম্মণি) ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু এই বলিয়া অপর ব্রাহ্মণগণকে বা ব্রাহ্মণকে (ব্রাহ্মণের অভাব হইলে স্বয়ং) ওঁ পুণ্যাহং তিনবার বলাইবে বা বলিবে। পুনশ্চ—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুক-দেবতা-পূজাকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু বলিয়া ওঁ স্বস্তি তিনবার বলাইবে। (যজুর্ব্বেদী ও শূদ্রগণ অগ্রে ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু বলিয়া ওঁ ঋধ্যতাম্ তিনবার বলাইবে।) পুনশ্চ—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুকদেবতা-পূজাকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু এই বলিয়া ওঁ ঋধ্যতাম্—এই মন্ত্র তিনবার বলাইবে। (যজুর্ব্বেদী ও শূদ্রগণ ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু বলিয়া ওঁ স্বস্তি তিনবার বলাইবে) পরে স্বস্তিসূক্ত পড়িবে ও পড়াইবে (স্ত্রী শূদ্রগণ স্বয়ং পড়িবে না, পড়াইবে)।

সামবেদীর পক্ষে—

ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে।
আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্।
ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

যজুর্ব্বেদী ও শূদ্রের পক্ষে—

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু।
ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

ঋগ্বেদিপক্ষে—

ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনা ভগঃ স্বস্তি দেব্যদিতিরনর্ব্বণঃ।
স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা।
ওঁ স্বস্তয়ে বায়ুমুপব্রবামহৈ সোমং স্বস্তি ভুবনস্য যস্পতিঃ।
বৃহস্পতিঃ সর্ব্বগণঃ স্বস্তয়ে স্বস্তয় আদিত্যাসো ভবন্তু নঃ।
ওঁ বিশ্বেদেবা নো অদ্যা স্বস্তয়ে বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে।
দেবা অবন্তৃভবঃ স্বস্তয়ে স্বস্তি নো রুদ্রঃ পাত্বংহসঃ।
ওঁ স্বস্তি মিত্রা বরুণাঃ স্বস্তি পথ্যে রেবতীঃ।
স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতয়ে কৃধি।
ওঁ স্বস্তি পন্থামনুচরেম স্বর্য্যাচন্দ্রমসাবিব।
পুনর্দদতা ঘ্নতা জানতা সঙ্গমেমহি।
ওঁ স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং মহদ্ভূতং বায়সং দেবতানাম্।
অসুরঘ্নমিন্দ্রসখং সমৎসু বৃহদ্যশো নাবমিহারুহেম।
অংহোমুচমাঙ্গিরসং গয়ঞ্চ স্বস্ত্যাত্রেয়ং মনসা চ তার্ক্ষ্যম্।
প্রযতপাণিঃ শরণং প্রপদ্যে স্বস্তি সম্বাধেম্বভয়ং নো অস্তু।
ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি॥

পরে সান্নিধ্য প্রার্থনা করিবে—

ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা।
পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ।
ব্রাহ্ম্যং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্।

ওঁ তৎসৎ ( স্ত্রীশূদ্র তৎসৎ মন্ত্র উচ্চারণ করিবে না। )*

এই মন্ত্র উচ্চারণ করিয়া সঙ্কল্প করিবে—সঙ্কল্পে তিল, হরীতকী, কুশ-ত্রিপত্র, পুষ্প, তুলসী, আতপতণ্ডুল সমন্বিত জলপূর্ণ তাম্রপাত্র লইয়া অভাবে কেবল জল লইয়া উত্তরমুখে দক্ষিণজানু পাতিয়া সঙ্কল্প করিবে। ( সধবা স্ত্রীলোক তিল ও কুশ পরিবর্ত্তে যব ও দূর্ব্বা ব্যবহার করিবে )। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য ( স্ত্রীশূদ্র বিষ্ণুর্নমোঽদ্য ) অমুকে মাসি ( রাশ্যুল্লেখ আবশ্যক হইলে অমুকরাশিস্থে ভাস্করে ) অমুকে পক্ষে ( শুক্লে পক্ষে বা কৃষ্ণেপক্ষে ) অমুকতিথৌ ( প্রতিপদাদি ক্রমে—প্রতিপদি, দ্বিতীয়ায়াং,

---

* তথা চ ব্রাহ্মণে—তারং তৎ সৎ ঠঠাখ্যানং তত্ত্বমসীতি প দঙঃ।
নোচ্চরেদুচ্চরেদ্যেষু ঠঠাখ্যানং তদঙ্গতঃ॥

তৃতীয়ায়াং, চতুর্থ্যাং, পঞ্চম্যাং, ষষ্ঠ্যাং, সপ্তম্যাং, অষ্টম্যাং, নবম্যাং, দশম্যাং, একাদশ্যাং, দ্বাদশ্যাং, ত্রয়োদশ্যাং, চতুর্দ্দশ্যাং, পৌর্ণমাস্যাং, অমাবস্যায়াম্ তিথৌ) (সংক্রান্তির উল্লেখ আবশ্যক হইলে বৈশাখাদিক্রমে মহাবিষুবসংক্রান্ত্যাং, বিষ্ণুপদীসংক্রান্ত্যাং, ষড়শীতিসংক্রান্ত্যাং, দক্ষিণায়নসংক্রান্ত্যাং, বিষ্ণুপদী-সংক্রান্ত্যাং, ষড়শীতিসংক্রান্ত্যাং, জলবিষুবসংক্রান্ত্যাং, বিষ্ণুপদীসংক্রান্ত্যাং ষড়শীতিসংক্রান্ত্যাম্, উত্তরায়ণসংক্রান্ত্যাং, বিষ্ণুপদীসংক্রান্ত্যাং, ষড়শীতি-, সংক্রান্ত্যাম্ এইরূপ উল্লেখ হইবে) অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ব্রাহ্মণস্ত্রী—অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী, শূদ্রস্ত্রী—অমুকগোত্রা শ্রীঅমুকীদাসী, শূদ্র—অমুকগোত্রঃ শ্রীঅমুকবসুদাসঃ বা ঘোষদাসঃ ইত্যাদি, ক্ষত্রিয়—অমুকগোত্রঃ শ্রীঅমুকত্রাতৃবর্ম্মা, বৈশ্য—অমুকগোত্রঃ শ্রীঅমুকদত্তভূতিঃ বা গুপ্তভূতিঃ বলিবে) অমুকদেবতাপ্রীতিকামঃ বা অমুককামঃ (যাহা কাম্য, তাহাই উল্লেখ হইবে, স্ত্রীলোকে অমুককামা বলিবে) শ্রীঅমুকদেবতাপূজাকর্ম্মাহহং (বহু কর্ম্ম হইলে সেই সেই কর্ম্মের উল্লেখ করিয়া 'কর্ম্মাণ্যহং' বলিবে) করিষ্যে। যজমানের প্রতিনিধি হইয়া পুরোহিত বা অন্য কেহ করিলে পূজাদিকার্য্যে (ব্রাহ্মণ ভিন্ন প্রতিনিধি হয় না)—মাস পক্ষ তিথি প্রভৃতির উল্লেখের পর অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ অমুককামঃ অমুকদেবতাপূজাকর্ম্মাহং কিংবা অমুককর্ম্মাহং করিষ্যামি বলিবে। (কার্য্যটির ফল যদি অন্যের জন্য অভিপ্রেত থাকে, সে স্থানে করিষ্যামি বলিবে) পরে সঙ্কল্পসূক্ত পাঠ করিবে—

যজুর্ব্বেদিপক্ষে—

ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি দৈবং তদুসুপ্তস্য তথৈবৈতি দূরঙ্গমম্।
জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু ॥

ঋগ্বেদিপক্ষে—

ওঁ যা গুঙ্গুর্যা সিনীবালী যা রাকা যা সরস্বতী।
ইন্দ্রাণী মাহ্ব উতয়ে বরুণানীং স্বস্তয়ে ॥

সামবেদিপক্ষে—

ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবিষ্ট্যাসিচং।
উদ্বা সিঞ্চধ্বমুপবা পৃণধ্ব মাদিদ্বো দেব ওহতে ॥

(সঙ্কল্পিতার্থাঃ সিদ্ধাঃ সন্তু, শিবঞ্চাস্তু অয়মারম্ভঃ শুভায় ভবতু, এই বলিয়া উক্ত মন্ত্র বলাইবে।)

## সঙ্কল্পে মাসবিশেষের উল্লেখের নিয়ম।

তত্র প্রমাণ—তিথিকৃত্যে চ কৃষ্ণাদিং ব্রতে শুক্লাদিমেব চ।
বিবাহাদৌ চ সৌরাদিং মাসং কৃত্যে বিনির্দ্দিশেৎ॥

সাধারণতঃ পূজা, ব্রত, শ্রাদ্ধ ও সংস্কারাদি কার্য্যে ত্রিবিধ মাস আবশ্যক হয়, যথা—গৌণ চান্দ্র, মুখ্য চান্দ্র ও সৌর।

কৃষ্ণপক্ষীয় প্রতিপদ্ হইতে পূর্ণিমা পর্য্যন্ত যে মাস, উহা গৌণ চান্দ্র; শুক্লপক্ষীয় প্রতিপদ্ হইতে অমাবস্যা পর্য্যন্ত যে মাস, উহা মুখ্য চান্দ্র; সূর্য্যের এক রাশি হইতে গমন করিয়া অপর রাশিতে অবস্থানকাল সৌরমাস অর্থাৎ মাসের এক সংক্রান্তি হইতে অপর সংক্রান্তির পূর্ব্ব পর্য্যন্ত কাল। ব্রহ্মপুরাণোক্ত তিথিবিশেষে কর্ত্তব্য কার্য্যকে তিথিকৃত্য কহে, যথা—জন্মাষ্টমী ব্রত, সাবিত্রী ব্রত, শিবরাত্রি ব্রত প্রভৃতি, অষ্টকাশ্রাদ্ধ, প্রেতপক্ষ শ্রাদ্ধাদি, গঙ্গাপূজা, সরস্বতীপূজা, দুর্গাপূজা প্রভৃতি। বারুণীস্নান প্রভৃতি এই সকল তিথিকৃত্যে ও জন্মতিথিপূজায় গৌণ চান্দ্রমাসের উল্লেখ হইবে। পঞ্জিকাতে গৌণ বৈশাখ, মুখ্য চৈত্র প্রভৃতি লেখা থাকে, তদ্দর্শনে ২৫শে চৈত্রেও গৌণ চান্দ্র-বৈশাখমাসের উল্লেখ করিবে। শুক্লপক্ষীয় তিথির কার্য্যে কোনও সন্দেহ নাই, কারণ, গৌণ চান্দ্র ও মুখ্য চান্দ্র একই। একোদ্দিষ্ট, সপিণ্ডন, পঞ্চপাত্র (পার্ব্বণ) শ্রাদ্ধ প্রভৃতি বিষয় নিয়ম ব্যতিরেকে মুখ্য চান্দ্রমাসই উল্লেখ্য। কেহ কেহ জন্মতিথিকৃত্যে মুখ্য চান্দ্রমাস উল্লেখের বিধান করেন। বিবাহ প্রভৃতি সংস্কারকার্য্যে, ভাদ্র চৈত্র পৌষমাসের ও দীপান্বিতার লক্ষ্মী-পূজায়, তান্ত্রিক পূজায়, মাঘস্নান ও কার্ত্তিকস্নানে এবং অন্যান্য রাশ্যুল্লেখে বিহিত কার্য্যে সৌরমাস উল্লেখ করিবে। সৌরমাস উল্লেখের পর রাশির উল্লেখ করিবে, যথা—বৈশাখাদিক্রমে মেষরাশিস্থে ভাস্করে, ঐরূপ বৃষ-রাশিস্থে, মিথুনরাশিস্থে, কর্কটরাশিস্থে, সিংহরাশিস্থে, কন্যারাশিস্থে, তুলারাশিস্থে, বৃশ্চিকরাশিস্থে, ধনূরাশিস্থে, মকররাশিস্থে, কুম্ভরাশিস্থে, মীন-রাশিস্থে ভাস্করে এইরূপ উল্লেখ হইবে।

সংক্রান্তিনিমিত্তিক কার্য্যে সংক্রান্তি নামোল্লেখ করিবে,—অমুকসংক্রান্ত্যাং কিন্তু মুখ্য চান্দ্রমাস উল্লেখ হইবে। সংক্রান্তিনিমিত্তক পুণ্যকালে কার্য্য হইলে সংক্রান্তির উল্লেখ হইবে, ইহা অনেকের মত।

## বরণ।

স্বয়ং পূজা করিলে অথবা যজমানের নামে পুরোহিত স্বয়ং সঙ্কল্প করিলে বরণ করিতে হয় না। গন্ধ, পুষ্প, বস্ত্র, যজ্ঞোপবীত, অঙ্গুরীয়, আসনাদি দ্বারা প্রীতি-উৎপাদন পূর্ব্বক কার্য্যভার দেওয়াকে বরণ বলে। প্রণালী যথা—

যজমান পূর্ব্বমুখে ও পুরোহিত উত্তরমুখে আচমন করিয়া বসিবে। যজমান হাতযোড় করিয়া বলিবে, ওঁ সাধু ভবান্ আস্তাম্ (আসনে বসাইবে), ওঁ সাধ্বহমাসে (পুরোহিত বলিবে), ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্ (যজমান এই মন্ত্রে পুরোহিতের নিকট অনুজ্ঞা লইবেন, ওঁ অর্চ্চয়—পুরোহিত বলিবেন)। যজমান গন্ধ, পুষ্প, বস্ত্র, যজ্ঞোপবীত, অঙ্গুরীয়, অসামর্থ্যে কেবল গন্ধপুষ্প লইয়া এতানি গন্ধপুষ্পবস্ত্রাদীনি ব্রাহ্মণায় নমঃ। পুরোহিত ওঁ স্বস্তি বলিয়া গ্রহণ করিবেন। যজমান আতপতণ্ডুল হস্তে দক্ষিণহস্তের উপর বামহস্ত রাখিয়া উবুড়ভাবে পুরোহিতের দক্ষিণ জানু ধরিয়া বলিবেন—বিষ্ণুরোম্ তৎসদদ্য (স্ত্রীশূদ্র বিষ্ণুর্নমোঽদ্য) অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকদাসঃ অথবা অমুকগোত্রা অমুকীদেবী বা দাসী) মৎসঙ্কল্পিতামুককর্ম্মণি (যে কার্য্যের সঙ্কল্প করিয়াছেন, যেমন কার্ত্তিকেয়পূজাকর্ম্মণি ইত্যাদি) তৎপূজাদিকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং (পুরোহিতের নাম ও গোত্র) অভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। পুরোহিত বলিবেন, ওঁ বৃতোঽস্মি। যজমান কৃতাঞ্জলি হইয়া বলিবেন, ওঁ যথাবিহিতং পূজাদিকর্ম্ম কুরু। পুরোহিত, ওঁ যথাজ্ঞানং করবাণি বলিয়া ভার লইবেন।

বিশেষপূজাস্থলে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিবে (দীক্ষা-প্রকরণ দেখ)। পূজাবেদীকে পঞ্চগব্যে শোধন পূর্ব্বক তদ্দ্বারা শোধিত করিবে।

পঞ্চগব্য-শোধন—সামবেদিপক্ষে।—গোমূত্র—গায়ত্রী। গোময়ঃ—ওঁ গাবশ্চিদ্‌ঘা সমন্যবঃ, সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ। দুগ্ধ—ওঁ গব্যোষুণো যথা পুরা শ্বয়োত রথয়া। বরিবস্যা মহোনাম্। দধি—ওঁ দধি ক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভিনো মুখাকরৎ প্রণ আয়ুংষি তারিষৎ। ঘৃত—ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্ব্বী পৃথ্বী মধুদুঘে সুপেশসা। দ্যাবা পৃথিবী বরুণস্য ধর্ম্মণা বিষ্কভিতে অজরে ভূরিরেতসা। কুশোদক—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনের্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে। গায়ত্রী দ্বারা মিশ্রণ।

যজুর্ব্বেদিপক্ষে।—গোমূত্র—গায়ত্রী। গোময়—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্। দুগ্ধ—ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোম বৃষ্ণ্যং ভবা বাজস্য সঙ্গথে। দধি—ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভিনো মুখাকরৎ প্রণ আয়ূংষি তারিষৎ। ঘৃত—ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি। কুশোদক—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে। একীকরণ—গায়ত্রী।

ঋগ্বেদিপক্ষে।—গোমূত্র—গায়ত্রী। গোময়—ওঁ গাবশ্চিদ্ঘা সমন্যবঃ, সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ। দুগ্ধ—আপো অস্মান্ ব্রহ্মচারিষং, রসেন সমগস্মহি। পয়স্বানগ্ন আগহি, তং মা সংসৃজ বর্চ্চসা। দধি—ওঁ উদ্বুধ্যধ্বং সমনসঃ সখায়ঃ, সমগ্নিমিন্ধ্বং বহবঃ সনীড়াঃ। দধিক্রামগ্নিমুষসঞ্চ দেবীমিন্দ্রাবতোঽবসে নিহ্বয়ে বঃ॥ ঘৃত—ওঁ অগ্নিরস্মি জন্মনা জাতবেদাঃ ঘৃতং মে চক্ষুরমৃতং ম আসন্। অর্কস্ত্রিধাতু রজসো বিমানোঽজস্রো ঘর্ম্মো হবিরস্মি নাম। কুশোদক—ওঁ যোগে যোগে তবস্তরং বাজে বাজে হবামহে। সখায় ইন্দ্রমূতয়ে। একীকরণ—গায়ত্রী।

অনন্তর ঐ শোধিত পঞ্চগব্যে নিম্নলিখিত মন্ত্রে বেদী শোধন করিবে, যথা—

ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে, বর্হিষা বর্হি-রিন্দ্রিয়ম্।
যূপেন যূপ আপ্যতে প্রণীতো অগ্নিরগ্নিনা॥

ঘটস্থাপন।—অনন্তর সর্ব্বতোভদ্রমণ্ডলোপরি ঘটস্থাপন করিবে, যথা—শুদ্ধ মৃত্তিকায় পঞ্চশস্য নিক্ষেপ করিবে, তদুপরি ধৌত সুলক্ষণ ঘট, তাহাতে দধ্যক্ষত (দধিমাখান চাউল) দিয়া শুদ্ধজলপূর্ণ করিয়া স্থাপন করিবে। তাহার কণ্ঠে আচারাৎ লাল সূতা ও আলতা দেওয়া হয়। মধ্যে পঞ্চপল্লব (আম্র, অশ্বত্থ, বট, পাকুড়, যজ্ঞীয়োডুম্বরশাখা) অলাভে কেবল আম্রপল্লব দিবে, তদভাবে দুইটি পানও দেওয়ার ব্যবহার আছে। একশরা চাউলে একটি হরীতকী কিংবা সুপারি দিয়া তদুপরি স্থাপন করিবে। তদুপরি একটি নির্দ্দোষ সশীর্ষ ফল (নারিকেল অথবা কদলী) দিবে; ঐ ফলকে সিন্দূররঞ্জিত করিবে। ঘটে একটি সিন্দূরপুত্তলিকা আঁকিবে, পুষ্পমাল্য দিয়া শোভিত করিবে, ঘটমধ্যে গঙ্গাদিতীর্থমৃত্তিকা ও পঞ্চরত্ন দিবে, ঘটের গলায় দুইখানি কাপড় বা গামছা দ্বারা আবৃত

করিবে। ঘটকে পীঠ বলিয়া মনে করিতে হয়। এইরূপে সজ্জিত করিয়া এক একটি মন্ত্রে এক একটি দ্রব্য স্পর্শ করিয়া অভিমন্ত্রিত করিবে।

সামবেদিপক্ষে—ভূমি।—ওঁ মহিত্রীণামবরস্তু, দ্যুক্ষং মিত্রস্যার্য্যম্নঃ, দুরাধর্ষং বরুণস্য। ধান্য—ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্তমুক্‌থিনম্। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ। ঘট—ওঁ আবিশন্ কলসং সুতো বিশ্বা অর্ষন্নভিশ্রিয়ঃ। ইন্দুরিন্দ্রায় ধীয়তে। জল—ওঁ আনো মিত্রাবরুণাঘৃতৈর্গব্যূতিমুক্ষতং মধ্বা রজাংসি সুক্রতূ। পল্লব—ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব। পর্ণং বনস্পতেনু ত্বা নুত্বা চ সূয়তাং রয়িঃ। ফল—ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে যৎপার্য্যা যুনজতে ধিয়স্তাঃ, শূরো নৃষাতা শ্রবসশ্চকান আগো মতী ব্রজে ভজাত্বন্নঃ। পুষ্প—ওঁ পবমান ব্যশ্ন হি রশ্মিভির্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্। (অথবা শ্রীরসি ময়ি রমস্ব) সিন্দূর—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্ত-মুক্ষণম্। হিরণ্যপাবাঃ পশুমপ্সু গৃভ্নতে। স্থিরীকরণ—ওঁ ত্বাবতঃ পুরূবসো বয়মিন্দ্র প্রণেতঃ স্মসিস্থাতর্হরীণাম্।

ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেবসমন্বিতম্।
ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেব গণৈঃ সহ॥

স্ত্রীদেবতাপক্ষে তিষ্ঠ দেবি গণৈঃ সহ এই পাঠ হইবে।

যজুর্ব্বেদী ও শূদ্রপক্ষে—ভূমি—ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি, বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী। পৃথিবীং যচ্ছ পৃথিবীং দৃগুংহ পৃথিবীং মাহিগুংসীঃ।

ধান্য—ওঁ ধান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞম্। ধিনুহি যজ্ঞপতিং ধিনুহি মাং যজ্ঞন্যম্।

ঘট—ওঁ আজিঘ্র কলসং মহ্যা ত্বা বিশন্ত্বিন্দবঃ। পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব, সানঃ সহস্রং ধুক্ষ্বোরুধারা পয়স্বতী, পুনর্মাবিশতাদ্রয়িঃ।

জল—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভসর্জ্জনীস্থঃ। বরুণস্য ঋতসদন্যসি, বরুণস্য ঋতসদনমসি, বরুণস্য ঋতসদনীমাসীদ।

পল্লব—ওঁ ধন্বনা গা ধন্বনা জিঙ্গয়েম, ধন্বনা তীব্রাঃ সমদো জয়েম। ধনুঃ-:শত্রোরবকামং কৃণোতু, ধন্বনা সর্ব্বাঃ প্রদিশো জয়েম।

ফল—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতি-প্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বগুংহসঃ॥

সিন্দূর—ওঁ সিন্ধোরিব প্রাধ্বনেশূঘনাসো বাতপ্রমিয়ঃ, পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো নবাজী কাষ্ঠাভিন্দন্নূর্ম্মিভিঃ পিন্বমানঃ॥

পুষ্প—ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে, নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিষাণামুম্ম ইষাণ, সর্ব্বলোকম্ম ইষাণ।

বস্ত্র—ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ, স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তদ্ধি বাসঃ কবয় উন্নয়ন্তি সাধ্যা মনসা বেদয়ন্তঃ।

স্থিরীকরণ—ওঁ স্থিরো ভব বিড্বঙ্গ আশুর্ব্বর্বাজ্যর্ব্বন্। পুথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ। ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবি ( দেব ) গণৈঃ সহ॥

ঋগ্‌বেদিপক্ষে—ভূমি—ওঁ উর্ব্বী সদ্মনী বৃহতী ঋতেন, হুবে দেবানামবসা জনিত্রী। দধাতে যে অমৃতং সুপ্রতীকে, দ্যাবা রক্ষতং পৃথিবী নো অভ্বাৎ।

ধান্য—ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্তমুক্‌থিনম্। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ।

ঘট—ওঁ এতানি ভদ্রা কলশ ক্রিয়াম, কুরু শ্রবণ দদতো মঘানি দান ইদ্ বো মঘবানঃ সো অস্ত্বয়ঞ্চ সোমো হৃদিযং বিভর্ম্মি।

জল—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি, বরুণস্য স্কম্ভসর্জ্জনীস্থঃ। বরুণস্য ঋত সদন্যসি, বরুণস্য ঋতসদনমসি, বরুণস্য ঋত সদনমাসীদ।

ফল—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা, অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতি-প্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বংহসঃ।

স্থিরীকরণ—ওঁ স্থিরো ভব বিড্বঙ্গ, আশুর্ভব বাজ্যর্ব্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ। কৃতাঞ্জলি হইয়া ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেব-সমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবি ( দেব ) গণৈঃ সহ॥

সর্ব্বসাধারণ কাণ্ডারোপণমন্ত্র—ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষঃ পরি, এবানো দূর্ব্বে প্রতনু সহস্রেণ শতেন চ॥

চক্ষুর্দ্দান।—প্রতিমা সত্ত্বে প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিবে। প্রথমতঃ—কজ্জলের দ্বারা চক্ষুর্দ্দান করিবে—স্ত্রীদেবতার অগ্রে বামনেত্র, পরে দক্ষিণ-নেত্র, পুং-দেবতার অগ্রে দক্ষিণনেত্র, পরে বামনেত্র দান করিবে। ত্রিনেত্র দেবতা পক্ষে—অগ্রে উর্দ্ধনেত্র, পরে বাম ও দক্ষিণনেত্র দান হইবে। গায়ত্রীপাঠ বা মূলমন্ত্রপাঠ সহকারে নেত্রদান করিতে হয়।

প্রাণপ্রতিষ্ঠা।—শিব ও শক্তির এবং বিষ্ণুর হৃদয় ও অন্য দেবতার চরণ স্পর্শ করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবে। প্রতিমার গণ্ডদ্বয় ধারয়া ওঁ হংসঃ শুচি-সদ্বসুরন্তরিক্ষ সদ্ধোতা বেদিষদতিথির্দুরোণ সৎ নৃষদ্বরসদৃত সদ্ব্যোম সদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ। ওঁ প্রতদ্বিষ্ণুঃ স্তবতে বীর্য্যেণ মৃগো ন

ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ। যস্যোরুষু ত্রিষু বিক্রমণেম্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ। ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্। ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ। ওঁ তদ্বিপ্রাসো বিপণ্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে বিষ্ণোর্যৎ পরমং পদম্। ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংশতু। আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে। ওঁ গর্ভং ধেহি সিনীবালি গর্ভং ধেহি সরস্বতি। গর্ভং তে অশ্বিনৌ দেব বাধত্তাং পুষ্করস্রজৌ॥

কুশপুষ্পযুক্ত হস্ত প্রতিমার মস্তকে স্থাপন পূর্ব্বক ১০৮বার মূলমন্ত্র জপ করিয়া গণ্ডস্থল ধরিয়া—ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হং সঃ অস্য ( অমুকদেবস্য ) অস্যা বা ( অমুকীদেব্যাঃ ) প্রাণা ইহ প্রাণাঃ। ওঁ আং হ্রীং……হৌং হং সঃ অস্য জীব ইহ স্থিতঃ। ওঁ আং হ্রীং……হং সঃ অস্য সর্ব্বেন্দ্রিয়াণি। ওঁ আং হ্রীং……হং সঃ অস্য বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা। এই মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠান্তে হৃদয়ে হস্ত দিয়া লেলিহান মুদ্রায় প্রাণপ্রতিষ্ঠা করিবে। ( পুংদেবতাপক্ষে ) ওঁ অস্মৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্মৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্মৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা। দেবী ( স্ত্রী-দেবতা ) প্রতিষ্ঠায়—ওঁ অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্যৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা। ওঁ মনোজূতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বদেবাস ইহ মাদয়ন্তামোং প্রতিষ্ঠ। পরে মূলমন্ত্রে দেবতাশরীরে অঙ্গন্যাস করিবে। ইতি প্রাণপ্রতিষ্ঠা।

দক্ষিণাবাক্য—দক্ষিণাদ্রব্য স্বর্ণখণ্ড, রজতখণ্ড বা, হরীতকী অথবা পুষ্প লইয়া অর্চ্চনা করিবে। ওঁ এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ এই মন্ত্রে তিনবার জলের দ্বারা প্রোক্ষণ করিয়া ( চিৎহাতে জলের ছিটা দিয়া ) এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ কাঞ্চনমূল্যায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতৎসম্প্রদান অমুকদেবতায়ৈ নমঃ ( দেবতাকে কোনও দ্রব্য দান করিলে তাহার দক্ষিণা দেবতাকে দিবে অন্যথা ব্রাহ্মণকে দিবে। ব্রাহ্মণকে দক্ষিণাদান পক্ষে এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ। ) বামহস্তান্বারব্ধ হইয়া ( দক্ষিণ হস্তের সহিত বাম হস্তের যোগ করিয়া ) বিষ্ণুরোম্ তৎসদদ্যামুকে মাসি ( সঙ্কল্পে যে মাস উল্লিখিত হইয়াছে ) অমুকে পক্ষে অমুক তথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেব-শর্ম্মণঃ অমুকীগোত্রায়াঃ অমুকীদেব্যা অমুক-কামনয়া কৃতৈতদমুক-কর্ম্মণঃ

সাঙ্গতার্থং দক্ষিণামিদং ( দক্ষিণাদ্রব্য না থাকিলে দক্ষিণান্তৎ বলিবে ) কাঞ্চন-মূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দানি ( নিজে দক্ষিণাস্ত করিলে সম্প্রদদে বলিবে, 'অমুকগোত্রস্যামুকদেবশর্ম্মণ' ইহা বলিবে না। )

অচ্ছিদ্রাবধারণ।—ওঁ কৃতৈতদমুককর্ম্মাচ্ছিদ্রমস্তু (পূজাকার্য্যে অমুকদেবতা-পূজাকর্ম্মাচ্ছিদ্রমস্তু ) পুরোহিত ওঁ অস্তু বলিবেন

বৈগুণ্যশান্তি।—পুরোহিত প্রতিনিধি হইলে তিনি নিজেই করিবেন, যজমান স্বয়ং কার্য্য করিলে বৈগুণ্যাদিশান্তি নিজেরই কর্ত্তব্য। যথা—

বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকে মাসি ( সর্ব্বত্রই মুখ্য চান্দ্রমাস উল্লেখ হইবে ) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতেঽস্মিন্ অমুককর্ম্মণি ( পূজাকর্ম্মণি, ব্রতকর্ম্মণি ইত্যাদি ) যৎকিঞ্চিদ্‌বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। ওঁ তদ্বিষ্ণোঃ ইত্যাদি মন্ত্রে বিষ্ণুস্মরণ করিয়া যথাশক্তি ( ওঁ বিষ্ণুঃ ) মন্ত্র জপ করিবে। কৃতাঞ্জলি হইয়া—

ওঁ অজ্ঞানাদ্‌যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ।
স্মরণাদেব তদ্‌বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ॥
ওঁ যদসাঙ্গং কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা।
সাঙ্গং ভবতু তৎসর্ব্বং শ্রীহরের্নামকীর্ত্তনাৎ॥

শ্রীহরিঃ শ্রীহরিঃ শ্রীহরিঃ। এক গণ্ডূষ জল লইয়া—ওঁ এতৎকর্ম্মফলং শ্রীকৃষ্ণায়ার্পণমস্তু।—ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ।
তস্মিংস্তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥

পরে নারায়ণকে নমস্কার করিবে।

বিসর্জ্জন।—সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি প্রভৃতি যথাশক্তি করিয়া দশোপচারে বা পঞ্চোপচারে দেবতার পূজা পূর্ব্বক দইকড়মা প্রভৃতি নিবেদন করিবে। ওঁ এতস্মৈ দধিকরম্ভায় নমঃ, তিনবার প্রোক্ষণ, এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ দধিকরম্ভায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ এতৎসম্প্রদান অমুকদেবতায়ৈ নমঃ। এষঃ দধিকরম্ভঃ অমুকদেবতায়ৈ নমঃ।

পরে আরতি করিয়া ওঁ অমুকদেব বা দেবি ক্ষমস্ব বলিয়া সংহারমুদ্রায় একটি নির্ম্মাল্য লইয়া আঘ্রাণ পূর্ব্বক ( স্বহৃদয়ে পুনশ্চ সেই তেজ রহিলেন ভাবিবে ) ঘট ও প্রতিমা কিঞ্চিৎ চালনা করিবে। ওঁ উত্তরে শিখরে দেবি

ভূম্যাং পর্ব্বতমূর্দ্ধনি। ব্রহ্মযোনিসমুৎপন্নে গচ্ছ দেবি মমান্তরম্। (ইহা শক্তি-দেবতার পক্ষে)

সাধারণপক্ষে—ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং পরমেশ্বরি।
সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ॥

পুংদেবতাপক্ষে পরমেশ্বর। যে দেবতা প্রতি সংবৎসরে পূজনীয় নহেন, তাঁহার পক্ষে এই মন্ত্র পাঠ্য নহে।—ঈশানকোণে ত্রিকোণমণ্ডল করিয়া 'ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ' এই মন্ত্রে উহাতে নির্ম্মাল্য দিবে।

শান্তিমন্ত্রে পুরোহিত শান্তি করিবেন।—কুশ বা আম্রপল্লব দ্বারা জল ছিটাইয়া দিবেন।

শান্তিমন্ত্র।—ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ।
প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে।
আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋর্তস্তথা।
বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ।
ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্পালাঃ পান্তু তে সদা।
ওঁ কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ।
বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিস্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ।
এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপত্ন্যঃ সুসংযতাঃ (ধর্ম্মপালাঃ সমাগতাঃ)।
ওঁ আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ।
গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ।
ওঁ ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ।
দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাং গণাঃ।
অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ।
ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে।
ওঁ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ।
দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ।
এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে॥

কয়ানশ্চিত্র ইতি ঋক্ত্রয়স্য মহাবামদেব্যঋষির্বিরাড়্গায়ত্রীচ্ছন্দো ইন্দ্রো-দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতী সদা বৃধঃ সখা। কয়া সচিষ্ঠয়া বৃতা। ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ

দৃঢ়াচিদারুজেবসু। ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরিতৃণাং শতং ভবাস্যূতয়ে।

(ঋগ্‌বেদী ও যজুর্ব্বেদী "ভবাস্যূতিভিঃ" বলিবেন) এই মন্ত্র তিনটি সামবেদী তিনবার, যজুর্ব্বেদী ও ঋগ্‌বেদী একবার পাঠ করিবে। পরে সর্ব্ববেদীই ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু মন্ত্র পাঠ করিবেন। এই মন্ত্রও সামবেদী তিনবার, যজুর্ব্বেদী ও ঋগ্‌বেদী একবার পাঠ করিবেন। পরে ওঁ দ্যৌঃ শান্তিঃ অন্তরিক্ষং শান্তিঃ পৃথিবী শান্তিরাপঃ শান্তিরোষধয়ঃ শান্তির্বনস্পতয়ঃ শান্তির্বিশ্বেদেবাঃ শান্তির্ব্রহ্ম শান্তিঃ সর্ব্বত্র শান্তিঃ শান্তিরেব শান্তিঃ সামা শান্তিরেধি। কেহ কেহ ইহা কেবল যজুর্ব্বেদীর পক্ষেই প্রয়োগ করেন। ওঁ আপদাং শান্তিঃ ওঁ যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু। ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ॥

## অধিবাস।

প্রতিমাস্থলে অধিবাস করা কর্ত্তব্য।

মহী গন্ধশিলাধান্য-দূর্ব্বাপুষ্পফলং দধি। ঘৃতং স্বস্তিকসিন্দূরং শঙ্খকজ্জলরোচনাঃ। সিদ্ধার্থং কাঞ্চনং রৌপ্যং তাম্রচামরদর্পণম্। দীপং প্রশস্তপাত্রঞ্চ বন্দয়েচ্ছুভকর্ম্মসু। মহী প্রভৃতির দ্বারা যে সংস্কার, তাহারই নাম অধিবাস। বিশেষ পূজার পূর্ব্বদিনে অধিবাস হয়। তাহাতে সঙ্কল্প করিতে হয়। কিন্তু পরদিনে পূজাকালে অধিবাস করিতে হইলে অঙ্গকার্য্যের জন্য পৃথক্ সঙ্কল্প করিতে হয় না।

নিম্নোক্ত এক একটি মন্ত্রে এক একটি দ্রব্য প্রতিমায় স্পর্শ করাইবে। সামবেদিপক্ষে—গন্ধ—ওঁ ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ যোঽস্য কামং বিধতো ন রোষতি মনোদানায় চোদয়ন্। অনেন গন্ধেন।

মহী।—ওঁ মহিত্রীণামবরস্তু দ্যুক্ষং মিত্রস্যার্য্যম্নঃ। দুরাধর্ষং বরুণস্য। অনয়া মহ্যা অস্যাঃ অস্তু বা শুভাধিবাসনমস্তু। এইরূপে গন্ধ লইয়া ওঁ ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ ইত্যাদি।

শিলা—ওঁ বিশ্বদাপোনপর্ব্বতস্য পৃষ্ঠাদুক্থেভিরগ্নে জনয়ন্ত দেবাঃ। তস্বাগিরঃ সুষ্টুতয়ো বাজয়ন্ত্যা জিষ্ণুগির্ব্ববাহোজিগ্যুরশ্বাঃ। অনয়া শিলয়া ইত্যাদি।

ধান্য।—ওঁ ধানাবন্তং করম্ভিনমপূপবন্তমুক্‌থিনম্। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ। অনেন ধান্যেন।

দূর্ব্বা।—ওঁ যজ্জায়থা অপূর্ব্ব্য মঘবন্ বৃত্রহত্যায়। তৎ পৃথিবীমপ্রথয়স্তদস্তভ্না উতো দিবম্। অনয়া দূর্ব্বয়া।

পুষ্প।—ওঁ পবমান ব্যশ্নু হি রশ্মিভির্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্। অনেন পুষ্পেণ।

ফল।—ওঁ ইন্দ্রন্নরো নেমধিতা হবন্তে, যৎপার্য্যাযুনজতে ধিয়স্তাঃ শূরো নৃষাতা শ্রবসশ্চকান আগোমতী ব্রজে ভজাত্বন্নঃ। অনেন ফলেন।

দধি।—ওঁ দধি ক্রাব্নো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভিনো মুখাকরৎ প্রণআয়ুংষি তারিষৎ। অনেন দধ্না।

ঘৃত।—ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্ব্বী, পৃথ্বী মধুদুঘে সুপেশসা, দ্যাবা পৃথিবী বরুণস্য ধর্ম্মণা, বিষ্কভিতে অজরে ভূরি রেতসা। অনেন ঘৃতেন।

স্বস্তিক।—ওঁ অস্তি সোমো অয়ং সুতঃ পিবস্ত্যস্য মরুতঃ। উতস্ব বাজো অশ্বিনা। অনেন স্বস্তিকেন।

সিন্দূর।—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং হিরণ্যপাবাঃ পশুমপ্সু গৃভ্নতে। অনেন সিন্দূরেণ।

শঙ্খ।—ওঁ স্বস্থন্নেয়ো বস্থনাং যোরায়ামানেতা য ঈড়ানাং সোমো যঃ সুক্ষিতীনাম্। অনেন শঙ্খেন।

কজ্জল।—ওঁ অঞ্জতে ব্যঞ্জতে সমঞ্জতে ক্রতুং রিহন্তি মধ্বাভ্যঞ্জতে। অনেন কজ্জলেন।

গোরোচনা।—ওঁ শ্রায়ন্ত ইব সূর্য্যং বিশেদিন্দ্রস্য ভক্ষত। বসূনি জাতো জনিমান্যোজসা প্রতিভাগন্ন দীধিমঃ। অনয়া রোচনয়া।

সিদ্ধার্থ।—ওঁ এষ উষা অপূর্ব্ব্যা ব্যুচ্ছতি প্রিয়া দিবঃ। স্তুষে বামশ্বিনা বৃহৎ। অনেন সিদ্ধার্থেন।

কাঞ্চন।—ওঁ সদসস্পতিমদ্ভূতং প্রিয়মিন্দ্রস্য কাম্যম্। শনিং মেধামযাসিষম্। অনেন কাঞ্চনেন্।

রৌপ্য।—ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুত। সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেন মা সংসৃজামসি। অনেন রৌপ্যেণ—

তাম্র।—ওঁ বন্মহাঁ অসি সূর্য্য বড়াদিত্য মহাঁ অসি। মহস্তে সতো মহিমা পনিষ্ট মহ্নাদেব মহাঁ অসি। অনেন তাম্রেণ।

চামর।—ওঁ বাত আবাতু ভেষজং শম্ভুর্ময়োভুর্নো হৃদে। প্রণ আয়ুংষি তারিষৎ। অনেন চামরেণ।

দর্পণ।—ওঁ আদিৎ প্রত্নস্য রেতসো জ্যোতিঃ পশ্যন্তি বাসরম্। পরো যদিধ্যতে দিবি। অনেন দর্পণেন।

দীপ।—ওঁ মনোজূতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তা মোং প্রতিষ্ঠ। অনেন দীপেন।

প্রশস্ত পাত্র।—ওঁ উদ্যল্লোকানরোচয় প্রজাভূতমরোচয় হোই ইমান্ লোকানরোচয় হোই বিশ্বং ভূতমরোচয়। হোহা ঐবাত্র ধর্ম্মো জ্যোতীংষি। অনেন প্রশস্তপাত্রেণ।

যজুর্ব্বেদিপক্ষে।—২৩টি দ্রব্যের দ্বারা অধিবাস হয়।

তৈল-হরিদ্রা—ওঁ কোঽসি কতমোঽসি কস্মৈ ত্বা কায় ত্বা সুশ্লোকঃ সুমঙ্গলঃ সত্যরাজন্। অনয়া তৈল-হরিদ্রয়া অস্য দেবস্য শুভাধিবাসনমস্তু।

গন্ধ।—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্ব-ভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্। অনেন গন্ধেন।

মহী।—ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রীং পৃথিবীং যচ্ছ পৃথিবীং দৃগুংহ পৃথিবীং মাহিগুংসীঃ। অনয়া মহ্যা।

গন্ধ।—ওঁ গন্ধদ্বারামিত্যাদি। অনেন গন্ধেন।

শিলা।—ওঁ প্রপর্ব্বতস্য বৃষভস্য পৃষ্ঠান্নাবশ্চরন্তি স্বসিচ ইয়ানাঃ। তা আবৃত্রং নধরাগুদক্তা অহিং বুধ্ন্যমনুরীয়মাণাঃ। (বিষ্ণোর্বিক্রমণমসি বিষ্ণোর্বিক্রান্তমসি বিষ্ণোঃ ক্রান্তমসি) অনয়া শিলয়া।

ধান্য।—ওঁ ধান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞং ধিনুহি যজ্ঞপতিং ধিনুহি মাং যজ্ঞন্যম্। অনেন ধান্যেন।

দূর্ব্বা।—ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষঃ পরি। এবানো দূর্ব্বে প্রতনু সহস্রেণ শতেন চ। অনয়া দূর্ব্বয়া।

পুষ্প।—ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তং ইষ্ণন্নিষাণা মগ্ম ইষাণ, সর্ব্বলোকম্ম ইষাণ। অনেন পুষ্পেণ।

ফল।—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতি-প্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বগুংহসঃ। অনেন ফলেন।

দধি।—ওঁ দধি ক্রাব্ণোঽকার্ষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভিনো মুখাকরৎ প্রণ আয়ুংষি তার্ষৎ। অনেন দধ্না।

ঘৃত।—ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেব যজনমসি। অনেন ঘৃতেন।

স্বস্তিক।—ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু। অনেন স্বস্তিকেন।

সিন্দূর।—ওঁ সিন্ধোরিব প্রাধ্বনেশূঘনাশো বাতপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষোনবাজী কাষ্ঠা ভিন্দন্নূর্ম্মিভিঃ পিন্বমানঃ। অনেন সিন্দূরেণ।

শঙ্খ।—ওঁ প্রতিশ্রুৎকায়া অর্ত্তনং ঘোষায় ভষমনন্তায় বহুবাদিনমনন্তায় মূকগুং শব্দায়াড়ম্বরাঘাতং মহসে বীণাবাদং ক্রোশায় তূণবধ্মপরম্পরায় শঙ্খধ্বং বনায় বনপমন্যতো অরণ্যায় দাবপম্। অনেন শঙ্খেন।

কজ্জল।—ওঁ সমিদ্ধো অঞ্জন কৃদরং যতীনাং ঘৃতমগ্নে মধুমৎ পিন্বমানঃ। বাজী বহন্ বাজিনং জাতবেদো দেবানাং বক্ষি প্রিয়মাসধস্থম্। অনেন কজ্জলেন।

গোরোচনা।—ওঁ যুঞ্জন্তি ব্রধ্নমরুষং চরন্তং পরিতস্থুষঃ। রোচন্তে রোচনা দিবি। অনয়া গোরোচনয়া।

সিদ্ধার্থ।—ওঁ রক্ষোহণো বোল্লহনঃ প্রোক্ষামি বৈষ্ণবান্ রক্ষোহণো বোল্লহনো বলয়ামি বৈষ্ণবান্ রক্ষোহণো বোল্লহনোঽবস্তৃণামি বৈষ্ণবান্ রক্ষোহণো বোল্লহনাবুপদধামি বৈষ্ণবী রক্ষোহণৌ বাংল্লহনৌপর্য্যূহামি বৈষ্ণবী বৈষ্ণবমসি বৈষ্ণবাঃ স্থ। অনেন সিদ্ধার্থেন।

কাঞ্চন।—ওঁ স্বর্ণঘর্ম্মঃ স্বাহা ওঁ স্বর্ণার্কঃ স্বাহা ওঁ স্বর্ণশুক্রঃ স্বাহা ওঁ স্বর্ণ-জ্যোতিঃ স্বাহা ইতি অথবা ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্রে ভূতস্য জাতঃ পতিরেক আসীৎ। স দধার পৃথিবীং দ্যামুতেমাং কস্মৈ দেবায় হবিষা বিধেম। অনেন কাঞ্চনেন।

রৌপ্য।—ওঁ দৃশানো রুক্ম উর্ব্ব্যা ব্যদ্যৌ দুর্ম্মর্ষমায়ুঃ শ্রিয়ে রুচানঃ অগ্নির-মৃতমভবদ্বয়োভির্যদেনং দ্যৌরজনয়ৎ সুরেতাঃ। অনেন রৌপ্যেণ।

তাম্র।—ওঁ অসৌ যস্তাম্রো অরুণ উত বভ্রুঃ সুমঙ্গলঃ। যে চৈনগুং রুদ্রা অভিতো দিক্ষু শ্রিতাঃ সহস্রশো বৈশাগুং হেল ইমহে। অনেন তাম্রেণ।

আতপতণ্ডুল।—ওঁ অন্নপতে অন্নস্য নো ধেহ্যনমীবস্য শুষ্মিণঃ। প্রদাতারং তারিষ উর্জ্জং নো ধেহি দ্বিপদে শং চতুষ্পদে। অনেন অন্নেন।

দর্পণ।—ওঁ আকৃষ্ণেণ রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্। অনেন দর্পণেন।

দীপ।—ওঁ মনোজূতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু। অরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তামোং প্রতিষ্ঠ। অনেন দীপেন।

প্রশস্তপাত্র।—ওঁ প্রতিপদসি প্রতিপদে ত্বা অনুপদসি অনুপদে ত্বা সম্পদসি সম্পদে ত্বা তেজোঽসি তেজসে ত্বা। অনেন প্রশস্তপাত্রেণ।

## ঋগ্‌বেদীয় অধিবাস।

মহী।—ওঁ মহীত্রীণামবরস্তদ্যুক্ষং মিত্রস্যার্যম্ণঃ। দুরাধর্ষং বরুণস্য। অনয়া মহ্যা।

গন্ধ।—ওঁ অলর্ষি রাতিং বসুদামুপস্তুহি। ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ। সোঽস্য কামং বিদধতো নেরোদসী মনো দানায় চোদয়ন্। অনেন গন্ধেন।

শিলা।—ওঁ ইন্দ্রা পর্ব্বতা বৃহতা রথেন বামীরিষ আবহতং সুবীরাঃ। বীতং হব্যান্যধ্বরেষু দেবা নব্যং গীর্ভিরিড়য়া মদন্তা। অনয়া শিলয়া।

ধান্য।—ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্তমুক্থিনম্। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ। অনেন ধান্যেন।

দূর্ব্বা।—ওঁ যজ্জায়থা অপূর্ব্ব্য মঘবন্ বৃত্রহত্যায় তৎ পৃথিবীমপ্রথয়স্তদস্তভ্না উতো দিবম্। অনয়া দূর্ব্বয়া।

পুষ্প।—ওঁ পবমান ব্যশ্ন হি রশ্মিভির্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্। অনেন পুষ্পেণ।

ফল।—ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে যৎ পার্য্যাযুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতাঃ শ্রবসশ্চকান আগোমতী ব্রজে ভজাত্বন্নঃ। অনেন ফলেন।

দধি।—ওঁ দধি ক্রাবোঽকার্ষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভিনো মুখাকরৎ প্রণ আয়ূংষি তার্ষৎ। অনেন দধ্না।

ঘৃত।—ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্ব্বী পৃথ্বী মধুদুঘে সুপেশসা দ্যাবা-পৃথিবী বরুণস্য ধর্ম্মণা বিষ্কভিতে অজরে ভূরিরেতসা। অনেন ঘৃতেন।

স্বস্তিক।—ওঁ অস্তি সোমো অয়ং সুতঃ পিবন্ত্যস্য মরুতঃ। উত স্বরাজো অশ্বিনা। অনেন স্বস্তিকেন।

সিন্দূর।—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং হিরণ্যপাবাঃ পশুমপ্সু গৃভ্নতে। অনেন সিন্দূরেণ।

শঙ্খ।—ওঁ স্বসূন্নোয়া বসুনাং যো রায়ামানেতা য ঈড়ানাং সোমো যঃ সুক্ষিতীনাম্। অনেন শঙ্খেন।

কজ্জল।—ওঁ অঞ্জতে ব্যঞ্জতে সমঞ্জতে ক্রতুং রিহন্তি মধ্বাভ্যঞ্জতে। অনেন কজ্জলেন।

গোরোচনা।—অধর্দ্যোধরা দিবো বৃহতো রোচনা দধি। অয়াবদ্ধসুতয়া গিরা সমজাতা সুক্রতোপৃণ। অনয়া রোচনয়া।

সিদ্ধার্থ।—ওঁ এষ উষা অপূর্ব্ব্যা ব্যুচ্ছতি প্রিয়া দিবঃ। স্তুষে বামশ্বিনা বৃহৎ। অনেন সিদ্ধার্থেন।

কাঞ্চন।—ওঁ তৎ গৃদ্ধাষাসুবন্নবোঽবদেবাসো দেবমরতিং দধাহেম্নিবে। দেবতা হব্যমূহিষঃ। অনেন কাঞ্চনেন।

রৌপ্য।—ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুত। সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেনে মা সংসৃজামসি। অনেন রৌপ্যেণ।

তাম্র।—ওঁ বন্মহাঁ অসি সূর্য্য বড়াদিত্য মহাঁ অসি মহস্তে সতো মহিমা পনিষ্টম মহ্না দেব মহাঁ অসি। অনেন তাম্রেণ।

চামর।—ওঁ বাত আবাতু ভেষজং শম্ভুর্ময়োভুর্নো হৃদে প্রণ আয়ূংষি তারিষৎ। অনেন চামরেণ।

দর্পণ।—ওঁ আদিৎ প্রত্নস্য রেতসো জ্যোতিঃ পশ্যন্তি বাসরম্। পরো যদিধ্যতে দিবি। অনেন দর্পণেন।

দীপ।—ওঁ মনোজূতিজুর্ষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু। অরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তামোঁ প্রতিষ্ঠ। অনেন দীপেন।

প্রশস্তপাত্র।—ওঁ প্রতিপদসি প্রতিপদে ত্বা অনুপদসি অনুপদে ত্বা সম্পদসি সম্পদে ত্বা তেজোঽসি তেজসে ত্বা। অনেন প্রশস্তপাত্রেণ।

## উপচারবিধি।

উপচার বহুবিধ। তন্মধ্যে চতুঃষষ্টি উপচার, ষট্‌ত্রিংশৎ উপচার, অষ্টাদশ উপচার, ষোড়শোপচার, দশোপচার ও পঞ্চোপচার এইগুলি ব্যবহৃত হইয়া থাকে।

চতুঃষষ্টি উপচার যথা—পাদ্য ১, আসন ২, সুগন্ধি তৈললেপন ৩, স্নানগৃহপ্রবেশন ৪, স্নানশালায় মণিপীঠে উপবেশন ৫, দিব্য স্নানীয় ৬, উদ্বর্ত্তন

( হরিদ্রা আমলকী বাটা) ৭, উষ্ণোদক ৮, সুবর্ণকলসস্থিত সর্ব্বতীর্থাভিষেক ৯, ধৌতবস্ত্র গাত্রমার্জ্জনী ( গামছা ) ১০, রক্তবস্ত্র ১১, রক্ত উত্তরীয় ১২, অনু-লেপনগৃহপ্রবেশন ও মণিপীঠে উপবেশন ১৩, চন্দনাগুরু কুঙ্কুম মৃগমদ কর্পূর কস্তূরী গোরোচনা দিব্য গন্ধে সর্ব্বাঙ্গানুলেপন ১৪, কেশভারের কালা-গুরু-ধূপ-মল্লিকা-মালতী-জাতি-চম্পকাশোক-পদ্ম-পূগ-কুহ্বরী-পুন্নাগ-কহ্লার-যূথী-সর্ব্বর্ত্তু কুসুমমালাভূষণ ১৫, ভূষণগৃহে প্রবেশন ১৬, ভূষণমণিপীঠোপবেশন ১৭, নবরত্ন-মুকুট ১৮, অর্দ্ধচন্দ্রাভরণ ১৯, সীমন্তসিন্দূর ২০, তিলক ২১, অঞ্জন ২২, কর্ণপালী ( কানবালা ২টী ) ২৩, নাসাভরণ ২৪, অলক্তক ২৫, গ্রথনভূষণ ২৬, সুবর্ণবিচিত্র পদক ২৭, মহাপদক ২৮, মুক্তাহার ২৯, সুবর্ণহার ৩০, দেহচ্ছন্দক ৩১, কেয়ূরচতুষ্টয় ৩২, বলয়াবলী ৩৩, উর্ম্মিকাবলী ( রতন-চুর ) ৩৪, কাঞ্চী ( গোট ) ৩৫, শোভাখ্যাভরণ ৩৬, পাদকটক ( মল ) ৩৭, রত্ননূপুর ৩৮, পাদাঙ্গুরীয় ৩৯, পাশ ৪০, অঙ্কুশ ৪১, পুণ্ড্রেক্ষুচাপ ( পুরি আক ) ৪২, পুষ্পবাণ ৪৩, মাণিক্যপাদুকা ৪৪, সিংহাসনারোহণ ৪৫, কামেশ্বরপর্য্যঙ্কা-রোহণ ৪৬, অমৃতভোজনপাত্র ৪৭, আচমনীয় ৪৮, কর্পূরবটিকা ৪৯ আনন্দোল্লাসবিলাস হাস্য ৫০, মঙ্গলারাত্রিক ৫১, শ্বেতচ্ছত্র ৫২, চামরদ্বয় ৫৩, দর্পণ ৫৪, তালবৃন্ত ৫৫, গন্ধ ৫৬, পুষ্প ৫৭, ধূপ ৫৮, দীপ ৫৯, নৈবেদ্য ৬০, পানার্থ জল ৬১, পুনরাচমনীয় ৬২, তাম্বূল ৬৩, বন্দনা ৬৪।

ষট্‌ত্রিংশৎ উপচার—আসন ১, দন্তকাষ্ঠ নিবেদন তৈলাভ্যঞ্জন ২, উদ্বর্ত্তন-দ্রব্য ৩, গাত্রশোধন ৪, সম্মার্জ্জনবস্ত্র ৫, ঘৃতাদিস্নানীয় ৬, স্বাগতপ্রশ্ন ৭, পাদ্য ৮, অর্ঘ্য ৯, আচমন ১০, স্নানীয় ১১, মধুপর্ক ১২, পুনরাচমনীয় ১৩, বস্ত্র ১৪, যজ্ঞোপবীত ১৫, অলঙ্কার ১৬, গন্ধ ১৭, পুষ্প ১৮, ধূপ ১৯, দীপ ২০, নৈবেদ্য ২১, তাম্বূল ২২, পুষ্পমালা ২৩, অনুলেপন ২৪, শয্যা ২৬, চামরবীজন ২৭, দর্পণ দর্শন ২৮, নমস্কার ২৯, নৃত্য ৩০, গীত ৩১, বাদ্য ৩২, দানদ্রব্য ৩৩, স্তুতি ৩৪, হোম ৩৫, প্রদক্ষিণ বিসর্জ্জন ৩৬।

অষ্টাদশ উপচার—আসন ১, স্বাগতপ্রশ্ন ২, পাদ্য ৩, অর্ঘ্য ৪, আচমন ৫, মধুপর্ক ৬, স্নান ৭, বস্ত্র ৮, যজ্ঞোপবীত ৯, ভূষণ ১০, গন্ধ ১১, পুষ্প ১২, ধূপ ১৩, দীপ ১৪, নৈবেদ্য ১৫, দর্পণ ১৬, মাল্য ও অনুলেপন ১৭, নমস্কার বিসর্জ্জন ১৮।

ষোড়শোপচার—আসন ১, স্বাগতপ্রশ্ন ২, পাদ্য ৩, অর্ঘ্য ৪, আচমন ৫, মধুপর্ক ৬, পুনরাচমন ৭, স্নান ৮, বসন ৯, আভরণ ১০, গন্ধ ১১, পুষ্প ১২, ধূপ ১৩, দীপ ১৪, নৈবেদ্য ১৫, বন্দনা ১৬।

দশোপচার—পাদ্য-অর্ঘ্য-আচমন মধুপর্ক (অথবা স্নানীয়) পুনরাচমন, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য।

পঞ্চোপচার—গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য।

---

## উপচার-দানবিধি।

উপচারদ্রব্য বামহস্তে অনুত্তানহস্তে ধরিয়া অর্ঘ্যোদকে বং মন্ত্রে ছিটা দিয়া অর্চ্চনা করিবে। যথা—ওঁ এতস্মৈ পাদ্যায় নমঃ, স্ত্রীলিঙ্গ দ্রব্য হইলে ওঁ এতস্যৈ রচনায়ৈ নমঃ, এইরূপে তিনবার উত্তানহস্তে জলের ছিটা দিয়া এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ পাদ্যায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতৎ সম্প্রদানায় ওঁ অমুকদেবায় নমঃ, স্ত্রীদেবতাস্থলে এতৎসম্প্রদানৈ্য অমুকীদেব্যৈ নমঃ, ইদং পাদ্যং ওঁ অমুকদেবায় নমঃ, বীজমন্ত্রে পূজাস্থলে প্রথমে বীজমন্ত্রের উল্লেখ, পরে দ্রব্যের উল্লেখ, অনন্তর দেবতার নামোল্লেখ করিয়া নিবেদন করিবে। যথা—ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এতৎ পাদ্যং হ্রীঁ ভগবত্যৈ দুর্গায়ৈ নমঃ। যে উপচার পুংলিঙ্গ যথা গন্ধঃ ধূপঃ দীপঃ মধুপর্কঃ ইহার নিবেদন পূর্ব্বে এষঃ গন্ধঃ এষঃ ধূপঃ এইরূপ বলিবে, আর যে উপচার স্ত্রীলিঙ্গ, যথা পুষ্পমালা, রচনা, শয্যা ইত্যাদি ইহার পূর্ব্বে এষা পদ প্রয়োগ করিয়া নিবেদন কবিবে। যথা—এষা পুষ্পমালা, এষা রচনা অমুকদেবায় নমঃ, ক্লীবলিঙ্গ উপচার স্থলে এতৎ বা ইদম্ পদ যোগ করিবে। যথা—এতৎ পাদ্যং, ইদং অর্ঘ্যং, ইদং আচমনীয়ং, এতৎস্নানীয়মিত্যাদি।

পাদ্য।—শ্যামাক দূর্ব্বা, পদ্ম ও অপরাজিতাযুক্ত জল।

অর্ঘ্য।—অষ্টাঙ্গ—গন্ধ, পুষ্প, অক্ষত, যব, কুশাগ্র, তিল, সর্ষপ, দূর্ব্বাযুক্ত জল।

আচমন।—জাতি-লবঙ্গ-কক্কোল-চূর্ণ জল, মুখে দিবে।

স্নানীয়।—৪॥০ সাড়ে চারি সের জল তাম্রকুম্ভে গাত্রে।

মধুপর্ক।—কাংস্যপাত্রে দধি, মধু, ঘৃত মুখে। বিশেষ দেবতাস্থলে দধি, মধু, ঘৃত, শর্করা, দুগ্ধ কাংস্যপাত্রে কাংস্যপাত্রাচ্ছাদিত।

গন্ধ।—অষ্টবিধ, দেবতাভেদে গন্ধাষ্টক ভিন্ন প্রকার, শঙ্খের উপর রাখিয়া অর্চ্চনা করিয়া কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠের অগ্রে ছিটাইয়া দেবতার সর্ব্বাঙ্গে।

পুষ্প।—বৃন্ত ধরিয়া তর্জ্জনী ও অঙ্গুষ্ঠযোগে চক্রমুদ্রায় পাদে।

পুষ্পাঞ্জলি।—উভয় হস্তাঞ্জলি করিয়া মস্তক, হৃদয়, মূলাধার, পাদ ও সর্ব্বাঙ্গে।

ধূপ।—দেবতার বামভাগে নীচু কোন পাত্রে করিয়া দিবে। আসনে, ঘটে বা ভূমিতে দিবে না। বামহস্তের মধ্যমা দ্বারা ধরিয়া নিবেদন করিয়া নাসিকাগ্র পর্য্যন্ত ধূপ ঘুরাইয়া ঘণ্টাবাদ্য সহকারে তিনবার ঘুরাইবে।

দীপ।—দেবতার দক্ষিণে বা অগ্রে ঘৃত ও তুলানির্ম্মিত দীপ বামহস্তের তর্জ্জনী দ্বারা ধরিয়া দৃষ্টি পর্য্যন্ত উচ্চ করিয়া নিবেদনান্তে ঘণ্টাবাদ্য সহকারে তিনবার ঘুরাইবে।

নৈবেদ্য।—আমান্ন নৈবেদ্য দেবতার দক্ষিণে ত্রিকোণ মণ্ডলোপরি রাখিয়া বং মন্ত্রে শঙ্খের জলে শোধন পূর্ব্বক অর্চ্চনা করিয়া হুং মন্ত্রে অবগুণ্ঠন করিয়া বম্ মন্ত্রে ধেনুমুদ্রা দেখাইয়া ফট্ মন্ত্রে রক্ষিত করিয়া চক্রমুদ্রা দেখা-ইয়া মৎস্যমুদ্রার দ্বারা আচ্ছাদন করিয়া মূলমন্ত্র দশবার জপান্তে নিবেদন করিবে।

ভোগদ্রব্য।—পক্কান্ন দেবতার বামভাগে উক্ত প্রণালীতে নিবেদন করিবে।

তাম্বূল।—কর্পূর, সুপারি প্রভৃতি দ্বারা সজ্জিত করিয়া নিবেদন করিবে।

প্রদক্ষিণ।— অর্ঘ্যং কৃত্বা তু শঙ্খেন যঃ করোতি প্রদক্ষিণম্।
প্রদক্ষিণীকৃতা তেন সপ্তদ্বীপা বসুন্ধরা॥
একাং চণ্ড্যাং রবৌ সপ্ত তিস্রো দদ্যাদ্‌বিনায়কে।
চতস্রঃ কেশবে দদ্যাৎ শিবে চার্দ্ধপ্রদক্ষিণাম্॥
দক্ষিণাদ্বায়বীং গত্বা দিশস্তস্যাশ্চ শাম্ভবীম্।
ততশ্চ দক্ষিণাং গত্বা নমস্কারস্ত্রিকোণবৎ॥

শঙ্খস্থিত অর্ঘ্য হস্তে দেবতার দক্ষিণ হইতে বায়ুকোণ পর্য্যন্ত যাইবে, পরে তথা হইতে ঈশানকোণ পর্য্যন্ত যাইবে, পুনশ্চ তথা হইতে দক্ষিণভাগে আসিবে। এইরূপ হইলে ত্রিকোণাকার প্রদক্ষিণ হয়। চণ্ডীকে (দেবীকে) একবার, সূর্য্যকে সাতবার, গণেশকে তিনবার, বিষ্ণুকে চারবার প্রদক্ষিণ করিবে।

## প্রণাম।

অষ্টাঙ্গ ও পঞ্চাঙ্গ—

পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যামুরসা শিরসা দৃশা।
বচসা মনসা চৈব প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ॥

দুই পদ, দুই হস্ত, দুই জানু, বক্ষঃ, মস্তক ভূমিলগ্ন করিয়া চক্ষুঃ দ্বারা দেবতাকে প্রত্যক্ষ করিয়া বাক্যে ও মনের দ্বারা প্রণামকে অষ্টাঙ্গ প্রণাম কহে।

বাহুভ্যাঞ্চৈব জানুভ্যাং শিরসা বচসা দৃশা।
পঞ্চাঙ্গোঽয়ং প্রণামঃ স্যাৎ পূজাসু প্রবরাবিমৌ॥

বাহুদ্বয়, জানুদ্বয়, মস্তক, বাক্য ও চক্ষুঃ দ্বারা প্রণামকে পঞ্চাঙ্গ প্রণাম বলে।

---

## সর্ব্বকর্ম্মসাধারণী কুশণ্ডিকা।

চতুর্হস্তপরিমিত, সমচতুষ্কোণ, কেশতুষাঙ্গারাদি-বর্জ্জিত, গোময়াদিলিপ্ত স্থলে বালুকা ব্যাপ্ত করিয়া কুশাসনে পূর্ব্বাস্যে বসিবে। হোমক্রিয়ায় মস্তকে উষ্ণীষ বন্ধন ও তিলকাদি দ্বারা ললাট সুশোভিত করিবে। পরে পাতিত-দক্ষিণজানু হইয়া উত্তরদিকে অভ্যুক্ষণার্থ কুশকুসুমসহিত জলপাত্র রাখিবে। জলপাত্রের পশ্চিমে উত্তরাগ্র করিয়া গাছকত কুশা পাতিয়া বহ্নিস্থাপন যাবৎ ঐ কুশার প্রাদেশপরিমিত একটি কুশা বামকরে লইয়া ঐ হস্ত চিতভাবে রাখিতে হয়। পরে দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠাঙ্গুলীর দ্বারা গৃহীত কুশমূলে রেখাকরণ করিবে। রেখাকরণে অগ্রে পাতিত বালুকার উপরি দ্বাদশাঙ্গুলিপ্রমাণ কুশা নৈঋ্ঋতকোণ হইতে পূর্ব্বমুখ করিয়া পাতিত করিবে। পরে একবিংশতি-প্রমাণ অপর একটি কুশা পূর্ব্ব কুশের মূল হইতে উত্তরাস্য করিয়া স্থাপন করিবে, পরে সপ্ত অঙ্গুলিপ্রমাণ আর একটি কুশা দ্বিতীয় রেখার চারি অঙ্গুলী ঊর্দ্ধে প্রথম কুশার গাত্রসংলগ্ন করত উত্তরাস্য করিয়া রাখিবে ও উহার উত্তরসীমা হইতে পূর্ব্বমুখ করিয়া একটি প্রাদেশপরিমিত কুশা রাখিবে। পরে পূর্ব্বক্রমে সাত অঙ্গুলী আর একটি কুশা প্রথম সপ্তাঙ্গুল কুশার উত্তরদিকে উত্তরাস্য করিয়া রাখিবে ও ঐ কুশার উত্তর হইতে পূর্ব্বাস্য করিয়া প্রাদেশপরিমিত আর একটি কুশা রাখিবে। তৎপরে আর একটি

সাত-অঙ্গুলী কুশা দ্বিতীয় সপ্তাঙ্গুল কুশার উত্তরদিকে উত্তরাস্য করিয়া ও ঐ কুশার উত্তর হইতে পূর্ব্বমুখ করিয়া আর একটি প্রাদেশপরিমিত কুশা রাখিয়া দিবে। এই প্রকারে সজ্জিত করিলে রেখাকরণের কালে সেই সেই কুশার মাত্র মন্ত্রপাঠসহকারে রেখা টানিলেই সহজ হইবে। কেহ কেহ স্থণ্ডিল নির্ম্মাণ পূর্ব্বক কুশ দ্বারা একবারে রেখা টানিয়া রাখেন। পরে মন্ত্রপাঠ করিয়া ঐ সকল রেখা স্পষ্টীকৃত করিয়া থাকেন।

রেখাকরণমন্ত্র, যথা—দ্বাদশাঙ্গুলপ্রমাণ পূর্ব্বমুখী রেখা,—ওঁ রেখেয়ং পৃথ্বীদেবতাকা পীতবর্ণা ॥১॥ তন্মূল হইতে একবিংশতি অঙ্গুলিপরিমিত উত্তর-মুখী রেখা—ওঁ রেখেয়ং অগ্নিদেবতাকা লোহিতবর্ণা ॥ ২ ॥ প্রথম রেখা হইতে সপ্তাঙ্গুলি-অন্তরিত প্রাদেশপরিমিত পূর্ব্বাভিমুখী রেখা—ওঁ রেখেয়ং প্রজা-পতিদেবতাকা কৃষ্ণবর্ণা ॥ ৩ ॥ পুনর্ব্বার অন্য সপ্তাঙ্গুলি-অন্তরিত প্রাদেশপরি-মিত পূর্ব্বাভিমুখী রেখা—ওঁ রেখেয়মিন্দ্রদেবতাকা নীলবর্ণা ॥ ৪ ॥ উহা হইতে সপ্তাঙ্গুলি-অন্তরিত প্রাদেশপরিমিত পূর্ব্বাভিমুখী রেখা,—ওঁ রেখেয়ং সোমদেবতাকা শুক্লবর্ণা ॥ ৫ ॥

তৎপরে ঐ পাঁচটি রেখার মূলদেশ হইতে অঙ্গুষ্ঠ ও অনামিকাযোগে কিঞ্চিৎ কিঞ্চিৎ উৎকরস্বরূপ বালুকা গ্রহণ পূর্ব্বক "ওঁ নিরস্তঃ পরাবসুঃ।" এই মন্ত্রে অরত্নি-পরিমিত দূরস্থানে ঈশানকোণে ফেলিয়া পূর্ব্বস্থাপিত জলে রেখা অভ্যুক্ষণ করিবে। পরে সন্নিধাপিত বহ্নি হইতে জলদিন্ধন লইয়া নিম্ন-লিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা অগ্নিসংস্কারে বিনিয়োগঃ। ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ ॥

গৃহীত বহ্নি হইতে ক্রব্যাদাংশ নৈঋর্তকোণে নিক্ষেপ করত অবশিষ্ট প্রজ্বলিত বহ্নি লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক স্থণ্ডিলের উপর দক্ষিণাবর্ত্তে তৃতীয় রেখার উপর আত্মাভিমুখ করিয়া রাখিবে, যথা—

প্রজাপতির্ঋষির্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃস্বরোম্ ॥

তৎপরে পূর্ব্বস্থাপিত বামকর তুলিয়া করপুটে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্। ওঁ সর্ব্বতঃ পাণিপাদান্তঃ সর্ব্বতোঽক্ষিশিরোমুখঃ। বিশ্বরূপো মহানগ্নিঃ প্রণীতঃ

সর্ব্বকর্ম্মসু ॥ পিঙ্গভ্রূ ইত্যাদি মন্ত্রে ধ্যান ও বিশ্বরূপ নামক অগ্নির আবাহন পূর্ব্বক পূজা করিবে।

পরে প্রাদেশপরিমিত ঘৃতাক্ত সমিধ্ দ্বারা একটি আহুতি দিবে এবং ব্রহ্মস্থাপন করিবে, যথা,—

পূর্ব্বরক্ষিত জলপাত্র হইতে জলধারা দিয়া বহ্নির উত্তর হইতে দক্ষিণে অর্থাৎ অগ্নিকোণে স্থণ্ডিল হইতে অরত্নিপরিমিত দূরে (কনিষ্ঠাঙ্গুলি বাহির করিয়া মুষ্টিবদ্ধ হস্তকে অরত্নি কহে) জলধারা দিয়া কতিপয় কুশা বিস্তৃত করতঃ ব্রহ্মার আসন করিবে। আসনের পূর্ব্বপার্শ্বে পশ্চিমাস্যে দাঁড়াইয়া বামকরের অনামিকা ও অঙ্গুষ্ঠাঙ্গুলী দ্বারা আস্তৃত কুশাসন হইতে একটি কুশা লইয়া মন্ত্র পাঠ করিবেন, যথা—

প্রজাপতিঋষিরগ্নির্দেবতা তৃণনিরসনে বিনিয়োগঃ। ওঁ নিরস্তঃ পরাবসুঃ॥

এই মন্ত্রে কুশাগাছটি দক্ষিণ-পশ্চিমকোণে ফেলিয়া দক্ষিণকর দ্বারা জল স্পর্শ করতঃ বামপদের উপরি দক্ষিণচরণ রাখিয়া, উত্তরাস্য হইয়া পূর্ব্বরক্ষিত আসন জল দ্বারা অভ্যুক্ষণ করতঃ নিম্নকথিত মন্ত্র পাঠ করিবে, যথা—

প্রজাপতিঋষিরগ্নির্দেবতা ব্রহ্মোপবেশনে বিনিয়োগঃ। ওঁ আবসোঃ সদনে সীদ। যজমান কর্ত্তৃক বৃত ব্রাহ্মণ যদি ব্রহ্মা হন, তবে তিনিই বলিবেন ওঁ সীদামি॥ অন্যথা হোতা স্বয়ং বলিবেন।

তৎপরে উত্তরাস্য ব্রহ্মস্থাপন পূর্ব্বক হোতা কতিপয় কুশা বিনা মন্ত্রে ব্রহ্মাকে দিয়া জল দ্বারা অভ্যুক্ষণ করিবে এবং "এতৎ কুশপত্রং ওঁ ব্রহ্মণে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।" এই নিয়মে পূজা করিবে।

তৎপরে হোতা পূর্ব্বাস্যে নিজ আসনে বসিয়া অযজ্ঞীয় ভাষাদিকথনের প্রায়শ্চিত্তস্বরূপ নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন, বৃত ব্রাহ্মণ থাকিলে তিনিই কেবল এই মন্ত্রটি পাঠ করিবেন, যথা—

প্রজাপতিঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুর্দেবতা অযজ্ঞীয়-বাগ্‌বচননিমিত্তজপে বিনিয়োগঃ। ওঁ ইদং বিষ্ণুর্ব্বিচক্রমে ত্রেধা নিদধে পদং সমূঢ়মস্য পাংশুলে॥

কুশময় ব্রাহ্মণ স্থলে হোতাকেই সমস্ত মন্ত্র পাঠ করিতে হয় এবং অর্চ্চনার দ্রব্যাদি কুশময় ব্রাহ্মণে দিতে হয়। ঐ ব্রাহ্মণকে বিস্তৃত কুশময় আসনে পূর্ব্বাগ্র করিয়া রাখিবে। প্রকৃতকর্ম্মে চরুহোম থাকিলে এই সময়ে চরুপাক কর্ত্তব্য। তজ্জন্য সূর্পে অক্ষত (তণ্ডুল) লইয়া, দক্ষিণপার্শ্বে একটি কুশার উপরি রাখিয়া হোমীয় দেবতাদিগের উদ্দেশ্যে তত্তৎনামে এক এক মুষ্টি তণ্ডুল লইয়া

বামকরধৃত উদূখলে মুষল দ্বারা আঘাত এবং সুপ্রক্ষালন ও প্রস্ফোটন করিবে। পরে চরুস্থালী লইয়া বহ্নির উপর মাটীর খোঁটা পুতিয়া তাহাতে দুগ্ধের সহিত ঐ তণ্ডুল চড়াইয়া কিঞ্চিৎ ঘৃত প্রক্ষেপ করিয়া জ্বাল দিবে। চরুর মধ্যে একটি উত্তরাগ্র কুশা রাখিয়া দিতে হয়। পরে মেক্ষণ (যজ্ঞীয় কাঠের হাতা) দ্বারা ঘুঁটিয়া পাক সমাপ্ত হইলে জল দ্বারা অভ্যুক্ষণ করিবে এবং অগ্নির উত্তরদিকে কয়েকগাছি কুশা পাতিয়া তদুপরি রাখিয়া দিবে। নামাইবার অগ্রে ও পরে জ্বলন্ত অগ্নির দ্বারা স্থালীমধ্য দেখিতে হয়।

তৎপরে পাতিতদক্ষিণজানু হইয়া অধোমুখে অসংলগ্নভাবে বাম হস্তের উপর দক্ষিণ হস্ত মাটীতে রাখিয়া ভূমিজপ-মন্ত্র জপ করিবে, যথা—

পরমেষ্ঠীঋষিরনুষ্টুপ্ছন্দোঽগ্নির্দেবতা ভূমিজপে বিনিয়োগঃ। ওঁ ইদং ভূমের্ভজামহ ইদং ভদ্রং সুমঙ্গলং পরাসপত্নান্ বাধস্বান্যেষাং বিন্দতে ধনম্॥

রাত্রিকালে কার্য্য হইলে "ধন" শব্দের স্থানে "বসু" শব্দ উচ্চার্য্য।

তৎপরে দক্ষিণকরে কতিপয় কুশা লইয়া বহ্নির উত্তরদিক্ হইতে বায়ুকোণ পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে নিম্নকথিত মন্ত্রে তৃণাদি মার্জ্জন ও শোধন করিবে, যথা—

কৌৎসঋষির্জগতীচ্ছন্দোঽগ্নির্দেবতা পৃষ্ঠস্য ষড়হস্য ষষ্ঠেঽহন্যগ্নিমারুতে শস্তে পরিসমূহনে বিনিয়োগঃ। ওঁ ইমং স্তোমমর্হতে জাতবেদসে রথমিব সম্মহেমা মনীষয়া, ভদ্রা হি নঃ প্রমতিরস্য সংসদ্যগ্নে সখ্যে মারিষামা বয়ন্তব॥ কৌৎসঋষির্জগতীচ্ছন্দ ইত্যাদি পাঠান্তে ওঁ ভরামেধ্মং কৃণবামা হবীংষি তে চিতয়ন্তঃ পর্ব্বণা পর্ব্বণা বয়ম্। জীবাতবে প্রতরাং সাধয়া ধিয়োঽগ্নে সখ্যে মারিষামা বয়ন্তব॥ কৌৎসঋষির্জগতীচ্ছন্দ ইত্যাদি পাঠান্তে ওঁ শকেম ত্বা সমিধং সাধয়া ধিয়স্তে দেবা হবিরদন্ত্যাহুতম্। ত্বমাদিত্যাঁ আবহতান্ হ্যুশ্মস্যগ্নে সখ্যে মারিষামা বয়ন্তব।

অনন্তর সমার্জ্জনী কুশাগুলি ঈশানকোণে ফেলিয়া ছিন্নমূল সমানাগ্র কুশা গ্রহণ পূর্ব্বক অগ্নির পূর্ব্বোত্তরদিকে তিনগাছা পূর্ব্বাগ্র কুশা স্থাপন ও তাহার নিম্নে আবার ঐরূপ কুশা পূর্ব্বমুখ করত রাখিয়া উপরিস্থ কুশার মূলদেশ আবরণ করিবে এবং পুনর্ব্বার আর একগাছা কুশা দ্বারা ঐরূপে উপরিস্থ কুশার মূল আবরণ করিয়া দিবে। তদনন্তর অগ্নিকোণের ঊর্দ্ধস্থান হইতে নৈঋ‍র্তকোণের নিম্নভাগ যাবৎ পূর্ব্বে যেরূপ দেওয়া হইয়াছিল, সেইরূপে পূর্ব্বমুখীন করিয়া পঞ্চদশসংখ্য কুশা প্রদান করিবে। পরে নৈঋ‍র্তকোণের ঈষৎ উত্তরে

ঊর্দ্ধ হইতে নিম্নক্রমে তিনগাছা কুশা রাখিবে। অনন্তর অগ্নির উত্তরদিকে ঈশানকোণস্থ কুশার মূল আবরণ পূর্ব্বক অধঃক্রমে বায়ুকোণ যাবৎ দ্বাদশটি কুশা সাজাইয়া দিবে। পরে দশদিকে যথাক্রমে পূর্ব্বদিক্ হইতে ওঁ ইন্দ্রায় স্বাহা ওঁ অগ্নয়ে স্বাহা ওঁ যমায় স্বাহা ওঁ নৈঋর্তায় স্বাহা ওঁ বরুণায় স্বাহা ওঁ বায়বে স্বাহা ওঁ কুবেরায় স্বাহা ওঁ ঈশানায় স্বাহা ওঁ ব্রহ্মণে স্বাহা ওঁ অনন্তায় স্বাহা এই মন্ত্রে (কেহ কেহ অমন্ত্রক ও স্বস্তিক দান করেন। কেহ কেহ স্বাহা স্থানে বষট্ শব্দ প্রয়োগ করেন) স্বস্তিকদান (ঘৃতাক্ত তণ্ডুল) করিয়া প্রজাপতি দেবতাকে মনে মনে ভাবনা করতঃ ঘৃতাক্ত বিংশতিকাষ্ঠিকা অগ্নিতে আহুতি দিবে। এই বিংশতিকাষ্ঠিকা দুই প্রাদেশপরিমিত হইবে। তৎপরে আস্তৃত কুশা হইতে দুইগাছি সাগ্র কুশা লইয়া অপর আর একটি কুশা দ্বারা পবিত্র বাঁধিয়া নিম্নকথিত মন্ত্রে প্রাদেশপরিমিত রাখিয়া নখভিন্ন অস্ত্রে ছেদন করিবে, যথা—

প্রজাপতির্ঋষিঃ পবিত্রে দেবতে পবিত্রচ্ছেদনে বিনিয়োগঃ। ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ।

তদনন্তর ঐ পবিত্র বামকরের অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলী দ্বারা ধরিয়া নিম্নকথিত মন্ত্রে জল দ্বারা অভ্যুক্ষণ করতঃ ঘৃতের পাত্রে উত্তরাগ্র করিয়া রাখিবে। যথা—

প্রজাপতির্ঋষিঃ পবিত্রে দেবতে পবিত্রমার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ॥

পরে সেই ঘৃতপাত্রের উপর হোমার্থ ঘৃত স্থাপন পূর্ব্বক পাত্রের উপর দক্ষিণকর অধোমুখ করিয়া বামকরের উপরে দক্ষিণকর দিয়া অধোমুখভাবে পবিত্রের অগ্রদেশ দক্ষিণকরের অনামিকা ও অঙ্গুষ্ঠ দিয়া ধরিবে এবং পশ্চাদ্ভাগ বামকরের অঙ্গুষ্ঠ ও অনামিকার দ্বারা ধরিয়া এই মন্ত্র পাঠ করিবে, যথা—

প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আজ্যং দেবতা আজ্যোৎপবনে বিনিয়োগঃ।
ওঁ দেবস্ত্বা সবিতোৎপুনাত্বচ্ছিদ্রেণ পবিত্রেণ বসোঃ সূর্য্যস্য রশ্মিভিঃ স্বাহা॥

পরে পবিত্রের মধ্যভাগ দ্বারা ঘৃত আলোড়ন পূর্ব্বক ঐরূপ ভাবে পবিত্র দ্বারা ঘৃত বহ্নিতে আহুতি দিবে এবং আরও বারদ্বয় বিনা মন্ত্রে ঐরূপ ঘৃত বহ্নিতে আহুতি দিবে। তৎপরে পবিত্রগাছটি বামকরে লইয়া দক্ষিণকর দ্বারা তাহাতে জলের প্রক্ষেপ দিবে এবং ঐ পবিত্র দক্ষিণকরে লইয়া বহ্নিতে ফেলিয়া দিবে। অতঃপর ঘৃতপাত্রের তলদেশ জলযোগে মার্জ্জনা করতঃ

অগ্নিস্পর্শ করাইয়া অগ্নির উত্তরদিকে রাখিবে। এইরূপে বারত্রয় করিয়া আজ্যসংস্কার করিতে হয়। স্রুক্, স্রুব প্রভৃতিরও ঐরূপে সংস্কার করিবে। পরে পাতিতদক্ষিণজানু হইয়া, বামজানু উন্নত করতঃ বহ্নির চতুর্দ্দিকে ক্রমে উদকাঞ্জলিসেক করিবে। অগ্রে অগ্নির দক্ষিণভাগে নৈর্ঋতকোণ হইতে অগ্নিকোণ যাবৎ গৃহীত জলাঞ্জলির ধারা দিবে এবং উদকাঞ্জলি লইয়া এই মন্ত্র পাঠ করিবে, যথা—

প্রজাপতির্ঋষিরদিতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অদিতে অনুমন্যস্ব।

পুনর্ব্বার ঐরূপ জলাঞ্জলি লইয়া নিম্নোক্ত মন্ত্রে অগ্নির পশ্চিমে নৈর্ঋত-কোণ হইতে বায়ুকোণ যাবৎ জলধারা দিবে, যথা—

প্রজাপতির্ঋষিরনুমতির্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অনুমতে অনুমন্যস্ব।

পুনর্ব্বার জলাঞ্জলি লইয়া নিম্নোক্ত মন্ত্রে অগ্নির বায়ুকোণ হইতে ঈশান-কোণ যাবৎ জলধারা দিবে, যথা—

প্রজাপতির্ঋষিঃ সরস্বতী দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ সরস্বত্যনুমন্যস্ব।

পুনর্ব্বার জলাঞ্জলি লইয়া নিম্নোক্ত মন্ত্রে দক্ষিণাবর্ত্তে জলধারায় অগ্নিকে বেষ্টন করিতে হয়, যথা—

প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ সবিতা দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ। ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায় দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতির্বাচন্নঃ স্বদতু।

কাম্যকর্ম্মাদির জন্য কুশণ্ডিকাস্থলে করপুটে এই মন্ত্র পাঠ করিবে, অন্য স্থলে নহে। যথা—

ওঁ তপশ্চ তেজশ্চ শ্রদ্ধা চ হ্রীশ্চ সত্যঞ্চাক্রোধশ্চ ত্যাগশ্চ ধৃতিশ্চ ধর্ম্মশ্চ সত্ত্বঞ্চ বাক্ চ মনশ্চ আত্মা চ ( ব্রহ্ম চ ) তানি প্রপদ্যে তানি মামবন্তু।

পরে দক্ষিণজানু উত্তোলন পূর্ব্বক উপরে দক্ষিণকর এবং নিম্নে বামকর রাখিয়া ফল, পুষ্প ও কুশা মুষ্টিতে ধরিয়া বিরূপাক্ষ জপ করিবে, যথা—

পরমেষ্ঠীঋষী রুদ্ররূপোঽগ্নির্দেবতা বিরূপাক্ষজপে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বরোম্ মহান্তমাত্মানং প্রপদ্যে বিরূপাক্ষোঽসি দন্তাঞ্জিস্তস্য তে শয্যাপর্ণে গৃহান্তরিক্ষে বিমিতং হিরন্ময়ং তদ্দেবানাং হৃদয়ান্যয়স্ময়ে কুম্ভেঽন্তঃ সন্নিহিতানি

তানি বলভৃচ্চ বলসাচ্চ রক্ষতোঽপ্রমণী অনিমিষতঃ সত্যং যত্তে দ্বাদশ পুত্রাস্তে ত্বা সংবৎসরে সংবৎসরে কামপ্রেণ যজ্ঞেন যাজয়িত্বা পুনর্ব্রহ্মচর্য্য-মুপযন্তি। ত্বং দেবেষু ব্রাহ্মণোঽস্যহং মনুষ্যেষু ব্রাহ্মণো বৈ ব্রাহ্মণমুপধাবত্যুপ-ধাবামি। জপন্তং মা মা প্রতিজাপীর্জ্জুহ্বন্তং মা মা প্রতিহৌষীঃ কুর্ব্বন্তং মা মা প্রতিকার্ষীস্ত্বাং প্রপদ্যে ত্বয়া প্রসূত ইদং কর্ম্ম করিষ্যামি তন্মে রাধ্যতাং তন্মে সমৃধ্যতাং তন্ম উপপদ্যতাং সমুদ্রো মা বিশ্বব্যচা ব্রহ্মানুজানাতু তুথো মা বিশ্ববেদা ব্রহ্মণঃ পুত্রোঽনুজানাতু শ্বাত্রো মা প্রচেতা মৈত্রাবরুণোঽনুজানাতু তস্মৈ বিরূপাক্ষায় দন্তাঞ্জয়ে সমুদ্রায় বিশ্বব্যচসে তুথায় বিশ্ববেদসে শ্বাত্রায় প্রচেতসে সহস্রাক্ষায় ব্রহ্মণঃ পুত্রায় নমঃ।

তৎপরে গৃহীত কুশা উত্তরদিকে ফেলিয়া 'এতে ফল-পুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ' এই মন্ত্রে ফল-পুষ্প ব্রহ্মাকে দিবে।

## প্রকৃত কর্ম্ম।

কুশণ্ডিকা করিয়া প্রকৃত কর্ম্ম আরম্ভ করিতে হয়। তৎপ্রণালী যথা—যে ক্রিয়ার উদ্দেশ্যে হোম আরম্ভ করা হইয়াছে, তৎক্রিয়া অর্থাৎ উপনয়ন, বিবাহ, ব্রতপ্রতিষ্ঠা ইত্যাদি কার্য্য আরম্ভ করিবে। এক কুশণ্ডিকায় একজনের একাধিক ক্রিয়া হইলে তদর্থে প্রথমে একটি প্রাদেশপরিমিত ঘৃতাক্ত সমিধ বহ্নিতে দিয়া মহাব্যাহৃতি-হোম করিবে। ঘৃতযোগে মহাব্যাহৃতি-হোম করিতে হয়। মন্ত্র যথা—

প্রজাপতিঋ্ষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা॥ প্রজাপতিঋ্ষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনি-য়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা॥ প্রজাপতিঋ্ষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতি-হোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা॥ প্রজাপতিঋ্ষির্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতি-র্দ্দেবতা ব্যস্ত-সমস্ত-মহাব্যাহৃতি-হোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা॥

চূড়াকরণ, উপনয়ন এবং পাণিগ্রহণ সংস্কারে ব্যস্তসমস্ত-মহাব্যাহৃতি-হোম করিবে। অন্যত্র কেবল মহাব্যাহৃতি-হোম কর্ত্তব্য।

প্রকৃত কর্ম্মে চরুহোম থাকিলে প্রথমে প্রকৃতকর্ম্মোক্ত চরুহোম শেষ করিয়া পরে মহাব্যাহৃতিহোম কর্ত্তব্য। অনন্তর প্রকৃত কর্ম্ম। যে কর্ম্ম করিবার উদ্দেশ্যে সর্ব্বকর্ম্মারম্ভ কুশণ্ডিকা করা হইয়াছে, তাহা করিবে।

তৎপরে পুনর্ব্বার পূর্ব্বলিখিত মন্ত্রে মহাব্যাহৃতি-হোম করিয়া প্রাদেশপরিমিত একটি ঘৃতাক্ত সমিধ্ বহ্নিতে আহুতি দিয়া কর্ম্মসাধন করতঃ শাট্যায়নহোমাদি বামদেব্যগানান্ত উদীচ্যকর্ম্ম করিবে।

---

## উদীচ্যকর্ম্ম।

প্রথমতঃ নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিতে হয়, যথা—

ওঁ অদ্যেত্যাদি কৃতেঽস্মিন্ হোমকর্ম্মণি যৎকিঞ্চিদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ-প্রশমনায় শাট্যায়নহোমমহং কুর্ব্বীয়।

এইরূপে সঙ্কল্প করতঃ কৃতাঞ্জলি হইয়া "অগ্নে ত্বং বিধুনামাসি" বলিয়া অগ্নির নামকরণ এবং "ওঁ পিঙ্গাভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ" বলিয়া অগ্নির ধ্যান করিবে।

পরে "বিধুনামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদিরূপে আবাহন ও অর্চ্চনান্তে একটি ঘৃতাক্ত প্রাদেশ-পরিমিত সমিধ্ আহুতি দিয়া মহাব্যাহৃতিহোম করিবে। তৎপরে নিম্নোক্তরূপে শাট্যায়ন-হোম করিবে অর্থাৎ নিম্নকথিত নয়টি মন্ত্রে নয়টি আহুতি দিবে, যথা—

প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পাহি নোঽগ্ন এনসে স্বাহা।১। প্রজাপতির্ঋষির্ব্বিশ্বেদেবা দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পাহি নো বিশ্ববেদসে স্বাহা।২। প্রজাপতির্ঋষির্ব্বিভাবসুর্দ্দেবতা প্রায়শ্চিত্ত-হোমে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞং পাহি বিভাবসো স্বাহা।৩। প্রজাপতির্ঋষিঃ শত-ক্রতুর্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ সর্ব্বং পাহি শতক্রতো স্বাহা।৪। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পাহি নো অগ্ন একয়া পাহ্যুত দ্বিতীয়য়া পাহি গীর্ভিস্তিসৃভিরূর্জ্জাং পতে পাহি চত-সৃভির্ব্বসো স্বাহা।৫। প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব পুনরগ্ন ইষায়ুষা পুনর্নঃ পাহ্যংহসঃ স্বাহা।৬। প্রজাপতির্ঋষির্গায়ত্রীছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ সহ-রয্যা নিবর্ত্তস্বাগ্নে পিন্বস্ব ধারয়া বিশ্বপ্স্ন্যা বিশ্বতঃ পরি স্বাহা।৭। প্রজাপতি-র্ঋষিরনুষ্টুপ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ আজ্ঞাতং যদনাজ্ঞাতং যজ্ঞস্য ক্রিয়তে মিথু। অগ্নে তদস্য কল্পয় ত্বং হি বেত্থ যথাযথং স্বাহা।৮। প্রজাপতির্ঋষিঃ পঙ্‌ক্তিশ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে

বিনিয়োগঃ। ওঁ প্রজাপতে ন ত্বদেতান্যন্যো বিশ্বা জাতানি পরি তা বভূব। যৎকামাস্তে জুহুমস্তন্নো অস্তু বয়ং স্যাম পতয়ো রয়ীণাং স্বাহা।৯।

পরে প্রাদেশপরিমিত ঘৃতাক্ত সমিধ্ লইয়া অগ্নিতে আহুতি দিবে এবং মহাব্যাহৃতি-হোম করিবে। তৎপরে নিম্নলিখিত নয়টি মন্ত্রে সমিধ্ প্রদান পূর্ব্বক নবগ্রহহোম কর্ত্তব্য, যথা—

(১) ওঁ আকৃষ্ণেন রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্ স্বাহা। (২) ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং ভবা বাজস্য সঙ্গথে স্বাহা। (৩) ওঁ অগ্নির্মূর্দ্ধা দিবঃ ককুৎপতিঃ পৃথিব্যা অয়মপাং রেতাংসি জিন্বতি স্বাহা। (৪) ওঁ অগ্নে বিবস্বদুষসশ্চিত্রং রাধো অমর্ত্ত্য আদাশুষে জাতবেদো বহাত্বমদ্যা দেবা উষর্বুধঃ স্বাহা। (৫) ওঁ বৃহস্পতে পরিদীয়া রথেন রক্ষোহা মিত্র অপবাধমানঃ প্রভঞ্জৎ সেনাঃ প্রমৃণো যুধা জনয়ন্নস্মাকমেধ্যবিতা রথানাং স্বাহা। (৬) ওঁ শুক্রন্তে অন্যদ্‌যজতে অন্যদ্বিষুরূপেঽহনী দ্যৌরিবাসি বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্ ভদ্রা তে পূষন্নিহ রাতিরস্তু স্বাহা। (৭) ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শংযোরভিস্রবন্তু নঃ স্বাহা। (৮) ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতী সদাবৃধঃ সখা, কয়া সচিষ্টয়া বৃতা স্বাহা। (৯) ওঁ কেতুং কৃণ্বন্নকেতবে পেশো মর্য্যা অপেশসে সমুষদ্ভিরজায়থাঃ স্বাহা। ওঁ অধিদেবতাভ্যঃ স্বাহা ওঁ প্রত্যধিদেবতাভ্যঃ স্বাহা ওঁ সপ্তলোকপালেভ্যঃ স্বাহা।

তৎপরে নিম্নলিখিত দশটি মন্ত্রে ইন্দ্রাদি-দশদিক্‌পালের হোম করিবে, যথা—

ওঁ ইন্দ্রায় স্বাহা। ১। ওঁ অগ্নয়ে স্বাহা। ২। ওঁ যমায় স্বাহা। ৩। ওঁ নৈর্ঋতায় স্বাহা। ৪। ওঁ বরুণায় স্বাহা। ৫। ওঁ বায়বে স্বাহা। ৬। ওঁ কুবেরায় স্বাহা। ৭। ওঁ ঈশানায় স্বাহা। ৮। ওঁ ব্রহ্মণে স্বাহা। ৯। ওঁ অনন্তায় স্বাহা॥ ১০॥

অনন্তর নিম্নলিখিত সাতটি মন্ত্রে প্রত্যক্ষদেবতার উদ্দেশ্যে আহুতি দিবে, যথা—

ওঁ নারায়ণায় স্বাহা। ১। ওঁ লক্ষ্ম্যৈ স্বাহা। ২। ওঁ সরস্বত্যৈ স্বাহা। ৩। ওঁ ষষ্ঠ্যৈ স্বাহা। ৪। ওঁ শীতলায়ৈ স্বাহা। ৫। ওঁ মনসায়ৈ স্বাহা। ৬। ওঁ গঙ্গায়ৈ স্বাহা। ৭। ওঁ কালিকায়ৈ স্বাহা।

পরে ঘৃতাক্ত একটি সমিধ্ বহ্নিতে প্রদান পূর্ব্বক দক্ষিণ জানু পাতিয়া বসিবে এবং জলাঞ্জলি লইয়া অগ্নিপর্য্যুক্ষণ করিবে। মন্ত্র যথা—

প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সবিতা দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ। ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায় দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতির্ব্বাচন্নঃ স্বদতু।

পরে পুনরায় জলাঞ্জলি লইয়া নিম্নোক্ত মন্ত্রে স্থণ্ডিলের নৈর্ঋতদিগ্‌ভাগ হইতে অগ্নিকোণ যাবৎ জলধারা দিবে, যথা—

প্রজাপতির্ঋষিরদিতির্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অদিতে অন্বমংস্থাঃ।

পরে আবার জল লইয়া নৈর্ঋত হইতে বায়ুকোণ পর্য্যন্ত দিবে। মন্ত্র যথা—

প্রজাপতির্ঋষিরনুমতির্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অনুমতে অন্বমংস্থাঃ।

পুনর্ব্বার বায়ুকোণ হইতে ঈশানকোণ যাবৎ জলধারা দিতে হয়। মন্ত্র যথা—

প্রজাপতির্ঋষিঃ সরস্বতী দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ সরস্বত্যন্বমংস্থাঃ।

পরে গুটিকত প্রাদেশপরিমিত আস্তরণকুশা করদ্বয় দ্বারা চিৎভাবে মুষ্টিযোগে লইয়া নিম্নোক্ত মন্ত্রে উক্ত কুশাগুলির অগ্র, মধ্য ও মূলে বারত্রয় ঘৃত সংলগ্ন করিবে, মন্ত্র বারত্রয় পাঠ্য, যথা—

প্রজাপতির্ঋষির্বয়োর্দেবতা দর্ভতৃণাভ্যঞ্জনে বিনিয়োগঃ। ওঁ অক্তং রিহানা ব্যন্তু বয়ঃ।

পরে ঐ কুশাগুলি বামকরে লইয়া জলাভ্যুক্ষণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে অগ্নিতে দিবে। ইহার নাম দর্ভজুটিকাহোম। মন্ত্র যথা—

প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দো রুদ্রো দেবতা দর্ভজুটিকাহোমে বিনিয়োগঃ। ওঁ যঃ পশূনামধিপতী রুদ্রস্তন্তিচরো বৃষা। পশূনস্মাকং মা হিংসীরেতদস্তু হুতং তব স্বাহা।

তদনন্তর "অগ্নে ত্বং মৃড়নামাসি" মন্ত্রে বহ্নির নামকরণ, আবাহন এবং গন্ধ, মাল্য, বস্ত্র ও তাম্বূলাদি দ্বারা পূজা শেষ করতঃ ফলপুষ্প-সমন্বিত প্রচুর ঘৃত কুশিতে গ্রহণ পূর্ব্বক দণ্ডায়মান হইয়া পূর্ণাহুতি দিবে। মন্ত্র যথা—

প্রজাপতির্ঋষির্ব্বিরাড়্‌গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা যশস্কামস্য যজনীয়প্রয়োগে

বিনিয়োগঃ। ওঁ পূর্ণহোমং যশসে জুহোমি যোঽস্মৈ জুহোতি বরমস্মৈ দদাতি বরং বৃণে যশসা ভামি লোকে স্বাহা।

তৎপরে পূর্ণপাত্র উৎসর্গ করা কর্ত্তব্য। তৎপ্রণালী যথা—

"এতে গন্ধপুষ্পে পূর্ণপাত্রামুকল্পভোজ্যায় নমঃ" এই প্রকার অর্চ্চনা করতঃ "অদ্যেত্যাদি কৃতৈতৎ অমুককর্ম্মাঙ্গহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্ম-প্রতিষ্ঠার্থং দক্ষিণা-মেতৎ পূর্ণপাত্রামুকল্পভোজ্যং ব্রহ্মণে তুভ্যমহং সম্প্রদদানি॥"

পরে "ব্রহ্মন্ ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন করিবে। তৎপরে "অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ" মন্ত্রে বহ্নিতেও জলাভ্যুক্ষণ করতঃ বিসর্জ্জন করিয়া বহ্নির ঈশানকোণে দুগ্ধাদি দিয়া "ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব" বলিবে। তৎপরে স্রুব বা স্রুক্ দ্বারা স্থণ্ডিলের ঈশানদিক্ হইতে হুতশেষমিশ্রিত ভস্ম লইয়া তিলক করিবে। উহার অগ্রভাগ নারায়ণশিলায় দিয়া নিজের ললাটে ও যজমানের ভালতটে তিলক করিবে। তিলককরণের মন্ত্র নিম্নে লিখিত হইল, যথা—

(ললাটে) "ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্। (কণ্ঠে) ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষম্। (বাহুমূলে) ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষম্" এবং (হৃদয়ে) ওঁ তন্মেঽস্তু ত্র্যায়ুষম্" মন্ত্রে তিলক কর্ত্তব্য। যজমানের হৃদয়ে তিলক ওঁ তত্তেঽস্তু ত্র্যায়ুষম্ মন্ত্রে দিবে। পরে পূর্ব্বাস্য হইয়া "মহাবামদেব্যঋষি" প্রভৃতি মন্ত্রে শান্তিকর্ম্ম করিয়া দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করতঃ কর্ম্ম সম্পূর্ণ করিবে।

---

## যজুর্ব্বেদীর সাধারণ হোম।

(ব্রহ্মসংস্কারমঞ্জরীধৃত)

কর্ত্তা পূর্ব্বমুখে কুশহস্তে কুশাসনোপরি বসিয়া দুইবার আচমন পূর্ব্বক চারিদিকে একহস্তপ্রমাণ শর্করা-অস্থি-কেশ-তুষাদি-রহিত বালুকা দ্বারা স্থণ্ডিল নির্ম্মাণ করিয়া পরিসমূহন (তিনটি কুশ দ্বারা ধূলি অপসারণ), গোময় ও জল দ্বারা লেপন, কুশ দ্বারা পূর্ব্বাগ্র স্থণ্ডিলপ্রমাণ তিনটি রেখা করিয়া অনামিকা বা তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ দ্বারা তথা হইতে উৎকীর্ণ মৃত্তিকা তুলিয়া ঈশানকোণে ফেলিবে। স্থণ্ডিলে জলের অভ্যুক্ষণ (উবুড়হাতে ছিটা) করিয়া দক্ষিণভাগে বেদোক্ত বা স্মৃত্যুক্ত বা লৌকিক শ্রোত্রিয় গৃহজ বা (অরণীকাষ্ঠ-সম্ভূত) অগ্নি আনয়ন করিয়া একখণ্ড জ্বলৎ কাষ্ঠ 'ওঁ ক্রব্যাদমগ্নিং প্রহিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ' মন্ত্রে নৈঋ‌র্তকোণে ফেলিয়া দিয়া ওঁ ইহৈবায়ং

ইতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্ এই মন্ত্রে অভিমন্ত্রিত করতঃ নিজের অভিমুখে স্থণ্ডিলে মধ্যরেখায় স্থাপিত করিবে। পরে 'ওঁ পিঙ্গভ্রূঃ শ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তি-ধারকঃ' ধ্যান করিয়া যে কার্য্যে যে নাম, তাহা উল্লেখ করিবে ( পূজায় বলদ, শান্তিকার্য্যে বরদ ) ওঁ অগ্নে ত্বমমুকনামাসি অমুকনামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব ইহাভিমুখো ভব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ,—এই মন্ত্রে আবাহন করিয়া পূজা করিবে, যথা—এতে গন্ধপুষ্পে ওঁ অমুকনামাগ্নয়ে নমঃ, ইদং হবিঃ ( ঘৃত ) নৈবেদ্যং অমুকনামাগ্নয়ে স্বাহা। অগ্নির বামভাগে দক্ষিণদিকে আরত্নি ( কনুই হইতে কনিষ্ঠা পর্য্যন্ত ) পরিমাণ স্থান অন্তরে পূর্ব্বাগ্র কুশ পাতিয়া তদুপরি ব্রাহ্মণ বা কুশ ( পঞ্চাশটি কুশাগ্র দ্বারা নির্ম্মিত ) ব্রাহ্মণ 'ওঁ ব্রহ্মন্নিহোপবিশ্যতাম্' এই মন্ত্রে উপবেশন করাইবে। ব্রাহ্মণপক্ষে বরণ করিতে হয়। উত্তরদিকে দুইখানি কুশাসন পূর্ব্বাগ্রভাবে সাজাইয়া তাহার উপর বরুণদেবতাকে উডুম্বরনির্ম্মিত বার অঙ্গুলি দীর্ঘ ও ছয় অঙ্গুলি বিস্তৃত চারি অঙ্গুলি গর্ত্তপ্রমাণ পাত্রকে প্রণীতাপাত্র কল্পনা করিয়া বামহস্তে তুলিয়া দক্ষিণহস্তে উদ্ধৃত প্রোক্ষণীজলের দ্বারা গর্ত্ত পূরণ করিয়া পশ্চিমভাগে অবস্থিত আসনে রাখিয়া স্পর্শ করিবে, পুনশ্চ পূর্ব্বাসনে রাখিয়া পূর্ব্বাগ্র প্রাদেশপ্রমাণ ( অঙ্গুষ্ঠাগ্র হইতে তর্জ্জনীর অগ্র পর্য্যন্ত বিস্তৃত পরিমাণ ) কুশমুষ্টি দ্বারা অগ্নির চারিদিকে আস্তরণ অর্থাৎ ঈশানকোণ হইতে উত্তরদিক্ পর্য্যন্ত ছড়াইবে। পরে নিম্নলিখিত দ্রব্য কয়টি আয়োজন করিবে,—পবিত্রচ্ছেদনার্থ ৩টি নবজাত কুশ, পবিত্র ২টি, প্রোক্ষণীপাত্র ( কোশা ১২ অঙ্গুলির কম না হয়, করতলের সমান জল থাকিবার খাত থাকা চাই ), আজ্যপাত্র ( তাম্রকুণ্ড, পিতলের শরা বা মেটে শরা দ্বাদশাঙ্গুল গর্ত্তযুক্ত ও উচ্চ এক প্রাদেশপ্রমাণ ), চরুহোম হইলে চরুস্থালী, সূর্প, ব্রীহি-তণ্ডুল, পূর্ণপাত্র ( দুইশত ছাপ্পান্নমুষ্টি-পরিমিত আতপ তণ্ডুল, অভাবে এক শরা চাউল ) সম্মার্জ্জনকুশ তিনটি, উপযমনকুশ ছয়টি, সমিধ তিনটি। অনন্তর ঐ পবিত্রচ্ছেদনার্থ কুশত্রয়ের দ্বারা ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ এই মন্ত্রে প্রাদেশপ্রমাণভাবে ছেদন করিয়া প্রোক্ষণীপাত্রে রাখিবে, তাহাতে প্রণীতাজল হস্তে বা পাত্রান্তর দ্বারা দিয়া বাম হস্ততলে প্রোক্ষণীপাত্র ধরিয়া পবিত্রযুক্ত দক্ষিণ হস্তে ঐ জল কিঞ্চিৎ উত্তোলন করিয়া ফেলিবে, বামভাগে কুশোপরি প্রণীতাপাত্রসমীপে সেই পাত্র রাখিয়া তাহার জলে দ্রব্যগুলিকে প্রোক্ষণ

( চিৎ হাতে ছিটা ) করিবে। আজ্য ( ঘৃত ) পাত্রস্থ ঘৃত দর্শন করিয়া মলাদি অপসারণ করতঃ অগ্নির উপরে স্থাপন, অবতারণ ও প্রণীতাজল প্রদান পূর্ব্বক জলৎ কাষ্ঠ তদুপরি তিনবার ঘুরাইয়া ঐ অগ্নি অগ্নিতেই ফেলিবে। চরুহোম থাকিলে চরুপাক করিয়া ঘৃতের মত ইহারও সংস্কার করিবে। পরে স্রুব ( কুশি ১২ অঙ্গুল ) সংস্কার করিবে, যথা—দক্ষিণহস্তে ধারণ, পূর্ব্বাগ্র অধোমুখ-ভাবে অগ্নিতে সন্তাপন, বামহস্তে ধারণ, সম্মার্জ্জনকুশ দ্বারা মূল হইতে অগ্র পর্য্যন্ত মার্জ্জনা করিয়া অগ্র হইতে মূল পর্য্যন্ত পুনর্ম্মার্জ্জন ও অভ্যুক্ষণ করিবে। এইরূপে স্রুক্‌ও সংস্কৃত করিবে। পবিত্র দ্বারা ঘৃতে জলের ছিটা দিবে। উপযমনকুশ বামহস্তে ধারণ করিয়া সমিধ ৩টি ঘৃতাক্ত করিয়া দাঁড়াইয়া অগ্নিতে ফেলিবে। পবিত্রের দ্বারা ঈশান হইতে বায়ুকোণ পর্য্যন্ত জলের ধারা দিবে। পবিত্র প্রণীতাপাত্রে রাখিয়া ব্রহ্মের সহিত হোমকর্ত্তা নিজের কুশের দ্বারা যোগ করিয়া স্রুব গ্রহণ করিয়া আঘার ও আজ্যভাগ হোম করিবে। আঘারহোম, যথা—বায়ুকোণ হইতে অগ্নিকোণ পর্য্যন্ত ওঁ প্রজাপতয়ে স্বাহা হোম করিয়া হুতশেষ ওঁ ইদং প্রজাপতয়ে মন্ত্রে প্রোক্ষণীপাত্রে সংস্রব দিবে। এইরূপে নৈঋর্ত হইতে ঈশান পর্য্যন্ত ওঁ ইন্দ্রায় স্বাহা ইদমিন্দ্রায়। আজ্যভাগ যথা—দক্ষিণভাগে নৈঋর্ত হইতে অগ্নি পর্য্যন্ত ওঁ অগ্নয়ে স্বাহা ওঁ ইদমগ্নয়ে। উত্তরভাগে বায়ুকোণ হইতে ঈশান পর্য্যন্ত ওঁ সোমায় স্বাহা ওঁ ইদং সোমায়। চরুহোম থাকিলে ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা ওঁ ইদমগ্নয়ে স্বিষ্টিকৃতে। স্বিষ্টিকৃৎ হোম এই স্থলে করিবে। মহাব্যাহৃতিহোম, যথা—ওঁ ভূঃ স্বাহা ইদমগ্নয়ে, ওঁ ভুবঃ স্বাহা ইদং বায়বে, ওঁ স্বঃ স্বাহা ইদং সূর্য্যায়। প্রায়শ্চিত্তহোম—ত্বন্ন ইত্যস্য বামদেব্যঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নীবরুণৌ দেবতে প্রায়শ্চিত্তহোমে বিনি-য়োগঃ। ওঁ ত্বন্নো অগ্নে বরুণস্য বিদ্বান্ দেবস্য হেলো অবযাসিসীষ্ঠাঃ যজিষ্ঠো বহ্নিতমঃ শোশুচানো বিশ্বা দ্বেষাংসি প্রমুমুগ্ধ্যস্মৎ স্বাহা। ইদমগ্নীবরুণাভ্যাম্। সত্বন্ন ইত্যস্য বামদেব্যঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নীবরুণৌ দেবতে প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ সত্বন্নো অগ্নেঽবমোভবোতী নেদিষ্ঠো অস্যা উষসোব্যুষ্টৌ অবযক্ষ্ণো বরুণগুং ররাণো বীহি মৃড়িকগুং সুহবো ন এধি স্বাহা। ইদমগ্নীবরুণাভ্যাম্। অয়শ্চাগ্নে ইত্যস্য প্রজাপতিঋর্ষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ অয়শ্চাগ্নেঽস্যনভিশস্তিপাশ্চ সত্যমিত্বময়া-অসি। অয়ানো যজ্ঞং বহা স্যয়ানো ধেহি ভেষজগুং স্বাহা। ইদমগ্নয়ে যেতেশতমিত্যস্য শুনঃশেফঋষির্জগতীচ্ছন্দো বরুণঃ সবিতা বিষ্ণুর্বিশ্বেদেব।

মরুতঃ স্বর্কা দেবতাঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ যেতেশতং বরুণ যে সহস্রং যজ্ঞিয়াঃ পাশা বিততা মহান্তঃ তেভির্নো অদ্য সবিতোত বিষ্ণুর্বিশ্বে মুঞ্চন্তু মরুতঃ স্বর্কাঃ স্বাহা। ইদং বরুণায় সবিত্রে বিষ্ণবে বিশ্বেভ্যো দেবেভ্যো মরুদ্ভ্যঃ স্বর্কেভ্যঃ। উদুত্তমমিত্যস্য শুনঃশেফঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দো বরুণো দেবতা অয়নে রুক্মপাশয়োরুন্মোচনে বিনিয়োগঃ। ওঁ উদুত্তমং বরুণপাশমস্মদবাধমং বিমধ্যমং শ্রথায় অথাবয় মাদিত্যব্রতে তবানাগসো অদিতয়ে স্যামঃ স্বাহা। ইদং বরুণায়। ওঁ প্রজাপতয়ে স্বাহা ইদং প্রজাপতয়ে। ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা ইদমগ্নয়ে স্বিষ্টিকৃতে। ব্রহ্মের সহিত হোতার যোগ বিচ্ছেদ করিয়া প্রকৃত হোম করিবে। সঙ্কল্প যথা—অদ্যেত্যাদি অমুকপূজাঙ্গহোমকর্ম্মণি ইয়ৎসংখ্যক-(অষ্টোত্তরশত, অষ্টাবিংশতি বা অষ্টসংখ্যক) অমুকদ্রব্য-সমিৎকরণক-(বিল্বপত্র, ঔডুম্বর, ক্ষীরলড্ডুক ইত্যাদি করণক) হোমকর্ম্মাহং করিষ্যামি। সূক্তপাঠান্তে হোমদ্রব্য অর্চ্চনা করিয়া হোম কারবে। স্বাহান্ত মূলমন্ত্রে অথবা ওঁ অমুকদেবতায়ৈ স্বাহা এই মন্ত্রে চিৎহস্তে অগ্নিতে ঘৃতাক্ত হোমীয় দ্রব্য নিক্ষেপ করিবে। পরে হোমদক্ষিণাদানান্তে মৃড়নামাগ্নে ইহাগচ্ছ ইত্যাদি প্রকারে আবাহন করিয়া ওঁ মৃড়াগ্নয়ে নমঃ এই মন্ত্রে পূজা করিয়া স্রুব দ্বারা চতুর্দ্ধা দত্ত ঘৃতস্রুব লইয়া অবিচ্ছিন্ন ধারায় পূর্ণ-হোম দিবে। যথা—ওঁ সপ্তত ইত্যস্য কৌণ্ডিল্যঋষির্জগতীচ্ছন্দোঽগ্নিবায়ুসূর্য্যপ্রজাপতয়ো দেবতাঃ পূর্ণহোমে বিনিয়োগঃ। ওঁ সপ্ত তে অগ্নে সমিধঃ সপ্তজিহ্বাঃ সপ্তর্ষয়ঃ সপ্তধাম প্রিয়াণি সপ্তহোত্রাঃ সপ্তধা ত্বা যজন্তি সপ্তযোনী রাপৃণস্ব ঘৃতেন স্বাহা। পরে পূর্ব্বোক্ত পূর্ণপাত্র• ব্রহ্মদক্ষিণা দিবে। অর্চ্চনা করিয়া ওঁ অদ্যেত্যাদি অমুককর্ম্মাঙ্গহোমকর্ম্মণি (কৃতাকৃতাবেক্ষণাদি) ব্রহ্মকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং পূর্ণপাত্রং তদমুকল্পভোজ্যং বা যথাসম্ভবগোত্রনাম্নে ব্রহ্মণেঽহং দদানি। কুশব্রাহ্মণকে ওঁ ব্রহ্মন্ ক্ষমস্ব মন্ত্রে বিসর্জ্জন করিয়া ওঁ অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ, জল দ্বারা অগ্নি বিসর্জ্জন, ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব—এই মন্ত্রে ঈশানকোণে অগ্নিতে দধি দিবে। পরে মূল দক্ষিণান্তে স্রুবলগ্ন ভস্ম দ্বারা ললাটে—ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং, কণ্ঠে—ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষং, বাহুমূলে—ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং, হৃদয়ে—ওঁ তত্তেঽস্তু ত্র্যায়ুষং মন্ত্রে তিলক দিবে। পরে শান্তি করিবে।

— ——

## সংক্ষিপ্ত বলিদানবিধি।

বলিদ্রব্য।— মাম্নাতিং মহিষং ছাগং দত্থান্মেষাদিকন্তথা।
কুষ্মাণ্ডমিক্ষুদণ্ডঞ্চ মগুমাসবমেব চ।
এতে বলিসমাঃ প্রোক্তাস্তৃপ্তৌ ছাগসমাঃ স্মৃতাঃ॥
কৃত্রিমৈঃ পিষ্টনির্ম্মাণৈঃ ষণ্মাসং পশুভিস্তথা।
মাসঃ সুখাশাদিফলৈরক্ষতৈরিতি নারদ॥
যুবকং ব্যাধিহীনঞ্চ সশৃঙ্গং লক্ষণান্বিতম্।
বিশুদ্ধমবিকারঙ্গাং সুবর্ণং পুষ্টমেব চ॥

নর, মহিষ, ছাগ, মেষ, হরিণ, গণ্ডার, কপোতাদি পক্ষিবলিকেই জীববলি কহে। ইহা তামস ও রাজস পূজায় উক্ত। সাত্ত্বিক পূজায় কুষ্মাণ্ড, ইক্ষুদণ্ড, কৃত্রিম পিটুলিনির্ম্মিত পশু, শশা ও কলা প্রভৃতি অক্ষত ফল দ্বারা বলি বিহিত। পশুবলি স্থলে যে পশু যুবা, রোগহীন, শৃঙ্গযুক্ত, বিশুদ্ধভাবে ক্রীত বা প্রাপ্ত (চৌর্য্যাদিলব্ধ নহে), বিকৃতাঙ্গ নহে, যথা—(লাঙ্গুলহীন, অধিকাঙ্গ, হীনাঙ্গ, ভগ্নশৃঙ্গ, রক্তবর্ণপৃষ্ঠ, বিচিত্রমস্তক), সুন্দর, পরিপুষ্ট, লক্ষণান্বিত, সেই পশুই বলির উপযুক্ত। দশমহাবিদ্যা, চণ্ডী, দুর্গা, শীতলা, গঙ্গা, মনসা, মহাকালভৈরব, পঞ্চানন, জগদ্ধাত্রী, ক্ষেত্রপাল ইঁহাদিগের উদ্দেশ্যে বলিদান বিহিত। বৈষ্ণবের বলিদানোক্ত দেবতা ভিন্ন অন্য দেবতার উদ্দেশ্যে বলিদান বংশনাশকর হয়। কলিকালে নরবলি, নিজ গাত্রের রক্ত ও মদ্য (ব্রাহ্মণপক্ষে) বলিরূপে প্রয়োগ করিবে না।

বলিদানের অস্ত্র।—চন্দ্রহাস (হেঁসো) তীক্ষ্ণখড়্গ, কাটারি, দাত্র। হস্তের দ্বারা বলিচ্ছেদ করিতে হয়। উক্ত অস্ত্রে একপ্রহারে বলিচ্ছেদন কর্ত্তব্য। একপ্রহারে বলিচ্ছেদ না হইলে ছেদকর্ত্তা ও গৃহস্বামী উভয়েরই যশঃ, জ্ঞান, অর্থ ও পুত্রের হানি হয়। তাহার প্রায়শ্চিত্ত করিলে উক্ত দোষ ঘটে না।

প্রায়শ্চিত্তবিধি।—যে দেবতার উদ্দেশ্যে বলি বাধা পড়িবে, সেই দেবতার মূলমন্ত্র সহস্রবার জপ, সহস্রবার হোম, মাষ-(পাঁচকুঁচ) পরিমিত সুবর্ণদান। পুনশ্চ অন্য পশু বলিদান।

বলিদানপ্রয়োগ।—বলিকে স্নান করাইয়া দেবতার সম্মুখে পূর্ব্বমুখে রাখিয়া স্বয়ং উত্তরমুখ হইয়া বামহস্তে পশু ধারণ পূর্ব্বক তাহার গাত্রে চিৎ হাতে নিম্নলিখিত মন্ত্রে জলের ছিটা দিবে। (ওঁ পৃষ্ঠে পুচ্ছে ললাটে চ

কর্ণয়োর্জ্জঘয়োস্তথা। মেঢ্রে চ সর্ব্বগাত্রেষু মুঞ্চন্তু পশুদেবতাঃ।) (এই মন্ত্র সর্ব্ববাদিসম্মত নহে।) পরে কপালে সিন্দূর দিয়া ওঁ ছাগপশবে নমঃ বা মেষপশবে নমঃ মন্ত্রে পঞ্চোপচারে ছাগ বা মেষের পূজান্তে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে।—

ওঁ ছাগ ত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ।
প্রণমামি ততঃ সর্ব্বরূপিণঃ ছাগরূপিণ॥
ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা।
অতস্ত্বাং ঘাতয়িষ্যামি তস্মাদ্‌যজ্ঞে বধোঽবধঃ॥

(মেষবলি স্থলে মেষ ত্বং বলিরূপেণ ইত্যাদিরূপে ছাগপদ পরিবর্ত্তে মেষ-পদ প্রয়োগ করিবে।) পরে ওঁ ঐঁ হ্রীঁ শ্রীঁ এই মন্ত্রে পশুকে শিবরূপী চিন্তা করিয়া তাহার মস্তকে পুষ্প দিবে। জলে কুশ-তিল-হরীতকী লইয়া বাক্য পড়িবে। বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (যজমানের নাম ও গোত্র উল্লেখ্য) অমুকদেবতাপ্রীতিকামঃ ইমং ছাগপশুং বহ্নিদৈবতম্ অর্চ্চিতং শ্রীঅমুকদেবতায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যামি। এই মন্ত্রে পশুর মাথায় জল দিবে। পরে খড়্গপূজা, যথা—ধৌত খড়্গ অগ্নিসন্তপ্ত করিয়া দক্ষিণভাগে নিজের অভিমুখে রাখিবে, তাহাতে সিন্দূর দিয়া উহায় বীজমন্ত্র লিখিবে।

ধ্যান, যথা—ওঁ কৃষ্ণং পিনাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপিণম্।
উগ্রং রক্তাস্যনয়নং রক্তমাল্যানুলেপনম্॥
রক্তাম্বরধরঞ্চৈব পাশহস্তং কুটুম্বিনম্।
পিবমানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংহতিম্॥

এই মন্ত্রে ধ্যান করিয়া ওঁ খড়্গায় নমঃ মন্ত্রে পূজান্তে নমস্কার করিবে।

ওঁ অসির্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ।
শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে॥

খড়্গের উপর পুষ্পাঞ্জলি দিয়া ওঁ আং হ্রীঁ ফট্ মন্ত্রে পশুর স্কন্ধে স্পর্শ করাইবে। পরে ওঁ স্তম্ভায় নমঃ মন্ত্রে স্তম্ভের পূজা করিবে।

ঘাতক পশুকে পূর্ব্বমুখে রাখিয়া নিজে উত্তরমুখ (দক্ষিণমুখী দেবতাপক্ষে ইহাই ব্যবস্থা) অথবা পশুকে উত্তরমুখে রাখিয়া নিজে পূর্ব্বমুখে (পশ্চিমমুখী দেবতাপক্ষে) বসিয়া এক আঘাতে ছেদনপূর্ব্বক কণ্ঠনালীগলিত রক্ত মৃন্ময় শরাতে লবণ, মধু, কলা, চিনি দিয়া তাহাতে ধরিয়া ঐ রক্ত ও শীর্ষ দেবতার

বামদিকে, মেষবলি হইলে সম্মুখে রাখিবে। পরে পুরোহিত ঐ রক্ত ও শীর্ষ নিবেদন করিবে, যথা—বিষ্ণুরোম্ অদ্যেত্যাদি অমুকদেবতাপ্রীতিকামনয়া এষ রুধিরবলিঃ ওঁ অমুকদেবতায়ৈ নমঃ। ওঁ ঐং হ্রীং শ্রীং কৌষিকী রুধিরেণা-প্যায়তাম্। বলির মস্তকে জ্বলন্ত সলিতা দিয়া এষ সপ্রদীপছাগশীর্ষবলিঃ ওঁ অমুকদেবতায়ৈ নমঃ বলিয়া উৎসর্গ করিবে। তান্ত্রিক বলিদানে ভৈরবা-দিকে রক্ত ও মাংসখণ্ড বভাগ করিয়া নিবেদন করিতে হয়। পৌরাণিক বলিতে নহে। গঙ্গা, মনসা, পঞ্চানন প্রভৃতির পূজায় এই বলিবিধি গ্রাহ্য।

ষাণ্ডাদি বলি।—(কুষ্মাণ্ড) ওঁ কুষ্মাণ্ডফলবলয়ে নমঃ। (কলা) ওঁ কদলীফলবলয়ে নমঃ। (সুপারি) ওঁ গুবাকফলবলয়ে নমঃ। (লেবু) ওঁ জম্বীরফলবলয়ে নমঃ। (ইক্ষুদণ্ড) ওঁ ইক্ষুদণ্ডবলয়ে নমঃ। এই মন্ত্রে যথাযথ অর্চ্চনা করিয়া পূর্ব্ববৎ বাক্য পড়িবে। (কেবল বলিস্থলে কুষ্মাণ্ড-ফলবলিং ইত্যাদি বিশেষ উল্লেখ্য। অন্যান্য পূর্ব্ববৎ। রুধিরাদি নিবেদন করিতে হয় না। ফলের বৃন্তই মুখ, ইক্ষুদণ্ডের অগ্রই মুখ।

## কাম্যপূজাবিধি।

শালগ্রামে পূজাস্থলে ঘটস্থাপন পৃথক্‌ভাবে করিতে হয় না। প্রতিমা-পূজায় ঘটস্থাপন করিতে হয়। পূজা দ্বিবিধ;—পৌরাণিক ও তান্ত্রিক। পুরাণোক্ত পূজা পৌরাণিক পূজা এবং তন্ত্রোক্ত পূজা তান্ত্রিক পূজা। ব্রত প্রভৃতির অঙ্গপূজা, লক্ষ্মী, সরস্বতী, গণেশ, সূর্য্য, দুর্গা প্রভৃতির পূজা পৌরা-ণিক। কালী, অন্নপূর্ণা, জগদ্ধাত্রী প্রভৃতির পূজা তান্ত্রিক পূজা। পৌরাণিক পূজা স্মার্ত্তমতে ও পুরাণমতে অনুষ্ঠিত হয়। তান্ত্রিক পূজা তন্ত্রোক্ত প্রণালীতে অনুষ্ঠিত হইবে। পুরোহিত স্বয়ং প্রবৃত্ত হইয়া কার্য্য করিলে বরণ করিতে হয় না। যজমান সঙ্কল্প করিয়া কোন কার্য্য করিলে পুরোহিতকে বরণ করিয়া কার্য্যভার দিবেন। এখানে দৃষ্টান্তস্বরূপ লক্ষ্মীপূজা (কাম্যপূজা) লিখিত হইতেছে।—

অস্মদ্দেশে লক্ষ্মীপূজা ভাদ্র, পৌষ ও চৈত্রমাসে সর্ব্বসাধারণে দিবাভাগে অনুষ্ঠান করেন। কেহ কেহ আশ্বিনী পূর্ণিমাতে প্রদোষে কোজাগরী লক্ষ্মীপূজা ও কার্ত্তিকী অমাবস্যাতে প্রদোষে দীপান্বিতা লক্ষ্মীপূজা করিয়া থাকেন। কোজাগরী ও দীপান্বিতা লক্ষ্মীপূজা পরে লিখিত হইবে।

## লক্ষ্মীপূজার ব্যবস্থা।

তথা চ স্কন্দপুরাণে—পৌষে চৈত্রে তথা ভাদ্রে পূজয়েয়ুঃ স্ত্রিয়ঃ শ্রিয়ম্।

সিংহে ধনুষি মীনে চ স্থিতে সপ্ততুরঙ্গমে।
প্রত্যব্দং পূজয়েল্লক্ষ্মীং শুক্লপক্ষে গুরোর্দ্দিনে।
নাপরাহ্নে ন রাত্রৌ চ নাস্তিতে ন ত্র্যহস্পৃশি।
দ্বাদশ্যাঞ্চৈব নন্দায়াং রিক্তায়াঞ্চ নিরংশকে।
ত্রয়োদশ্যাং তথাষ্টম্যাং কমলাং নৈব পূজয়েৎ।
ন পূজয়েৎ শনৌ ভৌমে ন বুধে নৈব ভার্গবে।
পূজয়েত্তু গুরোর্ব্বারে চাপ্রাপ্তে রবিসোময়োঃ।
গুরুবারে হি পূর্ণা চ যত্নেন যদি লভ্যতে।
তত্র পূজ্যা তু কমলা ধনপুত্রবিবর্দ্ধিনী।
ন কুর্য্যাৎ প্রথমে মাসি নৈব কুর্য্যাদ্বিসর্জ্জনম্।
ন ঘণ্টাং বাদয়েত্তত্র নৈব ঝিণ্টীং প্রদাপয়েৎ।
পৌষে চ দশমী শস্তা চৈত্রকে পঞ্চমী তথা।
নভস্যে পূর্ণিমা জ্ঞেয়া গুরুবারে বিশেষতঃ।
আঢ়কং ধান্যসম্পূর্ণং নানাভরণভূষিতম্।
স্রুগন্ধি-শুক্লপুষ্পেণ শুক্লপক্ষে প্রপূজয়েৎ।
পৌষে তু পিষ্টকং দদ্যাৎ পরমান্নঞ্চ চৈত্রকে।
পিষ্টকং পরমান্নঞ্চ নভস্যে তু বিশেষতঃ॥

লক্ষ্মীচরিত্রে—ন কৃষ্ণপক্ষে রিক্তায়াং দশমীদ্বাদশীষু চ।

কালচন্দ্রিকায়াম্—শ্রবণাদি চতুর্ঋক্ষে লক্ষ্মীপূজাং ন কারয়েৎ॥

পৌষ, চৈত্র ও ভাদ্রমাসে (সৌর) ধনুঃ, মীন, সিংহস্থ রবিকালে শুক্লপক্ষে বৃহস্পতিবারে স্ত্রীগণ লক্ষ্মীপূজা করিবেন। অপরাহ্ণ, রাত্রি, কৃষ্ণপক্ষ, ত্র্যহস্পর্শ, দ্বাদশী, প্রতিপৎ, ষষ্ঠী, দশমী, একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, অষ্টমী, নবমী, চতুর্থী তিথিতে, সংক্রান্তিদিনে, শনি, মঙ্গল, শুক্র ও বুধবারে, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, পূর্ব্বভাদ্র নক্ষত্রে মাসের প্রথমভাগে লক্ষ্মীপূজা নিষিদ্ধ। বৃহস্পতিবারে দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, সপ্তমী ও পূর্ণিমাতিথিতে এবং শুভনক্ষত্র ও শুভযোগ না হইলে রবি ও সোমবারেও করা যায়। পৌষমাসের দশমীতেও লক্ষ্মীপূজা হইবে। চৈত্রের পঞ্চমী ও ভাদ্রের পূর্ণিমা

অতি প্রশস্ত। ধান্যপূর্ণ গোলাঘর ( আড়ি ) পূজা করিতে হয়। পৌষমাসে পিষ্টক, চৈত্রে পরমান্ন, ভাদ্রমাসে তাল-পিষ্টক ও পরমান্ন দ্বারা লক্ষ্মীপূজা করিবে। লক্ষ্মীপূজায় বিসর্জ্জন নাই ; এ কারণ দক্ষিণাবাক্য পাঠ করা হয় না। ঝাঁটিফুলে পূজা করিবে না। (অন্য বাদ্য শঙ্খ প্রভৃতি থাকিলে) ঘণ্টাবাদ্য নিষিদ্ধ। কোলাহল, বিবাদ ও বিরক্তি সহকারে পূজা করিলে কোনও ফল হয় না।—লক্ষ্মীপূজা স্ত্রীলোকের নামেই হইবে। গৃহিণী বা অন্য গৃহিণীস্থানীয় স্ত্রীলোক না থাকিলে পুরুষের ( কর্ত্তার ) নামেই সঙ্কল্প করিবে।

পুণ্যাহবাচনাদি সাধারণ প্রণালী অনুসারে করিবে।

দিগ্‌দর্শনমাত্র যথা—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীনারায়ণকুবেরসহিতশ্রীলক্ষ্মীদেবী-পূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহমিত্যাদি।

সঙ্কল্প যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য পৌষে মাসি ধনূরাশিস্থে ভাস্করে—( পৌষমাসে ) বা চৈত্রে মাসি মীনরাশিস্থ ভাস্করে (চৈত্রমাসে) বা ভাদ্রে মাসি সিংহরাশিস্থে ভাস্করে ( ভাদ্রমাসে ) শুক্লপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ( পুরোহিতের নাম ও গোত্র ) অমুকগোত্রায়াঃ অমুকী-দেব্যা বা দাস্যাঃ ( যজমানপত্নীর নাম গোত্র ) পরমবিভূতিকামঃ বা শ্রীনারা-রায়ণকুবেরসহিতলক্ষ্মীদেবীপ্রীতিকামঃ শ্রীনারায়ণকুবেরসহিতলক্ষ্মীদেবীপূজা-কর্ম্মাহং করিষ্যামি। পরে সঙ্কল্পসূক্তপাঠান্তে সাধারণপূজাপ্রকরণোক্ত প্রণালীতে সামান্যার্ঘ্য, দ্বারদেবতাপূজা, বিঘ্নাপসারণ, আসনশুদ্ধি, গুরুপ্রণাম, করশুদ্ধি, দিগ্বন্ধন, ভূতশুদ্ধি, আত্মপ্রাণপ্রতিষ্ঠা, মাতৃকান্যাস, অন্তর্মাতৃকা, বাহ্যমাতৃকা, সংহারমাতৃকান্যাস, ঋষ্যাদি, করাঙ্গন্যাস পূর্ব্বক গন্ধপুষ্পাদির অর্চ্চনা, সূর্য্যার্ঘ্য, গণেশাদি দেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল, সর্ব্বদেবদেবীপূজান্তে প্রাণায়াম করিবে, যথা—প্রাণায়ামের প্রণালী অনুসারে শ্রীঁমন্ত্রে পূরক, কুম্ভক, রেচক তিনবার করিয়া পীঠ-ন্যাস করিবে, যথা—

আধারশক্ত্যাদি জ্ঞানাত্ম পর্য্যন্ত ন্যাস করিয়া হৃৎপদ্মের পূর্ব্বাদিকেশরে যথাক্রমে -ওঁ বিভূত্যৈ নমঃ, ওঁ উন্নত্যৈ নমঃ, ওঁ কান্ত্যৈ নমঃ, ওঁ সৃষ্ট্যৈ নমঃ, ওঁ কীর্ত্ত্যৈ নমঃ, ওঁ সন্নত্যৈ নমঃ, ওঁ ব্যুষ্ট্যৈ নমঃ, ওঁ উৎকৃষ্ট্যৈ নমঃ, ওঁ ঋদ্ধ্যৈ নমঃ, মধ্যে শ্রীকমলাসনায় নমঃ। পরে ঋষ্যাদিন্যাস যথা—শিরসি ভৃগুঋষয়ে নমঃ, মুখে নিবৃচ্ছন্দসে নমঃ, হৃদয়ে শ্রিয়ৈ দেবতায়ৈ নমঃ। পরে করন্যাস যথা।—ওঁ শ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, শ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা, শ্রূং মধ্যমাভ্যাং বষট্,

শ্রৈং অনামিকাভ্যাং হুং, শ্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, শ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। অঙ্গন্যাস—ওঁ শ্রাং হৃদয়ায় নমঃ, শ্রীং শিরসে স্বাহা, শ্রূং শিখায়ৈ বষট্, শ্রৈং কবচায় হুং, শ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, শ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

ব্যাপক-ন্যাস। শ্রীং মন্ত্রে কেশ হইতে পাদ পর্য্যন্ত ও পাদ হইতে কেশ পর্য্যন্ত স্পর্শ, এইরূপ পাঁচ বা সাতবার করিবে।

পরে ধ্যান—ওঁ পাশাক্ষমালিকাম্ভোজসৃণিভির্যাম্যসৌম্যয়োঃ।
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরম্।
গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্ব্বাভরণভূষিতাম্।
রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু॥

( অন্যান্য ধ্যান—ধ্যানপ্রকরণে দেখিবে ) এইরূপ ধ্যান করিয়া হস্তস্থ পুষ্প মস্তকে রাখিয়া মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবে। মানসপূজা ও বিশেষার্ঘ্যস্থাপনপ্রণালী সাধারণনিয়ম প্রকরণে লিখিত আছে, কেবল শ্রীং এই মূলমন্ত্রই বিশেষ।

পরে পীঠন্যাসোক্ত দেবতাপূজানন্তর* পুনর্ধ্যান করিয়া আবাহন করিবে, যথা—ওঁ লক্ষ্মীদেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব, (ইহাভিমুখীভব) অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ। এই মন্ত্রে যথাক্রমে আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সন্নিরোধিনী, অভিমুখীকরণী মুদ্রা দেখাইবে।

পরে উপচারদান।—এতৎ পাদ্যং শ্রীং লক্ষ্মীদেব্যৈ নমঃ, ইদমর্ঘ্যং শ্রীং লক্ষ্মীদেব্যৈ নমঃ। শ্রীং লক্ষ্মীদেব্যৈ নমঃ এই মন্ত্রে অন্যান্য উপচারও দিবে। পরে প্রাণায়াম, করাঙ্গন্যাস করতঃ যথাশক্তি জপ পূর্ব্বক জপসমর্পণ, পুনঃ প্রাণায়াম, করাঙ্গন্যাস করিয়া প্রণাম করিবে, যথা—

ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং নিত্যং মহালক্ষ্মি নমোঽস্তু তে॥

পরে লক্ষ্মীস্তোত্র পাঠ করিবে।—

* যিনি দক্ষিণ দুই হস্তে পাশ ও অক্ষমালা, বাম দুই হস্তে পদ্ম ও অঙ্কুশ ধারণ করিতেছেন, পদ্মাসনে সমাসীনা ত্রিভুবনজননী, গৌরবর্ণা, সুন্দরী, সর্ব্বালঙ্কারভূষিতা সেই লক্ষ্মী দেবীকে বামহস্তে সুবর্ণপদ্মধারিণী ও দক্ষিণ হস্তে বরদায়িনীরূপে ধ্যান করিবে।

ওঁ ঈশ্বর উবাচ।

ত্রৈলোক্যপূজিতে দেবি কমলে বিষ্ণুবল্লভে।
যথা ত্বং সুস্থিরা কৃষ্ণে তথা ভব ময়ি স্থিরা॥
ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতির্হরিপ্রিয়া।
পদ্মা পদ্মালয়া সম্পৎ সৃষ্টিঃ শ্রীঃ পদ্মধারিণী॥
দ্বাদশৈতানি নামানি লক্ষ্মীং সম্পূজ্য যঃ পঠেৎ।
স্থিরা লক্ষ্মীর্ভবেত্তস্য পুত্রদারাদিভিঃ সহ॥

ইতি লক্ষ্মীস্তোত্রং সমাপ্তম্। ওঁ তৎসৎ॥

পুষ্পাঞ্জলি—ওঁ নমস্তে সর্ব্বদেবানাং বরদাসি হরিপ্রিয়ে।
যা গতিস্ত্বৎপ্রপন্নানাং সা মে ভূয়াত্ত্বদর্চ্চনাৎ॥

এই মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিবে।

পরে নারায়ণপূজা করিবে। ধ্যান।—ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ। কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী হারী হিরন্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ। মানসপূজা, বিশেষার্ঘ্য স্থাপন, পুনর্ধ্যান। শালগ্রামশিলায় আবাহন নাই। যথাশক্তি উপচারে পূজা করিবে, মন্ত্র যথা—

এতৎপাদ্যং ওঁ নমো নারায়ণায় নমঃ। ইদমর্ঘ্যং ওঁ নমো নারায়ণায় নমঃ ইত্যাদিরূপে অন্যান্য উপচার দিয়া স্তব পাঠ করিবে, যথা—

ওঁ ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যম্।
ভৃত্যার্ত্তিহং প্রণতপালভবাব্ধিপোতং
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্॥
ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যম্।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্-
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্॥

নমস্কারমন্ত্র, যথা—

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

পরে কুবেরপূজা করিবে, ধ্যান যথা—

ওঁ কেয়ূরকুণ্ডলধরং দ্বিভুজং বিশদপ্রভম্।
কিরীটিনং ধনাধ্যক্ষং গদাধরমহং ভজে ॥

মানসপূজান্তে পুনর্ধ্যান করিয়া নিম্নলিখিত মন্ত্রে উপচার দিবে, যথা—এতৎ পাদ্যং ওঁ কুবেরায় নমঃ। ইদমর্ঘ্যং ওঁ কুবেরায় নমঃ ইত্যাদি। যথাশক্তি জপান্তে প্রণাম, যথা—

ওঁ ধনদায় নমস্তভ্যং নিধিপদ্মাধিপায় চ।
ভবন্তু ত্বৎপ্রসাদান্মে ধনধান্যাদিসম্পদঃ ॥

পরে 'এতে গন্ধপুষ্পে ওঁ লক্ষ্মীদেব্যা আবরণদেবতাভ্যো নমঃ' মন্ত্রে পূজা করিয়া অন্নাদি ভোগদ্রব্য নিবেদন করিবে। ভোগদানপ্রণালী—সাধারণ পূজায় লিখিত আছে।

## ষষ্ঠীপূজা।

পুত্র হইলে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যপত্নী কুড়িদিন, শূদ্রপত্নী একমাস অশৌচান্তে, শনি মঙ্গল রবি সোম ভিন্ন বারে, কন্যা হইলে সর্ব্বজাতিই ত্রিশদিন অশৌচান্তে ষষ্ঠীপূজা করিবে।—পুরোহিত নিত্যক্রিয়ান্তে আচমন, বিষ্ণুস্মরণ, সূর্য্যার্ঘ্য, গণেশাদি পূজা করিয়া ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ মার্কণ্ডেয়সহিত-ষষ্ঠীদেবীপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং (তিনবার) ইত্যাদিরূপে স্বস্তি ও ঋদ্ধিবাচন করিয়া স্বস্তিসূক্ত ও সূর্য্যঃ সোম ইত্যাদি পাঠান্তে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্যামুকে মাসি (মুখ্যচান্দ্রমাস,) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যা (অমুকীদাস্যা বা) সাপত্যায়াঃ মার্কণ্ডেয়সহিত-শ্রীষষ্ঠীদেবীপ্রীতিকামঃ মার্কণ্ডেয়সহিতষষ্ঠীদেবীপূজাকর্ম্মাহং করিষ্যামি। পরে দেবো বো ইত্যাদি সঙ্কল্পসূক্ত পাঠ করিয়া সামান্যার্ঘ্য, দ্বারদেবতা-পূজা, বিঘ্নাপসারণ, আসন-শুদ্ধি, গুরুপ্রণাম, করশুদ্ধি, দিগ্‌বন্ধন, ভূতশুদ্ধি, মাতৃকান্যাসান্তে গন্ধাদির অর্চ্চনা পূর্ব্বক ঘটস্থাপন করিবে। ঘটস্থাপনপ্রণালী সাধারণ প্রণালীতে দেখ।

পরে ধ্যান করিবে, যথা—

ওঁ দ্বিভুজাং হেমগৌরাঙ্গীং রত্নালঙ্কারভূষিতাম্।
বরদাভয়হস্তাঞ্চ শরচ্চন্দ্রনিভাননাম্।
পট্টবস্ত্রপরীধানাং পীনোন্নতপয়োধরাম্।
অঙ্কার্পিতসুতাং ষষ্ঠীমম্বুজস্থাং বিচিন্তয়েৎ॥

পরে মানসপূজা, বিশেষার্ঘ্য, পুনর্ধ্যান পূর্ব্বক ওঁ ষষ্ঠীদেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ। স্থাং স্থীং স্থিরা ভব যাবৎ পূজাং করোম্যহম্। এই মন্ত্রে আবাহনপ্রণালীতে আবাহন পূর্ব্বক এতৎ রজতাসনং ওঁ ষষ্ঠীদেব্যৈ নমঃ—ওঁ ষষ্ঠীদেবি স্বাগতম্ ইত্যাদিরূপে ষোড়শোপচারে পূজা, উক্ত মন্ত্র জপ, জপবিসর্জ্জন পূর্ব্বক পুষ্পাঞ্জলি দান করিয়া প্রার্থনা ও প্রণাম করিবে।

প্রার্থনা—ওঁ আয়ুর্দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে।
পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে।

প্রণামমন্ত্র—ওঁ জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দকারিণি।
প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠিদেবতে॥

ষষ্ঠীকে ২১টি খইয়ের পাত্র নিবেদন করিবে। পরে মার্কণ্ডেয়ের ধ্যান পূর্ব্বক পূজা করিবে।

ধ্যান—দ্বিভুজং জটিলং সৌম্যং সুবৃদ্ধং চিরজীবিনম্।
মার্কণ্ডেয়ং নরো ভক্ত্যা পূজয়েৎ প্রযতস্তথা॥

'ওঁ মার্কণ্ডেয়ায় নমঃ' এই মন্ত্রে উপচার দান করিয়া প্রার্থনা ও প্রণাম করিবে।

প্রার্থনামন্ত্র যথা—ওঁ চিরজীবী যথা ত্বং ভো ভবিষ্যামি তথা মুনে।
রূপবান্ বিত্তবাংশ্চৈব শ্রিয়া যুক্তশ্চ সর্ব্বদা॥

প্রণামমন্ত্র—ওঁ মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্তজীবন।
আয়ুরিষ্টার্থসিদ্ধ্যর্থমস্মাকং বরদো ভব॥

অনন্তর নবপ্রসূতিকে নবজাতসন্তানের সহিত শান্তিমন্ত্রে শান্তি দিয়া পুষ্পাঞ্জলি দেওয়াইবে।

মন্ত্র যথা—এষ সচন্দন-সবিল্বপত্র-পুষ্পাঞ্জলিঃ নমঃ ষষ্ঠীদেব্যৈ নমঃ এই মন্ত্রে তিনবার দেওয়াইবে। নমস্কার ও প্রার্থনা মন্ত্রে প্রার্থনা ও নমস্কার করাইবে। পরে প্রসূতি আচারাৎ মৃত্তিকায় কাজললতা দ্বারা ২১টি গর্ত্ত

(পুষ্করিণীভাবে) খুঁড়িয়া তাহাতে কাঁচা দুগ্ধ দিয়া নিজের কেশাগ্র দ্বারা পুঁছিয়া লইবে। পরে ঐ স্থানে সন্তানটি ষষ্ঠীর পদে সমর্পণ করিলাম ভাবিয়া সমর্পণ করিবে। অনন্তর পুরোহিত কর্ম্মের দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যশান্তি, ঘটবিসর্জ্জন করিবেন।

## সরস্বতী-পূজা।

তত্র প্রমাণম্—পঞ্চম্যাং পূজয়েল্লক্ষ্মীং পুষ্পধূপান্নবারিভিঃ

মস্যাধারং লেখনীঞ্চ পূজয়েন্ন লিখেত্ততঃ।

মাঘে মাসি সিতে পক্ষে পঞ্চমী যা শ্রিয়ঃ প্রিয়া।

তস্যাং পূর্ব্বাহ্ণ এবেহ কার্য্যঃ সারস্বতোৎসবঃ॥

শ্রিয়ঃ সরস্বত্যা ইত্যর্থঃ

পূজাকালব্যবস্থা—যে দিন পূর্ব্বাহ্ণে (দিনমানের পূর্ব্ব চতুর্থ ভাগ বেলা প্রায় ৯।৫০ মিনিট পর্য্যন্ত) মাঘী শুক্লা পঞ্চমী লাভ হইবে, সেই দিনেই সরস্বতী ও লক্ষ্মীপূজা করিবে। যদি উভয়দিনে পূর্ব্বাহ্ণে পঞ্চমী লাভ হয় (২ দণ্ড ন্যূনকাল স্থায়ী হইলে হইবে না), তবে যে দিন চতুর্থীর পর পঞ্চমী হইয়াছে, ঐ দিনেই চতুর্থীর অন্তে পূজা হইবে।

কৃতনিত্যক্রিয় হইয়া পুণ্যাহাদিবাচন, স্বস্তিসূক্ত ও "সূর্য্যঃ সোম" মন্ত্র পাঠ করত নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

পুণ্যাহাদিবাচন যথা—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ লক্ষ্যাদিদেবতা-সহিত-সরস্বতী-পূজা-কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু—ওঁ পুণ্যাহম্ ৩বার। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্……স্বস্তি ভবন্তো ব্রুবন্তু—ওঁ স্বস্তি ৩বার। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্…… ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু—ওঁ ঋধ্যতাম্ ৩বার। পরে স্বস্তি ন ইন্দ্র ইত্যাদি স্বস্তি-সূক্ত (স্বস্ব বেদোক্ত) পাঠ করিয়া সূর্য্যঃ সোম ইত্যাদি পাঠ করিবে। (কাম্য পূজায় সাধারণ প্রণালীর সঙ্কল্পপ্রকরণ দেখ) পরে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য মাঘে মাসি শুক্লে পক্ষে পঞ্চম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পুরোহিত করিলে অমুকগোত্রস্য অমুকদেবশর্ম্মণঃ ইহা অধিক পাঠ্য) সরস্বতী-প্রীতিকামো গণপত্যাদিনানাদেবতা-পূজাপূর্ব্বক-লক্ষ্মী-মস্যাধার-লেখনী-সহিত-সরস্বতী-পূজাকর্ম্মাহং করিষ্যে। পরার্থে করিষ্যামি।

তৎপরে করপুটে—"ওঁ সঙ্কল্পিতার্থস্ত সিদ্ধিরস্তু" ও "ওঁ দেবো বো" ইত্যাদি সঙ্কল্পসূক্ত মন্ত্র পাঠ্য। অনন্তর সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, গন্ধাদির অর্চ্চনা করিয়া, যদি প্রতিমা হয়, তবে ঘটস্থাপন পূর্ব্বক গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্পাল প্রভৃতির অর্চ্চনা কর্ত্তব্য।

পরে ঐঁ মন্ত্রে যথাবিধি প্রাণায়াম করিয়া পীঠন্যাস করিবে, যথা—

হৃদয়ে ওঁ আধারশক্তয়ে নম ইত্যাদি……ওঁ হ্রীঁ জ্ঞানাত্মনে নম ইত্যন্ত পাঠ করিয়া হৃৎপদ্মের অষ্ট কেশরে ওঁ মেধায়ৈ নমঃ, ওঁ প্রজ্ঞায়ৈ নমঃ, ওঁ প্রভায়ৈ নমঃ, ওঁ বিদ্যায়ৈ নমঃ, ওঁ শ্রিয়ৈ নমঃ, ওঁ ধৃত্যৈ নমঃ, ওঁ স্মৃত্যৈ নমঃ, ওঁ বুদ্ধ্যৈ নমঃ, ওঁ বিশ্বেশ্বর্য্যৈ নমঃ, মধ্যে ওঁ বর্ণকমলাসনায় নমঃ।

ঋষ্যাদি ন্যাস—(মস্তকে) ওঁ কণ্বায় ঋষয়ে নমঃ, (মুখে) ওঁ বিরাড়্-গায়ত্র্যৈ ছন্দসে নমঃ, (হৃদয়ে) ওঁ বাগীশ্বর্য্যৈ দেবতায়ৈ নমঃ। (মম সর্ব্বাভীষ্ট-সিদ্ধ্যর্থে সরস্বতীপূজনে বিনিয়োগঃ)।

করন্যাস—ওঁ আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ এবং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা, ঊং মধ্যমাভ্যাং বষট্, ঐং অনামিকাভ্যাং হুং, ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্, অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। যথাস্থান স্পর্শ করিবে।

অঙ্গন্যাস—আং হৃদয়ায় নমঃ ইত্যাদি (সাধারণ প্রণালী দেখ)

ব্যাপকন্যাস—ঐং মন্ত্রে কেশ হইতে পাদ পর্য্যন্ত ও পাদ হইতে কেশ পর্য্যন্ত স্পর্শ, এইরূপ—৫বার বা ৭বার করিবে।

ধ্যান—ওঁ তরুণশকলমিন্দোর্বিভ্রতী শুভ্রকান্তিঃ
কুচভরনমিতাঙ্গী সন্নিষণ্ণা সিতাব্জে।
নিজকরকমলোদ্যল্লেখনীপুস্তকশ্রীঃ
সকলবিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্দেবতা নঃ।

পরে এইরূপে দেবীর ধ্যান করিয়া স্বীয় শিরোদেশে পুষ্পপ্রদান, মানসার্চ্চনা, বিশেষার্ঘ্যস্থাপন, পুনর্ধ্যান, আবাহন করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবে। অগ্রে কজ্জল দ্বারা চক্ষুর্দ্দান করিবে। প্রতিমা না হইলে শালগ্রামশিলায় বা ঘটে পূজা করিবে; কিন্তু সে স্থলে চক্ষুর্দ্দান বা প্রাণপ্রতিষ্ঠা নাই। এ স্থলে ইহাও উল্লেখ্য যে, চক্ষুর্দ্দানকালে মূলমন্ত্রে প্রথমে বাম চক্ষুতে, পরে দক্ষিণ চক্ষুতে কজ্জল দিবে; কিন্তু ত্রিনয়ন দেব বা ত্রিনয়না দেবী হইলে প্রথমে ঊর্দ্ধনেত্রে, পরে বামনেত্রে, তৎপরে দক্ষিণনেত্রে

কজ্জল দিয়া চক্ষুর্দ্দান করিবে। পরে প্রাণপ্রতিষ্ঠাদি করিবে। তাহার প্রণালী এই—একটি বিল্বপত্রে কজ্জল গ্রহণ পূর্ব্বক অন্য আর একটি বিল্বপত্রের বোঁটা দ্বারা উহা দেবীর নেত্রের মণিতে মূলমন্ত্রপাঠ সহকারে দিয়া অন্যান্য প্রাণপ্রতিষ্ঠা মন্ত্র পাঠান্তে কয়েকগাছি কুশ ও কিঞ্চিৎ পুষ্প অক্ষত একত্র করত দেবীর গণ্ডদ্বয় হস্ত দ্বারা ধরিয়া নিম্নলিখিত মন্ত্র পড়িবে, যথা—

ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হংসঃ অস্যাঃ সরস্বত্যাঃ প্রাণা ইহ প্রাণাঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হংসঃ অস্যা সরস্বত্যা জীব ইহ স্থিতঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হংসঃ অস্যাঃ সরস্বত্যাঃ সর্ব্বেন্দ্রিয়াণি। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হংসঃ সরস্বত্যা বাঙ্মনশ্চক্ষুশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা॥

পরে সতর্কতার সহিত দেবীর হৃদয়ে হস্ত রাখিয়া লেলিহান মুদ্রা দ্বারা নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ মনোজুতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তামোম্ প্রতিষ্ঠ। ওঁ অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্যৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা। *

দেবী অঙ্গে অঙ্গন্যাস ও শিরোদেশে ১০৮ বার মূলমন্ত্র জপ করিবে।

তৎপরে ষোড়শোপচারে ঐং সরস্বত্যৈ নমঃ এই মন্ত্রে অর্চ্চনা করিবে।

সরস্বতীর পূজান্তে পূর্ব্বোক্ত প্রণালী অনুসারে লক্ষ্মী-নারায়ণ-পূজা করিবে। পরে লেখনী মস্যাধার পুস্তক ও বাদ্যযন্ত্রের পূজা করিবে, মন্ত্র যথা—এষ গন্ধঃ ওঁ মস্যাধারায় নমঃ ইত্যাদি। এষ গন্ধঃ ওঁ লেখন্যৈ নমঃ ইত্যাদি। এষ গন্ধঃ ওঁ পুস্তকেভ্যো নমঃ ইত্যাদি। এষ গন্ধঃ ওঁ বাদ্যযন্ত্রেভ্যো নমঃ ইত্যাদিরূপে পঞ্চোপচারে প্রত্যেককে পূজা করিবে।

সরস্বতীকে ইদং রাগদ্রব্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ এই মন্ত্রে আবির্ অভ্র দিবে।

পরে দেবীকে তিনবার পুষ্পাঞ্জলি দিবে, মন্ত্র যথা—

ওঁ সরস্বত্যৈ নমো নিত্যং ভদ্রকাল্যৈ নমো নমঃ।
বেদবেদান্তবেদাঙ্গবিদ্যাস্থানেভ্য এব চ স্বাহা॥
এষ সচন্দনপুষ্পবিল্বপত্রাঞ্জলিঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।

* সকল দেবতার প্রাণপ্রতিষ্ঠাই এইরূপ। কেবল দেবতার নামের প্রভেদ মাত্র।

পরে করপুটে নিম্নোক্ত প্রার্থনামন্ত্র পাঠ্য, যথা—

ওঁ যথা ন দেবো ভগবান্ ব্রহ্মা লোকপিতামহঃ।
ত্বাং পরিত্যজ্য সন্তিষ্ঠেৎ তথা ভব বরপ্রদা॥
ওঁ বেদাঃ শাস্ত্রাণি সর্ব্বাণি নৃত্যগীতাদিকঞ্চ যৎ।
ন বিহীনং ত্বয়া দেবি তথা মে সন্তু সিদ্ধয়ঃ॥
ওঁ লক্ষ্মীর্মেধা ধরা পুষ্টির্গৌরী তুষ্টিঃ প্রভা ধৃতিঃ।
এতাভিঃ পাহি তনুভিরষ্টাভির্ম্মাং সরস্বতি॥

পরে নিম্নোক্ত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

প্রণামমন্ত্র—সরস্বত্যৈ নমো নিত্যং ভদ্রকাল্যৈ নমো নমঃ।
বেদবেদান্তবেদাঙ্গবিদ্যাস্থানেভ্য এব চ॥
ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিদ্যারূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি সরস্বতি॥

প্রতিমাসত্ত্বে বৈদিক হোম অনুষ্ঠান (সাধারণ কুশণ্ডিকা-পদ্ধতি অনুসারে) করিবে। তৎপরে দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিতে হয়। (সাধারণ প্রণালী দেখ)। প্রতিমা হইলে * বিসর্জ্জন কর্ত্তব্য অর্থাৎ ঈশানকোণে ত্রিকোণমণ্ডল অঙ্কন পূর্ব্বক সংহারমুদ্রাযোগে দেবতাকে স্বকীয় হৃদয়ে সংস্থাপন করিবে এবং "সরস্বতি ক্ষমস্ব" বলিয়া নির্ম্মাল্যপুষ্প হইতে একটি ফুল লইয়া পূর্ব্বাঙ্কিত মণ্ডলোপরি উহা স্থাপন করত "এতৎ পাদ্যং ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ" এই প্রণালীতে পাদ্যাদি উচ্ছিষ্ট নৈবেদ্য দ্বারা অর্চ্চনা শেষ এবং অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবে।

## কালকুমারকৃষ্ণকুমারপূজা।

মহাবিষুবসংক্রান্ত্যাং শুদ্ধাসনে উপবিশ্য প্রাঙ্মুখঃ উত্তরাভিমুখো বা কুশহস্ত আচম্য স্বশাখোক্তক্রমেণ স্বস্তিবাচনং কৃত্বা সূর্য্যঃ সোম ইত্যাদি পঠিত্বা তিলকুশফলান্বিতং জলপূর্ণং তাম্রাদিপাত্রং গৃহীত্বা সঙ্কল্পং কুর্য্যাৎ।— বিষ্ণুঃ ওম্ তৎসদদ্য চৈত্রে মাসি মহাবিষুবসংক্রান্ত্যাং অমুকে পক্ষে অমুকতিথৌ

* পরদিন কৃতনিত্যক্রিয় হইয়া দশোপচারে দেবীর পূজান্তে দধিসহ ভৃষ্টদ্রব্য নিবেদন পূর্ব্বক পুনঃ বিধানানুসারে বিসর্জ্জন করিবে।

অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কালকুমার-কৃষ্ণকুমারপ্রীতিকামঃ গণপত্যাদি-দেবতাপূজা-পূর্ব্বক-কালকুমারকৃষ্ণকুমারপূজনমহং করিষ্যে। পরার্থে তু অমুকগোত্র ইত্যত্র অমুকগোত্রস্য করিষ্যে ইত্যত্র করিষ্যামীতি বিশেষঃ। ততঃ স্বশাখোক্তক্রমেণ ঘটং সংস্থাপ্য তত্র শালগ্রামে বা পূজামারভেত। ততঃ সামান্যার্ঘ্যং কৃত্বা আসনং সংশোধ্য ভূতাপসারণং কুর্য্যাৎ। ততো গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি করাঙ্গন্যাসৌ কৃত্বা খর্ব্বমিত্যাদি গণপতিং ধ্যাত্বাবাহ্য ওঁ গণেশায় নমঃ, ইতি পাদ্যাদিভিঃ সংপূজ্য একদন্তমিত্যাদিনা প্রণমেৎ। ততঃ শিবাদিপঞ্চদেবতাঃ আদিত্যাদিনবগ্রহান্ ইন্দ্রাদিদিক্‌পালান্ মৎস্যাদি-দশাবতারান্ গঙ্গাং যমুনাং লক্ষ্মীং সরস্বতীঞ্চ পূজয়েৎ। ততঃ কাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, কীং তর্জ্জনীভ্যাং স্বাহা, কূং মধ্যমাভ্যাং বষট্, কৈং অনামিকাভ্যাং হুঁ, কৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, কঃ অস্ত্রায় ফট্। এবং কাং হৃদয়ায় নমঃ, কীং শিরসে স্বাহা, কূং শিখায়ৈ বষট্, কৈং কবচায় হুঁ, কৌং নেত্রত্রয়ায় বৌষট্, কঃ অস্ত্রায় ফট্। ইতি করাঙ্গন্যাসৌ কৃত্বা ততঃ কূর্ম্মমুদ্রয়া পুষ্পং গৃহীত্বা ধ্যায়েৎ।—ওঁ কৃষ্ণবর্ণং মহাকায়ং খড়্গাখট্টাঙ্গধারিণম্। শ্বেতাশ্ববাহনং দৈত্যং রক্তমাল্যানুলেপনম্। স্মেরাস্যং সুন্দরং স্কন্দং পিঙ্গাক্ষং পিঙ্গকেশরম্। বন্দে কৃষ্ণকুমারঞ্চ ভয়দং পীতবাসসম্॥ ইতি ধ্যাত্বা স্বশিরসি পুষ্পং দত্বা মানসোপচারৈঃ সংপূজ্য বিশেষার্ঘ্যং স্থাপয়িত্বা করাঙ্গন্যাসৌ কৃত্বা পুনর্ধ্যাত্বা শালগ্রামে ঘটে বা পুষ্পং দত্ত্বা ওঁ কৃষ্ণকুমার ইহাগচ্ছাগচ্ছ ইত্যাবাহ্য (শালগ্রামে আবাহনং নাস্তি) ওঁ কৃষ্ণকুমারায় নমঃ ইতি মন্ত্রেণ যথাশক্ত্যুপচারৈঃ সংপূজ্য প্রণমেৎ। ততঃ ওঁ কালকুমারায় নমঃ ইতি পূজয়িত্বা মূলমন্ত্রং যথাশক্তি জপ্ত্বা প্রণম্য দক্ষিণাচ্ছিদ্রাবধারণং বৈগুণ্যশান্ত্যর্থং বিষ্ণুস্মরণং কুর্য্যাৎ।

ইতি কালকুমারকৃষ্ণকুমারপূজাপদ্ধতিঃ॥

## শীতলাপূজাবিধিঃ।

তন্ত্রমতে করিলে সঙ্কল্পে রাশি উল্লেখ ও পূজা তন্ত্রোক্ত ক্রমে করিতে হয়। পিচ্ছিলাতন্ত্রোক্ত শীতলাপূজা তন্ত্রবিধি অনুসারেই করা উচিত। (তান্ত্রিক কাম্যপূজা প্রকরণে সাধারণ প্রণালী দেখ।)

স্নুহীবৃক্ষসমীপে সুগঠিতাং প্রতিমাং কাষ্ঠাদ্যাসনোপরি স্থাপয়িত্বা স্বয়ং

শুদ্ধাসনোপবিষ্ট আচম্য ব্রাহ্মণান্ পুণ্যাহং স্বস্তিঋদ্ধিং বাচয়িত্বা স্বশাখোক্তস্বস্তিবাচনং কৃত্বা সূর্য্যঃ সোমো যমঃ কাল ইত্যাদি পঠিত্বা ফলপুষ্পতিলকুশজলান্বিতং তাম্রপাত্রং গৃহীত্বা সঙ্কল্পং কুর্য্যাৎ।—বিষ্ণুঃ ওম্ তৎসত্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বিস্ফোটকাদিরোগোপশমনপূর্ব্বক-শ্রীশীতলাপ্রীতিকামো গণপত্যাদিদেবতা-পূজাপূর্ব্বক-ঘণ্টাকর্ণ-সহিত-শ্রীশীতলাদেবী-পূজন-কর্ম্মাহং করিষ্যে ইতি সঙ্কল্প্য তজ্জলং ঐশান্যাং দিশি ক্ষিপেৎ, ফলপুষ্পং ব্রাহ্মণায় দদ্যাৎ। পরার্থে তু অমুকগোত্র ইত্যত্র অমুকগোত্রস্য করিষ্যে ইত্যত্র করিষ্যামি ইতি বিশেষঃ। ততঃ স্বশাখোক্তং সূক্তং পঠেৎ। ততঃ স্বশাখোক্তক্রমেণ ঘটং সংস্থাপ্য আসনং সংশোধ্য সামান্যার্ঘ্যং কুর্য্যাৎ। ততঃ গাং হৃদয়ায় নমঃ ইত্যঙ্গন্যাস-করন্যাসৌ কৃত্বা গুরুপঙ্‌ক্তিনমস্কারপূর্ব্বকং খর্ব্বমিত্যাদিনা গণপতিং ধ্যাত্বাবাহ্য ওঁ গণেশায় নম ইতি পাদ্যাদিভিঃ সংপূজ্য একদন্তমিত্যাদিনা প্রণমেৎ। ততঃ শিবাদি-পঞ্চদেবতা-আদিত্যাদিনবগ্রহ-ইন্দ্রাদি-দিক্‌পাল-মৎস্যাদি-দশাবতারান্ ব্রহ্মবিষ্ণুমহেশ্বরগঙ্গা-যমুনা-লক্ষ্মী-সরস্বতীঞ্চ পাদ্যাদিভিঃ পূজয়েৎ। ততো ভূতশুদ্ধিং কৃত্বা মাতৃকান্যাস-পীঠন্যাসপ্রাণায়ামান্ কুর্য্যাৎ। ততঃ শাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, শীং তর্জ্জনীভ্যাং স্বাহা, শূং মধ্যাভ্যাং বষট্, শৈং অনামিকাভ্যাং হুঁ, শৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, শঃ অস্ত্রায় ফট্। এবং শাং হৃদয়ায় নমঃ, শীং শিরসে স্বাহা, শূং শিখায়ৈ বষট্, শৈং কবচায় হুঁ শৌং নেত্রত্রয়ায় বৌষট্, শঃ অস্ত্রায় ফট্। করাঙ্গন্যাসৌ কৃত্বা কূর্ম্মমুদ্রয়া পুষ্পং গৃহীত্বা ধ্যায়েৎ।—ওঁ শ্বেতাঙ্গীং রাসভস্থাং করযুগবিলসন্মার্জ্জনীপূর্ণকুম্ভাং, মার্জ্জন্যা পূর্ণকুম্ভাদমৃতময়জলং তাপশান্ত্যৈ ক্ষিপন্তীম্। দিগ্বস্ত্রাং মূর্দ্ধ্নি সূর্পাং কনকমণিগণৈর্ভূষিতাঙ্গীং ত্রিনেত্রাং, বিস্ফোটাদ্যুগ্রতাপ-প্রশমনকরিণীং শীতলাং ত্বাং ভজামি। ইতি ধ্যাত্বা স্বশিরসি পুষ্পং দত্ত্বা মানসোপচারৈঃ সংপূজ্য বিশেষার্ঘ্যং কৃত্বা পীঠপূজাং কুর্য্যাৎ। ততঃ পুনঃ করাঙ্গন্যাসৌ কৃত্বা পুনর্ধ্যাত্বা ঘটে পুষ্পং দত্ত্বা আবাহয়েৎ।—ওঁ শীতলে দেবি ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ। তত আবাহনী-স্থাপনী-যোনিমুদ্রাঃ প্রদর্শ্য লেলিহানমুদ্রয়া প্রাণপ্রতিষ্ঠাং কুর্য্যাৎ। আদৌ চক্ষুর্দানম্। ওঁ ইদং নেত্রত্রয়ং দিব্যং চন্দ্রসূর্য্যানলপ্রভম্। তারকাসহিতং দেবি পশ্য ত্বং ভুবনত্রয়ম্॥ ইতি পঠিত্বা মূলমুচ্চার্য্য অঞ্জনেন চক্ষুর্দানং কুর্য্যাৎ। ততঃ প্রাণপ্রতিষ্ঠা—আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হংসঃ অস্যাঃ শ্রীশীতলাদেব্যাঃ প্রাণাঃ ইহ প্রাণাঃ এবং জীব ইহ স্থিতঃ এবং সর্ব্বেন্দ্রিয়াণি

এবং বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা। ওঁ মনোজূতিজু্র্ষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু অরিষ্টং যজ্ঞং সমিমন্দধাতু বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তামোম্প্রতিষ্ঠ। ইতি প্রাণপ্রতিষ্ঠাং কৃত্বা ওঁ হ্রীঁ শ্রীঁ শীতলায়ৈ নমঃ। ইতি মন্ত্রেণ যথাশক্তি দশোপচারৈর্বা ষোড়শোপচারৈর্দেবীং সংপূজ্য—

ওঁ নমামি শীতলাং দেবীং রাসভস্থাং দিগম্বরীম্।
মার্জ্জনীকলসোপেতাং সূর্পালঙ্কৃতমস্তকাম্।

ইতি মন্ত্রেণ প্রণম্য স্নুহীবৃক্ষে আবাহ্য ওঁ ঘণ্টাকর্ণায় নম ইতি পাদ্যাদিভিঃ পূজয়িত্বা প্রণমেৎ।—ওঁ ঘণ্টাকর্ণ মহাবীর সর্ব্বব্যাধিবিনাশক। বিস্ফোটক-ভয়ে প্রাপ্তে রক্ষ রক্ষ মহাবল॥ ইতি প্রণম্য মূলমন্ত্রং যথাশক্তি জপ্ত্বা সজলং সামান্যার্ঘ্যমাদায়।—ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদান্মহেশ্বরি। ইতি গোযোনিমুদ্রয়া জপং সমর্প্য প্রাণায়ামং কৃত্বা স্তবাদিকং পঠিত্বা যথাশক্তি বলিদানং হোমঞ্চ কুর্য্যাৎ। (বলিদান ও হোম তান্ত্রিক সাধারণ প্রণালীতে দ্রষ্টব্য) ততো দক্ষিণাং কুর্য্যাৎ।—ওঁ অদ্যেত্যাদি বিস্ফোটকাদিরোগোপশমনকামনয়া কৃতৈতৎ-শ্রীশীতলাদেবীপূজনকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং তন্মূল্যং বা অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে ব্রাহ্মণায় অর্চ্চকায় তুভ্যমহং সম্প্রদদে। পূজকো গৃহীত্বা স্বস্তীতি বদেৎ। তত ওমদ্যেত্যাদি কৃতৈতৎশীতলাদেবী পূজনকর্ম্মাচ্ছিদ্রমস্তু। ততো বৈগুণ্যশান্ত্যর্থং বিষ্ণুস্মরণঞ্চ কুর্য্যাৎ। পূজাদ্রব্যং আচার্য্যায় দদ্যাৎ॥

ইতি পিচ্ছিলাতন্ত্রোক্তশীতলাপূজাপদ্ধতিঃ।

## গঙ্গাপূজা।

কৃতনিত্যক্রিয় হইয়া বিষ্ণুস্মরণাদিপূর্ব্বক ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বক-গঙ্গাপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদিরূপে পুণ্যাহাদিবাচন করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীমদ্গঙ্গাদেবীপ্রীতিকামো গণপত্যাদিনানাদেবতাপূজা-পূর্ব্বক-গঙ্গাপূজনমহং করিষ্যে।

পরে সঙ্কল্পসূক্ত পাঠ, ঘটস্থাপন করত আসনশুদ্ধি ও জলশুদ্ধ্যাদি করিয়া গণেশাদিদেবতার অর্চ্চনা, অঙ্গন্যাস, করন্যাস, ধ্যানপাঠ, চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিয়া যথাশক্তি নিম্নোক্ত মন্ত্রে পূজা, হোম ও জপাদি কর্ত্তব্য। বলিদানের ব্যবস্থা থাকিলে তাহাও দিবে।

পরে দক্ষিণা, তিলক, শান্তি, বৈগুণ্যসমাধান ও অচ্ছিদ্রাবধারণ করিয়া বিসর্জ্জনবিহিত মন্ত্রাদিতে বিসর্জ্জন করিতে হয়।

ধ্যান।—সুরূপাং চারুনেত্রাঞ্চ চন্দ্রাযুতসমপ্রভাম্।
চামরৈর্বীজ্যমানাস্তু শ্বেতচ্ছত্রোপশোভিতাম্॥
সুপ্রসন্নাং সুবদনাং করুণার্দ্রনিজান্তরাম্।
সুধাপ্লাবিতভূপৃষ্ঠামার্দ্রগন্ধানুলেপনাম্॥
ত্রৈলোক্যনমিতাং গঙ্গাং দেবাদিভিরভিষ্টুতাম্।
ধ্যায়েন্মকরপৃষ্ঠস্থাং শ্বেতালঙ্কারভূষিতাম্॥

পূজামন্ত্র।—ওঁ গাং গঙ্গায়ৈ বিশ্বমুখ্যায়ৈ শিবামৃতায়ৈ শান্তিপ্রদায়িন্যৈ নারায়ণ্যৈ নমো নমঃ। এতৎ পাদ্যং ওঁ গঙ্গায়ৈ নমঃ।

জপমন্ত্র।—ওঁ গঙ্গায়ৈ নারায়ণ্যৈ শিবায়ৈ চ নমো নমঃ।

প্রণামমন্ত্র।—সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যোদুঃখবিনাশিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

দশহরা-গঙ্গাপূজাকালে নারায়ণ, মহেশ্বর, ব্রহ্মা, ভাস্কর, ভগীরথ, নাগরাজ, হিমালয় ইত্যাদিরও পূজা করিবে। সাধ্যমত উপচারে পূজা কর্ত্তব্য।

---

## মনসাদেবীপূজা।

তত্র প্রমাণম্—সুপ্তে জনার্দ্দনে কৃষ্ণে পঞ্চম্যাং ভবনাঙ্গনে।
পূজয়েন্মনসাং দেবীং স্নুহীবিটপসংস্থিতাম্।
পঞ্চম্যাং পূজয়েন্নাগাননন্তাদ্যান্ মহোরগান্।
ক্ষীরং সর্পিস্তু নৈবেদ্যং দেয়ং সর্পবিষাপহম্॥

হরিশয়নকালে কৃষ্ণপক্ষের পঞ্চমীতে স্নুহীবৃক্ষের শাখায় (সিজ বা মনসা গাছ) গৃহের প্রাঙ্গণে (উঠানে) মনসাদেবী ও অষ্টনাগপূজা করিলে সর্প-ভয় থাকে না।

নিত্যক্রিয়া সমাপনান্তে আচমন, বিষ্ণুস্মরণ, সূর্য্যার্ঘ্য দান, গণেশাদি

পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ প্রভৃতি দেবতার পূজা করিয়া পুণ্যাহাদি বাচন করিবে, যথা—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অষ্টনাগাস্তীকজরৎকারুসহিতমনসাদেবী-পূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু এইরূপে স্বস্তি ও ঋদ্ধিবাচন করিয়া সোমং রাজানমিত্যাদি স্বস্তিসূক্ত সূর্য্যঃ সোম ইত্যাদি পাঠ করিয়া সঙ্কল্প করিবে, যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি কৃষ্ণে পক্ষে পঞ্চম্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণো মনসাদেবী-প্রীতিকামঃ সর্পভয়নিবৃত্তিকামো বা অনন্তাদ্যষ্টনাগাস্তীকজরৎকারুসহিতমনসা-দেবীপূজাকর্ম্মাহং করিষ্যামি, ( স্বার্থে করিষ্যে )।

অস্মদ্দেশে অনেকে দশহরা তিথিতে আরম্ভ করিয়া আশ্বিন-সংক্রান্তিতে ( ৩১শে বা ৩২শে ভাদ্র ) বিসর্জ্জন করেন। তাঁহাদের পক্ষে সঙ্কল্প অন্যরূপ হইবে; যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য জ্যৈষ্ঠে মাসি শুক্লপক্ষে দশম্যাস্তিথা-বারভ্য কন্যাসংক্রান্তিং যাবৎ প্রতিমাসীয়-কৃষ্ণপক্ষীয়-পঞ্চম্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ইত্যাদি পূর্ব্ববৎ। পরে সঙ্কল্পসূক্তপাঠান্তে সামান্যার্ঘ্য, দ্বার-পূজা, বিঘ্নাপসারণ, আসনশুদ্ধি, গুরুপ্রণাম, করশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, গন্ধাদি অর্চ্চনা, গণেশাদি পূজান্তে 'ওঁ' বা 'মাং' এই মন্ত্রে প্রাণায়াম, পীঠন্যাস, (শক্তি অনুসারে) করন্যাস, অঙ্গন্যাস— মাং মীং মূং মৈং মৌং মঃ এই পঞ্চ মন্ত্রে পূর্ব্বোক্ত প্রকারে করিবে। পরে ব্যাপকন্যাসান্তে ধ্যান করিবে, যথা—ওঁ দেবীমম্বামহীনাং শশধরবদনাং চারুকান্তিং বদান্যাং, হংসারূঢ়ামুদারামরুণিত-বসনাং সর্ব্বদাং সর্ব্বদৈব। স্মেরাস্যাং মণ্ডিতাঙ্গীং কনকমণিগণৈর্নাগরত্নৈরনেকৈ-র্বন্দেঽহং সাষ্টনাগামুরুকুচযুগলাং ভোগিনীং কামরূপাম্॥ ধ্যানান্তে মানসপূজা, বিশেষার্ঘ্যস্থাপন, পুনর্ধ্যান ও আবাহন করিবে, যথা—ওঁ মনসাদেবি স্বগণ-সহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদি।

এতৎ পাদ্যং ওঁ মনসাদেব্যৈ নমঃ অথবা এতং পাদ্যং ওঁ মাং মনসাদেব্যৈ নমঃ ইত্যাদি প্রণালীতে যথাশক্তি উপচারে পূজা করিবে। যথাশক্তি জপ করিয়া পুষ্পাঞ্জলিদানান্তে প্রণাম করিবে, যথা—

ওঁ আস্তীকস্য মুনের্ম্মাতা ভগিনী বাসুকেস্তথা।
জরৎকারুমুনেঃ পত্নী মনসাদেবি নমোঽস্তু তে॥

পরে গায়ত্রীপাঠ সহকারে ধ্যান পূর্ব্বক আবাহন করিয়া ওঁ আস্তীকায় নমঃ এই মন্ত্রে পঞ্চোপচারে বা দশোপচারে পূজা করিয়া ওঁ জরৎকারুমুনয়ে নমঃ এই মন্ত্রে পূর্ব্বরূপে পূজা করিবে। পরে অষ্টনাগপূজা যথা—আবাহন—

অনন্তাদয় ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহ তিষ্ঠত ইহ তিষ্ঠত ইহ সন্নিধত্ত, ইহ সন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্ণীত। (বহু দেবতার একসঙ্গে আবাহনমন্ত্র এইরূপ) এ গন্ধ ওঁ অনন্তায় নমঃ ইত্যাদি পঞ্চোপচারে পূজা। এইরূপ ওঁ বাসুকয়ে নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ মহাপদ্মায় নমঃ, ওঁ তক্ষকায় নমঃ, ওঁ কুলীরায় নমঃ, ওঁ কর্কটায় নমঃ, ওঁ শঙ্খায় নমঃ। পরে দুধ-কলা অষ্টনাগকে নিবেদন করিবে—অর্চ্চনা করিয়া ইদং কদলীখণ্ডযুক্তদুগ্ধং অনন্তাদ্যষ্টনাগেভ্যো নমঃ। অনন্তের নমস্কারমন্ত্র যথা—

যোঽসৌ চানন্তরূপেণ ব্রহ্মাণ্ডং সচরাচরম্।
পুষ্পবদ্ধারয়েন্মূর্দ্ধ্নি, তস্মৈ নিত্যং নমো নমঃ॥

পরে যথোক্ত নিয়মে দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যশান্তি, ওঁ স্বগণসহিতে মনসাদেবি ক্ষমস্ব এই মন্ত্রে বিসর্জ্জন করিবে। তদ্দিনে গৃহস্বামী নিম্বপত্র গৃহে রাখিবে ও ভোজন করিবে।

## সূতিকা-ষষ্ঠীপূজা বা যেটেরা-পূজা।

পুত্র জন্মগ্রহণ করিলে ষষ্ঠদিনের রাত্রিতে পিতা (অক্ষম হইলে ও শূদ্র পক্ষে পুরোহিত বা শুচি অন্য কোনও ব্রাহ্মণ) উপবাসী থাকিয়া সূতিকাগৃহে অথবা দ্বারে গোময়োপলিপ্ত ভূমিতে উত্তরমুখে সূতিকাগৃহবাসী দেবগণের পূজা করিবে। কেবল এই কার্য্যে পিতার অশৌচ হয় না। প্রথমে বিষ্ণু-স্মরণাদি করিয়া পুণ্যাহাদি বাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে। পুণ্যাহাদি বাচন, যথা—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ সূতিকাগারদেবতাপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। (ওঁ পুণ্যাহম্ তিনবার প্রতিবাক্য) ওঁ কর্ত্তব্যেঽস্মিন্............ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু (ওঁ স্বস্তি তিনবার প্রতিবাক্য) ওঁ কর্ত্তব্যেঽস্মিন্......... ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু (ওঁ ঋধ্যতাম্ তিনবার প্রতিবাক্য) পরে স্বস্তিসূক্ত—ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবা ইত্যাদি পাঠান্তে ওঁ সূর্য্যঃ সোমো যমঃ ইত্যাদি মন্ত্রে দেবতার সান্নিধ্য কল্পনা করিয়া ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যং ইত্যাদি মন্ত্রে বিষ্ণুস্মরণ করত ওঁ তৎসৎ উচ্চারণ পূর্ব্বক সঙ্কল্প করিবে, যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি (মুখ্য চান্দ্রমাস) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য মমাভিনবকুমারস্য সংরক্ষণকামঃ সূতিকাগার-দেবতাপূজনমহং করিষ্যে। পুরোহিত সঙ্কল্প করিলে ওঁ অদ্য ইত্যাদি

অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ( নিজ নাম গোত্র উল্লেখ হইবে ) অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য ( কুমারপিতার নাম ও গোত্র ) অভিনবজাতকুমারস্য সংরক্ষণকামঃ ইত্যাদি করিষ্যে স্থলে করিষ্যামি উল্লেখ হইবে। সঙ্কল্পান্তে সূক্তমন্ত্র ওঁ দেবো বো দ্রবিণোদা ইত্যাদি পাঠ করিয়া দ্বারদেশে মাষভক্ত বলি ( মাষকলাই, আতপ চাউল ও দধি ) বটপত্রে দিয়া ক্ষেত্রপালাদিকে নিবেদন করিবে, যথা—ওঁ ক্ষেত্রপাল ইহাগচ্ছ ইত্যাদি আবাহনমন্ত্রে আবাহন পূর্ব্বক ওঁ ক্ষেত্রপালায় নমঃ এই মন্ত্রে পূজা করিয়া এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ মন্ত্রে নিবেদন করিয়া ওঁ ক্ষেত্রপাল নমস্তভ্যং সর্ব্বশান্তিফলপ্রদ। বালস্য বিঘ্ননাশায় মম গৃহ্লাত্বিমং বলিম্ এই মন্ত্র পাঠ করিবে। এইরূপে এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতদৈত্যপিশাচাদিগন্ধর্ব্বযক্ষরাক্ষসেভ্যো নমঃ। ওঁ ভূতদৈত্যপিশাচাদ্যা গন্ধর্ব্বা যক্ষরাক্ষসাঃ। শুভং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিম্। এষ মাষভক্তবলিঃ ওঁ পূর্ব্বাদিস্বস্থানবাসিভ্যো নমঃ। ওঁ পূর্ব্বাদিদিগ্‌বিভাগেষু স্বস্থানপ্রতিবাসিনঃ। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ যোগিনী-ডাকিনীভ্যো নমঃ। ওঁ নানারূপধরাঃ সর্ব্বা মাতরো দেবযোনয়ঃ। বালস্য বিঘ্ননাশায় মম গৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ আদিত্যাদিগ্রহেভ্যো নমঃ। ওঁ আদিত্যাদিগ্রহা যে চ নিত্যং স্বস্থানবাসিনঃ। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিম্। এষ মাষভক্তবলিঃ ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ। উক্ত মন্ত্রে মাষভক্তবলি দ্বারা পূজা করিয়া গৃহদ্বারের দেবতা পূজা করিবে। ওঁ দ্বারপালা ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহ তিষ্ঠত ইহ তিষ্ঠত ইহ সন্নিধত্ত ইহ সন্নিরুধ্যধ্বং অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত ( একসঙ্গে বহুদেবতার আবাহন এই প্রকারে করিতে হয়)। এই মন্ত্রে আবাহন করিয়া ওঁ দ্বারপালেভ্যো নমঃ এই মন্ত্রে পূজান্তে ওঁ দ্বারপাল নমস্তভ্যং সর্ব্বোপদ্রবনাশন। বালবিঘ্নবিনাশায় পূজাং গৃহ্ণ সুরোত্তম॥ প্রার্থনা করিবে। পরে ওঁ জম্ভায় নমঃ মন্ত্রে পূজা করিয়া ওঁ জম্ভাসুর মহাবীর সর্ব্বশান্তিফলপ্রদ। রক্ষস্ব মম বালং ত্বং পূজাং গৃহ্ণ যথাসুখম্। এই মন্ত্রে প্রার্থনা করিবে। পরে গৃহমধ্যে বা বহির্ভাগে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, করশুদ্ধি, দিগ্‌বন্ধন, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, প্রাণায়াম (ওঁ মন্ত্রে) করন্যাস, অঙ্গন্যাস, ব্যাপকন্যাস করিয়া ঘটস্থাপন মন্ত্রে ঘটস্থাপন পূর্ব্বক গণেশাদি দেবতার পূজা করিবে। গণেশকে 'খর্ব্বং স্থূলতনুম্' ইত্যাদি মন্ত্রে ধ্যান করিয়া ওঁ ভূর্ভুবঃ স্বর্গণেশ ইহাগচ্ছ ইত্যাদিরূপে আবাহন ও ওঁ

গাং গণেশায় নমঃ এই মন্ত্রে পূজা করিয়া প্রার্থনা করিবে। যথা—ওঁ সর্ব্ববিঘ্ন-হরঃ শ্রীমান্ একদন্তো গজাননঃ। ষষ্ঠীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা শিশুং দীর্ঘায়ুষং কুরু। পরে সূর্য্য, শিব, অগ্নি, কেশব, কৌশিকী, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি লোকপাল পূজান্তে গৌর্য্যাদি ষোড়শ মাতৃকাপূজা করিবে, যথা—ওঁ গৌর্য্যৈ মাত্রে নমঃ—এইরূপে পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, কুলদেবতা ইঁহাদেরও পূজা করিবে। পরে 'ওঁ দ্বিভুজাং হেমগৌরাঙ্গীম্' ইত্যাদি মন্ত্রে ষষ্ঠীর ধ্যান পূর্ব্বক মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্য স্থাপন, পুনর্ধ্যানান্তে ঘটে আবাহন করত এতদ্ রজতাসনং ওঁ ষষ্ঠ্যৈ নমঃ ইত্যাদিরূপে ষোড়শোপচারে পূজার অনন্তর "ওঁ গৌর্য্যাঃ পুত্রো যথা স্কন্দঃ শিশুঃ সংরক্ষিতস্ত্বয়া। তথা মমাপ্যয়ং বালো রক্ষ্যতাং ষষ্ঠিকে নমঃ" এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ ষষ্ঠ্যৈ নমঃ। এই মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দ্বারা পূজা করিবে। পরে নমস্কার ও প্রার্থনামন্ত্র, যথা—ওঁ জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দকারিণি। প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠিদেবতে॥ ওঁ ধাত্রী ত্বং কার্ত্তিকেয়স্য ষষ্ঠী ষষ্ঠীতি বিশ্রুতা। দীর্ঘায়ুষ্টঞ্চ নৈরুজ্যং কুরুষ মম বালকে। জননী সর্ব্বভূতানাং সর্ব্ববিঘ্নক্ষয়ঙ্করী। নারায়ণীস্বরূপেণ মৎপুত্রং রক্ষ সর্ব্বতঃ। ভূতদৈত্যপিশাচেভ্যো ডাকিনীভ্যোঽপি সঙ্কটাৎ। সুতং মেঽস্য শুভং দত্ত্বা রক্ষ দেবি নমোঽস্তু তে। রূপং দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে। পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥ পরে মন্থানদণ্ডের পূজা করিবে। যথা পূজামন্ত্র—ওঁ মন্থানদণ্ডায় নমঃ। প্রার্থনা-মন্ত্র—ওঁ মন্থান মন্দরোঽসি ত্বং মথিতঃ সাগরস্ত্বয়া। তথা মমাপি পুত্রস্য মন্থ বিঘ্নং নমোঽস্তু তে। অনন্তর ষট্‌কৃত্তিকাপূজা, যথা—আবাহন পূর্ব্বক ওঁ শিবায়ৈ নমঃ, এবং সম্ভূত্যৈ, কীর্ত্ত্যৈ, সন্তত্যৈ, অনসূয়ায়ৈ, ক্ষমায়ৈ। পরে ওঁ কার্ত্তিকেয়ায় নমঃ এই মন্ত্রে কার্ত্তিককে পূজা করিয়া প্রণাম করিবে, যথা—ওঁ কার্ত্তিকেয় মহাভাগ গৌরীহৃদয়নন্দন। কুমার রক্ষ মে পুত্রং খড়্গহস্ত নমোঽস্তু তে॥ ওঁ জন্মদায়ৈ নমঃ এই মন্ত্রে জন্মদাকে পূজা করিয়া ওঁ যা জন্মদেতি বিখ্যাতা শুভদা ভুবি পূজিতা। করোতু সর্ব্বদা রক্ষাং বালস্য সূতিকাগৃহে॥ এই মন্ত্রে প্রার্থনা করিবে। ওঁ যোগিনীভ্যো নমঃ, এবং ডাকিনীভ্যঃ, পাপরাক্ষস্যৈ, জাত-হারিণ্যৈ, বালঘাতিন্যৈ, ঘোরায়ৈ, পিশিতাশনায়ৈ, নন্দায়ৈ, পূতনায়ৈ, মুখ-মণ্ডিকায়ৈ, বিকনিকায়ৈ, শকুনিকায়ৈ, শুষ্কনন্দায়ৈ, জম্ভিকায়ৈ, আচার্য্যকায়ৈ,

রেবত্যৈ, পিলিপিঞ্জায়ৈ, স্কন্দায়ৈ, বাসুদেবায়, দেবক্যৈ, যশোদায়ৈ, নন্দায় ইঁহাদিগের আদিতে 'ওঁ', পরে 'নমঃ' প্রয়োগ করিয়া পূজা করিবে। পরে ব্যজনে ( চামর অথবা তালবৃন্ত ) বস্ত্রের উপর বালককে শয়ন করাইয়া নিম্ন-লিখিত মন্ত্রে সমর্পণ করিবে। ওঁ জননী সর্ব্বভূতানাং লোকানাং হিত-কারিণী। ব্যজনস্থং রক্ষ পুত্রং তব পাদে সমর্পিতম্। পরে এই মন্ত্রে বালকের গাত্রে হস্ত লেপন করিবে। ওঁ মাথুরং মঙ্গলংযচ্চ বিষ্ণোরতুলতেজসঃ। হরন্ত মঙ্গলং যচ্চ সর্ব্বং ভবতু মে সুতে। রক্ষাং করোতু ভগবান্ বহুরূপী জনার্দ্দনঃ। বরাহরূপধৃক্ দেবঃ শিশুং রক্ষতু কেশবঃ। নখাগ্রৈর্যো বিদারিতবৈরিবক্ষঃ-স্থলো হরিঃ। নৃসিংহরূপী সর্ব্বত্র স ত্বাং রক্ষতু কেশবঃ॥ শিরস্তে পাতু গোবিন্দো গণ্ডং রক্ষতু কেশবঃ। গুদং সজঠরং পাতু জঙ্ঘাঞ্চৈব জনার্দ্দনঃ। স্কন্ধং বাহুং প্রবাহুঞ্চ মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ॥ পরে বালকের শিরোদেশে হরির দ্বাদশনামাঙ্কিত বস্ত্র রাখিবে। দ্বাদশ নাম যথা—কেশব, অচ্যুত, পদ্মনাভ, গোবিন্দ, ত্রিবিক্রম, হৃষীকেশ, পুণ্ডরীকাক্ষ, বাসুদেব, নারায়ণ, নরসিংহ, হয়গ্রীব, বামন। অতঃপর ওঁ ত্রিলোচনায় নমঃ মন্ত্রে ত্রিলোচনকে পূজা করিয়া অশ্বত্থাম্নে, বলয়ে, ব্যাসায়, প্রহ্লাদায়, বিভীষণায়, কৃপায়, পরশু-রামায় হনূমতে নমঃ মন্ত্রে পূজা করিয়া ওঁ অশ্বত্থামা বলির্ব্যাসঃ প্রহ্লাদঃ সবিভীষণঃ। কৃপো রামো হনূমাংশ্চ সপ্তৈতে পান্তু মে সুতম্। এই মন্ত্রে প্রার্থনা করিবে। তৎপরে দ্বাদশ ব্রাহ্মণকে পূজা করিয়া তাঁহাদের পদধূলি বস্ত্রখণ্ডে বাঁধিয়া বালকের শিরোদেশে রাখিবে। আচারবশতঃ বকুলপত্র দ্বারদেশে দগ্ধ করিবে। পরে দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যশান্তি করিবে।

## জন্মতিথি-পূজা।

প্রতিবর্ষে জন্মতিথিতে গুরুপ্রভৃতির পূজা করিলে আয়ুর্বৃদ্ধি হয়। জন্মদিনে গৌণচান্দ্রমাসের যে তিথি, পরবৎসরে সেই মাসের সেই তিথিতে জন্মতিথি-পূজা হইবে। মলমাসে ও তারিখ হিসাবে এই জন্মতিথিপূজা হয় না।

ব্রহ্মপুরাণে—সুর্ব্বৈশ্চ জন্মদিবসে স্নাতৈর্ম্মঙ্গলপাণিভিঃ।
গুরু-দেবাগ্নি-বিপ্রাশ্চ পূজনীয়াঃ প্রযত্নতঃ॥
স্বনক্ষত্রঞ্চ পিতরৌ তথা দেবঃ প্রজাপতিঃ।
প্রতিসংবৎসরঞ্চৈব কর্ত্তব্যশ্চ মহোৎসবঃ॥

কৃত্যচিন্তামণৌ—গুড়-দুগ্ধ-তিলানন্যাজ্জন্মগ্রন্থেশ্চ বন্ধনম্।
গুগ্‌গুলুং নিম্বসিদ্ধার্থং দূর্ব্বাগোরচনাযুতম্॥

জন্মতিথিতে জাতক তিলবাটা মাখিয়া তিলযুক্ত জলে স্নান করিবে ও নূতন বস্ত্র পরিধান করিয়া গোরোচনা, গুগ্‌গুলু, নিম্বপত্র, দূর্ব্বা, শ্বেতসর্ষপ প্রভৃতি ধারণ করিবে। একটি জীবিতমৎস্য জলে ছাড়িয়া দিতে হয়, স্বয়ং নিরামিষভোজী হইয়া ব্রাহ্মণকে মৎস্য ভোজন করাইবে। জন্মমাসে বিশেষতঃ জন্মদিনে ক্ষৌর ও যাত্রা করিবে না। ঐ দিনে শক্তু (ছাতু) ভোজন প্রশস্ত।

উভয়দিনে পূর্ব্বাহ্নে জন্মতিথিলাভ হইলে যে দিন পূর্ব্বাহ্নে তিথির সহিত নক্ষত্রযোগ হইবে, সেই দিনেই উক্ত কার্য্য হইবে; নক্ষত্রযোগ না থাকিলে পরদিনে, উভয় দিনেই পূর্ব্বাহ্নে মুহূর্ত্তকাল তিথিযোগ না হইলে পরদিনে, যে দিন পূর্ব্বাহ্নে মাত্র তিথিযোগ হইবে, সেই দিনেই কার্য্য হইবে। কিন্তু যুগ্মাদর হইবে না। প্রমাণ—

যুগাদ্যা বর্ষবৃদ্ধিশ্চ সপ্তমী পার্ব্বতীপ্রিয়া।
রবেরুদয়মীক্ষন্তে ন তত্র তিথিযুগ্মতা॥
যদ্দ্বয়ে জন্মতিথির্যদি স্যাৎ পূজ্যা তদা জন্মভসংযুতৈব।
অসঙ্গতা ভেন দিনদ্বয়েঽপি পূজ্যা পরা যা ভবতীহ যত্নাৎ॥

পূজাপ্রয়োগ—আচমন ও বিষ্ণুস্মরণাদি করিয়া স্বস্তিবাচনাদি করিবে। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ গুর্ব্বাদিদেবতাপূজাপূর্ব্বক-ষষ্ঠী-মার্কণ্ডেয়পূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু এবং ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। ওঁ সোমং রাজানমিত্যাদি মন্ত্রে যথাযথ স্বস্তিসূক্ত ও সূর্য্যঃ সোম ইত্যাদি পাঠ করিয়া সঙ্কল্প করিবে। বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি (গৌণচান্দ্র-মাস) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুক-গোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ দীর্ঘায়ুষ্টকামো গুর্ব্বাদিদেবতাপূজাপূর্ব্বক-ষষ্ঠী-মার্কণ্ডেয়পূজাকর্ম্মাহং করিষ্যামি। পরে সঙ্কল্পসূক্ত পাঠান্তে জলশুদ্ধি, আসন-শুদ্ধি হইতে মাতৃকান্যাস পর্য্যন্ত সমাপন করিয়া গণেশাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি লোকপাল, সর্ব্বদেবদেবী পূজান্তে পঞ্চোপচারে ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ অগ্নিভ্যো নমঃ, ওঁ বিপ্রেভ্যো নমঃ, ওঁ অমুকনক্ষত্রায় নমঃ (জন্মনক্ষত্র) (নক্ষত্রের জ্ঞান না থাকিলে ওঁ স্বনক্ষত্রায় নমঃ) মন্ত্রে পূজা করিয়া যথাশক্তি উপচারে জগতের পিতামাতাস্বরূপ

নারায়ণ ও লক্ষ্মীকে পূজা করিয়া ওঁ প্রজাপতয়ে নমঃ, ওঁ সূর্য্যায় নমঃ, ওঁ গণপতয়ে নমঃ এই মন্ত্রে যথাবিধি পূজা করিবে। পরে মার্কণ্ডেয়পূজা ( ষষ্ঠীপূজা প্রকরণ দেখ ) করিয়া প্রার্থনা করিবে, যথা—

ওঁ চিরজীবী যথা ত্বং ভো ভবিষ্যামি তথা মুনে।
রূপবান্ বিত্তবাংশ্চৈব শ্রিয়া যুক্তশ্চ সর্ব্বদা॥
ওঁ মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্তজীবন।
আয়ুরিষ্টার্থসিদ্ধ্যর্থমস্মাকং বরদো ভব॥

ওঁ ব্যাসায় নমঃ, ওঁ পরশুরামায় নমঃ, ওঁ অশ্বত্থাম্নে নমঃ, ওঁ কৃপায় নমঃ, ওঁ বলয়ে নমঃ, ওঁ প্রহ্লাদায় নমঃ, ওঁ হনূমতে নমঃ, ওঁ বিভীষণায় নমঃ এই মন্ত্রে পঞ্চোপচারে প্রত্যেককে পূজা করিয়া ষষ্ঠীদেবীর ধ্যান পূর্ব্বক যথাশক্তি উপচারে পূজা করিয়া শক্তি অনুসারে তিল-হোমান্তে গুড়-তিল-দুগ্ধ পান করিবে। পুরোহিত মন্ত্র পাঠ করাইবেন, শূদ্রেরও এই মন্ত্র পাঠ্য। মন্ত্র যথা—

ওঁ সতিলগুড়সংযুক্তমঞ্জল্যর্দ্ধমিতং পয়ঃ।
মার্কণ্ডেয়বরং লব্ধ্বা পিবাম্যায়ুষ্যহেতবে॥

পরে নিম্নলিখিত মন্ত্রে রক্ষাসূত্র ধারণ করিবে, যথা—

ত্রৈলোক্যে যানি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
ব্রহ্মবিষ্ণুশিবৈঃ সার্দ্ধং রক্ষাং কুর্ব্বন্তু তানি মে॥

অনন্তর দক্ষিণাবাক্য, অচ্ছিদ্রাবধারণ ও শান্তিদান করিবে।

শনি ও মঙ্গলবারে জন্মতিথি হইলে ও নক্ষত্রযোগ না থাকিলে জাতকের সে বৎসর নিরন্তর বিপদ্ হয়। তাহার প্রতীকারস্বরূপ সর্ব্বৌষধিজলে স্নান বা গ্রহবিপ্র ও দেবতার অর্চ্চনা ও গ্রহহোম করিবে। শনি ও মঙ্গল জন্মতিথি হইলে তদ্দোষপ্রতিকারার্থ মুক্তা দান করিবে, তাহাতে নক্ষত্রযোগ না থাকিলে কাঞ্চন দান করিবে। প্রণালী যথা—ওঁ এতস্যৈ মুক্তায়ৈ নমঃ অথবা ওঁ এতস্মৈ কাঞ্চনায় নমঃ এই মন্ত্রে তিনবার প্রোক্ষণ ও অর্চ্চনা করিয়া এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ এতৎ-সম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ। বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্যামুকদেবশর্ম্মণো মঙ্গলবারাধিকরণক-( অথবা শনি-বারাধিকরণক) জন্মতিথিসংসূচিতদোষোপশমনকাম ইমাং মুক্তাং শ্রীবিষ্ণু-দেবতাকাম্ অর্চ্চিতাং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি। স্বার্থে সম্প্রদদে।

কাঞ্চনদানে—অদ্যেতাদি অমুকগোত্রস্য অমুকদেবশর্ম্মণঃ মঙ্গলবারাধি-করণকা-নৃক্ষযুক্ত-জন্মতিথি-সংসূচিত-দোষোপশমনকামঃ ইদং কাঞ্চনমিত্যাদি। পরে দানের দক্ষিণাবাক্য, অচ্ছিদ্রাবধারণ করিবে। প্রমাণ—

কৃতান্তকুজয়োর্বারে যস্য জন্মদিনং ভবেৎ।
অনৃক্ষযোগসম্প্রাপ্তৌ বিঘ্নস্তস্য পদে পদে॥
তস্য সর্ব্বৌষধিস্নানং গ্রহবিপ্রসুরার্চ্চনম্।
গ্রহামুদ্দিশ্য হোমো বা গ্রহাণাং প্রীতিমিচ্ছতা।
সৌরারয়োর্দ্দিনে মুক্তা দেয়ানৃক্ষে তু কাঞ্চনম্॥

## দীপান্বিতা-লক্ষ্মীপূজা।

কার্ত্তিক মাসের অমাবস্যায় প্রদোষে লক্ষ্মীপূজা করিতে হয়। উভয় দিনে প্রদোষে মুহূর্ত্তাত্মক অমাবস্যালাভ হইলে পরদিনে পূজা হইবে, উভয় দিনের প্রদোষে মুহূর্ত্তান্যূন অমাবস্যা না থাকিলে পূর্ব্বদিনে হইবে। যে দিন প্রদোষে অমাবস্যা তিথিযোগ হইবে, সেই দিন সায়ংকালে ৪ দণ্ডে লক্ষ্মীপূজার ব্যবস্থা। ইহাতে দেবগৃহাদিতে দীপমালা দেওয়ার বিধি আছে বলিয়া ইহাকে দীপান্বিতা অমাবস্যা বলে। এই দিনে দিবাভাগে বালক, বৃদ্ধ ও আতুর ভিন্ন কেহ ভোজন করিবে না। দেবগৃহ, চতুষ্পথ ( চৌমাথা ), শ্মশান, নদী, পর্ব্বতসানু, বৃক্ষমূল, গোগৃহ, প্রাঙ্গণ ও সকল গৃহেই দীপদান কর্ত্তব্য।

লক্ষ্মীপূজার বিধি—আচারতঃ অগ্রে বাস্তুবহির্ভাগে অলক্ষ্মীপূজা করিবে, যথা—গোময়পুত্তলিকা নির্ম্মাণ করিয়া বামহস্তে কৃষ্ণপুষ্প লইয়া ধ্যান করিবে। ধ্যান যথা—ওঁ অলক্ষ্মীং কৃষ্ণবর্ণাং দ্বিভুজাং কৃষ্ণবস্ত্রপরীধানাং লৌহাভরণভূষিতাম্। শর্করাচন্দনচর্চ্চিতাং গৃহে সম্মার্জ্জনীহস্তাং গর্দ্দভারূঢ়াং কলহপ্রিয়াম্॥ পরে বিমুখ হইয়া ওঁ অলক্ষ্মৈ নমঃ এই মন্ত্রে নির্ম্মাল্যভূত কৃষ্ণ-পুষ্পে পূজা করিয়া প্রণাম করিবে, যথা—ওঁ অলক্ষ্মীস্ত্বং কুরূপাসি কুৎসিতস্থান-বাসিনী। সুখরাত্রৌ ময়া দত্তাং গৃহ্ণ পূজাঞ্চ শাশ্বতীম্। দারিদ্র্যকলহপ্রিয়ে দেবি ত্বং ধননাশিনী। যাহি শত্রোর্গৃহে নিত্যং স্থিরা তত্র ভবিষ্যসি। যদি ত্বং মে মহাভাগে প্রীতা ভবসি সর্ব্বদা। পুত্রবন্ধুকলত্রেষু কদাচিন্নাগমিষ্যসি। গচ্ছ ত্বং মন্দিরং শত্রোর্গৃহীত্বা চাশুভং মম। মদাশ্রয়ং পরিত্যজ্য স্থিতা তত্র ভবিষ্যসি॥ এই মন্ত্রে সূর্পবাদ্যে সীমাপ্রান্তে বিদায় করিবে। পরে পাদপ্রক্ষালন ও

বিষ্ণুস্মরণান্তে স্বস্তিবাচনাদি করিবে। যথা—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ লক্ষ্মীপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু এবং স্বস্তি ও ঋদ্ধিবাচন করিয়া স্বস্তিসূক্ত, সূর্য্যঃ সোম ইত্যাদি দেবতাসান্নিধ্যমন্ত্র পাঠ করিয়া ওঁ তৎসৎ বলিয়া কুশ, পুষ্প, তিল, জল লইয়া সঙ্কল্প করিবে, যথা—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে কৃষ্ণপক্ষে অমাবস্যায়াস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ ইহাও পাঠ্য) পরমবিভূতিকামঃ লক্ষ্মীপ্রীতিকামো বা লক্ষ্মীপূজনমহং করিষ্যে (পরার্থে করিষ্যামি)। সঙ্কল্পসূক্ত-পাঠান্তে জলশুদ্ধ্যাদি ব্যাপকন্যাসান্ত (লক্ষ্মীপূজাপ্রকরণোক্ত) কার্য্য সমুদায় করিয়া ওঁ পাশাক্ষ ইত্যাদি মন্ত্রে ধ্যান করত মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্য স্থাপন, পুনর্ধ্যান, ওঁ কমলবাসিন্যৈ স্বাহা, ওঁ লক্ষ্ম্যৈ নমঃ অথবা ওঁ লক্ষ্মীদেব্যৈ নমঃ এই মন্ত্রে পূজা করিয়া ওঁ নমস্তে সর্ব্বদেবানাং বরদাসি হরিপ্রিয়ে। যা গতিস্ত্বৎপ্রপন্নানাং সা মে ভূয়াত্ত্বদর্চ্চনাৎ। এই মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দ্বারা পূজা করিবে। পরে যথাবিধি প্রাণায়ামাদি করিয়া জপ, জপসমর্পণ, পুনঃ প্রাণায়ামাদি করিয়া প্রণামমন্ত্রে (ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি ইত্যাদি) প্রণাম করিয়া কুবেরপূজা করিবে। দীপদানমন্ত্রে দীপদানান্তে পুনশ্চ ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে। মহালক্ষ্মি নমস্তুভ্যং সুখরাত্রিং কুরুষ মে। বর্ষাকালে মহাঘোরে যন্ময়া দুষ্কৃতং কৃতম্। সুখরাত্রিপ্রভাতেঽদ্য তন্মে লক্ষ্মী-র্ব্যপোহতু। যা রাত্রিঃ সর্ব্বভূতানাং যা চ দেবেম্ববস্থিতা। সংবৎসরপ্রিয়া যা চ সা মমাস্তু সুমঙ্গলা। মাতা ত্বং সর্ব্বভূতানাং দেবানাং সৃষ্টিসম্ভবা। আখ্যাতা ভূতলে দেবি সুখরাত্রি নমোঽস্তু তে॥ ওঁ লক্ষ্ম্যৈ নমঃ এই মন্ত্রে তিনবার পূজা করিবে। দীপমালা নিবেদন করিয়া ওঁ অগ্নির্জ্যোতী রবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতি-স্তথৈব চ। উত্তমঃ সর্ব্বজ্যোতীনাং দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্। পরে ব্রাহ্মণভোজন করাইয়া প্রত্যূষে জাগরিত হইয়া দেবগৃহে প্রদীপ দিয়া বন্দনা করিবে।

---

## গন্ধেশ্বরী-পূজা।

নিত্যক্রিয়াসমাপনান্তে যজমান শুদ্ধাসনে বসিয়া কুশহস্তে আচমনাদি করিয়া ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ গন্ধেশ্বরীপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদিরূপ স্বস্তিবাচন ও "ওঁ সূর্য্যঃ সোমঃ" মন্ত্র পাঠ ইত্যাদি করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বাণিজ্য-বৃদ্ধি-পূর্ব্বক-শ্রীগন্ধেশ্বরী-প্রীতিকামঃ গণপত্যাদিনানা-দেবতা-পূজাপূর্ব্বক-শ্রীগন্ধেশ্বরীদুর্গাপূজাকর্ম্মাহং করিষ্যে।"

সঙ্কল্পের জল ঈশান কোণে ফেলিয়া স্বশাখোক্ত সূক্ত পাঠ্য। অন্যের জন্য পূজা করিতে হইলে "অমুকদেবশর্ম্মার" পর "অমুকগোত্রস্য অমুকস্য" অর্থাৎ যজমানের নাম উল্লেখ করিবে এবং "করিষ্যে" স্থলে "করিষ্যামি" উচ্চার্য্য। পরে ঘটস্থাপন, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, মাতৃকান্যাসান্তে গণেশের ধ্যান-পূর্ব্বক পূজা, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল, মৎস্যাদি দশ অবতার, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, গঙ্গা, যমুনা, লক্ষ্মী, সরস্বতী ইঁহা-দিগকে পাদ্যাদিযোগে পূজা করিয়া 'হ্রীং' মন্ত্রে প্রাণায়ামত্রয় করিয়া পীঠন্যাস পূর্ব্বক ( দুর্গাপূজোক্ত প্রকারে ) নিম্নোক্তরূপে ঋষ্যাদিন্যাস করিবে, যথা,—

"ওঁ অস্য শ্রীদুর্গামন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দো দুর্গা দেবতা মম বাণিজ্য-বৃদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি ওঁ নারদঋষয়ে নমঃ, মুখে ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি ওঁ দুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ।"

অনন্তর "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এই প্রণালীতে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে পুষ্প লইয়া "ওঁ জটাজূট" ইত্যাদি ধ্যান করত ( ধ্যান-প্রকরণ দেখ ) স্বীয় মস্তকে ফুলটি দিয়া মানসপূজা করত বিশেষার্ঘ্য স্থাপন করিবে। তদনন্তর পুনর্ব্বার করন্যাস ও অঙ্গন্যাস করিয়া দেবীর ধ্যান পূর্ব্বক ঘটে ফুল দিয়া "ওঁ ভূর্ভুবঃ স্বঃ দুর্গে দেবি ইহাগচ্ছাগচ্ছ, ইহ তিষ্ঠ তিষ্ঠ ইহ সন্নিধেহি, ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ" বলিয়া আবাহনান্তে যথাশক্তি উপচারযোগে "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা ইদং রজতাসনং ওঁ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে অর্চ্চনা করিবে। তদনন্তর "ওঁ দুর্গাপরি-বারেভ্যো নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে পরিবারপূজা, যথাশক্তি মূলমন্ত্র-জপ, জপসমর্পণ এবং "ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে" ইত্যাদি মন্ত্রে প্রণাম করিবে। সমর্থস্থলে স্তবাদি পাঠ্য। পরে অষ্টোত্তরশত বা অষ্টাবিংশতিবার হোম এবং চণ্ডী পাঠ করিয়া "সর্ব্বমঙ্গলমঙ্গল্যে" মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিয়া দক্ষিণান্ত করিবে, বাক্য যথা—

"বিষ্ণুরোঁ অদ্যেত্যাদি—বাণিজ্যবৃদ্ধিপূর্ব্বকশ্রীদুর্গাপ্রীতিকামনয়া কৃতৈতদ্-গণপত্যাদি-দেবতা-পূজা-পূর্ব্বক-শ্রীগন্ধেশ্বরী-দুর্গাপূজা-কর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণা-মিদং কাঞ্চনং ( তন্মূল্যং বা ) যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে॥"

তৎপরে অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যপ্রশমন ও বিষ্ণুস্মরণাদি করিয়া কর্ম্ম সমাধা করিবে।

## শ্রীশ্রীকোজাগরী-লক্ষ্মীপূজা।

আশ্বিনের পূর্ণিমার নাম কোজাগর-পূর্ণিমা। এই তিথি প্রদোষব্যাপিনী হইলে উহা গ্রহণীয়। আশ্বিনের পৌর্ণমাসী রাত্রিতে জাগরণ কর্ত্তব্য। প্রদোষ ও নিশীথ-সময়-ব্যাপিনী তিথি হইলে সেই দিনেই কোজাগরকৃত্য ব্যবস্থা। পূর্ব্বদিনে রাত্রিকালে ও পরদিনে প্রদোষে উক্ত তিথি পাইলে পরদিনে তৎকৃত্য করিবে। পূর্ব্বদিনে নিশীথকালে উক্ত তিথিপাত হইলে ও পরদিন প্রদোষসময়ে উক্ত তিথিপাত না হইলে পূর্ব্বদিনেই কোজাগরকৃত্য ব্যবস্থেয়। ঐ দিন রাত্রে লক্ষ্মী বরদাত্রী হইয়া জগতে পরিভ্রমণ পূর্ব্বক দেখেন, নারিকলোদক পান করত জাগরণ করিয়া কে অক্ষক্রীড়া করিতেছে। তিনি ইহাও বলেন যে, "অদ্য রাত্রিতে যে ব্যক্তি জাগরিত থাকিয়া অক্ষক্রীড়াদি করিবে, তাহাকে আমি ধনবান্ করিব।" এই হেতু ঐ দিনে ভক্তিপূর্ণচিত্তে লক্ষ্মীর অর্চ্চনা করিতে হয় এবং নিশীথে নারিকেলজল ও চিপিটক দ্বারা পিতৃগণের ও দেবগণের পূজা করিবে। তৎপরে বন্ধুবর্গকে উহা ভক্ষণ করাইয়া নিজে ভক্ষণ করিবে।

পূজা-প্রণালী।—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ দ্বারোর্দ্ধভিত্ত্যাদি-দেবতা-পূজনকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু এবং স্বস্তি ভবন্তো ব্রুবন্তু ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি-রূপে স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

ওঁ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা দ্বারোর্দ্ধভিত্ত্যাদিদেবতা-প্রীতিকামো দ্বারোর্দ্ধভিত্ত্যাদিপূজন-মহং করিষ্যে।

প্রতিনিধি দ্বারা পূজা হইলে বা পুরোহিত সঙ্কল্প করিলে "অমুকগোত্র" স্থলে "অমুকগোত্রস্য" (যজমানের গোত্র উচ্চার্য্য) এবং "অমুক" স্থলে যজ-মানের নাম উল্লেখ্য। "দেবশর্ম্মা" স্থলে "দেবশর্ম্মণঃ" এবং "পূজনমহং করিষ্যে" স্থলে "পূজনমহং করিষ্যামি" উচ্চার্য্য। প্রতিনিধিস্থলে এই নিয়মই ব্যবস্থা। পরে "দেবো ব" ইত্যাদি সঙ্কল্প-সূক্ত-মন্ত্র পাঠ পূর্ব্বক শালগ্রামে বা ঘটে পাদ্যাদিযোগে "ওঁ দ্বারোর্দ্ধভিত্তিভ্যো নমঃ" মন্ত্রে অর্চ্চনা করিবে। যথা—

"এতৎ পাদ্যং ওঁ দ্বারোর্দ্ধভিত্তিভ্যো নমঃ" ( জল ), "ইদমর্ঘ্যং ( অক্ষত প্রভৃতি দূর্ব্বা ), ইদমাচমনীয়ং ( জল ), ইদং স্নানীয়ং ( জল ), এষ গন্ধঃ ( চন্দন ), এতৎ পুষ্পং ( ফুল ), এতৎ বিল্বপত্রং ( বিল্বপত্র ), এষ ধূপঃ, এষ দীপঃ, এতন্নৈবেদ্যং, এতৎ পানার্থজলং, ইদমাচমনীয়ং, ইদং পুনরাচমনীয়ং, ইদং তাম্বূলম্।" তৎপরে নমস্কার করিবে। তদনন্তর "এতে গন্ধপুষ্পে ওঁ হব্যবাহনায় নমঃ, ইদং নৈবেদ্যং ( যবাক্ষতঘৃততণ্ডুলচূর্ণ ) ওঁ হব্যবাহনায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পূর্ণেন্দবে নমঃ, ইদং দুগ্ধপায়সনৈবেদ্যং ওঁ পূর্ণেন্দবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সভার্য্যরুদ্রায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ স্কন্দায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ নন্দীশ্বরমুনয়ে নমঃ।" পরে গোধনসম্পন্ন হইলে সুরভির অর্চ্চনা করিবে, যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ সুরভয়ে নমঃ।" ছাগবান্ হইলে অগ্নির অর্চ্চনা করিবে। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ হুতাশনায় নমঃ।" মেষবান্ ব্যক্তি বরুণের অর্চ্চনা করিবে, যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ বরুণায় নমঃ। হস্তিমান্ ব্যক্তি বিনায়ককে অর্চ্চনা করিবে, যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ বিনায়কায় নমঃ।" অশ্ববান্ জন রেবন্তের অর্চ্চনা করিবে, যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ রেবন্তায় নমঃ।" নিকুম্ভদেবের পূজা সকলেরই কর্ত্তব্য। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ নিকুম্ভায় নমঃ।" এই প্রকারে প্রত্যেকের অর্চ্চনা কর্ত্তব্য। অক্ষম পক্ষে প্রত্যেককে এক একটি গন্ধপুষ্প দিতে হয়। অনেকে হব্যবাহনকে সঘৃত অক্ষত ও যবতণ্ডুলসমন্বিত নৈবেদ্য দান করেন এবং পূর্ণেন্দুকে দুগ্ধসমন্বিত পায়সের নৈবেদ্য দ্বারা ও অপরাপর দেবতাদিগকে তিলতণ্ডুল এবং মাষকলায় দ্বারা অর্চ্চনা করেন। অনন্তর লক্ষ্মীপূজার স্বস্তিবাচনাদি করিবে, যথা—"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ গণপত্যাদি-সহিতলক্ষ্মীপূজা-কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু।" এইরূপে স্বস্তি ও ঋদ্ধিবাচন করাইয়া স্বস্তিসূক্ত, সূর্য্যঃ সোমঃ ইত্যাদি পাঠান্তে তিল, তুলসী, হরীতকী বা একটি রম্ভা এবং ত্রিপত্র ও কিঞ্চিৎ জল কোশাতে লইয়া পুনর্ব্বার সঙ্কল্প করিবে। বাক্য যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পরমবিভূতিলাভকামো ( লক্ষ্মীপ্রীতিকামো বা ) গণপত্যাদি-নানাদেবতাসহিতলক্ষ্মীমহং পূজয়িষ্যে।

পরে 'দেবো ব' ইত্যাদি মন্ত্র পাঠ করত সামান্যার্ঘ্যস্থাপনাদি, আসনশুদ্ধি, গণেশ, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ ও ইন্দ্রাদি দশদিক্‌পালের

অর্চ্চনা, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, শ্রীং বীজমন্ত্রে প্রাণায়াম এবং 'লাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, লীং তর্জ্জনীভ্যাং স্বাহা' ইত্যাদি প্রণালীতে করন্যাস ও "লাং হৃদয়ায় নমঃ, লীং শিরসে স্বাহা" ইত্যাদি প্রণালীতে অঙ্গন্যাস করিয়া ও ব্যাপকন্যাস অথবা শ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, শ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা ইত্যাদিরূপে করন্যাস ও শ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদিপ্রকারে অঙ্গন্যাস করিয়া "ওঁ কান্ত্যা কাঞ্চনসন্নিভাং" ইত্যাদিরূপে লক্ষ্মীর ধ্যান করিবে অথবা "পাশাক্ষমালিকা" ইত্যাদি ধ্যানও করিতে পারা যায়। ধ্যানান্তে মানসার্চ্চনা করত বিশেষার্ঘ্য স্থাপন ও পীঠপূজা করিয়া (লক্ষ্মীপূজা দেখ) পুনর্ব্বার ধ্যান ও আবাহন করিবে। আবাহনমন্ত্র যথা—

ওঁ লক্ষ্মীদেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ॥ প্রতিমাসত্ত্বে প্রাণপ্রতিষ্ঠা কর্ত্তব্য—(সাধারণ প্রণালী দেখ)।

পরে ষোড়শোপচারে অর্চ্চনা কর্ত্তব্য। আসন (রজতময় আসন), স্বাগত (করপুটে পূজিতব্য দেবতার নাম করিয়া অর্থাৎ 'লক্ষ্মীদেবি ইহ স্বাগতং সুস্বাগতং)'; পাদ্য (জল); অর্ঘ্য (বিশেষার্ঘ্যস্থাপনজল নিবেদন পূর্ব্বক তদ্দ্বারা আরাত্রিক করিবে); আচমনীয় (জল); মধুপর্ক (একটি কাঁসার বাটিতে কিঞ্চিৎ দধি, ঘৃত ও মধু দিয়া নিবেদন করিবে); আচমনীয় (জল); স্নানীয় (জল); পুনরাচমনীয়, বসন-ভূষণ রজতাঙ্গুরীয়াদি; গন্ধ (চন্দন); পুষ্প, বিল্বপত্র, নারায়ণস্থলে তুলসী; ধূপ নিবেদন করিয়া আরাত্রিক কর্ত্তব্য; দীপ ধূপবৎ; নৈবেদ্য, পানার্থ জল; তাম্বূল। অনন্তর প্রাণায়াম করত যথাশক্তি জপ, 'গুহ্যাতি' মন্ত্রে জপসমর্পণ ও মূলমন্ত্রে প্রণাম করিবে।

এই স্থলে আসন সংপ্রোক্ষণ ও অর্চ্চনা করত 'ইদং রজতাসনং ওঁ শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ' এই নিয়মে সর্ব্ববস্তু দিবে। অনন্তর "শ্রীং" বীজমন্ত্রে প্রাণায়াম, যথাশক্তি জপ, গুহ্যাতি মন্ত্রে জপসমর্পণ, গন্ধপুষ্প দ্বারা "ওঁ আধারশক্ত্যাদি-পদ্মাসনায় নমঃ" এই প্রণালীতে অর্চ্চনা করিবে। পরে লক্ষ্মীদেবীকে পুষ্পাঞ্জলিত্রয় দিবে। * মন্ত্র যথা—

ওঁ নমস্তে সর্ব্বদেবানাং বরদাসি হরিপ্রিয়ে।
যা গতিস্ত্বৎপ্রপন্নানাং সা মে ভূয়াত্ত্বদর্চ্চনাৎ॥

* তুলসী, ঝিণ্টিকা ও কাঞ্চন পুষ্প দিবে না। ঘণ্টাবাদনও নিষিদ্ধ।

প্রণামের মন্ত্র যথা—

ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে ।
সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে ॥

তৎপরে "ওঁ চতুর্দ্দন্তগজারূঢ়ো বজ্রপাণিঃ পুরন্দরঃ। শচীপতিশ্চ ধ্যাতব্যো নানাভরণভূষিতঃ" এই মন্ত্রে ইন্দ্রের ধ্যান করিয়া পাদ্যাদিযোগে "ওঁ ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্। বজ্রহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ওঁ ইন্দ্রায় নমঃ" এই প্রণালীতে ইন্দ্রের অর্চ্চনা করিবে। অর্ঘ্যদানমন্ত্র যথা—

ওঁ শক্রঃ সুরপতিশ্চৈব বজ্রহস্তো মহাবলঃ।
শতযজ্ঞাধিপো দেবস্তুভ্যমিন্দ্রায় বৈ নমঃ ॥

অন্যান্য দ্রব্য নিবেদনান্তে নিম্নলিখিত মন্ত্রে তিনটি পুষ্পাঞ্জলি দিবে, যথা—

ওঁ বিচিত্রৈরাবতস্থায় ভাস্বৎকুলিশপাণয়ে।
পৌলোম্যালিঙ্গিতাঙ্গায় সহস্রাক্ষায় তে নমঃ ॥

পরে নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্।
বজ্রহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমো নমঃ ॥

অনন্তর 'ওঁ কেয়ূরকুণ্ডলধরম্' ইত্যাদি মন্ত্রে ধ্যান করিয়া "ওঁ কুবেরায় নমঃ" এই প্রণালীতে পূর্ব্ববৎ কুবেরের অর্চ্চনা করিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ ধনদায় নমস্তুভ্যং নিধিপদ্মাধিপায় চ।
ভবন্তু ত্বৎপ্রসাদান্মে ধনধান্যাদিসম্পদঃ ॥

তদনন্তর নিম্নোক্ত স্তোত্র পাঠ্য, যথা—

ঈশ্বর উবাচ। ত্রৈলোক্যপূজিতে দেবি কমলে বিষ্ণুবল্লভে। যথা ত্বমচলা কৃষ্ণে তথা ভব ময়ি স্থিরা। ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতির্হরিপ্রিয়া। পদ্মা পদ্মালয়া সম্পৎ সৃষ্টিঃ শ্রীঃ পদ্মধারিণী। দ্বাদশৈতানি নামানি লক্ষ্মীং সংপূজ্য যঃ পঠেৎ। স্থিরা লক্ষ্মীর্ভবেত্তস্য পুত্রদারাদিভিঃ সহ ॥

তদনন্তর অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধানপূর্ব্বক ( লক্ষ্মীকে দক্ষিণা দিতে নাই ) কর্ম্ম শেষ করিবে। এই দিবসে অগ্রে বালক, বৃদ্ধ, আতুর ইহাদিগকে না দিয়া আহার করিবে না। নারিকেল এবং চিপিটক ব্রাহ্মণ ও বান্ধবগণকে আহার করাইয়া স্বয়ং আহার করিবে। অক্ষক্রীড়াদি দ্বারা রাত্রিজাগরণ কর্ত্তব্য। অনেকে এই দিনে নিম্নলিখিত মন্ত্রে দীপদান করেন, যথা—

ওঁ অগ্নিজ্যোতী রবিজ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ।
জ্যোতিষামুত্তমো দেবি দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥

পরদিবস প্রভাতে গোরোচনা দ্বারা তিলক করত প্রদীপ বন্দনা করিয়া লক্ষ্মীপ্রতিমা বিসর্জ্জনপ্রণালীতে বিসর্জ্জন করিবে (প্রণালী সাধারণ প্রণালীতে দ্রষ্টব্য)।

## গোবর্দ্ধন-পূজা।

কার্ত্তিকী শুক্লা প্রতিপদে প্রভাতে গোবর্দ্ধনযাত্রা করিবে। এই দিবসে গোবর্দ্ধন-পূজা ও গোপূজা করা বিধেয়। দেশভেদে রাত্রিজাগরণ প্রচলিত আছে। এই বিষয়ের পুরাণোক্ত প্রমাণ যথা—

প্রাতর্গোবর্দ্ধনং পূজ্য দ্যূতং চৈব সমাচরেৎ। ভূষণীয়াস্তথা গাবঃ পূজ্যাশ্চ দোহবাহনাঃ॥ শ্রীকৃষ্ণদাসবর্য্যোঽয়ং শ্রীগোবর্দ্ধনভূধরঃ। শুক্লপ্রতিপদি প্রাতঃ কার্ত্তিকে চাত্র বৈষ্ণবৈঃ। প্রাতর্গোবর্দ্ধনঃ পূজ্যো রাত্রৌ জাগরণং চরেৎ॥

পূজাবিধি।—সাধারণ নিয়মে "ওঁ গোবর্দ্ধনায় নমঃ" মন্ত্রে পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করিয়া নিম্নলিখিতরূপে প্রার্থনা করিবে, যথা,—

ওঁ গোবর্দ্ধন ধরাধর গোকুলত্রাণকারক। বিষ্ণুবাহুকৃতচ্ছায় ভবান্ কোটিপ্রদো ভব॥

অনন্তর গো-পূজা করিয়া নিম্নলিখিতরূপে প্রার্থনা করিবে, যথা—

"ওঁ লক্ষ্মীর্যা লোকপালানাং ধেনুরূপেণ সংস্থিতা। ঘৃতং বহতি যজ্ঞার্থং যমপাশং ব্যপোহতু॥ অগ্রতঃ সন্তু মে গাবো গাবো মে সন্তু পৃষ্ঠতঃ। গাবো মে পার্শ্বতঃ সন্তু গবাং মধ্যে বসাম্যহম্॥"

অনন্তর "ওঁ নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্যঃ এব চ। নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥" এই মন্ত্র পাঠ করিয়া নমস্কার করিবে।

## বৈদ্যনাথ-পূজা।

কৃতনিত্যক্রিয় হইয়া আচমন, স্বস্তিবাচন ও "ওঁ সূর্য্যঃ সোমঃ" মন্ত্র পাঠ শেষ করত নিম্নোক্তরূপে সঙ্কল্প করিবে, যথা—

"ওঁ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ

শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবৈদ্যনাথপ্রীতিকামঃ গণপত্যাদিদেবতাপূজাপূর্ব্বক-শ্রীপার্ব্বতীসহিত-শ্রীবৈদ্যনাথপূজা-কর্ম্মাহং করিষ্যে॥" পরার্থে করিষ্যামি।

অনন্তর ঘটস্থাপন, সাধারণ প্রণালীতে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি হইতে মাতৃকান্যাস পর্য্যন্ত করিয়া গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদি-নবগ্রহ, ইন্দ্রাদি-দশদিক্‌পাল ও মৎস্যাদি দশ অবতারের অর্চ্চনা করিবে। অনন্তর বামে "ওঁ গুরুভ্যো নমঃ," এই নিয়মে দক্ষিণে গণেশায়, মধ্যে শ্রীবৈদ্যনাথায় নমঃ। প্রণাম করিয়া ভূতশুদ্ধি, বাং মন্ত্রে প্রাণায়ামান্তে পীঠন্যাস করিয়া "বাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এই নিয়মে করন্যাস-অঙ্গন্যাস করত ব্যাপকন্যাস পূর্ব্বক ধ্যান করিবে, যথা—

ওঁ কোটিচন্দ্রপ্রতীকাশং ত্রিনেত্রং চন্দ্রভূষণম্। আপিঙ্গলজটাজূটং রত্নমৌলি-বিরাজিতম্॥ নীলগ্রীবমুদারাংসং নাগহারোপভূষিতম্। বরদাভয়হস্তঞ্চ হরিণঞ্চ পরশ্বধম্॥ দধানং নাগবলয়ং কেয়ূরাঙ্গদশোভিতম্। ব্যাঘ্রচর্ম্ম-পরীধানং রত্নসিংহাসনস্থিতম্॥

ধ্যানান্তে নিজ মস্তকে ফুল দিয়া পুনর্ধ্যান, মানসোপচারে পূজা, বিশে-ষার্ঘ্যস্থাপন, পুনরায় করন্যাস-অঙ্গন্যাস করিয়া পীঠন্যাসক্রমে পীঠপূজা পূর্ব্বক আবাহন, প্রাণপ্রতিষ্ঠা। "ওঁ বৈদ্যনাথায় নমঃ" মন্ত্রে ষোড়শ উপচারে অর্চ্চনা করিয়া বৈদ্যনাথের বামদিকে দেবীকে চিন্তা করত "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এই নিয়মে করাঙ্গন্যাস করিয়া নিম্নোক্তরূপে দেবীর ধ্যান করিবে, যথা—

"ওঁ ভাস্বজ্জবাপ্রসূনাভামুদয়ার্কসমপ্রভাম্। বিদ্যুৎপুঞ্জনিভাং তন্বীং মনো-নয়ননন্দিনীম্॥ বালেন্দুশেখরাং স্নিগ্ধাং নীলাকুঞ্চিতমূর্দ্ধজাম্। ভ্রূভঙ্গভঙ্গী-রুচিরাং লীলালকবিরাজিতাম্॥ নবকুঙ্কুমপত্রাঙ্ক-কপোলতলরঞ্জিনীম্। মধুর-স্মিতবিভ্রাজদরুণাধরপল্লবাম্॥ কম্বুকণ্ঠীং শিবামুগ্ধহেমকাঞ্চীগুণাঞ্চিতাম্। রত্নসিংহাসনারূঢ়াং সর্পরাজপরিচ্ছদাম॥"

ধ্যানান্তে করস্থ ফুল নিজ শিরোদেশে দিয়া মানসোপচারে অর্চ্চনা ও বিশেষার্ঘ্যস্থাপন পূর্ব্বক পীঠন্যাসক্রমে পীঠপূজা করিয়া পুনর্ব্বার করন্যাস-অঙ্গন্যাস করত দেবীর ধ্যান করিয়া আবাহন পূর্ব্বক "হ্রীং পার্ব্বত্যৈ নমঃ" মন্ত্রে ষোড়শ উপচারে অর্চ্চনা করিয়া আবরণপূজা করিবে, যথা—

আবাহন পূর্ব্বক এতে গন্ধপুষ্পে "ওঁ গণেশায় নমঃ।" এই নিয়মে—"ভাস্করায়, কেশবায়, কৌশিক্যৈ, আদিত্যাদিনবগ্রহেভ্যঃ, ইন্দ্রাদিদশদিক্‌-পালেভ্যঃ, নন্দীশ্বরায়, ঈশানায়॥"

পরে প্রাণায়াম ও করাঙ্গন্যাসাদি করিয়া যথাশক্তি মূলমন্ত্রজপান্তে 'গুহ্যাতি' মন্ত্রে জপ সমর্পণ করত নমস্কার করিয়া প্রার্থনা করিবে, যথা,—

ওঁ ঋণপাতক-দৌর্ভাগ্য-দারিদ্র্যং বিনিবর্ত্তয়েৎ। অশেষাঘবিনাশায় প্রসীদ মম শঙ্কর। গৃহাণ ভব পার্ব্বত্যা সহ পূজাং ময়া কৃতাম্॥

অনন্তর বলিদান কর্ত্তব্য।—সুলক্ষণ ছাগ-পশু দেবতার পুরোভাগে আনিয়া অর্ঘ্যোদক দ্বারা মূলমন্ত্রে প্রোক্ষণ করত ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করিয়া নিম্নোক্ত মন্ত্রে পশুর শৃঙ্গে ও ললাটে সিন্দূর দিবে, যথা,—

"ওঁ জবাকুসুমসঙ্কাশে সূর্য্যকোটিসমপ্রভে। সিন্দূরকজ্জলাদীনি গৃহ্ন গৃহ্ন যথাসুখম্॥"

পরে গন্ধপুষ্পাক্ষতযোগে পশুর অর্চ্চনা করিয়া পশুর কর্ণে "ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্ম্মণে ধীমহি তন্নো জীবঃ প্রচোদয়াৎ॥" এই গায়ত্রী পাঠ করিবে।

তদনন্তর নিম্নোক্তরূপে পশুর গাত্রে ভৈরবন্যাস করিবে, যথা,—

মস্তকে ক্ষ্রৌঁ অসিতাঙ্গ-ভৈরবায় নমঃ। মুখে ক্ষ্রৌং রুরু-ভৈরবায় নমঃ। হৃদয়ে ক্ষ্রৌঁ চণ্ড-ভৈরবায় নমঃ। নাভিতে ক্ষ্রৌঁ ক্রোধভৈরবায় নমঃ। দক্ষিণপদে ক্ষ্রৌঁ উন্মত্ত-ভৈরবায় নমঃ। বামপদে ক্ষ্রৌঁ কপালিভৈরবায় নমঃ। পৃষ্ঠে ক্ষ্রৌঁ ভীষণ-ভৈরবায় নমঃ। গলে ক্ষ্রৌঁ সংহারভৈরবায় নমঃ॥

পরে তিল-কুশজল হস্তে লইয়া এইরূপে সঙ্কল্প কবিবে, যথা—

"ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শ্রীবৈদ্যনাথস্য দশবর্ষাবচ্ছিন্ন-তৃপ্তিকামঃ ইমং পশুং শ্রীবৈদ্য-নাথায় ভুভ্যমহং ঘাতয়িষ্যে॥"

এইরূপ বাক্যে পশু উৎসর্গ করিয়া পাঠ করিবে, যথা—

"ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টা যজ্ঞার্থে পশুঘাতনম্। অতস্ত্বাং ঘাতয়িষ্যামি তস্মাদ্‌যজ্ঞে বধোঽবধঃ॥"

অনন্তর খড়্গ-পূজা করিতে হয় অর্থাৎ খড়্গের মূল, মধ্য ও অগ্রভাগে সিন্দূর দ্বারা তিনটি বর্ত্তুলাকার চিহ্ন অঙ্কিত করিয়া অগ্রভাগে "হ্রাঁ," মধ্যে "হ্রঁ," মূলে "হ্রীঁ" লিখিয়া ধ্যান করিবে, যথা—

"ওঁ কৃষ্ণং পিনাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপিণম্। উগ্রং রক্তাস্যনয়নং রক্ত-মাল্যানুলেপনম্॥ রক্তাম্বরধরঞ্চৈব পাশহস্তং কুটুম্বিনম্। পিবমানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংহতিম্॥"

পাদ্যাদি দ্বারা "ওঁ কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায় খড়্গায় নমঃ ॥" এই মন্ত্রে খড়্গের অর্চ্চনা করিয়া খড়্গের অগ্রদেশে "হূঁ ব্রহ্ম-বাগীশ্বরীভ্যাং নমঃ।" মধ্যে "হূঁ লক্ষ্মীনারায়ণাভ্যাং নমঃ।" মূলে "হূঁ উমামহেশ্বরাভ্যাং নমঃ।" "ওঁ ব্রহ্ম-বিষ্ণু-শিব-শক্তিযুক্তায় খড়্গায় নমঃ।" এইরূপে গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া নিম্নলিখিতরূপে প্রার্থনা করিবে, যথা—

"ওঁ খড়্গায় খরশাণায় শক্তিকার্য্যার্থতৎপর। পশুশ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গনাথ নমোঽস্তু তে ॥

অনন্তর "ওঁ ঐং হ্রীং শ্রীং ইমং পশুং মহামোক্ষং কুরু কুরু গৃহ্ণ গৃহ্ণ স্বাহা" বলিয়া সমর্পণ করিবে। তৎপরে "ওঁ যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতম্" বলিয়া পশু সমর্পণ পূর্ব্বক ছেদন করিবে। তৎপরে পশুর ছিন্ন শিরের উপর ঘৃতাক্ত বর্ত্তিকা জ্বালিয়া "ওঁ অদ্যেত্যাদি শ্রীবৈদ্যনাথস্য দশবর্ষাবচ্ছিন্ন-তৃপ্তিকামঃ ইমং সমাংস-সপ্রদীপ ছাগ-শিরোবলিং শ্রীবৈদ্যনাথায় তুভ্যমহং দদানি" বাক্যে শির উৎসর্গ করিতে হয়। তদনন্তর রুধির পাঁচ ভাগে বিভক্ত করিয়া পূর্ব্বোক্ত অসিতাঙ্গাদি ভৈরবদিগকে নিবেদন করিয়া দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি শেষ করিতে হয়।

## জাতাপহারিণী-পূজা।

শুদ্ধাসনে বসিয়া আচমন, স্বস্তিবাচন ও "ওঁ সূর্য্যঃ সোমঃ" মন্ত্র-পাঠ প্রভৃতি সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

অদ্যেত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ অমুককামনয়া গণপত্যাদি-নানা-দেবতা-পূজাপূর্ব্বক-শ্রীজাতাপহারিণী-দেবীপূজন-কর্ম্মাহং করিষ্যে ॥

পরে সূক্তপাঠান্তে ঘটস্থাপন, জলশুদ্ধি, আসনশুদ্ধ্যাদি, ভূতশুদ্ধি, মাতৃকা-ন্যাস, গণেশ, শিবাদি পঞ্চদেবতা, নবগ্রহ, দিক্‌পাল ও মৎস্যাদি দশ অবতারের পূজা সমাপন করতঃ হ্রীঁ মন্ত্রে প্রাণায়াম পূর্ব্বক পীঠন্যাস, "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি প্রণালীতে করাঙ্গন্যাস করতঃ ব্যাপকন্যাস করিয়া ধ্যান করিবে, যথা—

"ওঁ যা দেব্যষ্টভুজাষ্টবক্ত্রবরদাভীত্যব্জ-পাশাসিভির্যুক্তা শঙ্খগদারথাঙ্গ-সকলৈঃ সংক্ষোভয়ন্তী দিশঃ। দিগ্‌বস্ত্রোর্দ্ধকচোগ্রদংষ্ট্রনয়না ভীমা বিরূপাকৃতি-র্ব্বন্দে তাং শিশুহারিণীং ত্রিনয়নামেকামজামপ্রজাম্ ॥"

পরে স্বীয় মস্তকে পুষ্প দিয়া মানসোপচারে অর্চ্চনা করতঃ বিশেষার্ঘ্য

স্থাপন ও পুনরায় করাঙ্গন্যাস করিয়া পুনর্ব্বার ধ্যান করতঃ নিম্নোক্তরূপে আবাহন করিবে, যথা—

"ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব। হ্রীং ক্রীং জ্বাতাপহারিণি দেবি ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদিরূপে আবাহন করিবে।

অনন্তর প্রাণপ্রতিষ্ঠা করিয়া "হ্রীং জ্বাতাপহারিণীদেব্যৈ নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। তৎপরে "হ্রাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি নিয়মে ষড়ঙ্গপূজা করিয়া আবরণপূজা কর্ত্তব্য অর্থাৎ "হ্রীং দুর্গায়ৈ নমঃ" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করিবে।

অনন্তর "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি নিয়মে করাঙ্গন্যাসাদি করিয়া রণযক্ষিণীর ধ্যান করিবে, যথা—

"ওঁ দীর্ঘাঙ্গী দীর্ঘনেত্রা গুরুকুচযুগলা ঘোরদংষ্ট্রা করালা, রক্তাক্ষী কৃষ্ণবর্ণা রুধিরচষকরা মুণ্ডমালাকৃতাঙ্গী। ঘণ্টাখট্টাঙ্গপাশাঙ্কুশযুগবিধৃতা দ্বীপিচর্ম্মাপিনদ্ধা, নানামাংসাস্থিভক্ষা রণভুবনগতা যক্ষিণী দীর্ঘবক্ত্রা॥"

পরে নিজ মস্তকে ফুল দিয়া মানসোপচারে অর্চ্চনা, বিশেষার্ঘ্যস্থাপন, পুনঃ করাঙ্গন্যাস ও ধ্যান করত "ওঁ রণযক্ষিণি দেবি ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদি প্রণালীতে আবাহন করিয়া "ওঁ হ্রীং হ্রীং রণযক্ষিণ্যৈ স্বাহা" মন্ত্রে অর্চ্চনা করিবে।

পরে "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি নিয়মে করাঙ্গন্যাস করিয়া রণদুর্গার ধ্যান করিবে, যথা—

"ওঁ দেবীং দানবমাতরং নিজমদাঘূর্ণন্মহালোচনাং, দংষ্ট্রাভীমমুখীং জটালিবিলসন্মৌলিস্রজাং মালিনীম্। বন্দে লোকভয়ঙ্করীং ঘনরুচিং নাগেন্দ্র-হারোজ্জ্বলাং, সর্পাবদ্ধ-নিতম্ব-বিম্ব-বিপুলাং বালাং ধনুর্ব্বিভ্রতীম্॥"

পরে নিজ মস্তকে ফুল দিয়া পুনরায় করাঙ্গন্যাস ও ধ্যান করিয়া আবাহন এবং "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা" মন্ত্রে যথাশক্তি উপচারে অর্চ্চনা করিবে।

তদনন্তর "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি নিয়মে করাঙ্গন্যাস করিয়া রক্তমাত্রীর ধ্যান করিবে, যথা—

"ওঁ সুরক্তনেত্রাং নবচন্দ্রচূড়াং, সদা কৃশাঙ্গীং ভয়দাং নরাণাম্। সশূলখট্টাঙ্গকচাপসায়কাং, রক্তাম্বরাং রত্নবিভূষিতাঙ্গীম্। স্মরাতুরাং ডাম্বুর-চিত্তহারিণীং, স্মরামি দেবীং শ্রীরক্তমাত্রিকাম্॥"

ধ্যানান্তে মানসোপচারে অর্চ্চনা, পুনঃ করাঙ্গন্যাস, ধ্যান ও আবাহনাদি করিয়া "ওঁ হ্রীং স্ত্রীং ফট্ স্বাহা ইদমাসনং রক্তমাদ্রৈ্য নমঃ," মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

পরে "শ্রাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি নিয়মে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া ডাক্বুরের ধ্যান করিবে, যথা—

"ওঁ উন্মত্তবেশোগ্রবিশালনেত্রং ধৃতং সশূলং পরশুঞ্চ চক্রম্। খড়্গাং সুতীক্ষ্ণং বহুপুষ্পমাল্যং, চর্ম্মাম্বরং ঘোরঘনশব্দপূর্ণম্। উচ্ছ্বাসভাবং নরলোককান্তং ভজেন্মহান্তং শ্রীডাক্বুরাখ্যম্॥"

ধ্যানন্তে মানসোপচারে অর্চ্চনা, পুনঃ অঙ্গন্যাস-করন্যাস, ধ্যান ও আবাহন করিয়া "ওঁ শ্রীং ফট্ স্বাহা ইদমাসনং ওঁ ডাক্বুরায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

তৎপরে "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি নিয়মে করাঙ্গন্যাস করতঃ 'হ্রীং' বীজে সপ্তধা প্রাণায়াম করিয়া ষষ্ঠী দেবীর ধ্যান করিবে, যথা—

ওঁ ষড়্বর্ষযুক্তাং করুণার্দ্ররূপাং শ্যামাং সুভীমাং ভয়দাং নরাণাম্। করালামুগ্রপ্রসন্নদংষ্ট্রাং স্মেরাস্যযুক্তাং ত্রিনেত্রাং সুভীমাম্। খড়্গাং সুচক্রঞ্চ তথাচ শূল-বরায়ুধাং খেটসমন্বিতাঞ্চ। সমাস্থিতাং পঙ্কজ-কর্ণিকায়াং ভজামি ষষ্ঠীং জগতঃ প্রধানাম্॥

ধ্যানান্তে মানসোপচারে পূজা, পুনরায় করাঙ্গন্যাস, ধ্যান ও আবাহন করিয়া "ওঁ হ্রীং ফট্ স্বাহা ইদমাসনং ওঁ ষষ্ঠীদেব্যৈ নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

অনন্তর "শাং হৃদয়ায় নমঃ" এই নিয়মে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া জলকুমারের ধ্যান করিবে, যথা—

"ওঁ শীতং সুতেজঃ-সুমনঃপ্রকাশং সদা শুচিং সন্ততমেব জাড্যম্। আঘূর্ণনেত্রং শশিতুল্যশুভ্রং বিধারিণং শক্তিশরাসনঞ্চ। সুশীতলান্তঃস্থিতমাত্রদেহং ভজেন্মহান্তং শ্রীজলকুমারম্॥"

ধ্যানান্তে মানসোপচারে পূজা, অঙ্গন্যাস, করন্যাস, পুনর্ধ্যান ও আবাহন করিয়া "ওঁ শূলায় বজ্রহস্তায় স্বাহা ইদমাসনং ওঁ জলকুমারায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

তৎপরে "শাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া গোষষ্ঠের ধ্যান করিবে, যথা—

"ওঁ উদ্যৎপিঙ্গল-সোত্তরং নিজমদাঘূর্ণন্মহালোচনং, দংষ্ট্রাকোটিবরস্ফুটং কটমটৈঃ শব্দৈঃ সশব্দং মুখম্। পূর্ব্বাস্তাচলয়োশ্চ শৃঙ্গবরণং বন্দে মহান্তং ভজন্ চূড়াপাশকপালকং ধৃতগদং তুঙ্গোত্তমং ভীষণম্॥ শোঘট্টং নীলবর্ণাভং রক্তনেত্রং মহাবলম্। সদা প্রমত্তং স্মেরাস্যং খড়্গখট্টাঙ্গধারিণম্। চতুঃষষ্টিযোগিনী-ভিরাবৃতং দানবৈর্যুতম্। অশীত্যধিককোটীনাং সহস্রৈশ্চ সমন্বিতম্॥ রক্তাশ্ব-বাহনং রক্তকেশং পিঙ্গললোচনম্। ঘণ্টা-ঘর্ঘররাবৈশ্চ চরণেষু বিরাজিতম্॥ শূলচর্ম্মধরং ক্রূরহৃদয়ং ক্রূরসন্নিভম্। সিংহরাঙ্ক মহাকায়ং বাদ্যভাণ্ডশতৈর্যুতম্॥"

ধ্যানান্তে মানসোপচারে পূজা, পুনরায় অঙ্গন্যাসাদি, ধ্যান ও আবাহন করিয়া "ওঁ হ্রীং শোঘট্টায় নমঃ" এই মন্ত্রে যথাবিধানে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

তদনন্তর কৃষ্ণকুমারাদি দ্বাদশ ভ্রাতার অর্চ্চনা করিতে হয়। "কাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া কৃষ্ণকুমারের ধ্যান করিবে, যথা—

ওঁ কৃষ্ণবর্ণং মহাকায়ং খড়্গখট্টাঙ্গধারিণম্। শ্বেতাশ্ববাহনং দৈত্যং রক্ত-মাল্যানুলেপনম্। বন্দে কৃষ্ণকুমারঞ্চ ভয়দং পীতবাসসম্॥

ধ্যানান্তে মানসোপচারে পূজা, পুনরায় অঙ্গন্যাসাদি, ধ্যান ও আবাহন করতঃ "ওঁ কাং কীং কূং কেং কৈং কোং কৌং কঃ ইদমাসনং ওঁ কৃষ্ণকুমারায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

পরে 'পাং হৃদয়ায় নমঃ' ইত্যাদি নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া পুষ্পকুমারের ধ্যান করিবে, যথা—

ওঁ পুষ্পহস্তং মহাকায়ং পুষ্পচাপকরং পরম্। পুষ্পমাল্যধরং কান্তং দিব্য-গন্ধানুলেপনম্॥ তপ্তকাঞ্চনবর্ণাভং বন্দে পুষ্পকুমারকম্। রক্তাশ্ববাহনং ক্রূরং রক্তাস্যং রক্তবাসসম্॥

ধ্যানান্তে মানসোপচারে অর্চ্চনা, পুনঃ করন্যাস, অঙ্গন্যাস, ধ্যান ও আবাহন করিয়া "ওঁ পুষ্পায় পুষ্পহস্তায় স্বাহা ইদমাসনং ওঁ পুষ্পকুমারায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

তৎপরে "রাং হৃদয়ায় নমঃ" এই নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া রূপকুমারের ধ্যান করিবে, যথা—

ওঁ বন্দে কাঞ্চনবর্ণাভং দ্বিভুজং শূলহস্তকম্। সুন্দরং সুভ্রুবং শান্তং নানা-পুষ্পবিহারিণম্॥ রক্তবস্ত্রং রক্তনেত্রং রক্তমাল্যানুলেপনম্। সর্ব্বরক্তবিভূষঞ্চ বন্দে রূপকুমারকম্॥

ধ্যানান্তে মানসোপচারে পূজা, পুনরায় অঙ্গন্যাসাদি, ধ্যান ও আবাহন করিয়া "ওঁ হ্রীং রূপকুমারায় স্বাহা ইদমাসনং ওঁ রূপকুমারায় নমঃ" এই মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

তৎপরে "ওঁ হাং হৃদয়ায় নমঃ" এই নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া হরি-পাগলের ধ্যান করিবে, যথা—

ওঁ উন্মত্তবেশং করপঙ্কজাভ্যাং, ধৃতং সশূলং পরশুঞ্চ পাশম্। আঘূর্ণিতং মত্তমদৈঃ স্খলন্তং ভজে মহান্তং হরিপাগলাখ্যম্॥

ধ্যানান্তে "ওঁ হ্রীং হরিপাগলায় স্বাহা" মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা কর্ত্তব্য। পরে "মাং হৃদয়ায় নমঃ" এই নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া মধুভঙ্গিরের ধ্যান করিবে, যথা—

ওঁ রক্তান্তনেত্রং পিশুনস্বভাবং, সদা জয়ন্তং পরিপূর্ণবক্ত্রম্। আঘূর্ণিতং প্রস্খলিতপ্রপাদং, ধ্যায়েৎ সুদৈত্যং মধুভঙ্গিরাখ্যম্॥

ধ্যানান্তে "ওঁ মাং মাং মীং মীং মৌং মঃ মধুভঙ্গিরায় নমঃ" মন্ত্রে ষোড়শো-পচারে পূজা করিবে।

অনন্তর "রাং হৃদয়ায় নমঃ" এই নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া রূপমালীর ধ্যান করিবে, যথা—

ওঁ রুদ্রমাল্যধরং শ্বেতং রক্তবর্ণং চতুর্ভুজম্। শূলং বজ্রং বরং চাপধারিণং সুমনোহরম্। কৃষ্ণাশ্ববাহনং কান্তং কুমারং রূপমালিনম্॥

ধ্যানান্তে "ওঁ রাং রাং ক্রূং রূপমালিনে নমঃ" মন্ত্রে পূজা করিতে হয়।

তৎপরে "গাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া গাভূর-ডলনের ধ্যান করিবে, যথা—

ওঁ দীর্ঘহস্তং দীর্ঘকায়ং পাশখট্টাঙ্গধারিণম্। কৃষ্ণবর্ণং রক্তনেত্রং লম্বকর্ণং কৃশোদরম্॥ রক্তবস্ত্রধরং ক্রূরং রক্তমাল্যানুলেপনম্। গাভূর-ডলনং বন্দে সর্ব্বলোকভয়ঙ্করম্॥

ধ্যানান্তে "ওঁ গাং গাভূরডলনায় নমঃ" এই মন্ত্রে অর্চ্চনা করিতে হয়।

তৎপরে "মাং হৃদয়ায় নমঃ" এই প্রণালীতে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া মোচরাসিংহের ধ্যান করিবে, যথা—

ওঁ রক্তাঙ্গনেত্রো ভয়দো নরাণাং, শূলং সপাশং করপঙ্কজেন। রক্তাম্বহস্তং পিশুনস্বভাবং, সদা জড়ো ভীমমুখো বিভাতি॥

ধ্যানান্তে "ওঁ মাং মোচরাসিংহায় নমঃ" এই মন্ত্রে অর্চ্চনা করা কর্ত্তব্য।

পরে "নাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া নিশাচৌরের ধ্যান করিবে।

ওঁ কৃষ্ণবর্ণং রক্তনেত্রং নিশাচৌরং ভয়ানকম্। শক্তিহস্তং দ্বীপিজঙ্ঘং বিকটাক্ষং দিগম্বরম্॥ করালবদনং ভীমং শুষ্কদেহং কৃশোদরম্। ধ্যায়ে সদা ক্রোধযুক্তং ঘণ্টাঘর্ঘরনাদিনম্। রাত্রৌ চাসিচর্ম্মধরং ধ্যায়েৎ ত্রিশতমস্তকম্॥

ধ্যানান্তে "ওঁ নাং নীং নিশাচৌরায় ফট্" মন্ত্রে পূজা করিতে হয়।

অনন্তর "সাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি নিয়মে অঙ্গন্যাস-করন্যাস করিয়া সূচিমুখের ধ্যান করিবে, যথা—

ওঁ দীর্ঘাস্যনেত্রঃ পিশুনস্বভাবঃ, সদা কৃশাঙ্গো ভয়দো জনানাম্। সূচ্যগ্রবক্ত্রো বিবশঃ প্রমাদী, খট্টাঙ্গহস্তো বিমুখো বিভাতি॥

ধ্যানান্তে "ওঁ সাং সূং সূচিমুখায় নমঃ" মন্ত্রে অর্চ্চনা করিতে হয়।

অতঃপর "মাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া মহামল্লিকের ধ্যান করিবে, যথা—

ওঁ বিশালনেত্রঃ পরিপূর্ণবক্ত্রো, রক্তৈঃ সমাংসৈর্ভয়দো জনানাম্। করালদংষ্ট্রঃ কমলাসনস্থঃ, কদম্বমালী কুটিলঃ কৃশাঙ্গঃ॥ শ্রীমন্মহামল্লিক এষ শূরো, গোমায়ুরাবী দ্বিভুজো বিশালঃ। খট্টাঙ্গধারী নৃকপালমালী, শার্দ্দূলচর্ম্মাবৃতসর্ব্বগাত্রঃ॥

ধ্যানান্তে "ওঁ মাং মহামল্লিকায় নমঃ" মন্ত্রে পূজা কর্ত্তব্য।

তৎপরে "ব্রাং হৃদয়ায় নমঃ" এই নিয়মে অঙ্গন্যাসাদি করিয়া বালিভদ্রের ধ্যান করিবে, যথা—

ওঁ কৃশাস্যবক্ত্রো জলিতাঙ্গযষ্টিঃ, সুক্রোধপূর্ণঃ কপিলাক্ষকেশঃ। খট্টাঙ্গহস্তঃ খরগৃধ্রধারী, স বালিভদ্রঃ পশুহিংসকোঽয়ম্॥

ধ্যানান্তে "ওঁ বাং বীং বালিভদ্রায় নমঃ" মন্ত্রে অর্চ্চনা কর্ত্তব্য।

তৎপরে "ওঁ সায়ুধসবাহনসপরিবারায়ৈ জাতাপহারিণ্যৈ নমঃ" মন্ত্রে অর্চ্চনা করিয়া নমস্কার, পরে যথাশক্তি জপ ও জপসমর্পণ পূর্ব্বক স্তবাদি পাঠ করিয়া বলিদানের নিয়মে বলিদান ও হোম করিতে হয়।

---

## বৃহন্নন্দিকেশ্বর-পুরাণোক্ত-
## দুর্গাপূজা।

প্রথমতঃ কল্পারম্ভ।—আচারানুসারে যথানির্দ্দিষ্ট দিনে কল্পারম্ভ করিবে। সপ্তধা কল্পারম্ভ হইতে পারে ;—কৃষ্ণনবমী, প্রতিপৎ, ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী এবং কেবল মহাষ্টমী ও কেবল মহানবমী। যজমান নিত্যক্রিয়াসমাপনান্তে উত্তরাস্যে বসিয়া নিম্নলিখিতরূপে স্বস্তিবাচন করিবেন, যথা—

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ বার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গাপূজাকর্ম্মণি পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু। ওঁ পুণ্যাহং প্রভৃতি।

পরে সঙ্কল্প করিবে, বাক্য যথা,—

বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি কৃষ্ণে পক্ষে নবম্যান্তিথাবারভ্য মহানবমীং যাবৎ অমুকগোত্রঃ সদারাপত্যঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ প্রত্যহং বার্ষিকশরৎকালীন-শ্রীভগবদ্দুর্গাপূজাকর্ম্মাহং করিষ্যে॥ *

পরে সঙ্কল্পসূক্তাদি পাঠ, প্রথানুসারে চণ্ডীপাঠ ও প্রথানুসারে দুর্গানামজপ প্রভৃতিরও সঙ্কল্প করিতে হয়। অনন্তর পূজক ও তন্ত্রধারককে বরণ করিবে। † পরে পূজক আসনে উপবেশন ও চণ্ডীর ঘটস্থাপন (বৈদিক নিয়মে) করত যথাশক্তি চণ্ডীর ধ্যান অর্চ্চনাদি করিয়া চণ্ডীপাঠাদি করিবে। এই ষষ্ঠীর দিন পর্য্যন্ত কৌলিক নিয়মে অর্চ্চনা করিতে হয়। কেবল প্রভেদ এই যে, দেবীসম্প্রদান উৎসর্গবাক্যে প্রতিপদে কেশসংস্কার দ্রব্য, চিরুণী ও গন্ধদ্রব্যযুক্ত মাথাঘসা প্রভৃতি; দ্বিতীয়ায় কেশবন্ধনার্থ পট্টডোর; তৃতীয়ায় অলঙ্করণার্থ আল্‌তা, দর্পণ, সিন্দূর ইত্যাদি; চতুর্থীতে কজ্জল, মধুপর্ক, রৌপ্যময়তিলকাদি এবং পঞ্চমীতে চন্দন, মাল্য, অলঙ্কার ইত্যাদি নিবেদন করিবে।

নবমী-বোধন।—আর্দ্রানক্ষত্রান্বিত নবমীতে বোধন কর্ত্তব্য। দিবাভাগে যে কোনও সময় আর্দ্রাযোগ হইলে তৎকালেই করিবে। সমস্ত দিন আর্দ্রাযোগ থাকিলে পূর্ব্বাহ্নে বোধন হইবে, দিবাভাগে আর্দ্রাযোগ না ঘটিলে

---

* 'আরভ্য তস্যাং দশমীঞ্চ যাবৎ প্রপূজয়েৎ পর্ব্বতরাজপুত্রীম্' এই বচনানুসারে 'সঙ্কল্পরচনা কার্য্যা বিধিবাক্যানুসারতঃ' এই নিয়মে স্মার্ত্ত গ্রন্থে 'দশমীং যাবৎ' বলিয়া সঙ্কল্প লিখিত আছে—তাহা অসঙ্গত নহে। যেহেতু, যাবৎ শব্দ সীমার্থে ব্যবহৃত হইয়াছে।

† ইদানীন্তনকালে বরণের প্রথা সপ্তমীদিবসে প্রচলিত।

শুদ্ধা নবমীতেই পূর্ব্বাহ্ণে বোধন কর্ত্তব্য। উভয় দিনে পূর্ব্বাহ্ণে নবমী তিথি ঘটিলে অষ্টমীযুক্ত নবমীতেই বোধন হইবে। নবমীর বোধনেও ষষ্ঠীর বোধনের ন্যায় সঙ্কল্পাদি নিখিল কর্ম্ম কর্ত্তব্য। বিল্ববৃক্ষাদির পূজা করিয়া "ওঁ ইষে মাস্যসিতে পক্ষে নবম্যামার্দ্রযোগতঃ। শ্রীবৃক্ষে বোধয়ামি ত্বাং যাবৎ পূজাং করোম্যহম্॥"—এই বিশেষ মন্ত্র এবং "ওঁ ঐং রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্তয়ি কৃতঃ পুরা। অহমপ্যাশ্বিনে তদ্বৎ" ইত্যাদি সাধারণ মন্ত্র পাঠ্য। আর্দ্রাযোগ না হইলেও এই মন্ত্র পাঠ করিবে।

ষষ্ঠী-বোধন।—সায়ংকৃত্য শেষ করিয়া বিল্ববৃক্ষ-নিকটে গমন পূর্ব্বক উত্তর-মুখে বসিয়া আচমনাদি পূর্ব্বক স্বস্তিবাচন করিবে, যথা—

"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়া কর্ত্তব্যবার্ষিকশরৎকালীন-মহাপূজাকর্ম্মাঙ্গীভূতবোধনকর্ম্মণি পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু। ওঁ পুণ্যাহং"—ইত্যাদি। "ওঁ স্বস্তি ন ইন্দ্রো"—ওঁ সূর্য্যঃ সোমো" ইত্যাদি দুইটি মন্ত্র পাঠ্য।

তৎপরে সঙ্কল্প করিবে। বাক্য যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে ষষ্ঠ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ) শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ কর্ত্তব্য-বার্ষিকশরৎকালীন-শ্রীভগবদ্দুর্গা-মহাপূজাকর্ম্মাঙ্গীভূতং বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়া বোধনকর্ম্মাহং করিষ্যে। (করিষ্যামি)।

পরে স্বশাখাবিহিত সঙ্কল্পসূক্তাদি পাঠ, সামান্যার্ঘ্যস্থাপন ও আসনশুদ্ধি করিতে হয়। অনন্তর "ফট্" এই মন্ত্রে বামপদাঘাত দ্বারা ভৌমবিঘ্ন ও দিব্য-দৃষ্টি দ্বারা অন্তরীক্ষের বিঘ্ন অপসারণ পূর্ব্বক উর্দ্ধোর্দ্ধ তালত্রয় ও ছোটিকা দ্বারা দশদিগ্বন্ধন করত সিদ্ধার্থ লইয়া ভূতাপসারণার্থ তাহা বিকীর্ণ করিবে। মন্ত্র যথা—ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে দুর্গাস্ত্রেণৈব তাড়িতাঃ। ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥

অনন্তর ভূমিতে সিন্দুর-তিলক দিয়া, আবাহন পূর্ব্বক—"ওঁ ভূতাদিভ্যো নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে অর্চনা পূর্ব্বক মাষভক্ত বলি লইয়া—"এষ মাষভক্ত-বলিঃ ওঁ (ঐং আং) ভূতাদিভ্যো নমঃ" বলিয়া দিবে। অনন্তর করপুটে পাঠ্য, যথা—

"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্ণন্তু ময়া

দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু (গৃহ্ণন্তু) মৎকৃতাম্॥"

তৎপরে করশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস পূর্ব্বক যজমানের বেদবিহিত ঘটস্থাপন করিতে হয়। তদনন্তর স্থাপিত ঘটে গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ ও ইন্দ্রাদি দশদিক্পালের অর্চ্চনা পূর্ব্বক "হ্রীং" মন্ত্রে প্রাণায়াম করিয়া সপ্তমুদ্রাক্ত প্রকারে পীঠন্যাস, করাঙ্গন্যাস, ব্যাপকন্যাস করিয়া "জটাজূট" ইত্যাদিরূপে দুর্গার ধ্যান করিবে।* পরে মানসোপচারে অর্চ্চনা করত বিশেষার্ঘ্যস্থাপনান্তে—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদি-পীঠদেবতাভ্যো নমঃ" এই প্রণালীতে অর্চ্চনা ও পুনর্ব্বার দুর্গাদেবীর ধ্যান করিয়া—"ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবদ্দুর্গে দেবি ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদিরূপে আবাহন করত "বং রজতাসনায় নমঃ" এই প্রণালীতে অর্চ্চনা করিয়া ইদং রজতাসনং —"ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীং ওঁ দুর্গায়ৈ নমঃ।"—এই প্রণালীতে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে।

কেহ কেহ "দক্ষযজ্ঞ" ইত্যাদি মন্ত্রের অগ্রে "উভে যদিন্দ্র রোদসী আপপ্রাথ উষা ইব, মহান্তং ত্বামহীনাং দেবী সম্রাজং চর্ষণীনাং জনিত্র্যজীজনৎ ভদ্রা জনিত্র্যজীজনৎ" এই সূক্ত পাঠ করিয়া থাকেন।

পরে "ওঁ বিল্ববৃক্ষায় নমঃ" মন্ত্রে পাদ্যাদি দ্বারা বিল্ববৃক্ষের অর্চ্চনা পূর্ব্বক করপুটে দেবীর বোধনার্থ নিম্নলিখিত মন্ত্র পাঠ করিতে হয়, যথা—

ওঁ ঐং রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্ত্বয়ি কৃতঃ পুরা॥ অহমপ্যাশ্বিনে ষষ্ঠ্যাং সায়াহ্নে বোধয়াম্যতঃ। (তদ্বদ্বোধয়ামি সুরেশ্বরি ধর্ম্মার্থকাম-মোক্ষায় বরদা ভব শোভনে) শক্রেণ সংবোধ্য স্বরাজ্যমাপ্তং, তস্মাদহং ত্বাং প্রতিবোধয়ামি। (বিভূতিরাজ্যপ্রতিপত্তিহেতোঃ) যথৈব রামেণ হতো দশাস্যস্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি॥ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি যথাসুখম্॥

অনন্তর ঘটের কোণচতুষ্টয়ে চারিটি তীর আরোপণ করত এই মন্ত্র পড়িবে, যথা—

ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষঃ পরি এবানো দূর্ব্বে প্রতনু সহস্রেণশতেন চ॥

সপ্ত বা পঞ্চ রক্তসূত্র দ্বারা বেষ্টন করিবে, মন্ত্র যথা—

---

* ধ্যানপ্রকরণে দ্রষ্টব্যং।

ওঁ সুত্রামাণং পৃথিবীং দ্যামনেহসং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতং দৈবীং নাবং স্বরিত্রামনাগসমাস্রবন্তীমারুহে মা স্বস্তয়ে ॥

পরে "অস্যেত্যাদি—কৃতৈতদ্‌বোধনকর্ম্মাচ্ছিদ্রমস্তু" বলিয়া অচ্ছিদ্রাবধারণ করত আরাত্রিক করিবে।

অধিবাস—ষষ্ঠীর দিন সন্ধ্যাসময়ে অধিবাস করিতে হয়। ঐ দিনে বোধন হইলে বোধনের পরেই অধিবাস কর্ত্তব্য। বিল্বতরু-নিকটে গিয়া আচমনাদি সমাপনান্তে এইরূপে স্বস্তিবাচন করিবে, যথা—

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়াঃ শুভগন্ধাদ্যধিবাসনকর্ম্মণি পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু ওঁ পুণ্যাহং ইত্যাদি।

পরে সঙ্কল্প করিবে, বাক্য যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য সদারাপত্যস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ শ্বঃকর্ত্তব্য-বার্ষিক-শরৎ-কালীন-শ্রীভগবদ্দুর্গা-মহা-পূজাঙ্গীভূতং বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়াঃ শুভগন্ধাদ্যধিবাসনকর্ম্মাহং করিষ্যামি ॥

পরে সঙ্কল্পসূক্ত পাঠ, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি প্রভৃতি সমাধা করত ভূমিতে সিন্দূর-তিলক দিয়া বোধনপ্রণালীতে "এষ গন্ধঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ" বলিয়া পঞ্চোপচারে অর্চনা করত "এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ" মন্ত্রে মাষভক্ত বলি দিবে। পরে করপুটে "ওঁ যে রৌদ্রা রৌদ্রকর্ম্মাণো রৌদ্র-স্থান-নিবাসিনঃ। সৌম্যরূপাশ্চ যে কেচিৎ সৌম্যস্থাননিবাসিনঃ ॥ মাতরো রৌদ্ররূপাশ্চ গণনামধিপাশ্চ যে। বিঘ্নভূতাশ্চ যে চান্যে দিগ্বিদিক্ষু সমাশ্রিতাঃ ॥ সর্ব্বে প্রীতমনসঃ প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্ ॥" এই মন্ত্র পড়িবে। তৎপরে ভূতশুদ্ধি প্রভৃতি মাতৃকান্যাস পর্য্যন্ত করিয়া গণেশ, শিব, ভাস্কর, অগ্নি, কেশব, কৌশিকী, আদিত্যাদিনবগ্রহ ও ইন্দ্রাদিদশদিক্‌পাল-গণের শক্তি অনুসারে অর্চনা করিয়া 'হ্রীং' মন্ত্রে প্রাণায়াম, করন্যাস, অঙ্গন্যাস শেষ করত "ওঁ জটাজূট" ইত্যাদি ধ্যান করিয়া যথাশক্তি উপচারে পূজা করিয়া পরে প্রাণায়াম, জপ ও পুনর্ব্বার প্রাণায়াম করত 'গুহ্যাতি' মন্ত্রে জপ সমর্পণ করিতে হয়। তৎপরে স্ব স্ব বেদোক্ত মন্ত্র পাঠ পূর্ব্বক অধিবাসদ্রব্য দ্বারা "অনেন গন্ধেন অস্যা ভগবদ্দুর্গায়া নবপত্রিকায়াশ্চ শুভাধিবাসনমস্তু" এই নিয়মে অধিবাস করিবে। অনন্তর নিম্নলিখিত কয়টি দ্রব্য দ্বারা দেবীর অধিবাস করিবে; মন্ত্রও নিম্নে লিখিত হইল। যথা—

ওঁ শ্রীরসি ময়ি রমস্ব। অনেন ম্যালেন—প্রভৃতি। ওঁ শ্রায়ন্ত ইব সূর্য্যং বিশেদিন্দ্রস্য ভক্ষত। বসূনি জাতো জনিমান্যোজসা প্রতিভাগং ন দীধিমঃ॥ অনয়া তৈলহরিদ্রয়া অস্যা ভগবদ্দুর্গায়া নবপত্রিকায়াশ্চ প্রভৃতি।

সপ্তমীপূজার পূর্ব্বদিনে সায়ংকালে দেবীর অধিবাস ও আমন্ত্রণ উভয়েরই সঙ্কল্প করা উচিত। একযোগে উভয়ের স্বস্তিবাচনাদি যথা—

ওঁ কর্ত্তব্যেয়োরনয়োঃ শ্বঃকর্ত্তব্যবার্ষিকশরৎকালীনশ্রীভগবদ্দুর্গা-মহাপূজাঙ্গীভূতয়োঃ শ্রীভগবদ্দুর্গায়া বিল্ববৃক্ষাধিকরণকামন্ত্রণাধিবাসকর্ম্মণোঃ ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি। অন্যান্য পূর্ব্ববৎ।

সঙ্কল্পবাক্য যথা—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে ষষ্ঠ্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ শ্রীভগবদ্দুর্গায়াঃ শ্বঃকর্ত্তব্যবার্ষিকশরৎকালীন-মহাপূজাঙ্গীভূত বিল্ববৃক্ষাধিকরণকামন্ত্রণাধিবাসকর্ম্মণী অহং করিষ্যামি। সপ্তমীপূজার অব্যবহিত পূর্ব্বদিনে সায়ংমুহূর্ত্তে ষষ্ঠীযোগ ঘটিলে উহাতেই দেবীর বোধন, আমন্ত্রণ ও অধিবাস হইবে। সায়ংমুহূর্ত্তে ষষ্ঠীযোগ না ঘটিলে যে দিন সায়ংষষ্ঠীযোগ ঘটিবে, সেই দিনেই বোধন হইবে। আমন্ত্রণাধিবাস পত্রিকাপ্রবেশের পূর্ব্বদিনেই সায়ংকালে কর্ত্তব্য। কোন দিনেই সায়ংকালে ষষ্ঠীযোগ না ঘটিলে যে দিবস পূর্ব্বাহ্নে ষষ্ঠীযোগ ঘটিবে, উহাতেই বোধন হইবে। কিন্তু 'অহমপ্যাশ্বিনে ষষ্ঠ্যাং সায়াহ্নে' ইত্যাদি মন্ত্র অবিকৃতভাবেই পাঠ্য। একযোগে বোধন, আমন্ত্রণ ও অধিবাসের সঙ্কল্পাদি যথা—

স্বস্তিবাচনাদি—ওঁ কর্ত্তব্যেষু ভগবদ্দুর্গায়াঃ শ্বঃকর্ত্তব্যবার্ষিকশরৎকালীন-মহাপূজাঙ্গীভূতবিল্ববৃক্ষাধি করণক (বিল্বশাখাধিকরণক) বোধনামন্ত্রণাধিবাস-কর্ম্মসু ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি পূর্ব্ববৎ।

সঙ্কল্প যথা—অদ্যেত্যাদি শ্রীভগবদ্দুর্গায়াঃ শ্বঃকর্ত্তব্যবার্ষিক-শরৎকালীন-মহাপূজাঙ্গীভূতবিল্ববৃক্ষাধিকরণক-বোধনামন্ত্রণাধিবাসকর্ম্মাণ্যহং করিষ্যামি।

অনন্তর করপুটে পাঠ্য, যথা—

ওঁ পূজাং কর্ত্তুং মহেশান্যাস্ত্বামহং চাধিবাসয়ে। মূলে সমাগতে ঋক্ষে সপ্তম্যামাগমিষ্যসি॥

তৎপরে, বায়ু ও নৈঋর্তকোণ ব্যতীত বিল্ব-তরুর অন্যদিকের ফলদ্বয়যুক্তা অভাবে কেবল একটি ক্ষুদ্র শাখার কর্ত্তনস্থলে সিন্দূর দিয়া আমন্ত্রণ করত করপুটে পাঠ্য, যথা—

ওঁ মেরুমন্দরকৈলাস-হিমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদা প্রিয়ঃ॥ শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো দুর্গাস্বরূপতঃ॥ শ্রীফলোঽসি মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। চণ্ডিকারোপণার্থায় ত্বামহং বরয়ে প্রভো॥

তদনন্তর মৃন্ময়ী প্রতিমাসন্নিধানে গিয়া বাদ্যবাদন সহকারে স্বস্ববেদোক্ত মন্ত্র পাঠ করত 'অনেন গন্ধেন অস্যা মৃন্ময্যাঃ সপরিবারায়াঃ দুর্গায়াঃ শুভাধিবাসনমস্তু।' এই প্রণালীতে প্রতিমার অধিবাস করত মাষভক্তবলি লইয়া "ওঁ ভূতেভ্যো নমঃ" মন্ত্রে নিবেদন করিবে এবং "কাণ্ডাৎ কাণ্ডাৎ" ইত্যাদি মন্ত্রে প্রতিমার কোণচতুষ্টয়ে তীরচতুষ্টয় পুতিয়া ওঁ সূত্রামাণমিত্যাদি মন্ত্রে সূত্র বেষ্টন পূর্ব্বক শ্বেতসর্ষপ গ্রহণ করিয়া "ওঁ বেতালাশ্চ" ইত্যাদি মন্ত্রে চতুর্দ্দিকে ছড়াইবে। আরাত্রিক ও গীতবাদ্য সহকারে সে রাত্রি অতিবাহিত করিবে।

সপ্তমীপূজা।—প্রভাতে কৃতনিত্যক্রিয় হইয়া মহাপূজার স্বস্তিবাচনাদি ও সঙ্কল্প করিবে। স্বস্তিবাচনাদি যথা—আচমন, বিষ্ণুস্মরণ, সূর্য্যার্ঘ্যদান, গণেশাদি দেবতার পূজানন্তর কুশহস্তে যজমান পুণ্যাহ, স্বস্তি ও ঋদ্ধিবাচন করিবেন। ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ কর্ত্তব্যবার্ষিকশরৎকালীন-( সপরিবার ) শ্রীভগবদ্দুর্গামহাপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহম্ ( ৩ বার প্রত্যুত্তর ) এবং স্বস্তি ভবন্তো ব্রুবন্তু ওঁ স্বস্তি ( ৩ বার ) ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু ঋধ্যতাম্ ( ৩ বার প্রত্যুত্তর ) ওঁ স্বস্তি ন ইন্দ্র ইত্যাদি অথবা সোমং রাজানম্ ইত্যাদি স্বশাখোক্ত স্বস্তিসূক্ত পাঠ, সূর্য্যঃ সোম ইত্যাদি দেবসান্নিধ্যকল্পনাদি করিয়া উত্তরাস্য হইয়া কুশতিলকুসুমজলপূর্ণ তাম্রপাত্র-হস্তে সঙ্কল্প করিবে, যথা—ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্যাশ্বিনে মাসি শুক্লপক্ষে সপ্তম্যান্তিথাবারভ্য মহানবমীং যাবৎ প্রত্যহং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকশ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ বৃহন্নন্দিকেশ্বরপুরাণোক্তবিধিনা সপরিবারায়াঃ শ্রীভগবদ্দুর্গায়াঃ কর্ত্তব্যবার্ষিকশরৎকালীনমহাপূজাকর্ম্মাহং করিষ্যে। পরে স্বস্ব সূক্ত পাঠান্তে পুরোহিত ও তন্ত্রধারককে বরণ করিবে ( সাধারণ প্রকরণ দেখ )। পরে বাদ্যধ্বনি সহকারে পূর্ব্বাহ্ণে কন্যা ও তুলালগ্নে বিল্বতরু সন্নিধানে গিয়া আচমনাদি করত ঐ তরুর অর্চ্চন করিবে। পরে এই মন্ত্র পাঠ করত সিদ্ধার্থ বিকীর্ণ করিবে, যথা—

ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে যে

চান্যে বিঘ্নকারকাঃ। বিনায়কা বিঘ্নকরা মহোগ্রা যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ। সিদ্ধার্থকৈর্ব্বজ্রসমানকল্পৈর্ম্ময়া নিরস্তা বিদিশঃ প্রয়ান্তু।

অনন্তর করপুটে "ওঁ মেরুমন্দরকৈলাস" প্রভৃতি অধিবাসোক্ত আমন্ত্রণের মন্ত্র দুইটি পড়িয়া "ওঁ বিল্ববৃক্ষ মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। গৃহীত্বা তব শাখাঞ্চ দুর্গাপূজাং করোম্যহম্॥ শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। দেবৈর্গৃহীত্বা তে শাখাং পূজ্যা দুর্গেতি বিশ্রুতিঃ॥" এই মন্ত্র পাঠ করিবে। পরে পূর্ব্বদিনের সিন্দুরচিহ্নিত স্থান তীক্ষ্ণধার অস্ত্র দ্বারা—"ওঁ ছিন্ধি ছিন্ধি হুঁ ফট্ স্বাহা"—এই মন্ত্রে ছেদন করত কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে, যথা—

ওঁ পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং নেষ্যামি চণ্ডিকালয়ম্। বিল্ববৃক্ষং সমাশ্রিত্য লক্ষ্মী-রাজ্যং প্রযচ্ছ মে॥ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি গণৈঃ সহ॥

অনন্তর বাদ্যোদ্যমসহকারে ঐ বিল্বশাখা এবং নবপত্রিকা গ্রহণ পূর্ব্বক পূজামণ্ডপে গমন করিবে। স্থানভেদে নদ্যাদি হইতে নবপত্রিকা স্নান করাই-বার প্রথা আছে। তৎপরে শ্বেত অপরাজিতালতা দ্বারা বেষ্টন পূর্ব্বক হরিদ্রাক্ত ডোরক দ্বারা বন্ধন করিয়া মনোহর পীঠাসনের উপরিভাগে নব-পত্রিকাকে রাখিবে। সপ্তম্যাদি কল্পারম্ভ হইলে কল্পারম্ভপ্রকরণমন্ত্রে কার্য্য করিবে। তদনন্তর "হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে দেবীকে পুষ্পাঞ্জলি দিয়া অষ্টাঙ্গুলি প্রমাণ বিল্বকাষ্ঠজ দন্তকাষ্ঠ ও উষ্ণবারি দেবীর বদনপ্রক্ষালনার্থ নিবেদন করিবে। মন্ত্র যথা,—

ওঁ আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ। ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ তন্নো ধেহি বনস্পতে॥

পরে নবপত্রিকাস্নান।—শঙ্খোদক দ্বারা নবপত্রিকা স্নান করাইবে। মন্ত্র যথা—"ওঁ পুণ্যস্ত্বং শঙ্খ পুণ্যানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্। বিষ্ণুনা বিধৃতো নিত্যং মহাশান্তিং প্রযচ্ছ মে॥"

পরে নয়টি মন্ত্রে ক্রমান্বয়ে নবদ্রব্য দ্বারা স্নান করাইবে, যথা—

"ওঁ কদলীতরুসংস্থাসি বিষ্ণোর্বক্ষঃস্থলাশ্রয়ে। নমস্তে নবপত্রি ত্বং নমস্তে চণ্ডনায়িকে॥" এই মন্ত্রে উষ্ণজলে। "ওঁ কচ্চি ত্বং স্থাবরস্থাসি সদা সিদ্ধি-প্রদায়িনী। দুর্গারূপেণ সর্ব্বত্র স্নানেন বিজয়ং কুরু॥" এই মন্ত্রে বাপীজলে।

"ওঁ হরিদ্রে হররূপাসি শঙ্করস্য সদা প্রিয়া। রুদ্ররূপাসি দেবি ত্বং সর্ব্বসিদ্ধিং প্রযচ্ছ মে॥" এই মন্ত্রে শিশিরজলে। "ওঁ জয়ন্তি জয়রূপাসি জগতাং জয়হেতবে। নমামি ত্বাং মহাদেবি জয়ং দেহ গৃহে মম॥" এই মন্ত্রে পুষ্পোদকে। "ওঁ শ্রীফল শ্রীনিকেতোঽসি সদা বিজয়বর্দ্ধনঃ। দেহি মে হিতকামাংশ্চ প্রসন্নো ভব সর্ব্বদা।" এই মন্ত্রে সর্ব্বৌষধিজলে। "ওঁ দাড়িম্যঘ-বিনাশায় ক্ষুন্নাশায় চ বেধসা। নির্ম্মিতা ফলকামায় প্রসীদ ত্বং হরপ্রিয়ে॥" এই মন্ত্রে সাগরজলে। "ওঁ স্থিরা ভব সদা দুর্গে অশোকে শোকহারিণি। ময়া ত্বং পূজিতা দুর্গে স্থিরা ভব হরপ্রিয়ে॥" এই মন্ত্রে সুগন্ধিজলে। "ওঁ মান্যো মান্যেষু বৃক্ষেষু माননীয়ঃ সুরাসুরৈঃ। স্নাপয়ামি মহাদেবীং মানং দেহি নমোঽস্তু তে॥" এই মন্ত্রে রত্নোদকে। "ওঁ লক্ষ্মীস্ত্বং ধান্যরূপাসি প্রাণিনাং প্রাণদায়িনী। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥" এই মন্ত্রে তিলতৈল-সমন্বিত জলে স্নান করাইবে।

মহাস্নান।—পরে নিম্নকথিত বস্তুজাত দ্বারা বাদ্যবাদন সহকারে নিম্নোক্ত মন্ত্রে মহাস্নান করাইতে হয়। তদর্থে দর্পণপ্রতিবিম্বে দেবীকে বিশেষরূপে ভাবনা করত চন্দন, পিটুলি, পঞ্চশস্য প্রভৃতির চূর্ণ এবং তৈল-হরিদ্রা দর্পণে ম্রক্ষিত করত মন্ত্র পড়িবে, যথা—"ওঁ নানারূপধরে দেবি দিব্যবস্ত্রাবগুণ্ঠিতে। তবাঙ্গলেপমাত্রেণ চিত্রদোষো বিনশ্যতি॥ ওঁ উদ্বর্ত্তয়ামি দেবি ত্বাং যথেষ্টং চন্দনাদিভিঃ। উদ্বর্ত্তনপ্রসাদেন প্রাপ্নুয়াং শ্রিয়মুত্তমাম্॥"

পরে হাঁড়ি বা তাম্রপাত্রে একটি বিল্ব রাখিয়া তাহার উপর দর্পণ স্থাপন করত স্নান করাইবে।

শীতলোদকে—ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্॥ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বস্থঃ, দেবো বঃ সবিতা প্রার্পয়তু। শ্রেষ্ঠতমায় কর্ম্মণে॥ ওঁ অগ্ন আয়াহি বীতয়ে, গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি॥ ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে, শন্নো ভবন্তু পীতয়ে। শংযোরভিস্রবন্তু নঃ॥

পরে "ওঁ দ্রুপদাদি মুমুচানঃ" হইতে "আপো জনয়থা চ নঃ" যাবৎ মন্ত্রচতুষ্টয় পাঠ করত জল দ্বারা স্নান করাইবে। তৎপরে তাম্র বা মৃন্ময় কুম্ভ বারিপূর্ণ করিয়া সেই জলে নিম্নোক্ত মন্ত্রে স্নান করাইবে, যথা—

ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী। সরযূর্গণ্ডকী পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী॥ ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা। সর্ব্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥ ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।

বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ॥ প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে। আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋতস্তথা॥ বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাঃ পান্তু তে সদা॥ ওঁ কীর্ত্তির্লক্ষ্মী-র্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিঃ পুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ। এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপত্ন্যঃ সুসংযতাঃ (লোকপালাঃ সমাগতাঃ)॥ ওঁ আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ॥ ওঁ ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাং গণাঃ॥ ওঁ অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে॥ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ॥ এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থ-সিদ্ধয়ে॥ ওঁ সিন্ধুভৈরবশোণাদ্যা যে হ্রদা ভুবি সংস্থিতাঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ (কুরুক্ষেত্রং প্রয়াগশ্চ অক্ষয়ো বটসংজ্ঞকঃ। গোদাবরী বিয়দ্‌গঙ্গা নর্ম্মদা মনিকর্ণিকা॥ সর্ব্বাণ্যেতানি তীর্থানি ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে)॥ তক্ষকাদ্যাশ্চ যে নাগাঃ পাতালতলবাসিনঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ দুর্গা চণ্ডেশ্বরী চণ্ডী বারাহী কার্ত্তিকী তথা। হরসিদ্ধা তথা কালী ইন্দ্রাণী বৈষ্ণবী তথা॥ ভদ্রকালী বিশালাক্ষী ভৈরবী সর্ব্বরূপিণী॥ এতাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥

শঙ্খোদকে—ওঁ সর্ব্বেষামধিপো দেব ঈশানো নাম নামতঃ। শূলপাণি-র্মহাদেবো ভৃঙ্গারৈঃ স্নাপয়ত্বিমাম্॥

গঙ্গোদকে—ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। স্বর্গস্রোতস্তু বৈষ্ণব্যং স্নানং ভবতু তেন তে॥

উষ্ণজলে—ওঁ পরমং পবিত্রমুষ্ণঞ্চ বহ্নিজ্যোতিঃসমন্বিতম্। জীবনং সর্ব্ব-পাপঘ্নং ভৃঙ্গারৈঃ স্নাপয়ত্বিমাম্

গন্ধোদকে—ওঁ গন্ধাঢ্যং শোভনঞ্চৈব শীতলং সুমনোহরম্। সর্ব্বপাপহরং বারি ভৃঙ্গারৈঃ স্নাপয়ত্বিমাম্॥

শুদ্ধজলে—ওঁ আপো হি ষ্ঠা—ইত্যাদি। শন্নো দেবীরভীষ্টয়ে—প্রভৃতি।

অনন্তর পঞ্চগব্যশোধনমন্ত্রে পঞ্চগব্য পৃথক্ পৃথক্‌ভাবে শোধনপূর্ব্বক স্নান করাইতে হয়, যথা—গোমূত্রে—'ওঁ হ্রীং চণ্ডিকায়ৈ নমঃ।' গোময়ে,—'ওঁ গাং গৌর্য্যৈ নমঃ।' দুগ্ধে—'ওঁ হ্রীং ত্রিনেত্রায়ৈ নমঃ।' দধিতে—'ওঁ হ্রীং ভৈরব্যৈ নমঃ।' ঘৃতে—'ওঁ হ্রীং ভুবনেশ্বর্য্যৈ নমঃ।' কুশোদকে—'ওঁ হ্রীং পার্ব্বত্যৈ নমঃ।'

পঞ্চামৃত দ্বারা—দধি—'ওঁ দধি ক্রাবে্ণাহকারিষং' মন্ত্রে—'হ্রীং হৃদয়ায় নমঃ।' দুগ্ধে -'ওঁ আপ্যায়স্ব' মন্ত্রে 'ওঁ হ্রীং শিরসে স্বাহা।' ঘৃতে—'ওঁ তেজোঽসি' মন্ত্রে 'ওঁ হ্রূং শিখায়ৈ বষট্।' মধুতে—'ওঁ মধু বাতা' মন্ত্রে 'ওঁ হ্রৈং কবচায় হুং।' ইক্ষুরসে—'ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ, ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্॥' পঞ্চকষায়ে—'ওঁ জম্বুশাল্মলীবাট্যালং বকুলং বদরং তথা। এতন্মিশ্রিততোয়েন স্নাপয়ামি সুশোভনে॥ ওঁ হ্রীং ভদ্রকাল্যৈ নমঃ॥' পঞ্চশস্যোদকে,—'ওঁ যবগোধূমমুদ্গাশ্চ তিলাশ্চ ধান্যমেব চ। এতত্তোয়েন দেবেশি স্নাপয়ামি প্রসীদ মে॥ ওঁ হ্রীং উমায়ৈ নমঃ॥' রজতজলে—'ওঁ অম্বিকে বরদে দেবি জগতাং হিতকারিণি। রৌপ্যোদকেন দেবি ত্বাং স্নাপয়ামি সুশোভনে॥ ওঁ হ্রীং বিমলায়ৈ নমঃ॥' স্বর্ণোদকে —'ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ॥' মুক্তাজলে—'ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ।' মধুতে—'ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ॥' ঘৃতে—'ওঁ হ্রীং শিরসে স্বাহা॥' দুগ্ধে—'ওঁ হ্রূং শিখায়ৈ বষট্॥' নারিকেলজলে—'ওঁ হ্রৈং কবচায় হুং॥' ইক্ষুরসে,—'ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্।' দধিতে—'ওঁ হ্রঃ অস্ত্রায় ফট্॥' তিলোদকে—'ওঁ হ্রীং অম্বিকায়ৈ নমঃ॥' বিষ্ণুতৈলে—'হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ।' পুষ্পোদকে—'হ্রীং দুর্গায়ৈ নমঃ॥' সর্ব্বৌষধিজলে—'ওঁ সর্ব্বদা সর্ব্বপাপঘ্নী অরিষ্টানাং বিঘাতকা। সর্ব্বৌষধিজলেনাত্ম স্নাপয়ামি সুরেশ্বরীম্॥ ওঁ হ্রীং পার্ব্বত্যৈ নমঃ॥' মহৌষধিজলে—'ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে চণ্ডিকায়ৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ। হ্রীং চণ্ডিকায়ৈ নমঃ॥' অগুরুচন্দনোদকে—'ওঁ গাং গৌর্য্যৈ নমঃ॥' পুষ্করিণীসলিলে—'ওঁ হ্রীং কালিকায়ৈ নমঃ॥' শিশিরোদকে —'ওঁ হ্রীং ভগবত্যৈ নমঃ॥' শীতলোদকে—'ওঁ হ্রীং শিবায়ৈ নমঃ॥' বৃষ্টিজলে—'ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ॥' চন্দনজলে—'ওঁ যোঽসৌ মলয়জো বৃক্ষঃ সৌগন্ধ্য নিলয়ঃ সদা। তজ্জলস্নানমাত্রেণ বরদা ভব শোভনে॥ ওঁ হ্রীং কাল্যৈ নমঃ॥' শর্করোদকে—'ওঁ শর্করে মধুরে স্নিগ্ধে দেবামোদবিবর্দ্ধিনি। দেবানাং তুষ্টিদে শীঘ্রং মাতর্নিত্যং প্রসীদ মে। ওঁ হ্রীং শিবায়ৈ নমঃ॥' গজদন্তমৃত্তিকায়—'ওঁ কৌমার্য্যৈ নমঃ॥' বরাহদন্তমৃত্তিকায়—'ওঁ হ্রীং চণ্ডিকায়ৈ নমঃ।' বেশ্যাদ্বার-মৃত্তিকায়—'ওঁ হ্রীং কাত্যায়ন্যৈ নমঃ॥' বৃষশৃঙ্গমৃত্তিকায়—"ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ॥' বল্মীকমৃত্তিকায়—'ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ।' নদমৃত্তিকায়—'ওঁ হ্রীং মাহেশ্বর্য্যৈ নমঃ।' নদীমৃত্তিকায়—'ওঁ হ্রীং শিবায়ৈ নমঃ॥' নদ্যুভয়কূলমৃত্তিকায়—'ওঁ হ্রীং চণ্ডেশ্বর্য্যৈ নমঃ॥' সাগরমৃত্তিকায়—'ওঁ হ্রীং কাত্যায়ন্যৈ নমঃ॥' চতুষ্পথ-মৃত্তিকায়—'ওঁ হ্রীং কৌশিক্যৈ নমঃ॥' গঙ্গামৃত্তিকায়—'ওঁ হ্রীং কপালিন্যৈ

নমঃ॥' গোষ্ঠমৃত্তিকায়—'ওঁ হ্রীং ইন্দ্রাণ্যৈ নমঃ॥' গোরোচনায়—'ওঁ হ্রীং চণ্ডিকায়ৈ নমঃ॥' সহস্রধারাজলে—(সর্ব্বৌষধি তন্মধ্যে মিশ্রিত করিয়া তদুদকে)—'ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ সর্ব্বস্রোতো নদাস্তথা। সর্ব্বৌষধিভিঃ পাপঘ্নাঃ সহস্রৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ লবণেক্ষুসুরাসর্পির্দধিদুগ্ধজলান্তকাঃ। সহস্রধারয়া দেবীং স্নাপয়ামি মহেশ্বরীম্॥ ওঁ বসোঃ পবিত্রমসি শতধারং বসোঃ পবিত্রমসি সহস্রধারম্। দেবস্ত্বা সবিতা পুনাতু বসোঃ পবিত্রেণ শতধারেণ সুপ্বা কামধুক্ষঃ॥'

অষ্টকলসে পৃথক্ পৃথক্ সলিলে স্নান করাইতে হয়, যথা—

গঙ্গাজলে—ওঁ দেবাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। ব্যোমগঙ্গাম্বুপূর্ণেন আদ্যেন কলসেন তু॥

বৃষ্টিজলে—ওঁ মরুতশ্চাভিষিঞ্চন্তু ভক্তিমন্তঃ সুরেশ্বরীম্। মেঘাম্বুপরিপূর্ণেন দ্বিতীয়কলসেন তু॥

সরস্বতী-সলিলে—ওঁ সারস্বতেন তোয়েন সম্পূর্ণেন সুরোত্তমে। বিদ্যাধরাশ্চাভিষিঞ্চন্তু তৃতীয়কলসেন তু॥

সাগরজলে—ওঁ শক্রাদ্যাশ্চাভিষিঞ্চন্তু লোকপালাঃ সমাগতাঃ। সাগরোদকপূর্ণেন চতুর্থকলসেন তু॥

পদ্মরেণুসমন্বিতজলে—ওঁ বারিণা পরিপূর্ণেন পদ্মরেণুসুগন্ধিনা। পঞ্চমেনাভিষিঞ্চন্তু নাগাশ্চ কলসেন তু॥

নির্ঝরজলে—ওঁ হিমবদ্ধেমকূটাদ্যাশ্চাভিষিঞ্চন্তু পর্ব্বতাঃ। নির্ঝরোদকপূর্ণেন ষষ্ঠেন কলসেন তু॥

সর্ব্বতীর্থজলে—ওঁ সর্ব্বতীর্থাম্বুপূর্ণেন কলসেন সুরেশ্বরীম্। সপ্তমেনাভিষিঞ্চন্তু ঋষয়ঃ সপ্ত খেচরাঃ

চন্দনজলে—ওঁ বসবশ্চাভিষিঞ্চন্তু কলসেনাষ্টমেন তু। অষ্টমঙ্গলসংযুক্তে দুর্গে দেবি নমোঽস্তু তে।

তদনন্তর "ওঁ অগ্নিমীলে পুরোহিতং" ইত্যাদি চারিটি বৈদিক মন্ত্রে জল দ্বারা স্নান করাইয়া, সুগন্ধিবারিতে "ওঁ সূর্য্যঃ সোমঃ কুবেরশ্চ বরুণো যাদসাং পতিঃ। এতে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমাম্॥ ওঁ অদিতিশ্চ দিতিশ্চৈব তথৈবারুন্ধতী সতী। এতাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥ ওঁ ব্যাসশ্চ নারদশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। এতে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ ঐরাবতঃ পুষ্পদন্তো হাহা হূহূশ্চ বীর্য্যবান্। গীতবাদিত্রনাট্যেন স্নাপয়ন্তু

মহেশ্বরীম্ ॥” এই মন্ত্রে স্নান করাইবে। পরে ধৌতবসন দ্বারা দর্পণ মুছিয়া মধ্যভাগে সিন্দূর-বিন্দু দিয়া তন্মধ্যে বিল্বপত্রবৃন্তের দ্বারা ‘হ্রীং’ লিখিয়া তাহার উপর ত্রিকোণ ও বৃত্ত অঙ্কিত করত যথাস্থানে রাখিবে। পরে আলতা, পাঁচফল ও বিল্বদ্বয়ের সহিত নবপত্রিকা দৃঢ়রূপে বাঁধিয়া গণেশের দক্ষিণে রাখিবে এবং বস্ত্র ও সিন্দূর দিয়া এই মন্ত্র পড়িবে, যথা—“ওঁ পরিধত্ত ধত্ত বাসসৈনাং শতায়ুষীং কৃণুত দীর্ঘমায়ুঃ। শতঞ্চ জীব শরদঃ সুবর্চ্চা বসূনি চার্য্যো বিভূজাসি জীবন্ ॥”

অনন্তর পূজক আসনে আসীন হইয়া ভূতাপসারণ করিবে, যথা—

ওঁ অঘোরেভ্যোঽথ ঘোরেভ্যো ঘোরাঘোরতরেভ্যশ্চ। সর্ব্বেভ্যঃ সর্ব্বতরেভ্যো রুদ্ররূপেভ্যো নমঃ। এব মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ ॥

পরে করপুটে পাঠ্য, যথা—“ও আদ্যাশ্চ কর্ম্মজাশ্চৈব যে ভূতা দিবি সংস্থিতাঃ। ভূমৌ ব্যোম্নি স্থিতা যে চ প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্। এষ মাষভক্তবলিঃ ওঁ বেতালায় নমঃ ॥—এষ গন্ধ ওঁ ভূতেভ্যো নমঃ”—এই প্রণালীতে পঞ্চোপচারে অর্চ্চনা করত করপুটে পাঠ্য, যথা—“ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তং বলিং মাষপ্রসাধিতম্ ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্ ॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ।” অনন্তর ফট্‌মন্ত্রে দূর্ব্বাক্ষত লইয়া—“ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্ ॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ ॥” বলিয়া বিকিরণ করিতে হয়।

পরে নবপত্রিকাপ্রবেশ।—নবপত্রিকায় হাত দিয়া এই মন্ত্র পড়িবে, যথা—

ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয় শীঘ্রং ত্বমম্বিকে পূজালয়ং প্রবিশ। ওঁ উত্তিষ্ঠ পত্রিকে দেবি অস্মাকং হিতকারিণি। প্রবিশ্য তিষ্ঠ গেহেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্ ॥

অনন্তর দেবীর আসন স্পর্শ করত পড়িবে, যথা—

ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয় শীঘ্রং পূজালয়ং প্রবিশ। ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে ॥ আগচ্ছ মদ্‌গৃহে দেবি সর্ব্বসম্পত্তিহেতবে। বলিপূজাং যথাশক্ত্যা গৃহাণ হরবল্লভে ॥ গম্যতাং মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং

পুষ্পাঞ্জলি দিবে। পরে গণেশঘটে বিষ্ণু, ব্রহ্মা, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ ও ইন্দ্রাদিদশদিক্‌পাল ইঁহাদের অর্চ্চনা করিয়া পীঠন্যাসোক্ত আধারশক্তি প্রভৃতির অর্চ্চনা করিয়া তৎপরে "হ্রীং" মন্ত্রে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া পুনর্ব্বার দেবীর ধ্যান করত আবাহন করিবে। মন্ত্র যথা—

"ওঁ আগচ্ছ মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্ব্বকল্যাণকারিণি॥ এহ্যেহি ভগবত্যম্ব শত্রুক্ষয়জয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। যজ্ঞভাগান্ গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ শারদীয়ামিমাং পূজাং করোমি কমলেক্ষণে। আজ্ঞাপয় মহাদেবি দৈত্যদর্পনিসূদনি॥ সংসারার্ণবদুষ্পারে সর্ব্বাশুভ-বিনাশিনি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ যে দেবা যাশ্চ দেব্যশ্চ চলিতা যাশ্চলন্তি যে। আবাহয়ামি তান্ সর্ব্বান্ চণ্ডিকে পরমেশ্বরি॥ প্রাণান্ রক্ষ যশো রক্ষ পুত্রদারধনং সদা। সর্ব্বরক্ষাকরী যস্মাৎ ত্বং হি দেবি জগৎ-প্রিয়ে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥ মেনানন্দকরে দেবি সর্ব্বসিদ্ধিঞ্চ দেহি মে। আগচ্ছ মদ্‌গৃহে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। কৈলাসশিখরাদ্দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ। আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্॥ স্থাপিতাসি ময়া দেবি পূজাং গৃহ্ণ প্রসীদ মে। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং দেহি দেবি নমোঽস্তু তে॥ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবগণৈঃ সহ॥ দেবি ত্বং জগতাং মাতা সৃষ্টিসংহারকারিণি। পত্রিকাসু সমস্তাসু সান্নিধ্যমিহ কল্পয়॥ পল্লবৈশ্চ ফলোপেতৈঃ শাখাভিঃ সুরনায়িকে। পল্লবে সংস্থিতে দেবি পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ আরাধিতাসি দেবি ত্বং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥ চণ্ডি ত্বং চণ্ডরূপাসি চণ্ডবিগ্রহকারিণি। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥ যজ্ঞভাগং গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। বিল্বপত্রকৃতাবাসে সুরতেজোমহাবলে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥

অতঃপর যথাশক্তি দ্রব্যাদি দ্বারা দেবীর ষোড়শোপচারে পূজা করিবে।

ষোড়শোপচার অর্চ্চনা।—"বং রজতাসনায় নমঃ" বলিয়া বারত্রয় অর্চ্চনা পূর্ব্বক "এতে গন্ধপুষ্পে ওঁ রজতাসনায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানৈ ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ,

ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ নম ইদং রজতাসনং হ্রীং দুর্গায়ৈ নমঃ—ওঁ আসনং গৃহ্ণ চার্ব্বঙ্গি চণ্ডিকে সর্ব্বমঙ্গলে। আসনং সর্ব্বকার্য্যেষু প্রশস্তং ব্রহ্মনির্ম্মিতম্॥"

এই প্রকার প্রণালীতে নিখিল দ্রব্যাদি নিবেদন পূর্ব্বক বিশেষ মন্ত্র পাঠ্য। এ স্থলে বিশেষ মন্ত্র লিখিত হইল।—করপুটে পাঠ্য—"ওঁ হ্রীং ভগবতি দুর্গে দেবি স্বাগতং সুস্বাগতম্॥" পাদ্য—"ওঁ পাদ্যং গৃহ্ণ মহাদেবি সর্ব্বদুঃখাপহারিণি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥" অর্ঘ্য—"ওঁ দূর্ব্বাক্ষতসমাযুক্তং বিল্বপত্রং তথা পরম্। শোভনং শঙ্খ-পাত্রস্থং গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে॥" আচমনীয়—"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্॥" মধুপর্ক—"মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥" পুনরাচমনীয়—"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্॥" স্নানীয়—"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরম্ স্নানার্থং তে ময়া ভক্ত্যা কল্পিতং প্রতিগৃহ্যতাম্॥" আচমনীয়—পূর্ব্ববৎ পট্টবস্ত্র—"ওঁ বহুতন্তুসমাযুক্তং পট্টসূত্রবিনির্ম্মিতম্। বসনং দেবি সূক্ষ্মঞ্চ গৃহাণ বরবর্ণিনি॥ কার্পাসবস্ত্র—ওঁ তন্তুসন্তানসম্বদ্ধং রঞ্জিতং রাগবস্তুনা। দুর্গে দেবি ভক্তপ্রীতিং বাসস্তে পরিধীয়তাম্॥" আচমনীয়—পূর্ব্ববৎ। আভরণ—"ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভাঃ। গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি॥" শঙ্খাভরণ—"ওঁ শঙ্খোঽয়ং বিবিধশ্চিত্রং করয়োর্ভূষণং তব। দীয়তে চ ময়া ভক্ত্যা গৃহ্যতাং পরমেশ্বরি॥" সিন্দূর—"ওঁ শিরোভূষণসিন্দূরং ভর্ত্তুরায়ুর্ব্বিবর্দ্ধনম্। সর্ব্বরত্নাধিকং দিব্যং সিন্দূরং প্রতিগৃহ্যতাম্॥" অষ্টবিধ চন্দন—"ওঁ শরীরং তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাম্॥" পুষ্প—"ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবসেবিতম্। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥" মাল্য—"ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিতম্। গন্ধচন্দনসংযুক্তং গৃহাণ পরমেশ্বরি॥" ধূপ—"ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ॥ আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥" দীপ—"ওঁ অগ্নির্জ্যোতী রবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥" কজ্জল—"ওঁ অঞ্জনং পরমং রম্যং নেত্রয়োর্ভূষণং মহৎ। গৃহাণ বরদে দেবি প্রসীদ বরবর্ণিনি॥" নৈবেদ্য—"ওঁ আমান্নং ঘৃতসংযুক্তং ফলতাম্বূলসংযুতম্।

ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি।" আচমনীয়—পূর্ব্ববৎ। রচনা—"ওঁ নানাফলসমাযুক্তাং নানাবস্তুসুশোভিতাম্। রচনান্তে প্রযচ্ছামি গৃহাণ পরমেশ্বরি॥" পানার্থোদক—"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরম্। পানার্থং তে প্রযচ্ছামি গৃহাণ হরবল্লভে॥" পুনরাচমনীয়—পূর্ব্ববৎ। তাম্বূল—"ওঁ ফলপত্রসমাযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বূলং প্রতিগৃহ্যতাম্॥"

পরে দেবীকে পুষ্পাঞ্জলি-পঞ্চক দিয়া তৈজাসাধার অন্ন, জল, বস্ত্র এবং ভোজ্যাদি দেবীসম্প্রদানক উৎসর্গবাক্যে উৎসর্গ করত প্রাণায়াম, শক্ত্যনুসারে জপ, পুনঃ প্রাণায়াম, 'গুহ্যাতি' মন্ত্রে জপ-সমর্পণ এবং 'সর্ব্বমঙ্গলমঙ্গল্যে' মন্ত্রে সাষ্টাঙ্গে নমস্কার করত আবরণপূজা করিবে।

আবরণপূজা।—আবাহনপূর্ব্বক "হ্রাং হৃদয়ায় নমঃ" এই প্রণালীতে গন্ধ-পুষ্পযোগে ষড়ঙ্গের অর্চ্চনা করত পঞ্চোপচারে পূর্ব্বাদিদিক্‌ক্রমে লোকপালের অর্চ্চনা কর্ত্তব্য। যথা—"ওঁ ইন্দ্রায় সবজ্রায় সবাহনপরিবারায় নমঃ।" এই প্রণালীতে—"অগ্নয়ে সশক্তয়ে, যমায় সদণ্ডায়, নৈঋ্ঝতায় সখড়্গায়, বরুণায় সপাশায়, বায়বে সাঙ্কুশায়, সোমায় সগদায়, ঈশানায় সশূলায়, অনন্তায় সচক্রায়, ব্রহ্মণে সপদ্মায়॥"

নবপত্রিকাপূজা।—রম্ভাধিষ্ঠাত্রী ব্রহ্মাণীকে আবাহন পূর্ব্বক "ওঁ হ্রীং রম্ভাধিষ্ঠাত্র্যৈ ব্রহ্মাণ্যৈ নমঃ" এই প্রণালীতে পাদ্যাদি দ্বারা অর্চ্চনা পূর্ব্বক নমস্কার করিবে, যথা—"ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। রম্ভারূপেণ সর্ব্বত্র শান্তিং কুরু নমোঽস্তু তে॥" কচুতে কালিকার আবাহন পূর্ব্বক "ওঁ হ্রীং কচ্চ্যধিষ্ঠাত্র্যৈ কালিকায়ৈ নমঃ" এই প্রণালীতে পাদ্যাদি দ্বারা অর্চ্চনা পূর্ব্বক নমস্কার করিবে, যথা—"ওঁ মহিষাসুরযুদ্ধেষু কচ্চীভূতাসি সুব্রতে। মম চানুগ্রহার্থায় আগতাসি হরপ্রিয়ে॥" হরিদ্রায় দুর্গার আবাহন পূর্ব্বক "ওঁ হ্রীং হরিদ্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ," এই প্রণালীতে পাদ্যাদিযোগে অর্চ্চনা করত নমস্কার করিবে, যথা—"ওঁ হরিদ্রে হররূপাসি উমারূপাসি সুব্রতে। মম বিঘ্নবিনাশায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥" জয়ন্তীতে কার্ত্তিকীর আবাহন পূর্ব্বক "ওঁ হ্রীং জয়ন্ত্যধিষ্ঠাত্র্যৈ কার্ত্তিক্যৈ নমঃ" এই প্রণালীতে অর্চ্চনা করত নমস্কার করিবে, যথা—"ওঁ নিশুম্ভশুম্ভমথনে সেন্দ্রৈর্দ্দেবগণৈঃ সহ। জয়ন্তি পূজিতাসি ত্বমস্মাকং বরদা ভব॥" বিল্বে শিবার আবাহন ও "ওঁ হ্রীং বিল্বাধিষ্ঠাত্র্যৈ শিবায়ৈ নমঃ" এই প্রণালীতে অর্চ্চনা করত নমস্কার করিবে, যথা—

"মহাদেবপ্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা। উমাপ্রীতিকরো বৃক্ষো বিল্বরূপো নমোঽস্তু তে ॥" দাড়িমে রক্তদন্তিকার আবাহন ও "ওঁ হ্রীং দাড়িম্যধিষ্ঠাত্র্যৈ রক্তদন্তিকায়ৈ নমঃ" এই প্রণালীতে অর্চ্চনা করিয়া "ওঁ দাড়িমি ত্বং পুরা যুদ্ধে রক্তবীজস্য সম্মুখে। উমাকার্য্যং কৃতং যস্মাদস্মাকং বরদা ভব ॥" মন্ত্রে প্রণাম করিবে। অশোকে শোকরহিতার আবাহন ও "ওঁ হ্রীং অশোকাধিষ্ঠাত্র্যৈ শোকরহিতায়ৈ নমঃ" এই প্রণালীতে অর্চ্চনা এবং "ওঁ হরপ্রীতিকরো বৃক্ষো হ্যশোকঃ শোকনাশনঃ। দুর্গাপ্রীতিকরো যস্মান্মামশোকং সদা কুরু ॥" মন্ত্রে প্রণাম করিবে। মানে চামুণ্ডার আবাহন ও "ওঁ হ্রীং মানাধিষ্ঠাত্র্যৈ চামুণ্ডায়ৈ নমঃ" প্রণালীতে পূজা এবং "ওঁ যস্য পত্রে বসেদ্দেবি মানবৃক্ষঃ শচীপ্রিয়ঃ। মম চানুগ্রহার্থায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে ॥" মন্ত্রে প্রণাম করিবে। ধান্যে লক্ষ্মীর আবাহন, "ওঁ হ্রীং ধান্যাধিষ্ঠাত্র্যৈ লক্ষ্ম্যৈ নমঃ" মন্ত্রে অর্চ্চনা এবং "ওঁ জগতঃ প্রাণরক্ষার্থং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। উমাপ্রীতিকরং ধান্যং তস্মাত্ত্বং রক্ষ মাং সদা ॥" মন্ত্রে প্রণাম করিবে। নবপত্রিকায় দুর্গার আবাহন, "ওঁ হ্রীং নবপত্রিকাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে অর্চ্চনা এবং "ওঁ পত্রিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি ॥" মন্ত্রে প্রণাম করিবে।

অনন্তর মহিষাসুর, ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ এই মন্ত্রে মহাসিংহ, কার্ত্তিক, গণেশ, লক্ষ্মী, সরস্বতী, ময়ূর, নাগপাশ, রঘুনাথ, শিব, মূষিক ইহাদিগের (ধ্যান ও প্রণাম ধ্যানপ্রকরণে দ্রষ্টব্য) আবাহন পূর্ব্বক অর্চ্চনা করিতে হয়। তৎপরে "ওঁ বাসুদেবায় নমঃ" এই প্রণালীতে নীলকণ্ঠায়, দশাবতারেভ্যঃ, একাদশরুদ্রেভ্যঃ, দ্বাদশাদিত্যেভ্যঃ, পার্ব্বত্যৈ, অষ্টবসুভ্যঃ, ব্যাসায়, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, পূতনায়ৈ, চতুর্ব্বেদেভ্যঃ, অস্ত্রেভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ, চিত্রিতদেবেভ্যঃ—এই সমস্ত দেবতাগণের অর্চ্চনা এবং বলিদান, দুর্গামন্ত্র জপ, চণ্ডীপাঠাদি ও পূজাবসানে ভোগ দিতে হয়।

এই দিবসে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কন পূর্ব্বক তদুপরি পূর্ব্বাদি অষ্টদিকে ও মধ্যভাগে নয়টি ঘট স্থাপন করত তদুপরি শ্বেত, পীত, কৃষ্ণ, নীল, ধূম্র, কর্পূর, লোহিত, শ্যাম আটটি এবং নানাবর্ণ-যুক্ত একটি এই নয়টি পতাকা উড্ডীন করিবে।

হরিদ্রাচূর্ণ, বিল্বপত্রচূর্ণ, তণ্ডুলচূর্ণ, কুসুম্ভচূর্ণ ও শস্যহীন দগ্ধ-ধান্য-চূর্ণ

দ্বারা সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কন করিবে। প্রথমে একটি চতুরস্র অঙ্কন পূর্ব্বক কর্ণসূত্রপাত করিয়া তাহাকে চারি কোষ্ঠে ভাগ করিবে। পুনরায় চতুঃকোষ্ঠের মধ্যে কর্ণসূত্রপাত করিয়া যাহাতে ঐ সকল কোষ্ঠমধ্যে সকল কর্ণরেখা অঙ্কিত হইতে পারে, তদ্রূপ করিতে হয়। অনন্তর পূর্ব্ব-পশ্চিমে ও উত্তর-দক্ষিণে দুই দুইটি রেখাপাত করিবে। যতক্ষণ দুই শত ছাপ্পান্ন কোষ্ঠ না হয়, তাবৎ ঐ প্রণালীতে সূত্রপাত ও কোণসূত্রপাত করত রেখা অঙ্কন করিবে। পরে মধ্যস্থ ষট্‌ত্রিংশৎ কোষ্ঠে সুলক্ষণ পদ্ম অঙ্কন পূর্ব্বক তদ্বাহে এক পংক্তিতে পীঠ ও পংক্তিযুগলে বীথি, তাহার বাহিরে পংক্তি-যুগলে দ্বার, শোভা ও উপশোভা অঙ্কন করিবে। পদ্মক্ষেত্রের দ্বাদশাংশ পরিত্যাগ পূর্ব্বক অবশিষ্ট ক্ষেত্রকে সমভাগে তিন ভাগ করিবে। প্রথম ভাগ কর্ণিকাস্থান, দ্বিতীয় কেশরস্থান ও তৃতীয় ভাগ পত্রস্থান কল্পিত করত প্রথম ভাগে কর্ণিকা, দ্বিতীয় ভাগে কেশর এবং তৃতীয় ভাগে পদ্মপত্র আঁকিবে। বাহ্যবৃত্তের অন্তরালপরিমাণে দিক্‌চতুষ্টয়ে দলাগ্র সকল অঙ্কন করিতে হয়। প্রত্যেক পত্রের মূলে দুই দুইটি কেশর কল্পিত হইবে। ইহারই নাম সাধারণ পদ্ম। পরে পীঠক্ষেত্রের কোণচতুষ্টয়ে তিন তিনটি কোষ্ঠে চারিটি পীঠকোণ প্রস্তুত করিবে। পীঠক্ষেত্রের অবশিষ্ট পীঠগাত্র কল্পনা করত তদ্বাহে পংক্তি-যুগলে বীথিস্থান মার্জ্জনা করিবে। পরে চতুর্দ্দিকে সর্ব্ববাহ্য পংক্তি-যুগলের মধ্যভাগে বাহ্য পংক্তির চারিকোষ্ঠ এবং তাহার উপর পংক্তির দুই কোষ্ঠ এই ছয় কোষ্ঠে দ্বার, ঐ প্রকার এক কোষ্ঠ ও তিন কোষ্ঠ এই চারি কোষ্ঠে শোভা এবং শোভাদ্বয়ের পার্শ্বে এক কোষ্ঠ ও তিন কোষ্ঠ এই চারি কোষ্ঠে উপশোভা অঙ্কন করা বিধেয়। অবশিষ্ট ছয় ছয় কোষ্ঠে চারিটি কোণ সম্মার্জ্জন করিতে হয়। এই প্রকারে চতুর্দ্দিকে চারি দ্বার, দ্বারের দুই পার্শ্বে দুইটি করিয়া শোভা এবং শোভা-যুগলের পার্শ্বে দুই দুইটি করিয়া উপশোভা মার্জ্জনা করা কর্ত্তব্য। ইহাতে চারি দ্বার, আটটি শোভা ও উপশোভা হয়। তদনন্তর এই রমণীয় মণ্ডল, পঞ্চবর্ণ চূর্ণ দ্বারা চিত্রিত করা উচিত। এক অঙ্গুলী উৎসেধ ( বেধপ্রমাণে ) শ্বেতবর্ণ দ্বারা সীমারেখা চিত্রিত করত পীতবর্ণ দ্বারা কর্ণিকা, লোহিতবর্ণ দ্বারা কেশর ও শ্বেতবর্ণ দ্বারা পত্র সকল রঞ্জিত করত শ্যামল বর্ণে সমস্ত সন্ধিস্থান চিত্রিত করিতে হয়। অন্যান্য নিয়ম ও চিত্র সাধারণপ্রকরণে সর্ব্বতোভদ্রমণ্ডল দ্রষ্টব্য।

মহাষ্টমী-পূজা।—পুরোহিত নিত্যক্রিয়া সমাপনান্তে সপ্তমীপূজার নিয়মে দন্তকাষ্ঠ নিবেদন হইতে নবপত্রিকা-পূজা যাবৎ সমস্ত সম্পাদন করিবেন। কেবল প্রাণপ্রতিষ্ঠা, আবাহন ইত্যাদি নাই; সপ্তমীবিহিত আবরণপূজাও নাই। প্রতিমাস্থদেবতাপূজা আছে। অষ্টমীদিনের আবরণপূজা নিম্নে লিখিত হইল, যথা—

"হ্রাং হৃদয়ায় নমঃ" এই প্রণালীতে ষড়ঙ্গের অর্চ্চনা করত মণ্ডলের অষ্টদিকে ও মধ্যে নবঘট স্থাপন পূর্ব্বক নবশক্তির আবাহন করত অর্চ্চনা ও নমস্কার করিবে, যথা—"ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ।" (নমস্কার)—"ওঁ উগ্রচণ্ডা তু বরদা মধ্যাহ্নার্কসমপ্রভা। সা মে সদাস্তু বরদা তস্যৈ নিত্যং নমো নমঃ ॥ ১ ॥" "ওঁ হ্রীং শ্রীং প্রচণ্ডায়ৈ নমঃ।" (নমস্কার)—"ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং প্রচণ্ডগণসংস্থিতে। সর্ব্বানন্দকরে দেবি তুভ্যং নিত্যং নমো নমঃ ॥ ২ ॥" "ওঁ হ্রীং শ্রীং চণ্ডোগ্রায়ৈ নমঃ।" (নমস্কার)—"ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং সর্ব্বভূতাভয়প্রদা। দেবি ত্বং সর্ব্বকার্য্যেষু বরদা ভব শোভনে ॥ ৩ ॥" "ওঁ হ্রীং শ্রীং চণ্ডনায়িকায়ৈ নমঃ।" (নমস্কার)—"ওঁ যা সিদ্ধিরিতি নাম্না চ দেবেষু বরদায়িনী। কলিকল্মষনাশায় নমামি চণ্ডনায়িকাম্ ॥ ৪ ॥" "ওঁ হ্রীং শ্রীং চণ্ডায়ৈ নমঃ।" (নমস্কার)—"ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডারিবিজয়প্রদে। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব ॥ ৫ ॥" "ওঁ হ্রীং শ্রীং চণ্ডবত্যৈ নমঃ।" (নমস্কার)—"ওঁ যা সৃষ্টিস্থিতি-সংহার-গুণত্রয়সমন্বিতা। যা পরাঃ শক্তয়স্তস্যৈ চণ্ডবত্যৈ নমো নমঃ ॥ ৬ ॥" "ওঁ হ্রীং শ্রীং চণ্ডরূপায়ৈ নমঃ ॥" (নমস্কার)—"ওঁ চণ্ডরূপাত্মিকা চণ্ডা চণ্ডনায়কনায়িকা। সর্ব্বসিদ্ধিপ্রদা দেবী তস্যৈ নিত্যং নমো নমঃ ॥ ৭ ॥" "ও হ্রীং শ্রীং অতিচণ্ডিকায়ৈ নমঃ।" (নমস্কার)—"ওঁ বালার্কারুণনয়না সর্ব্বদা ভক্তবৎসলা। চণ্ডাসুরস্য মথনী বরদাস্ত্বতিচণ্ডিকা ॥৮॥" "ওঁ হ্রীং শ্রীং রুদ্রচণ্ডায়ৈ নমঃ।" (নমস্কার)—"ওঁ রুদ্রচণ্ডে নমস্তুভ্যং চণ্ডবৈরিবিনাশিনি। সর্ব্বপাপহরে দেবি বরদা ভব সর্ব্বদা ॥ ৯ ॥"

চতুঃষষ্টি যোগিনীর অর্চ্চনা।—পদ্মের প্রত্যেক দলে আটটি করিয়া যোগিনীর আবাহন পূর্ব্বক অর্চ্চনা ও নমস্কার করিবে। যথা—"হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ।" এই প্রণালীতে—চণ্ডিকায়ৈ, রৌদ্র্যৈ, গৌর্য্যৈ, ইন্দ্রাণ্যৈ, কৌমার্য্যৈ, ভৈরব্যৈ, দুর্গায়ৈ, দুর্গপারায়ৈ, নারসিংহ্যৈ, কালিকায়ৈ, চামুণ্ডায়ৈ, শিবদূত্যৈ, বারাহ্যৈ, কৌশিক্যৈ, বৈষ্ণব্যৈ, মাহেশ্বর্য্যৈ, শাঙ্কর্য্যৈ, জয়ন্ত্যৈ, মঙ্গলায়ৈ, কাল্যৈ, মেধায়ৈ, শিবায়ৈ, শাকম্ভর্য্যৈ, ভীমায়ৈ, শান্তায়ৈ, ভ্রামর্য্যৈ, রুদ্রাণ্যৈ,

চণ্ডিকায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ,স্বধায়ৈ,অপর্ণায়ৈ, মহোদর্য্যৈ, মহাকাল্যৈ, কপালিন্যৈ, ক্ষেমঙ্কর্য্যৈ, উগ্রচণ্ডায়ৈ, চণ্ডনায়িকায়ৈ, চণ্ডায়ৈ, চণ্ডবত্যৈ, চণ্ড্যৈ, মহামোহায়ৈ, প্রিয়ঙ্কর্য্যৈ, বলপ্রমথন্যৈ, বলবিকরণ্যৈ, সর্ব্বভূতদমন্যৈ, উমায়ৈ, তারায়ৈ, তামস্যৈ, মহানিদ্রায়ৈ, বিজয়ায়ৈ, শৈলপুত্র্যৈ, চণ্ডিকায়ৈ, চণ্ডঘণ্টায়ৈ, যোগিন্যৈ, কুষ্মাণ্ড্যৈ, স্কন্দমাত্রে, কাত্যায়ন্যৈ, কালরাত্র্যৈ, মহাগৌর্য্যৈ।

আবাহন পূর্ব্বক "হ্রীং শ্রীং কোটিযোগিনীভ্যো নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে কোটিযোগিনীর অর্চ্চনা করত দেবীঘটে মণ্ডলের নবঘটস্থ নবদুর্গার আবাহন করিয়া "ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ" এই প্রণালীতে অর্চ্চনা করত নমস্কার করিবে, যথা—"ওঁ চতুর্ম্মুখীং জগদ্ধাত্রীং হংসারূঢ়াং বরপ্রদাম্। সৃষ্টিরূপাং মহাভাগাং ব্রহ্মাণীং তাং নমাম্যম্॥" এই নিয়মে "ওঁ হ্রীং শ্রীং মাহেশ্বর্য্যৈ নমঃ।" নমস্কার—"ওঁ বৃষারূঢ়াং শুভাং শুভ্রাং ত্রিনেত্রাং বরদাং শিবাম্। মাহেশ্বরীং নমাম্যত্ত সৃষ্টিসংহারকারিণীম্॥" "ওঁ হ্রীং শ্রীং কৌমার্য্যৈ নমঃ।" নমস্কার—"ওঁ কৌমারীং পীতবসনাং ময়ূরবরবাহনাম্। শক্তিহস্তাং সিতাঙ্গীং তাং নমামি বরদাং শুভাম্॥" "ওঁ হ্রীং শ্রীং বৈষ্ণব্যৈ নমঃ।" নমস্কার—"ওঁ শঙ্খচক্রগদাপদ্মধারিণীং বিষ্ণুরূপিণীম্। স্থিতিরূপাং খগেন্দ্রস্থাং বৈষ্ণবীং তাং নমাম্যহম্॥" "ওঁ হ্রীং শ্রীং বারাহ্যৈ নমঃ।" নমস্কার—"ওঁ বরাহরূপিণীং দেবীং দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরাম্। শুভদাং পীতবসনাং বারাহীং তাং নমাম্যহম্॥" "ওঁ হ্রীং শ্রীং নারসিংহ্যৈ নমঃ।" নমস্কার—"ওঁ নৃসিংহরূপিণীং দেবীং দৈত্যদানবদর্পহাম্। শুভাং শুভপ্রদাং শুভ্রাং নারসিংহীং নমাম্যহম্॥" "ওঁ হ্রীং শ্রীং ইন্দ্রাণ্যৈ নমঃ।" নমস্কার—"ওঁ ইন্দ্রাণীং গজকুম্ভস্থাং সহস্রনয়নোজ্জ্বলাম্। নমামি বরদাং দেবীং সর্ব্বদেবৈর্নমস্কৃতাম্॥" "ওঁ হ্রীং শ্রীং চামুণ্ডায়ৈ নমঃ" নমস্কার—"ওঁ চামুণ্ডাং মুণ্ডমথনীং মুণ্ডমালাবিভূষিতাম্। অট্টহাসমুদিতাং নমাম্যাত্মবিভূতয়ে।" "ওঁ হ্রীং শ্রীং কাত্যায়ন্যৈ নমঃ।" নমস্কার—"ওঁ কাত্যায়নীং দশভুজাং মহিষাসুরমর্দ্দিনীম্। প্রসন্নবদনাং দেবীং বরদাং তাং নমাম্যহম্॥" "ওঁ হ্রীং শ্রীং নবদুর্গায়ৈ নমঃ।" নমস্কার—"ওঁ চণ্ডিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥"

তৎপরে আবাহন করত "ওঁ হ্রীং শ্রীং জয়ন্ত্যৈ নমঃ" মন্ত্রে অর্চ্চনা করিবে। এই নিয়মে মঙ্গলায়ৈ, কাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, 'দুর্গায়ৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ। তৎপরে দেবীর অস্ত্র-সকলের আবাহন, অর্চ্চনা ও নমস্কার করিবে, যথা—

"ওঁ ত্রিশূলায় নমঃ।" নমস্কার—"ওঁ সর্ব্বায়ুধানাং প্রথমো নির্ম্মিতস্ত্বং পিনাকিনা। শূলাৎ সারং সমাকৃষ্য মুষ্টিগ্রাহং কৃতং শুভম্॥ (কৃত্বা মুষ্টিপরিগ্রহম্), "ওঁ খড়্গায় নমঃ।" নমস্কার—"ওঁ অসির্ব্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে॥" "ওঁ চক্রায় নমঃ।" নমস্কার—"ওঁ চক্রস্ত্বং বিষ্ণুরূপোঽসি বিষ্ণুপাণৌ সদা স্থিতঃ। দেবীহস্তস্থিতো নিত্যং সুদর্শন নমোঽস্তু তে॥ "ওঁ তীক্ষ্ণবাণায় নমঃ।" নমস্কার—"ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠোঽসি দৈত্যসেনানিসূদনঃ। ভয়েভ্যঃ সর্ব্বতো রক্ষ তীক্ষ্ণবাণ নমোঽস্তু তে॥" "ওঁ শক্তয়ে নমঃ।" নমস্কার—"ওঁ শক্তিস্ত্বং সর্ব্বদেবানাং গুহস্য চ বিশেষতঃ। শক্তিরূপেণ সর্ব্বত্র রক্ষাং কুরু নমোঽস্তু তে॥" "ওঁ পূর্ণচাপায় নমঃ।" নমস্কার—"ওঁ সর্ব্বায়ুধ-মহামাত্র সর্ব্বদেবারিসূদন। চাপ মাং সর্ব্বতো রক্ষ সাকং সায়কসত্তমৈঃ॥" "ওঁ পাশায় নমঃ।" নমস্কার—"ওঁ পাশ ত্বং নাগরূপোঽসি বিষপূর্ণো বিষোদরঃ। শত্রূণাং দুঃসহো নিত্যং নাগপাশ নমোঽস্তু তে॥" "ওঁ অঙ্কুশায় নমঃ।" নমস্কার—"ওঁ অঙ্কুশোঽসি নমস্তুভ্যং গজানাং নিয়মঃ সদা। লোকানাং সর্ব্বরক্ষার্থং বিধৃতঃ পার্ব্বতীকরে॥" "ওঁ ঘণ্টায়ৈ নমঃ।" নমস্কার—"ওঁ হিনস্তি দৈত্যতেজাংসি স্বনেনাপূর্য্য যা জগৎ। সা ঘণ্টা পাতু নো দেবি পাপেভ্যোঽনঃ সুতানিব॥" "ওঁ পরশবে নমঃ।" নমস্কার—ওঁ পরশো ত্বং মহাতীক্ষ্ণঃ সর্ব্বদেবারিসূদনঃ। দেবীহস্তে স্থিতো নিত্যং শত্রুক্ষয় নমোঽস্তু তে॥" "ওঁ সর্ব্বায়ুধধারিণ্যৈ দুর্গায়ৈ নমঃ।" নমস্কার—"সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠানি যানি যানি ত্রিপিষ্টপে। তানি তানি দধত্যৈ তে চণ্ডিকায়ৈ নমোঽস্বিকে॥" "ওঁ কিরীটাদিভ্যো দেব্যঙ্গপ্রত্যঙ্গভূষণেভ্যো নমঃ। ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহাসনায় নমঃ।" নমস্কার—"ওঁ আসনঞ্চাসি ভূতানাং নানালঙ্কারভূষিতম্। মেরুশৃঙ্গপ্রতীকাশ সিংহাসন নমোঽস্তু তে॥" "ওঁ মহিষাসুরায় নমঃ॥ ওঁ দেশবাসিন্যৈ নমঃ॥"

পরে নিম্নকথিত দেবতাদিগের আবাহন করত অর্চ্চনা করিবে, যথা—"ওঁ শ্রীং সিদ্ধপুত্রবটুকায় নমঃ।" এই নিয়মে—"জ্ঞানপুত্রবটুকায়, সহজপুত্রবটুকায়, শেষপুত্রবটুকায়, সময়পুত্রবটুকায়।" অনন্তর—"ওঁ হেতুকায় ক্ষেত্রপালায় নমঃ।" এই নিয়মে—"ত্রিপুরায় ক্ষেত্রপালায়।" সর্ব্বত্র ক্ষেত্রপাল যোগ হইবে। "অগ্নিজিহ্বায়, অগ্নিবেতালায়, কালায় করালায়, একপাদায়, ভীমনাথায়।" মণ্ডলের চারিদিকে—"ওঁ অসিতাঙ্গায় ভৈরবায় নমঃ।" এই নিয়মে—"রুরবে ভৈরবায়, চণ্ডায়, ক্রোধায়, উন্মত্তায়, ভয়ঙ্করায়, কপালিনে, ভীষণায়, সংহারায়।"

তৎপরে সপ্তমীপূজার নিয়মে পূর্ব্বদিকে লোকপালের অর্চ্চনা করত সর্ব্বাধার-স্বরূপিণী দেবীকে বিশেষ প্রকারে ভাবনা করত তিনটি পুষ্পাঞ্জলি দিয়া মহিষাসুরাদি প্রতিমাস্থ দেবগণের অর্চ্চনা করিবে। পরে ছাগাদি বলি দিয়া আরাত্রিক, প্রাণায়াম, জপ, জপ-সমর্পণ, পুনঃ প্রাণায়াম, স্তবকবচপাঠ ও কুমারীপূজাদি করিতে হয়।

---

## বৈদিক-কুমারীপূজা।

আচমন, স্বস্তিবাচন, "সূর্য্যঃ সোম" পাঠ প্রভৃতি সম্পাদন করিয়া নিম্নোক্ত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা গৌরীলোকগমনকামো (গৌরীপ্রীতিকামো বা) গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বককুমারীপূজনমহং করিষ্যে।

অনন্তর সঙ্কল্পসূক্ত পাঠ, সামান্যার্ঘ্য-স্থাপন, আসনশুদ্ধ্যাদি ও মাতৃকান্যাস প্রভৃতি করিয়া গণেশাদিদেবতার অর্চ্চনা করিবে। তৎপরে গন্ধ-বস্ত্রালঙ্কার-সমন্বিতা কুমারীর চরণযুগল ধৌত করিয়া মুছাইয়া অলক্তাদি দ্বারা রঞ্জিত করত স্বর্ণ, রজত বা তাম্র-টাটের উপর স্থাপন করিবে। পরে "ওঁ শ্রীং কৌমার্য্যৈ নমঃ" এই মূলমন্ত্রযোগে প্রাণায়াম করিয়া করন্যাস ও অঙ্গন্যাস সমাপনান্তে নিম্নোক্তরূপে কুমারীর ধ্যান করিবে, যথা—

ওঁ কুমারীং কমলারূঢ়াং ত্রিনেত্রাং চন্দ্রশেখরাম্। তপ্তকাঞ্চনবর্ণাভাং নানালঙ্কারভূষিতাম্॥ রক্তাম্বরপরীধানাং রক্তমাল্যানুলেপনাম্। বামেনাভয়দাং ধ্যায়েদ্দক্ষিণেন বরপ্রদাম্॥

পরে মানসোপচারপূজা ও পুনর্ব্বার ধ্যানান্তে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। তৎপরে কৌশিকী, গঙ্গা, সরস্বতী, যমুনা, বেগবতী, নারদ, বৈষ্ণবী, বিষ্ণু, পদ্মা, শঙ্খ, শ্বেতদ্বীপ, পবন, ঘোরা, ঘোররূপা, মেনকা, কমলা, সিংহাসন, পদ্ম ও চক্র এই সকলের অর্চ্চনা কর্ত্তব্য। পরে নিম্নলিখিত স্তবপাঠ করিয়া দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিতে হয়।

ওঁ আয়ুর্ব্বলং যশো দেহি ধনং দেহি কুমারিকে। সর্ব্বং সুখঞ্চ মে দেহি প্রসীদ পরমেশ্বরি॥ নমস্তে সর্ব্বতো দেবি সর্ব্বপাপপ্রণাশিনি। সৌভাগ্যং

সন্ততিং দেহি নমস্তেঽস্তু কুমারিকে ॥ সর্ব্বাভীষ্টপ্রদে দেবি সর্ব্বাপদ্বিনিবারিণি। সর্ব্বশান্তিকরে দেবি নমস্তেঽস্তু কুমারিকে॥ ব্রাহ্মী মাহেশ্বরী রৌদ্রী রূপ-ত্রিতয়ধারিণি। অভয়ঞ্চ বরং দেহি নারায়ণি নমোঽস্তু তে॥

সন্ধিপূজা।—অষ্টমী-নবমীর সন্ধিকালে দুই দণ্ডে পূজা কর্ত্তব্য। পুরোহিত আচমনাদি ও সামান্যার্ঘ্যাদি স্থাপন পূর্ব্বক দেবীকে চামুণ্ডারূপিণী ভাবনা করত—"নীলোৎপলদলশ্যামা চতুর্ব্বাহুসমন্বিতা। খট্টাঙ্গং চন্দ্রহাসঞ্চ বিভ্রতী দক্ষিণে করে॥ বামে চর্ম্ম চ পাশঞ্চ ঊর্দ্ধাধোভাগতঃ পুনঃ। দধতী মুণ্ডমালাঞ্চ ব্যাঘ্রচর্ম্মবরাম্বরা। কৃশোদরী দীর্ঘদংষ্ট্রা অতিদীর্ঘাতিভীষণা। লোলজিহ্বা নিম্নরক্ত-নয়নারাবভীষণা॥ কবন্ধবাহনাসীনা বিস্তারশ্রবণাননা। এষা কালী সমাখ্যাতা চামুণ্ডা ইতি কথ্যতে॥" অথবা "ওঁ কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিপাশিনী। বিচিত্রখট্টাঙ্গধরা নরমালাবিভূষণা। দ্বীপিচর্ম্মপরীধানা শুষ্কমাংসাতিভৈরবা। অতিবিস্তারবদনা জিহ্বাললনভীষণা। নিমগ্নারক্তনয়না নাদাপূরিতদিঙ্মুখা।" এই ধ্যানেও পূজা বিহিত আছে। এই ধ্যানে চামুণ্ডার আবাহন করত ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। অনন্তর তৈজসাধারাদি উৎসর্গ করত চতুঃষষ্টিযোগিনীর অর্চ্চনা কর্ত্তব্য। পরে নবমীর প্রথম দণ্ডে বলিদান পূর্ব্বক জপাদি ও দীপমালা উৎসর্গ করিবে। *

মহানবমী-পূজা।—সমস্তই মহাষ্টমীবৎ। প্রভেদ এই যে, যে সকল দেবতার আবাহন অষ্টমীতে হইয়াছে, নবমীতে আর তাঁহাদিগের পুনরাবাহনের প্রয়োজন নাই। পূজাদি শেষ করিয়া নবমীর দিন অষ্টমীবিহিত পূজাবসানে কুশণ্ডিকোক্ত নিয়মে বলদনামক বহ্নি স্থাপন করত "ওঁ অম্বে অম্বিকে

---

* অর্দ্ধরাত্রিপূজা।—স্থানভেদে সপ্তমী, অষ্টমী, সন্ধি এবং নবমী ভিন্ন অর্দ্ধরাত্রিপূজা হয়।

কালিকাপুরাণে—কন্যাসংস্থে রবাবীশে যা শুক্লা তিথিরষ্টমী।
তস্যাং রাত্রৌ পূজিতব্যা মহাবিভববিস্তরৈঃ।

দেবীপুরাণেঽপি—আশ্বিনে শুক্লপক্ষে তু সপ্তমীসহিতাষ্টমী।
রাত্রৌ গ্রাহ্যা দিনে রুদ্ধা যুতা নাস্তংগতা কচিৎ॥

ইত্যাদি বচনালোচনায় কালিকাপুরাণ ও দেবীপুরাণোক্ত পূজায় সামর্থ্যসত্ত্বে অর্দ্ধরাত্রপূজা বিধেয় বলিয়া অবগত হওয়া যায়। যে দিন অর্দ্ধরাত্রে—রাত্রিমান অর্দ্ধ করিয়া পূর্ব্ব ১ দণ্ড ও পর এক দণ্ড অর্থাৎ ২৪ মিনিটকালব্যাপী অষ্টমীযোগ হইবে, সেই দিনই অর্দ্ধরাত্রে উক্ত পূজা হইবে। উভয় দিনে অর্দ্ধরাত্রে অষ্টমী মুহূর্ত্তভঙ্গ হইলে বা মুহূর্ত্তব্যাপিনী অষ্টমীর যোগ হইলে সপ্তমীর দিনেই উক্ত পূজা হইবে। সন্ধিপূজাবৎ, কেবল দেবীর ষোড়শোপচারে অর্চ্চনা ও বলিদান করিবে।

অশ্বালিকে নমানয়তি কশ্চন সশ্বস্তকঃ সুভদ্রিকাং কাম্পিল্যবাসিনীং স্বাহা।” মন্ত্রে অথবা মূলমন্ত্রে সতিল ঘৃতাক্ত ১০৮ বিল্বপত্রযোগে হোম করিবে। পরে দক্ষিণান্ত ও তিলক করিবে। দক্ষিণার বাক্য নিম্নে দ্রষ্টব্য। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে মহানবম্যান্তিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতৈতদ্বর্ষিকশরৎকালীন-শ্রীভগবদ্দুর্গামহাপূজাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতখণ্ডমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীভগবদ্দ-র্গায়ৈ তুভ্যমহং সম্প্রদদে॥ তিলকবিধি কুশণ্ডিকায় দ্রষ্টব্য।

প্রদক্ষিণস্তোত্র।—ওঁ দুর্গাং শিবাং শান্তিকরীং ব্রহ্মাণীং ব্রহ্মণঃ প্রিয়াম্। সর্ব্বলোকপ্রণেত্রীঞ্চ প্রণমামি সদাশিবাম্॥ মঙ্গলাং শোভনাং শুদ্ধাং নিষ্কলাং পরমাং কলাম্। বিশ্বেশ্বরীং বিশ্বমাতাং চণ্ডিকাং প্রণমাম্যহম্॥ সর্ব্বদেবময়ীং দেবীং সর্ব্বরোগভয়াপহাম্। ব্রহ্মেশবিষ্ণুনমিতাং প্রণমামি সদা উমাম্॥ * বিন্ধ্যস্থাং বিন্ধ্যনিলয়াং দিব্যস্থাননিবাসিনীম্। যোগিনীং যোগমায়াঞ্চ চণ্ডিকাং প্রণমাম্যহম্॥ ঈশানমাতরং দেবীমীশ্বরীমীশ্বরপ্রিয়াম্। প্রণতোঽস্মি সদা দুর্গাং সংসারার্ণবতারিণীম্॥ য ইদং পঠতি স্তোত্রং শৃণুয়াদপি যো নরঃ। স মুক্তঃ সর্ব্বপাপেভ্যো মোদতে দুর্গয়া সহ॥ ইতি কুব্জিকাতন্ত্রে দুর্গাস্তোত্রং সমাপ্তম্। ওঁ মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনি। আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তু তে॥ ভূতপ্রেতপিশাচেভ্যো রক্ষোভ্যশ্চ মহেশ্বরি। দেবেভ্যো মানুষেভ্যশ্চ ভয়েভ্যো রক্ষ মাং সদা॥ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। উমে ব্রহ্মাণি কৌমারি বিশ্বরূপে প্রসীদ মে॥ ভগবতি ভয়োচ্ছেদে কাত্যায়নি চ কামদে। কালকৃৎ কৌশিকি ত্বং হিং কাত্যায়নি নমোঽস্তু তে॥ প্রচণ্ডে পুত্রদে নিত্যং সুপ্রীতে সুরনায়িকে। কুলদ্যোতকরে চোগ্রে জয়ং দেহি নমোঽস্তু তে॥ রুদ্রচণ্ডে প্রচণ্ডাসি প্রচণ্ডগণনাশিনি। রক্ষ মাং সর্ব্বতো দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে॥ দুর্গোত্তারিণি দুর্গে ত্বং সর্ব্বাশুভ-বিনাশিনি। ধর্ম্মার্থকামমোক্ষায় নিত্যং মে বরদা ভব॥ প্রচণ্ডে চণ্ডমুণ্ডারে মুণ্ডমালাবিভূষিতে। নমস্তুভ্যং নিশুম্ভারে শুম্ভভীষণকারিণি॥ দুর্গে দুর্গে মহাভাগে ত্রাহি মাংসরসপ্রিয়ে। মহিষাসৃঙ্মদোন্মত্তে প্রণতোঽস্মি প্রসীদ মে॥ হর পাপং হর ক্লেশং হর শোকং হরাশুভম্ হর রোগং হর ক্ষোভং হর মারীং + হরপ্রিয়ে॥ কালি কালি মহাকালি কালিকে কালরাত্রিকে।

* "সদাশিবম্"—পাঠান্তর।

\+ "হর দেবি"—পাঠান্তর।

ধর্ম্মার্থকামসম্পত্তিং দেহি দেবি নমোঽস্তু তে॥ আয়ুর্দ্দদাতু মে কালী পুত্রান্ দেহি সদাশিবে। ধনং দেহি মহামায়ে নারসিংহি যশো মম॥ শিরো মে চণ্ডিকা পাতু কণ্ঠং পাতু মহেশ্বরী। হৃদয়ং পাতু চামুণ্ডা সর্ব্বতঃ পাতু কালিকা॥ আন্ধ্যং কুষ্ঠঞ্চ দারিদ্র্যং রোগং শোকঞ্চ দারুণম্। বন্ধুস্বজনবৈরাগ্যং দুর্গে ত্বং হর দুর্গতিম্॥ রাজ্যং তস্য প্রতিষ্ঠা চ লক্ষ্মীস্তস্য সদা স্থিরা। প্রভুত্বং তস্য সামর্থ্যং যস্য ত্বং মস্তকোপরি॥ নির্বীর্য্যোঽগুণবান্ বাপি সত্যাচারবিবর্জ্জিতঃ। নরঃ পৌরুষমাপ্নোতি যস্য ত্বং মস্তকোপরি॥ জয়ং দেহি মহামায়ে জগতশ্চাপরাজিতে। ত্রৈলোক্যস্বামিনী ত্বং হি ক্ষুৎপিপাসার্ত্তিনাশিনী॥ ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং সফলং জীবিতং মম। আগতাসি যতো দুর্গে মাহেশ্বরি মদাশ্রয়ম্॥ অর্ঘ্যং পুষ্পঞ্চ নৈবেদ্যং মাল্যং মলয়বাসিনি। গৃহাণ বরদে দেবি কল্যাণং কুরু মে সদা॥ কৃতা পূজা ময়া ভক্ত্যা নবদুর্গে সুরার্চ্চিতে। ভুক্ত্বা ভোগান্ বরান্ দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্॥ ইয়ং সাংবৎসরী পূজা যা কৃতা দেবি তে ময়া। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বরি। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥ কায়েন মনসা বাচা কর্ম্মণা যৎ কৃতং ময়া। তৎসর্ব্বং পরিপূর্ণং মে ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥

বিজয়া-দশমী।—কৃতনিত্যক্রিয় হইয়া আচমন ও ন্যাসাদি-সমাপনান্তে দশোপচারে দেবীর এবং পঞ্চোপচারে গণেশাদি দেবতাগণের অর্চ্চনা করত "ওঁ দুর্গাং শিবাং শান্তিকরীং"—প্রভৃতি স্তব পাঠ ও প্রদক্ষিণ করিবে। পরে পর্য্যুষিতান্ন, চিপিটকাদি দধিকরম্ভ ও ভোজ্য উৎসর্গ করিয়া আরাত্রিক ও প্রণাম করিবে। অনন্তর করপুটে পাঠ্য, যথা—

ওঁ বিধিহীনং ভক্তিহীনং ক্রিয়াহীনং যদর্চ্চিতম্। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥

পরে দেবী-অঙ্গে নিখিল আবরণদেবতাকে লীন ভাবনা করত ঘটে কিঞ্চিৎ জল দিয়া "ওঁ হ্রীং দুর্গে দেবি ক্ষমস্ব" বলিবে।

পরে সংহারমুদ্রাযোগে ত্রিকোণমণ্ডলে ঘট হইতে পুষ্প আনিয়া যোনিমুদ্রা প্রদর্শন পূর্ব্বক "ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ" ও "ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ" মন্ত্রে নির্ম্মাল্যবাসিনীর ও চণ্ডেশ্বরীর অর্চ্চনা করিবে। তদনন্তর দেবীর আসন ধারণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্র পড়িবে, যথা—

ওঁ কৃতা পূজা ময়া ভক্ত্যা কল্যাণং কুরু মে সদা। ভুক্ত্বা ভোগান্ বরান্ দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্॥ ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ।

কুরুষ মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং যত্র দেবো মহেশ্বরঃ। সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ॥ গৃহীত্বা শারদীং পূজাং সমস্তাং শঙ্করপ্রিয়ে। গচ্ছ দেবি মহামায়ে অষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ যথাশক্তি কৃতা পূজা ভক্ত্যা কমললোচনে। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। ব্রজ স্রোতোজলে বৃদ্ধ্যৈ স্থাপিতাসি জলে ত্বিহ॥ নিমজ্জ্যাম্ভসি সংপূজ্য পত্রিকা বর্জ্জিতা জলে। পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি জলে ময়া॥

পরে নির্ম্মাল্যজলপূরিত পাত্রে দর্পণ বিসর্জ্জন, অচ্ছিদ্রাবধারণ বৈগুণ্যসমাধান করিয়া নমস্কার করিবে। তদনন্তর শান্তি করিতে হয়।

শান্তি।—ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবযন্তস্তেমহে উপপ্রয়ন্তু মরুতঃ সুদানব ইন্দ্র প্রাসূর্ভবা সচা।" এই মন্ত্রোচ্চারণ সহকারে দেবীঘট তুলিয়া তজ্জলে পল্লব দ্বারা শান্তি করিবে।—"ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু"—ইত্যাদি শান্তিমন্ত্র অগ্রে পাঠ করত স্ব স্ব বেদোক্ত শান্তিমন্ত্র পাঠ্য।

---

দেবীপুরাণ-বিহিত

## দুর্গাপূজা।

বোধন। ষষ্ঠীবোধনে।—সায়ংসময়ে বিল্বতরুর নিকটে গিয়া বোধন করিবে। নবমী-বোধনে—আর্দ্রানক্ষত্র-যোগকালে দিবাভাগে, নক্ষত্রযোগ না হইলে পূর্ব্বাহ্ণে বোধন করিবে। নিত্যক্রিয়া সমাপনান্তে শুদ্ধাসনে বসিয়া স্বস্তিবাচন ও "ওঁ সূর্য্যঃ সোম" মন্ত্র পাঠ করিয়া নিম্নলিখিত বাক্যে পাপাপনোদন করিবে, যথা—

"অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পূজকের নাম ও গোত্র উচ্চার্য্য) কর্ত্তব্য-বার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গাবোধনকর্ম্মাধিকারপ্রতিবন্ধক-পাপাপনোদন-কাম ওঁ দেবি ত্বমিত্যাদি-মন্ত্রদ্বয়-জপমহং করিষ্যে॥"

তৎপরে করপুটে দুইটি মন্ত্র পড়িবে, যথা—

"ওঁ দেবি ত্বং প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম। তন্নিঃসারয় চিত্তান্মে

পাপং হুং ফট্ চ তে নমঃ ॥ ১ ॥ ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ বৈ। এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব সাক্ষিণঃ ॥ ২ ॥"

তদনন্তর দিব্যদৃষ্টিতে উর্দ্ধ, অধ ও পার্শ্বযুগল দর্শন করত স্থিরমনা হইবে। * তৎপরে কুশ-তিল-পুষ্পান্বিত বারিপূর্ণ তাম্রাধার লইয়া নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্ববাধাপ্রশমনপূর্ব্বকদীর্ঘায়ুষ্ট্বাতুলধনধান্যপুত্র-পৌত্রাদি-সম্পত্তি-কামঃ শ্রীদুর্গাপ্রীতিকামো বা দেবীপুরাণোক্তবিধিনা বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়াঃ স্বকর্ত্তব্য-বার্ষিকশরৎকালীন-শ্রীভগবদ্দুর্গামহাপূজাঙ্গীভূত-নানাদেবতাপূজাপূর্ব্বক-বোধনমহং করিষ্যে ॥"

পরে স্বশাখোক্ত সূক্তমন্ত্র পাঠ, ঘটস্থাপন, সামান্যার্ঘ্যস্থাপন, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, ওঁ খর্ব্বং স্থূলতনুং" ধ্যান ও "ওঁ গাং গণেশায় নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে গণেশ, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল, মৎস্যাদি দশ অবতার, গঙ্গা, যমুনা, মনসা, লক্ষ্মী ও সরস্বতীর অর্চ্চনা করিবে। অনন্তর সিদ্ধার্থ লইয়া বিকীর্ণ করত বিঘ্নাপসারণ করিবে। মন্ত্র যথা—

"ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে যে চান্যে বিঘ্নকারকাঃ ॥ বিনায়কা বিঘ্নকরা মহোগ্রা যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ। সিদ্ধার্থকৈর্বজ্রসমানকল্পৈর্ম্ময়া নিরস্তা বিদিশঃ প্রয়ান্তু ॥"

পরে হ্রীং মন্ত্রে প্রাণায়াম, পীঠন্যাস "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি প্রণালীতে করাঙ্গন্যাস, পীঠন্যাস, ব্যাপকন্যাস ও "ওঁ জটাজূট" ধ্যান করিয়া নিজ শিরোদেশে ফুল দিয়া মানসোপচারে অর্চ্চনা, বিশেষার্ঘ্যস্থাপন "ওঁ হ্রীং ভগবতি দুর্গে দেবি ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ" বলিয়া আবাহন, এতৎ পাদ্যং "ওঁ জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ" * মন্ত্রে দেবীর অর্চ্চনা ও "ওঁ বিল্ববৃক্ষায় নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে বিল্ববৃক্ষের অর্চ্চনা করত মাষভক্ত বলি দিবে, যথা—

অগ্রে করপুটে—"ওঁ ক্ষেত্রপালাদয়ঃ সর্ব্বে সর্ব্বশান্তিফলপ্রদাঃ। পূজাবিঘ্ন-বিনাশায় মম গৃহ্ণন্ত্বিমং বলিম্ ॥" এই মন্ত্র পড়িয়া "এষ মাষভক্তবলিঃ ওঁ

* ষষ্ঠীবোধনে ঐ মন্ত্র পাঠ্য নহে। সর্ব্বসম্মত নহে, না করিলেও ক্ষতি নাই।

ক্ষেত্রপালাদিভ্যো নমঃ" মন্ত্রে বলি দিবে। এই প্রণালীতে "ওঁ ভূতদৈত্য-পিশাচাশ্চ গন্ধর্ব্বা রক্ষসাং গণাঃ। সিদ্ধিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ॥" "ওঁ ডাকিনী যোগিনী চৈব মাতরো দেবযোনয়ঃ। নানারূপধরা নিত্যং মম গৃহ্ণন্ত্বিমং বলিম্। এষ মাষভক্তবলিঃ ওঁ ডাকিন্যাদিভ্যো নমঃ।" এবং "ওঁ আদিত্যাদিগ্রহা যে চ কুষ্মাণ্ডা রাক্ষসাশ্চ যে। ইন্দ্রাদ্যাশ্চৈব দিক্‌পালা মম গৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ আদিত্যাদিভ্যো নমঃ।" মন্ত্রে বলি দিবে। পরে পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা পূর্ব্বদিক্‌স্থিত বিল্বশাখাকে তত্তন্মন্ত্রে অভিমন্ত্রিত করত সেই শাখায় দেবীর বোধনার্থ করপুটে এই মন্ত্র পড়িবে, যথা—

নবমীবোধনে—"ওঁ ইষে মাস্যসিতে পক্ষে নবম্যামার্দ্রযোগতঃ। শ্রীবৃক্ষে বোধয়ামি ত্বাং যাবৎ পূজাং করোম্যহম্। ওঁ ঐ রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্বয়ি কৃতঃ পুরা॥ অহমপ্যাশ্বিনে তদ্বদ্বোধয়ামি সুরেশ্বরীম্। শক্রেণাপি চ সংবোধ্য প্রাপ্তং রাজ্যং সুরালয়ে॥ তস্মাদহং ত্বাং প্রতিবোধয়ামি বিভূতিরাজ্যপ্রতিপত্তিহেতোঃ। যথৈব রামেণ হতো দশাস্যস্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি॥ তস্মাৎ তিষ্ঠ মহাভাগে যাবৎ পূজাং করোম্যহম্। মূলে সমাগতে শুক্লসপ্তম্যামাগমিষ্যসি। দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি যথাসুখম্॥" ষষ্ঠীতে বোধন হইলে "তদ্বদ্বোধয়ামি সুরেশ্বরীং" স্থানে "ষষ্ঠ্যাং সায়াহ্নে বোধয়ামি বৈ" পাঠ্য। পরে পত্রিকাপ্রবেশের অব্যবহিত পূর্ব্বদিনে সায়ংকালে (সঙ্কল্প পূর্ব্বক সঙ্কল্লাদিবিধি বৃহন্নন্দিকেশ্বরপুরাণোক্ত পূজায় লিখিত হইয়াছে) বিল্ববৃক্ষকে আমন্ত্রণ করিবে, মন্ত্র যথা—

"ওঁ মেরুমন্দর-কৈলাস-হিমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদা প্রিয়ঃ। শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো দুর্গাস্বরূপতঃ॥"

অনন্তর "ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ" মন্ত্রে কাণ্ডচতুষ্টয় আরোপণ পূর্ব্বক "ওঁ সূত্রামাণং পৃথিবীং" মন্ত্রে সপ্তধা সূত্র আবেষ্টন, পূর্ব্ববৎ অচ্ছিদ্রাবধারণাদি করিতে হয়।

অধিবাস।—নিত্যক্রিয়া সমাপন, শুদ্ধাসনে উপবেশন, আচমন, স্বস্তিবাচন, "সূর্য্যঃ সোমঃ" মন্ত্র পাঠ, (পূর্ব্ববৎ পাপাপনোদন প্রভৃতি করিয়া) ফল-পুষ্প-তিল-জলান্বিত তাম্রাধার লইয়া সঙ্কল্প করিবে, বাক্য যথা,—

"বিষ্ণুরো তৎসদন্ত আশ্বিনে মাসি শুক্লে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্ববাধাপ্রশমনপূর্ব্বক-দীর্ঘায়ুষ্ট্বাতুল-ধনধান্য-পুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্নসন্ততিপ্রাপ্তিকামঃ (শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামো বা) শ্বঃকর্ত্তব্যবার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গা-মহাপূজাঙ্গীভূত-বিল্ববৃক্ষাধিকরণক-শ্রীভগবদ্দুর্গা-শুভাধিবাসনকর্ম্মাহং করিষ্যে ॥"

পরে স্বশাখোক্ত সূক্তপাঠ, ঘটস্থাপন, শ্বেতসর্ষপ দ্বারা "ওঁ বেতালাশ্চ" মন্ত্রে ভূতাপসারণ, "এতৎ পাদ্যং ওঁ ভূতগণেভ্যো নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে ভূতগণের অর্চ্চনা এবং মাষভক্তবলি লইয়া "ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাৎ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্ ॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ" মন্ত্রে বলি দিবে। অনন্তর সামান্যার্ঘ্য-স্থাপন, ভূতাপসারণ, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, গণেশাদি দেবতাগণের পূজা, পূর্ব্ববৎ প্রাণায়াম, করাঙ্গন্যাস এবং "ওঁ জটাজুট" ধ্যান (দেবীপুরাণোক্ত পূজায় লিখিত আছে) করিয়া নিজ শিরোদেশে ফুল দিয়া মানসোপচারে দেবীর অর্চ্চনা করিবে। অনন্তর বিশেষার্ঘ্যস্থাপন করত পুনঃ করাঙ্গন্যাসাদি করিয়া পূর্ব্ববৎ দেবীর ধ্যান ও আবাহনাদি করত পূজা করিবে। পূজাবসানে দেবীর মন্ত্র জপ ও জপসমর্পণ পূর্ব্বক "ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে" মন্ত্রে প্রণাম করিবে। পরে পাদ্যাদিযোগে বিল্বতরুর পূজা করিবে। অনন্তর করপুটে নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

"ওঁ অদ্য প্রাপ্তাসি দেবি ত্বং নমস্তে শঙ্করপ্রিয়ে। দুর্গে দেবি সমুত্তিষ্ঠ অহং ত্বামধিবাসয়ে ॥"

তৎপরে প্রশস্তিবন্দনোক্ত বস্তুজাত দ্বারা বিল্বতরুতে ও ঘটে দেবীর অধিবাস করিয়া মণ্ডপে প্রত্যাগমন করত ঐ সমস্ত বস্তু দ্বারা দেবীর, নবপত্রিকার ও খড়্গাদর্পণের অধিবাস কর্ত্তব্য (অধিবাসবিধি সামান্য কাণ্ড দেখ) এবং প্রতিমার আসনের চতুর্দ্দিকে চারিটি কাণ্ড আরোপণ ও সূত্রবেষ্টন করিতে হয়।

সপ্তমী-পূজা।—সপ্তমী-দিবসে নিত্যক্রিয়াসমাপনান্তে মৃন্ময়ী দেবীর নিকটে গিয়া দেবীর বামকরে দেবীগায়ত্রী পাঠ পূর্ব্বক সূত্রবন্ধন করিয়া শুদ্ধাসনে বসিবে। অনন্তর স্বশাখোক্ত স্বস্তিবাচন ও "সূর্য্যঃ সোমঃ" পাঠ পূর্ব্বক (পাপাপনোদন করত) সঙ্কল্প করিবে, বাক্য যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে সপ্তম্যাং তিথাবারভ্য মহানবমীং যাবৎ প্রত্যহং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক-দীর্ঘায়ুষ্ট- পরমৈশ্বর্য্যাতুল-ধনধান্যপুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্নসন্ততিমিত্র- বর্দ্ধন-শত্রুক্ষয়োত্তরোত্তর-রাজসম্মানাদ্যভীষ্টসিদ্ধয়ে পরত্র দেবীলোকপ্রাপ্তয়ে চ ( শ্রীদুর্গাপ্রীতি-কামো বা ) দেবীপুরাণোক্ত-বিধিনা ( সপ্তমী-বিহিত-রম্ভাদিনবপত্রিকা-স্নান-প্রবেশ- মৃন্ময়- শ্রীদুর্গা-প্রবেশ- মহাস্নান- গণপত্যাদি- নানাদেবতা-পূজা- পূর্ব্বক-বার্ষিকশরৎকালীন- শ্রীভগবদ্দুর্গা-পূজা-ছাগপশু-বলি-দান-মহাষ্টমী-বিহিতমৃন্ময়-শ্রীদুর্গামহাস্নানগণপত্যাদিনানাদেবতা-পূজা-পূর্ব্বক-শ্রীভগবদ্দুর্গা-পূজা- ছাগপশু-বলিদান- মহাষ্টমী- মহানবমী- সন্ধিকাল- বিহিতগণপত্যাদি- নানাদেবতা-পূজা-পূর্ব্বক-শ্রীভগবদ্দুর্গা-পূজা-ছাগপশু-বলিদান-মহানবমী-বিহিত-মৃন্ময়- শ্রীদুর্গা-মহা-স্নানগণপত্যাদি- নানাদেবতা-পূজা-ছাগপশু- বলিদান- হোম-রূপ-শ্রীভগবদ্দুর্গা-মহাপূজনকর্ম্মাহং করিষ্যে ॥"

তৎপরে সঙ্কল্পজল ঈশানকোণে ফেলিয়া স্বশাখোক্ত সূক্তমন্ত্র পাঠ করিবে। ( যদি প্রতিনিধি দ্বারা পূজা হয়, তবে এই কালে ব্রাহ্মণকে বরণ করিবে। ) পরে পূর্ব্ববোধিত বিল্বতরুসন্নিধানে যাইয়া পূর্ব্ববৎ পাদ্যাদিযোগে বিল্বতরুর পূজা করিয়া করপুটে পড়িবে, যথা—"ওঁ বিল্ববৃক্ষ মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। গৃহীত্বা তব শাখাঞ্চ দুর্গাপূজাং করোম্যহম্ ॥ শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। দেবৈর্গৃহীত্বা তে শাখাং পূজ্যা দুর্গেতি বিশ্রুতিঃ ॥"

পরে খড়্গ লইয়া "ওঁ ছিন্ধি ছিন্ধি ফট্ ফট্ স্বাহা" মন্ত্রে পূর্ব্বাভিমন্ত্রিত বায়ু ও নৈর্ঋত কোণ ভিন্ন দেশস্থিত শাখা কর্ত্তন পূর্ব্বক করপুটে পাঠ্য, যথা—"ওঁ পুত্রায়ুর্দ্ধনবৃদ্ধ্যর্থং নেষ্যামি চণ্ডিকালয়ম্। বিল্বশাখাং সমাশ্রিত্য লক্ষ্মীং রাজ্যং প্রযচ্ছ মে ॥ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণ-হেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে।"

অনন্তর বাদ্যবাদন সহকারে বিল্বশাখা দেবীগৃহে আনিয়া রম্ভাদি নবপত্রিকার পীঠোপরি রাখিবে। তৎপরে রম্ভাদিগঠিত নবপত্রিকাতে "ওঁ কোহসি কতমোহসি কস্মৈ ত্বা কায় ত্বা সুশ্লোকঃ সুমঙ্গলঃ সত্য রাজন্। ওঁ নানারূপধরে দেবি দিব্যবস্ত্রাবগুণ্ঠিতে। তবালেপনমাত্রেণ সর্ব্বপাপং বিনশ্যতি ॥" মন্ত্র পড়িয়া তৈলহরিদ্রা ম্রক্ষণ করত অগ্রে শোধিত পঞ্চগব্য দ্বারা অঙ্গমন্ত্র পাঠ করত স্নান করাইবে। তদনন্তর শুদ্ধোদক দ্বারা "ওঁ কদলীতরুসংস্থাসি" মন্ত্রে স্নান করাইয়া—"ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু" মন্ত্রে অষ্টঘটজল দ্বারা স্নান

করাইতে হয়। পরে নূতন শুক্ল বস্ত্র দ্বারা স্নানজল মার্জ্জন ও নব বসন পরিধান করাইয়া ভদ্রপীঠে রাখিবে। পরে দর্পণে দেবীর প্রতিবিম্ব দর্শন পূর্ব্বক মূলমন্ত্রে দন্তকাষ্ঠ নিবেদন করত মহাস্নান করাইবে। * অগ্রে তণ্ডুলচূর্ণ দ্বারা দর্পণে নিম্নোক্ত মন্ত্রে দেবীর সর্ব্বদেহ উদ্বর্ত্তন করিবে। যথা—

ওঁ উদ্বর্ত্তয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ।
স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥

তদনন্তর শোধিত পঞ্চগব্য দ্বারা পূর্ব্ববৎ স্নান করাইয়া নদীসলিল দ্বারা ভৃঙ্গারে করিয়া স্নান করাইবে। মন্ত্র যথা—"ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা

* দেবীস্নানে পুস্তকান্তরে নিম্নলিখিত মন্ত্রগুলি প্রযুক্ত হইয়াছে। প্রথমে ১০৮ পল পরিমিত স্নানীয় জল অর্চ্চনা করিয়া ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ত্বাং চণ্ডিকায়ৈ ধীমহি। তন্নশ্চণ্ডি প্রচোদয়াৎ ওঁ দুর্গায়ৈ নমঃ, এই মন্ত্রে নিবেদন করত স্নান করাইবে। তৈল-হরিদ্রায় যথা—ওঁ উদ্বর্ত্তয়ামি দেবি ত্বামিহ স্নানায় দর্পণে। ত্বৎপ্রসাদাদহং দেবি প্রাপ্নুয়াং সিদ্ধিমুত্তমাম্॥ পঞ্চগব্য মন্ত্রে পঞ্চগব্য শোধন করত গোমূত্রে—ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ, গোময়ে—হ্রীং শিরসে স্বাহা, দুগ্ধে—ওঁ হ্রূং শিখায়ৈ বষট্, দধি দ্বারা—ওঁ হ্রৈং কবচায় হুং, ঘৃতে—ওঁ হ্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্, কুশোদকে—ওঁ হ্রঃ অস্ত্রায় ফট্। পঞ্চামৃতে যথা—দধি দ্বারা—ওঁ দধি ক্রাব্ণ ইত্যাদি,দুগ্ধে—ওঁ আপ্যায়স্ব সমেতুতে বিশ্বতঃ সোম বৃষ্ণং ভবাবাজস্য সঙ্গথে। ঘৃতে—ওঁ তেজোসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি। মধু দ্বারা—ওঁ মধু বাতা ঋতায়তে ইত্যাদি। ইক্ষুরসে—ওঁ সিংহবাহিনি চামুণ্ডে সর্ব্বাসুরবিমর্দ্দিনি। ইক্ষুরসেন স্নানেন প্রসীদ পরমেশ্বরি॥ গঙ্গোদকে—ওঁ অবগাহনার্থং দেবানাং নির্ম্মিতা জাহ্নবী পুরা। তস্যাস্তোয়ৈর্ভগবতীং স্নাপয়ামি বরপ্রদাম্॥ স্বর্ণোদকে—ওঁ পৃথিব্যাং স্বর্ণরূপেণ দেবাস্তিষ্ঠন্তি সর্ব্বদা। অশেষদোষশান্ত্যর্থং স্নাপয়ামি মহেশ্বরীম্॥ সর্ব্বৌষধিমহৌষধিজলে—ওঁ যা ওষধীঃ সোমরাজ্ঞীর্বহ্বীঃ শতবিচক্ষণাঃ। তাসামসি ত্বমুত্তমা অরং কামায় সংহৃদে॥ কুঙ্কুমোদকে—ওঁ কুঙ্কুমেন মহাদেবি কেবলেনাখিলেঽম্বিকে। পুণ্যস্থানোদ্ভবেন ত্বাং স্নাপয়ামি মহেশ্বরীম্॥ শিশিরোদকে—ওঁ প্রীতা ভব জগন্মাতঃ সর্ব্বদোষাপহারিণি। শিশিরেণ নির্ম্মলেন স্নাপয়ামি মহেশ্বরীম্॥ চন্দনজলে—ওঁ যোঽসৌ মলয়জো বৃক্ষঃ শ্রেষ্ঠো গন্ধালয়ঃ সদা। তজ্জলস্নানমাত্রেণ প্রীতা ভব মহেশ্বরি॥ পঞ্চকষায়োদকে—

চ সরস্বতী। সরযূর্গণ্ডকী পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী॥ ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা। সর্ব্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥" তৎপরে "ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু" প্রভৃতি মন্ত্রে স্নান করাইয়া "ওঁ সিন্ধুভৈরবশোণাদ্যা যে নদা ভুবি সংস্থিতাঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥" পরে শঙ্খোদক দ্বারা—"ওঁ সর্ব্বেষামধিপো দেব ঈশানো নাম নামতঃ। শূলপাণির্মহাদেবো ভৃঙ্গারৈঃ স্নাপয়ত্বিমাম্॥" গঙ্গোদকে—"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। স্বর্গগ্রে তশ্চ বৈষ্ণব্যং স্নানং ভবতু তেন তে॥" উষ্ণোদক দ্বারা—"ওঁ পবিত্রং পরমষ্ণোষ্ণং বহ্নিজ্যোতিঃসমন্বিতম্। জীবনং সর্ব্বপাপঘ্নং

ওঁ জম্বুশাল্মলীবাট্যালং বদরং বকুলং তথা। এতম্মিশ্রিততোয়েন স্নাপয়ামি মহেশ্বরীম্॥ নারিকেলোদকে—ওঁ সুমিষ্টং শীতলং রম্যং তৃষ্ণাক্ষুদ্বায়ুনাশনম্। তজ্জলেন পবিত্রেণ স্নাপয়ামি মহেশ্বরীম্। জাতিলবঙ্গকক্কোলযুক্তজলে—ওঁ হ্রীঁ দুর্গায়ৈ নমঃ। গন্ধদ্রব্যে—ওঁ গন্ধোঽয়ং শোভনো দিব্যঃ সুরভিশ্চ সুশীতলঃ। তেন ত্বাং স্নাপয়াম্যস্য বরদা ভব শোভনে॥ শর্করোদকে—ওঁ শর্করে মধুরে স্নিগ্ধে দেবামোদবিবর্দ্ধিনি। স্নাপয়ামি মহাদেবীং জগন্মাতরমম্বিকাম্॥ উষ্ণোদকে—ওঁ পরমং পবিত্রমুষ্ণঞ্চ বহ্নিজ্যোতিঃসমন্বিতম্। জীবনং সর্ব্বপাপঘ্নং তেন ত্বাং স্নাপয়াম্যহম্॥ তীর্থোদকে—ওঁ অম্ভাংসি যানি তিষ্ঠন্তি গিরিস্থানি শুভানি চ। স্নাপ্যসে ত্বং ময়া ভক্ত্যা তজ্জলৈঃ পরমেশ্বরি॥ পুষ্পতৈলে—ওঁ তৈলেন সুশীতলেন নানাপুষ্পসুগন্ধিনা। তিলোদ্ভবেন দেবি ত্বাং স্নাপয়ামি বরপ্রদাম্॥ ধান্যযুক্তজলে—ওঁ ধান্যমসি ইত্যাদি। পুষ্পোদকে—ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তং ইষ্ণন্নিষাণামুম্ম ইষাণ সর্ব্বলোকম্ম ইষাণ॥ ফলোদকে—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বংহসঃ॥ শঙ্খোদকে—ওঁ শঙ্খস্ত্বং পুণ্যশঙ্খানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্। বিষ্ণুনা বিধৃতো নিত্যং মহাশান্তিং প্রযচ্ছ মে॥ গোরোচনা দ্বারা—ওঁ স্নাপয়ামি জগদ্ধাত্রীং দেবগন্ধর্ব্বশোভিতাম্। গোরোচনোদকেনাত্র শান্তিং মে কুরু সর্ব্বদা॥ গঙ্গামৃত্তিকায়—ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে চাণ্ডিকায়ৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ॥ বল্মীক-বরাহদন্ত-গজদন্ত নদীর উভয় কূল বেশ্যাদ্বার রাজদ্বার চতুষ্পথ ত্রিপথ বৃষশৃঙ্গ-মৃত্তিকা দ্বারা মূলমন্ত্রে স্নান করাইবে। পরে সর্ব্ববিধ দ্রব্যে সহস্রধারা দ্বারা—ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ সর্ব্বস্রোতো নদাস্তথা। সর্ব্বৌষধিভিঃ পাপঘ্নাঃ

ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমাম্ ॥" পরে "ওঁ আপো হি ষ্ঠা" ইত্যাদি তিনটি মন্ত্রে স্নান করাইয়া অগ্নিমীলে ইত্যাদি বৈদিক মন্ত্রচতুষ্টয় দ্বারা স্নান করাইবে। অনন্তর "ওঁ গন্ধদ্বারাং" মন্ত্রে গোময় দ্বারা, "ওঁ দধি ক্রাবেো্হকারিষং" ইত্যাদি মন্ত্রে দধি দ্বারা, "ওঁ আপ্যায়স্ব" মন্ত্রে দুগ্ধ দ্বারা, "তেজোহসি" মন্ত্রে ঘৃত দ্বারা, "ওঁ মধুবাতা" মন্ত্রে মধু দ্বারা স্নান করাইতে হয়। তৎপরে "ওঁ অশ্বিনোর্ভৈষজ্যেন তেজসা ব্রহ্মবর্চ্চসা ত্বাভিষিঞ্চামি। সরস্বত্যা ভৈষজ্যেন বীর্য্যায়ান্নাদ্যায়াভিষিঞ্চামি। ইন্দ্রস্যেন্দ্রিয়েণ বলায় শ্রিয়া যশসেঽভিষিঞ্চামি।" মন্ত্রে স্নান করাইবে। অনন্তর স্বর্ণোদক দ্বারা,—"ওঁ পৃথিব্যাং স্বর্ণরূপেণ দেবাস্তিষ্ঠন্তি বৈ সদা। সর্ব্বদোষ-বিনাশার্থং স্নাপয়ামি মহেশ্বরীম্॥" রজতজলে—ওঁ অম্বিকে ত্বং মহাভাগে

সহস্রৈঃ স্নাপয়ন্তু তে ॥ পরে অষ্টকলসে স্নান কালিকাপুরাণোক্ত বিধি অনুসারে সম্পন্ন করিবে। পরে স্বচ্ছজলে ওঁ সূর্য্যঃ সোমঃ কুবেরশ্চ বরুণশ্চ দিশাং পতিঃ। এতে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমাম্॥ ওঁ অদিতিশ্চ দিতিশ্চৈব তথৈবারুন্ধতী সতী। এতাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাম্। ওঁ ব্যাসশ্চ নারদশ্চৈব বশিষ্ঠশ্চ পরাশরঃ। এতে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাম্॥ ওঁ ঐরাবতঃ পুণ্ডরীকঃ কুমুদশ্চ দিশাং পতিঃ। এতে সুমনসো ভূত্বা দিগ্‌গজাঃ স্নাপয়ন্তু তাম্॥ ওঁ বৃহস্পতিঃ সুরাচার্য্যো দৈত্যানাং ভার্গবো গুরুঃ। বুধো মন্দশ্চ সোমশ্চ স্নাপয়ন্তু মহেশ্বরীম্॥ ওঁ দেবকন্যা নাগকন্যাস্তথা কিংপুরুষস্ত্রিয়ঃ। সুগন্ধিজলপূর্ণেন ঘটেন স্নাপয়ন্তু তাম্॥ ওঁ বিদ্যাধরঃ পুষ্পদন্তো হাহা হূহূশ্চ বীর্য্যবান্। গীতবাদিত্রনাট্যেন স্নাপয়ন্তু মহেশ্বরীম্। ওঁ দৈত্যাশ্চ দানবাশ্চৈব যাতুধানাঃ সহস্রশঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা স্নাপয়ন্তু মহেশ্বরীম্॥ ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথ ইত্যাদি। ওঁষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে। বৈমানিকাঃ সুরগণা মানবাঃ সাগরৈঃ সহ॥ সরিতশ্চ মহাভাগা জঙ্গমাশ্চৈব পর্ব্বতাঃ। সপ্তর্ষয়ঃ সদারাশ্চ ধ্রুবস্থানানি যানি চ॥ মরীচ্যত্রী চ পুলহঃ পুলস্ত্যঃ ক্রতুরঙ্গিরাঃ। ভৃগুঃ সনৎকুমারশ্চ শুনঃশেফো বিদূরথঃ॥ ঔর্ব্বঃ সংবর্ত্তকশ্চৈব ব্যাসশ্চৈব পরাশরঃ। এতে স্নানে চ মুনয়ো দেবব্রতপরায়ণাঃ॥ সশিষ্যাশ্চাভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে। ওঁ বাহনানি চ দিব্যানি সর্ব্বলোকচরাচরাঃ। এতে চান্যে চ বহবঃ স্নাপয়ন্তু মহেশ্বরীম্॥ ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু গন্ধর্ব্বাপ্সরসাংগণাঃ। গ্রহা ঋক্ষাস্তথা যোগাঃ করণাস্তিথয়স্তথা॥ ঋষয়ো দেবপুত্রাশ্চ যে চান্যে দেবযোনয়ঃ

শারদে শক্রনাশিনি। স্নানেনানেন দেবি ত্বং বরদা ভব সুব্রতে॥" সামান্ত-জলে—"ওঁ যা আপঃ সর্ব্বভূতানাং প্রাণিনাং সিদ্ধিহেতবে। পাবনী সর্ব্বভূতানাং তাভিস্ত্বাং স্নাপয়াম্যহম্॥" পুষ্পজলে—'ওঁ দেবস্ত ত্বা সবিতুঃ।" ফলোদকে—"ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিষি॥" ইক্ষুরস ও সাগরজলে—"ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ॥" অগুরু, কর্পূর ও গঙ্গামৃত্তিকা-সংযুক্ত সলিল দ্বারা—"ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে" মন্ত্রে স্নান করাইয়া স্বতন্ত্রভাবে প্রত্যেক দ্রব্য দ্বারা স্নান করাইতে হয়। পরে তিলতৈল দ্বারা "হ্রীং নমঃ"; বিষ্ণুতৈলে "ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ," মূলমন্ত্রে পঞ্চকষায়জলে, নির্ঝরজলে "হ্রীং চণ্ডবত্যৈ নমঃ," নারিকেলজল, পঞ্চকষায়, শিশির ও সাগরজল দ্বারা পৃথক্‌ভাবে দেবীর গায়ত্রী পাঠ সহকারে স্নান করাইবে। সর্ব্বৌষধি-মহৌষধিসলিল দ্বারা, "ওঁ যা ওষধীঃ সোম রাজ্ঞীর্ব্বহ্বীঃ শত বিচক্ষণাঃ। তাসামসি ত্বমুত্তমাহরং কামায় সংহৃদে।" সহস্রধারা-সলিলে, "ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ স্বর্গস্রোতো নদাস্তথা। সর্ব্বৌষধিভিঃ পাপঘ্নাঃ সহস্রৈঃ স্নাপয়ন্তু তে॥" "ওঁ লবণেক্ষুসুরাসর্পির্দধিদুগ্ধজলান্তকাঃ।

সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ লবণেক্ষু-সুরাসর্পির্দধিদুগ্ধ-জলান্তকাঃ। সমুদ্রাঃ সপ্ত এবৈতে ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ সিন্ধুভৈরব-শোণাদ্যা যে হ্রদা ভুবি সংস্থিতাঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ আত্রেয়ী ভারতী ইত্যাদি। ওঁ দুর্গা চণ্ডেশ্বরী চণ্ডী বারাহী কার্ত্তিকী তথা। হরসিদ্ধা তথা কালী ইন্দ্রাণী বৈষ্ণবী তথা। ভদ্রকালী বিশালাক্ষী ভৈরবী সর্ব্বরূপিণী। এতাঃ সর্ব্বাশ্চ যোগিন্যো ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাম্॥ ওঁ নলিনী নন্দিনী চৈব মালিনী চ মহাভয়া। বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতা গঙ্গা ত্রিপথ-গামিনী। ভাগীরথী ভোগবতী জাহ্নবী ত্রিদশেশ্বরী। এতাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাম্॥ ওঁ অদিতির্দেবমাতা চ স্বাহা সিদ্ধিঃ সরস্বতী। পুষ্টির্লক্ষ্মীর্ধৃতিশ্চৈব সিনীবালী কুহূস্তথা। এতাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাম্॥ ওঁ যে নদা লোহিতাদ্যাশ্চ নদা যে শোণঘর্ঘরাঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে। ওঁ কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতিশ্চৈব স্বাহা স্বধা ত্বরুন্ধতী। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিঃ কান্তিঃ পুষ্টিশ্চ মাতরঃ। এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে॥ ওঁ সর্ব্বেষামধিপো দেব ইত্যাদি। পরে নবপত্রিকা-স্নানমন্ত্রে নবপত্রিকা স্নান করাইবে। ইতি স্নানে বিশেষ মন্ত্র।

সহস্রধারয়া দেবীং স্নাপয়ন্তু মহেশ্বরীম্” ও “ওঁ অগ্নিমীলে পুরোহিতং” ইত্যাদি চারিটি মন্ত্র দ্বারা স্নান করাইয়া পুনর্ব্বার অষ্টঘটোদকে “ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু” ইত্যাদি আটটি মন্ত্রে স্নান করাইয়া দর্পণস্থ জলশুদ্ধ শুক্লবস্ত্র দ্বারা মার্জ্জন পূর্ব্বক মধ্যস্থানে সিন্দুর দ্বারা বৃত্ত অঙ্কন করত তন্মধ্যে হ্রীং বীজ লিখিয়া ভদ্রপীঠে রাখিবে। তৎপরে “ভূতেভ্যো নমঃ” বলিয়া পাদ্যাদিযোগে অর্চ্চনা করত ‘ওঁ ঘোররূপেভ্যো ঘোরতরেভ্যঃ সিদ্ধেভ্যঃ সাধ্যাদিভ্যো ভূতেভ্যো নমঃ” মন্ত্রে অর্চ্চনা করত “ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাৎ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥” এই মন্ত্রপাঠান্তে “এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ” বলিয়া অর্পণ করিবে। পরে লাজ, চন্দন, সিদ্ধার্থ, ভস্ম, দূর্ব্বা, কুশ ও অক্ষত লইয়া “ফট্” মন্ত্রে সপ্তধা অভিমন্ত্রিত করত ‘ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ॥” এই দুইটি মন্ত্র পড়িয়া করস্থ লাজাদি ছড়াইয়া দিয়া ভূতাপসারণ করিতে হয়। তৎপরে পত্রিকাতে “ওঁ বিল্বশাখাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ” এই মন্ত্রে পাদ্যাদিযোগে অর্চ্চনা করত উহাকে দেবীরূপে ভাবনা করিয়া দেবীর শিরোদেশে অর্ঘ্য দিয়া দেবীর আসন ধরিয়া নিম্নলিখিত মন্ত্র পড়িবে, যথা—

“ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয় দুর্গে পূজালয়ং প্রবিশ। গম্যতাং মদ্গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ — পূজাং গৃহাণ সুমুখি সর্ব্বকল্যাণহেতবে॥”

তদনন্তর দেবীর পুরোভাগে একটি ঘট আনিয়া তাহাতে বহির্ভাগে দধি ও আতপতণ্ডুল এবং ভিতরে পঞ্চরত্ন দিবে। তৎপরে স্বশাখোক্ত মন্ত্রে ঘটস্থাপন পূর্ব্বক “ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সাগরাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদা হ্রদাঃ। আয়ান্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ॥” এবং “ওঁ গঙ্গে চ যমুনে চৈব” ইত্যাদি মন্ত্রে অঙ্কুশ-মুদ্রাযোগে ঘটস্থ সলিলে তীর্থাবাহন করিবে। পরে পাদ্যাদিযোগে গণেশাদি দেবতাগণের অর্চ্চনা, সামান্যার্ঘ্য স্থাপন, “হাং হীং হূং ফট্” মন্ত্রে নৈবেদ্যাদি দর্শন এবং পূর্ব্ববৎ লাজচন্দনাদি লইয়া “ওঁ অপসর্পন্তু তে ভূতা” মন্ত্রে ভূতাপসারণ করত বামপার্ষ্ণিঘাতত্রয় দ্বারা ভৌমবিঘ্ন অপসারণ করত তালত্রয় দ্বারা শূন্যগত বিঘ্ন দূর এবং আসনশুদ্ধি করিবে। অতঃপর গন্ধপুষ্প দ্বারা হস্তযুগল সংশোধন

করত উর্দ্ধোর্দ্ধে তালত্রয় ও ছোটিকা দ্বারা দশদিগ্‌বন্ধন করিতে হয়। পরে গুরুপংক্তিপ্রণাম, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, হ্রীং মন্ত্রে প্রাণায়াম করত নিম্ন-লিখিতরূপে ঋষ্যাদিন্যাস করিবে, যথা—

"অস্য দুর্গামন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দো দুর্গা দেবতা মম সর্ব্বাভীষ্টসিদ্ধ্যর্থং দুর্গাপূজনে বিনিয়োগঃ॥ শিরসি ওঁ নারদঋষয়ে নমঃ, মুখে ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ।" পরে করাঙ্গন্যাস করত নিম্নলিখিতরূপে পীঠন্যাস করিবে। যথা—হৃদয়ে "ওঁ আধারশক্তয়ে নমঃ।" এই প্রণালীতে ওঁ প্রকৃত্যৈ, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, রত্নদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, রত্নবেদিকায়ৈ। দক্ষিণাংসে ধর্ম্মায়। বামাংসে জ্ঞানায়। বাম উরুতে বৈরাগ্যায়। দক্ষিণ উরুতে ঐশ্বর্য্যায়। মুখে অধর্ম্মায়। বামপার্শ্বে অজ্ঞানায়। নাভিতে অবৈরাগ্যায়। দক্ষিণপার্শ্বে অনৈশ্বর্য্যায়। পুনর্ব্বার হৃদয়ে—শেষায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে। হৃৎপদ্মের অষ্ট কেশরে আং প্রভায়ৈ, ঈং মায়ায়ৈ, উং জয়ায়ৈ, এং সূক্ষ্মায়ৈ, ঐং বিশুদ্ধায়ৈ, ওং নন্দিন্যৈ, ঔং সুপ্রভায়ৈ, অং বিজয়ায়ৈ, অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ।" আদিতে প্রণব ও শেষে নমঃ যোগ করিয়া ন্যাস করিবে। অনন্তর হৃৎপদ্মমধ্যে "ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুঁ ফট্ নমঃ" মন্ত্রে ন্যাস করিতে হয়। তদনন্তর ব্যাপকন্যাসপূর্ব্বক ধ্যান করিবে, যথা—

ওঁ জটাজূটসমাযুক্তামর্দ্ধেন্দুকৃতশেখরাম্।
লোচনত্রয়সংযুক্তাং পূর্ণেন্দুসদৃশাননাম্॥
অতসীপুষ্পবর্ণাভাং সুপ্রতিষ্ঠাং সুলোচনাম্।
নবযৌবনসম্পন্নাং সর্ব্বাভরণভূষিতাম্॥
সুচারুদশনাং দেবীং পীনোন্নতপয়োধরাম্।
ত্রিভঙ্গস্থানসংস্থানাং মহিষাসুরমর্দ্দিনীম্॥
মৃণালায়তসংস্পর্শদশবাহুসমন্বিতাম্।
ত্রিশূলং দক্ষিণে ধ্যেয়ং খড়গং (শঙ্খং) চক্রং ক্রমাদধঃ॥
তীক্ষ্ণবাণং তথা শক্তিং দক্ষিণে সন্নিবেশয়েৎ।
খেটকং পূর্ণচাপঞ্চ পাশমঙ্কুশমেব চ।
ঘণ্টাং বা পরশুং বাপি বামতঃ সন্নিবেশয়েৎ॥

অধস্তান্মহিষং তদ্বদ্বিশিরস্কং প্রদর্শয়েৎ।
শিরশ্ছেদোদ্ভবং তদ্বদ্দানবং খড়্গপাণিনম্॥
হৃদি শূলেন নির্ভিন্নং নির্যদন্ত্রবিভূষিতম্।
রক্তরক্তীকৃতাঙ্গঞ্চ রক্তবিস্ফুরিতেক্ষণম্॥
বেষ্টিতং নাগপাশেন ভ্রূকুটীভীষণাননম্। ( কুটিলাননম )
সপাশবামহস্তেন ধৃতকেশঞ্চ দুর্গয়া।
বমদ্রুধিরবক্ত্রঞ্চ দেব্যাঃ সিংহং প্রদর্শয়েৎ॥
দেব্যাস্তু দক্ষিণং পাদং সমং সিংহোপরিস্থিতম্।
কিঞ্চিদূর্দ্ধং তথা বামমঙ্গুষ্ঠং মহিষোপরি॥
প্রসন্নবদনাং দেবীং সর্ব্বকামফলপ্রদাম্।
শত্রুক্ষয়করীং দেবীং দৈত্যদানবদর্পহাম্॥
স্তূয়মানঞ্চ তদ্রূপমমরৈঃ সন্নিবেশয়েৎ।
উগ্রচণ্ডা প্রচণ্ডা চ চণ্ডোগ্রা চণ্ডনায়িকা॥
চণ্ডা চণ্ডবতী চৈব চণ্ডরূপাতিচণ্ডিকা।
অষ্টাভিঃ শক্তিভিস্তাভিঃ সততং পরিবেষ্টিতাম্।
চিন্তয়েজ্জগতাং ধাত্রীং ধর্ম্মকামার্থমোক্ষদাম্॥

ইত্যাদি ধ্যান করিয়া নিজ শিরোদেশে ফুল দিয়া মানসপূজা করত বিশেষার্ঘ্যস্থাপন করিবে, যথা—স্ববামভাগে ভূমিতে হুঁ লিখিয়া তদ্বহিঃ ত্রিকোণমণ্ডল আঁকিয়া তাহাতে ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, তদুপরি ত্রিপদিকা রাখিয়া ফট্ মন্ত্রে অভ্যুক্ষণ করিয়া ক্ষং লং হং সং ইত্যাদি অং ইত্যন্ত বিলোমমাতৃকাবর্ণে ও মূলমন্ত্রে ( বারত্রয় পাঠে ) শঙ্খের ত্রিভাগ জলপূর্ণ করিয়া এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ ( ত্রিপদিকায় ), ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশ-কলাত্মনে নমঃ ( শঙ্খে ), ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ ( জলে ) পূজা করিয়া ঐ জলে গন্ধপুষ্প অক্ষত যব কুশাগ্র তিল শ্বেতসর্ষপ দূর্ব্বা বিল্বপত্র-যুক্ত অর্ঘ্য নমঃ মন্ত্রে দিয়া ওঁ গঙ্গে চ ইত্যাদি মন্ত্রে তীর্থাবাহন করিয়া 'ওঁ ভূর্ভুবঃ স্বঃ ভগবতি দুর্গে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ" মন্ত্রে স্বহৃদয় হইতে দেবতাকে উহাতে আবাহন করিয়া হুং মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা দেখাইয়া বং মুদ্রায় অমৃতস্বরূপ: করিয়া, অঙ্গমন্ত্র ন্যাস করিয়া, দেবতার পূজা করিয়া, যোনিমুদ্রা প্রদর্শন করাইয়া, মৎস্যমুদ্রায় আচ্ছাদন পূর্ব্বক মূলমন্ত্র দশবার জপ

করিয়া ঐ জল কিঞ্চিৎ প্রোক্ষণীপাত্রে ফেলিবে। প্রোক্ষণীপাত্রস্থ জল দ্বারা সর্ব্বদ্রব্য অভ্যুক্ষণ পূর্ব্বক নিজ মস্তকে ছিটা দিবে। ঈশানকোণে গণেশঘট স্থাপন করত "গাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি প্রণালীতে করন্যাস ও অঙ্গন্যাস করিবে। পরে "ওঁ খর্ব্বং স্থূলতনুং" ইত্যাদি ধ্যান, গণেশের আবাহন ও অর্চ্চনা করিয়া "ওঁ সর্ব্ববিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ।. দেবীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা সর্ব্ববিঘ্নং বিনাশয়॥" মন্ত্রে প্রণাম করিবে। অনন্তর ঐ ঘটে শিবাদি-পঞ্চদেবতা, ব্রহ্মা, দিক্‌পাল ও নবগ্রহের আবাহন ও অর্চ্চনা করিতে হয়। তৎপরে দুর্গাঘটে "ওঁ আধারশক্তয়ে" প্রভৃতি পীঠন্যাসোক্ত প্রণালীতে পীঠদেবতাদিগের অর্চ্চনা করত পুনরায় দেবীর করাঙ্গন্যাসাদি ও "জটাজূট" ইত্যাদি ধ্যান করিয়া ষড়ঙ্গের অর্চ্চনা করিতে হয়। যথা—"ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ, ওঁ হ্রীং শিরসে স্বাহা, ওঁ হ্রূং শিখায়ৈ বষট্, ওঁ হ্রৈং কবচায় হুঁ, ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ হ্রঃ অস্ত্রায় ফট্।" পরে "ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে দেবি স্বগণ-সহিতে ইহাগচ্ছাগচ্ছ" এই প্রণালীতে আবাহনাদি মুদ্রাপঞ্চক দেখাইয়া আবাহন করত মূলমন্ত্রে সকলীকরণ ও ষড়ঙ্গন্যাস করিয়া প্রতিমায় হাত দিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

"ওঁ আগচ্ছ মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্ব্বকল্যাণকারিণি॥ ওঁ এহ্যেহি ভগবদ্দুর্গে শত্রুক্ষয়-জয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। যজ্ঞভাগং গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ শারদীয়ামিমাং পূজাং করোমি কমলেক্ষণে। আজ্ঞাপয় মহাদেবি দৈত্যদর্পনিসূদনি॥ ওঁ সংসারার্ণবদুষ্পারে সর্ব্বাসুরনিকৃন্তনি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্কর-প্রিয়ে॥ ওঁ যে দেবা যা হি দেব্যশ্চ চলিতা যাশ্চলন্তি যে। আবাহয়ামি তান্ সর্ব্বান্ চণ্ডিকে পরমেশ্বরি॥ প্রাণান্ রক্ষ যশো রক্ষ পুত্রদারধনং সদা। সর্ব্বরক্ষাকরী যস্মাৎ তস্মাত্ত্বং হি জগৎপ্রিয়ে॥ ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। শৈলানন্দকরে দেবি সর্ব্বসিদ্ধিঞ্চ দেহি মে॥ ওঁ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। কৈলাসশিখরা-দ্দেবি বিন্ধ্যাদ্রেৰ্হিমপর্ব্বতাৎ। আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্॥ স্থাপিতাসি ময়া দেবি পূজয়ে ত্বাং প্রসাদয়ে। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি।

বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবগণৈঃ সহ॥ ওঁ দেবি ত্বং জগতাং মাতঃ সৃষ্টিসংহারকারিণি। পত্রিকাসু সমস্তাসু সান্নিধ্যমিহ কল্পয়। পল্লবৈশ্চ ফলোপেতৈঃ শাখাভিঃ সুরনায়িকে। পল্লবে সংস্থিতে দেবি পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ ওঁ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥ ওঁ চণ্ডিকে চণ্ডরূপাসি সুরতেজোমহাবলে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥"

পরে নিম্নলিখিত পাঁচটি মন্ত্র পড়িতে হয়। যথা—

"ওঁ হংসঃ শুচিসদ্বসুরন্তরিক্ষসদ্ধোতা বেদিসদতিথির্দুরোনসৎ নৃসদ্বরসদৃত-সদ্ব্যোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ॥ ১॥ ওঁ প্রতদ্বিষ্ণুস্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ॥ ২॥ ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংষতু। আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে॥ ৩॥ গায়ত্রী॥ ৪॥ ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ॥ ৫॥

আবাহনান্তে চক্ষুর্দান করিবে। যথা—

অগ্রে ঊর্দ্ধনেত্র—গায়ত্রী পাঠ পূর্ব্বক—"ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতী, সদাবৃধঃ সখা কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা।" বামনেত্র—"ওঁ আপ্যায়স্ব" ইত্যাদি। সর্ব্বশেষে দক্ষিণচক্ষু—গায়ত্রী পাঠ পূর্ব্বক—"ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেরাপ্রা দ্যাবা পৃথিবী অন্তরিক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ। (ত্যামুতেমাং কস্মৈ দেবায় হবিষা বিধেমঃ)।" এই সমস্ত মন্ত্র পাঠ পূর্ব্বক বিল্ব-পত্রবৃন্তে কজ্জল লইয়া তদ্দ্বারা চক্ষুর্দান করিতে হয়। পরে "ওঁ আং হ্রীং ক্রোং যং রং' প্রভৃতি মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করত যথাশক্তি মূলমন্ত্র ও গায়ত্রী পাঠ্য। অনন্তর দেবীদেহে তিনটি পুষ্পাঞ্জলি দিতে হয়। পরে "ওঁ আং হ্রীং" ইত্যাদি মন্ত্রে প্রতিমাগঠিত দেবতাদিগের প্রাণপ্রতিষ্ঠা কর্ত্তব্য এবং ষোড়শোপচারে দেবীর অর্চ্চনা করিতে হয়। যথা—

"বং" এই বীজমন্ত্রে অর্ঘ্যোদক দ্বারা দেয়দ্রব্য প্রোক্ষণ পূর্ব্বক "অমুক-দ্রব্যায় নমঃ" বলিয়া গন্ধপুষ্প দ্বারা দ্রব্যের অর্চ্চনা করিবে। পরে "ইদং অমুকদ্রব্যং ওঁ জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে॥ ওঁ হ্রীং ভগবত্যৈ দুর্গায়ৈ নমঃ" * এই মন্ত্র পাঠ

* কোনও কোনও পুস্তকে ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এই মন্ত্রে পূজা করিবার নিয়ম দেখিতে পাওয়া যায়, কিন্তু তাহা ভ্রমাধীন, যেহেতু, দেবীপুরাণে বিংশাধ্যায়ে উক্ত :

সহকারে দেয়দ্রব্যোপরি জল দিবে। অন্যান্য সমস্ত উপচারই এই প্রণালীতে দিতে হয়। *

অগ্রে আসন অর্চ্চনা ও নিবেদন করত—"ওঁ আসনং গৃহ্ণ চার্ব্বঙ্গি নানারত্নবিনির্ম্মিতম্। গৃহাণেদং জগন্মাতঃ প্রসীদ ভগবত্যুমে॥ ১॥ স্বাগত—মূলমন্ত্র বলিয়া "দুর্গে ইহ স্বাগতং" বাক্যে স্বাগতপ্রশ্ন করিতে হয়॥ ২॥ পাদ্য—"ওঁ পাদ্যং গৃহ্ণ মহাদেবি সর্ব্বদুঃখাপহারকম্। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ৩॥" অর্ঘ্য—"ওঁ দূর্ব্বাক্ষতসমাযুক্তং বিল্বপত্রং তথা পরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে॥ নানাতীর্থোদ্ভবং বারি কুঙ্কুমাদিসুশীতলম্। গৃহাণার্ঘ্যমিদং দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে॥ ৪॥" আচমনীয়—"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম॥ ইমা আপো ময়া ভক্ত্যা তব পাণিতলেঽর্পিতাঃ। আচাময় মহাদেবি প্রীতা শান্তিং প্রযচ্ছ মে॥৫॥" মধুপর্ক—"ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥ ৬॥" আচমনীয়—পূর্ব্ববৎ॥ ৭॥ স্নানীয়—"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছমিদং শুদ্ধং মনোহরম্। স্নানার্থং তে ময়া ভক্ত্যা কল্পিতং প্রতিগৃহ্যতাম্॥ ৮॥" আচমনীয়—পূর্ব্ববৎ। পট্টবস্ত্র—"ওঁ বহুতন্তুসমাযুক্তং পট্টসূত্রাদিনির্ম্মিতম্। বাসো দেবি সুশুক্লঞ্চ গৃহাণ বরবর্ণিনি॥" কার্পাসবস্ত্র—"তন্তুসন্তানসংযুক্তং রঞ্জিতং রাগবস্তুনা। দুর্গে দেবি ভজ প্রীতিং বাসস্তে পরিধীয়তাম্॥ ৯॥" আচমনীয়—পূর্ব্ববৎ। অলঙ্কার—"ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভাঃ। গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি॥" শঙ্খালঙ্কার—"ওঁ শঙ্খঞ্চ বিবিধং চিত্রং বাহূনাঞ্চ বিভূষণম্। ময়া নিবেদিতং ভক্ত্যা শঙ্খঞ্চ প্রতিগৃহ্যতাম্॥ ১০॥" গন্ধ—"ওঁ শরীরন্তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। ময়া নিবেদিতান্ গন্ধান্

---

যে, জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে। অনেনৈব তু মন্ত্রেণ জপহোমন্তু কারয়েৎ। তথা—পূজয়েৎ তিলহোমৈস্তু ঘৃতক্ষীরযবাদিভিঃ। কার্য্যাস্তু দেবীমন্ত্রেণ শৃণু পূজাফলং হরে। ইত্যাদি বচনানুসারে হোমরূপে 'জয়ন্তী মঙ্গলা' ইত্যাদি মন্ত্র বিহিত হওয়ায় পূজাতে মন্ত্রান্তরের বিশেষ বিধি না থাকায় উক্ত মন্ত্রেই পূজাদি সকল কার্য্য হইবে বুঝা যায়।

* কোনও মতে আদিতে ওঁ জয়ন্তীত্যাদি বীজমন্ত্র, পরে ইদমমুকদ্রব্যং, পরে হ্রীং দুর্গায়ৈ নমঃ এইরূপে প্রযুক্ত হইয়া থাকে, কিন্তু তন্ত্রোক্ত পূজাতেই ঐ ব্যবস্থা হওয়া উচিত বৈদিক বা পৌরাণিক পূজায় নহে। এই কারণে বিষ্ণুপূজায় এতৎতুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় ইত্যাদি অন্তে ওঁ বিষ্ণবে নমঃ এইরূপ প্রয়োগও হইয়া থাকে।

প্রতিগৃহ্য বিলিপ্যতাম্॥ ১১ ॥" পুষ্প—"ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্ম্মিতম্। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥" মূলমন্ত্রে বিল্বপত্র-দান॥ ১২ ॥ ধূপ—"ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুরভোজনঃ। ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ ১৩ ॥" দীপ—"ওঁ অগ্নির্জ্যোতী রবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোঽয়ং প্রতি-গৃহ্যতাম্॥ সিন্দূর—"ওঁ চন্দনেন সমাযুক্তং সিন্দূরং ভালভূষণম্। রূপজ্যোতি-স্করং দেবি চণ্ডিকে গৃহ্ন মস্তকে॥" অথবা. "ওঁ চণ্ডিকায়ৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ।" অঞ্জন—"ওঁ নমস্তে সর্ব্বদেবেশি নমস্তে শঙ্করপ্রিয়ে। চক্ষুষামঞ্জনং হৃদ্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥ ১৪ ॥" নৈবেদ্য—"ওঁ আমান্নং ঘৃতসংযুক্তং ফলতাম্বূলসংযুতম্॥ ময়া নিবেদিতং ভক্ত্যা আমান্নং প্রতিগৃহ্যতাম্॥ ফলাদি—"ওঁ ফলমূলানি সর্ব্বাণি গ্রাম্যারণ্যানি যানি চ। নানাবিধসুগন্ধীনি গৃহ্ন দেবি মমাচিরম্॥" পানার্থজল—"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং সুগন্ধি সুমনোহরম্। ময়া নিবেদিতং ভক্ত্যা পানীয়ং প্রতিগৃহ্যতাম্॥" তাম্বূল—"ওঁ ফলপত্রসমাযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বূলং প্রতিগৃহ্যতাম্॥" সুগন্ধ-সমন্বিত দূর্ব্বা—"ওঁ নমস্তে সর্ব্বদেবেশি নমস্তে সুখমোক্ষদে। দূর্ব্বাং গৃহাণ দেবি ত্বং মাং নিস্তারয় সর্ব্বতঃ॥" বিল্ব-পত্রমাল্য—"ওঁ অমৃতোদ্ভবং শ্রীযুক্তং মহাদেবপ্রিয়ং সদা। পবিত্রং তে প্রযচ্ছামি শ্রীফলীয়ং সুরেশ্বরি॥" পুষ্পমাল্য—"ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিতম্। শ্রীযুক্তং লম্বমানঞ্চ গৃহাণ পরমেশ্বরি॥" পরে "নারায়ণ্যৈ বিদ্মহে" প্রভৃতি গায়ত্রী দ্বারা তিনটি পুষ্পাঞ্জলি দিবে এবং দর্পণ দেখাইতে হয়। তৎপরে মূলমন্ত্রে পাদ্য, অর্ঘ্য ও আচমনীয় দিয়া চতুষ্কোণ মণ্ডলের উপর সাধারান্ন স্থাপন পূর্ব্বক অন্ন অভ্যুক্ষণ ও দেবীকে নিবেদন করিয়া "ওঁ অন্নং চতুর্ব্বিধং দেবি রসৈঃ ষড়্ভিঃ সমন্বিতম্। উত্তমং প্রাণদঞ্চৈব গৃহাণ মম ভাবতঃ॥" পরমান্ন—"ওঁ গব্যসর্পিঃপয়োযুক্তং নানামধুরসংযুতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা পরমান্নং প্রগৃহ্যতাম্॥" পিষ্টক—"ওঁ অমৃতৈ রচিতং দিব্যং নানারূপবিনির্ম্মিতম্। পিষ্টকং বিবিধং দেবি গৃহাণ মম ভাবতঃ॥" মোদক—"ওঁ মোদকং স্বাদু-সংযুক্তং শর্করাদিবিমিশ্রিতম্। সুরম্যং মধুরং ভোজ্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥" পৃথুকাদি অর্থাৎ চিপিটকাদি মূলমন্ত্রে দিবে॥ ১৫ ॥ পানীয় জল—পূর্ব্ববৎ। প্রণাম—ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি॥ ১৬ ॥

নবপত্রিকা-পূজা।—"ওঁ রম্ভাধিষ্ঠাত্র্যৈ ব্রহ্মাণ্যৈ নমঃ" মন্ত্রে অর্চ্চনা করিয়া

"ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। রম্ভারূপেণ সর্ব্বত্র শান্তিং কুরু নমোঽস্তু তে ॥ ১ ॥" কচ্চীর অধিষ্ঠাত্রী কালিকার আবাহন ও অর্চ্চনা করিয়া "ওঁ মহিষাসুরযুদ্ধেষু কচ্চীভূতাসি সুব্রতে। মম চানুগ্রহার্থায় আগতাসি হরপ্রিয়ে ॥ ২ ॥" হরিদ্রাধিষ্ঠাত্রী দুর্গার আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ হরিদ্রে বরদে দেবি উমারূপাসি সুব্রতে। মম বিঘ্ন-বিনাশায় প্রসীদ ত্বং হরপ্রিয়ে ॥৩॥ জয়ন্তীর অধিষ্ঠাত্রী কৌমারীর আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক "ওঁ নিশুম্ভ-শুম্ভমথনে সেন্দ্রৈর্দেবগণৈঃ সহ। জয়ন্তি পূজিতাসি ত্বমস্মাকং বরদা ভব ॥ ৪ ॥" বিল্বাধিষ্ঠাত্রী শিবার আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক "ওঁ মহাদেবপ্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা। উমাপ্রীতিকরো বৃক্ষ বিল্বরূপ নমোঽস্তু তে ॥ ৫ ॥" দাড়িমাষ্ঠাত্রী রক্তদন্তিকার আবাহন ও অর্চ্চনা করিয়া "ওঁ দাড়িমি ত্বং পুরা যুদ্ধে রক্তবীজস্য সম্মুখে। উমাকার্য্যং কৃতং যস্মাত্তস্মাত্ত্বং রক্ষ মাং সদা ॥ ৬ ॥" অশোকাধিষ্ঠাত্রী শোকরহিতার আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক "ওঁ হরপ্রীতিকরো বৃক্ষো অশোকঃ শোকনাশনঃ। দুর্গাপ্রীতিকরো যস্মান্মামশোকং সদা কুরু ॥ ৭ ॥" মানাধিষ্ঠাত্রী চামুণ্ডার আবাহন ও পূজা করত "ওঁ যস্য পত্রে বসেদ্দেবি মানবৃক্ষঃ শচীপ্রিয়ঃ। মম চানুগ্রহার্থায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে ॥৮॥" ধান্যাধিষ্ঠাত্রী লক্ষ্মীর আবাহন ও পূজা করত "ওঁ জগতঃ প্রাণরক্ষার্থং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। উমাপ্রীতিকরং ধান্যং তস্মাত্ত্বং রক্ষ মাং সদা ॥ ৯ ॥

অনন্তর অগ্ন্যাদি চারি কোণে "হ্রাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি প্রণালীতে ষড়ঙ্গের অর্চ্চনা কর্ত্তব্য।

অনন্তর দিক্‌পালদিগের আবাহন পূর্ব্বক অর্চ্চনা।—পূর্ব্বাদি দিকে "ওঁ ইন্দ্রায় সবজ্রায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ অগ্নয়ে সশক্তয়ে সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ যমায় সদণ্ডায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ নৈর্ঋতায় সখড়্গায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বরুণায় সপাশায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বায়বে সাঙ্কুশায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ কুবেরায় সগদায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ঈশানায় সশূলায় সবাহনায় সপরিবারায় নমঃ।" পূর্ব্ব ও ঈশানকোণমধ্যে—"ওঁ ব্রহ্মণে সপদ্মায় সবাহনায় সপরিবারায় নমঃ।" নৈর্ঋত ও পশ্চিমদিক্‌মধ্যে—"ওঁ অনন্তায় সচক্রায় সবাহনায় সপরিবারায় নমঃ।"

পরে গণেশ, কার্ত্তিক, লক্ষ্মী ও সরস্বতীর ধ্যানান্তে যথোপচারে অর্চ্চনা করিবে। তদনন্তর "ওঁ সাঙ্গোপাঙ্গায়ৈ সবাহনায়ৈ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে

পুষ্পাঞ্জলিত্রয় দিবে। এই স্থানে সর্প, ময়ূর ও মূষিকেরও অর্চ্চনা কর্ত্তব্য। পরে "ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে সিংহের অর্চ্চনা এবং "ওঁ সিংহ ত্বং সর্ব্বজন্তূনামধিপোঽসি মহাবল। পার্ব্বতী-বাহন শ্রীমন্ বরং দেহি নমোঽস্তু তে। ওঁ আসনঞ্চাসি ভূতানাং নানালঙ্কার-ভূষিতম্। মেরুশৃঙ্গপ্রতীকাশ সিংহাসন নমোঽস্তু তে॥" মন্ত্রে প্রণাম করিবে। পরে "ওঁ মহিষাসুরায় নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে মহিষাসুরের অর্চ্চনা পূর্ব্বক যথাশক্তি প্রাণায়াম, ষড়ঙ্গন্যাস পূর্ব্বক দেবীর মূলমন্ত্র জপ করিতে হয়। পরে বলিদান, আরাত্রিক, স্তবপাঠ ও প্রার্থনামন্ত্র পাঠ্য।

মহাষ্টমী-পূজা।—নিত্যক্রিয়া সমাপনান্তে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কনপূর্ব্বক শুদ্ধাসনে সমাসীন হইয়া—"হাং হীং হুং ফট্" মন্ত্রে অর্চ্চনীয় বস্তুজাত দর্শন, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, প্রাণায়াম ও পীঠন্যাস শেষ করত দেবীকে ভাবনা করিয়া দর্পণপ্রতিবিম্বে তিনটি পুষ্পাঞ্জলি দিবে। পরে ওঁ আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ। ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ তন্নো ধেহি বনস্পতে॥ ইদমুষ্ণোদকসহিতদন্তকাষ্ঠং ওঁ জয়ন্তী ইত্যাদি পাঠান্তে ওঁ হ্রীঁ দুর্গায়ৈ নমঃ, এই মন্ত্রে দন্তকাষ্ঠ নিবেদন পূর্ব্বক দর্পণে তৈল-হরিদ্রা মাখাইয়া মহাস্নানোক্ত মন্ত্রে সপ্তমীপ্রোক্ত বিধানে স্নান করাইবে। তদনন্তর দর্পণ মুছিয়া "হ্রীং" লিখিয়া ভদ্রাসনে স্থাপন করত পূর্ব্ববৎ মাষভক্তবলি, গণেশঘটে গণেশ, শিবাদি পঞ্চদেবতা, নবগ্রহ, দশদিক্‌পাল ও মৎস্যাদি দশ অবতারের পূজা, পুনর্ব্বার প্রাণায়াম, ঋষ্যাদিন্যাস, করন্যাস ও অঙ্গন্যাস, দেবীর ধ্যান, মানসার্চ্চনা, বিশেষার্ঘ্যস্থাপন, আধারশক্ত্যাদি পীঠদেবতাদিগের অর্চ্চনা, পুনর্ব্বার দেবীর করন্যাসাদি, দেবীর ধ্যান, দেবীকে ষোড়শোপচারে পূজা, পূর্ব্ববৎ ষড়ঙ্গ এবং নবপত্রিকার পূজা করিতে হয়। তৎপরে মণ্ডলপূজা করিবে। মণ্ডলোপরি ৯টি ঘট আরোপ করিয়া উহাতে পূর্ব্বাদিক্রমে ইন্দ্রাদি লোক-পালের পূজা করিবে। পূর্ব্বদিকে ঘটপার্শ্বে শুক্ল ধ্বজ-পতাকা স্থাপন পূর্ব্বক ইন্দ্রের আবাহন করত ওঁ ইন্দ্রায় নমঃ, এইরূপে ওঁ বিষ্ণবে, সূর্য্যায়, তিথয়ে, সূক্ষ্মায়, যোগায়, দেবেভ্যঃ। সর্ব্বত্র নমঃ মন্ত্রে পূজা করিবে। অগ্নিকোণে রক্ত-ধ্বজপতাকাসমন্বিত ঘটে অগ্নির আবাহন, ওঁ অগ্নয়ে নমঃ, এইরূপে শুক্রায়, গণপত্যাদিভ্যঃ। দক্ষিণদিকে কৃষ্ণধ্বজপতাকাসমন্বিত ঘটে যমের আবাহন, ওঁ যমায় নমঃ মন্ত্রে পূজা, এইরূপে চিত্রগুপ্তায়, চতুর্দ্দশযমেভ্যঃ, ভৌমায়। নৈর্ঋতকোণে রক্তধ্বজপতাকাসমন্বিত ঘটে নৈর্ঋতের আবাহন, ওঁ

নৈর্ঋতায় নমঃ মন্ত্রে পূজা, এইরূপে ক্ষেত্রপালায়, রাহবে, কেতুভ্যঃ। পশ্চিমে শুক্লধ্বজপতাকাসহিত ঘটে বরুণের আবাহন, ওঁ বরুণায় নমঃ মন্ত্রে পূজা, এইরূপ ঋষিভ্যঃ, শনৈশ্চরায়, নাগেভ্যঃ। বায়ুকোণে রক্তধ্বজপতাকাযুক্ত ঘটে বায়ুর আবাহন, ওঁ বায়বে নমঃ এবং কামদেবায়, সোমায় নমঃ মন্ত্রে পূজা। উত্তরদিকে কৃষ্ণধ্বজপতাকাশোভিত ঘটে কুবেরের আবাহন, ওঁ কুবেরায় নমঃ এবং পর্ব্বতায়, পৃথিব্যৈ, বুধায় মন্ত্রে পূজা। ঈশানকোণে শুক্লধ্বজপতাকাসহিত ঘটে ঈশানের আবাহন, ওঁ ঈশানায় নমঃ এবং গুরবে, গৌর্য্যাদিমাতৃভ্যঃ মন্ত্রে পূজা। মধ্যে চিত্রধ্বজপতাকাযুক্ত ঘটে ব্রহ্মার আবাহন পূর্ব্বক ওঁ ব্রহ্মণে নমঃ এবং কেতবে, বাসুদেবায়, দুর্গায়ৈ মন্ত্রে পূজা। পরে অষ্টদলমধ্যে পূর্ব্বাদিক্রমে এই নিয়মে উগ্রচণ্ডাদির অর্চ্চনা করিবে, যথা— পূর্ব্বদলে "ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডে ইহাগচ্ছাগচ্ছ" এই প্রণালীতে আবাহন ও "ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে অর্চ্চনা করিয়া "ওঁ উগ্রচণ্ডা তু বরদা মধ্যাহ্নার্কসমপ্রভা। সা মে সদাস্তু বরদা তস্যৈ নিত্যং নমো নমঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। আগ্নেয়দলে ঐ প্রকারে প্রচণ্ডার আবাহন ও অর্চ্চনা করিয়া "ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যে প্রচণ্ডগণসংস্থিতে। সর্ব্বানন্দকরে দেবি তুভ্যং নিত্যং নমো নমঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। দক্ষিণদলে চণ্ডোগ্রার ঐ প্রকার আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক "ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং সর্ব্বভূতাভয়প্রদা। দেবি ত্বং সর্ব্বকার্য্যেষু বরদা ভব শোভনে॥" মন্ত্রে নমস্কার করিবে। নৈর্ঋতদলে চণ্ডনায়িকার আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক "ওঁ যা সৃষ্টিস্থিতিনাম্নী চ দেবেশবরদায়িনী। কলিকল্মষনাশায় নমামি চণ্ডনায়িকাম্॥" মন্ত্রে প্রণাম করিবে। পশ্চিম-দলে পূর্ব্ববৎ চণ্ডার আবাহন ও অর্চ্চনা করত "ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডারিবিজয়প্রদে। ধর্ম্মার্থমোক্ষদে দুর্গে নিত্যং মে বরদা ভব॥" মন্ত্রে প্রণাম করিবে। বায়ুদলে চণ্ডবতীর আবাহন ও পূজা করত "ওঁ যা সৃষ্টিস্থিতিসংহারগুণত্রয়সমন্বিতা। যা পরাঃ শক্তয়স্তস্যৈ চণ্ডবত্যৈ নমো নমঃ॥" মন্ত্রে নমস্কার করিবে। উত্তরদলে চণ্ডরূপার আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক "ওঁ চণ্ডরূপাত্মিকা চণ্ডা চণ্ডনায়ক-নায়িকা (চণ্ডিকা চণ্ডনায়িকা)। সর্ব্বসিদ্ধিপ্রদে দেবি তস্যৈ নিত্যং নমো নমঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। ঈশানদলে অতিচণ্ডিকার আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক "ওঁ বালার্কনয়না চণ্ডা (বালার্কারুণনয়না) সর্ব্বদা ভক্তবৎসলা। চণ্ডাসুরস্য মথিনী বরদাস্ত্বতিচণ্ডিকা॥" মন্ত্রে প্রণাম

করিবে। প্রত্যেক নামের প্রথমে "ওঁ হ্রীং শ্রীং" এই তিনটি বীজ যোগ করত আবাহন ও অর্চ্চনা করা কর্ত্তব্য।

পদ্মমধ্যে নিম্নলিখিত চতুঃষষ্টিযোগিনীর অর্চ্চনা করিবে। প্রত্যেক চতুর্থ্যন্ত নামের প্রথমে "ওঁ হ্রীং শ্রীং" বীজত্রয় এবং অবশেষে 'নমঃ' যোগ করিবে, যথা—ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ, এবং চণ্ডিকায়ৈ, রৌদ্র্যৈ, গৌর্য্যৈ, ইন্দ্রাণ্যৈ, কৌমার্য্যৈ, ভৈরব্যৈ, দুর্গায়ৈ, নারসিংহ্যৈ, চণ্ডিকায়ৈ, চামুণ্ডায়ৈ, শিবদূত্যৈ, বারাহ্যৈ, কৌশিক্যৈ, মাহেশ্বর্য্যৈ, শঙ্কর্য্যৈ, জয়ন্ত্যৈ, সর্ব্বমঙ্গলায়ৈ, কাল্যৈ, করালিন্যৈ, মেধায়ৈ, শিবায়ৈ, শাকম্ভর্য্যৈ, ভীমায়ৈ, শান্তায়ৈ, ভ্রামর্য্যৈ, রুদ্রাণ্যৈ, অম্বিকায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ, পূর্ণায়ৈ, মহোদর্য্যৈ, ঘোররূপায়ৈ, মহাকাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, ক্ষেমঙ্কর্য্যৈ, উগ্রচণ্ডায়ৈ, চণ্ডোগ্রায়ৈ, চণ্ডনায়িকায়ৈ, চণ্ডায়ৈ, চণ্ডবত্যৈ, চণ্ড্যৈ, মহামোহায়ৈ, প্রিয়ঙ্কর্য্যৈ, বলবুদ্ধিকরায়ৈ, বলপ্রমথিন্যৈ, মনোন্মাদিন্যৈ, সর্ব্বভূতদমন্যৈ, উমায়ৈ, তারায়ৈ, মহানিদ্রায়ৈ, বিজয়ায়ৈ, জয়ায়ৈ, শৈলপুত্র্যৈ, চণ্ডিকায়ৈ, চণ্ডঘণ্টায়ৈ, কুষ্মাণ্ডায়ৈ, স্কন্দমাত্রে, কাত্যায়ন্যৈ, কালরাত্র্যৈ, মহাগৌর্য্যৈ।

পরে "ওঁ কোটিযোগিনীগণা ইহাগচ্ছতাগচ্ছত" এই প্রণালীতে আবাহন করত "ওঁ কোটিযোগিনীগণেভ্যো নমঃ" মন্ত্রে পদ্মপত্রাগ্রে পাদ্যাদিযোগে অর্চ্চনা করিবে। তৎপরে অষ্টশক্তির আবাহন ও পূজা কর্ত্তব্য।

অষ্টশক্তিপূজা যথা—ব্রহ্মাণীর আবাহন করিয়া ওঁ হ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ এই মন্ত্রে যথাশক্তি উপচারে পূজা করিয়া নমস্কার করিবে, যথা—ওঁ চতুর্ম্মুখীং জগদ্ধাত্রীং হংসারূঢ়াং, বরপ্রদাম্। সৃষ্টিরূপাং মহাভাগাং ব্রহ্মাণীং তাং নমাম্যহম্। পরে মাহেশ্বরীর আবাহন, ওঁ হ্রীং মাহেশ্বর্য্যৈ নমঃ মন্ত্রে পূজা, ওঁ বৃষারূঢ়াং শুভাং শুভ্রাং ত্রিনেত্রাং বরদাং শিবাম্। মাহেশ্বরীং নমাম্যত্ত সৃষ্টি-সংহারকারিণীম্॥ মন্ত্রে নমস্কার করিবে। পরে কৌমারীর আবাহন। ওঁ হ্রীং কৌমার্য্যৈ নমঃ মন্ত্রে পূজা, ওঁ কৌমারীং পীতবসনাং ময়ূরবরবাহনাম্। শক্তিহস্তাং মহাভাগাং নমামি বরদাং সদা (শিবাম্)॥ মন্ত্রে প্রণাম করিবে। বৈষ্ণবীর আবাহন, পূজা ও প্রণাম করিবে। পূজামন্ত্র—ওঁ হ্রীং বৈষ্ণব্যৈ নমঃ, প্রণামমন্ত্র—ওঁ শঙ্খচক্র-গদা-শার্ঙ্গধারিণীং বিষ্ণুরূপিণীম্। স্থিতিরূপাং খগেন্দ্রস্থাং বৈষ্ণবীং তাং নমাম্যহম্॥ বারাহীর আবাহন পূর্ব্বক পূজা করিয়া প্রণাম করিবে। পূজামন্ত্র—ওঁ হ্রীং বারাহ্যৈ নমঃ, নমস্কারমন্ত্র—ওঁ বরাহরূপিণীং

দেবীং দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরাম্। শিবেন নমিতাং দেবীং বারাহীং প্রণমাম্যহম্॥ নারসিংহীর আবাহন পূজা ও প্রণাম করিবে, পূজামন্ত্র—ওঁ হ্রীং নারসিংহ্যৈ নমঃ, প্রণামমন্ত্র—ওঁ নৃসিংহরূপিণীং দেবীং দৈত্যদর্পবিনাশিনীম্। শুভদাং সুপ্রভাং শুভ্রাং নারসিংহীং নমাম্যহম্॥ ইন্দ্রাণীর আবাহন, পূজা ও প্রণাম করিবে, পূজামন্ত্র—ওঁ হ্রীং ইন্দ্রাণ্যৈ নমঃ, প্রণামমন্ত্র—ওঁ ইন্দ্রাণীং গজকুম্ভস্থাং সহস্রনয়নোজ্জ্বলাম্। নমামি বরদাং দেবীং সর্ব্বদেবনমস্কৃতাম্॥ চামুণ্ডার আবাহন, পূজা ও প্রণাম করিবে, পূজামন্ত্র—ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ॥ প্রণামমন্ত্র—ওঁ চামুণ্ডাং মুণ্ডমথনাং মুণ্ডমালাবিভূষিতাম্। অট্টট্টহাস-মুদিতাং নমাম্যাত্মবিভূতয়ে॥ কাত্যায়নীর আবাহন, পূজা ও প্রণাম করিবে। পূজামন্ত্র—ওঁ হ্রীং কাত্যায়ন্যৈ নমঃ। প্রণামমন্ত্র—ওঁ কাত্যায়নীং দশভুজাং মহিষাসুরমর্দ্দিনীম্। প্রসন্নবদনাং দেবীং বরদাং প্রণমাম্যহম্॥ অনন্তর নবদুর্গার আবাহন পূর্ব্বক ওঁ হ্রীং নবদুর্গায়ৈ নমঃ মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবে। ওঁ চণ্ডিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥

পরে দেবীঘটে জয়ন্ত্যাদির এই নিয়মে অর্চ্চনা করিবে। যথা—"ওঁ হ্রীং শ্রীং জয়ন্ত্যৈ নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে অর্চ্চনা করিতে হয়। এই নিয়মে জয়ন্তী, মঙ্গলা, কালী, ভদ্রকালী, কপালিনী, দুর্গা, শিবা, ক্ষমা, ধাত্রী, স্বাহা ও স্বধা ইহাদের আদিতে ঐরূপ তিনটি বীজ ও অন্তে নমঃ যোগ করিয়া চতুর্থী-বিভক্তি যোগ করত অর্চ্চনা করা কর্ত্তব্য। অনন্তর প্রতিমাগঠিত গণেশাদি দেবতাদিগের যথোপচারে অর্চ্চনাদি করত সিংহাসনের অর্চ্চনা ও নমস্কার করিবে। পরে "ওঁ মহিষাসুরায় নমঃ" মন্ত্রে মহিষাসুরের অর্চ্চনা করিয়া দেশবাসিনীদিগের অর্চ্চনা করিবে। যথা—"ওঁ হ্রীং পূতিবাসন্যৈ নমঃ" এই প্রণালীতে "বিমলায়ৈ, মহাগৌর্য্যৈ, কামদায়িন্যৈ, বজ্রেশ্বর্য্যৈ, বাগীশ্বর্য্যৈ, কিরাতরূপিণ্যৈ, সর্ব্বমঙ্গলায়ৈ, কাত্যায়ন্যৈ, বৈষ্ণব্যৈ, বিমলায়ৈ, দুর্গায়ৈ, মহাকাল্যৈ, বর্গভীমায়ৈ, যোগাদ্যায়ৈ, উত্তরবাহিন্যৈ, ত্রিপুরায়ৈ, সর্ব্বমঙ্গলায়ৈ।"

পরে বটুকগণের, ক্ষেত্রপালগণের, অসিতাঙ্গাদি ভৈরবগণের ও দিক্পাল-গণের অর্চ্চনা করিবে। বটুকপূজা যথা—আবাহন পূর্ব্বক পূর্ব্বদ্বারে ওঁ হেতু-কায় বটুকায় নমঃ, এবং ওঁ জয়ায়ৈ নমঃ, দক্ষিণ দ্বারে বেতালায় বটুকায় নমঃ, ওঁ অপরাজিতায়ৈ নমঃ, পশ্চিম দ্বারে বসুভ্যঃ, রম্ভায়ৈ, উত্তরে একাক্ষ্যৈ, জয়ন্ত্যৈ,

স্বস্তিকৈ, মধ্যে ঈশানায় যোগিনীপুত্র-সিদ্ধেশ্বর-বটুকায়। অগ্নিকোণে— অমর-পুত্র-সিদ্ধেশ্বর-বটুকায়। নৈঋর্তকোণে—চণ্ডপুত্র-বিদ্যাধর-বটুকায়। বায়ুকোণে—ক্ষেত্রপাল-বটুকায়। ঈশানকোণে—সাধকপুত্রগুহেশ্বর-সিদ্ধেশ্বর-বটুকায়।

ক্ষেত্রপালপূজা।—আবাহন পূর্ব্বক হাং হেতুকায় ক্ষেত্রপালায় নমঃ, এবং ত্রিং ত্রিপুরান্তকায় ক্ষেত্রপালায়, অং অগ্নিবেতালায় ক্ষেত্রপালায়, অং অগ্নিজিহ্বায় ক্ষেত্রপালায়, কৃং কৃষ্ণপিঙ্গলায় ক্ষেত্রপালায়, কং কপালিনে ক্ষেত্রপালায়, এং একপাদায় ক্ষেত্রপালায়, ভীং ভীমরূপায় ক্ষেত্রপালায়, দুং দুর্গোত্তারিণে ক্ষেত্রপালায়। এইরূপে পূজা করিবে।

ভৈরবপূজা।—আবাহন পূর্ব্বক ওঁ অসিতাঙ্গায় ভৈরবায় নমঃ, এবং রুরবে ভৈরবায়, চণ্ডায়, ক্রোধায়, উন্মত্তায়, কপালিনে, ভীষণায়, সংহারায়। সর্ব্বত্রই ভৈরবায় এই পদ শেষে বিন্যাস করিয়া পূজা কর্ত্তব্য।

অস্ত্রপূজা।—আবাহন পূর্ব্বক ওঁ খড়্গায় নমঃ—ওঁ পুরা দেবাসুরৈর্যুদ্ধে নির্ম্মিতোঽসি জয়প্রদ। খড়্গরূপ মহাদেব জয়ং দেহি নমোঽস্তু তে॥ এই মন্ত্রে প্রণাম করিয়া "ওঁ চাপায় নমঃ" মন্ত্রে পূজা পূর্ব্বক "ওঁ সর্ব্বায়ুধমহামাত্র সর্ব্বদেবারিসূদন। চাপ মাং সর্ব্বতো রক্ষ সাকং সায়কসত্তমৈঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। ওঁ "ইষুধয়ে নমঃ,—ওঁ চণ্ডিকা শক্তিরূপাঽসি ইষুধে ত্বং সদা স্থিরা। প্রণমামি সদা দেবি সংগ্রামে বিজয়ং কুরু॥" "ওঁ ত্রিশূলায় নমঃ—ওঁ সর্ব্বায়ুধানাং প্রথমং নির্ম্মিতস্ত্বং পিনাকিনা। শূলায়ুধং (শূলাৎসারং) সমাকৃষ্য কৃত্বা মুষ্টিগ্রহং শুভম্॥" "ওঁ চক্রায় নমঃ—ওঁ চক্র ত্বং বিষ্ণুরূপোঽসি বিষ্ণুপাণৌ সদা স্থিতঃ। দেবীহস্তস্থিতো নিত্যং সুদর্শন নমোঽস্তু তে॥" "ওঁ ছুরিকায়ৈ নমঃ—ওঁ সর্ব্বশস্ত্রাঙ্গভূতাসি সর্ব্বাসুরবিনাশিনি। ছুরিকে রক্ষ মাং নিত্যং শান্তিং কুরু নমোঽস্তু তে।" "ওঁ পরশবে নমঃ—ওঁ পরশো ত্বং মহাতীক্ষ্ণঃ সর্ব্বদেবারিসূদনঃ। দেবীহস্তস্থিতো নিত্যং শত্রুক্ষয় নমোঽস্তু তে॥" "ওঁ চর্ম্মণে নমঃ,—ওঁ শক্তয়ে নমঃ—ওঁ শক্তিস্ত্বং সর্ব্বদেবানাং গুহস্য চ বিশেষতঃ। শক্তি-রূপেণ সর্ব্বত্র রক্ষাং কুরু নমোঽস্তু তে॥" "ওঁ নাগপাশায় নমঃ—ওঁ পাশ ত্বং নাগরূপেণ বিষপূর্ণো বিষোদরঃ। শত্রূণাং দুঃসহো নিত্যং নাগপাশ নমোঽস্তু তে॥" "ওঁ যষ্ট্যৈ নমঃ। ওঁ যষ্টিরূপেণ খেটোঽসি বৈরিসংহারকারকঃ। দেবীহস্তস্থিতো নিত্যং মম রক্ষাং কুরুষ্ব চ॥ "ওঁ অঙ্কুশায় নমঃ—ওঁ অঙ্কুশোঽসি নমো নিত্যং দৈত্যানাং দুঃখদঃ সদা। লোকানাং সর্ব্বরক্ষার্থং বিধৃতঃ

পার্ব্বতীকরে॥" "ওঁ সর্ব্বায়ুধধারিণ্যৈ নমঃ—ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠানি যানি যানি ত্রিপিষ্টপে। তানি তানি দধত্যৈ তে চণ্ডিকায়ৈ নমোঽস্বিকে॥"

মাতৃপূজা।—আবাহন পূর্ব্বক "ওঁ খড়্গিন্যৈ নমঃ" এবং "শূলিন্যৈ, চাপিন্যৈ, খেচর্য্যৈ, দ্বারবাসিন্যৈ, শবসাধিন্যৈ, সিংহবাহিন্যৈ, শিল্পবাদিন্যৈ, সুগন্ধায়ৈ, ললিতায়ৈ, মহাবলায়ৈ, কৌশিক্যৈ, পাশিন্যৈ, সৌম্যতরায়ৈ, যোগিন্যৈ, দুর্গায়ৈ, দুর্গপারায়ৈ, জ্যোৎস্নায়ৈ, সারায়ৈ, অজায়ৈ, সিদ্ধিন্যৈ, মহাঘোরায়ৈ, ইন্দুরূপিণ্যৈ, বিষ্ণুমায়ায়ৈ, চেতনায়ৈ, বুদ্ধ্যৈ, নিদ্রায়ৈ, ক্ষুধায়ৈ, ছায়ায়ৈ, শক্ত্যৈ, তৃষ্ণায়ৈ, ক্ষান্ত্যৈ, জাত্যৈ, লজ্জায়ৈ, শান্ত্যৈ, শ্রদ্ধায়ৈ, কান্ত্যৈ, লক্ষ্ম্যৈ, বৃত্ত্যৈ, স্মৃত্যৈ, দয়ায়ৈ, তুষ্ট্যৈ, মাত্রে, ভ্রান্ত্যৈ" মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিবে।

অনন্তর যথাবিধানে বলিদান করত জপ ও জপসমর্পণ করিয়া স্তবপাঠ ও প্রার্থনামন্ত্র পাঠ কর্ত্তব্য। পরে হোম করিতে হয়।

সন্ধিপূজা।—স্বস্তিবাচনাদি ও গণেশাদি দেবতাগণের অর্চ্চনা পূর্ব্বক মাতৃকান্যাসাদি করত ষোড়শোপচারে চামুণ্ডার অর্চ্চনা করিবে। "ওঁ কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিপাশিনী। বিচিত্রখট্বাঙ্গধরা নরমালাবিভূষণা॥ দ্বীপিচর্ম্মপরীধানা শুষ্কমাংসাতিভৈরবা। অতিবিস্তারবদনা জিহ্বাললনভীষণা। নিমগ্নারক্তনয়না নাদাপূরিতদিঙ্মুখা॥" এই ধ্যানে এবং "ওঁ শ্রীং হ্রীং চামুণ্ডারূপায়ৈ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে অর্চ্চনা করিবে। পরে "অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীদুর্গাপ্রীতিকামঃ এতান্ অষ্টোত্তরশতসংখ্যকান্ প্রজ্বলিতান্ দীপান্ শ্রীচামুণ্ডারূপায়ৈ দুর্গায়ৈ তুভ্যমহং সম্প্রদদে" এই মন্ত্রে অষ্টোত্তরশতসংখ্যক দীপমালা উৎসর্গ করত কুমারীপূজা ও চতুঃষষ্টি যোগিনীর পূজা করিবে।

মহানবমী-পূজা।—নিত্যক্রিয়াসমাপনান্তে বিশুদ্ধাসনে বসিয়া আচমন, মাষ-ভক্তবলিদান ও ভূতশুদ্ধ্যাদি করত অষ্টমীবৎ স্নানাদি ও ষোড়শোপচারে পূজা করিয়া বলিদান যাবৎ নিখিল কার্য্য যথাবিধানে সম্পাদন করিবে। অনন্তর যথাবিধানে হোম করিয়া "অদ্যেত্যাদি শ্রীভগবদ্দুর্গাপূজাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং বহ্নিদৈবতং শ্রীভগবদ্দুর্গায়ৈ তুভ্যমহং সম্প্রদদে" এই বাক্যে দক্ষিণান্ত করিবে। পরে অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যশান্তি ও বিষ্ণুস্মরণ কর্ত্তব্য।

বিজয়াদশমীকৃত্য।—কৃতনিত্যক্রিয় হইয়া পবিত্রাসনে বসিয়া আচমন

করত স্বস্তিবাচনাদি ভূতশুদ্ধি যাবৎ শেষ করত পঞ্চোপচারে দেবীর অর্চনা ও পর্য্যুষিত অন্নাদি নিবেদন করিবে। অনন্তর করপুটে নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ বিধিহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং যদর্চ্চিতম্।
পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি ॥

অনন্তর ঘটে হাত দিয়া "ওঁ হ্রীং দুর্গে দেবি ক্ষমস্ব" মন্ত্রে আসন চালিত করত "ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ" মন্ত্রে নির্ম্মাল্যবাসিনীর অর্চ্চনা করিবে। পরে সংহারমুদ্রাযোগে নির্ম্মাল্য আনয়ন পূর্ব্বক ত্রিকোণ-মণ্ডলোপরি রাখিয়া "ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ" মন্ত্রে তদুপরি অর্চ্চনা করিবে। পরে করপুটে পাঠ্য, যথা—

ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ।
কুরুষ্ব মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ ॥
গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে।
যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে।
ব্রজ ত্বং স্রোতসি জলে তিষ্ঠ গেহে চ ভূতয়ে ॥

তৎপরে এই স্তুতিপাঠ করিবে, যথা—

"ওঁ যন্ময়োপহৃতং কিঞ্চিৎ বস্ত্রগন্ধানুলেপনম্।
তৎসর্ব্বমুপভুক্ত্বা ত্বং গচ্ছ দেবি যথাসুখম্॥
রাজ্যং শূন্যং গৃহং শূন্যং সর্ব্বশূন্যং দরিদ্রতা।
ত্বাম্ঋতে ভগবত্যম্ব কিং করোমি বদস্ব তৎ ॥"

পরে মৃন্ময়ী-নিকটে মৃৎপাত্রে জল আনিয়া তাহাতে এবং দর্পণে দেবীর প্রতিবিম্বদর্শন পূর্ব্বক "ওঁ নিমজ্জ্যাম্ভসি সম্পূজ্য পত্রিকা বর্জ্জিতা জলে। পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি জলে ময়া॥" এই মন্ত্র পাঠ করত দর্পণ জলমধ্যে বিসর্জ্জন করিবে। তৎপরে আসনে হাত দিয়া পাঠ্য, যথা—

ওঁ দুর্গে দেবি জগন্মাতঃ স্বস্থানং গচ্ছ পূজিতে। প্রসীদ ভগবত্যম্ব ত্রাহি মাং ভবসাগরাৎ॥ যথাশক্ত্যা কৃতা পূজা সমস্তা শঙ্করপ্রিয়ে। গচ্ছন্তু দেবতাঃ সর্ব্বা দত্ত্বা তু বাঞ্ছিতং বরম্॥ কৈলাসশিখরে রম্যে সংস্থিতা ভবসন্নিধৌ। পূজিতাসি ময়া ভক্ত্যা নবদুর্গে সুরার্চ্চিতে। তাং প্রগৃহ্য বরং দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্॥

পরে শান্তি ও আশীর্ব্বাদ এবং সন্ধ্যাসময়ে প্রশস্তিবন্দন কর্ত্তব্য।

### কালিকা-পুরাণ-বিহিত-

## দুর্গাপূজা।

বোধন। *—ষষ্ঠী তিথিতে সন্ধ্যাকালে বিল্বতরুতে দেবীর উদ্দেশে বোধন করিতে হয়। নিত্যক্রিয়াসমাপনান্তে স্বস্তিবাচন করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোঁ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে ষষ্ঠ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্বঃকর্ত্তব্যবার্ষিক-শরৎকালীন-দুর্গামহাপূজাকর্ম্মাঙ্গীভূতং গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং বিল্ববৃক্ষে ভগবদ্দুর্গায়া বোধনমহং করিষ্যে॥

তৎপরে সূক্তপাঠান্তে নিম্নোক্ত মন্ত্রে মাষভক্তবলি উৎসর্গ করিবে, যথা—ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্ণন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ॥

পরে সামান্যার্ঘ্য, "অপসর্পন্তু" ইত্যাদি মন্ত্রপাঠে ভূতাপসারণ, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, ঘটস্থাপনাদি ও ঘটে গণপত্যাদিদেবতার অর্চ্চনা সমাপনান্তে হ্রীং মন্ত্রে প্রাণায়াম, ঋষ্যাদিন্যাস, করন্যাস ও অঙ্গন্যাস করত "জটাজূট" ইত্যাদি ধ্যান করিবে এবং বিশেষার্ঘ্য স্থাপনান্তে পুনর্ধ্যান ও আবাহন পূর্ব্বক "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে অথবা দশোপচারে অর্চ্চনা করিবে। অনন্তর বিল্ববৃক্ষের অর্চ্চনা করিবে। ধ্যান যথা—

ওঁ চতুর্ভুজং বিল্ববৃক্ষং রজতাভং বৃষস্থিতম্। নানালঙ্কারসংযুক্তং জটামণ্ডলধারিণম্॥ বরাভয়করং দেবং খড়্গখট্বাঙ্গধারিণম্। ব্যাঘ্রচর্ম্মাম্বরধরং শশিমৌলিত্রিলোচনম্॥

এইরূপ ধ্যানে ও "ওঁ বিল্ববৃক্ষায় নমঃ" মন্ত্রে অর্চ্চনা কর্ত্তব্য। তৎপরে বিল্ববৃক্ষের ঈশানকোণস্থিত শাখা ধরিয়া (নবমীতে বোধন হইলে) এই মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ ইষে মাস্যসিতে পক্ষে নবম্যামার্দ্রযোগতঃ। শ্রীবৃক্ষে বোধয়ামি ত্বাং যাবৎ পূজাং করোম্যহম্॥ ঐং রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে

* চতুর্ভুজাপক্ষে ও দশভুজাপক্ষে শুক্লা প্রতিপদ্ তিথিতে, ষোড়শভুজাপক্ষে কৃষ্ণা চতুর্দ্দশী তিথিতে এবং অষ্টাদশভুজাপক্ষে কৃষ্ণা নবমীতে কল্পারম্ভ করত একভক্ত ব্রহ্মচর্য্যব্রতী হইয়া ষষ্ঠীতে যথাকালে বিল্বতরুতে বোধন করাই কর্ত্তব্য।

ব্রহ্মণা বোধো দেব্যাস্তয়ি কৃতঃ পুরা ॥ অহমপ্যাশ্বিনে তদ্বৎ সায়াহ্নে বোধয়ামি বৈ। শক্রেণাপি চ সংবোধ্য প্রাপ্তং রাজ্যং সুরালয়ে॥ তস্মাদহং ত্বাং প্রতিবোধয়ামি, বিভূতিরাজ্যপ্রতিপত্তিহেতোঃ। যথৈব রামেণ হতো দশাস্তস্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি ॥

ষষ্ঠী-বোধনস্থলে ঐঁ রাবণস্য ইত্যাদি অহমপ্যাশ্বিনে ষষ্ঠ্যাং ইত্যাদিরূপ পাঠ হইবে।

অনন্তর "কাণ্ডাৎ কাণ্ডাৎ" মন্ত্রে কাণ্ডচতুষ্টয় আরোপণপূর্ব্বক "ওঁ সূত্রামাণং" ইত্যাদি মন্ত্রে সপ্তধা সূত্র আবেষ্টন করিবে। তৎপরে অচ্ছিদ্রাবধারণাদি কর্ত্তব্য।

আমন্ত্রণ ও অধিবাস।—বৃহন্নন্দিকেশ্বর-পুরাণোক্ত বিধিতে করিবে। কেবল প্রভেদ এই যে, গীতবাদ্য দ্বারা দেবীর প্রীতিসাধন করিতে হয়। পরে রক্ষার্থ অস্ত্র স্থাপন ও দক্ষিণা দান করিবে।

সপ্তমীপূজা।—সপ্তমীদিবসে নিত্যক্রিয়াসমাপনান্তে বিল্বতরুসন্নিধানে গিয়া পূর্ব্বোক্ত নিয়মে পূজাদি করিয়া করপুটে পাঠ করিবে, যথা—

মেরুমন্দরকৈলাস-হিমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদা প্রিয়ঃ॥ শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো দুর্গাস্বরূপতঃ॥ বিল্ববৃক্ষ মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। গৃহীত্বা তব শাখাঞ্চ দেবীপূজাং করোম্যহম্॥ শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। দেবৈর্গৃহীত্বা ত্বৎশাখাং পূজ্যা দুর্গেতি বিশ্রুতিঃ॥

অনন্তর "ওঁ ছিন্ধি ছিন্ধি ফট্ ফট্ স্বাহা" মন্ত্রে নৈঋত-বায়ুকোণস্থা ভিন্ন ফলযুগলসম্পন্না শাখা ছেদন পূর্ব্বক "ওঁ পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং নেষ্যামি চণ্ডিকাপ্রিয়ান্। বিল্বশাখাং সমাশ্রিত্য লক্ষ্মীং রাজ্যং প্রযচ্ছ মে॥ ওঁ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥" এই মন্ত্র পড়িয়া বাদ্যবাদন সহকারে বিল্বশাখা আনিয়া নবপত্রিকাবন্ধনাদি সকল কর্ম্ম বৃহন্নন্দিকেশ্বরপুরাণোক্ত বিধানে করিবে। পরে স্বস্তিবাচনপূর্ব্বক সঙ্কল্প করিবে। বাক্য যথা—

ওঁ বিষ্ণুরোঁ, তৎসদদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে সপ্তম্যাং তিথাবারভ্য মহানবমীং যাবৎ প্রত্যহং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বিপুলধনধান্যসুতান্বিতত্বপ্রাপ্তিকামঃ ( শ্রীদুর্গাপ্রীতিকামো বা ) প্রত্যহং বার্ষিকশরৎকালীনসপরিবার-শ্রীদুর্গামহাপূজাকর্ম্মাহং করিষ্যে ॥

সঙ্কল্লান্তে সূক্তপাঠ এবং পুরোহিত ও তন্ত্রধারককে বরণ করিয়া কার্য্যভার দিবে।

স্নান।—অগ্রে নদ্যাদিতে গিয়া সঙ্কল্প করিবে। বাক্য যথা—"বিষ্ণুরোঁ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে সপ্তম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা সপ্তজন্মার্জ্জিতপাপক্ষয়কামঃ দুর্গামহং স্নাপয়িষ্যে॥"*

অনন্তর বৃহন্নন্দিকেশ্বরপুরাণোক্ত প্রণালীতে স্নান করাইবে। কেবল মন্ত্রগুলি ভিন্ন, যথা—তৈল-হরিদ্রা ম্রক্ষণ করত এই মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ নানারূপধরে দেবি দিব্যবস্ত্রাবগুণ্ঠিতে। তবালেপনমাত্রেণ তক্ষাঘাতো বিনশ্যতি॥ অনন্তর এই মন্ত্রে স্নান করাইবে, যথা—

ওঁ কদলীতরুসংস্থাসি বিষ্ণোর্বক্ষঃস্থলাশ্রয়ে। নমস্তে নবপত্রি ত্বং নমস্তে চণ্ডনায়িকে॥ ওঁ কচ্চি ত্বং স্থাবরস্থাসি সদা সিদ্ধিপ্রদায়িনী। দুর্গারূপেণ সর্ব্বত্র স্নানেন বিজয়ং কুরু॥ ওঁ হরিদ্রে হররূপাসি শঙ্করস্য প্রিয়া সদা। রুদ্ররূপাসি দেবি ত্বং সর্ব্বশান্তিং প্রযচ্ছ মে॥ ওঁ জয়ন্তি জয়রূপাসি জগতাং জয়কারিণি। স্নাপয়ামীহ দেবি ত্বাং জয়ং দেহি গৃহে মম॥ ওঁ শ্রীফল শ্রীনিকেতোঽসি সদা বিজয়বর্দ্ধনঃ। দেহি নো হিতকামাংশ্চ প্রসন্নো ভব সর্ব্বদা॥ ওঁ দাড়িম্যঘবিনাশায় ক্ষুন্নাশায় সদা ভুবি। নির্ম্মিতা ফলকামায় প্রসীদ ত্বং হরপ্রিয়ে॥ ওঁ স্থিরা ভব সদা দুর্গে অশোকে শোকহারিণি। ময়া ত্বং পূজিতা দুর্গে স্থিরা ভব হরপ্রিয়ে॥ ওঁ মান মান্যেষু বৃক্ষেষু মাননীয়ঃ সুরাসুরৈঃ। স্নাপয়ামি মহাদেবীং মানং দেহি নমোঽস্তু তে॥ ওঁ লক্ষ্মি ত্বং ধান্যরূপাসি প্রাণিনাং প্রাণদায়িনি। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥

পরে নিম্নোক্ত মন্ত্রে নদীজল দ্বারা স্নান করাইবে, যথা—

ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী। সরয়ূর্গণ্ডকী পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী॥ ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা। সর্ব্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥ ওঁ দুর্গা চণ্ডেশ্বরী চণ্ডী বারাহী কার্ত্তিকী তথা। হরসিদ্ধা তথা কালী ইন্দ্রাণী বৈষ্ণবী তথা॥ ভদ্রকালী বিশালাক্ষী ভৈরবী সর্ব্বরূপিণী। এতাশ্চ সর্ব্বযোগিন্যো ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥ ওঁ সুরাস্ত্বা-মভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণঃ প্রভুঃ॥

---

* স্নানে পৃথক্ সঙ্কল্প করিতে হয় না, প্রধান কার্য্যের সঙ্কল্পের দ্বারাই অঙ্গকার্য্যের সঙ্কল্প সিদ্ধ হয়।

প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে। আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋ‍ৰ্তস্তথা। বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাঃ পান্তু তে সদা॥ ওঁ কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিস্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ॥ এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপালাঃ সুসংযতাঃ॥ ওঁ আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ॥ ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাঙ্গণাঃ॥ অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে॥ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ॥ এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে॥ ওঁ সিন্ধুভৈরবশোণাদ্যা যে হ্রদা ভুবি সংস্থিতাঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ তক্ষকাদ্যাশ্চ যে নাগাঃ পাতাল-তলবাসিনঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ গ্রহা ঋক্ষাস্তথা নাগাঃ করণাস্তিথয়ঃ স্মৃতাঃ। ঋষয়ো দেবপুত্রাশ্চ যে চান্যে দেবযোনয়ঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ লবণেক্ষু-সুরাসর্পির্দধিদুগ্ধজলান্তকাঃ। সমুদ্রাঃ সপ্ত চৈবান্যে ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ অনন্তাদিমহানাগা দানবা রাক্ষসাশ্চ যে। পিশাচা গুহ্যকাঃ সিদ্ধাঃ কুষ্মাণ্ডাস্তরবঃ খগাঃ॥ জলেচরা ভূমিলয়া বায়ব্যাশ্চৈব জন্তবঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ দুর্গা চণ্ডেশ্বরী চণ্ডী বারাহী কার্ত্তিকী তথা। হরসিদ্ধা তথা কালী ঈন্দ্রাণী বৈষ্ণবী তথা॥ ভদ্র-কালী বিশালাক্ষী ভৈরবী সর্ব্বরূপিণী। এতাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥

তৎপরে শঙ্খজলে স্নান করাইতে হয়, মন্ত্র যথা—

ওঁ সর্ব্বেষামধিপো দেব ঈশানো নাম নামতঃ। শূলপাণির্মহাদেবো ভৃঙ্গারৈঃ স্নাপয়ত্বিমাম্॥

পরে গঙ্গোদকে স্নান করাইবে, মন্ত্র যথা—

ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। স্বর্গস্রোতস্তু বৈষ্ণব্যং স্নানং ভবতু তেন তে॥

অনন্তর উষ্ণোদকে স্নান করাইতে হয়, মন্ত্র যথা—

ওঁ পরমং পবিত্রমুষ্ণং বহ্নিজ্যোতিঃসমন্বিতম্। জীবনং সর্ব্বপাপঘ্নং ভৃঙ্গারৈঃ স্নাপয়ত্বিমাম্॥

অনন্তর গন্ধোদকে স্নান করাইবে, মন্ত্র যথা—

•••ওঁ গন্ধাঢ্যং শোভনঞ্চৈব সুগন্ধি সুমনোহরম্। সর্ব্বপাপহরং বারি ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমাম্॥

অনন্তর শুদ্ধোদকে স্নান করাইবে, মন্ত্র যথা—

"ওঁ আপো হি ষ্ঠা ময়ো ভুব" ইত্যাদি। "শন্নো দেবীরভীষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শং যোরভিস্রবন্তু নঃ॥"

অনন্তর শোধিত পঞ্চগব্য একত্র করিয়া গায়ত্রীপাঠ সহকারে গোমূত্র দ্বারা স্নান করাইবে। তৎপরে—"ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥" এই মন্ত্রে গোময় দ্বারা, "ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং ভবাবাজস্য সংগথে।" এই মন্ত্রে দুগ্ধ দ্বারা, "ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভিনো মুখাকরৎ প্রণত আয়ুংষি তারিষৎ।" এই মন্ত্রে দধি দ্বারা, "ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।" এই মন্ত্রে আজ্য দ্বারা, "ওঁ মধুবাতা" মন্ত্রে মধু দ্বারা, "ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে।" এই মন্ত্রে কুশবারি দ্বারা, "ওঁ সরস্বত্যা ভৈষজ্যেন বীর্য্যায়ান্নাদ্যায়াভিষিঞ্চামি। আশ্বিনো ভৈষজ্যেন তেজসে ব্রহ্মবর্চ্চসে ত্বাভিষিঞ্চামি। ইন্দ্রিয়স্যেন্দ্রিয়েণ বলায় শ্রিয়ৈ যশসেঽভিষিঞ্চামি।" মন্ত্রে পুষ্পজল দ্বারা, "ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিষি" মন্ত্রে ফলোদক দ্বারা, "ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ।" মন্ত্রে ইক্ষুরস ও সাগরবারি দ্বারা, "ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ" মন্ত্রে মধু দ্বারা, "ওঁ হ্রীং শিরসে স্বাহা" মন্ত্রে ঘৃত দ্বারা, "ওঁ হ্রূং শিখায়ৈ বষট্" মন্ত্রে দুগ্ধ দ্বারা, "ওঁ হ্রৈং কবচায় হুং" মন্ত্রে নারিকেলোদক দ্বারা, "ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্" মন্ত্রে ইক্ষুরস দ্বারা, "ওঁ হ্রঃ অস্ত্রায় ফট্" মন্ত্রে দধি দ্বারা, "ওঁ হ্রাং অম্বিকায়ৈ নমঃ" মন্ত্রে তিলতৈল দ্বারা, "ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে বিষ্ণুতৈল দ্বারা, "ওঁ হ্রূং চণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে পুষ্পজল দ্বারা, "ওঁ হ্রৈং প্রচণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে কুশবারি দ্বারা, "ওঁ হ্রৌং উগ্রচণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে শঙ্খোদক দ্বারা, "ওঁ হ্রঃ চণ্ডবত্যৈ নমঃ" মন্ত্রে নির্ঝরজল দ্বারা, "ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিশানা মুম্মইষাণ সর্ব্বলোকং ম ঈষানঃ।" মন্ত্রে কুশজল দ্বারা, "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা। ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো

হব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিষি।" মন্ত্রে ফলজল দ্বারা, "ওঁ যা ওষধীঃ সোমরাজ্ঞীর্বহ্বীঃ শতবিচক্ষণাঃ। (তা মহ্যমস্মিন্ পাদয়োরচ্ছিদ্রাঃ শর্ম্ম যচ্ছত।) তাসামসি ত্বমুত্তমা অরং কামায় সংহৃদে।" মন্ত্রে সর্ব্বৌষধি-মহৌষধি দ্বারা, "ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ স্বর্গস্রোতো নদাস্তথা। সর্ব্বৌষধীভিঃ পাপঘ্নাঃ সহস্রৈঃ স্নাপয়ন্তু তে॥ ওঁ লবণেক্ষুসুরাসর্পির্দধিদুগ্ধজলৈস্তথা। সহস্রধারয়া দেবীং স্নাপয়ামি মহেশ্বরীম্॥" মন্ত্রে সহস্রধারাজল দ্বারা এবং "ওঁ অগ্ন আয়াহি" ইত্যাদি বৈদিক মন্ত্রচতুষ্টয় পাঠে ঘটচতুষ্টয় দ্বারা স্নান করাইবে। তৎপরে নৃত্যগীতাদি সহকারে দেবীকে পূজামণ্ডপে আনয়ন করিয়া নিম্নলিখিত আটটি মন্ত্রে অষ্টকলস দ্বারা স্নান করাইবে, যথা—

মন্দাকিনীজলপূর্ণ ঘটে—ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। ব্যোমগঙ্গাম্বুপূর্ণেন আদ্যেন কলসেন তু॥ ১॥ বৃষ্টিজলপূরিত ঘটে—ওঁ মরুতস্ত্বাভিষিঞ্চন্তু ভক্তিমন্তঃ সুরেশ্বরীম্। মেঘাম্বুপরিপূর্ণেন দ্বিতীয়কলসেন তু॥ ২॥ সরস্বতীজলপূরিত ঘটে—ওঁ সারস্বতেন তোয়েন সম্পূর্ণেন সুরোত্তমে। বিদ্যাধরাস্ত্বাভিষিঞ্চন্তু তৃতীয়কলসেন তু॥৩॥ সাগরজলপূর্ণ ঘটে—ওঁ শক্রাদ্যাস্ত্বাভিষিঞ্চন্তু লোকপালাঃ সমাগতাঃ। সাগরোদকপূর্ণেন চতুর্থকলসেন তু॥ ৪॥ পদ্মরজোমিশ্রিত জলপূর্ণ ঘটে—ওঁ বারিণা পরিপূর্ণেন পদ্মরেণুসুগন্ধিনা। পঞ্চমেনাভিষিঞ্চন্তু নাগাশ্চ কলসেন তু॥ ৫॥ নির্ঝরোদকপূর্ণ ঘটে—ওঁ হিমবদ্ধেমকূটাদ্যাস্ত্বাভিষিঞ্চন্তু পর্ব্বতাঃ। নির্ঝরোদকপূর্ণেন ষষ্ঠেন কলসেন তু॥ ৬॥ সর্ব্বতীর্থজলপূর্ণ ঘটে—ওঁ সর্ব্বতীর্থাম্বুপূর্ণেন কলসেন সুরেশ্বরীম্। সপ্তমেনাভিষিঞ্চন্তু ঋষয়ঃ সপ্ত খেচরাঃ॥ ৭॥ গঙ্গাজলপূর্ণ ঘটে—ওঁ বসবস্ত্বাভিষিঞ্চন্তু কলসেনাষ্টমেন তু। অষ্টমঙ্গলসংযুক্তে দুর্গে দেবি নমোঽস্তু তে॥ ৮॥

এই আটটি মন্ত্রের মধ্যে প্রথম মন্ত্রে মালবরাগবিজয়বাদ্য সহ গঙ্গোদকপূর্ণ কুম্ভ দ্বারা, দ্বিতীয় মন্ত্রে ললিতরাগ-বিজয়বাদ্যসহ বৃষ্টিবারিপূর্ণ কুম্ভ দ্বারা, তৃতীয় মন্ত্রে বিভাষরাগদুন্দুভিবাদ্যসহ সরস্বত্যুদকপূর্ণ কুম্ভ দ্বারা, চতুর্থ মন্ত্রে ভৈরবীরাগ-বিজয়বাদ্যসহ সাগরবারিপূর্ণ কুম্ভ দ্বারা, পঞ্চমমন্ত্রে কেদাররাগ-ইন্দ্রাভিষেকবাদ্যসহ কমলরজঃসংযুক্তবারিপূর্ণ কুম্ভ দ্বারা, ষষ্ঠমন্ত্রে বরাড়ীরাগ-শঙ্খধ্বনিসহ নির্ঝরসলিলপূর্ণ কুম্ভ দ্বারা, সপ্তম মন্ত্রে বসন্তরাগপঞ্চমশব্দবাদ্যসহ সর্ব্বতীর্থবারিপূর্ণ কুম্ভ দ্বারা, অষ্টম মন্ত্রে ধানসীরাগ-বিজয়বাদ্যসহ শীতলোদকপূর্ণ কুম্ভ দ্বারা স্নান করাইতে হয়। পরে "ওঁ ভূতাদিভ্যো নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে ভূতগণের পূজা করিয়া নিম্নলিখিত মন্ত্রে মাষভক্তবলি দিবে, যথা,—

ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্লন্তু মন্না দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ॥ * পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্বিনিঃস্বত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ॥

অনন্তর লাজ, চন্দন, সিদ্ধার্থ, ভস্ম, দূর্ব্বা, কুশ ও অক্ষত লইয়া "ওঁ অস্ত্রায় ফট্" মন্ত্রে সপ্তধা অভিমন্ত্রিত করত ভূমিতে ছড়াইয়া দিয়া ভূতাপসারণ করিবে। মন্ত্র যথা—

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গা-পূজাং করোম্যহম্॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে ভূতাশ্চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ॥

তদনন্তর নবপত্রিকা দ্বারদেশে আনিয়া "ওঁ বিল্বশাখাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে অর্চ্চনা করত দেবীরূপ ধ্যান পূর্ব্বক দূর্ব্বাক্ষত লইয়া দেবীর শিরোদেশে দিয়া নির্ম্মঞ্ছন করিতে হয়। পরে দেবীর আসন ধারণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে দেবীকে চালনা করিবে, যথা—

ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয় দুর্গে পূজালয়ং প্রবিশ। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ আগচ্ছ মদ্গৃহে দেবি সর্ব্বসম্পত্তিহেতবে। বলিং পূজাং যথাশক্ত্যা গৃহাণ দাক্ষি চণ্ডিকে॥ আগচ্ছ মদ্গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ সুমুখি সর্ব্বকল্যাণহেতবে॥ ত্বং পরা পরমা শক্তিস্ত্বমেব হরবল্লভা। ত্রৈলো-ক্যোদ্ধারহেতুস্ত্বমবতীর্ণা যুগে যুগে॥

অনন্তর "ওঁ ঐং হ্রাং হ্রীং স্থাং স্থীং ত্বমম্বিকে স্থিরা ভব" মন্ত্রে স্থিরীকরণ, তদ্দক্ষিণে নবপত্রিকাস্থাপন এবং সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কন পূর্ব্বক স্বশাখোক্ত মন্ত্রে ঘটস্থাপন করিয়া নিম্নলিখিত মন্ত্রে অঙ্কুশমুদ্রাযোগে তীর্থ আবাহন করিবে, যথা—

ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদাস্তথা। আয়ান্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ॥ ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥

---

* প্রসারিতঃ—পাঠান্তর।

অনন্তর সপ্তমৃত্তিকা, * সর্ব্বৌষধি, ফল, গন্ধ, পুষ্প, দূর্ব্বা ও আতপতণ্ডুল গ্রহণ পূর্ব্বক "নমঃ" মন্ত্রে ঘটমধ্যে নিক্ষেপ করত "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা" এই দশাক্ষর জয়দুর্গামন্ত্রে অভিমন্ত্রিত করিবে।

পরে সামান্যার্ঘ্য, ভূতাপসারণ, আসনশুদ্ধি, গুরুপ্রণাম, করশুদ্ধি, দিগ্বন্ধন, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, হ্রীং মন্ত্রে প্রাণায়াম ও অস্য দশাক্ষরজয়দুর্গামন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দো জয়দুর্গা দেবতা সর্ব্বাভীষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ ইত্যাদি-রূপে ঋষ্যাদিন্যাস করিয়া নিম্নলিখিতরূপে করন্যাস ও অঙ্গন্যাস করিবে, যথা—

ওঁ দুর্গে অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ দুর্গে তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ দুর্গায়ৈ মধ্যমাভ্যাং বষট্, ওঁ ভূতরক্ষণি অনামিকাভ্যাং হুঁ, ওঁ দুর্গে দুর্গে রক্ষণি কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ ইত্যাদি। †

পীঠন্যাস, (বৃহন্নন্দিকেশ্বরপুরাণোক্তবৎ) দেবীর ধ্যান, বিশেষার্ঘ্যস্থাপন ও ঈশানকোণে গণেশঘট স্থাপন পূর্ব্বক তদুপরি পাদ্যাদি দ্বারা গণেশের অর্চ্চনা করিয়া "ওঁ সর্ব্ববিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ। দেবীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা সর্ব্ববিঘ্নং বিনাশয়॥" মন্ত্রে প্রণাম করিবে। পরে পীঠপূজা করিয়া পুনর্ধ্যান করত নিম্নলিখিত মন্ত্রে আবাহন করিবে। যথা—

ওঁ ভগবতি দুর্গে স্বকীয়গণসহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব ইহাভিমুখীভব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।

এইরূপে আবাহন, সংস্থাপন, সন্নিরোধন ও অমৃতীকরণ মুদ্রা দেখাইয়া মূলমন্ত্রে ষড়ঙ্গবিন্যাস করত প্রতিমা এবং পত্রিকাতে হাত দিয়া পাঠ করিবে, যথা—

"ওঁ আগচ্ছ মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্ব্বকল্যাণকারিণি॥ এহ্যেহি ভগবত্যম্ব শত্রুক্ষয়জয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়।

---

* হস্তী, অশ্ব, রথ, বল্মীক, নদীসঙ্গম, হ্রদ ও গোকুল এই সপ্ত স্থানের মৃত্তিকার নাম সপ্তমৃত্তিকা।

† অনেক পুস্তকে ওঁ দুর্গে দুর্গে রক্ষিণি স্বাহা এইরূপ দেখিতে পাওয়া যায়, কিন্তু কাশীরাম বাচস্পতি টীকা ও অন্যান্য বিশুদ্ধ গ্রন্থে 'রক্ষণি' এইরূপ পাঠ পাওয়া যায় বলিয়া ঐরূপ নিবেশিত হইল।

যজ্ঞভাগান্ গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ শারদীয়ামিমাং পূজাং করোমি কমলেক্ষণে। আজ্ঞাপয় মহাদেবি দৈত্যদর্পবিনাশিনি॥ সংসারার্ণবদুষ্পারে সর্ব্বমায়ানিকৃন্তনি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ যে দেবা যাশ্চ দেব্যশ্চ চলিতা যাশ্চলন্তি যে। আবাহয়ামি তান্ সর্ব্বাংশ্চণ্ডিকে পরমেশ্বরি॥ প্রাণান্ রক্ষ যশো রক্ষ পুত্রদারধনং সদা। সর্ব্বরক্ষাকরী যস্মাত্ত্বং হি দেবি জগৎপ্রিয়ে॥ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। মেনানন্দকরে দেবি সর্ব্বসিদ্ধিঞ্চ দেহি মে॥ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। কৈলাসশিখরাদ্দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ। আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম॥ স্থাপিতাসি ময়া দেবি পূজয়ে ত্বাং প্রসীদ মে। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং দেহি দেবি নমোঽস্তু তে॥ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ যজ্ঞে সুরেশ্বরি॥ দেবি ত্বং জগতাং মাতঃ সৃষ্টিসংহারকারিণি। পত্রিকাসু সমস্তাসু সান্নিধ্যমিহ কল্পয়॥ পল্লবৈশ্চ ফলোপেতৈঃ শাখাভিঃ সুরনায়িকে। পল্লবে সংস্থিতে দেবি পূজাং গৃহ্ণ নমোঽস্তু তে॥ আবাহয়ামি দেবি ত্বাং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥ চণ্ডি ত্বং চণ্ডরূপাসি সুরতেজোমহাবলে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥

অনন্তর কজ্জল দ্বারা মূলমন্ত্রে ঊর্দ্ধ-বাম-দক্ষিণক্রমে চক্ষুর্দ্দান করিয়া দেবীর হৃদয়ে হস্ত প্রদান পূর্ব্বক পাঠ করিবে, যথা—

ওঁ হংসঃ শুচিসদ্বসুরন্তরীক্ষসদ্ধোতা বেদিসদতিথির্দুরোণসৎ নৃষদ্বরসদৃতসদ্ব্যোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ॥ ওঁ প্রতদ্বিষ্ণুস্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ॥ ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংষতু আসিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে॥ ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুরিত্যাদি। ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ॥

অনন্তর যথারীতি প্রাণপ্রতিষ্ঠা, পূর্ব্বোক্তভাবে দেবীর দেহে অঙ্গন্যাস ও মাতৃকান্যাস করত হ্রাংকার দ্বারা সন্নিরোধ পূর্ব্বক যথাশক্তি দেবীগায়ত্রী ও মূলমন্ত্র জপ পূর্ব্বক মূলমন্ত্রে তিনটি পুষ্পাঞ্জলি দিবে। অনন্তর গণেশাদিরও এই প্রকার প্রাণপ্রতিষ্ঠা করিয়া ঘটে, প্রতিমায় ও নবপত্রিকাতে দেবীকে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে, যথা—

প্রথমতঃ আসন অর্চ্চনা করত "এতদ্‌রজতাসনং ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং ওঁ দুর্গায়ৈ নমঃ ওঁ আসনং গৃহ্ণ চার্ব্বঙ্গি চণ্ডিকে পরমেশ্বরি। ভজস্ব জগতাং মাতঃ স্থানং মে দেহি চণ্ডিকে॥" * [ এইরূপ প্রকারে অগ্রে অর্চ্চনা, পরে মূলমন্ত্রে নিবেদন, অনন্তর বিশেষ মন্ত্রপাঠ ] পাদ্য—"ওঁ পাদ্যং গৃহ্ণ মহাদেবি সর্ব্বদুঃখাপহারকম্। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ইদং পাদ্যং বরুণদৈবতম্।" [ গন্ধ, পুষ্প, অক্ষত, যব, তিল, কুশাগ্র, শ্বেতসর্ষপ, দূর্ব্বা, বিল্ব-পত্রসহ অর্ঘ্য শঙ্খে গ্রহণ পূর্ব্বক ] "ওঁ দূর্ব্বাক্ষতসমাযুক্তং বিল্বপত্রং তথাপরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে॥ এতদর্ঘ্যং বিষ্ণুদৈবতম্।" [ জাতিফল-লবঙ্গ-কক্কোলচূর্ণ-সমন্বিত আচমনীয় গ্রহণ পূর্ব্বক ] "ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্॥ এতাদাচমনীয়ং বরুণদৈবতম্।" [ কাংস্যপাত্রে মধুপর্ক গ্রহণ পূর্ব্বক ] "ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥ এষ মধুপর্কঃ বিষ্ণুদৈবতঃ।" [ চন্দনযুক্ত শীতলোদক গ্রহণ পূর্ব্বক ] "ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোরমম্। স্নানার্থন্তে ময়া ভক্ত্যা কল্পিতং দেবি গৃহ্যতাম্॥" (পট্টবস্ত্র গ্রহণ পূর্ব্বক) "ওঁ বহুতন্তুসমাযুক্তং পট্টসূত্রাদি-নির্ম্মিতম্। বাসো দেবি সুশুক্লঞ্চ গৃহাণ পরমেশ্বরি॥" (পুনরাচমনীয় গ্রহণ পূর্ব্বক) "ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্॥" (অলঙ্কার গ্রহণ পূর্ব্বক) ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভাঃ। গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি॥" (শঙ্খ গ্রহণ পূর্ব্বক) "ওঁ শঙ্খশ্চ সাগরোৎপন্নো নানাবর্ণবিভূষিতঃ। ময়া নিবেদিতো ভক্ত্যা শঙ্খোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥" (চন্দন, অগুরু, কর্পূর ও কস্তূরীযুক্ত গন্ধ লইয়া) "ওঁ শরীরন্তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাম্॥" (পুষ্প লইয়া) "ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্ম্মিতম্।

* কোন কোন মতে আদিতে বীজমন্ত্র, পরে দ্রব্যোল্লেখ, অনন্তর নিবেদনমন্ত্রে উপচারদান লিখিত আছে। কিন্তু তাহা সমীচীন নহে, যেহেতু, দুর্গোৎসবতত্ত্বের টীকাকার কাশীরাম বাচস্পতিই লিখিয়াছেন যে, এতৎপাদ্যং ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ এই মন্ত্রে পূজা হইবে, বৈদিক পূজায় আদিতে বীজ, অন্তে দ্রব্যোল্লেখ বিহিত নহে, তান্ত্রিক পূজায়ই ঐ ব্যবস্থা, এই কারণ বিষ্ণুপূজা মন্ত্র ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা ওঁ বিষ্ণবে নমঃ ইহা তুলসীদানের পরেই উল্লিখিত হয়। শিবপূজায়ও ওঁ নমঃ শিবায় এই বীজ উপচারের অন্তেই প্রযুক্ত হয়।

স্থগমভূতমাত্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥" (ধূপ লইয়া) "ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধর্ব্বাসুরভোজনঃ। ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ ধূপঃ বিষ্ণুদৈবতঃ॥" (দীপ লইয়া) "ওঁ অগ্নিজ্যোতী রবিজ্যোতিশ্চন্দ্র-জ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ দীপঃ অগ্নিদৈবতঃ॥" (অঞ্জন লইয়া) "ওঁ নমস্তে সর্ব্বগে দেবি নমস্তে শঙ্কর-প্রিয়ে। চক্ষুষামঞ্জনং দিব্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥ এতদঞ্জনমগ্নিদৈবতম্॥" (ফলমূল লইয়া) "ওঁ ফলমূলানি সর্ব্বাণি গ্রাম্যারণ্যানি যানি চ। নানাবিধ-সুগন্ধীনি গৃহ্ণ দেবি মমাচিরম্॥ এতৎ ফলমূলং বনস্পতিদৈবতম্॥" (নৈবেদ্য লইয়া) "ওঁ আমান্নমুত্তমং দেবি মধুসর্পিঃসমন্বিতম্। নিবেদিতং ময়া ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥ এতৎ প্রজাপতিদৈবতমামান্ননৈবেদ্যম্॥" (পূর্ব্ববৎ আচম-নীয় দিবে।) (তাম্বূল লইয়া) "ওঁ ফলপত্রসমাযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বূলং প্রতিগৃহ্যতাম্॥" (অষ্টোত্তরশতদূর্ব্বা লইয়া) "ওঁ নমস্তে সর্ব্বগে দেবি নমস্তে সুখমোক্ষদে। দূর্ব্বাং গৃহাণ দেবি ত্বং মাং নিস্তা-রয় সর্ব্বতঃ॥" (শ্রীফলপত্রমাল্য লইয়া) "ওঁ অমৃতোদ্ভবং শ্রীযুক্তং মহাদেবপ্রিয়ং সদা। পবিত্রন্তে প্রযচ্ছামি শ্রীফলীয়ং সুরেশ্বরি॥" (পুষ্পমাল্য লইয়া) "ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিতম্। শ্রীযুক্তং শোভনং মাল্যং গৃহাণ পরমেশ্বরি॥"

অনন্তর "চণ্ডিকায়ৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ।" মন্ত্রে তিনটি পুষ্পাঞ্জলি ও সিন্দূরতিলক প্রদান, দর্পণ-প্রদর্শন, চামর-ব্যজন ও ঘণ্টাদি নানাবাদ্য করিয়া আবরণপূজা করিবে, যথা—

অগ্ন্যাদি কোণচতুষ্টয়ে দেবীর ষড়ঙ্গ আবাহন করিয়া "ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ, ওঁ দুর্গে শিরসে স্বাহা, ওঁ দুর্গায়ৈ শিখায়ৈ বৌষট্, ওঁ ভূতরক্ষণি কবচায় হুং।" দেবীসম্মুখে—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি নেত্রত্রয়ায় বৌষট্।" চারি-দিকে "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি অস্ত্রায় ফট্॥"

অনন্তর লোকপালপূজা।—কেশরের অষ্টদিকে অর্চ্চনা করিতে হয়। যথা—

পূর্ব্বে—আবাহনপূর্ব্বক "ওঁ লাং ইন্দ্রায় সবজ্রায় সপরিবারায় নমঃ।" অগ্নিকোণে—"ওঁ রাং বহ্নয়ে সশক্তয়ে সপরিবারায় নমঃ।" দক্ষিণে—"ওঁ যাং যমায় সদণ্ডায় সপরিবারায় নমঃ।" নৈঋ‍র্তকোণে—"ওঁ ক্ষাং নৈঋ‍র্তায় সখ-ড্গায় সপরিবারায় নমঃ।" পশ্চিমে—"ওঁ বাং বরুণায় সপাশায় সপরিবারায়

নমঃ।" বায়ুকোণে—"যাং বায়বে সাঙ্কুশায় সপরিবারায় নমঃ।" উত্তরে—"কাং কুবেরায় সগদায় সাং সোমায় তারাধিপতয়ে সপরিবারায় নমঃ।" ঈশানকোণে—"ওঁ হাং ঈশানায় সশূলায় সপরিবারায় নমঃ।" নৈঋতপশ্চিমদিকের মধ্যে—"ওঁ হ্রীং অনন্তায় সচক্রায় সপরিবারায় নমঃ।" পূর্ব্ব ও ঈশান কোণের মধ্যে—"ওঁ আং ব্রহ্মণে সপদ্মায় সপরিবারায় নমঃ।"

তৎপরে নবপত্রিকা-পূজা।—আবাহনপূর্ব্বক "ওঁ হ্রীং শ্রীং রম্ভাধিষ্ঠাত্র্যৈ ব্রহ্মাণ্যৈ নমঃ। ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। রম্ভারূপেণ সর্ব্বত্র শান্তিং কুরু নমোঽস্তু তে॥ ওঁ কচ্চ্যধিষ্ঠাত্র্যৈ কালিকায়ৈ নমঃ। ওঁ মহিষাসুরযুদ্ধেষু কচ্চীভূতাসি সুব্রতে। মম চানুগ্রহার্থায় আগতাসি হরপ্রিয়ে॥ ওঁ হ্রীং শ্রীং হরিদ্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ। ওঁ হরিদ্রে বরদে দেবি উমারূপাসি সুব্রতে। মম বিঘ্নবিনাশায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ ওঁ হ্রীং শ্রীং জয়ন্ত্যধিষ্ঠাত্র্যৈ কার্ত্তিক্যৈ নমঃ। ওঁ নিশুম্ভশুম্ভমথনে সেন্দ্রৈর্দেবগণৈঃ সহ। জয়ন্তি পূজিতাসি ত্বমস্মাকং বরদা ভব॥ ওঁ হ্রীং শ্রীং বিল্বাধিষ্ঠাত্র্যৈ শিবায়ৈ নমঃ। ওঁ মহাদেব-প্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা। উমাপ্রীতিকরো বৃক্ষ বিল্বরূপ নমোঽস্তু তে॥ ওঁ হ্রীং শ্রীং দাড়িম্যধিষ্ঠাত্র্যৈ রক্তদন্তিকায়ৈ নমঃ। ওঁ দাড়িমি ত্বং পুরা যুদ্ধে রক্তবীজস্য সম্মুখে। উমাকার্য্যং কৃতং যস্মাদস্মাকং বরদা ভব॥ ওঁ হ্রীং শ্রীং অশোকাধিষ্ঠাত্র্যৈ শোকরহিতায়ৈ নমঃ। ওঁ হ্রীং শ্রীং হরপ্রীতিকরো বৃক্ষো অশোকঃ শোকনাশনঃ। দুর্গাপ্রীতিকরো যস্মান্মামশোকং সদা কুরু॥ ওঁ হ্রীং শ্রীং মানাধিষ্ঠাত্র্যৈ চামুণ্ডায়ৈ নমঃ। ওঁ যস্য পত্রে বসেদ্দেবি মানবৃক্ষঃ শচীপ্রিয়ঃ। মম চানুগ্রহার্থায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ ওঁ হ্রীং শ্রীং ধান্যাধিষ্ঠাত্র্যৈ মহালক্ষ্ম্যৈ নমঃ। ওঁ জগতঃ প্রাণরক্ষার্থং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। উমাপ্রীতি-করং ধান্যং তস্মাত্ত্বং রক্ষ মাং সদা॥ ওঁ হ্রীং শ্রীং নবপত্রিকাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ।" ওঁ পত্রিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে॥ পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥"

এই অবসরে গণেশার্চ্চনা ও নারায়ণের অর্চ্চনা কর্ত্তব্য। লক্ষ্মী, সরস্বতী, কার্ত্তিকেয়, শিব, সিংহ, ইঁহাদিগেরও ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। "ওঁ শঙ্খচক্রগদাধরঃ" ধ্যানে নারায়ণের, "ওঁ শম্ভোনন্দন" ইত্যাদি ধ্যানে কার্ত্তিকেয়ের এবং "ওঁ কান্ত্যা কাঞ্চন" ইত্যাদি ধ্যানে লক্ষ্মীর পূজা করিবে। পরে "ওঁ বাণীং পূর্ণনিশাকরোজ্জ্বলমুখীং" ইত্যাদি ধ্যানে সরস্বতীর পূজা ও

"ওঁ ভদ্রকাল্যৈ নমঃ" মন্ত্রে প্রণাম করিবে। পরে সিংহের পূজা করিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ সিংহ ত্বং সর্ব্বজন্তূনামধিপোঽসি মহাবল। পার্ব্বতীবাহনঃ শ্রীমান্ বরং দেহি নমোঽস্তু তে॥

অনন্তর মহিষাসুরের অর্চ্চনা করিয়া স্তবপাঠ করিবে, যথা—

ওঁ মহিষাসুর ভো বীর সর্ব্বারিষ্টবিনাশন। দেবীগৃহেঽর্চ্চিতো ভক্ত্যা পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥

অনন্তর বলিদান, স্তব, প্রদক্ষিণ, "ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে" ইত্যাদি মন্ত্রে প্রণাম ও "ঐ হ্রীং শ্রীং" মন্ত্রে পঞ্চপ্রণাম করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ ও জপ সমর্পণ করিতে হয়।

মহাষ্টমী-পূজা।—নিত্যক্রিয়া সমাপন, পূর্ব্ববৎ সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, প্রাণায়াম, করাঙ্গন্যাস, পীঠন্যাস, ব্যাপকন্যাস, ধ্যান, দর্পণপ্রতিবিম্বে পুষ্পাঞ্জলিত্রয় প্রদান, "ওঁ আয়ুর্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশুবসূনি চ। ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ তন্নো ধেহি বনস্পতে॥" এই মন্ত্র ও "এতৎদন্তকাষ্ঠসহিতমুক্ষোদকং ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং ওঁ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে দন্তকাষ্ঠনিবেদন, সপ্তমীবৎ স্নানাদি সম্পাদন, গণেশ, সূর্য্য, মহেশ, বিষ্ণু, গৌরী, ব্রহ্মা, গ্রহ, পীঠদেবতা, কার্ত্তিকেয়, মহালক্ষ্মী, সরস্বতী, জয়া, বিজয়া, অসুর, সিংহ ইঁহাদের অর্চ্চনা, দেবীর ধ্যানপূর্ব্বক ষোড়শোপচারে অর্চ্চনা, নবপত্রিকাপূজা ও আবরণপূজা করিতে হয়।

অঙ্গাবরণপূজা যথা—পূর্ব্বদিনে আবাহিত দেবতার পুনঃ আবাহন করিতে হয় না। অগ্ন্যাদিকোণে কেশরে—"ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ। ওঁ দুর্গে শিরসে স্বাহা। ওঁ দুর্গায়ৈ শিখায়ৈ বষট্। ওঁ ভূতরক্ষণি কবচায় হুং।" দেবীপুরোভাগে "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি নেত্রত্রয়ায় বৌষট্।" দিক্‌চতুষ্টয়ে—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা অস্ত্রায় ফট্॥" অষ্টদলমূলে—উগ্রচণ্ডাকে আবাহন করিয়া "ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করত "ওঁ উগ্রচণ্ডা তু বরদা মধ্যাহ্নার্কসমপ্রভা। সা মে সদাস্তু বরদা তস্যৈ নিত্যং নমো নমঃ॥ ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে নমস্কার করিবে। এই প্রকার সর্ব্বত্র বোদ্ধব্য। অগ্নিকোণে কৃষ্ণবর্ণা প্রচণ্ডার আবাহন ও পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করত "ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং প্রচণ্ডগণসংস্থিতে। সর্ব্বানন্দকরে দেবি তুভ্যং নিত্যং নমো নমঃ॥ ওঁ হ্রীং শ্রীং প্রচণ্ডায়ৈ নমঃ।"

দক্ষিণে নীলবর্ণা চণ্ডোগ্রার আবাহন করত পাদ্যাদি দ্বারা অর্চ্চনা পূর্ব্বক "ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং সর্ব্বভূতাভয়প্রদা। দেবি ত্বং সর্ব্বকার্য্যেষু বরদা ভব সর্ব্বদা॥ ওঁ হ্রীঁ শ্রীঁ চণ্ডোগ্রায়ৈ নমঃ॥" নৈঋর্তে শুক্লবর্ণা চণ্ডনায়িকার আবাহন ও পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করত "ওঁ যা সিদ্ধিরিতি নাম্না চ দেবেশবরদায়িনী। কলিকল্মষনাশায় নমামি চণ্ডনায়িকাম্॥ ওঁ হ্রীং শ্রীং চণ্ডনায়িকায়ৈ নমঃ॥" পশ্চিমে ধূম্রবর্ণা চণ্ডার আবাহন করত পাদ্যাদি দ্বারা অর্চ্চনা পূর্ব্বক "ওঁ দেবি চণ্ডাম্বিকে চণ্ডে চণ্ডারিবিজয়প্রদে। ধর্ম্মার্থ-মোক্ষদে দুর্গে নিত্যং মে বরদা ভব॥ ওঁ হ্রীং শ্রীং চণ্ডায়ৈ নমঃ॥" বায়ুকোণে নীলবর্ণা চণ্ডবতীর আবাহন ও পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করত "ওঁ যা সৃষ্টিস্থিতিসংহার-গুণত্রয়সমন্বিতা। যা পরাঃ শক্তয়স্তস্যৈ চণ্ডবত্যৈ নমো নমঃ॥ ওঁ হ্রীং শ্রীঁ চণ্ডবত্যৈ নমঃ॥" উত্তরে কৃষ্ণবর্ণা চণ্ডরূপার আবাহন ও পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করত "ওঁ চণ্ডরূপাত্মিকা চণ্ডা চণ্ডনায়কনায়িকা। সর্ব্বসিদ্ধিপ্রদা দেবী তস্যৈ নিত্যং নমো নমঃ॥ ওঁ হ্রীং শ্রীঁ চণ্ডরূপায়ৈ নমঃ।" ঈশানে শুক্লবর্ণা অতিচণ্ডিকার আবাহন ও পাদ্যাদি দ্বারা অর্চ্চনা পূর্ব্বক "ওঁ বালার্কারুণনয়না সর্ব্বদা ভক্তবৎসলা। চণ্ডাসুরস্য মথিনী বরদাঽস্ত্বতিচণ্ডিকা॥ ওঁ হ্রীং শ্রীঁ অতিচণ্ডিকায়ৈ নমঃ॥" পদ্মমধ্যে পূর্ব্বাদি ঈশানান্ত যাবৎ অষ্টাবৃত্ত চতুঃষষ্টিযোগিনীর আবাহন করত "ওঁ হ্রীঁ শ্রীঁ" মন্ত্রে পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করিবে, যথা—"ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ।" এই প্রকার—চণ্ডিকায়ৈ, রৌদ্র্যৈ, গৌর্য্যৈ, ইন্দ্রাণ্যৈ, কৌমার্য্যৈ, ভৈরব্যৈ, দুর্গায়ৈ, নারসিংহ্যৈ, কালিকায়ৈ, চামুণ্ডায়ৈ, শিবদূত্যৈ, বারাহ্যৈ, কৌবির্য্যৈ, মাহেশ্বর্য্যৈ, শঙ্কর্য্যৈ, জয়ন্ত্যৈ, সর্ব্বমঙ্গলায়ৈ, কাল্যৈ, করালিন্যৈ, মেধায়ৈ, শিবায়ৈ, শাকম্ভর্য্যৈ, ভীমায়ৈ, শান্তায়ৈ, ভ্রামর্য্যৈ, রুদ্রাণ্যৈ, অম্বিকায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ, অপর্ণায়ৈ, মহোদর্য্যৈ, ঘোররূপায়ৈ, মহাকাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, ক্ষেমঙ্কর্য্যৈ, উগ্রচণ্ডায়ৈ, চণ্ডোগ্রায়ৈ, চণ্ডনায়িকায়ৈ, চণ্ডায়ৈ, চণ্ডবত্যৈ, চণ্ড্যৈ, মহামোহায়ৈ, প্রিয়ঙ্কর্য্যৈ, বলবিকরিণ্যৈ, বলপ্রমথন্যৈ, মদনোন্মাদিন্যৈ, সর্ব্ব-ভূতদমন্যৈ, উমায়ৈ, তারায়ৈ, মহানিদ্রায়ৈ, বিজয়ায়ৈ, জয়ায়ৈ, শৈলপুত্র্যৈ, চণ্ডিকায়ৈ, চণ্ডঘণ্টায়ৈ, কুষ্মাণ্ডায়ৈ, স্কন্দমাত্রে, কাত্যায়ন্যৈ, কালরাত্র্যৈ, মহা-গৌর্য্যৈ। তৎপরে "ওঁ ঐং হ্রীং শ্রীং কোটিযোগিনীভ্যো নমঃ" মন্ত্রে পাদ্যাদি-যোগে একত্র অর্চ্চনা করিতে হয়। অনন্তর নানাদেশনিবাসিনীদিগের অর্চ্চনা এবং ব্রহ্মাণী প্রভৃতির অর্চ্চনা করিবে। যথা—কর্ণিকায় দেবীর ঈশানে ব্রহ্মাণীর

আবাহন করত "ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ।" মন্ত্রে পাদ্যাদিযোগে অর্চ্চনা করিয়া "ওঁ চতুর্ম্মুখীং জগদ্ধাত্রীং হংসারূঢ়াং বরপ্রদাম্। সৃষ্টিরূপাং মহাভাগাং ব্রহ্মাণীন্তাং নমাম্যহম্॥ ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ।" মন্ত্রে প্রণাম করিবে। এই স্থানেই মাহেশ্বরীর আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ বৃষারূঢ়াং শুভাং শুক্লাং ত্রিনেত্রাং বরদাং শিবাম্। মাহেশ্বরীং নমাম্যত্ত সৃষ্টিসংহারকারিণীম্॥ ওঁ হ্রীং শ্রীং মাহেশর্য্যৈ নমঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। অগ্নিকোণে কৌমারীর আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ কৌমারীং পীতবসনাং ময়ূরবরবাহনাম্। শক্তিহস্তাং সিতাঙ্গীং তাং নমামি বরদাং সদা॥ ওঁ হ্রীং শ্রীং কৌমার্য্যৈ নমঃ॥" মন্ত্রে এবং এই স্থানেই বৈষ্ণবীর আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ শঙ্খচক্রগদাপদ্মধারিণীং বিষ্ণুরূপিণীম্। স্থিতিরূপাং খগেন্দ্রস্থাং বৈষ্ণবীং তাং নমাম্যহম্॥ ওঁ হ্রীং শ্রীং বৈষ্ণব্যৈ নমঃ।" মন্ত্রে প্রণাম করিবে। নৈর্ঋতে বারাহীর আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ বরাহরূপিণীং দেবীং দংষ্ট্রোদ্ধৃত-বসুন্ধরাম্। শুভদাং পীতবসনাং বারাহীং তাং নমাম্যহম্॥ ওঁ হ্রীং শ্রীং বারাহ্যৈ নমঃ॥" মন্ত্রে এবং এই স্থানেই নারসিংহীর আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ নৃসিংহরূপিণীং দেবীং দৈত্যদানবদর্পহাম্। শুভাং শুভপ্রদাং শুভ্রাং নারসিংহীং নমাম্যহম্॥ ওঁ হ্রীং শ্রীং নারসিংহ্যৈ নমঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। বায়ব্যে ইন্দ্রাণীর আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ ইন্দ্রাণীং গজকুম্ভস্থাং সহস্র-নয়নোজ্জ্বলাম্। নমামি বরদাং দেবীং সর্ব্বদেবনমস্কৃতাম্॥ ওঁ হ্রীং শ্রীং ইন্দ্রাণ্যৈ নমঃ॥" মন্ত্রে এবং এই স্থানেই চামুণ্ডার আবাহন ও অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ চামুণ্ডাং মুণ্ডমথিনীং মুণ্ডমালোপশোভিতাম্। অট্টহাসমুদিতাং নমাম্যাত্মবিভূতয়ে॥ ওঁ হ্রীং শ্রীং চামুণ্ডায়ৈ নমঃ।" মন্ত্রে প্রণাম করিবে॥ মধ্যে—"ওঁ হ্রীং শ্রীং কাত্যায়ন্যৈ নমঃ" মন্ত্রে অর্চ্চনা পূর্ব্বক—"ওঁ কাত্যায়নীং দশভুজাং মহিষাসুরমর্দ্দিনীম্। প্রসন্নবদনাং দেবীং বরদাং তাং নমাম্যহম্॥ ওঁ হ্রীং শ্রীং কাত্যায়ন্যৈ নমঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। অনন্তর নবদুর্গার আবাহন ও অর্চ্চনাপূর্ব্বক "ওঁ চণ্ডিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥ ওঁ হ্রীং শ্রীং নবদুর্গায়ৈ নমঃ॥" মন্ত্রে প্রণাম পূর্ব্বক দেবীচরণকমলমূলে তিনটি পুষ্পাঞ্জলি দিতে হয়। তদনন্তর দেবীসমীপে জয়ন্ত্যাদির আবাহন ও পাদ্যাদিযোগে অর্চ্চনা করিবে, যথা—"ওঁ হ্রীং শ্রীং জয়ন্ত্যৈ নমঃ॥" এই প্রকার—মঙ্গলায়ৈ, কাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, দুর্গায়ৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ।

তৎপরে অস্ত্র-পূজা।—দেবীর দক্ষিণ হস্তে অস্ত্রের আবাহন পূর্ব্বক "ওঁ ত্রিশূলায় নমঃ" মন্ত্রে অর্চনা করিয়া—"ওঁ সর্ব্বায়ুধানাং প্রথমো নির্ম্মিতস্ত্বং পিনাকিনা। শূলাৎ সারং সমাকৃষ্য কৃত্বা মুষ্টিগ্রহং শুভম্॥" মন্ত্রে প্রণাম; "ওঁ খড়্গায় নমঃ" মন্ত্রে পূজা করিয়া "ওঁ অসির্ব্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে॥" মন্ত্রে প্রণাম; "ওঁ চক্রায় নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ চক্র ত্বং বিষ্ণুরূপোঽসি বিষ্ণুপাণৌ সদা স্থিতঃ। দেবীহস্তে স্থিতো নিত্যং সুদর্শন নমোঽস্তু তে॥" মন্ত্রে প্রণাম; "ওঁ তীক্ষ্ণবাণায় নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠোঽসি দৈত্যসেনানিসূদনঃ। ভয়েভ্যঃ সর্ব্বতো রক্ষ তীক্ষ্ণবাণ নমোঽস্তু তে॥" মন্ত্রে প্রণাম; "ওঁ শক্তয়ে নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ শক্তিস্ত্বং সর্ব্বদেবানাং গুহস্য চ বিশেষতঃ। শক্তিরূপেণ সর্ব্বত্র রক্ষাং কুরু নমোঽস্তু তে॥" মন্ত্রে প্রণাম; "ওঁ খেটকায় নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ যষ্টিরূপেণ খেট ত্বং বৈরিসংহারকারকঃ। দেবীহস্তে স্থিতো নিত্যং মম রক্ষাং কুরুষ চ॥" মন্ত্রে প্রণাম; "ও পূর্ণচাপায় নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ সর্ব্বায়ুধমহামাত্র সর্ব্বদেবারিসূদন। চাপ মাং সর্ব্বতো রক্ষ সাকং সায়কসত্তমৈঃ॥" মন্ত্রে প্রণাম; "ওঁ নাগপাশায় নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ পাশ ত্বং নাগরূপোঽসি বিষপূর্ণো বিষোদরঃ। শত্রূণাং দুঃসহো নিত্যং নাগপাশ নমোঽস্তু তে॥" মন্ত্রে প্রণাম; "ওঁ অঙ্কুশায় নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ অঙ্কুশোঽসি নমস্তুভ্যং গজানাং নিয়মঃ সদা। লোকানাং সর্ব্বরক্ষার্থং বিধৃতঃ পার্ব্বতীকরে॥" মন্ত্রে প্রণাম; "ওঁ ঘণ্টায়ৈ নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ হিনস্তি দৈত্যতেজাংসি স্বনেনাপূর্য্য যা জগৎ। সা ঘণ্টা পাতু নো দেবি পাপেভ্যোঽনঃ সুতানিব॥" মন্ত্রে প্রণাম; "ওঁ পরশবে নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ পরশো ত্বং মহাতীক্ষ্ণঃ সর্ব্বদেবারিসূদনঃ। দেবীহস্তস্থিতো নিত্যং শত্রুক্ষয় নমোঽস্তু তে॥" মন্ত্রে প্রণাম; "ওঁ হ্রীং শ্রীং সর্ব্বায়ুধধারিণ্যৈ নমঃ" মন্ত্রে পূজান্তে "ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠানি যানি যানি ত্রিপিষ্টপে। তানি তানি দধত্যৈ তে চণ্ডিকায়ৈ নমো নমঃ॥" মন্ত্রে প্রণাম করিবে। পরে "ওঁ হ্রীং শ্রীং সর্ব্বায়ুধধারিণ্যৈ চণ্ডিকায়ৈ নমঃ," "ওঁ কিরীটাদিদেব্যঙ্গপ্রত্যঙ্গভূষণেভ্যো নমঃ" বলিয়া অর্চনা করত "ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট নমঃ।" মন্ত্রে পাদ্যাদিযোগে অর্চনা করত "ওঁ অসিনং চাসি দুর্গায়া নানালঙ্কারভূষিতম্। মেরুশৃঙ্গপ্রতীকাশ সিংহাসন নমোঽস্তু তে॥" বলিয়া প্রণাম করিবে। পরে "ওঁ মহিষাসুরায় নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে মহিষাসুরের পূজা করিয়া "ওঁ মহিষ ত্বং মহাবীর

ইন্দ্রাদিদেবমর্দ্দকঃ। দেব্যস্ত্রতাড়িতো ভূত্বা গতঃ স্বর্গং নমোঽস্তু তে॥” মন্ত্রে নমস্কার করিবে। অনন্তর পূর্ব্বদিকে বটুকগণের আবাহন পূর্ব্বক “ওঁ শ্রীং সিদ্ধপুত্রবটুকায় নমঃ।” দক্ষিণে “ওঁ শ্রীং জ্ঞানপুত্রবটুকায় নমঃ।” পশ্চিমে “ওঁ শ্রীং সহজপুত্রবটুকায় নমঃ।” উত্তরে “ওঁ শ্রীং সময়পুত্রবটুকায় নমঃ।” বলিয়া অর্চ্চনা করিতে হয়। তৎপরে পত্র ও কেশরের মধ্যে আবাহন করত ক্ষেত্রপালের অর্চ্চনা করিবে অর্থাৎ উত্তরে “ওঁ হেতুকায় ক্ষেত্রপালায় নমঃ, ঈশানে “ওঁ ত্রিপুরঘ্নায় ক্ষেত্রপালায়,” পূর্ব্বে “অগ্নিজিহ্বায় ক্ষেত্রপালায়,” বায়ৌ “ভীমনাথায় ক্ষেত্রপালায়”; প্রণবাদিনমোঽন্ত মন্ত্রে অর্চ্চনা করিতে হয়। তদনন্তর পূর্ব্বে “অসিতাঙ্গায় ভৈরবায়” “রুরবে ভৈরবায়।” দক্ষিণে “চণ্ডায় ভৈরবায়,” “ক্রোধায় ভৈরবায়।” পশ্চিমে “উন্মত্তায় ভৈরবায়,” উত্তরে “ভয়ঙ্করায় ভৈরবায়,” “ভীষণায় ভৈরবায়।” মধ্যে “সংহারিণে ভৈরবায়।” সর্ব্বত্র প্রণবাদি নমোঽন্ত মন্ত্রে অর্চ্চনা করিয়া লোকপালপূজা শেষ করত সাধ্যানুসারে জপান্তে জপ সমর্পণ করিতে হয়।

সন্ধিপূজা।—অষ্টমী ও নবমীর সন্ধি-কালে পূর্ব্ববৎ ভূতশুদ্ধ্যাদি সমাপনান্তে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। কেহ কেহ এই সময়ে চামুণ্ডার অর্চ্চনা করিয়া থাকেন অর্থাৎ পূর্ব্ববৎ সঙ্কল্প ও করাঙ্গন্যাসাদি শেষ করিয়া “কালী করালবদনা” ইত্যাদিরূপে চামুণ্ডার ধ্যানান্তে মানসোপচারে অর্চ্চনা করত পুনর্ধ্যান ও আবাহন করিয়া ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। “ওঁ হ্রীং শ্রীং চামুণ্ডায়ৈ নমঃ” মন্ত্রে অর্চ্চনা করা কর্ত্তব্য। অনন্তর চতুঃষষ্টিযোগিনীর অর্চ্চনা করিয়া যথাকালে বলি দিবে।

এই সময়ে অষ্টোত্তরশত ঘৃতপ্রদীপ ও রচনাদি উৎসর্গ করার প্রথাও আছে। অনন্তর স্তবপাঠান্তে যথাশক্তি জপ ও জপসমর্পণ কর্ত্তব্য।

মহানবমীপূজা —নিত্যক্রিয়াসমাপনান্তে যথাবিধি দেবীকে দন্তকাষ্ঠাদি অর্পণ, করাঙ্গন্যাস, দেবীকে স্নান, পূজা, অর্ঘ্যস্থাপন প্রভৃতি শেষ করিয়া সপ্তম্যষ্টমীবিহিত প্রণালীতে অর্চ্চনা করিবে এবং প্রকৃত বলি দিবে। এই সময়ে কুমারীদিগকে ভোজন করাইয়া যথাশক্তি হোম করিবে। পরে সগোত্রবন্ধু-পরিজনসহ একত্র দেবী-স্তোত্র পাঠ ও পুষ্পাঞ্জলি দিয়া করপুটে “ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বরি। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥ ওঁ গ্রহীতুং শারদীং পূজাং মর্ত্ত্যমণ্ডলসংস্থিতাম্। চণ্ডিকে

স্থাং নমাম্যস্ত স্বয়মর্ঘ্যং প্রগৃহ্যতাম্॥ ওঁ কায়েন মনসা বাচা ত্বত্তো নান্যা গতির্মম। অন্তশ্চারেণ ভূতানাং দ্রষ্ট্রী ত্বং পরমেশ্বরি॥" এই মন্ত্র পাঠ্য। অনন্তর অর্ঘ্য লইয়া জয় জয় মন্ত্রে দেবীপাদপদ্মে অর্পণ করিবে। কেহ কেহ নিম্নলিখিত মন্ত্রও পাঠ করেন, যথা—

"ওঁ ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধিদেহধর্ম্মাধিকারতো জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যবস্থাসু কায়েন মনসা বাচা কর্ম্মণা যৎ কৃতং যৎ স্মৃতং যদুক্তং তৎসর্ব্বং শ্রীদুর্গাদেবীচরণারবিন্দে সমর্পয়ামি॥" এই মন্ত্রে পাদমূলে প্রদানান্তে স্তুতিপাঠ, নানাবিধ বাদ্য, সাষ্টাঙ্গ প্রণাম, দেবীমাহাত্ম্যপাঠ ও দক্ষিণা প্রদান করিবে।

দুর্গাস্তুতি।—ওঁ আয়ুর্দ্দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে। পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥ ওঁ ভগবতি ভয়োচ্ছেদে ভব-ভাবিনি কামদে। শঙ্করি কৌশিকি ত্বং হি কাত্যায়নি নমোঽস্তু তে॥ ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং সুপ্রীতে সুরনায়িকে। কুলদ্যোতকরে দেবি জয়ং দেহি নমোঽস্তু তে॥ ওঁ রুদ্রচণ্ডে প্রচণ্ডে ত্বং প্রচণ্ডবলনাশিনি। রক্ষ মাং সর্ব্বতো দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে॥ ওঁ দুর্গোত্তারিণি দুর্গে ত্বং সর্ব্বাশুভ-নিবারিণি। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব॥ ওঁ দুর্গে দুর্গে মহাভাগে ত্রাহি মাং শঙ্করপ্রিয়ে। মহিষাসুরমদোন্মত্তে প্রণতোঽস্মি প্রসীদ মে॥ ওঁ হর পাপং হর ক্লেশং হর শোকং হরাশুভম্। হর রোগং হর ক্ষোভং হর মারীং হরপ্রিয়ে॥ ওঁ কালি কালি মহাকালি কালিকে পাপহারিণি। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নারায়ণি নমোঽস্তু তে॥ ওঁ সংগ্রামে বিজয়ং দেহি ধনং দেহি সদা গৃহে। ধর্ম্মকামার্থসম্পত্তিং দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনি। আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তু তে॥ আয়ুর্দ্দদাতু মে কালী পুত্রান্ দেহি সদাশিবে। ধনং দেহি মহামায়ে নারসিংহি যশো মম॥ ওঁ শিরো মে চণ্ডিকা পাতু কণ্ঠং পাতু মহেশ্বরী। হৃদয়ং পাতু চামুণ্ডা সর্ব্বতঃ পাতু কালিকা॥ ওঁ আন্ধ্যং কুষ্ঠঞ্চ দারিদ্র্যং রোকং শোকঞ্চ দারুণম্। বন্ধু-স্বজন-বৈরাগ্যং দুর্গে মে হর দুর্গতিম্॥ ওঁ রাজ্যং তস্য প্রতিষ্ঠা চ লক্ষ্মীস্তস্য সদা স্থিরা। প্রভুত্বং তস্য সামর্থ্যং যস্য ত্বং মস্তকোপরি॥ ওঁ ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং সফলং জীবনং মম। আগতাসি যতো দুর্গে মাহেশ্বরি মদাশ্রমম্॥ ওঁ অর্ঘ্যং পুষ্পঞ্চ নৈবেদ্যং মাল্যং মলয়বাসিনি। গৃহাণ বরদে দেবি কল্যাণং কুরু মে সদা॥ ওঁ কৃতা পূজা ময়া ভক্ত্যা নবদুর্গে সুরার্চ্চিতে। ভুক্ত্বা ভোগং বরং দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্॥

বিজয়াদশমী-কৃত্য।—দশমীতে বলিদান নাই। নিত্যক্রিয়া, ভূতশুদ্ধি প্রভৃতি শেষ করিয়া পঞ্চোপচারে দেবীর পূজা ও চিপিটকাদি নিবেদন করত কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবে, যথা—

"ওঁ বিধিহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং যদর্চ্চিতম্। পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি ॥"

অনন্তর "নির্ম্মাল্যবাসিন্যৈ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ" মন্ত্রে নির্ম্মাল্য দ্বারা ঈশান-কোণে ত্রিকোণমণ্ডলোপরি চণ্ডেশ্বরীর অর্চ্চনা করিয়া যোনিমুদ্রা প্রদর্শন পূর্ব্বক বিসর্জ্জনমন্ত্রে বিসর্জ্জন করিবে। যথা,—"ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। কুরুষ্ব মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ ॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥ ব্রজ ত্বং স্রোতসি জলে গৃহে তিষ্ঠ বিভূতয়ে। সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ॥ ওঁ দুর্গে দেবি জগন্মাতঃ স্বস্থানং গচ্ছ চণ্ডিকে॥ ইমাং পূজাং ময়া দেবি যথাশক্তি নিবেদিতাম্। রক্ষণার্থং সমাদায় ব্রজস্ব স্থান-মুত্তমম্॥" এই মন্ত্রপাঠ সহকারে দেবীকে চালনা করিয়া জল-সন্নিধানে লইয়া যাইতে হয়। পরে "ওঁ নিমজ্জ্যাম্ভসি সম্পূজ্য পত্রিকা বর্জ্জিতা জলে। পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি জলে ময়া॥" মন্ত্রে দেবীকে জলে স্থাপন করিবে। তৎপরে জলক্রীড়া, মঙ্গলাচরণ, ঘটোদকে শান্তি, দক্ষিণকরে শ্বেতাপরাজিতা-বন্ধন, তালপত্রাদিতে দুর্গানামাদি লিখন ও গুরুজনকে বন্দনা করিবে।

দুর্গোৎসব-হোম।—স্ব স্ব বেদোক্ত নিয়মে স্থণ্ডিলাদি স্থাপন পূর্ব্বক সাধারণ কুশণ্ডিকোক্ত নিয়মে বিরূপাক্ষ-জপান্তা কুশণ্ডিকা শেষ করিয়া প্রকৃতকর্ম্মার্থ হোম কর্ত্তব্য। সঙ্কল্প যথা—

"অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকদীর্ঘায়ুষ্ট্ব-পরমৈশ্বর্য্যধন-ধান্য-পুত্রাদ্যনবচ্ছিন্নলাভ-মিত্রবর্দ্ধন-শত্রু-ক্ষয়োত্তরোত্তর-রাজসম্মা-নাদ্যভীষ্ট-সিদ্ধ্যর্থং পরত্র দেবীলোকপ্রাপ্তয়ে চ (শ্রীদুর্গাপ্রীতিকামো বা) অমুকপুরাণোক্তবিধিনা বার্ষিক-শরৎকালীন-শ্রীদুর্গাপূজাঙ্গভূতং অমুকমন্ত্রেণ সতিলাজ্যবিল্বপত্রৈরিয়ৎসংখ্যকহোমমহং করিষ্যে॥"

সঙ্কল্পান্তে সতিলাজ্য বিল্বপত্র লইয়া—"ওঁ অম্বে অম্বিকে অম্বালিকে ন মা নয়তি কশ্চন। সপস্ত্যশ্বকঃ সুভদ্রিকাং কাম্পিল্যবাসিনীং স্বাহা।" মন্ত্রে কিংবা "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা" মন্ত্রে হোম করিতে হয়। অনন্তর ঘৃত দ্বারা আবরণ-দেবতাদিগের প্রত্যেকের হোম করিয়া "ওঁ মূর্দ্ধানং দিবোঽরতিং

পৃথিব্যা বৈশ্বানরমৃতমাজাতমগ্নিং কবিং সম্রাজমতিথিঞ্জনানামাসন্নাঃ পাত্রং জনয়ন্ত দেবাঃ স্বাহা।" মন্ত্রে পূর্ণাহুতি প্রদাতব্য। তদনন্তর ব্রহ্মদক্ষিণার্থ পূর্ণপাত্র দান করিয়া হোম-দক্ষিণা দিবে। বাক্য যথা—"অদ্যেতাদি শ্রীদুর্গা-পূজাঙ্গভূতহোম-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথাসম্ভবগোত্র-নাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।" অনন্তর তিলক ধারণ করিবে। অনেকে তান্ত্রিক কুশণ্ডিকা করিয়া—"ওঁ অগ্নে অম্বালিকে" প্রভৃতি মন্ত্রে হোম করেন। ( কিন্তু পৌরাণিক পূজায় উহা যুক্তিসিদ্ধ নহে। ) যথাচারানুসারে স্থণ্ডিলের পূর্ব্বপার্শ্বে ঘটস্থাপন করিবে। কেহ কেহ বলেন, এই হোম মহাষ্টমী-পূজার শেষে করিয়া নবমীদিনে পূজাবসানে সমাপ্তি করিবে। অনেকে নবমীদিনেই পূজান্তে হোম করেন। বস্তুতঃ উভয় দিনই ব্যবস্থা, আচারানুসারে কর্ত্তব্য।

ছাগপশু বলিদান।—পশুকে স্নান করাইয়া তাহার গলদেশে রক্তমাল্যাদি ও শৃঙ্গযুগলে সিন্দূর দিবে এবং দেবীর অগ্রে পূর্ব্বাভিমুখে বসিয়া স্নানার্থ "ওঁ বারাহী যমুনা গঙ্গা করতোয়া সরস্বতী। কাবেরী চন্দ্রভাগা চ সিন্ধুভৈরব-সাগরাঃ। পশুস্নানবিধানায় সান্নিধ্যমিহ কল্পয়॥ ( ওঁ পৃষ্ঠে পুচ্ছে ললাটে চ কর্ণয়োর্জঙ্ঘয়োস্তথা। মেঢ্রে চ সর্ব্বগাত্রেষু মুঞ্চন্তু পশুদেবতাঃ।" এই মন্ত্রে জল দিবে। ) অনন্তর "ওঁ অগ্নিঃ পশুরাসীত্তেনাযজন্ত স এতল্লোকমজয়ৎ তস্মিন্নগ্নিঃ স লোকো ভবিষ্যতি তং জেষ্যসি পিবৈতাপঃ। ( ১ ) ওঁ বায়ুঃ পশুরাসীত্তেনাযজন্ত স এতল্লোকমজয়ত্তস্মিন্ বায়ুঃ স তে লোকো ভবিষ্যতি তং জেষ্যসি পিবৈতাপঃ। (২) ওঁ সূর্য্যঃ পশুরাসীত্তেনাযজন্ত স এতল্লোক মজয়ত্তস্মিন্ সূর্য্যঃ স তে লোকো ভবিষ্যতি তং জেষ্যসি পিবৈতাপঃ। (৩) ওঁ বাচং তে শুন্ধামি। প্রাণাংস্তে শুন্ধামি। ( ওঁ চক্ষুস্তে শুন্ধামি। ) ওঁ শ্রোত্রন্তে শুন্ধামি। ( ওঁ নাভিং তে শুন্ধামি ) ওঁ মেঢ়ন্তে শুন্ধামি। ও পায়ুস্তে শুন্ধামি। ( ওঁ পার্শ্বন্তে শুন্ধামি। ওঁ চরিত্রং তে শুন্ধামি। ) ওঁ বাক্ চ আপ্যায়তাম্। ওঁ মনস্ত আপ্যায়তাম্। ওঁ প্রাণাস্ত আপ্যায়তাম্। ওঁ চক্ষুস্ত আপ্যায়তাম্। ওঁ শ্রোত্রন্ত আপ্যায়তাম্। ওঁ যত্তে ক্রূরং যদাস্থিতং তত্ত আপ্যায়তাম্। ওঁ তত্তে নিষ্ঠায়তাম্। তত্তে শুধ্যতু সুমহোভ্যঃ স্বাহা।

ওঁ মেঘাকারস্তম্ভমধ্যে পশুং বন্ধয় বন্ধয়, সশৃঙ্গাস্তবয়বং পশুং বন্ধয় বন্ধয়, ব্রহ্মা গুখগুরূপধ্বস্তে পশুং বন্ধয় বন্ধয়, হ্রঃ ফট্ স্বাহা॥

"ওঁ হ্রাং হ্রীং হ্রুং চাং চণ্ডিকায়ৈ ইমং পশুং প্রোক্ষামি স্বাহা" মন্ত্রে প্রোক্ষণ, "ওঁ সশৃঙ্গাদ্যবয়বং পশুং মোক্ষং কুরু কুরু স্বাহা" এই মন্ত্রে বন্ধনমোচন, "ক্ষমস্ব"

মন্ত্রে ললাটে সিন্দূর দিবে। অনন্তর দেবীকে পুষ্পাঞ্জলি প্রদান পূর্ব্বক "এতৎ পাদ্যং ওঁ ছাগপশবে নমঃ"—এই প্রণালীতে পাদ্যাদিযোগে পশুপূজা করত "এতদধিপতয়ে ওঁ অগ্নয়ে নমঃ" "এতৎ সম্প্রদানৈ হ্রীং দুর্গায়ৈ নমঃ" এই মন্ত্রে ফুল দিয়া পশুর অঙ্গে দেবতাদিগের অর্চ্চনা করিবে। অর্থাৎ মস্তকে—"ওঁ রুধিরবদনায়ৈ নমঃ," ললাটে "ওঁ শার্ঙ্গিন্যৈ নমঃ," ভ্রূমধ্যে "ওঁ ভৃঙ্গায়ৈ নমঃ," চক্ষুর্দ্বয়ে "ওঁ ত্রিনেত্রায়ৈ নমঃ," কর্ণদ্বয়ে "ওঁ পার্ব্বত্যৈ নমঃ," ঘ্রাণে "ওঁ গৌর্য্যৈ নমঃ," চিবুকে "ওঁ চণ্ডিকায়ৈ নমঃ," দন্তপঙ্ক্তিতে "ওঁ উগ্রচণ্ডিকায়ৈ নমঃ," জিহ্বায় "ওঁ চণ্ডঘণ্টায়ৈ নমঃ," মুখে "ওঁ বিরূপাক্ষায়ৈ নমঃ," গ্রীবায় "ওঁ চণ্ডায়ৈ নমঃ," পৃষ্ঠে "ওঁ মহাভৈরব্যৈ নমঃ," উদরে "ওঁ বৈষ্ণব্যৈ নমঃ," চতুষ্পদে "ওঁ চণ্ডপ্রিয়ায়ৈ নমঃ," পার্শ্বদ্বয়ে "ওঁ সর্ব্বেশ্বর্য্যৈ নমঃ," কটিদেশে "ওঁ বিরূপায়ৈ নমঃ," খুরাগ্রে "ওঁ কৌশিক্যৈ নমঃ," লাঙ্গূলে "ওঁ প্রহর্ষিণ্যৈ নমঃ," সর্ব্বাঙ্গে "ওঁ পশ্বধিষ্ঠাতৃদেবতায়ৈ নমঃ।"

তদনন্তর "ওঁ ঐং হ্রীং শ্রীং" মন্ত্রে বলিকে শিবময় চিন্তা করত তাহার শিরোদেশে ফুল দিয়া সঙ্কল্প করিবে, বাক্য যথা—

অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ—ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীং ওঁ দুর্গায়ৈ (অথবা—ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা ওঁ হ্রীং দুর্গায়ৈ) ছাগপশুং বহ্নিদৈবতং তুভ্যমহং ঘাতয়িষ্যে।

তৎপরে করপুটে নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ পশুরুৎপাদিতো দেবৈর্যজ্ঞার্থে চ বিধানতঃ। ইদানীঞ্চ মহোৎসাহে ছেত্তব্যোঽসি ময়া পুনঃ॥ ওঁ ছাগ ত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ। প্রণমামি ততঃ সর্ব্বরূপিণং বলিরূপিণম্॥ চণ্ডিকাপ্রীতিদানেন দাতুরাপদ্বিনাশন। চামুণ্ডা (দেবতার নাম উল্লেখ্য) বলিরূপায় বলে তুভ্যং নমোঽস্তু তে॥ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টা যজ্ঞার্থে পশুঘাতনম্। অতস্ত্বাং ঘাতয়িষ্যামি তস্মাদ্‌যজ্ঞে বধোঽবধঃ॥ পশুযোনিপ্রসূতোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। অতস্ত্বাং ঘাতয়িষ্যামি তস্মাদ্-যজ্ঞে বধোঽবধঃ॥

তৎপরে কৃতাঞ্জলি হইয়া পাঠ্য, যথা—

ওঁ বলিরেষ ময়া দত্তঃ পশূনাঞ্চ পশূত্তমঃ। গৃহ্ণ গৃহ্ণ মহাদেবি রক্ষ মাং দুরিতার্ণবাৎ॥

পশুর কর্ণে মন্ত্র পাঠ্য, যথা—ওঁ পশুপাশায় বিদ্মহে শিরশ্ছেদায় ধীমহি

তন্নঃ পশুঃ প্রচোদয়াৎ। ওঁ হিলি হিলি কিলি কিলি ( চিকি চিকি ) বহুরূপ-ধরায়ৈ হৈং হৌং ইমং পশুং স্বর্গং প্রদর্শয় মুক্তিং নিয়োজয় স্বাহা ॥

পরে খড়্গপূজা করিতে হয়—খড়্গে হ্রীং বীজ লিখিয়া ধ্যান করিবে, "ওঁ কৃষ্ণং পিনাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপিণম্ ॥ উগ্রং রক্তাস্যনয়নং রক্তমাল্যানু-লেপনম্ ॥ রক্তাম্বরধরঞ্চৈব পাশহস্তং কুটুম্বিনম্। পিবমানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংহতিম্ ॥" এই ধ্যানে "রসনা ত্বং চণ্ডিকায়াঃ সুরলোকপ্রসাধকঃ।" এই মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া "হ্রীং শ্রীং" বা "ঐং হ্রীং খড়্গায় নমঃ" মন্ত্রে পূজা করিয়া, মুষ্টিতে "ওঁ মহাদেবায় নমঃ", ধারে "ওঁ যমায় নমঃ", অগ্রে "ওঁ ব্রহ্মণে নমঃ" এই মন্ত্রে খড়্গের অর্চ্চনা করিয়া প্রণাম করিবে। যথা—

ওঁ অসির্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে ॥ ইত্যষ্টৌ তব নামানি স্বয়মুক্তানি বেধসা। নক্ষত্রং কৃত্তিকা তুভ্যং গুরুর্দ্দেবো মহেশ্বরঃ ॥ হিরণ্যঞ্চ শরীরন্তে ধাতা দেবো জনার্দ্দনঃ। পিতা পিতামহশ্চৈব ত্বং মাং পালয় সর্ব্বদা ॥ নীলজীমূতসঙ্কাশস্তীক্ষ্ণদংষ্ট্রঃ কৃশোদরঃ। ভাবশুদ্ধোঽমর্ষশ্চ অতিতেজা মহাবলঃ ॥ ইয়ং যেন ধৃতা ক্ষৌণী হতশ্চ মহিষাসুরঃ। তীক্ষ্ণধারায় শুদ্ধায় তস্মৈ খড়্গায় তে নমঃ ॥ "ওঁ তীক্ষ্ণদংষ্ট্রায় নমঃ" মন্ত্রে ফুল দিয়া "ওঁ আং হ্রীং ফট্" মন্ত্রে গ্রহণ করিবে। অনন্তর "ওঁ কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে খড়্গে ফুল দিয়া "ওঁ হ্রীং হ্রীং কালি কালি বিকটদংষ্ট্রে করালিনি স্ফেং স্ফেৎকারিণি কিলি

মম শত্রূন্ খাদয় খাদয় ছেদয় ছেদয় সর্ব্বদুষ্টান্ মারয় মারয় ইমং পশুং খড়্গেন ছিন্ধি ছিন্ধি ( চিকি চিকি ) কালি কালি পিব পিব রুধিরং স্ফেং স্ফোং কিরি কিরি কালিকায়ৈ নমঃ ॥ যজ্ঞার্থে বলয়ঃ সৃষ্টা যজ্ঞার্থে পশুঘাতনম্। যজ্ঞস্য মরণে ত্বং হি ধ্রুবং গন্তা ত্রিপিষ্টপম্ ॥ খড়্গাঘাতমহদ্দুঃখং বিনির্জ্জিত্য পশূত্তম। দেবীবরপ্রসাদেন মামাত্মানঞ্চ তারয় ॥ ঐং হ্রীং শ্রীং ইমং পশুং মোক্ষ মোক্ষ কুরু কুরু ছিন্ধি ছিন্ধি ফট্ ফট্ আং হ্রীং হুং ফট্ হাং হুং ফট্"—মন্ত্রে পশুস্কন্ধে খড়্গ স্পর্শ করাইতে হয়। পরে নিম্নলিখিত মন্ত্রে পশুর বন্ধনমোচন করিবে, যথা—

ওঁ রক্ষার্থং বন্ধনস্থোঽসি মুক্তয়ে মোচিতো ময়া। দেব্যাঃ প্রীতিং সমুৎ-পাদ্য স্বর্গং গচ্ছ পশূত্তম ॥

পরে বলিচ্ছেদ পূর্ব্বক ছাগপশুর সমাংসশোণিত ও শীর্ষ আনয়ন পূর্ব্বক "ঐং হ্রীং শ্রীং কৌশিকি রুধিরেণাপ্যায়তাং" বলিয়া উৎসর্গ করিতে হয় এবং

"ওঁ সমাংসছাগরুধিরবলয়ে নমঃ" মন্ত্রে বারত্রয় পূজা করিয়া—"অদ্যেত্যাদি দশবর্ষাবচ্ছিন্ন-শ্রীভগবদ্দর্গাপ্রীতিকামঃ—ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃর্তায়ৈ ভদ্রকাল্যৈ ( কিংবা—ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা )—হ্রীং দুর্গায়ৈ এষ ছাগরুধিরবলির্নমঃ॥" রুধির ও মাংস বিল্বপত্রবৃন্ত দ্বারা চারি-ভাগ করত অগ্ন্যাদি কোণচতুষ্টয়ে "এষ সমাংসছাগরুধিরবলিঃ ওঁ বিদারিকায়ৈ নমঃ॥" এই প্রণালীতে পাপরাক্ষস্যৈ, পূতনায়ৈ, কালিকায়ৈ—"ওঁ ঐং দিব্য-কপালং গৃহ্ণ গৃহ্ণ মহাতৃপ্তিং কুরু কুরু স্বাহা॥" বলিয়া দিবে। পরে ছাগশীর্ষের উপরে বর্ত্তিকা প্রজ্বালন করত—"ওঁ সপ্রদীপছাগশীর্ষবলয়ে নমঃ" মন্ত্রে বারত্রয় পূজা করিয়া "অদ্যেত্যাদি—শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামঃ ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ ( কিংবা—ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা ) হ্রীং দুর্গায়ৈ এষ ছাগশীর্ষবলির্নমঃ" মন্ত্রে উৎসর্গ করিবে। তৎপরে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ ঘোরদংষ্ট্রে করালাস্যে মৎস্যমাংসবলিপ্রিয়ে। বলিং গৃহ্ণ মহাদেবি পশুরক্তং সমাংসকম্॥ আহারে রুধিরাকাঙ্ক্ষী বলিং গৃহ্ণ প্রসীদ মে॥ মম শত্রুবিনাশিনি নবদুর্গে ইমাং পূজাং পিশিতরক্তং সর্ব্বোপচারসহিতং বলিং গৃহ্ণ গৃহ্ণ স্বাহা॥ ত্রিনেত্রে বিকরালাস্যে মুণ্ডমালাবিভূষিতে। সর্ব্বাসুরকৃতান্তে ত্বং খড়্গখট্টাঙ্গধারিণি॥ মহিষঘ্নি মহামায়ে দৈত্যদর্পনিসূদনি। ছাগলেন বলিং দদ্মি গৃহাণ হরবল্লভে॥ ইমং ছাগবলিং দেবি গৃহীত্বা কালরাত্রিকে। প্রীতা ভব মহাকালি রক্ষ মাং দেবি দণ্ডিকে॥

পরে তিনবার পুষ্পাঞ্জলি দিয়া আরাত্রিক, জপ ও নমস্কার করিবে।

মহিষ-বলিদান।—দেবী-সম্মুখে মহিষ আনিয়া উত্তরাস্য হইয়া কৃতাঞ্জলি-পুটে "ওঁ পশুপাশবিনাশায়" ইত্যাদি পাঠ ও "হুং অস্ত্রায় ফট্" উচ্চারণ পূর্ব্বক মহিষের সমস্ত শরীর দর্শন পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে স্তম্ভে বন্ধন করিবে, যথা—

"ওঁ মেঘাকারস্তম্ভমধ্যে মহিষং বন্ধয় বন্ধয় হুং ফট্ স্বাহা।" পরে মহিষকে "ওঁ বারাহী যমুনা গঙ্গা" প্রভৃতি মন্ত্রে স্নান করাইতে হয়; কিন্তু মন্ত্রগত "অজ-স্নানে" স্থানে "মহিষস্নানে" উচ্চার্য্য। পরে বৈদিকমন্ত্রে স্নান করাইবে, যথা—"ওঁ অগ্নিঃ পশুরাসীত্তেনা" প্রভৃতি। পরে "ওঁ মহিষায় নমঃ" বলিয়া পাদ্যাদি-যোগে মহিষের অর্চ্চনা পূর্ব্বক "ওঁ ঐং ঐং হ্রীং হ্রীং শ্রীং শ্রীং হুং হুং বরুণমণ্ডলা-ধিষ্ঠিতবিগ্রহায়ৈ মহিষরূপচণ্ডিকায়ৈ ইমং মহিষং প্রোক্ষয়ামি স্বাহা" মন্ত্রে প্রোক্ষণ করত সূত্রাবলি-সমন্বিত ঘণ্টা মহিষের গলায় বান্ধিয়া স্বর্ণ-শৃঙ্গ, রৌপ্য-খুর ও

বীরপট্ট দান করত "ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ" প্রভৃতি মন্ত্রে বসনদ্বয় দ্বারা মহিষকে আচ্ছাদন পূর্ব্বক লোহিত পুষ্পের মালা দিয়া এই মন্ত্র পাঠ করিবে, যথা—"ওঁ মহিষাসুরযুদ্ধেষু ত্বয়াপি কামরূপিণা। চিত্রং তনুত্রয়ং দহ্য কৃতং যুদ্ধং সুদারুণম্॥ অতস্ত্বদ্‌বলিদানেন তুষ্টা ভবতু চণ্ডিকা॥ যাহি স্বর্গং মহাবীর দত্ত্বা বলিফলং ময়ি। গন্ধর্ব্বলোকে তিষ্ঠ ত্বং তুষ্টা ভবতু চণ্ডিকা॥ মহিষ ত্বং মহাভাগ যমবাহন বিশ্রুতঃ। প্রিয়ং ধান্যং ধনং দেহি ধর্ম্মঞ্চৈব স্বভাবতঃ॥ যথাবাহং ভবান্ দ্বেষ্টি যথা বহসি চণ্ডিকাম্। তথা মম রিপূন্ হংসি শুভং বহ লুলাপক। যমস্য বাহনস্ত্বন্তু বররূপধরোঽব্যয়ঃ। আয়ুর্ব্বিত্তং যশো দেহি কাসারায় নমো নমঃ॥ ইদং রূপং পরিত্যজ্য গন্ধর্ব্বত্বমবাপ্নুহি॥ ললাটে তে শিবো দেবঃ শৃঙ্গয়োঃ পার্ব্বতীপ্রিয়ঃ। দুর্গায়াঃ প্রীতিদত্তো হি শতং বর্ষাণি নিশ্চিতম্॥"

তদনন্তর "স্তম্ভায় নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে অর্চ্চনা পূর্ব্বক করপুটে পাঠ করিবে, যথা—

ওঁ স্তম্ভ ত্বং স্তম্ভরূপোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। অতস্ত্বাং পূজয়াম্যদ্য পশুবন্ধনহেতবে। ওঁ স্তম্ভমূলে বসেদ্‌ব্রহ্মা স্তম্ভমধ্যে চ মাধবঃ। স্তম্ভাগ্রে চ স্বয়ং রুদ্রস্তস্মাত্ত্বমচলো ভব॥ ওঁ যথাচলো গিরির্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ। যথাচলা নগাশ্চান্যে তথা ত্বমচলো ভব॥ ওঁ সর্ব্বে দেবাঃ সগন্ধর্ব্বাঃ সযক্ষোরগরাক্ষসাঃ। তব সান্নিধ্যমায়ান্তি তস্মাত্ত্বমচলো ভব॥

তৎপরে "ওঁ পাশায় নমঃ" মন্ত্রে অর্চ্চনা করত নিম্নোক্ত মন্ত্র করপুটে পাঠ করিবে, যথা—

ওঁ পাশ ত্বং বরুণাজ্জাতঃ সদা বরুণদৈবতঃ। অতস্ত্বাং পূজয়াম্যদ্য তস্মাচ্ছান্তিং প্রযচ্ছ মে॥ ত্বং সাক্ষী ভগবান্ দেবঃ সর্ব্বশত্রুনিবর্হণঃ। পূজ্যোঽসি সর্ব্বভূতানাং পাশ সিদ্ধিং কুরুষ্ব মে॥

তদনন্তর তাম্রপাত্রে কুশকুসুম-তিলসমন্বিত জল লইয়া নিম্নলিখিত বাক্যে উৎসর্গ করিবে, যথা—

অদ্যেত্যাদি অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ সদারাপত্যস্য বর্ষশতকাবচ্ছিন্ন-শ্রীঅমুকদেবতাপ্রীতিকামনয়া শ্রীঅমুকদেবতায়ৈ ইমং মহিষং তুভ্যমহং সম্প্রদদানি।

তৎপরে নিম্নলিখিত মন্ত্র করপুটে পাঠ করিবে, যথা—

ওঁ অসুরযোনিপ্রসূতোঽসি পূজাহোমাদিকর্ম্মণি। তুষ্টা ভবতু সা দেবী সমাংসৈ রুধিরৈস্তব॥

পরে পশুর কর্ণে এই পশু-গায়ত্রী পাঠ্য, যথা—"ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্ম্মণে ধীমহি তন্নো জীবঃ প্রচোদয়াৎ।" অনন্তর "ওঁ হ্রীং শ্রীং নিখিল-ব্রহ্মাণ্ডখণ্ডরূপং গৃহ্ণ গৃহ্ণ স্বাহা" বলিয়া মহিষ সমর্পণ ও খড়্গ অর্চ্চনা করত "ওঁ ঐং শ্রীং ইমং মহিষং মহামোক্ষং কুরু কুরু গৃহ্ণ গৃহ্ণ স্বাহা" মন্ত্রে মহিষের গলায় খড়্গ স্পর্শ করাইতে হয়। তৎপরে করপুটে "ওঁ খড়্গাঘাতোদ্ভবং দুঃখং" প্রভৃতি পড়িয়া মহিষচ্ছেদন পূর্ব্বক পূর্ব্বোক্ত বলিদানবিধানে সমাংস রুধির-কপালাদি উৎসর্গ করিতে হয়।

বলিবিঘ্ন নিরাকরণ।—এক আঘাতে ছাগাদি বলিদানই কর্ত্তব্য। তাহার অন্যথা হইলে বহুবিধ অনিষ্ট ঘটে। তাদৃশ বলির সমাংস রুধির দেবীকে প্রদান করিতে নাই। দোষশান্তির জন্য সেই বিঘ্নবলির মাংস দ্বারা সহস্র-হোম, একমাষা পরিমাণ স্বর্ণদান, এবং পূজিত দেবতাবীজ ও দুর্গাবীজ সহস্র-জপ কর্ত্তব্য। পরন্তু কলিযুগে চারিগুণ। অনন্তর পুনর্ব্বার অন্য বলি দিয়া তন্মাংসাদি নিবেদন করিতে হয়।

## কালিকাপুরাণোক্ত দুর্গোৎসবে স্থানভেদে পূজায় বিশেষ বিধি।

ততঃ পূজাবেদ্যাশ্চতুর্হস্তান্তরে স্থিত্বা গেহে চেৎ দ্বারদেশস্থো গুরুগণপতি-দিক্‌পালান্ দেবীঞ্চ মনসা প্রণম্য মন্ত্রদ্বয়ং পঠেৎ। ওঁ দেবি ত্বং প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম। তন্নিঃসারয় চিত্তান্মে পাপং ফট্ ফট্ তে নমঃ। ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ বৈ। এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব সাক্ষিণঃ॥ ততঃ ক্রোধদৃষ্ট্যা হুং ফট্ ইত্যাত্মনঃ পার্শ্বদ্বয়মূর্দ্ধমধশ্চাব-লোক্য সুমনা ভবেৎ। ততো বামপার্ষ্ণিঘাতত্রয়েণ ভৌমান্ বিঘ্নান্ অস্ত্রেণ, জলেনান্তরীক্ষগান্, দিব্যদৃষ্ট্যা দিব্যান্ বিঘ্নান্ উৎসার্য্য ওঁ অঃ ফড়িতি পূজা-বেদীং প্রবিশেৎ। ততঃ পূজোপকরণানি হ্রাং হ্রীং হুং ফড়িতি মন্ত্রেণ নারাচ-মুদ্রয়া হ্রীমিতি বীজেন বা সমদৃষ্ট্যাবলোক্য রমিতি দীপশিখাং সংস্পৃশেৎ। ততঃ ক্রোং ইতি মন্ত্রেণ ঘটমধ্যস্থং বামপার্শ্বস্থিতং পূজার্থমুদকং দেবতীর্থেন সংস্পৃশ্য পুনর্বামেন পাণিনা ঘটং ধৃত্বা আমিতিমন্ত্রেণ জলং সংস্পৃশন্ সংস্কুর্য্যাৎ। পুনরপি আমিতি মন্ত্রেণ পাণিভ্যামাসনমাস্থায় পূজাস্থানে নিধায় হ্রীং আধারশক্তিকমলাসনায় নমঃ ইত্যাসনং সম্পূজ্য ওঁ অস্যাসনমন্ত্রস্যেত্যাদিনা সংস্কৃত্য আমিতিমন্ত্রেণ উদঙ্মুখস্তত্রোপবিশ্য রোমিতিমন্ত্রেণ বিষ্ণুবীজেন বা

অঙ্গুল্যগ্রেণ পুষ্পং গৃহীত্বা হৌমিতি পুষ্পং বিমর্দ্দ্য ক্লীমিতিমন্ত্রেণাত্মানং নির্ম্মঞ্ছ্য ওঁ তৎসদিতি বামকরেণাঘ্রায় পুনর্হৌমিতি মন্ত্রেণ ঐশান্যাং দিশি নিক্ষিপেৎ। ওঁ ততো ভূতেভ্যো নমঃ ইতি মন্ত্রেণ আবাহনপূর্ব্বকং সম্পূজ্য ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ ইত্যাদি এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ ইতি দদ্যাৎ।—ততো লাজ-চন্দন-সিদ্ধার্থ-ভস্ম-দূর্ব্বাকুশাক্ষতান্ অঃ ফড়িতি সপ্ত জপ্তান্ গৃহীত্বা ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। 'ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্। অঃ ফড়িতিমন্ত্রেণ তালত্রয়ং দত্ত্বা দশদিগ্‌বন্ধনং কুর্য্যাৎ। ততঃ স্বস্তিকাদ্যন্যতমমাসনমাস্থায় হ্রীমিতিমন্ত্রেণাসনং সংপূজ্য ক্ষ্রৌমিতিমন্ত্রেণ আত্মানং গন্ধপুষ্পাদিভিঃ পূজয়েৎ। ততো রক্তপুষ্পং গৃহীত্বা করকচ্ছপিকাং বদ্ধ্বা ভূতশুদ্ধিং কুর্য্যাৎ। যথা কিল ধ্যানযোগেন ওঁ হুং ফড়িতি অগ্নিং বায়ৌ নিক্ষিপ্য বায়ুং তোয়ে তোয়ং মনসি মনো নিস্বনে নিস্বনমাকাশে নিক্ষিপেৎ। ততো হুং ফড়িতি মন্ত্রেণ শব্দেন সহিতং বীজমাকাশে স্থাপয়েৎ। ততো যমিতি ধূম্রবর্ণং বায়ুবীজং স্মরন্ স্বদেহং শোষয়েৎ। ততো রমিতি বহ্নিবীজং রক্তবর্ণং ধ্যায়ন্ স্বদেহং দহেৎ। পুনর্যমিতি ধূম্রবর্ণং বায়ুবীজং স্মরন্ তদ্‌ভস্ম প্রোৎসারয়েৎ। ততো লমিতি পীতবর্ণং ইন্দ্রবীজং স্মৃত্বা অমৃতবৃষ্টিমুৎপাদ্য বমিতি বরুণবীজং শুক্লবর্ণং স্মরন্ অমৃতবৃষ্ট্যা আসেচয়েৎ। তত্রামৃতজলে ওঁ বীজেন জাম্বুনদাকৃতিং ব্রহ্মাণ্ডং চিন্তয়েৎ। তত ঐং হ্রীং শ্রীং ইতি মন্ত্রেণ তদণ্ডং দ্বিধা কুর্য্যাৎ। তত ঊর্দ্ধভাগে স্বর্লোকমাকাশঞ্চ নিষ্পাদ্য অধোভাগে ভুবং পাতালঞ্চ নিষ্পাদয়েৎ। ততঃ সপ্তদ্বীপাং মেদিনীং বিচিন্ত্য তত্র ইক্ষুসাগরান্তঃ স্বর্ণদ্বীপং চিন্তয়েৎ। তত্র রত্নমণ্ডপং তদন্তর্গতরত্নবেদিকায়াং রত্নপর্য্যঙ্কং বিচিন্ত্য তন্মধ্যে সপ্ত-পাতালনালং পদ্মং বিচিন্ত্য তত্র ওঁ জটাজূটেত্যাদিরূপাং দেবীং বিচিন্ত্য ওঁ নমঃ ফড়িতি মস্তকে হস্তস্থপুষ্পং নিক্ষিপ্য সোঽহমিতি বিচিন্ত্য পূজোপকরণান্যভ্যুক্ষ্য পূজোপকরণাদিকমাধারাধেয়াদিকঞ্চ সর্ব্বং দেবীরূপং ধ্যায়েৎ। ওঁ অহং দেবোঽথ নৈবেদ্যং গন্ধপুষ্পাদিকঞ্চ যৎ। দেবাধারো হ্যহং দেবো দেবং দেবায় যোজয়েৎ॥ ততো মাতৃকান্যাসঃ। অথ ঋষ্যাদিন্যাসঃ। ততঃ করাঙ্গন্যাসঃ ষড়ঙ্গন্যাসশ্চ। ততঃ ফড়িতিমন্ত্রেণ র্দ্ধোর্দ্ধতালত্রয়ং দত্ত্বা ছোটিকাভির্দশদিগ্‌বন্ধনং কুর্য্যাৎ। ততো বাসুদেববীজেন মায়াবীজেন বা প্রাণায়ামত্রয়ং কুর্য্যাৎ। ততঃ সামান্যার্ঘ্যং কুর্য্যাৎ। ততো ঘটে গণেশাদীন্ আবাহ্য সম্পূজ্য দেবীং ধ্যাত্বা মানসোপচারৈঃ সম্পূজ্য বিশেষার্ঘ্যং স্থাপয়েৎ। বিশেষার্ঘ্যদ্বয়ং কার্য্যম্। ততো মণ্ডলস্যোত্তরতঃ দ্বারি ওঁ নন্দিনে নমঃ,

পশ্চিমদ্বারি ওঁ ভৃঙ্গিনে নমঃ, সম্মুখদ্বারি ওঁ গণপতয়ে নমঃ ইতি পঞ্চোপচারৈঃ সম্পূজ্য যোগপীঠং ধ্যায়েৎ। ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশং চতুষ্কোণং চতুর্ব্বৃতিম্ঃ আধারশক্ত্যা বিহিতং প্রগ্রহং সূর্য্যসন্নিভম্। আগ্নেয়াদিষু কোণেষু চতুর্ষু ক্রমতঃ স্থিতম্। ধর্ম্মো জ্ঞানং তথৈশ্বর্য্যং বৈরাগ্যং ক্রমতঃ সদা। পূর্ব্বাদিদিক্ষু চৈতানি স্থিতানি ক্রমশো যথা। অধর্ম্মশ্চ তথাজ্ঞানমনৈশ্বর্য্যং তথা পরম্। অবৈরাগ্যং তথা তস্মাদ্ধারগার্থং ব্যবস্থিতম্। তস্যোপরি জলৌঘস্তু তস্মিন্ ব্রহ্মাণ্ডমাস্থিতম্। ব্রহ্মাণ্ডাভ্যন্তরে তোয়ং কূর্ম্মস্তস্যোপরিস্থিতঃ। কূর্ম্মোপরি তথানন্তঃ পৃথ্বী তস্যোপরিস্থিতা। অনন্তগাত্রসংলগ্ননালং পাতালগোচরম্। পৃথ্বীমধ্যে স্থিতং পদ্মং দিক্পত্রং গিরিকেশরম্। তস্যাষ্টদিক্ষু দিক্পালাঃ স্বর্গমধ্যে ব্যবস্থিতাঃ। কর্ণিকায়াং ব্রহ্মলোকো মহর্লোকস্তয়োরধঃ। স্বর্গে জ্যোতীংষি দেবাশ্চ চতুর্ব্বেদাস্তদন্তরে। সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ। সদা স্থিতাঃ পদ্মমধ্যে পরং তত্ত্বং তথৈব চ। আত্মতত্ত্বং তত্র সংস্থমূর্দ্ধচ্ছদনমূর্দ্ধতঃ। অধোঽধশ্ছদনং তত্র কেশরাগ্রে স্থিতং পুনঃ। সূর্য্যাগ্নিচন্দ্রমরুতাং মণ্ডলানি ক্রমাত্ততঃ। শবাসনং যোগপীঠে সুখাসনমতঃ পরম্। আরাধ্যাসনমস্মাচ্চ ততশ্চ বিমলাসনম্। মধ্যে বিচিন্তয়েত্তত্র জগদ্বৈ সচরাচরম্। ব্রহ্মবিষ্ণুশিবাংশ্চৈব ভাগত্রয়বিনিশ্চিতান্। আত্মানং চিন্তয়েত্তত্র পূজনে সমুপস্থিতম্॥ ইতি। ততো মণ্ডলং যোগপীঠত্বেন ধ্যাত্বা মণ্ডলপদ্মং যোগপীঠপদ্মত্বেন ধ্যাত্বা তত্র শবাসনং সুখাসনং বিমলাসনম্ আরাধ্যাসনঞ্চ বিভাব্য যোগপীঠেন সহৈকতাং বিভাব্য পূজয়েৎ। আবাহনপূর্ব্বকম্ ওঁ আধারশক্ত্যৈ, প্রকৃত্যৈ ইত্যাদিক্রমেণ অনৈশ্বর্য্যায় নমঃ ইত্যন্তং সম্পূজ্য মধ্যে ওঁ শেষায় নমঃ এবং অব্জায়, আনন্দকন্দায়, সম্বিন্নালায়, সর্ব্বতত্ত্বাত্মকপদ্মায়। প্রকৃতিপত্রেভ্যঃ, বিকারময়কেশরেভ্যঃ। পঞ্চাশদ্বীজাঢ্যকর্ণিকায়ৈ, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে। যোগপীঠায়, গুরুপাদায়, শবাদ্যাসনেভ্যঃ, ব্রহ্মাণ্ডায়, স্বর্ণডিম্বায়, ইতি গন্ধপুষ্পাভ্যাং সংপূজ্য। ততো বিষ্ণবে, ব্রহ্মণে, মহেশ্বরায় নমঃ ইতি মন্ত্রেণ পাদ্যাদিভিঃ পূজয়েৎ। ততঃ ওঁ সপ্তসাগরেভ্যঃ, স্বর্ণদ্বীপায়, রত্নোজ্জ্বলিতমণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, রত্নবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়। পীঠমনূংশ্চ আং প্রভায়ৈ ইত্যাদি মন্ত্রৈঃ পূজয়েৎ। অতো হ্রীমিতি কূর্ম্মমুদ্রাং বদ্ধা পূর্ব্ববৎ ধ্যাত্বা পূজয়েৎ। ইতি বিশেষঃ। অন্যৎ সমানম্।

## শ্রীদুর্গাভক্তিতরঙ্গিণী-সম্মতা দুর্গাপূজা।

বোধন।—সায়ংকালে মুহূর্ত্তব্যাপিনী ষষ্ঠী তিথিতে, সায়ং ষষ্ঠীর অলাভে পূর্ব্বাহ্ণে ষষ্ঠী তিথিতে দেবীর বোধন করিবে। পুরোহিত সায়ংসন্ধ্যান্তে কুশহস্তে উত্তরমুখে বসিয়া বিল্ববৃক্ষে দেবীর বোধন, আমন্ত্রণ ও অধিবাসের পুণ্যাহাদি-বাচন করিয়া সঙ্কল্প করিবেন। পুণ্যাহাদিবাচন যথা—"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়াঃ শ্বঃকর্ত্তব্যবার্ষিকশরৎকালীনমহাপূজাঙ্গীভূতবোধনামন্ত্রণাধিবাস-কর্ম্মসু ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু।" এইরূপে স্বস্তি ও ঋদ্ধিবাচন করিয়া স্বস্তিসূক্ত সূর্য্যঃ সোম ইত্যাদি পাঠান্তে ওঁ তৎসৎ উচ্চারণ পূর্ব্বক ফল-কুসুম-জল-তিল-পূর্ণ তাম্রপাত্র গ্রহণ করিয়া সঙ্কল্প করিবে, যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে ষষ্ঠ্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ বার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গা-মহাপূজাঙ্গীভূতানি বিল্ববৃক্ষে শ্রীভগবদ্দুর্গায়া বোধনামন্ত্রণাধিবাসকর্ম্মাণ্যহং করিষ্যামি।" ঐ জল ঈশানকোণে ফেলিয়া তৎপাত্র উবুড় করিয়া তদুপরি সূক্তপাঠ পূর্ব্বক তণ্ডুল বিকিরণ করিবে।* পরে স্বস্ববেদোক্ত নিয়মে ঘটস্থাপন পূর্ব্বক সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, করশুদ্ধি, দিগ্‌বন্ধন, ভূতশুদ্ধি করত আত্মাকে প্রণবস্বরূপ ভাবনা করিবে। পরে মাতৃকান্যাস, হ্রীং মন্ত্রে বা মূলমন্ত্রে (ওঁ জয়ন্তীত্যাদি) প্রাণায়াম ও হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদিরূপে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া গণেশাদি পূজা করিবে। যথা—ধ্যান ও আবাহন পূর্ব্বক যথাশক্তি উপচারে গণেশ, শিব, ভাস্কর, অগ্নি, কেশব, কৌশিকী, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদিলোকপাল, গুরুপঙ্ক্তি চতুর্থী বিভক্তিযোগে ওঁকারাদি নমোঽন্ত মন্ত্রে পূজা করিবে। পরে বিল্ববৃক্ষকে পাদ্যাদি উপচারে পূজা করিয়া প্রণাম পূর্ব্বক দেবীর জটাজুট ইত্যাদিরূপে ধ্যান করিবে। ধ্যানপুষ্প স্বশিরে দিয়া বিশেষার্ঘ্যস্থাপন ও পুনর্ধ্যান করিয়া ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইত্যাদিরূপে বিল্ববৃক্ষে দেবীকে আবাহন করিয়া "ওঁ জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে॥ এতৎ-পাদ্যং ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ" এইরূপে পূজা করিয়া প্রণাম করিবে। পরে

---

* কেহ কেহ বিল্ববৃক্ষেরই আমন্ত্রণের সঙ্কল্প করেন, ইহাই সঙ্গত, কারণ, মন্ত্রে দেবীর আমন্ত্রণের কোনও উল্লেখ নাই। কিন্তু ব্যবহারানুসারে দেবীর আমন্ত্রণই লিখিত হইয়াছে।

ভূতাদিকে আবাহন 'ওঁ ভূতেভ্যো নমঃ' মন্ত্রে পূজা করিয়া মাষভক্তবলি দিবে, মন্ত্র যথা—"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্ণন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ। পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্‌বিনিঃসৃত্য পূজাং গৃহ্ণন্তু মৎকৃতাম্। এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ।" গীতবাদ্য পূর্ব্বক বিল্ববৃক্ষে দেবীকে নিম্নোক্ত মন্ত্রে বোধন করিবে। যথা—"ওঁ ঐঁ রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্ত্বয়ি কৃতঃ পুরা। অহমপ্যাশ্বিনে ষষ্ঠ্যাং সায়াহ্নে বোধয়াম্যতঃ। যথৈব রামেণ হতো দশাস্যস্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি॥"

পরে বিল্ববৃক্ষের আমন্ত্রণ করিবে। ওঁ মেরুমন্দর কৈলাস হেমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদাপ্রিয়ঃ। শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফল শ্রীনিকেতন। নেতব্যোঽসি ময়া বৃক্ষ পূজ্যো দুর্গাস্বরূপতঃ। ওঁ দেবদেবাঙ্গসম্ভূত শ্রীবৃক্ষ চণ্ডিকাপ্রিয়। আমন্ত্রয়ামি পূজার্থং শাখামেকাং প্রযচ্ছ মে॥ পরে অধিবাসবিধি অনুসারে পূজা পূর্ব্বক বিল্ববৃক্ষে দেবীকে ও মৃন্ময়ী মূর্ত্তিকে অধিবাস করিবে।

অথ পত্রিকাপ্রবেশবিধি।—কৃতনিত্যক্রিয় পুরোহিত আচমন পূর্ব্বক গন্ধাদি দ্বারা বিল্ববৃক্ষকে পূজা করিয়া অঞ্জলিপুটে পাঠ করিবে। ওঁ বিল্ববৃক্ষ মহাভাগ সর্ব্বদা শঙ্করপ্রিয়। গৃহীত্বা তব শাখাঞ্চ দুর্গাপূজাং করোম্যহম্। শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। (দেবৈর্গৃহীত্বা তে শাখাং পূজ্যতে চণ্ডিকা সদা)। ওঁ ছিন্ধি ছিন্ধি ফট্ ফট্ ওঁ হুং ফট্ স্বাহা এই মন্ত্রে গীতবাদ্য সহকারে পূর্ব্বদিনে অভিমন্ত্রিত ফলযুগলশালিনী কেবলা বা শাখা ছেদন করিবে। সেই শাখা ও নবপত্রিকা চতুর্দ্দোলায় আনয়ন পূর্ব্বক পূজাগৃহের প্রাঙ্গণে পীঠোপরি রাখিয়া স্নান করাইবে। ইদানীং মহাপূজার সঙ্কল্প ও বরণ করিবে। ওঁ শন্নো দেবীরিত্যাদি মন্ত্রচতুষ্টয়ে ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ইত্যাদি মন্ত্রে শুদ্ধজলে স্নান করাইবে। ইতি স্নানবিধি। পরে পাদ্যাদি দ্বারা বিল্বশাখাকে ওঁ বিল্ববাসিন্যৈ নমঃ মন্ত্রে পূজা করিয়া গোময়োপলিপ্ত ভূমিতে ওঁ ভূতেভ্যো নমঃ মন্ত্রে পূজা পূর্ব্বক ওঁ ভূতাঃ প্রেতাঃ ইত্যাদি মন্ত্রে মাষভক্ত বলি দিবে। কেহ কেহ এই সময় কালীকেও এই মন্ত্রে পূজা পূর্ব্বক মাষভক্ত বলি দিয়া থাকেন। এতে গন্ধপুষ্পে ওঁ কাল্যৈ নমঃ, ওঁ জয় ত্বং কালি সর্ব্বেশি সর্ব্বভূতসমাবৃতে। রক্ষ মাং নিজভূতেভ্যো বলিং গৃহ্ণ শিবপ্রিয়ে॥ এষ মাষভক্তবলিঃ ওঁ কাল্যৈ নমঃ। পরে প্রার্থনা করিবে, ওঁ মাতর্মাতর্বরে

দুর্গে সর্ব্বকামার্থসাধিনি। অনেন বলিদানেন সর্ব্বান্ কামান্ প্রযচ্ছ মে। পরে "ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন পূজাকর্ম্ম করোম্যহম্। ওঁ ফট্" এই মন্ত্র সপ্তবার পাঠে অভিমন্ত্রিত শ্বেতসর্ষপ, শমীপত্র, যব, চন্দন, কুশজল, সর্ব্ববিঘ্ননিবারণার্থ পূজাগৃহে ছড়াইবে। পুনরায় পূর্ব্বোক্ত বিল্বশাখাকে "ওঁ চামুণ্ডে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ" ইত্যাদিরূপে আবাহন করিয়া "ওঁ চামুণ্ডায়ৈ নমঃ" মন্ত্রে পাদ্যাদিযোগে পূজা করিয়া বিল্বশাখাকে কৃতাঞ্জলি হইয়া অভিমন্ত্রণ করিবে, "ওঁ শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফল শ্রীনিকেতন। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো দুর্গাস্বরূপতঃ॥" এই মন্ত্রে চামুণ্ডারূপে ভাবনা করিয়া গ্রহণ করত "ওঁ চামুণ্ডে চল চল" এই মন্ত্রে লইয়া যাইয়া প্রতিমার সহিত স্থাপন করিবে,—"ওঁ অরোপিতাসি দেবি ত্বং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরা নিতান্তং ভূত্বা মে গৃহে ত্বং কামদা ভব॥ ওঁ দুর্গে স্থিরা ভব।" এই মন্ত্রে স্থির করিবে, তৎসহ অপরাজিতালতা দ্বারা বন্ধন পূর্ব্বক নবপত্রিকা স্থাপন করিবে। পরে দেবীসম্মুখে ঘটস্থাপন মন্ত্রে ঘট-স্থাপন করিয়া নবপত্রিকার সম্মুখে বিল্বমূলস্থ ঘট আনয়ন করিয়া স্থাপন করিবে। ইদানীং কজ্জল দ্বারা দেবীর চক্ষুর্দ্দান কর্ত্তব্য।

অথ প্রাণপ্রতিষ্ঠা।—অক্ষত হস্তে প্রতিমার কপোলে হস্ত দিয়া "ওঁ মনো-জুতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু। অরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বে দেবাস ইহমাদয়ন্তামোং প্রতিষ্ঠ। ওঁ ভগবতি দুর্গে ইহ প্রতিষ্ঠিতা ভব।" "ওঁ আং হ্রীং ক্রোং" ইত্যাদি পাঠ করিয়া পুনশ্চ "ওঁ মনোজুতিঃ ওঁ অস্যৈ প্রাণা" ইত্যাদি উচ্চারণ করিবে।

অথ পূজাক্রম।—গন্ধপুষ্প দ্বারা কর সংশোধন, তালত্রয় দান, ছোটিকা দ্বারা দিগ্‌বন্ধন, ওঁ জয়ন্তী ইত্যাদি মন্ত্রে প্রাণায়াম, যথাশক্তি (১ বার পূরক ৪ বার কুম্ভক ২ বার রেচক এইরূপে) বারত্রয় করিয়া হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদিরূপে করন্যাস এবং তৎক্রমে অঙ্গন্যাস করিবে। পরে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাসাদি করিয়া গণেশকে ধ্যান ও পঞ্চোপচারে পূজা এবং শিব, ভাস্কর, কেশব, অগ্নি (কৌশিকী) রও পঞ্চোপচারে পূজান্তে ওঁ জটাজূট ইত্যাদিরূপে ধ্যান করিবে। ধ্যানপুষ্প মস্তকে দিয়া মানসো-পচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবে। পরে (মতান্তরে আধার-শক্ত্যাদি দেবীপুরাণোক্ত পীঠদেবতার পীঠন্যাসক্রমে ঘটে আবাহন পূর্ব্বক পূজা করিতে হয়।) পুনর্ধ্যানান্তে পুষ্পাক্ষত হস্তে "ওঁ আবাহয়াম্যহং

দেবীং মৃন্ময়ে শ্রীফলে তথা। কৈলাসশিখরাদ্দেবি হিমাদ্রের্বিন্ধ্যপর্ব্বতাৎ। আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্। ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে ইহাগচ্ছ ইহাগচ্ছ" এইরূপে আবাহন করিয়া "ওঁ স্থাপিতাসি ময়া দেবি শ্রীফলে মৃন্ময়েঽপি চ। আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ ভগবতি দুর্গে ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ" এইরূপে স্থাপন করিয়া কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে, "ওঁ দুর্গে দুর্গস্বরূপাসি সুরতেজোমহাবলে। সদানন্দকরে দেবি প্রসীদ মম সিদ্ধয়ে॥ ওঁ এহ্যেহি ভগবত্যম্ব শত্রুক্ষয় জয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ ওঁ পল্লবৈশ্চ ফলোপেতৈঃ পুষ্পৈশ্চ সুমনোহরৈঃ। পল্লবে সংস্থিতে দেবি পূজয়ে ত্বাং প্রসীদ মে॥ ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। যজ্ঞভাগান্ গৃহাণ ত্বং যোগিনীকোটিভিঃ সহ॥ ওঁ ভগবতি দুর্গে ইহ সন্নিধেহি।" এইরূপে দেবীর সন্নিধান কল্পনা করিয়া "ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ" এই মন্ত্রে অধিষ্ঠানাদি করাইয়া ষোড়শোপচারে পূজা করিবে। যথা—রজতাসন অর্ঘ্যোদকে বং মন্ত্রে প্রোক্ষণ করত অর্চ্চনা করিয়া "ওঁ জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে॥ ইদং রজতাসনং ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ"। ১। ওঁ জয়ন্তীত্যাদি ওঁ ভগবতি দুর্গে ইহ স্বাগতম্। জয়ন্তীত্যাদি মন্ত্রে পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয় নিবেদন করিবে। পরে স্নানীয় উক্ত মন্ত্রে উৎসর্গ করিয়া দর্পণপ্রতিবিম্বে "ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নশ্চণ্ডী প্রচোদয়াৎ" মন্ত্রে স্নান করাইবে। দর্পণ মুছাইয়া তাহাতে সিন্দূরতিলকাদি দিয়া দেবীপার্শ্বে স্থাপন করিবে। পুনরাচমনীয় পূর্ব্ববৎ। বস্ত্র জয়ন্তীত্যাদি মন্ত্রে উৎসর্গান্তে "ওঁ তন্তুসন্তানসন্নদ্ধং রঞ্জিতং রাগবস্তুনা। দুর্গে দেবি ভজ প্রীতিং বাসস্তে পরিধীয়তাম্॥ ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে অর্পণ করিবে। পরে পুনঃ আচমনীয়, আভরণ, গন্ধ, পুষ্প, বিল্বপত্র জয়ন্তীত্যাদি মন্ত্রে নিবেদন করিবে। জয়ন্তীত্যাদি মন্ত্রে ধূপ নিবেদন করিয়া "ওঁ ধূপোঽয়ং দেবদেবেশি ঘৃতগুগ্গুলুযোজিতঃ। গৃহাণ বরদে মাতর্দুর্গে দেবি নমোঽস্তু তে" পাঠ করিবে। এইরূপ দীপ নিবেদন করিয়া "ওঁ অগ্নি-জ্যোতির্রবিজ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্" মন্ত্রে অর্পণ করিবে। নৈবেদ্য, রচনা, পানীয় জল, তাম্বূলাদি জয়ন্তীত্যাদি মন্ত্রে নিবেদন করিয়া যথাশক্তি উক্ত মন্ত্র জপ করিয়া জপ সমর্পণ পূর্ব্বক "ওঁ সৃষ্টিস্থিতিবিনাশানাং শক্তিভূতে সনাতনি। গুণাশ্রয়ে গুণময়ে

নারায়ণি নমোঽস্তু তে" মন্ত্রে প্রণাম করিবে। পরে বিল্বপত্র লইয়া ওঁ জয়ন্তীত্যাদি পাঠান্তে এতানি বিল্বপত্রাণি ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ। "ওঁ অমৃতোদ্ভবং শ্রীবৃক্ষং শঙ্করস্য সদাপ্রিয়ম্। বিল্বপত্রং প্রযচ্ছামি পবিত্রং তে সুরেশ্বরি।" ওঁ জয়ন্তী ইত্যাদি এতৎদ্রোণপুষ্পং ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ। "ওঁ ব্রহ্মবিষ্ণুশিবাদীনাং দ্রোণপুষ্পং সদা প্রিয়ম্। তত্তে দুর্গে প্রযচ্ছামি সর্ব্বকামার্থসিদ্ধয়ে॥" ইতি নিবেদনান্তে পুষ্পমাল্য লইয়া জয়ন্তীত্যাদি পড়িয়া "এষা পুষ্পমালা ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ।" "ওঁ কৌসুমস্রজমেতাঞ্চ চন্দনাগুরুচর্চ্চিতাম্। গৃহাণ বরদে মাতর্দুর্গে দেবি নমোঽস্তু তে।" এই মন্ত্রে নিবেদন করিবে।

নবপত্রিকা-পূজা।—কদলীস্থা ব্রহ্মাণীকে আবাহন করিয়া "ওঁ ব্রহ্মাণ্যৈ নমঃ" এই মন্ত্রে পঞ্চোপচারে পূজান্তে প্রণাম করিবে। এইরূপে দাড়িমীস্থা রক্তদন্তিকা, ধান্যস্থা লক্ষ্মী, হরিদ্রাস্থিতা দুর্গা, মানস্থা চামুণ্ডা, কচ্চীস্থা কালিকা, বিল্বস্থা শিবা, অশোকস্থা শোকরহিতা, জয়ন্তীস্থা কার্ত্তিকীকে আবাহন পূর্ব্বক পঞ্চোপচারে ওঁকারাদি নমোঽস্তু মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবে। পরে প্রতিমাস্থ গণেশ, কার্ত্তিক, লক্ষ্মী, সরস্বতী, নাগপাশ, ময়ূর, মূষিক, শিব, রামচন্দ্র, সিংহ ও মহিষাসুরকে যথাশক্তি পূজা করিয়া বলিদান করিবে। বলিদানবিধি, পদ্ধতিশেষে লিখিত হইল। পরে অন্নব্যঞ্জনাদি অন্যান্য উপচার জয়ন্তী ইত্যাদি মন্ত্রে দান করিবে।

অথ প্রণামমন্ত্র।—ওঁ দুর্গাং শিবাং শান্তিকরীং ব্রহ্মাণীং ব্রহ্মণঃ প্রিয়াম্। সর্ব্বলোকপ্রণেত্রীঞ্চ প্রণমামি সদাশিবাম্॥ মঙ্গলাং শোভনাং শুদ্ধাং নিষ্কলাং পরমাং কলাম্। বিশ্বেশ্বরীং বিশ্বমাতাং চণ্ডিকাং প্রণমাম্যহম্॥ সর্ব্বদেবময়ীং দেবীং সর্ব্বরোগভয়াপহাম্। ব্রহ্মেশবিষ্ণুনমিতাং প্রণমামি সদা উমাম্॥ বিন্ধ্যস্থাং বিন্ধ্যনিলয়াং দিব্যস্থাননিবাসিনীম্। যোগিনীং যোগমায়াঞ্চ চণ্ডিকাং প্রণমাম্যহম্॥ ঈশানমাতরং দেবীমীশ্বরীমীশ্বরপ্রিয়াম্। প্রণতোঽস্মি সদা দুর্গাংসংসারার্ণবতারিণীম্॥ য ইদং পঠতি স্তোত্রং শৃণুয়াদ্বাপি যো নরঃ। স মুক্তঃ সর্ব্বপাপেভ্যো মোদতে দুর্গয়া সহ। ওঁ মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনি। দিব্যমারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তু তে। ভূতপ্রেতপিশাচেভ্যো রক্ষোভ্যশ্চ মহেশ্বরি। দেবেভ্যো মানুষেভ্যশ্চ ভয়েভ্যো রক্ষ মাং সদা॥ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। উমে ব্রহ্মাণি কৌমারি বিশ্বরূপে প্রসীদ মে॥ রূপং দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে। পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥ ওঁ চন্দনেন

সমালব্ধে কুঙ্কুমেন বিলেপিতে। বিল্বপত্রকৃতাপীড়ে দুর্গেঽহং শরণং গতঃ। এই মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দান পূর্ব্বক দেবীকে পূজা করিবে।

মহাষ্টমীপূজা।—নিত্যক্রিয়া সমাপনান্তে আচমন, বিষ্ণুস্মরণাদি পূর্ব্বক শ্বেতসর্ষপ গ্রহণ করিয়া "ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ" ইত্যাদি মন্ত্রে দশদিকে বিকিরণ করিয়া করসংশোধন, পূর্ব্ববৎ প্রাণায়াম, করাঙ্গন্যাস পূর্ব্বক দন্ত-কাষ্ঠ নিবেদন, মহাস্নানান্তে সামান্যার্ঘ্য, ভূতশুদ্ধি, মাতৃকান্যাসান্তে গণেশাদি দেবতাপূজা, দেবীর ধ্যান, বিশেষার্ঘ্যস্থাপন (পীঠপূজা), পুনর্ধ্যান, পুষ্পাক্ষত লইয়া "ওঁ এহি দুর্গে মহাভাগে রক্ষার্থং মম সর্ব্বদা। আবাহয়াম্যহং দেবি সর্ব্বকামার্থসিদ্ধয়ে॥ অস্যাং মূর্ত্তৌ সমাগত্য স্থিতিং মৎকৃপয়া কুরু। রক্ষাং কুরু সদা দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে॥ ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ স্থিরা ভব সুপ্রসন্না ভব," এইরূপে আবাহন করিয়া পূর্ব্ববৎ ষোড়শোপচারে দেবীকে পূজা করিয়া আবরণপূজা করিবে, যথা—আবাহন পূর্ব্বক ওঁ জয়ন্ত্যৈ নমঃ, এবং মঙ্গলায়ৈ, কাল্যৈ, ভদ্র-কাল্যৈ, কপালিন্যৈ, দুর্গায়ৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ, এই মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া উগ্রচণ্ডাদির আবাহন পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে পূজা করিবে, যথা—ওঁ হ্রীঁ উগ্রচণ্ডায়ৈ নমঃ, এবং প্রচণ্ডায়ৈ, চণ্ডোগ্রায়ৈ, চণ্ডনায়িকায়ৈ, চণ্ডায়ৈ, চণ্ডবত্যৈ, চণ্ডরূপায়ৈ, অতিচণ্ডিকায়ৈ। ওঁ উগ্রদংষ্ট্রায়ৈ নমঃ, এইরূপে ওঁ শুভদংষ্ট্রায়ৈ, কপালিন্যৈ, ভীমনেত্রায়ৈ, বিশালাক্ষ্যৈ, মঙ্গলায়ৈ, বিজয়ায়ৈ, জয়ায়ৈ, মঙ্গলায়ৈ, নন্দিন্যৈ, ভদ্রায়ৈ, লক্ষ্ম্যৈ, কীর্ত্ত্যৈ, যশস্বিন্যৈ, পুষ্ট্যৈ, মেধায়ৈ, শিবায়ৈ, সাধ্ব্যৈ, যশায়ৈ, শোভায়ৈ, জয়ায়ৈ, ধৃত্যৈ, আনন্দায়ৈ সুনন্দায়ৈ। অনন্তর দেবীর দক্ষিণে চতুঃষষ্টি যোগিনীর পূজা করিবে, যথা—আবাহন পূর্ব্বক ওঁ বিজয়ায়ৈ নমঃ, এইরূপে ওঁ মঙ্গলায়ৈ, ভদ্রায়ৈ, ধৃত্যৈ, শান্ত্যৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, সিদ্ধ্যৈ, তুষ্ট্যৈ, উমায়ৈ, পুষ্ট্যৈ, শ্রিয়ৈ, ঋদ্ধ্যৈ, রত্যৈ, দীপ্ত্যৈ, কান্ত্যৈ, যশায়ৈ, লক্ষ্ম্যৈ, ঈশ্বর্য্যৈ, বৃদ্ধ্যৈ, শক্ত্যৈ, জয়াবত্যৈ, ব্রাহ্ম্যৈ, জয়ন্ত্যৈ, অপরাজিতায়ৈ, অজিতায়ৈ, মানস্যৈ, শ্বেতায়ৈ, দিত্যৈ, মায়ায়ৈ, মহামায়ায়ৈ, মোহিন্যৈ, লালসায়ৈ, তারায়ৈ, বিমলায়ৈ, গৌর্য্যৈ, শরণ্যায়ৈ, কৌষিক্যৈ, মত্যৈ, দুর্গায়ৈ, ক্রিয়ায়ৈ, অরুন্ধত্যৈ, ঘণ্টাকর্ণায়ৈ, সকর্ণায়ৈ, কপালিন্যৈ, রৌদ্র্যৈ, কাল্যৈ, ময়ূর্য্যৈ, বিনেত্রায়ৈ, সুরূপায়ৈ, বহুরূপায়ৈ, ত্রিনেত্রায়ৈ, রিপুহায়ৈ, অম্বিকায়ৈ, চর্চ্চিকায়ৈ, সুরপূজিতায়ৈ, বৈবস্বত্যৈ, মাহেশ্বর্য্যৈ, বৈষ্ণব্যৈ, মহালক্ষ্ম্যৈ, শিবদূত্যৈ, চামুণ্ডায়ৈ। এই মন্ত্রে পূজা

করিয়া মাতৃপূজা করিবে।—ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ, এইরূপে মাহেশ্বর্য্যৈ, কৌমার্য্যৈ, বৈষ্ণব্যৈ, বারাহ্যৈ, নারসিংহ্যৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, লক্ষ্ম্যৈ, এই মন্ত্রে পূর্ব্বাদি-ক্রমে পূজা পূর্ব্বক মধ্যে বিষ্ণুমায়ায়ৈ, চেতনায়ৈ, বুদ্ধ্যৈ, নিদ্রায়ৈ, ক্ষুধায়ৈ, ছায়ায়ৈ, শক্ত্যৈ, তৃষ্ণায়ৈ, ক্ষান্ত্যৈ, জাত্যৈ, লজ্জায়ৈ, শান্ত্যৈ, শ্রদ্ধায়ৈ, কান্ত্যৈ, লক্ষ্ম্যৈ, বৃত্ত্যৈ, স্মৃত্যৈ, দয়ায়ৈ, তুষ্ট্যৈ, মাত্রে, ভ্রান্ত্যৈ এই মন্ত্রে বিভূতিপূজা করিয়া জয়ন্ত্যাদি দেবতার প্রত্যেককে মাষভক্ত বলি দিবে। পরে মাতৃগণের সম্মুখে ভৈরব ও ভৈরবীকে ওঁ ভৈরবায় নমঃ, ওঁ ভৈরব্যৈ নমঃ, মন্ত্রে পূজা করিয়া অঙ্গপূজা করিবে, যথা—এতে গন্ধপুষ্পে ওঁ কালি কালি স্বাহা হৃদয়ায় নমঃ, এইরূপে ওঁ কালি বজ্রিণী শিরসে নমঃ, ওঁ কালি কালেশ্বরি শিখায়ৈ নমঃ, ওঁ কালি বজ্রেশ্বরি কবচায় নমঃ, দেবীর অগ্রে ওঁ কালি কালি বজ্রেশ্বরি লৌহ-দণ্ডায়ৈ স্বাহা নেত্রত্রয়ায় নমঃ, ওঁ কালি লৌহদণ্ডায়ৈ অস্ত্রায় নমঃ। অনন্তর পঞ্চব্রহ্মপূজা, যথা—দেবীর মস্তক চিন্তা করিয়া ওঁ ঈশানায় নমঃ, মুখ ভাবিয়া ওঁ কালি কালি তৎপুরুষায় নমঃ, হৃদয় ভাবিয়া ওঁ বজ্রেশ্বরী অঘোরায় নমঃ, অধঃ ভাবিয়া ওঁ লৌহদণ্ডায়ৈ নমঃ, ওঁ বামদেবায় নমঃ, সর্ব্বাঙ্গভাবনা করত—ওঁ স্বাহা সদ্যোজাতায় নমঃ। অথ অস্ত্রপূজা।—মন্ত্র যথা—দক্ষিণে ওঁ ত্রিশূলায় নমঃ, ওঁ খড়্গায় নমঃ, ওঁ চক্রায় নমঃ, এইরূপে তীক্ষ্ণবাণায়, শক্ত্যৈ, বামভাগে ওঁ খেটকায় নমঃ, এইরূপ পূর্ণচাপায়, পাশায়, অঙ্কুশায়, ঘণ্টায়ৈ, পরশবে। পরে ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ মন্ত্রে পঞ্চোপচারে সিংহা-সনপূজা করিয়া পুষ্পাঞ্জলি গ্রহণ করিয়া "ওঁ বিজয়ো জয়দো জেতা রিপুঘাতী প্রিয়ঙ্করঃ। দুঃখদো ধর্ম্মদঃ শান্তঃ সর্ব্বানিষ্টবিনাশনঃ। ইত্যষ্টৌ তব নামানি যস্মাৎ সিংহপরাক্রম। তেন সিংহাসনেতি ত্বং নাম্না দেবেষু গীয়সে। ত্বয়ি স্থিতঃ শিবঃ সাক্ষাৎ ত্বয়ি শক্রঃ সুরেশ্বরঃ। ত্বয়ি স্থিতো হরির্দেবস্ত্বদর্থং তপ্যতে তপঃ। নমস্তে সর্ব্বতোভদ্র দুর্গায়া বাহনঃ পরঃ। ত্রৈলোক্যজয় শক্রঘ্ন সিংহাসন নমোঽস্তু তে। ওঁ হ্রীং শ্রীং হৌং ত্রৈলোক্যবিজয় সিংহাসনায় নমঃ" এই মন্ত্রে পূজা করত প্রণাম করিবে। অনন্তর জয়ন্তীত্যাদি মন্ত্রে দেবীকে তিনবার পুষ্পাঞ্জলি দিয়া মহিষাসুর, নবপত্রিকা, গণেশাদি প্রতিমাস্থ দেবতা পূজা করিবে। অথ বলিদান, অন্নাদি নিবেদন, স্তব, প্রদক্ষিণ ও প্রণাম করিবে।

অথ সন্ধিপূজা।—সন্ধিক্ষণে (অষ্টমী, নবমী শেষ পূর্ব্ব দণ্ডদ্বয়ে) যথাশক্তি দেবীকে পূজা করিবে। চতুঃষষ্টি যোগিনী পূজান্তে দীপমালা নিবেদন করিবে।

মহানবমীপূজা অষ্টমীপূজাবৎ কর্ত্তব্য। কুমারীপূজা ও হোম করিয়া দেবীকে দক্ষিণাবাক্যে দক্ষিণা দিবে।

অথ বিজয়াদশমীকৃত্য—শ্রবণানক্ষত্রযুক্ত দশমী বা শুদ্ধ দশমীতে চরলগ্নে চরনবাংশে বা দেবীকে পাদ্যাদি দ্বারা মূলমন্ত্রে পূজা করিয়া পর্য্যুষিত অন্নাদি নিবেদন করিয়া ওঁ দুর্গাং শিবামিত্যাদি স্তব পাঠ করত ওঁ মহিষঘ্নি ইত্যাদি মন্ত্রে বরপ্রার্থনা ও "ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং যদর্চ্চিতম্। পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥" এই মন্ত্রে প্রসাদন করিয়া "ওঁ দুর্গে দেবি ক্ষমস্ব" এই মন্ত্রে বিসর্জ্জন পূর্ব্বক সংহারমুদ্রাযোগে নির্ম্মাল্যপুষ্প একটি লইয়া ঈশানকোণে "ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ" এই মন্ত্রে নিক্ষেপ করিবে। পরে দর্পণে প্রতিবিম্ব গ্রহণ করিয়া "ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। কুরুষ্ব মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। ব্রজ স্রোতোজলে বৃদ্ধ্যৈ মম কল্যাণকারিণি॥ ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ॥ দুর্গে দেবি জগন্মাতঃ স্বস্থানং গচ্ছ পূজিতে। সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ॥ ইমাং পূজাং ময়া দেবি যথাশক্ত্যা নিবেদিতাম্। রক্ষণার্থং সমাদায় ব্রজ স্বস্থানমুত্তমম্॥" ইতি প্রার্থনা পূর্ব্বক "ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। ব্রজ স্রোতোজলে বৃদ্ধ্যৈ তিষ্ঠ গেহে চ ভূতয়ে॥" (স্থাপিতাসি জলে ময়া) এই মন্ত্রে জলে নিক্ষেপ করিবে, নবপত্রিকাকেও "উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে" ইতাদি মন্ত্রে উত্থাপন করিয়া জলে নিক্ষেপ করিবে। পরে অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান। উৎসব ও শান্তিমন্ত্রে ঘটজলে শান্তিজল গ্রহণ করিবে। ইতি

## দুর্গাভক্তিতরঙ্গিণীবিহিত বলিদানবিধি।

বলিদান—স্নাত পশুকে পূর্ব্বাভিমুখ করিয়া নিম্নলিখিত মন্ত্রে কুশোদকে স্নান করাইবে। ওঁ অগ্নিঃ পশুরাসীৎ তেনাযজন্ত স এতল্লোকমজয়দ্ যস্মিন্নগ্নিঃ স তে লোকো ভবিষ্যতি তং জেষ্যসি পিবৈতা অপঃ। ওঁ বায়ুঃ পশুরাসীৎ তেনাযজন্ত স এতল্লোকমজয়দ্ যস্মিন্ বায়ুঃ স তে লোকো ভবিষ্যতি তং জেষ্যসি পিবৈতা অপঃ। ওঁ সূর্য্যঃ পশুরাসীৎ তেনাযজন্ত স এতল্লোকমজয়দ্ যস্মিন্ সূর্য্যঃ স তে লোকো ভবিষ্যতি তং জেষ্যসি পিবৈতা অপঃ। পরে কৃতাঞ্জলি

হইয়া পাঠ করিবে—ওঁ ছাগ ত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ। প্রণমামি ততঃ সর্ব্বরূপিণং বলিরূপিণম্। চণ্ডিকাপ্রীতিদানেন দাতুরাপদ্বিনাশন। চামুণ্ডাবলিরূপায় বলে তুভ্যং নমোঽস্তু তে। যজ্ঞার্থে বলয়ঃ সৃষ্টাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা। অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মাদ্‌যজ্ঞে বধোঽবধঃ॥ পরে সেই বলিকে শিবরূপী চিন্তা করিয়া শৃঙ্গদ্বয়মধ্যে সিন্দূর দিয়া এষ গন্ধঃ ওঁ ঐং হ্রীং শ্রীং ছাগপশবে নমঃ—ইত্যাদিরূপে যথাশক্তি উপচারে পূজা করিয়া তিল, কুশ, জল লইয়া ওঁ অদ্যেত্যাদি অমুকস্য শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকাম ইমং ছাগপশুং ভগবত্যৈ দুর্গাদেব্যৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে। এই মন্ত্রে ঐ জলাদি বলির মস্তকে দিবে। পরে খড়্গপূজা। ধ্যান যথা—ওঁ কৃষ্ণং পিনাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপিণম্। উগ্রং রক্তাস্যনয়নং রক্তমাল্যানুলেপনম্। রক্তাম্বরধরঞ্চৈব পাশহস্তং কুটুম্বিনম্। পিবমানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংহতিম্॥ এই ধ্যানান্তে 'ওঁ রসনা ত্বং চণ্ডিকায়াঃ সুরলোকপ্রসাধকঃ' মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া এষ গন্ধঃ ওঁ হ্রীং শ্রীং খড়্গায় নমঃ ইত্যাদিরূপে পূজা করিয়া ওঁ অসির্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে। এই মন্ত্রে প্রণাম করিয়া গ্রহণ পূর্ব্বক ওঁ আং ক্রূং হ্রীং কালি কালি বিকটদংষ্ট্রে ফেং ফেং ফেৎকারিণি খাদয় ছেদয় সর্ব্বদুষ্টানি মারয় মারয় আং সুখড়্গেন ছিন্ধি ছিন্ধি কিল কিল কিচি কিচি পিব পিব বিধ্বংসয় বিধ্বংসয় বিদারয় বিদারয় কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায়ৈ নমঃ এই মন্ত্রে একাঘাতে ছেদন করিয়া রুধির দান করিবে, যথা—ওঁ অদ্যেত্যাদি—অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য দশবর্ষাবচ্ছিন্নশ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামো ভগবত্যৈ দুর্গাদেব্যৈ ছাগপশুরুধিরমহং দাস্যামি এষ ছাগপশুরুধিরবলিঃ ওঁ জয়ন্তীত্যাদি পাঠান্তে ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ। উৎসর্গান্তে কৃতাঞ্জলি হইয়া পড়িবে—ওঁ ঐং হ্রীং শ্রীং কৌশিকি রুধিরেণাপ্যায়তাম্। ওঁ কালি কালি মহাকালি কালিকে পাপনাশিনি। শোণিতঞ্চ বলিং গৃহ্ণ বরদে বামলোচনে॥ পরে পশুমস্তকে প্রদীপ দিয়া ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য শ্রীভগবদ্দুর্গাদর্শনাভিবন্দনস্পর্শনাভিপূজনস্নপনতর্পণ-জনিত-পূর্ব্বপূর্ব্বাধিক-পুণ্যাধিক-পুণ্যপ্রাপ্তিকামো ভগবত্যৈ দুর্গাদেব্যৈ সপ্রদীপছাগলপশুশীর্ষমহং দাস্যামি ইতি সঙ্কল্প পূর্ব্বক এষ সপ্রদীপ ছাগপশুশীর্ষবলিঃ ওঁ জয়ন্তীত্যাদি ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ ইতি মন্ত্রে উৎসর্গ করিয়া কৃতাঞ্জলিপুটে—ওঁ জয় ত্বং সর্ব্বভূতেশে সর্ব্বভূতসমাবৃতে। রক্ষ মাং নিজভূতেভ্যো বলিং ভুঙ্‌ক্ষ্ব নমোঽস্তু তে॥ পরে খড়্গলগ্ন রুধির লইয়া ওঁ ষং ষং

স্পৃশামি হস্তেন যং যং পশ্যামি চক্ষুষা। স স মে বশ্যতাং যাতি যদি শক্রসমো ভবেৎ। ওঁ ঐং হ্রীং শ্রীং নিত্যক্লিন্নে মম দ্রব্যে স্বাহা এই মন্ত্রে ললাটে তিলক করিবে। ইতি।

## নিস্তারিণীবনদুর্গাপূজা।

কৃত্বা তু বেদিকাং শুদ্ধাং কদলীষণ্ডনির্ম্মিতাম্। ঘটঞ্চ সহকারেণ যুক্তং সিন্দূরমণ্ডিতম্। স্থাপয়িত্বা গুণ্ডিকাভির্মণ্ডলং সাষ্টপদ্মকম্॥ তত্র ক্রমঃ।—প্রথমং শুদ্ধাসনে উপবিশ্য কুশহস্ত আচম্য স্বস্তিবাচনাদিকং কৃত্বা সূর্য্যঃ সোম ইত্যাদি পঠেৎ। ততঃ ফলপুষ্পজলপূর্ণং তাম্রপাত্রং গৃহীত্বা সঙ্কল্পং কুর্য্যাৎ।—বিষ্ণুঃ ওমদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বনদুর্গাপ্রীতিকামঃ কৃষ্ণ-কুমারাদিদ্বাদশদানবসহিতবনদুর্গাদেবীপূজনমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য স্বশাখোক্তং সূক্তং পঠেৎ। ততঃ আসনং সংশোধ্য ওঁ অপসর্পন্তু ইত্যাদিনা ভূতাপসারণং কৃত্বা খর্ব্বমিত্যাদিনা গণপতিং ধ্যাত্বাবাহ্য পূজয়িত্বা একদন্ত-মিত্যাদিনা প্রণমেৎ। এবং শিবাদিপঞ্চদেবতাঃ আদিত্যাদিনবগ্রহান্ ইন্দ্রাদি-দিক্‌পালান্ মৎস্যাদিদশাবতারান্ ব্রহ্মবিষ্ণুমহেশ্বরান্ গঙ্গাং যমুনাং লক্ষ্মীং সরস্বতীঞ্চ প্রণবাদিনমোহন্তেন পাদ্যাদিভিঃ সংপূজ্য প্রণমেৎ। ততো ভূত-শুদ্ধিপ্রাণায়ামৌ চ কৃত্বা ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। যথা—শিরসি ওঁ আরণ্যকঋষয়ে নমঃ। মুখে অনুষ্টুপ্‌ছন্দসে নমঃ। হৃদি শ্রীবনদুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ। ততো হ্রাং হৃদয়ায় নমঃ হ্রীং শিরসে স্বাহা হ্রূঁ শিখায়ৈ বষট্ হ্রৈঁ কবচায় হুঁ হ্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্ হ্রঃ অস্ত্রায় ফট্। ততঃ হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদিক্রমেণ করাঙ্গন্যাসৌ কৃত্বা বামে ওঁ গুরুভ্যো নমঃ ইত্যাদি গুরুপঙ্‌ক্তিনমস্কার-পূর্ব্বকং কূর্ম্মমুদ্রয়া পুষ্পং গৃহীত্বা ধ্যায়েৎ।—ওঁ দেবীং দানবমাতরং নিজমদাঘূর্ণ-মহালোচনাং, দংষ্ট্রাভীমমুখীং জটালিবিলসন্মৌলীং কপালস্রজম্। বন্দে লোক-ভয়ঙ্করীং ঘনরুচিং নাগেন্দ্রহারোজ্জ্বলাং, সর্পাবদ্ধনিতম্ববিম্ববিপুলাং বাণান্ ধনু-র্বিভ্রতীম্॥ ইতি ধ্যাত্বা স্বশিরসি পুষ্পং দত্ত্বা মানসোপচারৈঃ সংপূজ্য বিশেষার্ঘ্যং কৃত্বা পীঠপূজাদিকং সমাপ্য পুনরঙ্গন্যাসাদিকং কৃত্বা পুনর্ধ্যাত্বা ঘটে পুষ্পং দত্ত্বা দেবীমাবাহয়েৎ।—ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা ইদমাসনং ওঁ হ্রীঁ বনদুর্গায়ৈ নমঃ ইত্যাদিক্রমেণ ষোড়শোপচারাদিভির্যথাসম্ভবং পূজয়িত্বা প্রণমেৎ। ততঃ ওঁ ক্ষং ক্ষাং ক্ষিং ক্ষীং ক্ষুং ক্ষূং ক্ষেং ক্ষৈং ক্ষোং ক্ষৌং ক্ষঃ ক্ষেত্রপালায় নমঃ ইতি

পাদ্যাদিভিঃ পূজয়িত্বা কৃষ্ণকুমারাদিদ্বাদশদানবান্ পূজয়েৎ। যথা—প্রথমং কৃষ্ণকুমারং পূজয়েৎ। কাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইতি করাঙ্গন্যাসৌ কৃত্বা ধ্যায়েৎ। যথা—ওঁ কৃষ্ণবর্ণং মহাকায়ং খড়্গখট্টাঙ্গধারিণম্। শ্বেতাশ্ববাহনং দৈত্যং রক্তমাল্যানুলেপনম্। স্মেরাস্যং সুন্দরং স্কন্দং পিঙ্গাক্ষং পিঙ্গকেশরম্। বন্দে কৃষ্ণকুমারঞ্চ ভয়দং পীতবাসসম্॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ কাং কীং কূং কৈং কঃ কৃষ্ণকুমারায় নম ইতি মন্ত্রেণ পূজয়েৎ॥১॥ ততঃ পুষ্পকুমারম্। পাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইতি করাঙ্গন্যাসৌ কৃত্বা ধ্যায়েৎ।—ওঁ পুষ্পহস্তং মহাকায়ং পুষ্পচাপকরং পরম্। পুষ্পমালাধরং কান্তং দিব্যগন্ধানুলেপনম্। রক্তাশ্ববাহনং ক্রূরং রক্তাস্যং রক্তবাসসম্। তপ্তকাঞ্চনবর্ণাভং বন্দে পুষ্পকুমারকম্॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ পুষ্পায় পুষ্পহস্তায় স্বাহা পুষ্পকুমারায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়েৎ॥২॥ ততো রূপকুমারম্। রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইতি করাঙ্গন্যাসৌ কৃত্বা গুরুপঙ্‌ক্তিনমস্কারপূর্ব্বকং কূর্ম্মমুদ্রয়া পুষ্পং গৃহীত্বা ধ্যায়েৎ।—ওঁ বন্দে কাঞ্চনবর্ণাভং দ্বিভুজং শূলহস্তকম্। সুন্দরাৎ সুন্দরং কান্তং নানাপুষ্পবিহারিণম্। রক্তনেত্রং রক্তবস্ত্রং রক্তমাল্যানুলেপনম্। ধ্যাত্বৈবং পূজয়েদ্ধীমান্ দৈত্যং রূপকুমারকম্॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ হ্রীং রূপকুমারায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়েৎ॥৩॥ ততঃ হরিপাগলম্। হাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইতি করাঙ্গন্যাসৌ কৃত্বা ধ্যায়েৎ।—উন্মত্তবেশং করপঙ্কজাভং, ধৃতং লগুড়ং পরশুং সপাশম্। আঘূর্ণিতং নিজমদস্খলিতং সুকান্তং, ভজেন্মহান্তং হরিপাগলাখ্যম্॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ হ্রীঁ হরিপাগলায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ॥৪॥ ততো মধুভাঙ্গরম্॥ মাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইতি করাঙ্গন্যাসৌ কৃত্বা ধ্যায়েৎ।—ওঁ রক্তশ্মশ্রুনেত্রং পিশুনস্বভাবং, সদা জয়ন্তীপরিপূর্ণবক্ত্রম্। আঘূর্ণিতং নিজমদস্খলিতং প্রপাদং ধ্যায়েৎ সুদৈত্যং মধুভাঙ্গরাখ্যম্॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ মাং মীং মূং মৈং মঃ মধুভাঙ্গরায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ॥৫॥ ততো রূপমালিনম্। রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইতি করাঙ্গন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েৎ।—রূপ্যমালাধরং শ্বেতং রুক্মবস্ত্রং চতুর্ভুজম্। শূলবজ্রশরাংশ্চাপধারিণং সুমনোহরম্। কৃষ্ণাশ্ববাহনং কান্তং কুমারং রূপমালিনম্। দীর্ঘহস্তং দীর্ঘকায়ং পাশখট্টাঙ্গধারিণম্॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ রাং হুঁ রূপমালিনে নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ॥৬॥ ততঃ গাভূরডলনম্। গাং হৃদয়ায় নমঃ ইত্যঙ্গন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েৎ।—ওঁ দীর্ঘহস্তং দীর্ঘকায়ং পাশখট্টাঙ্গধারিণম্। কৃষ্ণবর্ণং রক্তনেত্রং লম্বকর্ণং কৃশোদরম্। রক্তবস্ত্রধরং ক্রূরং রক্তগন্ধানুলেপনম্। গাভূরডলনং বন্দে সর্ব্বলোকভয়ঙ্করম্॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ গাভূরডলনায় নমঃ ইতি

মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ ॥ ৭ ॥ ততো মোচরাসিংহম্। মাং হৃদয়ায় নমঃ ইত্যঙ্গ-ন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েৎ। ওঁ রক্তাঙ্গনেত্রো ভয়দো জনানাং, শূলং সপাশং করপঙ্কজেন। রক্তাস্যহস্তঃ পিশুনস্বভাবঃ সদাজ্বরো ভীমমুখো বিভাতি ॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ মাং মোচরাসিংহায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ ॥৮॥ ততো নিশাচৌরম্ ॥ নাং হৃদয়ায় নমঃ ইত্যঙ্গন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েৎ।—ওঁ কৃষ্ণবর্ণং রক্তনেত্রং নিশাচৌরং ভয়ানকম্। শক্তিহস্তং দীর্ঘজঙ্ঘং বিকটাস্যং দিগম্বরম্। করালবদনং ভীমং শুষ্কদেহং কৃশোদরম্। ধ্যায়েৎ সদাক্রোধ-যুতং ঘণ্টাখর্পরবাদিনম্। রাত্রৌচারমসিচর্ম্মধরং দ্বিশতমস্তকম্। ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ নাং নীং নিশাচৌরায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ। ততঃ শুচিমুখম্। ওঁ শাং হৃদয়ায় নমঃ ইত্যঙ্গন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েৎ—ওঁ দীর্ঘাস্যনেত্রঃ পিশুনস্বভাবঃ সদা কৃশাঙ্গো ভয়দো জনানাম। সুরক্তবক্ত্রো বিরসঃ প্রমাদী খট্টাঙ্গহস্তো বিমুখো বভাসে ॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ শাং শূং শুচিমুখায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ। ততো মহামল্লিকম্। মাং হৃদয়ায় নমঃ ইত্যাদি ন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েৎ—ওঁ বিশালনেত্রঃ পরিপূর্ণ-বক্ত্রো রক্তৈঃ সমাংসৈর্ভয়দো জনানাম। করালদংষ্ট্রঃ কমলাসনস্থো কদম্বমালা-কুটিলঃ কৃশাঙ্গঃ। শ্রীমন্মহামল্লিক এষ ভাতি গোমায়ুরাবী দ্বিভুজো জটৌঘঃ। খট্টাঙ্গধারী নৃকপালমালী শার্দ্দূলচর্ম্মাবৃতসর্ব্বগাত্রঃ ॥ ওঁ মাং মহামল্লিকায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ। ততো বালিভদ্রম্। বাং হৃদয়ায় নমঃ ইত্যঙ্গন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েৎ—ওঁ কৃষ্ণাঙ্গবক্তঃ স্ফটিকাঙ্গযষ্টিঃ সক্রোধনেত্রঃ কপিলাক্ষকেশঃ। খট্বাঙ্গহস্তঃ খরগৃধ্ররাবী স বালিভদ্রঃ পশুসিংহকায়ঃ ॥ ইতি ধ্যাত্বাবাহ্য—ওঁ বাং বীং বালিভদ্রায় নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ। ততো রণযক্ষিণীম্। রাং হৃদয়ায় নমঃ ইত্যঙ্গন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েৎ—ওঁ দীর্ঘাঙ্গী দীর্ঘনেত্রা গুরুকুচযুগলা ঘোরদংষ্ট্রা করালা, রক্তাক্ষী কৃষ্ণবর্ণা রুধির-চষকহস্তা (চষকরা) মুণ্ডমালাবৃতাঙ্গী। ঘণ্টা-খট্বাঙ্গপাশং করযুগবিধৃতা দ্বীপি-চর্ম্মাপিনদ্ধা, নিত্যং মাংসাস্থিভক্ষা চলতুরগগতা যক্ষিণী দীর্ঘবক্ত্রা ॥ ইতি ধ্যাত্বাবাহ্য ওঁ হ্রাং হ্রীং রণযক্ষিণ্যৈ নমঃ ইতি মন্ত্রেণ পূজয়িত্বা প্রণমেৎ। ততঃ পঞ্চোপচারেণ দেবীং সম্পূজ্য মূলমন্ত্রং যথাশক্তি জপ্ত্বা প্রাণায়ামং কৃত্বা জপং সমর্প্য যথাশক্তি বলিদানং হোমাদিকঞ্চ কৃত্বা দক্ষিণাচ্ছিদ্রাবধারণঞ্চ কৃত্বা শান্ত্যাশীর্ব্বাদং কুর্য্যাৎ। ইতি।

## কার্ত্তিকেয় পূজা

কার্ত্তিকমাসের সংক্রান্তিতে এই ব্রত করণীয়। কেহ কেহ প্রতি বৎসর কেবলমাত্র পূজা করিয়া থাকেন। যে দিন রবিসংক্রমণ জন্য পুণ্যকাল ঘটিবে, সেই দিন সন্ধ্যাকালেই ব্রত বা পূজা করা ব্যবস্থা। সংক্রান্তিবিহিত কার্য্যে চান্দ্রমাস ও সংক্রান্তি উল্লেখ্য। চারি প্রহরে চারিবার অর্চ্চনা ও কথা শ্রবণ করিবে। অক্ষম স্থলে একবারেই অর্চ্চনাদি হয়।

**পূজাবিধি।**—সন্ধ্যাকালে কৃতনিত্যক্রিয় হইয়া আচমনাদি করত গণেশাদি-দেবতাদিগকে গন্ধপুষ্প দিয়া, পুণ্যাহবাচন ও স্বস্তিবাচনাদি করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্ন্মোঽস্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাং অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী পুরুষায়ুষজীবি-সৎপুত্রোৎপত্তিকামা স্কন্দপুরাণোক্ত-বিধিনা কার্ত্তিকেয়ব্রতমহং করিষ্যে॥

পুরোহিত দ্বারা সংকল্পসূক্ত পাঠ্য। পরে যজমান পূজককে বরণ করিবে। তৎপরে অষ্টদলপদ্মোপরি পঞ্চশস্য ছড়াইয়া তদুপরি স্বস্ববেদোক্তনিয়মে ঘটস্থাপন করিবে। প্রতিমার চতুর্দ্দিকে চারিটি তীর পুতিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষঃ পরি এবানো দূর্ব্বে প্রতনু সহস্রেণ শতেন চ।

অনন্তর সামান্যার্ঘ্য, দ্বারদেবতাপূজা, ভূতাপসারণ, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌-পাল প্রভৃতির অর্চ্চনান্তে পীঠন্যাস করিয়া পীঠপঙ্‌ক্তির ন্যাস করিবে, যথা—

ওঁ ধূম্রায় নমঃ। (এই নিয়মে) যজ্ঞায়, নাগায়, গজবক্ত্রায়, মহোরগায়, খগেন্দ্রায়, ময়ূরায়।

পরে কাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদিরূপে করাঙ্গন্যাস ও ব্যাপক ন্যাসান্তে ধ্যান করিতে হয়। ধ্যান যথা—

ওঁ কার্ত্তিকেয়ং মহাভাগং ময়ূরোপরিসংস্থিতম্। তপ্তকাঞ্চনবর্ণাভং শক্তি-হস্তং বরপ্রদম্। দ্বিভুজং শত্রুহন্তারং নানালঙ্কারভূষিতম্। প্রসন্নবদনং দেবং কুমারং পুত্রদায়কম্॥ ধ্যানান্তে পুষ্প নিজ মস্তকে দিয়া মানসোপচারে অর্চ্চনা করত বিশেষার্ঘ্যস্থাপন ও পীঠশক্তির পূজা করিয়া পুনর্ব্বার ধ্যান

করত "এতে গন্ধপুষ্পে ওঁ কার্ত্তিকেয়ায় নমঃ" এই নিয়মে গন্ধপুষ্প দিয়া পঞ্চমুদ্রা দ্বারা আবাহন করিবে, মন্ত্র যথা—

ওঁ কার্ত্তিকেয় মহাভাগ সর্ব্বসিদ্ধিপ্রদায়ক। দেবসেনাপতে শ্রীমন্ সান্নিধ্যমিহ কল্পয়॥ কার্ত্তিকেয় সমাগচ্ছ স্বকীয়স্থানকাদিহ। পার্ব্বতীনন্দন তিষ্ঠ যাবৎ পূজাং করোম্যহম্॥ কার্ত্তিকেয় ইহাগচ্ছাগচ্ছ, ইহ তিষ্ঠ তিষ্ঠ, ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ॥

আবাহনান্তে গায়ত্রীপাঠ সহকারে চক্ষুর্দ্দান, প্রাণপ্রতিষ্ঠানিয়মে প্রাণপ্রতিষ্ঠা করিয়া ষোড়শোপচারে কার্ত্তিকেয়ের অর্চনান্তে যথাশক্তি জপ করত জপসমর্পণ ও প্রণাম করিবে। প্রণামমন্ত্র যথা—

কার্ত্তিকেয় মহাভাগ দৈত্যদর্পনিসূদন। প্রণতোঽহং মহাবাহো নমস্তে শিখিবাহন॥ রুদ্রপুত্র নমস্তুভ্যং শক্তিহস্ত বরপ্রদ। ষাণ্মাতুর মহাভাগ তারকান্তকর প্রভো॥ মহাতপস্বী ভগবান্ পিতুর্মাতুঃ প্রিয়ঃ সদা॥ দেবানাং যজ্ঞরক্ষার্থং জাতস্ত্বং গিরিশিখরে। শৈলজাজায় ভবতে তুভ্যং নিত্যং নমো নমঃ॥

অনন্তর "ত্রিশূলায় নমঃ" এই নিয়মে ত্রিশূলের অর্চনা করিয়া প্রণাম করিবে। মন্ত্র যথা—

ওঁ শক্তিস্ত্বং সমরে নিত্যং দৈত্যানাং প্রাণনাশকঃ। রক্ষ মাং বন্ধুভিঃ সার্দ্ধং নশ্যন্ত্বাশু মমারয়ঃ॥

পরে "ওঁ লৌহখড়্গায় নমঃ। ওঁ ধনুষে নমঃ।"—এই নিয়মে অর্চনা করত মাং মন্ত্রে প্রাণায়ামাদির অন্তে ময়ূরের ধ্যান করিবে, যথা—ওঁ নানাবিচিত্রচিত্রাঙ্গ গরুড়াজ্জননং তব। অনন্তশক্তিসংযুক্ত কালোঽহিভক্ষকস্তব। ময়ূরস্ত্বং মহাভাগঃ অতস্ত্বাং সংস্মরাম্যহম্॥ এইরূপে ধ্যান করিয়া আবাহন ও ময়ূরের প্রাণপ্রতিষ্ঠা করিয়া "ওঁ ময়ূরায় নমঃ" বলিয়া ময়ূরের অর্চ্চনা করিয়া প্রণাম করিবে, মন্ত্র যথা—

ওঁ নমস্তে পতগশ্রেষ্ঠ সর্পান্তক নমোঽস্তু তে। সর্পরাজ নমস্তুভ্যং ময়ূর শিখিনামক॥

অনন্তর "ওঁ সর্পায় নমঃ" বলিয়া সর্পের অর্চ্চনা করিয়া প্রণাম করিবে, মন্ত্র যথা—

ওঁ খগাস্যগ্রস্তং ভুজগং নমামি, মহাখলং তং পরিণামতুর্ব্বহম্। কদ্রোরপত্যং গরলং ত্যজন্তং, নমামি সর্পং খগবক্ত্রমধ্যে॥

অনন্তর "ওঁ অগ্নয়ে নমঃ"—এই নিয়মে মাতৃগণের ও আবরণদেবতাদিগের অর্চ্চনা করিবে, যথা,—সমুদ্রায়, ষষ্ঠ্যৈ, পার্ব্বত্যৈ, শরবনেভ্যঃ, কৃত্তিকাগণেভ্যঃ, বাসুদেবায়, শিবায়, বিষ্ণবে, সূর্য্যায়, ব্রহ্মণে, অগ্নয়ে, গৌর্য্যৈ, লক্ষ্ম্যৈ, গঙ্গায়ৈ, সরস্বত্যৈ, কৌমার্য্যৈ, সাবিত্র্যৈ, লোকপালেভ্যঃ, নবগ্রহেভ্যঃ ॥

পরে ফল, মূল, লাজ, লড্ডুক, অন্ন, পিষ্টকাদি ও ক্রীড়নকদ্রব্যাদি এবং তৈজসাধার ভোজ্যাদি কার্ত্তিকেয়সম্প্রদানক মন্ত্রে উৎসর্গ করিতে হয়। পরে আরাত্রিক করিবে। অনন্তর সাধারণী কুশণ্ডিকা করণানন্তর প্রকৃতকর্ম্মে বলদ-নামা বহ্নি স্থাপন করত "ওঁ কাং কার্ত্তিকেয়ায় স্বাহা" মন্ত্রে হোম করণীয়। চতুর্থ বর্ষে প্রতিষ্ঠার সময়েই হোম করিবার প্রথা আছে। অনন্তর দক্ষিণা-প্রদানাদি ও শান্তি করিবে। পরদিন পূর্ব্বাহ্লে পাদ্যাদি দ্বারা কার্ত্তিকেয়ের অর্চনা করিয়া বিসর্জ্জন করিবে। অনেকে রাত্রিতেই বিসর্জ্জন করেন। তৎপরে কথাশ্রবণ করিবে। হোমের অগ্রে কথাশ্রবণের বিধি অনেক স্থলে দৃষ্ট হয়।

ব্রত-কথা।—ওঁ কার্ত্তিকেয়ায় নমঃ। বসুদেবঃ সমায়াতং নারদং মুনি-পুঙ্গবম্। সংপূজ্য বিবিধভক্ত্যা পপ্রচ্ছ বিনয়ান্বিতঃ॥ বসুদেব উবাচ। দেব-ক্যাশ্চ সুতা জাতা যে যে কংসেন তে হতাঃ। অধুনাস্যাঃ কুমারশ্চ কেনো-পায়েন রক্ষ্যতে॥ চিরজীবী ভবেৎ সাধো ব্রূহি মে যদি রোচতে॥ নারদ উবাচ। পুরাসীৎ সুভগো বিপ্রো ধার্ম্মিকশ্চ দৃঢ়ব্রতঃ। তস্যাসীদ্দক্ষিণা পত্নী ধর্ম্মজ্ঞা প্রিয়বাদিনী॥ দম্পতী পুত্রদুঃখেন দুঃখিতৌ তৌ বভূবতুঃ॥ ততশ্চ সুভগো বিপ্রো দুঃখিতঃ প্রযযৌ বনম্। পত্যা সহাগমৎ সাপি দক্ষিণা সাশ্রুলোচনা॥ ফলমূলানি ভুক্ত্বা তৌ ক্রমেণ দিবসত্রয়ম্। ততো বিপ্রঃ সভার্য্যশ্চ স দদর্শ সরোবরম্। তত্তীরেঽষ্টদলং পদ্মং নির্ম্মায় প্রতিমাং শুভাম্। ধান্যাঙ্কুরান্বিতে দেশে প্রকুর্ব্বন্তি স্ত্রিয়ো ব্রতম্॥ তদ্দৃষ্ট্বা দক্ষিণা দেবী পপ্রচ্ছ বিনয়ান্বিতা। মাতরঃ কিং প্রকুর্ব্বন্তি তৎসর্ব্বং কথ্যতাং ময়ি॥ কার্ত্তিকেয়ব্রতমিতি প্রোচুস্তা হৃষ্টমানসাঃ। দক্ষিণা তদ্বচঃ শ্রুত্বা পুনঃ পপ্রচ্ছ সাদরম্॥ কিং ফলং কিং বিধানঞ্চ কস্য বা পূজনং ততঃ। মাতরঃ কথ্যতাং সর্ব্বং ব্রতস্যাস্য বরস্ত্রিয়ঃ॥ স্ত্রিয় ঊচুঃ। বৃশ্চিকস্য তু সংক্রান্ত্যাং পুত্রকামা ব্রতঞ্চরেৎ। ধান্যাঙ্কুরান্বিতে দেশে গুণ্ডিকাভির্ব্বিচিত্রিতে॥ তস্মিন্নষ্টদলে পদ্মে সৌবর্ণপ্রতিমাং তথা। রাজতীং বাপি তাম্রীং বা মৃন্ময়ীং বা প্রযত্নতঃ॥ কার্ত্তিকে-য়াকৃতিং সাধ্বি সমারোপ্য ঘটং তথা। গণেশং বাসুদেবঞ্চ মহেশ্বরমতঃপরম্॥

গৌরীং লক্ষ্মীঞ্চ বাণীঞ্চ লোকপালাম্নবগ্রহান্। ময়ূরঞ্চ সমভ্যর্চ্চ্য ধ্যায়েৎ স্কন্দং যথাবিধি ॥ কার্ত্তিকেয়ং মহাভাগং ময়ূরোপরিসংস্থিতম্। তপ্তকাঞ্চনবর্ণাভং শক্তিহস্তং বরপ্রদম্। দ্বিভুজং শত্রুহন্তারং নানালঙ্কারভূষিতম্। প্রসন্নবদনং দেবং কুমারং পুত্রদায়কম্॥ ধ্যাত্বৈবং পূজয়েদ্দেবং নৈবেদ্যৈঃ সুসমাহিতঃ। ধূপং দীপঞ্চ যত্নেন দদ্যাচ্চৈব শুভাননে ॥ লৌহখড়্গঞ্চ যত্নেন মৌর্ব্বীঞ্চৈব গুণান্বিতাম্। প্রহরে প্রহরে স্নানং কথাশ্রবণপূর্ব্বকম্॥ সায়ংকালে সমারোপ্য প্রাতঃকালে বিসর্জ্জয়েৎ। বাদ্যঞ্চ বিবিধং কৃত্বা কার্ত্তিকেয়ং প্রপূজয়েৎ॥ গীতনৃত্যৈর্দ্দিনে তস্মিন্ন কিঞ্চিদপি ভক্ষয়েৎ। বর্ষচতুষ্টয়ং কৃত্বা প্রতিষ্ঠা তদনন্তরম্॥ সৌবর্ণীং রাজতীং চৈব তাম্রীঞ্চাপি বিশেষতঃ। লৌহশক্তিঞ্চ ভোজ্যানি রবিসংখ্যা-প্রমাণতঃ (বর্ষসংখ্যাপ্রমাণতঃ)। দদ্যাদ্দেবায় যত্নেন ডল্লকানাং চতুষ্টয়ম্॥ এতদ্ব্রতন্তু যা নারী করোতি ভক্তিতৎপরা। পুত্রপৌত্রান্বিতা ভূত্বা পরত্রেহ চ মোদতে॥ পুত্রদঃ কার্ত্তিকেয়ো বৈ নান্যো দেবঃ কদাচন। কৈবল্যদো যথা সূর্য্যস্তথা স্কন্দশ্চ পুত্রদঃ ॥ এবন্তু বচনং শ্রুত্বা পত্যা সহ গৃহং যযৌ। চকার বিধিনা তেন দক্ষিণা ব্রতমুত্তমম্॥ এতদ্ব্রতপ্রভাবেণ পুত্রপৌত্রান্বিতা ভবেৎ। সর্ব্বদাতিথিসংযুক্তা রূপসৌভাগ্যশালিনী ॥ এতদ্ব্রতঞ্চ পরমং দুর্ল্লভং ভুবনত্রয়ে। কৃত্বা প্রাপ্স্যসি তনয়ং জয়িনং চিরজীবিনম্। এবমুক্ত্বা মুনীশশ্চ জগাম স্বাশ্রমং প্রতি। কৃত্বা ব্রতং দেবকী চ শ্রীকৃষ্ণমলভৎ সুতম্॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কার্ত্তিকেয়ব্রতকথা ॥

---

## তান্ত্রিক-কুমারীপূজা ।

কুমারী মহাশক্তিরূপা. তাঁহার অর্চ্চনা করিলে নিখিল জগৎ এবং ব্রহ্ম-রুদ্রাদি অখিল দেবতা তুষ্ট হন এবং পূজক ইহলোকে সর্ব্বৈশ্বর্য্য লাভ করিয়া চরমে পরমা শান্তি লাভ করেন। শাক্ত বৈষ্ণব সকলের পক্ষেই যোগিনীরূপা কুমারীর অর্চ্চনা করা কর্ত্তব্য। মহানবমীদিনে এবং জগদ্ধাত্রী, অন্নপূর্ণা ও কালীপূজাদিতে কুমারীপূজা কর্ত্তব্য। কুমারীপূজা সম্বন্ধে যামল তন্ত্রে যাহা লিখিত আছে. নিম্নে উদ্ধৃত হইল, যথা—

কুমারী যোগিনী সাক্ষাৎ কুমারী কুলদেবতা। অসুরা দুষ্টনাগাশ্চ যে যে দুষ্টগ্রহা অপি। ভূত-বেতাল-গন্ধর্ব্বা ডাকিনীযক্ষরাক্ষসাঃ॥ যাশ্চান্যা দেবতাঃ সর্ব্বা ভূর্ভুবঃস্বশ্চ ভৈরবাঃ। পৃথিব্যাদীনি সর্ব্বাণি ব্রহ্মাণ্ডং সচরাচরম্॥ ব্রহ্মা

বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ। তে তুষ্টাঃ সর্ব্বতুষ্টাশ্চ যত্র কন্যাং প্রপূজয়েৎ। বিধিযুক্তকুমারীভির্ভোজয়েচ্চৈব ভৈরবীম্॥

একবর্ষীয়া কন্যাকে সন্ধ্যা, দ্বিবর্ষীয়াকে সরস্বতী, ত্রিবর্ষীয়াকে ত্রিধামূর্ত্তি, চতুর্বর্ষীয়াকে কালিকা, পঞ্চমবর্ষীয়াকে সুভগা, ষড়্‌বর্ষাকে উমা, সপ্তবর্ষাকে মালিনী, অষ্টবর্ষাকে কুব্জিকা, নববর্ষাকে কালসন্দর্ভা, দশমবর্ষীয়াকে অপরাজিতা, একাদশবর্ষীয়াকে রুদ্রাণী, দ্বাদশবর্ষীয়াকে ভৈরবী, ত্রয়োদশবর্ষাকে মহালক্ষ্মী, চতুর্দ্দশবর্ষীয়াকে পীঠনায়িকা, পঞ্চদশবর্ষীয়াকে ক্ষেত্রজ্ঞা ও ষোড়শবর্ষীয়াকে অম্বিকা কহে। কন্যা যাবৎ ঋতুমতী না হয়, তাবৎ তাহাদিগকে এই নিয়মে পূজা করিবে। প্রমাণ যথা—

একবর্ষা ভবেৎ সন্ধ্যা দ্বিবর্ষা চ সরস্বতী। ত্রিবর্ষা চ ত্রিধামূর্ত্তিশ্চতুর্বর্ষা চ কালিকা॥ সুভগা পঞ্চবর্ষা চ ষড়্‌বর্ষা চ উমা ভবেৎ। সপ্তভির্মালিনী সাক্ষাদষ্টবর্ষা তু কুব্জিকা॥ নবভিঃ কালসন্দর্ভা দশভিশ্চাপরাজিতা। একাদশে চ রুদ্রাণী দ্বাদশাব্দে তু ভৈরবী॥ ত্রয়োদশে মহালক্ষ্মীর্দ্বিসপ্তা পীঠনায়িকা। ক্ষেত্রজ্ঞা পঞ্চদশভিঃ ষোড়শে চাম্বিকা স্মৃতা॥ এবং ক্রমেণ সংপূজ্যা যাবৎ পুষ্পং ন বিদ্যতে॥

পূজা-প্রণালী।—নববস্ত্র-সমন্বিতা কুমারীকে আসনে বসাইয়া ধৌত চরণযুগলে অলক্তক দিয়া গলে সুগন্ধ পুষ্পমাল্য ও ললাটে সিন্দূরতিলক দিবে। পরে স্বস্তিবাচনাদি, সঙ্কল্প ও গণেশাদি দেবতাপূজা করিয়া নিম্নলিখিতরূপে ধ্যান করিবে, যথা—

ওঁ বালরূপাঞ্চ ত্রৈলোক্য-সুন্দরীং বরবর্ণিনীম্। নানালঙ্কারনম্রাঙ্গীং ভদ্রবিদ্যাপ্রকাশিনীম্। চারুহাস্যাং মহানন্দহৃদয়াং শুভদাং শুভাম্। ধ্যায়েৎ কুমারীং জননীং পরমানন্দরূপিণীম্॥

পরে মানসপূজাদি করিয়া পুনর্ধ্যানান্তে যথাশক্তি উপচারে পূজা করিবে। পূজার বিশেষ মন্ত্র যথা—

রজতাসন অর্চ্চনা করিয়া।—"ঐং হ্রীং শ্রীং হূং হে্সৌঃ ইদমাসনং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ।"

এই নিয়মে দ্বিতীয় বর্ষের কন্যা হইলে "সরস্বত্যৈ কুমার্য্যৈ নমঃ।" তৃতীয় বর্ষের হইলে "ত্রিধামূর্ত্ত্যৈ কুমার্য্যৈ নমঃ" ইত্যাদিরূপে অর্চ্চনা কর্ত্তব্য।

"হ্রীং এতৎ পাদ্যং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ" এই প্রকারে—শ্রীং অর্ঘ্যং স্বধা। ঐং হ্রীং শ্রীং হূং হে্সৌঃ আচমনীয়ং স্বধা। ঐঁ হ্রীং শ্রীং হূং হে্সৌঃ এষ মধুপর্কঃ

স্বধা। ঐঁ হ্রীঁ শ্রীং হূং হে্সৌঃ ইদং পুনরাচমনীয়ং স্বধা। ঐং হ্রীং শ্রীং হূং হে্সৌঃ স্নানীয়ং নিবেদয়ামি। ঐং হ্রীং শ্রীং হূং হে্সৌঃ ইদং বস্ত্রং নমঃ। ঐং হ্রীং শ্রীং হূং হে্সৌঃ ইদমাভরণং নমঃ। হূং এষ গন্ধো নমঃ। হ্রীং এতানি পুষ্পাণি বৌষট্। হে্সৌঃ এষ ধূপো নমঃ। হে্সৌঃ এষ দীপো নমঃ। ঐং হ্রীং শ্রীং হূং হে্সৌ এতন্নৈবেদ্যং নিবেদয়ামি ॥

ঐং হ্রীং শ্রীং হূং হে্সৌঃ—এই মন্ত্রে পানীয়, পুনরাচমনীয় ও তাম্বূল দিতে হয়। পরে কুমারীর ষড়ঙ্গপূজা করিবে, মন্ত্র যথা—

ঐং হ্রীং শ্রীং ক্লীং হূং হে্সৌঃ কুলকুমারিকে হৃদয়ায় নমঃ। হৈং বৈং হ্রীং শ্রীং ঐং স্বাহা শিরসে স্বাহা। ওঁ শ্রীং শিখায়ৈ বষট্। ঐং বাগীশ্বরি কবচায় হুং, ঐং কুলেশ্বরি নেত্রত্রয়ায় বৌষট্। হ্রীং অস্ত্রায় ফট্ ॥

অগ্রে 'ওঁ' এবং শেষে 'নমঃ' শব্দ যোগ করত গন্ধপুষ্প দ্বারা আবরণ-দেবতাগণের পূজা করিবে, মন্ত্র যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ সপরিবারায় বালভৈরবায় নমঃ।" এই নিয়মে ঐং সিদ্ধজয়ায় পূর্ব্ববক্ত্রায়, ঐং জয়ায় উত্তরবক্ত্রায়; ওঁ হ্রীং শ্রীং কুব্জিকে পশ্চিমবক্ত্রায়, ঐং কালিকে দক্ষিণবক্ত্রায়, ভাস্করায়; চন্দ্রায়; দেবপালেভ্যঃ, সন্ধ্যাদিভ্যঃ; বীরভদ্রায়, মহাকন্যায়ৈ, কৌলীন্যৈ, কুলকামিন্যৈ, অষ্টাদশ-ভুজায়ৈ, কাল্যৈ, চণ্ডদুর্গায়ৈ ॥

তৎপরে প্রাণায়াম, যথাশক্তি মূলমন্ত্র জপ ও "গুহ্যাতি" মন্ত্রে জপসমর্পণান্তে পুনর্ব্বার প্রাণায়াম করিয়া নমস্কার করিবে, যথা—

ওঁ নমামি কুলকামিনীং পরমভাগ্যসন্ধায়িনীং, কুমারবরচাতুরীং সকলসিদ্ধি-দানন্দিনীম্। প্রবালগুটিকাস্রজাং রজতরাগবস্ত্রান্বিতাম্। হিরণ্যতুলভূষণাম্ ভুবনবাক্ কুমারীং ভজে ॥

---

## তান্ত্রিক-বলিদানবিধি।

সুলক্ষণ পশু দেবীর অগ্রে স্থাপন করিয়া শ্বেতসর্ষপ দ্বারা ভূতাপসারণ, অর্ঘ্যোদকে প্রোক্ষণ, ফট্ মন্ত্রে রক্ষণ, হুং মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রাপ্রদর্শন, 'বং' ইতি ধেনুমুদ্রাপ্রদর্শন (ওঁ জবাকুসুমসঙ্কাশে সূর্য্যকোটিসমপ্রভে। সিন্দুর-কজ্জলাদীনি গৃহ্ণ গৃহ্ণ যথাসুখম্। এই মন্ত্রে শৃঙ্গমধ্যে সিন্দূরাদি দান) ওঁ ছাগ-পশবে নমঃ এই মন্ত্রে যথাশক্তি উপচারে ছাগপূজা পূর্ব্বক বামহস্তে ধরিয়া

মূলমন্ত্রে তত্ত্বমুদ্রায় তদ্‌গাত্রে সপ্তবার জল প্রোক্ষণ করিয়া পশুকর্ণে এই মন্ত্র পাঠ্য, যথা—"ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্ম্মণে ধীমহি তন্নো জীবঃ প্রচোদয়াৎ।" পরে ওঁ "কৃষ্ণং পিনাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপিণম্। উগ্রং রক্তাস্যনয়নং রক্তমাল্যানুলেপনম্। রক্তাম্বরধরঞ্চৈব পাশহস্তং কুটুম্বিনম্। পিবমানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংহতিম্॥" এইরূপে খড়্গের ধ্যান করিয়া "হ্রীং কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায় নমঃ" মন্ত্রে পূজা করত খড়্গের অগ্রে "হুং বাগীশ্বরীব্রহ্মভ্যাং নমঃ, মধ্যে হুং লক্ষ্মীনারায়ণাভ্যাং নমঃ, মূলে হুং উমামহেশ্বরাভ্যাং নমঃ। সর্ব্বাঙ্গে ওঁ ব্রহ্মবিষ্ণুশিবশক্তিযুক্তায় খড়্গায় নমঃ" ইতি মন্ত্রে পূজা করিবে। পরে প্রণাম কর্ত্তব্য, যথা—"ওঁ খড়্গায় খরশাণায় শক্তিকার্য্যার্থতৎপর। পশুশ্ছেত্তব্যস্ত্বয়া শীঘ্রং খড়্গনাথ নমোঽস্তু তে॥" পরে বাক্য পড়িবে, যথা—"অদ্যেত্যাদি অমুকদেবতাপূজাকর্ম্মণি অমুকদেবতাপ্রীতিকাম ইমং ছাগপশুং তুভ্যমহং সম্প্রদদে॥" অনন্তর "ওঁ যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতম্" ইতি মন্ত্রে নিবেদন করত একাঘাতে বলিচ্ছেদ করিবে। পরে ঐ রক্ত রজত, তাম্র বা কাংস্যাধারে, সরক্ত ছাগমুণ্ড দেবীর বামভাগে, মহিষমুণ্ড সম্মুখে রাখিয়া নিবেদন করিবে। যথা—"এষ সমাংসরুধিরবলিঃ" মূলোচ্চারণপূর্ব্বক "ওঁ অমুকদেবতায়ৈ নমঃ।" অবশিষ্ট বলি বটুকাদিকে নিবেদন করিবে, যথা—বায়ুকোণে এতে গন্ধপুষ্পে হুং বাং বটুকায় নমঃ, ইতি পূজাপূর্ব্বক এষ সমাংসরুধিরবলিঃ হুং বটুকায় নমঃ, এবং ঈশানে হুং যাং যোগিনীভ্যো নমঃ, নৈঋর্তে হুং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ, অগ্নিকোণে হুং গাং গণপতয়ে নমঃ। কোনও মতে মুণ্ড নিবেদনেরও ব্যবস্থা আছে। ইতি

## তান্ত্রিক-হোমবিধি।

কুণ্ডে বা স্থণ্ডিলে সংস্কার করিয়া পূর্ব্বাগ্র ও উত্তরাগ্র তিন তিনটি রেখা করিয়া তৎপরে মূলমন্ত্রে ঐ কুণ্ড দর্শন, ফট্ মন্ত্রে তাড়ন, ফট্ মন্ত্রে জলপ্রোক্ষণ, ওঁ হুং এই মন্ত্রে অভ্যুক্ষণ করিবে। পরে মূলমন্ত্রোচ্চারণ পূর্ব্বক ওঁ কুণ্ডায় বা স্থণ্ডিলায় নমঃ মন্ত্রে পূজা করিয়া পূর্ব্বাগ্র রেখাত্রয়ে ওঁ মুকুন্দায় নমঃ, ওঁ ঈশায় নমঃ, ওঁ পুরন্দরায় নমঃ; উত্তরাগ্র রেখাত্রয়ে ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বৈবস্বতায় নমঃ, ওঁ ইন্দবে নমঃ, ইতিমন্ত্রে প্রদক্ষিণক্রমে পূজা করিবে। ত্রিপুরাসুন্দরীপক্ষে উক্ত ব্রহ্মাদিপূজামন্ত্রের পূর্ব্বে ঐং হ্রীং শ্রীং ঐং ক্লীং সৌঃ এই মন্ত্র

প্রযোজ্য। পরে কুণ্ডমধ্যে আদৌ ষট্‌কোণ, তদ্বহিঃ বৃত্ত (গোল), তদ্বহিঃ ত্রিকোণ, তদ্বহির্ভাগে অষ্টদল পদ্ম, তদ্বহিঃ বৃত্ত, তদ্বাহ্যে চতুর্দ্দিকে সমচতুষ্কোণ ভাবে চতুর্দ্বার অঙ্কিত করিয়া মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দিয়া হোমীয় দ্রব্যগুলির ওঁ মন্ত্রে অভ্যুক্ষণ করিয়া যোগপীঠের অর্চ্চনা করিবে, যথা—কর্ণিকায় ওঁ আধারশক্তয়ে নমঃ এবং প্রকৃত্যৈ, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়; অগ্নি প্রভৃতি কোণে ওঁ ধর্ম্মায় নমঃ এবং জ্ঞানায়, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, পূর্ব্বাদি-দিক্‌চতুষ্টয়ে—ওঁ অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়, অনন্তায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে। কেশরে পূর্ব্বাদিক্রমে ওঁ পীতায়ৈ, শ্বেতায়ৈ, অরুণায়ৈ, কৃষ্ণায়ৈ, ধূম্রায়ৈ, তীব্রায়ৈ, স্ফুলিঙ্গিন্যৈ, রুচিরায়ৈ; মধ্যে জ্বালিন্যৈ। এই মন্ত্রে পীঠপূজা করিয়া বং বহ্ন্যাসনায় নমঃ মন্ত্রে বহ্নির আসনপূজা করিয়া চতুর্দ্দিকে ওঁ বামায়ৈ, জ্যেষ্ঠায়ৈ, রৌদ্র্যৈ, অম্বিকায়ৈ, মূলোচ্চারণপূর্ব্বক অমুকদেবতাস্থণ্ডিলায় নমঃ। এই মন্ত্রে ইঁহাদের পূজা কর্ত্তব্য। পরে "ওঁ বাগীশ্বরীমৃতুস্নাতাং নীলেন্দীবরসন্নিভাম্। বাগীশ্বরেণ সংযুক্তাম্" এইরূপে বাগীশ্বরীকে পূজনীয় দেবতারূপা ঋতুমতী ফলদানোন্মুখা চিন্তা করিয়া আবাহন পূর্ব্বক ওঁ হ্রীং বাগীশ্বরায় নমঃ, ওঁ হ্রীং বাগীশ্বর্য্যৈ নমঃ এই মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া, ত্রিপুরাসুন্দরীপক্ষে কামেশ্বরায় নমঃ, কামেশ্বর্য্যৈ নমঃ এই মন্ত্রে কামেশ্বর ও কামেশ্বরীরও পূজা করিয়া, পাষাণ (চকমকি) বা অরণি-কাষ্ঠজাত অথবা শ্রোত্রিয় ব্রাহ্মণ-গৃহজাত অগ্নি আনয়ন করিয়া মূলান্তে বৌষট্ ইতি পাঠ করিয়া দর্শন ও তাড়নাদি করিয়া অস্ত্রায় ফট্ মন্ত্রে অগ্নির আবাহন, রং মন্ত্রে তাহা হইতে কিঞ্চিৎ জ্বলৎকাষ্ঠ লইয়া মূলপাঠান্তে ওঁ হুং ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা ইতি ক্রব্যাদাংশ দক্ষিণে পরিত্যাগ, ফট্ মন্ত্রে রক্ষণ, হুং মন্ত্রে অবগুণ্ঠন, বং ধেনুমুদ্রায় অমৃতীকরণ, বাহুদ্বয় দ্বারা ধারণ পূর্ব্বক কুণ্ডোপরি ত্রিবার পরিভ্রমণ করাইয়া—জানুদ্বয় ভূমিতে পাতিয়া অগ্নিকে শিববীর্য্যবোধে দেবীযোনিরূপ কুণ্ডে আত্মাভিমুখে নিক্ষেপ করিবে। পরে হ্রীং বহ্নিমূর্ত্তয়ে নমঃ ইতি পূজাপূর্ব্বক, বং বহ্নিচৈতন্যায় মন্ত্রে চৈতন্যযোগ, ওঁ চিৎ পিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্ব্বজ্ঞাজ্ঞাপয় স্বাহা মন্ত্রে প্রজ্বালন করিয়া, ওঁ অগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্। সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্। ইতি অগ্নির উপাসনা পূর্ব্বক ওঁ অগ্নে ত্বমমুকদেবতানামাসি ইতি অগ্নির

নামকরণ ও আবাহন পূর্ব্বক "ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজান্তে নিম্নোক্ত দেবতার যথোক্ত মন্ত্রে পূজা করিবে ও ঘৃতাহুতি নৈবেদ্যস্বরূপ দিবে, যথা—ওঁ অগ্নেৰ্হিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ, সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ, ওঁ স্বস্তিপূর্ণায় শিরসে স্বাহা, ওঁ উত্তিষ্ঠপুরুষায় শিখায়ৈ বষট্, ওঁ ধূমব্যাপিনে কবচায় হুং, ওঁ সপ্তজিহ্বায় নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ ধনুর্দ্ধরায় অস্ত্রায় ফট্। ওঁ অগ্নয়ে জাতবেদসে, অগ্নয়ে সপ্তজিহ্বায়, অগ্নয়ে হব্যবাহনায়, অগ্নয়ে অশ্বোদরজায়, অগ্নয়ে বৈশ্বানরায়, অগ্নয়ে কৌমারতেজসে, অগ্নয়ে বিশ্বমুখায়, অগ্নয়ে দেবমুখায় নমঃ। তদ্বাহ্যে ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, তদ্বাহ্যে ওঁ পদ্মাদ্যষ্টনিধিভ্যো নমঃ, তদ্বাহ্যে ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ, তদ্বাহ্যে ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ ইতি। পরে প্রাদেশপরিমিত প্রসারিত অঙ্গুষ্ঠাগ্র হইতে তর্জ্জনীর অগ্র পর্য্যন্ত কুশপত্রদ্বয় ঘৃতমধ্যে নিক্ষেপ করিয়া বাম, দক্ষিণ ও মধ্যভাগে যথাক্রমে ইড়া, পিঙ্গলা ও সুষুম্না নাড়ী প্রবাহিত হইতেছে চিন্তা করিয়া হোম করিবে, যথা—স্রুব দ্বারা দক্ষিণভাগ হইতে ঘৃত গ্রহণ করিয়া ওঁ অগ্নয়ে স্বাহা ইতি অগ্নির দক্ষিণ-নেত্রে আহুতি দিবে, এইরূপ বামভাগ হইতে ঘৃত গ্রহণ করিয়া ওঁ সোমায় স্বাহা ইতি বাম-নেত্রে, মধ্যভাগ হইতে ওঁ অগ্নীষোমাভ্যাং স্বাহা ইতি অগ্নির ললাট-নেত্রে, পুনঃ দক্ষিণ হইতে 'নমঃ' এই মন্ত্রে ঘৃত লইয়া ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা ইতি অগ্নিমুখে আহুতি দিবে। অথ মহাব্যাহৃতি হোম—ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। পরে ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা এই মন্ত্রে তিনবার হোম করিবে। অনন্তর অগ্নিতে দেবতার পীঠপূজা করিয়া দেবতার পূজান্তে তন্মূলে মূলমন্ত্রে পঞ্চবিংশতিবার ঘৃত দ্বারা হোম করণানন্তর বহ্নি ও দেবতার আত্মার সহিত ঐক্য ভাবনা করত মূলমন্ত্রে একাদশ আহুতি দিবে। পরে মূলমন্ত্রে ওঁ অমুকদেবতায়া অঙ্গদেবতাভ্যঃ স্বাহা, অমুকদেবতায়া আবরণদেবতাভ্যঃ স্বাহা ইতি আহুতিদ্বয় দিয়া প্রকৃত হোমের সঙ্কল্প করিবে, যথা—অদ্যেত্যাদি অমুকদেবতাপূজাঙ্গীভূতং মূলান্তে স্বাহেতিমন্ত্রকরণকৈকৈককশোঽষ্টোত্তরশতসংখ্যক-সতিলাজ্যামুকসমিৎ-করণক-হোমমহং করিষ্যামি। হোমের দক্ষিণা করিয়া মূলমন্ত্রে স্বাহান্তে পূর্ণাহুতি দিবে। পরে তান্ত্রিকশান্তি ও তিলকদানাদি কর্ত্তব্য।

## শ্যামার্চ্চনা-নিরূপণ।

ওঁ নমঃ কালিকায়ৈ।

লীলাগমতন্ত্রে—

দেব্যুবাচ।

দেবদেব পরব্রহ্মন্ কথয়স্ব জগৎপ্রভো।
সৃজদ্ব্রহ্মপ্রণিলয়াং পঞ্চাশদ্বর্ণমালিকাম্॥ ১ ॥
মৃত্যুঞ্জয় মম ব্রূহি পঞ্চাশদ্বর্ণরূপিণীম্।
গলাদি-কটিপর্য্যন্তং স্থাপয়ন্তী সনাতনী ॥ ২ ॥
কথিতা যা মহাবিদ্যা কালী কালপ্রণাশিনী।
আবির্ভূতা কুত্র কস্মাৎ কেন মর্ত্ত্যে প্রপূজিতা ॥ ৩ ॥
শ্রুত্বা প্রশ্নং মহাদেবো মৌনী ভূত্বা স্থিতঃ প্রভুঃ।
চতুর্লক্ষযুগং দৃষ্ট্বা গতং সা সুরসুন্দরী ॥ ৪ ॥
যত্নাৎ গৃহীত্বা তৎপাদং প্রোবাচ পরমেশ্বরী।
মৌনং ত্যজ প্রাণনাথ কিং মাং প্রবঞ্চসেঽধুনা ॥ ৫ ॥
ততোঽপি ভগবান্ রুদ্রঃ সাশ্রুনেত্রোঽব্রবীদ্বচঃ ॥ ৬ ॥

লীলাগমতন্ত্রে লিখিত আছে, ভগবতী স্বয়ং মহাদেবকে জিজ্ঞাসা করিতেছেন, হে দেবপ্রবর! তুমি সংসারের কর্ত্তা, তোমার অজ্ঞাত কিছুই নাই। অতএব হে মৃত্যুঞ্জয়! সৃষ্টিকালে ব্রহ্মে লীয়মান ছিল যে অকার হইতে ক্ষ পর্য্যন্ত পঞ্চাশটি বর্ণ, তাহাকে মালাস্বরূপ ধারণ করিয়াছেন যে বর্ণরূপিণী কালেরও বিনাশিনী মহাবিদ্যা কালী, তিনি কিরূপে কোন্ স্থানে আবির্ভূতা হইয়াছেন এবং কি জন্যই বা মর্ত্ত্যলোকে তাঁহার পূজা করে, এই সকল বৃত্তান্ত প্রকাশ করিয়া আমার কৌতূহল পূর্ণ কর। এই প্রশ্ন শুনিয়া শূলপাণি মৌনভাব ধারণ করিলেন। মৌনাবস্থায় চারিলক্ষ যুগ গত হইয়া যায় দেখিয়া সুরসুন্দরী ভগবতী পুনর্ব্বার অতিশয় আগ্রহের সহিত শিবের পদধারণ করিয়া কহিলেন, প্রাণনাথ! তুমি অদ্য আমাকে প্রবঞ্চিত করিতেছ কেন? মৌনভাব ত্যাগ কর। তাহা শুনিয়া ভগবান্ হরের চক্ষু অশ্রুপূর্ণ হইল, তিনি বলিতে আরম্ভ করিলেন॥ ১-৬ ॥

মহাদেব উবাচ।

ন বদামি ন বদামি ন বদামি মহেশ্বরি।
প্রকাশান্মম মৃত্যুঃ স্যাৎ যদি মৃত্যুঞ্জয়োঽপ্যহম্ ॥ ৭ ॥
ততো বৎস বৎস মা ভৈর্মা ভৈর্বৎস বদস্ব তৎ।
ন ত্বন্মৃত্যুর্ন ত্বন্মৃত্যুর্ব্বাগ্‌ভূতাপ্যশরীরিণী ॥ ৮ ॥
ততো লোমাঞ্চিতঃ সাশ্রুনেত্রো গদ্গদয়া গিরা।
সমুদ্রমথনে দেবি দেবাসুরগণাঃ পুরা ॥ ৯ ॥
নারাধ্য ত্বাং প্রমন্থীয়ুরতস্ত্বং বিষরূপিণী।
আবির্ভূতা মহাকালী ব্রহ্মাণ্ডনাশনাশিনী ॥ ১০ ॥
তদ্দৃষ্ট্বা দেবদৈত্যাশ্চ ভীতা মাং শরণং যযুঃ।
তেষামপি ভয়ং দৃষ্ট্বা ভীতোঽহং বিষসন্নিধৌ ॥ ১১ ॥
গত্বা ধ্যানপরো ভূত্বা বিষং পাতুং সমারভে।
পূর্ব্বোক্তা যা মহাবিদ্যা আবির্ভূতা চ মে হৃদি ॥ ১২ ॥
তুলাকুহ্বাং নিশার্দ্ধে চ দেবদানবনিদ্রিতে।
মনুষ্যপশুপক্ষ্যাদৌ নিদ্রিতে চান্যজন্তুষু ॥ ১৩ ॥
তস্মিন্ কালে ময়া পূজ্যা ইন্দ্রেণাপ্যসুরেণ চ ॥ ১৪ ॥

---

শঙ্কর কহিলেন, হে পরমেশ্বরি! ত্বৎকৃত প্রশ্নের উত্তর দিতে পারিব না। আমি মৃত্যুঞ্জয় বটে, কিন্তু এ সকল কথা প্রকাশ করিলে নিশ্চয়ই আমাকে মৃত্যুমুখে পড়িতে হইবে। এই কথা বলিতে বলিতে শূন্যমার্গে দৈববাণী হইল যে, "বৎস! তোমার ভয় নাই, স্বচ্ছন্দে বল।" দৈববাণী শুনিয়া হরের সর্ব্বাঙ্গ লোমাঞ্চিত হইল। তিনি ভয়ে অশ্রুপূর্ণচক্ষে গদ্গদবাক্যে কহিলেন, পূর্ব্বকালে যখন দেবদানবগণ সমুদ্রমন্থন করে, তখন তোমার আরাধনা না করিয়াই মন্থন করিয়াছিল, সেই অভিমানে তুমিই বিষরূপ ধারণ করিয়া আবির্ভূতা হও এবং ব্রহ্মাণ্ডনাশকারী শিবকে বিনাশ করিতে উদ্যত হও। এই ভীষণ ব্যাপার দর্শনে দেবগণ ও দৈত্যগণ ভয়প্রাপ্ত হইয়া আমার শরণাপন্ন হয়। সুরগণকে ভয়বিহ্বল দেখিয়া আমিও ভীত হইয়াছিলাম। পরে সেই বিষের নিকটবর্ত্তী হইয়া ধ্যানে বসিলাম এবং সেই ভয়ানক হলাহল পান করিতে আরম্ভ করিলাম। কার্ত্তিক মাসে অমাবস্যা তিথিতে অর্দ্ধরাত্রে যখন সমস্ত প্রাণী নিদ্রিত রহিয়াছে, সেই সময়ে কালী আবির্ভূতা হইলেন। আমি, ইন্দ্র ও সুরগণ সকলেই ঐ অর্দ্ধনিশিতে তাঁহার পূজা করিয়াছিলাম ॥ ৭-১৪ ॥

দেব্যুবাচ।

কুত্র কালে ত্বয়া পূজ্যা ইন্দ্রেণাপ্যসুরেণ চ ॥ ১৫ ॥

মহাদেব উবাচ।

অর্দ্ধরাত্র্যাং মুহূর্ত্তে চ ময়া চেন্দ্রেণ পূজিতা ॥ ১৬ ॥
ততো মুহূর্ত্তে সংপূজ্যা বীরেণাপ্যসুরেণ চ।
তত আদ্যঃ পাশবঃ স্যাৎ শৈবঃ শেষঃ প্রকীর্ত্তিতঃ ॥ ১৭ ॥
স্বায়ম্ভুবেন মনুনা মর্ত্ত্যে তেন প্রপূজিতা ॥ ১৮ ॥

তথা যামলে —

কার্ত্তিকে মাসি কৃষ্ণায়াং পঞ্চদশ্যাং মহানিশি।
পূজয়েৎ যোঽতিযত্নেন কালীবিদ্যা প্রসীদতি ॥ ১৯ ॥
মৃন্ময়ীং প্রতিমাং কৃত্বা মহাকালীং প্রপূজয়েৎ ॥ ২০ ॥

ব্যোমকেশসংহিতায়াম্—

তুলার্কে যঽমাবাস্যাং নিশার্দ্ধে ঘোরদক্ষিণাম্।
পূজয়েদ্বিধিবদ্ভক্ত্যা সর্ব্বসিদ্ধীশ্বরো ভবেৎ ॥ ২১ ॥

এবঞ্চার্দ্ধরাত্রঃ পূজায়া মুখ্যঃ কালঃ স চ কালো যদ্যুভয়দিনে অমাবস্যাব্যাপ্তঃ তদা পূর্ব্বদিনে পূজা ॥ ২২ ॥

দেবী পুনরায় জিজ্ঞাসা করিলেন, তুমি ও দেবরাজ কোন্ সময়ে পূজা করিয়াছিলে, তাহা আমার নিকট কীর্ত্তন কর ॥ ১৫ ॥

মহেশ্বর বলিলেন, অর্দ্ধরাত্র হইতে যে মুহূর্ত্ত (দুই দণ্ড), সেই মুহূর্ত্তে আমি এবং ইন্দ্র এই দুই জন পূজা করি, তাহার পর-মুহূর্ত্তে বীরাচারী অসুরেরা পূজা করে। তদনন্তর আদ্য পূজা পশু-আচারীর পূজা, শেষ মুহূর্ত্তের যে পূজা, তাহা শৈবদিগের পূজা। আর ব্রহ্মার মানসপুত্র মনু মর্ত্ত্যে তাঁহার পূজা করিয়াছিলেন ॥ ১৬-১৮ ॥

যামলতন্ত্রেও লিখিত আছে যে, কার্ত্তিকমাসের কৃষ্ণপক্ষের যে অমাবস্যা, সেই অমাবস্যার মহানিশিতে মৃন্ময়ী প্রতিমা গড়িয়া যে ব্যক্তি মহাকালীর পূজা করে, তাহার প্রতি কালী প্রসন্না হইয়া থাকেন ॥ ১৯-২০ ॥

ব্যোমকেশ-সংহিতাতেও লিখিত হইয়াছে যে, যে ব্যক্তি কার্ত্তিকী অমাবস্যাতে অর্দ্ধরাত্রে ভক্তিসহকারে নিয়মিতরূপে কালীর পূজা করে, সে

কঙ্কালমালিনীতন্ত্রে অর্দ্ধরাত্রশব্দস্য নিরুক্তিরুক্তা যথা—

বিভজ্য পঞ্চদশধা যো মুহূর্ত্তাষ্টমো নিশি।
অর্দ্ধরাত্রমিদং প্রোক্তং কালীতারাপ্রিয়ং শিবে ॥

যোগিনীতন্ত্রেঽপি—

শ্লিষ্টে দ্বে ঘটিকে যে তু রাত্রের্মধ্যমযাময়োঃ।
সা মহারাত্রিরুদ্দিষ্টা তৎ কৃতং হ্যক্ষয়ং ফলমিতি ॥

অত্র দ্বিতীয়প্রহরীয়-শেষদণ্ডদ্বয়তৃতীয়প্রহরীয়াদ্যদণ্ডদ্বয়াত্মক-কালস্য মহা রাত্রিত্বমুক্তম্।

যথা তত্রৈব—

তত্রোভয়দিনে শস্তকালে ভূতযুতা যদা।
উমামাহেশ্বরী সা চ তিথিঃ সিদ্ধিপ্রদা সতাম্ ॥ ২৩ ॥
বলিদানং বলিতিথাবাত্মনাশকরং পরম্।
ততস্তত্র ন কর্ত্তব্যে বলিদানবিসর্জ্জনে ॥ ২৪ ॥

যদ্যপ্যুভয়দিনেঽমাবস্যয়া অর্দ্ধরাত্রকালো ব্যাপ্তস্তথাপি পূর্ব্বেদ্যুরেব পূজা কর্ত্তব্যা সর্ব্বত্রৈব যুগ্মাদরস্য নিয়ামকত্বাৎ। তথাচ ব্যোমকেশসংহিতায়াম্— দীপান্বিতাপার্ব্বণায় স্মৃতা কাল্যর্চ্চনায় চ। মহানিশি দ্বিতীয়ং স্যাৎ পূর্ব্বেদ্যু-র্ব্যাপ্ত্যনাপ্তয়োঃ ॥

তথা কালীকল্পে—

তুলার্কে বহুলে পক্ষে পঞ্চদশ্যাং মহেশ্বরীম।
যথোপচারৈঃ সংপূজ্য মহানিশি নৃপো ভবেৎ ॥ ২৫ ॥

---

সর্ব্বসিদ্ধীশ্বর হয়। এই সমস্ত প্রমাণের দ্বারা জানা যাইতেছে যে, অর্দ্ধরাত্রই পূজার মুখ্যকাল। এখন জিজ্ঞাস্য এই যে, যদি উভয়দিনে ঐরূপ মুখ্যকাল হয় অর্থাৎ পূর্ব্বদিনে ঐ অর্দ্ধরাত্রে অমাবস্যা হইয়াছে এবং পরদিনেও অর্দ্ধরাত্র পর্য্যন্ত অমাবস্যা রহিয়াছে, এমন স্থলে কোন্ দিনে পূজা করা উচিত? তাহার উত্তর এই যে, পূর্ব্বদিনে পূজা করা কর্ত্তব্য। ইহার প্রমাণ সংহিতাতে আছে যে, যদি উভয় দিনে প্রশস্তকাল প্রাপ্ত হয়, তাহা হইলে চতুর্দ্দশীযুক্ত দিনই প্রশস্ত। ঐ চতুর্দ্দশীযুক্ত তিথিকে উমামাহেশ্বরী তিথি বলে। ঐ তিথি সিদ্ধিপ্রদ ॥ ২১-২৪ ॥

কালীকল্পে লিখিত আছে, কার্ত্তিকমাসের অমাবস্যার মহানিশিতে উপযুক্ত উপকরণের দ্বারা মহেশ্বরীর পূজা করিলে সে ব্যক্তি নরপতি হয়।

শনি-ভৌমদিনে চেৎ স্যাৎ ততঃ শতগুণং ফলম্।
তত্রোভয়দিনে ভূতযুক্তকূহ্বাং মহানিশি ॥ ২৬ ॥
ইমাং যাত্রাং কারয়িত্বা চক্রবর্ত্তী ভবেন্নৃপঃ ॥ ২৭ ॥
মহেশ্বরীং দক্ষিণকালীং তৎপ্রকরণোক্তত্বাৎ।
কার্ত্তিকামাবস্যায়াং কালীপূজা-হেতুমাহ।

বিশ্বসারে—

কার্ত্তিকে কৃষ্ণপক্ষে তু পঞ্চদশ্যাং মহানিশি।
আবির্ভূতা মহাকালী যোগিনী-কোটিভিঃ সহ ॥
অতোঽত্র পূজনীয়া সা তস্মিন্নহনি মানবৈঃ।
বলিপূজাদিকং সর্ব্বং নিশায়াং ক্রিয়তে তু যৎ ॥ ২৯ ॥
তত্তদক্ষয়তাং যাতি কালীবিদ্যা প্রসীদতি ॥ ৩০ ॥

উত্তরকামাখ্যাতন্ত্রে—

শরৎকালে চ দেবেশি দীপযাত্রাদিনেঽপি চ।
অমাবস্যাং সমাসাদ্য মহারাত্রৌ বিচক্ষণঃ ॥ ৩১ ॥

যদি শনি বা মঙ্গলবারে ঐরূপ অমাবস্যা প্রাপ্ত হয়, তাহাতে পূজা করিলে শতগুণ ফল হইয়া থাকে। ঐ শনি-মঙ্গলবারে চতুর্দ্দশীযুক্ত অমাবস্যা হইলে তাহাতে পূজা করিলে রাজচক্রবর্ত্তী হইতে পারে অর্থাৎ সমস্ত সংসারের একমাত্র অধীশ্বর হওয়া যায় ॥ ২৫-২৭ ॥

মহেশ্বরীর পূজা করিবে, ইহা কালীকল্পতন্ত্রে লিখিত আছে; কিন্তু ঐ মহেশ্বরী শব্দের অর্থ দক্ষিণাকালী, তাহাও ঐ তন্ত্রে উক্ত আছে।

এখন কার্ত্তিকী অমাবস্যাতে কালীপূজা কেন করিতে হইবে, তাহারই কারণ কথিত হইতেছে।

বিশ্বসারতন্ত্রে লিখিত আছে, কার্ত্তিকমাসের কৃষ্ণপক্ষের পঞ্চদশী তিথিতে মহানিশি-সময়ে কোটিযোগিনী সহিত কালী আবির্ভূতা হন। ঐ অমাবস্যার মহানিশিতে কালীর জন্মদিন বলিয়া ঐ দিনে মানব তাঁহার পূজা করিবে। ঐ মহানিশিতে বলি ও পূজাদি যাহা করা যায়, তাহা অক্ষয় হইবে, অধিকন্তু কালী তাহার প্রতি প্রসন্না হন। অতএব উক্ত দিনে পূজা করা মানুষের অবশ্য কর্ত্তব্য ॥ ২৮-৩০ ॥

মহানিশি অর্থাৎ অর্দ্ধরাত্রি। উত্তরকামাখ্যাতন্ত্রে লিখিত আছে, হে দেবেশি! শরৎকালে দীপযাত্রাদিনে অমাবস্যা প্রাপ্ত হইলে মধ্যরাত্রে মৃন্ময়ী

মৃন্ময়ীং প্রতিমাং কৃত্বা দীপাদিনা স্বলঙ্কৃতাম্।
বলিং নানাবিধং দদ্যাৎ বাদ্যভাণ্ডসমন্বিতম্ ॥ ৩২ ॥
নৃত্যং গীতং কৌতুকঞ্চ যাবৎ সূর্য্যোদয়ো ভবেৎ।
প্রাতঃকালে শুদ্ধতোয়ে স্থাপয়েদরিনাশিনীম্ ॥ ৩৩ ॥

এতেনামাবস্যাদীপযাত্রার্দ্ধরাত্রে বোদ্ধব্যা। আবির্ভূতা ইত্যনেনার্দ্ধরাত্রে জন্মশ্রবণাৎ তত্রৈব পূজা মুখ্যেতি।

তথা বৃহদ্ধর্ম্মপুরাণে—

রাত্রৌ নিশীথব্যাপ্তায়াং অমাবস্যামিহৈব তু।
পৃথ্বীতলং সমায়াতা কালী দিগ্বসনাম্বিকা ॥ ৩৪ ॥
অতস্তামত্র বৈ ভক্ত্যা দেবদেবীং দ্বিজাতয়ঃ।
পূজয়েৎ বিধিনা দদ্যাৎ পশুপুষ্পার্ঘ্যসম্পদঃ ॥ ৩৫ ॥

কার্ত্তিকামাবস্যায়ামর্দ্ধরাত্রে জন্মনিমিত্তকপূজায়া বিশেষেণাভিধানেন গুপ্তসাধনতন্ত্রোক্তবচনস্য নিত্যপূজাপরত্বাৎ পশুভিরপি এবম্ভূতস্থলে পূর্ব্বদিনে অর্দ্ধরাত্র এব পূজা কার্য্যা। যথা কৃষ্ণপূজায়াঃ সামান্যতো নিশায়ামকর্ত্তব্যত্বেঽপি

---

প্রতিমাকে উত্তমরূপে অলঙ্কার দ্বারা ভূষিত করিয়া, দীপমালা এবং নানা প্রকার বলি ও উপকরণ দান করিবে, বিশেষতঃ নানাবিধ বাদ্য, নৃত্য-গীত ও কৌতুক-ক্রীড়া দ্বারা রাত্রি অতিবাহিত করিবে। পরে প্রাতঃকালে শুদ্ধজলে শত্রুনাশিনী কালীকে বিসর্জ্জন দিবে ॥ ৩১-৩৩ ॥

এই প্রমাণের দ্বারা বুঝা যায় যে, অমাবস্যা শব্দে দীপযাত্রার অর্দ্ধরাত্র। আবির্ভূত এই শব্দের দ্বারা ঐ অর্দ্ধরাত্রে কালীর জন্ম বলিয়া জানা গেল; সুতরাং ঐ দিনের পূজাই মুখ্য পূজা। অন্যদিনের পূজা গৌণ পূজা।

বৃহদ্ধর্ম্মপুরাণেও লিখিত আছে, অমাবস্যার নিশীথসময়ে কালী দিগ্বসনা হইয়া অর্থাৎ উলঙ্গিনী হইয়া ধরণীতলে আগমন করেন। অতএব ঐ দিন ব্রাহ্মণগণ ভক্তি সংকারে সেই দেবদেবী মহাকালীকে পূজা করিবে এবং বিধানে পশু, পুষ্প ও অর্ঘ্যাদি উপকরণ সকল প্রদান করিবে; সুতরাং ইহাতেও প্রমাণ হইল যে, অমাবস্যাতেই কালীর পূজা প্রশস্ত ॥ ৩৪-৩৫ ॥

কার্ত্তিকমাসের অমাবস্যায় অর্দ্ধরাত্রে পূজাকে জন্মতিথি-নিমিত্তক পূজা নামে বিশেষরূপে কথিত হইয়াছে বলিয়া এবং গুপ্তসাধন তন্ত্রে উহাকে নিত্যপূজার অন্তর্গত ধরিয়াছেন বলিয়া, উক্ত সন্দেহস্থলে পশ্বাচারীরাও পূর্ব্বদিনেই

জন্মাষ্টম্যামর্দ্ধ-রাত্র-কর্ত্তব্যতা মুখ্যতয়েতি। পরন্তু যত্র পূর্ব্বদিনে অর্দ্ধরাত্রাৎ পরমমাবাস্যা, পরদিনে অর্দ্ধরাত্রাৎ পূর্ব্বমেব তত্র পশুভাবিনাং পরদিনে বীর-দিব্যয়োঃ পূর্ব্বদিনে পূজা কার্য্যা ইতি। এবং যত্র পূর্ব্বদিনে অর্দ্ধরাত্রব্যাপিনী অমাবস্যা পরদিনে তথাভূতাপি কুজবারাদিযুক্তা তথাপি পূর্ব্বদিনে, পূজাগুণ-ফলং কুজবারাদিকমপেক্ষ্য চতুর্দ্দশীযোগস্য মুখ্যত্বাৎ ॥ ৩৬ ॥

তথোক্তং ব্যোমকেশতন্ত্রে—

কুজবারে লক্ষগুণং ভূতবিদ্ধা ততোঽধিকা।
কুজবার ইতি শনিবারাদ্যুপলক্ষণম্ ॥ ৩৭ ॥

কার্ত্তিকামাবস্যায়াং কালীপূজানিত্যতামাহ দেব্যাগমে—

প্রতিসংবৎসরং কুর্য্যাৎ কালিকায়া মহোৎসবম্ ॥ ৩৮ ॥
কার্ত্তিকে তু বিশেষেণ অমাবস্যানিশার্দ্ধকে।
তত্র সংপূজয়েদ্দেবীং ভোগমোক্ষপ্রদায়িনীম্ ॥ ৩৯ ॥

---

পূজা করিবে, পরদিন করিবে না। যেমন কৃষ্ণপূজা সামান্যতঃ নিশীথে করার কোন যুক্তি নাই, কেবলমাত্র জন্মাষ্টমী যে রাত্রে হইবে, সেই দিনই করিবে। কিন্তু যদি পূর্ব্বদিন অর্দ্ধরাত্রের পর অমাবস্যা হয় এবং পরদিন অর্দ্ধরাত্রের পূর্ব্বেই অমাবস্যা ক্ষয় হইয়া যায়, তাহা হইলে পশুভাবীরা পরদিনে এবং বীর ও দিব্যাচারীরা পূর্ব্বদিনে পূজা করিবে। যেখানে পূর্ব্বদিনেও অমাবস্যা অর্দ্ধরাত্র পাইয়াছে, পরদিনেও পাইয়াছে, সেখানে মঙ্গলবারযোগ ধরিবে না, যেহেতু, মঙ্গলবারাদিযুক্ত অমাবস্যায় পূজাতে যে ফল, পূর্ব্বদিনের চতুর্দ্দশীযুক্ত অমাবস্যাতে পূজাতে তাহা অপেক্ষা অধিক ফল পাওয়া যায়। অতএব সে স্থলে পূর্ব্বদিনেই করিবে ॥ ৩৬ ॥

ব্যোমকেশতন্ত্রেও লিখিত আছে যে, মঙ্গলবারে অমাবস্যা হইলে তাহাতে পূজায় লক্ষগুণ ফল হয়, কিন্তু চতুর্দ্দশীযুক্ত অমাবস্যাতে তাহা অপেক্ষাও সমধিক ফল। মঙ্গলবার দিগ্‌দর্শনমাত্র, কিন্তু শনিবারাদিতেও ফল অধিক। দেব্যাগমতন্ত্রে কালীপূজাকে নিত্য বলিয়াছেন, যথা—প্রতিবৎসরই কালীর মহোৎসব করিবে, বিশেষতঃ কার্ত্তিকমাসের অমাবস্যার অর্দ্ধরাত্রে সম্পদ্ ও মোক্ষপ্রদায়িনী কালীর পূজা করিতেই হইবে। এই বচনের দ্বারা প্রমাণিত হইতেছে যে, কার্ত্তিকমাসের অমাবস্যাতে কালীর পূজা বৈধ পূজা, সুতরাং উহা নিত্যপূজার অন্তর্গত। পুনর্ব্বার আশঙ্কা হইতে পারে যে, অনেক বচনে

নন্থ নানাবচনে তুলার্কশ্রবণাৎ সৌরকার্ত্তিকপরং তথা সতি যস্মিন্ বর্ষে তুলার্কে রাত্রৌ নামাবস্থাপ্রাপ্তিস্তদ্বর্ষে কৃত্যালোপঃ স্যাৎ। এবং যস্মিন্ বর্ষে তুলার্কে দর্শদ্বয়ং তত্রানধ্যবসায়াপত্তিঃ, ইত্যুক্তম্॥ ৪০ ॥

বিদ্যোৎপত্তিতন্ত্রে—

কার্ত্তিকস্যাপ্যমাবাস্যা গৌণচান্দ্রপ্রমাণতঃ।
নিশীথব্যাপিনী যা তু পূজাং তস্যাং সমাচরেৎ॥ ৪১ ॥

নিশীথমর্দ্ধরাত্রং, এবঞ্চ যত্র পূর্ব্বদিনে নিশীথব্যাপিন্যমাবস্যা কন্যার্কে পর-দিনে তুলার্কে চ অর্দ্ধরাত্রাৎ প্রাক্ পঞ্চমমুহূর্ত্তাদৌ তত্রাপি পূর্ব্বদিনে নিশীথস্য মুখ্যকালস্যানুরোধাৎ ভূততিথিযোগানুরোধাচ্চ। তুলার্কস্য দিনভোগনিয়ামকত্বেনাশ্রুতত্বাৎ। পরন্তু তুলার্কপদং নানাবচনেষু যদস্তি তৎ প্রায়িকত্বাভিপ্রায়েণ চ বোধ্যম্॥ ৪২ ॥

'তুলার্ক' পদে সৌর কার্ত্তিকমাসের অমাবস্যা বলিয়াছে, ঐ হেতু কার্ত্তিক-মাসকে সৌর কার্ত্তিক বলিতে হইবে। তাহাই যদি হইল, তবে এখন যে বৎসর সৌর কার্ত্তিকে অমাবস্যা প্রাপ্ত না হইবে, সে বৎসর পূজালোপ হউক। অথবা যে বৎসর কার্ত্তিকমাসে তুই অমাবস্যা হইবে, সে বৎসর পূজা না হউক্; কারণ, কোন্ দিনে করিবে, তাহা নিশ্চয় করা সুকঠিন; সুতরাং হয় তুই দিনেই করুক, নচেৎ কোন দিনেই না করুক॥ ৩৭-৪০ ॥

বিদ্যোৎপত্তি তন্ত্রে ইহার উত্তর লিখিত আছে যে, কার্ত্তিকমাসের অমাবস্যা বলিতে গৌণ চান্দ্র অমাবস্যাই বুঝায়, সৌর কার্ত্তিক কোন প্রমাণসিদ্ধ নহে; সুতরাং যে দিনে অর্দ্ধরাত্রব্যাপিনী অমাবস্যা হইবে, সেই দিনেই পূজা করা ব্যবস্থাসঙ্গত। আর উভয় দিন হইলে কি কর্ত্তব্য, তাহা পরপ্রমাণে মীমাংসা করিতেছেন। নিশীথ শব্দের অর্থ অর্দ্ধরাত্র; তাহাই যদি হইল, তবে এখন যেখানে পূর্ব্বদিন অর্দ্ধরাত্র প্রাপ্ত হইয়া কন্যার্কে অমাবস্যা হইয়াছে, আর পরদিন তুলার্কে ঐ অমাবস্যা পঞ্চম মুহূর্ত্ত পর্য্যন্ত আছে, এমন স্থলে অর্দ্ধরাত্রই মুখ্যকাল বলিয়া পূর্ব্বদিনেই পূজা করা উচিত। বিশেষ চতুর্দ্দশীযুক্তও পূর্ব্বদিন হইয়াছে, পরদিন অর্দ্ধরাত্রও পায় নাই, চতুর্দ্দশীযুক্তও হয় নাই, কাজেই সে দিন হইবে না। তুলার্ক হইলে ভাল হয় বটে, কিন্তু তুলার্কের দিনভোগনিয়ম শ্রুত হওয়া যায় না। তবে যে অনেক

অতএব তিথিতত্ত্বাদিগ্রন্থধৃতমাদিপুরাণম্—

ঋক্ষরাশিবিশেষেণ যৎ কর্ম্ম বিহিতং নরৈঃ।
দৈবং বাপ্যথবা পিত্র্যং তদন্যত্রাপি দৃশ্যতে॥ ৪৩॥

অগস্ত্যসংহিতায়াম্—

মেষং পূষণি সংপ্রাপ্তে লগ্নে চ কর্কটাহ্বয়ে।
আবিরাসীৎ সকলয়া কৌশল্যায়াং পরঃ পুমান্॥ ৪৪॥

অত্র মেষার্কে রামস্য জন্মশ্রবণং মীনার্কেঽপি ক্বচিদুপবাসঃ।

যত্তু তন্ত্রীয়মিতি কৃত্বা পঠন্তি।

তুলার্কে ত্বর্দ্ধরাত্রে বা দীপযাত্রাতিথির্ভবেৎ।
তত্র সংপূজয়েৎ কালীং সর্ব্বকামার্থসিদ্ধয়ে॥ ৪৫॥

নিশার্দ্ধে সা তিথির্নাস্তি তদধঃকালসংযুতা।
তত্রাপি পূজয়েৎ কালীং তুলার্কং নৈব লঙ্ঘয়েৎ॥ ৪৬॥

বচনে তুলার্কের কথা আছে, তাহাতে প্রায়ই অমাবস্যাযোগ ঘটিয়া থাকে, এই অভিপ্রায়েই লিখিত হইয়াছে॥ ৪১-৪২॥

ঐ অভিপ্রায়েই তিথিতত্ত্বাদি গ্রন্থে আদিপুরাণধৃত বচনে জানা যায় যে, নক্ষত্র বা রাশিবিশেষে মনুষ্যেরা যে সকল বিহিত কর্ম্ম করে, সে দৈবকর্ম্মই হউক বা পিতৃকর্ম্মই হউক, ফলাধিক্যমাত্র, এরূপ অন্যান্য স্থলেও প্রমাণ দৃষ্ট হয়॥ ৪৩॥

অগস্ত্যসংহিতাতেও লিখিত আছে যে, বৈশাখমাসে কর্কটলগ্নে শৌর্য্যাদি গুণসম্পন্ন হইয়া কৌশল্যার গর্ভে পরম পুরুষ রামচন্দ্র আবির্ভূত হইয়াছিলেন। ইহা দ্বারা বুঝা গেল যে, মেষার্কেই রামের জন্ম হইয়াছিল। কিন্তু কোন কোন বৎসর মীনার্কেও অর্থাৎ চৈত্রমাসেও উপবাসাদি করিতে হয়। ফলে তাৎপর্য্য এই যে, জন্মতিথি যে মাসেই হইবে, সেই মাসেই পূজাদি করিতে হইবে। কোন কোন পণ্ডিত তন্ত্রের দোহাই দিয়া বলেন, তুলার্কে অর্থাৎ কার্ত্তিকমাসের অর্দ্ধরাত্রে যদি দীপযাত্রা তিথি হয় (অমাবস্যা হয়,) তাহাতে কালীর পূজা করিলে সর্ব্বাভীষ্ট সিদ্ধ হয়। যদি নিশার্দ্ধ পর্য্যন্ত সে তিথি না পায়, তথাপি সেই অর্দ্ধরাত্রের পূর্ব্বে যে রাত্রেই হউক, তখনই পূজা করিতে হইবে, কারণ, তুলার্ককে কখনই ত্যাগ করিবে না, এই নিয়ম॥ ৪৪-৪৬॥

ইতি তৎ অমূলকং সমূলকত্বে তু ইত্যত্র তু শব্দঃ কন্যার্কগ্রাহকঃ।
তেন কন্যার্কে ইত্যর্থঃ। তুলামাত্রপরত্বে প্রতিবৎসরমিত্যস্যানুপপত্তেঃ।
তুলার্কং নৈব লঙ্ঘয়েৎ ইত্যস্য তুলার্কবিহিতপূজাং ন ত্যজেদিত্যর্থঃ।
তুলার্কবিহিতপূজায়া গৌণকার্ত্তিকত্বেন কর্ত্তব্যতায়াং বিধেস্তাৎপর্য্যস্যোক্তত্বাৎ॥

যদা সর্ব্বতুলার্কঘটিতবচনেষু তুলার্কস্যামাবাস্যায়ামুপলক্ষণতয়া অন্বয়ঃ ন তু বিশেষণতয়া ন বা পূজায়ামপি তদন্বয়ঃ। তেন তুলার্কোপলক্ষিতায়ামমাবস্যায়াং নিশীথে কালীং পূজয়েৎ ইতি বিধিস্তেন গৌণচান্দ্রকার্ত্তিকামাবাস্যালাভঃ তস্যামেব তুলার্কসম্বন্ধনিয়মাৎ অন্যথা তুলান্তরব্যারব্ধত্বাভাবেন কদাচিৎ তৎপরপ্রতিপদাদিদর্শান্তস্য মুখ্যকার্ত্তিকত্বানুপপত্তেঃ। মুখ্যকার্ত্তিক্যমাবস্যায়া কদাচিৎ বৃশ্চিকেঽপি সত্ত্বাৎ ন তু তুলার্কনিয়মঃ। তথাচ তুলার্কনিয়তায়াং অমাবাস্যায়াং নিশীথে কালীং পূজয়েৎ, ইতি পর্য্যবসিতম্। তুলার্কং নৈব

এই যে নিয়ম বলা হইল, এটি অমূলক কথা। সমূলকই যদি হয়, তবে বচনস্থ তু শব্দ দ্বারা কন্যার্ককেও পাওয়া যাইবে। তবেই স্থির হইল যে, তুলার্কে হইলেও পূজা করিবে, কন্যার্কে হইলেও করিবে। আর যদি বল, তুলার্কেই করিবে, কন্যার্কাদিতে করিবে না, তাহা হইলে প্রতিবৎসর পূজা হইতে পারে না। কারণ, যে বৎসর তুলার্কে অমাবস্যা না হয়, সে বৎসর পূজা হইবে না; সুতরাং প্রতি বৎসর পূজা করিবে, এই যে শাস্ত্র, তাহা মিথ্যা হয়। অতএব মাত্র তুলার্কে করিবে, এ কথা বলিও না। তবে তুলার্ক ত্যাগ করিবে না—এ কথার কি অর্থ? এ কথার অর্থ তুলার্কবিহিত পূজা পাইলে ত্যাগ করিবে না। তুলার্কবিহিত পূজা গৌণ কার্ত্তিক মাসে অর্থাৎ কার্ত্তিকমাসেও হইতে পারে, অগ্রহায়ণমাসেও হইতে পারে, এইটিই বিধির তাৎপর্য্য। মাত্র সৌর কার্ত্তিকেই করিবে, এমন কথা অসম্ভব; অথবা তুলাঘটিত বচনেই অমাবস্যাতে তুলার্কটা উপলক্ষণ মাত্র বলিতে হইবে, অর্থাৎ কার্ত্তিক মাসে যে অমাবস্যামাত্র, তাহাকেই যে প্রাপ্ত হইবে, এমন নহে, কিন্তু অমাবস্যাতে তুলার্ক বিশেষণ নহে, কিংবা পূজাতেও নহে। তাহা হইলে কার্ত্তিকমাসের অমাবস্যা কিংবা কার্ত্তিকমাসের পূজা ব্যতীত পাওয়া যাইত না। তবে তুলার্ক উপলক্ষিত, অর্থাৎ কার্ত্তিকেই হউক বা অগ্রহায়ণেই হউক যে অমাবস্যা, তাহার নিশীথসময়ে

ল্লজয়েদিত্যত্র তুলার্কপদং তুলার্কোপলক্ষিতামাবস্থাপূজাপরম্। সঙ্কল্পবাক্যে তু কার্ত্তিকে ইত্যুল্লেখ্যং ন তু বৃশ্চিকস্থোল্লেখোঽপি গৌণচান্দ্রেণ বিধানাৎ। কেচিত্তু উপলক্ষণতয়া অমাবস্যামম্বয়তাৎপর্য্যেণ তুলারাশিস্থে ভাস্করে ইত্যনু-ল্লেখ্যং, ইতি ভাস্করপদোত্তরসপ্তম্যা উপলক্ষণতয়া তৎকালসম্বন্ধয়োরসামর্থ্যা-দিতি বদন্তি ॥ ৪৭ ॥ বস্তুতস্তু 'আগমোক্তানি কার্য্যাণি সৌরেণৈব সদাভ্যসেৎ' ইতি বচনাৎ কালীপূজাসঙ্কল্পে সর্ব্বত্রৈব সৌরমাসস্য রাশেশ্চ উল্লেখো যুক্তঃ।

কালীপূজাই বিধি, এইমাত্র লাভ হইল। যদি মুখ্যচান্দ্র কার্ত্তিকের অমাবস্যা বল, তবে যে বৎসর তুলাস্থ রবিতে মুখ্যচান্দ্র আরম্ভ না হইবে, সে বৎসর মুখ্য কার্ত্তিকের অমাবস্যা কোনবার বৃশ্চিকেও (অগ্রহায়ণে) হইয়া থাকে, সুতরাং তুলার্কনিয়ম থাকে না। অতএব স্থির হইল যে, তুলার্কনিয়ত অমাবস্যার নিশীথসময়ে কালীর পূজা করিবে এবং তুলার্ককে ত্যাগ করিবে না, এই দুই তুলার্ক স্থলেই তুলার্ক শব্দটা অর্থাৎ কার্ত্তিকমাসেই করিবে, এই বিশেষণটি উপলক্ষণমাত্র বলিতে হইবে, অর্থাৎ কার্ত্তিকে না হইয়া অগ্রহায়ণাদিতে হইলেও ক্ষতি নাই; অগ্রহায়ণমাসে হইলেও সঙ্কল্পবাক্যে "কার্ত্তিকে" এই কথা উল্লেখ করিতে হইবে। কোন কোন পণ্ডিত বলেন, অমাবস্যাতে কার্ত্তিক-মাসটার উপলক্ষণস্বরূপে অন্বয় করিতে হইবে বলিয়া তুলারাশিস্থে ভাস্করে এ কথা সঙ্কল্পবাক্যে বলিতে হইবে। এই হেতু ভাস্করপদের পর যে সপ্তমী বিভক্তি আছে, সেই বিভক্তি দ্বারা উপলক্ষণ বলিয়া অগ্রহায়ণ মাসের অমাবস্যাতেও কার্ত্তিকমাসের সম্বন্ধ বুঝাইয়া দিতে সমর্থ হয়। কিন্তু ঐ সপ্তমীবিভক্তি পদ না থাকিলে ঐরূপ উপলক্ষিত অমাবস্যা বুঝাইতে পারিত না, এই কথা তাঁহারা বলিয়া থাকেন ॥ ৪৭ ॥ বস্তুতঃপক্ষে কালীপূজার সঙ্কল্পে সৌরমাস ও সূর্য্যভোগ্য রাশিরই উল্লেখ অবশ্য কর্ত্তব্য, যেহেতু, প্রমাণ আছে, তন্ত্রোক্ত কার্য্যসকল সৌরমাসোল্লেখেই বিধাতব্য। অতএব সৌর কার্ত্তিকে অমাবস্যা মুখ্যকাল পাইলে কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে, এবং সৌর অগ্রহায়ণে উক্ত তিথির যোগ ঘটিলে মার্গশীর্ষে মাসি বৃশ্চিকরাশিস্থে ভাস্করে ইতি উল্লেখ করিবে।

## শ্রীশ্রীকালীপূজা।

নিত্যক্রিয়া সমাপনান্তে আচমন, বিষ্ণুস্মরণাদি করিয়া স্বস্তিবাচন, সঙ্কল্প করিবে। যথা—ওঁ কর্ত্তব্যেঽস্মিন শ্রীমদ্দক্ষিণকালিকাপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহম্ ৩। এইরূপে স্বস্তি ও ঋদ্ধিবাচন, স্বস্তিসূক্ত পাঠ, সূর্য্যঃ সোম ইত্যাদি পাঠান্তে সঙ্কল্প যথা—পুষ্প, কুশ, তিল, ফল, জল লইয়া বিষ্ণুরোম্ তৎসদদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে কৃষ্ণে পক্ষে অমাবস্যায়াস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকশ্রীমদ্দক্ষিণকালিকাপ্রীতিকামঃ শ্রীমদ্দক্ষিণকালিকাপূজাকর্ম্মাহং করিষ্যে। ঐ জল ঈশানকোণে ফেলিবে। পরার্থে শ্রীঅমুকগোত্রস্যামুকস্য করিষ্যামীতি বিশেষ পাঠ্য। বরণান্তে ( ২৩৬ পৃঃ ) পুরোহিত মন্ত্রাচমন করিবেন, যথা—ক্রীঁ ক্রীঁ ক্রীঁ ইতি তিনবার জলবিন্দু পান, ওঁ কাল্যৈ নমঃ, ওঁ কপালিন্যৈ নমঃ এই মন্ত্রে ওষ্ঠ ও অধর মার্জ্জন, ওঁ কুল্লায়ৈ নমঃ, এই মন্ত্রে করপ্রক্ষালন, ওঁ কুরুকুল্লায়ৈ নমঃ ইতি মুখস্পর্শ, ওঁ বিরোধিন্যৈ নমঃ, ওঁ বিপ্রচিত্তায়ৈ নমঃ ইতি দক্ষিণ-বাম নাসিকাস্পর্শ, ওঁ উগ্রায়ৈ নমঃ, ওঁ উগ্রপ্রভায়ৈ নমঃ ইতি দক্ষিণ-বামনেত্র স্পর্শ, ওঁ দীপ্তায়ৈ নমঃ, ওঁ নীলায়ৈ নমঃ ইতি দক্ষিণ-বামকর্ণ স্পর্শ, ওঁ ঘনায়ৈ নমঃ ইতি নাভিদেশস্পর্শ, ওঁ বলাকায়ৈ নমঃ ইতি বক্ষঃস্পর্শ, ওঁ মাত্রায়ৈ নমঃ ইতি শিরঃস্পর্শ, ওঁ মুদ্রায়ৈ নমঃ, ওঁ মিতায়ৈ নমঃ ইতি বাহুদ্বয়স্পর্শ। ওঁ মণিধরি বজ্রিণি মহাপ্রতিসরে রক্ষ রক্ষ মাং হুং ফট্ স্বাহা, ইতি শিখাবন্ধন করিয়া, মতান্তরে এই সময়ে ঘটস্থাপন করিতে হয়। * পরে সামান্যার্ঘ্য যথা—বামভাগে ত্রিকোণ, তদ্বহিঃ বৃত্ত মণ্ডল অঙ্কন করিয়া তাহাতে ওঁ আধারশক্তয়ে নমঃ এই মন্ত্রে পূজা করিয়া ফট্ মন্ত্রে উক্ত পাত্র ধৌত করিয়া, 'নমঃ' এই মন্ত্রে জল দ্বারা পূর্ণ করিয়া, তাহাতে অঙ্কুশমুদ্রায় ওঁ গঙ্গে চ যমুনে চৈব ইত্যাদি মন্ত্রে সূর্য্যমণ্ডল হইতে তীর্থাবাহন করিয়া 'ওঁ' এই মন্ত্রে তদগ্রে গন্ধপুষ্পাদি অর্ঘ্য স্থাপন করিয়া তদুপরি হুং মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা ও বং মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন করিয়া, তদুপরি মৎস্যমুদ্রায় আচ্ছাদন পূর্ব্বক 'ওঁ' এই মন্ত্র দশবার জপ করিয়া,

* পুস্তকান্তরে পূজাস্থানে আসিয়া ওঁ বজ্রোদকে হুং ফট্ স্বাহা এই মন্ত্রে বামহস্তে জল গ্রহণ করিয়া আসনে ছিটা দিয়া ওঁ হ্রীঁং বিশুদ্ধসর্ব্বপাপানি শময়াশেষবিকল্পমপনয় হুং এই মন্ত্রে পাদ প্রক্ষালন করিয়া ওঁ হ্রীঁং স্বাহা এই মন্ত্রে আচমন করিবে। এইটি বিশেষ দেখিতে পাওয়া যায়।

ফট্ এই মন্ত্রে সেই জলে দ্বারাভ্যুক্ষণ করিয়া দ্বারপূজা করিবে। যথা—দ্বার-দেবতা ইহাগচ্ছত ইত্যাদিরূপে আবাহন করিয়া পূর্ব্বে এতে গন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ, দক্ষিণে ওঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ, পশ্চিমে ওঁ বাং বটুকায় নমঃ, উত্তরে ওঁ যাং যোগিনীভ্যো নমঃ, কোণচতুষ্টয়ে অগ্ন্যাদিক্রমে ওঁ গাং গঙ্গায়ৈ নমঃ, ওঁ যাং যমুনায়ৈ নমঃ, ওঁ শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ, ওঁ ঐঁ সরস্বত্যৈ নমঃ, গৃহমধ্যে নৈঋর্তে ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বাস্তুপুরুষায় নমঃ। ওঁ পবিত্র বজ্রভূমে হুং ফট্ স্বাহা এই মন্ত্রে ভূমি শোধন পূর্ব্বক ওঁ মণি ধরি বজ্রিণি ইত্যাদি মন্ত্রে বস্ত্রাঞ্চলে গ্রন্থি বন্ধন করিয়া, ওঁ রক্ষ রক্ষ হুং ফট্ স্বাহা এই মন্ত্রে জলের দ্বারা ভূমিশোধন, ওঁ পবিত্র বজ্রভূমে হুং ফট্ স্বাহা এই বলিয়া ভূমিকে অভিমন্ত্রিত করিয়া, তাহার উপর আসন পাতিয়া, ওঁ আঃ সুরেখে বজ্ররেখে হুং ফট্ স্বাহা এই মন্ত্রে আসনতলে ত্রিকোণ আঁকিয়া এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তি-কমলাসনায় নমঃ মন্ত্রে পূজা ও ধারণ করিয়া মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দ ইত্যাদি পাঠ পূর্ব্বক তদুপরি উপবেশন করিবে। পরে পুষ্পশুদ্ধি করিবে, যথা—ওঁ শতাভিষেকে হুং ফট্ স্বাহা ওঁ পুষ্পকেতু রাজার্হতে শতায় সম্যক্ সম্বন্ধায় ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে, (ভূষিতে) পুষ্পচয়াবকীর্ণে হুং ফট্ স্বাহা, এই মন্ত্রে পুষ্পে হস্ত দিয়া শোধন করিবে। ওঁ বজ্রোদকে হুং ফট্ স্বাহা এই মন্ত্রে পূজার্থ জল শোধন করিবে। পরে যথাবিধি গুরুপ্রণাম, বিঘ্নাপসারণ, করশুদ্ধি, দিগ্ বন্ধন, ভূতশুদ্ধি, মাতৃকান্যাসান্তে মূলমন্ত্রে (ক্রীঁ) হ্রীং বা ওঁ মন্ত্রে প্রাণায়ামান্তে পীঠন্যাস কর্ত্তব্য, যথা—হৃদয়ে ওঁ আধারশক্তয়ে নমঃ, এবং প্রকৃত্যৈ, কমঠায়, শেষায়, পৃথিব্যৈ, সুধাম্বুধয়ে, মণিদ্বীপায়, চিন্তামণিগৃহায়, শ্মশানায়, পারিজাতায়, রত্নবেদিকায়ৈ, মণিপীঠায় নমঃ; পূর্ব্বাদিদিকে মুনিভ্যঃ, দেবেভ্যঃ, শিবাভ্যঃ, মুণ্ডকেভ্যঃ। দক্ষিণস্কন্ধে ধর্ম্মায়, বামস্কন্ধে জ্ঞানায়, বাম-উরুতে বৈরাগ্যায়, দক্ষিণ উরুতে ঐশ্বর্য্যায়, মুখে অধর্ম্মায়, বামপার্শ্বে অজ্ঞানায়, নাভিতে অবৈরাগ্যায়, দক্ষিণপার্শ্বে অনৈশ্বর্য্যায়; পুনঃ হৃদয়ে শেষায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শ-কলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে, হৃৎপদ্মের অষ্টকেশরে পূর্ব্বাদিক্রমে ইচ্ছায়ৈ, জ্ঞানায়ৈ, ক্রিয়ায়ৈ, কামিন্যৈ, কামদায়িন্যৈ, রত্যৈ, রতিপ্রিয়ায়ৈ, আনন্দায়ৈ; কর্ণিকায় মনোন্মন্যৈ (ঐং পরায়ৈ, ঐঁ অপরায়ৈ) হ্সৌ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায় নমঃ। পরে ঋষ্যাদিন্যাস:

করিবে, যথা—অস্য শ্রীমদ্দক্ষিণকালিকামন্ত্রস্য ভৈরবঋষিরুষ্ণিক্ ছন্দঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতা হ্রীং বীজং হূং শক্তিঃ ক্রীং কীলকং পুরুষার্থচতুষ্টয়-সিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। শিরসি ওঁ ভৈরবঋষয়ে নমঃ, মুখে ওঁ উষ্ণিক্-ছন্দসে নমঃ, হৃদি শ্রীদক্ষিণকালিকায়ৈ দেবতায়ৈ নমঃ, গুহ্যে হ্রীং বীজায় নমঃ, পাদদ্বয়ে হূং শক্তয়ে নমঃ, সর্ব্বাঙ্গে ক্রীং কীলকায় নমঃ। করন্যাস—ওঁ ক্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ ক্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ ক্রূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ ক্রৈং অনামিকাভ্যাং হুং, ওঁ ক্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ ক্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। অঙ্গন্যাস—ওঁ ক্রাং হৃদয়ায় নমঃ, ওঁ ক্রীং শিরসে স্বাহা, ওঁ ক্রূং শিখায়ৈ বষট্, ওঁ ক্রৈং কবচায় হুং, ওঁ ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট, ওঁ ক্রঃ অস্ত্রায় ফট্। এই মন্ত্রে যথাযথ স্থান স্পর্শ করিবে। বর্ণন্যাস যথা—হৃদয়ে ওঁ অং নমঃ এবং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ঌং ৡং নমঃ, দক্ষিণ বাহুতে ওঁ এং নমঃ এবং ঐং ওং ঔং অং অঃ কং খং গং ঘং নমঃ। বাম বাহুতে ওঁ ঙং নমঃ এবং চং ছং জং ঝং ঞং টং ঠং ডং ঢং নমঃ। দক্ষিণ পাদে ওঁ ণং নমঃ এবং তং থং দং ধং নং পং ফং বং ভং নমঃ। বাম পাদে ওঁ মং নমঃ এবং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং নমঃ। অথ ষোঢ়ান্যাসঃ—তদুক্তং বীরতন্ত্রে—কেবলাং মাতৃকাং কৃত্বা মাতৃকাং তারসংপুটাম্। মাতৃকাপুটিতং তারং ন্যসেৎ সাধকসত্তমঃ। শ্রীবীজপুটিতাং তাস্ত মাতৃকাপুটিতস্তু তৎ। কামেন পুটিতাং দেবীং তৎপুটং কামমেব চ। শক্ত্যা চ পুটিতাং দেবীং শক্তিঞ্চ তৎপুটাং ন্যসেৎ। ক্রীঁদ্বন্দ্বঞ্চ পুনর্ন্যস্বা ঋ ৠ ঌ ৡঞ্চ পূর্ব্ববৎ। মূলেন পুটিতাং দেবীং তৎপুটং মন্ত্রমেব চ। অনুলোমবিলোমেন ন্যস্য মন্ত্রং যথাবিধি। মূলেনাষ্টশতং কুর্য্যাৎ ব্যাপকং তদনন্তরম্। যথা—প্রথমে মাতৃকান্যাস করিয়া, ওঁ অং ওঁ, ওঁ আং ওঁ, ইত্যাদিরূপে ওঁকারপুটিত মাতৃকাবর্ণ মাতৃকান্যাসস্থানে বিন্যাস করিবে, পরে অং ওঁ অং, আং ওঁ আং ইত্যাদিরূপে মাতৃকাপুটিত প্রণব মাতৃকাস্থানে ন্যাস করিয়া শ্রীঁ অং শ্রীঁ ইত্যাদিরূপে শ্রীবীজপুটিত মাতৃকাবর্ণ ন্যাস, তদনন্তর অং শ্রীং অং ইত্যাদিরূপ মাতৃকাপুটিত শ্রীবীজন্যাস, এইরূপ ক্লীঁ অং ক্লীঁ কাম-বীজপুটিত মাতৃকা, তথা অং ক্লীং অং ইতি মাতৃকাপুটিত কামবীজন্যাস, অতঃপর হূং অং হূং ইত্যাদি ন্যাস এবং অং হূং অং ইত্যাদি ন্যাস করত পূর্ব্ববৎ ক্রীঁ ক্রীঁ অং ক্রীঁ ক্রীঁ, এবং অং ক্রীঁ ক্রীঁ অং ইত্যাদি, তথা ঋং ৠং—অং ঋং ৠং ইত্যাদি এবং অং ঋং ৠং অং ইত্যাদি তথা ঌং ৡং অং ঌং ৡং ইত্যাদি এবং অং ঌং ৡং অং ইত্যাদি ন্যাস করিয়া মূলমন্ত্র-(ক্রীঁ ক্রীং ক্রীঁ

হূং হূং হ্রীং হ্রীং দক্ষিণে কালিকে ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা ) পুটিত মাতৃকাবর্ণ এবং মাতৃকাবর্ণ-পুটিত মূলমন্ত্র মাতৃকান্যাসস্থানে ন্যাসপূর্ব্বক শুদ্ধ মূলমন্ত্র অনুলোমে মাতৃকাস্থানে ন্যাস, তদনন্তর বিলোমে ( স্বাহা হ্রীং হ্রীং হূং হূং ক্রীং ক্রীং ক্রীং কালিকে দক্ষিণে হ্রীং হ্রীং হূং হূং ক্রীং ক্রীং ক্রীং ) মাতৃকা-পুটন্যাস করত মূলমন্ত্রে এক শত আটবার ব্যাপকন্যাস করিতে হয়। শ্যামার এই ষোঢ়ান্যাসে সাধকের সর্ব্বপাপ নষ্ট হয়।

অথ তত্ত্বন্যাস—ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, এই মন্ত্রে পাদাদি নাভি পর্য্যন্ত স্পর্শ, দক্ষিণে কালিকে ক্রীং ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহ ইতি নাভি প্রভৃতি হৃদয়দেশ পর্য্যন্ত স্পর্শ, ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা ইতি হৃদয়াদি শিরঃ পর্য্যন্ত স্পর্শ করিবে। অথ বীজন্যাস যথা—ব্রহ্মরন্ধ্রে ক্রীং নমঃ, ভ্রূমধ্যে ক্রীং নমঃ, ললাটে ক্রীং নমঃ, নাভিদেশে হূং নমঃ, গুহ্যে হূং নমঃ, মুখে হ্রীং নমঃ, সর্ব্বাঙ্গে হ্রীং । এই ষোঢ়া, তত্ত্ব, বীজন্যাস কাম্যপূজায় অবশ্য কর্ত্তব্য। পরে মূলমন্ত্রে সপ্তবার কেশাদি পাদ পর্য্যন্ত, পুনঃ পাদাদি কেশ পর্য্যন্ত স্পর্শ করিবে। এই ব্যাপকন্যাস করিয়া যথাবিধি ভূতিনী, যোনি, আকর্ষণী, বর, অভয়, খড়্গ, মুণ্ড মুদ্রা প্রদর্শন করাইয়া ধ্যান করিবে, যথা—

ওঁ করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাম্। কালিকাং দক্ষিণাং দিব্যাং মুণ্ডমালাবিভূষিতাম্। সদ্যশ্ছিন্নশিরঃখড়্গ-বামাধোর্দ্ধকরাম্বুজাম্। অভয়ং বরদঞ্চৈব দক্ষিণাধোর্দ্ধপাণিকাম্ ( দক্ষিণোর্দ্ধাধঃপাণিকাম্ ) মহামেঘপ্রভাং শ্যামাং তথা চৈব দিগম্বরীম্ ( দিগম্বরাম্ )। কণ্ঠাবসক্তমুণ্ডালীগলদ্রুধির-চর্চ্চিতাম্। কর্ণাবতংসতানীতশব-(শর) যুগ্মভয়ানকাম্। ঘোরদংষ্ট্রাং করালাস্যাং পীনোন্নতপয়োধরাম্। শবানাং করসংঘাতৈঃ কৃতকাঞ্চীং হসন্মুখীম্। সৃক্কদ্বয়-গলদ্রক্তধারাবিস্ফুরিতাননাম্। ঘোররাবাং মহারৌদ্রীং শ্মশানালয়বাসিনীম্। বালার্কমণ্ডলাকার-লোচনত্রিতয়ান্বিতাম্। দন্তুরাং দক্ষিণব্যাপিমুক্তালম্বি-কচোচ্চয়াম্। শবরূপমহাদেবহৃদয়োপরি সংস্থিতাম্। শিবাভির্ঘোর-রাবাভিশ্চতুর্দ্দিক্ষু সমন্বিতাম্। মহাকালেন চ সমং বিপরীতরতাতুরাম্। সুখ-প্রসন্নবদনাং স্মেরাননসরোরুহাম্। এবং সংচিন্তয়েৎ কালীং ধর্ম্মকামার্থ-সিদ্ধিদাম্॥ এইরূপে ধ্যান করিয়া মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ-স্থাপন করিবে। যথা—বামভাগে ভূমিতে হূং লিখিয়া তদ্বহিঃ ত্রিকোণ অঙ্কন করিবে, তদুপরি পাত্র স্থাপন পূর্ব্বক ধৌতশঙ্খ মূলমন্ত্রে ও বিলোম মাতৃকাবর্ণে ( ক্ষং লং হং সং ইত্যাদি ) শুদ্ধজলে ত্রিভাগ পূর্ণ করিয়া তাহাতে অষ্টাঙ্গ অর্ঘ্য

( গন্ধ পুষ্প অক্ষত যব কুশাগ্র তিল সর্ষপ দূর্ব্বা ) রাখিয়া ওঁ গঙ্গে চ ইত্যাদি মন্ত্রে তীর্থাবাহন পূর্ব্বক এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ ইতি ত্রিপদিকা-পূজা, ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ ইতি শঙ্খপূজা, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ ইতি শঙ্খস্থ জলপূজা করিয়া ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ বা ক্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদিরূপে অগ্নি ঈশান নৈর্ঋত বায়ুকোণে পূজানন্তর অগ্রে ওঁ হ্রৌং বা ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ হ্রঃ বা ক্রঃ অস্ত্রায় ফট্ মন্ত্রে পূজা করত. তদুপরি মৎস্যমুদ্রায় আচ্ছাদন করিয়া মূলমন্ত্র দশবার জপান্তে বং মন্ত্রে ধেনুমুদ্রায় অমৃতীকরণ, ফট মন্ত্রে রক্ষণ ও ভূতিনী যোনিমুদ্রাপ্রদর্শন পূর্ব্বক সেই জল কোশাতে কিঞ্চিৎ ফেলিবে ও মূলমন্ত্রে ঐ জল দ্বারা নিজকে এবং পূজার উপকরণ অভ্যুক্ষণ করিয়া পীঠপূজা পীঠন্যাস ক্রমে করিবে। যথা—প্রথমে যন্ত্র অঙ্কন করিবে।

পীঠপূজার পূর্ব্বে দেবীযন্ত্র পঞ্চগুঁড়ি দ্বারা অঙ্কন করিবে, যথা—ক্রীঁ হ্রীঁ লিখিয়া তাহার বাহিরে ত্রিকোণ ৫টি আঁকিয়া তাহার বহির্ভাগে বৃত্ত, তদ্বহিঃ অষ্টদলপদ্ম, তদ্বহিঃ বৃত্ত, তদ্বহিঃ চতুর্দ্বারাত্মক ভূগৃহ চিত্রিত করিয়া তদুপরি ঘট স্থাপন করিবে, যথা—ক্রীম্ ইতি ঘট প্রোক্ষণ, ঐঁ ইতি শোধন, সৌঃ ইতি ঘটারোপণ, হ্রী ইতি জলপূরণ, ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি জলদা নদাঃ। হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গপাতাল-ভূগতাঃ। সর্ব্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্ব্বন্তু সন্নিধিম্॥ ইতি তীর্থাবাহন, শ্রীঁ ইতি পঞ্চপল্লব ( পনস, আম্র, অশ্বত্থ, বট, বকুলশাখা ) হুঁ ইতি ফলারোপণ, স্ত্রীঁ ইতি স্থিরীকরণ, রং ইতি সিন্দূরদান, ফট্ ইতি পুষ্পদান, ক্রীমিতি দূর্ব্বা-দান, ওঁ ইতি অভ্যুক্ষণ, হুঁ ফট্ স্বাহা ইতি কুশ দ্বারা কুম্ভতাড়ন পূর্ব্বক ঘটকে দেবীপীঠ চিন্তা করিয়া তাহাতে পীঠদেবতার আবাহন করত পীঠপূজা করিবে।

পীঠপূজা—আধারশক্ত্যে নমঃ ইত্যাদি পীঠন্যাসোক্ত দেবতার পূজা করিয়া চতুর্দ্দিকে মুনিভ্যঃ, দেবেভ্যঃ, মুণ্ডকেভ্যো নমঃ, পূর্ব্বাদি দিকে ও কেশরে যথা-ক্রমে ধর্ম্মাদি জ্ঞানাত্ম পর্য্যন্ত, মধ্যে ইচ্ছাদি মনোন্মনী পর্য্যন্ত, তদুপরি হ্সৌঃ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায় নমঃ, পীঠের উত্তরে ওঁ গুরুভ্যঃ, পরমগুরুভ্যঃ, পরাপরগুরুভ্যঃ, পরমেষ্ঠিগুরুভ্যঃ। ইতি পূজা করিয়া পুনর্ধ্যান ও পুষ্পা-ঞ্জলিতে মূর্ত্তি কল্পনা পূর্ব্বক আনয়ন করিয়া ঐ পুষ্প ঘটে দিয়া মূলমন্ত্রে কল্পিত মূর্ত্তিতে আবাহন করিবে, যথা—ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব॥ ক্রীঁ ক্রী ক্রীঁ হুং হুং হ্রীঁ হ্রীং দক্ষিণে

কালিকে ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা শ্রীমদ্দক্ষিণে কালিকে দেবি ইহাবহ ইহাবহ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অভিমুখীভব ইতি আবাহন্যাদি মুদ্রা প্রদর্শন পূর্ব্বক 'হুম্' এই মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা দেখাইয়া ক্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি অঙ্গমন্ত্রে দেবীগাত্রে অঙ্গন্যাস করিয়া বম্ ইতি ধেনুমুদ্রায় অমৃতীকরণ, পরমীকরণ মুদ্রায় পরমীকরণ, ভূতিনী আকর্ষণী যোনিমুদ্রাপ্রদর্শন পূর্ব্বক মূলমন্ত্রে চক্ষুর্দ্দান (ঊর্দ্ধ বাম দক্ষিণক্রমে) করত প্রাণপ্রতিষ্ঠা করিবে, যথা—অস্য প্রাণপ্রতিষ্ঠামন্ত্রস্য ব্রহ্মবিষ্ণুমহেশ্বরা ঋষয়ঃ ঋগ্‌যজুঃসামানি ছন্দাংসি চৈতন্যং দেবতা প্রাণপ্রতিষ্ঠায়াং বিনিয়োগঃ। আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হোং হং সঃ অস্যাঃ শ্রীদক্ষিণকালিকায়াঃ প্রাণা ইহ প্রাণাঃ, আমিত্যাদি জীব ইহ স্থিতঃ, আমিত্যাদি সর্ব্বেন্দ্রিয়াণি বাঙ্‌মনশ্চক্ষুঃ-শ্রোত্র ঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা, ওঁ মনোজূতি-র্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু। অরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তামোং প্রতিষ্ঠ। ওঁ অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্যৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা। পরে ওঁ কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ, ইতি শ্যামাগায়ত্রী ও যথাশক্তি ক্রীং ক্রীমিত্যাদি মূলমন্ত্র জপ করিয়া ষোড়শোপচারে পূজা করিবে, যথা—রজতাসন অর্ঘ্যোদকে বং মন্ত্রে শোধন, ওঁ এতস্মৈ রজতাসনায় নমঃ এই মন্ত্রে তিনবার প্রোক্ষণ, এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ রজতাসনায় নমঃ, ইতি অর্চ্চনা, এতে গন্ধপুষ্পে ওঁ এতদধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ—ইতি বিষ্ণুপূজা, এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদান্যৈ শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ, ইতি সম্প্রদানীয় দেবতাপূজাপূর্ব্বক মূলমন্ত্রপাঠান্তে (ক্রীং ক্রীং ক্রীং ইত্যাদি) এতদ্রজতাসনং শ্রীমদ্ দক্ষিণকালিকায়ৈ নমঃ ইতি নিবেদন করিবে। এই প্রণালীতে অন্যান্য উপচার নিবেদন করিবে। মূলোচ্চারণান্তে শ্রীদক্ষিণে কালিকে দেবি স্বাগতন্তে। পাদ্যং নমঃ, অর্ঘ্যং স্বাহা, আচমনীয়ং স্বধা, মধুপর্কঃ স্বধা, পুনরাচমনীয়ং স্বধা, স্নানীয়ং নিবেদয়ামি, আচমনীয়ং স্বধা, বস্ত্রং নমঃ, আচমনীয়ং স্বধা, আভরণং নমঃ, গন্ধো নমঃ, পুষ্পাণি বৌষট্, (বিল্বপত্রাণি নমঃ)। পরে শিরঃ, হৃদয়, মূলাধার, পাদ, সর্ব্বাঙ্গ উদ্দেশ্যে যথাক্রমে মূলমন্ত্রে পঞ্চপুষ্পাঞ্জলি দানান্তে এষ পুষ্পাঞ্জলিঃ দক্ষিণকালিকায়ৈ বৌষট্ মন্ত্রে অর্পণ করিয়া—দেবীর বামভাগে ধূপ নীচভাবে—ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ নিবেদন করিয়া মূলমন্ত্র উচ্চারণ

করিয়া এষ ধূপঃ নমঃ। দক্ষিণভাগে দৃষ্টি পর্য্যন্ত দীপ—ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরং জ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ মূলোচ্চারণান্তে এষঃ দীপঃ নমঃ। ইতি নিবেদনান্তে ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা ইতি ঘণ্টা পূজা করিয়া বামহস্তে বাদন পূর্ব্বক উহা দ্বারা আরাত্রিক করিবে। পরে পুষ্পাঞ্জলিত্রয় মূলমন্ত্রে বৌষট্ পাঠসহকারে দেবীপাদে অর্পণ করিয়া নৈবেদ্য আমান্ন দেবীর দক্ষিণে, পকান্ন দেবীর বামভাগে মণ্ডলোপরি রাখিয়া যথানিয়মে অর্চ্চনাদি করিয়া নৈবেদ্যং নিবেদয়ামি ইতি নিবেদন, আচমনীয়ং স্বধা, পঞ্চগ্রাসমুদ্রা প্রদর্শন, পানার্থজলং নমঃ—পুনরাচমনীয়ং স্বধা ইতি নিবেদনান্তে অন্যান্য অন্নপাত্র, জলপাত্র, মাল্য, সিন্দুর, পেটিকা প্রভৃতি অর্পণ করিয়া আবরণপূজা করিবে, যথা—শ্রীমদ্দক্ষিণকালিকে দেবি আবরণন্তে পূজয়ামি ইতি অনুমতি গ্রহণ করিয়া আবরণদেবতার আবাহন পূর্ব্বক পীঠপদ্মের কেশরে অগ্ন্যাদি কোণে ক্রাং হৃদয়ায় নমঃ, ক্রীং শিরসে স্বাহা, ক্রূং শিখায়ৈ বষট্, ক্রৈং কবচায় হুং, ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, চতুর্দ্দিকে ওঁ ক্রঃ অস্ত্রায় ফট্। *

মণ্ডলপদ্মের ষট্‌কোণে—ওঁ সর্ব্বাঃ শ্যামা অসিকরা মুণ্ডমালাবিভূষিতাঃ। তর্জ্জনীং বামহস্তেন ধারয়ন্ত্যঃ শুচিস্মিতাঃ। দিগম্বরা হসন্মুখ্যঃ স্বস্ববাহনভূষিতাঃ॥ এই ধ্যান করিয়া ওঁ কাল্যৈ নমঃ, এবং কপালিন্যৈ, কুল্লায়ৈ, কুরুকুল্লায়ৈ, বিরোধিন্যৈ, বিপ্রচিত্তায়ৈ। অন্ত্যত্রিকোণে—উগ্রায়ৈ, উগ্রপ্রভায়ৈ। দ্বিতীয়ত্রিকোণে—ওঁ নীলায়ৈ নমঃ, এবং ঘনায়ৈ, বলাকায়ৈ। তৃতীয়ত্রিকোণে—ওঁ মাত্রায়ৈ নমঃ, এবং মুদ্রায়ৈ, মিতায়ৈ॥ এইরূপে পূজা করিয়া অষ্টপত্রে পূর্ব্বাদি কোণে ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ এবং নারায়ণ্যৈ, মাহেশ্বর্য্যৈ, চামুণ্ডায়ৈ, কৌমার্য্যৈ, অপরাজিতায়ৈ, বারাহ্যৈ, নারসিংহ্যৈ এই মন্ত্রে অষ্টশক্তিপূজান্তে (পূর্ব্বাদিদিকে ওঁ ইন্দ্রায় নমঃ, এবং অগ্নয়ে, যমায়, নৈর্ঋতায়, বরুণায়, বায়বে, কুবেরায়, ঈশানায়, ব্রহ্মণে, অনন্তায় মন্ত্রে দিক্‌পালের পূজা করত ওঁ বজ্রায় নমঃ এবং শক্তয়ে, দণ্ডায়, খড়্গায়, পাশায়, অঙ্কুশায়, গদায়ৈ, শূলায়, পদ্মায়, চক্রায়, এই মন্ত্রে অস্ত্রপূজা কেহ কেহ করিয়া থাকেন,) পত্রাগ্রে ওঁ অসিতাঙ্গায় ভৈরবায় নমঃ, এবং রুরবে ভৈরবায়, ক্রোধায় ভৈরবায়, উন্মত্তায় ভৈরবায়, কপালিনে ভৈরবায়, ভীষণায় ভৈরবায়, ভয়ঙ্করায় ভৈরবায়, সংহারায় ভৈরবায়। পরে মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দিয়া পাদ্যাদিযোগে

* তন্ত্রসারমতে হ্রাং হৃদয়ায় নমঃ—ইত্যাদি।

দেবীর দক্ষিণভাগে মহাকালভৈরবকে পূজা করিবে। ধ্যান যথা—ওঁ মহাকালং যজেদ্দেব্যা দক্ষিণে ধূম্রবর্ণকম্। বিভ্রতং দণ্ডখট্টাঙ্গৌ দংষ্ট্রা ভীমমুখং শিশুম্। ব্যাঘ্রচর্ম্মাবৃতকটিং তুন্দিলং রক্তবাসসম্। ত্রিনেত্রমূর্দ্ধকেশঞ্চ মুণ্ডমালাবিভূষিতম্। জটাভারলসচ্চন্দ্রখণ্ডমুগ্রং জ্বলন্নিভম্॥ ধ্যানান্তে যথাবিধি মানসোপচারে পূজা, পুনর্ধ্যান করিয়া আবাহন পূর্ব্বক হুং ক্ষৌং যাং রাং লাং বাং ক্রোং মহাকালভৈরব সর্ব্ববিঘ্নান্ নাশয় নাশয় হ্রীঁ শ্রীঁ ফট্ স্বাহা এতৎপাদ্যং ওঁ মহাকালভৈরবায় নমঃ, এইরূপে অর্ঘ্যং স্বাহা, আচমনীয়ং স্বধা, স্নানীয়ং নিবেদয়ামি, গন্ধো নমঃ, পুষ্পাণি বৌষট্, ধূপো নমঃ, দীপো নমঃ, নৈবেদ্যং নিবেদয়ামি। অন্যান্য উপচার নমোঽন্ত মন্ত্রে নিবেদন করিয়া মূলমন্ত্রান্তে শ্রীমদ্দক্ষিণকলিকাং তর্পয়ামি স্বাহা এই মন্ত্রে তিনবার তর্পণ করিয়া দেবীকে মূলমন্ত্রে পঞ্চোপচারে পূজানন্তর দেবীর রূপ ধ্যান করত যথাশক্তি গায়ত্রী, প্রাণায়াম, ন্যাস, কুল্লুকা, সেতু, মহাসেতু জপান্তে ( মন্ত্রপ্রকরণ দ্রষ্টব্য ) মূলমন্ত্র যথাশক্তি জপ পূর্ব্বক জপ সমর্পণ, পুনঃ প্রাণায়াম, ন্যাসাদি ও প্রণাম করিয়া তান্ত্রিক নিয়মে বলিদান পূর্ব্বক আরাত্রিক ও স্তব-পাঠান্তে তান্ত্রিক হোমবিধি অনুসারে বহ্নিস্থাপনাদি করিয়া প্রকৃত হোমের সঙ্কল্প করিবে, যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ সঙ্কল্পিতশ্রীমদ্দক্ষিণকালিকাপূজাঙ্গীভূতং ক্রীঁ ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং দক্ষিণে কালিকে ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহেতি মন্ত্রকরণ-কৈকৈককশোঽষ্টোত্তরশতসংখ্যক- সতিলাজ্য-বিল্বপত্র-সমিৎকরণক- হোমকর্ম্মাহং করিষ্যামি। পরে সতিল সঘৃত অখণ্ড বিল্বপত্র প্রোক্ষণ ও অর্চ্চনা করিয়া বরমুদ্রায় অধোমুখভাবে একৈকশঃ স্বাহান্ত মূলমন্ত্রে অগ্নিতে নিক্ষেপ করিবে। পরে হোমদক্ষিণান্তে মূলমন্ত্রে স্বাহান্তে পূর্ণাহুতি দিবে। পরে তান্ত্রিক শান্তি ও তিলক দান করিয়া ওঁ ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধি-দেহ-ধর্ম্মাধিকারতো জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎ কৃতং তৎসর্ব্বং ব্রহ্মার্পণং ভবতু স্বাহা মাং মদীয়ঞ্চ সকলং সম্যক্ শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ সমর্পয়ামি ওঁ তৎসৎ ইতি আত্মসমর্পণ করিয়া ওঁ জয় জয় এই মন্ত্রে সামান্যার্ঘ্য দেবীপদে নিক্ষেপ করিবে। পরে প্রদক্ষিণ (১ বার) ও অষ্টাঙ্গ প্রণাম করিয়া দক্ষিণা দেয়। দেবীকে দক্ষিণা দিবে, যথা—( দক্ষিণা কাঞ্চনাদি ) ওঁ এতস্মৈ কাঞ্চনায় বা কাঞ্চনমূল্যায় নমঃ মন্ত্রে

প্রোক্ষণ ও অর্চ্চনাদি করিয়া এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ কাঞ্চনায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ শ্রীবিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদাত্রৈ শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ এই মন্ত্রে যথাযথ পূজা করিয়া অদ্যেত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শ্রীমদ্দক্ষিণকালিকাপ্রীতি-কামনয়া কৃতৈতৎ শ্রীমদ্দক্ষিণকালিকাপূজাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং তন্মূল্যং বা শ্রীবিষ্ণুদৈবতমর্চ্চিতং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং দদানি। (বরণ করা হইলে পূজক ও তন্ত্রধারকের বাক্য পাঠ করত দক্ষিণা দেয়) আবরণদেবতাগণকে দেবী-অঙ্গে বিলীন ভাবিয়া সংহার-মুদ্রায় শ্রীমদ্দক্ষিণে কালিকে দেবি ক্ষমস্ব এই মন্ত্রে তেজোরূপিণী দেবীকে নির্ম্মাল্যপুষ্পের সহিত নিম্নোক্ত মন্ত্রে স্বহৃদয়ে আরোপিত করিবে। যথা—ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতবাসিনি। ব্রহ্মযোনিসমুৎপন্নে গচ্ছ দেবি মমান্তরম্। পরে নির্ম্মাল্যপুষ্প ও নৈবেদ্য ঈশানকোণে মণ্ডল করিয়া তদুপরি এতন্নির্ম্মাল্যং ওঁ উচ্ছিষ্টচাণ্ডালিন্যৈ নমঃ এই মন্ত্রে নিক্ষেপ করিবে। অনন্তর অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান, পাদোদক পান, মস্তকে নির্ম্মাল্য ধারণ করত দেবীর যন্ত্রলেপ বাম হস্তে করিয়া বাম হস্তের কনিষ্ঠাঙ্গুলি দ্বারা হ্রীং এই বীজ লিখিয়া তদ্দ্বারা নিম্নোক্ত মন্ত্রে ললাটে তিলক করিবে। যথা—ওঁ যং যং স্পৃশামি পাদাভ্যাং যো মাং পশ্যতি চক্ষুষা। স এব দাসতাং যাতু রাজানো তুষ্টদস্তবঃ॥ ইতি।

---

## রটন্তী-কালিকা-পূজা।

পূজাকালনিয়ম যথা—

মাঘে মাস্যসিতে পক্ষে রটন্ত্যাখ্যা চতুর্দ্দশী।
তস্যাং প্রদোষসময়ে পূজয়েন্মুণ্ডমালিনীম্॥
তথা—মকরস্থে রবৌ কৃষ্ণচতুর্দ্দশ্যা নিশার্দ্ধকে।
পূজয়েদ্দক্ষিণাং কালীং ধর্ম্মকামার্থসিদ্ধয়ে॥

ইত্যাদি বচন পর্য্যালোচনায় বুঝা যায় যে, মাঘ মাসের কৃষ্ণা চতুর্দ্দশীর প্রদোষকাল এবং নিশার্দ্ধ উভয়কালেই পূজা প্রশস্ত। এরূপ অবস্থায় সমাধান এই যে, স্মৃত্যুক্ত পূজায় প্রদোষই গ্রাহ্য, আগমোক্ত পূজায় নিশার্দ্ধ গ্রাহ্য, অর্থাৎ তান্ত্রিক মতানুসারে সর্ব্ববিধানুষ্ঠায়িগণ অর্দ্ধরাত্রে ও তদ্ভিন্ন সকলেই

প্রদোষে পূজা করিবেন। উভয় দিনে প্রদোষে মুহূর্ত্তাত্মক চতুর্দ্দশীলাভে পরদিনে। যেহেতু, চতুর্দ্দশীযুক্তামাবস্যা দেবীর প্রিয়, উভয়দিনে প্রদোষে মুহূর্ত্তান্যূন চতুর্দ্দশীর অলাভে পূর্ব্বদিনে গৌণকালে পূজা। নিশার্দ্ধে পূজায় দীপান্বিতা ব্যবস্থা গ্রাহ্য। পূজা-প্রকরণ দীপান্বিতা পূজাবৎ জ্ঞাতব্য।

## ফলহারিণী-পূজা।

তত্র প্রমাণম্—জ্যৈষ্ঠে মাসি তথামায়াং সফলং কালিকার্চ্চনম্।
সফলম্ ফলসমন্বিতম্ ফলদ্বারা পূজনম্ ইতি যাবৎ।

পূজাকাল—

জ্যৈষ্ঠে মাসি ত্বমায়াং বৈ মধ্যরাত্রে মহেশ্বরি।
পূজয়েৎ কালিকাং দেবীং নানাদ্রব্যোপহারকৈঃ॥

জ্যৈষ্ঠ মাসের অমাবস্যায় অর্দ্ধরাত্রে দেবীকে নানাবিধ ফল দ্বারা পূজা করিবে। অর্দ্ধরাত্র পূজার মুখ্য কাল, এ স্থলেও দীপান্বিতাবৎ পূজাপ্রকরণ ও: ব্যবস্থা গ্রাহ্য।

## অমাবস্যানিমিত্তক-প্রতিমাসীয়-শ্যামাপূজা।

তত্র প্রমাণম্—নিত্যং প্রপূজয়েদ্দেবীং দর্শমাত্রে বিশেষতঃ।
ভূতযুক্তা তু সা জ্ঞেয়া উমামাহেশ্বরী তিথিঃ॥
পূজাকালঃ—রাত্রাবেব মহামায়াং কালিকাং কালরূপিণীম্।
পূজয়েদ্ভক্তিভাবেন মহাবিভববিস্তরৈঃ।
গুহ্যাদ্গুহ্যতরাং দেবীং দিবা নৈব প্রপূজয়েৎ॥

কালীভক্ত সাধক প্রতিমাসীয় অমাবস্যায় অর্দ্ধরাত্রে ভক্তিভাবে মহাবিভবানুরূপে উপচার দ্বারা পূজা করিবে। উভয় দিনে অর্দ্ধরাত্রে অমাবস্যাপ্রাপ্তিস্থলে চতুর্দ্দশীযুক্ত অমাবস্যাই পূজায় গ্রাহ্য। পূজা-প্রকরণ দীপান্বিতায় দ্রষ্টব্য।

## শ্মশানকালীপূজা।

দক্ষিণকালিকাপূজাপ্রণালীতে ভূতশুদ্ধি মাতৃকান্যাসান্ত কর্ম্ম করিবে, কেবল মন্ত্রাচমন—মূলান্তে ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা এই মন্ত্রে হইবে। পরে ঐং হ্রীং শ্রীং ক্লীং কালিকে ক্লীং শ্রীং হ্রীং ঐং এই একাদশাক্ষরে যথাশক্তি প্রাণায়াম করিয়া পীঠন্যাসান্তে ঋষ্যাদি-ন্যাস করিবে, যথা—শিরসি ভৃগুঋষয়ে নমঃ, মুখে নিবৃচ্ছন্দসে নমঃ, হৃদি শ্মশানকালিকায়ৈ নমঃ।

করন্যাস—ঐং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা, শ্রীং মধ্যমাভ্যাং বষট্, ক্লীং অনামিকাভ্যাং হুং, কালিকে কনিষ্ঠাভ্যাং বৌষট্, ক্লীং শ্রীং হ্রীং ঐং করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস—ঐং হৃদয়ায় নমঃ, হ্রীং শিরসে স্বাহা, শ্রীং শিখায়ৈ বষট্, ক্লীং কবচায় হুং, কালিকে নেত্রত্রয়ায় বৌষট্, ক্লীং শ্রীং হ্রীং ঐং করতল-পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্; মূলমন্ত্রে সপ্তধা ব্যাপকন্যাসান্তে ধ্যান করিবে, যথা—

ওঁ অঞ্জনাদ্রিনিভাং দেবীং শ্মশানালয়বাসিনীম্।
রক্তনেত্রাং মুক্তকেশীং শুষ্কমাংসাতিভৈরবাম্।
পিঙ্গাক্ষীং বামহস্তেন মদ্যপূর্ণং সমাংসকম্।
সদ্যঃকৃত্তশিরো দক্ষহস্তেন দধতীং শিবাম্।
স্মিতবক্ত্রাং সদা চামমাংসচর্ব্বণতৎপরাম্।
নানালঙ্কারভূষাঙ্গীং নগ্নাং মত্তাং সদাসবৈঃ॥

ধ্যানান্তে বিশেষার্ঘ্যস্থাপন, পুনর্ধ্যান, মূলমন্ত্রে পূজান্তে ষড়ঙ্গন্যাস, ব্রাহ্ম্যাদি অষ্টশক্তি, অসিতাঙ্গাদি ভৈরবগণের পূজান্তে অন্যান্য কার্য্য শ্যামা-প্রকরণবৎ করিবে। পূজাযন্ত্র যথা—অষ্টদল পদ্ম অঙ্কন পূর্ব্বক তদ্বাহ্যে বৃত্ত, তদ্বহিঃ ভূমি, তাহাতে চতুর্দ্দিকে চতুর্দ্বার, পদ্মমধ্যে কর্ণিকায় দেবীর মূলমন্ত্র অষ্টপত্রে পূর্ব্বাদিক্রমে কবর্গ, চবর্গ, টবর্গ, তবর্গ, পবর্গ, যবর্গ, শবর্গ, লক্ষ এই অষ্টবর্গ লিখিবে। ভূপুরের কোণচতুষ্টয়ে ঐং হ্রীং শ্রীং ক্লীং লিখিতে হয়। এই মন্ত্রেই দেবীর অর্চ্চনা করিবে।

## শ্রীশ্রীজগদ্ধাত্রী-পূজা।

নিত্যক্রিয়াসমাপনান্তে উত্তরমুখে বসিয়া আচমন পূর্ব্বক ঘটে বা নারায়ণ-শিলায় গণেশাদি দেবতার উদ্দেশে গন্ধপুষ্প দিয়া "ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীমজ্জগদ্ধাত্র্যা দুর্গায়াঃ পূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু" ইত্যাদি প্রকারে স্বস্তিবাচন করত নিম্নোক্ত বাক্যে সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে নবম্যান্তিথৌ অমুকগোত্রঃ সদারাপত্যঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক-পুরুষার্থচতুষ্টয়সিদ্ধিকামঃ শ্রীমজ্জগদ্ধাত্র্যাঃ দুর্গায়াঃ পূজনমহং করিষ্যে॥ *

পরে সূক্তাদিপাঠান্তে দীক্ষিত পূজক তন্ত্রধারককে বরণ করিতে হয়। (২৩৬ পৃঃ) পরে পূজক আসনে বসিয়া ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা এই মন্ত্রে তিন বিন্দু জল মুখে দিবে (আচমন)। পরে ওঁ মণিধরি বজ্রিণি মহা প্রতিসরে রক্ষ রক্ষ মাং হুং ফট স্বাহা ইতিমন্ত্রে শিখাবন্ধন পূর্ব্বক ওঁ ভূতাদয় ইহাগচ্ছত ইত্যাদিরূপে ভূতাদির আবাহন ও ওঁ ভূতাদিভ্যো নমঃ এই মন্ত্রে পূজা করত মাষভক্তবলি লইয়া ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ। পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্-বিনিঃসৃত্য পূজাং গৃহ্নন্তু মৎকৃতাম্। এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এই মন্ত্রে নিবেদন করিয়া ওঁ ভূতাদয়ঃ ক্ষমধ্বম্ ইতি বিসর্জ্জন করিবে। পরে ঘটস্থাপন করিবে, যথা—ক্রোং ইতি প্রোক্ষণ, ঐং ইতি শোধন, স্ত্রীং ইতি রোপণ, হ্রীং ইতি পূরণ, ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি জলদা নদাঃ। হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গপাতালভূগতাঃ। সর্ব্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্ব্বন্তু সন্নিধিম্॥ ইতি তীর্থাবাহন। শ্রীং ইতি পল্লব, হুং ইতি ফল, স্ত্রীং ইতি স্থিরীকরণ, রং ইতি সিন্দুর, হূং ইতি পুষ্প, দূং ইতি দূর্ব্বা, হূং ফট্ স্বাহা ইতি ভূতাড়ন,

* অগ্রহায়ণ মাসে উক্ত তিথি সংঘটিত হইলে মার্গশীর্ষে মাসি বৃশ্চিকরাশিস্থে ভাস্করে ইতি পরিবর্ত্তন করিয়া উল্লেখ্য।

* কার্ত্তিকী শুক্লা নবমী তিথিতে প্রভাতে, মধ্যাহ্নে ও সায়াহ্নে জগদ্ধাত্রী দুর্গার অর্চ্চনা কর্ত্তব্য। পূর্ব্বদিন ত্রিসন্ধ্যাব্যাপিনী নবমী হইয়াও যদি পরদিন মুহূর্ত্তকাল নবমী থাকে, তাহা হইলে পরদিনই পূজা ব্যবস্থা। ইহাতে অষ্টমীর যুগ্মাদর নাই।

ঘটকে দেবীপীঠ চিন্তা করিবে। পরে সামান্যার্ঘ্য, দ্বারদেবতাপূজা, বিঘ্নাপসারণ, আসনশুদ্ধি, মূলমন্ত্রাভিমন্ত্রিত জলে পূজোপকরণ প্রোক্ষণ, তদুপরি ধেনুমুদ্রা প্রদর্শন, স্ববামভাগে স্থাপনরূপ দ্রব্যশুদ্ধি, গুরুপ্রণাম, দিগ্‌বন্ধন, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, (অন্তর্মাতৃকা, বাহ্যমাতৃকা, সংহারমাতৃকান্যাস) প্রাণায়াম (দুং মন্ত্রে) করিয়া ওঁ আধারশক্তয়ে নমঃ ইত্যাদি হ্রীং জ্ঞানাত্মনে নম ইত্যন্ত ন্যাস যথাস্থানে করিয়া হৃৎপদ্মের অষ্ট কেশরে ও কর্ণিকায় হ্রীং প্রভায়ৈ, হ্রীং মায়ায়ৈ, হ্রীং জয়ায়ৈ, হ্রীং সূক্ষ্মায়ৈ, হ্রীং বিশুদ্ধায়ৈ, হ্রীং নন্দিন্যৈ, হ্রীং বিজয়ায়ৈ, হ্রীং সর্ব্বসিদ্ধিদায়ৈ নমঃ এই মন্ত্রে পীঠন্যাস করত ঋষ্যাদিন্যাস করিবে, যথা—অস্য শ্রীজগদ্ধাত্রীদুর্গামন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীজগদ্ধাত্রী দুর্গা দেবতা চতুর্ব্বর্গসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। শিরসি নারদায় ঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি দুং জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ। অনন্তর করন্যাস,—দাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, দীং তর্জ্জনীভ্যাং স্বাহা, দূং মধ্যমাভ্যাং বষট্‌, দৈং অনামিকাভ্যাং হুং, দৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্‌, দঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্‌। অঙ্গন্যাস—দাং হৃদয়ায় নমঃ, দীং শিরসে স্বাহা, দূং শিখায়ৈ বষট্‌, দৈং কবচায় দৌং নেত্রত্রয়ায় বৌষট্‌, দঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্‌। ব্যাপকন্যাস—মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক কেশ হইতে পাদ ও পাদ হইতে কেশ পর্য্যন্ত স্পর্শ, সাতবার এইরূপ কর্ত্তব্য। পরে যথাবিধি পাশ, অঙ্কুশ, বর, অভয়, খড়্গ, চর্ম্ম, ধনুঃ, শর ও মুষল মুদ্রা প্রদর্শন পূর্ব্বক ধ্যান করিবে, যথা—ওঁ সিংহস্কন্ধাধিসংরূঢ়াং নানালঙ্কারভূষিতাম্‌। চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীম্‌। শঙ্খচক্রধনুর্ব্বাণলোচনত্রিতয়ান্বিতাম্‌। রক্তবস্ত্রপরীধানাং বালার্কসদৃশীতনুম্‌। নারদাদ্যৈর্ম্মুনিগণৈঃ সেবিতাং ভবসুন্দরীম্‌ (গেহিনীম্‌)। ত্রিবলীবলয়োপেতনাভিনালমৃণালিনীম্‌। রত্নদ্বীপমহাদ্বীপে সিংহাসনসমন্বিতে। প্রফুল্লকমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবগেহিনীম্‌॥

ধ্যান করিয়া মানসপূজা করত বিশেষার্ঘ্য স্থাপন পূর্ব্বক উহা হইতে কিঞ্চিৎ জল কোশায় লইয়া তাহা আপনার শিরঃপ্রদেশে ও পূজাদ্রব্যে প্রক্ষেপ করিবে। অনন্তর—"এতে গন্ধপুষ্পে ওঁ গুরুভ্যো নমঃ।" এই প্রণালীতে—"পরমগুরুভ্যঃ, পরাপরগুরুভ্যঃ, পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ" বলিয়া পূজা করত নিম্নলিখিতরূপে পীঠপূজা কর্ত্তব্য, যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ। এই প্রকারে—প্রকৃতয়ে, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়,

মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়, (অগ্ন্যাদি কোণে) ধর্ম্মায়, জ্ঞানায়, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, পূর্ব্বাদি দিক্‌চতুষ্টয়ে ওঁ অধর্ম্মায়, মধ্যে অনন্তায়, পদ্মায়, অং সূর্য্য-মণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নি-মণ্ডলায় দশকলাত্মনে, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে, ( পদ্মমধ্যে অষ্টদিকে ) হ্রীং প্রভায়ৈ, হ্রীং মায়ায়ৈ, হ্রীং জয়ায়ৈ হ্রীং সূক্ষ্মায়ৈ, হ্রীং বিশুদ্ধায়ৈ, হ্রীং নন্দিন্যৈ, হ্রীং সুপ্রভায়ৈ, হ্রীং বিজয়ায়ৈ, হ্রীং সর্ব্বসিদ্ধিদায়ৈ,—ওঁ বজনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহাসনায় হুং ফট্ নমঃ ॥

তৎপরে পুনর্ধ্যানান্তে স্বীয় হৃদয় হইতে তেজোময়ী দেবীকে চিন্তা দ্বারা হস্তস্থ ফুলের সহিত ঘটে আরোপণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে আবাহন করিবে, যথা—

ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব ॥ ( মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক ) ওঁ জগদ্ধাত্রি দুর্গে দেবি স্বকীয়গণ-সহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিহিতা ভব ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ ॥

তদনন্তর "দাং হৃদয়ায় নমঃ" প্রভৃতিরূপে দেবতাঙ্গে ষড়ঙ্গবিন্যাস, তুড়ি দ্বারা দশদিগ্বন্ধন করত অবগুণ্ঠন, ধেনু, যোনি, ভূতিনী, আকর্ষণী ও পরমী-করণমুদ্রা প্রদর্শন, চক্ষুর্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিতে হয়। প্রাণপ্রতিষ্ঠা অন্যান্য পূজাবৎ, কেবল "জগদ্ধাত্র্যা দুর্গায়া প্রাণাঃ" এইমাত্র প্রভেদ। পরে ষোড়শোপচারে নিম্নলিখিত প্রকারে পূজা করিবে।. যথা,—

এতে গন্ধপুষ্পে ওঁ রজতাসনায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায়ৈ শ্রীমজ্জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ, দুং ইদং রজতাসনং জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ ॥

অনন্তর করপুটে "দুং জগদ্ধাত্রি দুর্গে দেবি স্বাগতং সুস্বাগতম্।" অর্চ্চনাদি করিয়া সমস্ত বস্তু দান করিবে। বিশেষ এই যে,—পাদ্যং নমঃ, অর্ঘ্যং স্বাহা, আচমনীয়ং স্বধা, মধুপর্কঃ স্বধা, পুনরাচমনীয়ং নমঃ, স্নানীয়ং নিবেদয়ামি, আচমনীয়ং স্বধা, বস্ত্রং নমঃ, আচমনীয়ং স্বধা, আভরণং নমঃ, গন্ধো নমঃ, পুষ্পং বৌষট্, বিল্বপত্রং নমঃ। আর মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিপঞ্চক দিতে হয়। ধূপো নমঃ, দীপো নমঃ, ধূপ-দীপ নিবেদন পূর্ব্বক অনেকে আরাত্রিক করেন ॥ মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দিয়া নৈবেদ্যং নিবেদয়ামি,—"অমৃতোপস্তরণমসি স্বাহা"

যাবৎ বলিয়া—"ওঁ নিবেদয়ামি ভবত্যৈ জুষাণেদং হবিঃ শিবে।" এই মন্ত্র উচ্চার্য্য। অনন্তর পানার্থ, আচমনীয় ও তাম্বূল এবং মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দিয়া ভোজ্য, ঘড়া, গাড়ু, দীপ প্রভৃতি উৎসর্গ করিবে।

পরে আবরণদেবতাপূজা কর্ত্তব্য। মতান্তরে ধূপদীপদানের পূর্ব্বেই আবরণদেবতাপূজা কর্ত্তব্য, যথা—শ্রীজগদ্ধাত্রি দুর্গে দেবি আবরণন্তে পূজয়ামি।

ইতি অনুজ্ঞা ও আবাহন পূর্ব্বক প্রণবাদি নমোঽন্ত মন্ত্র উচ্চারণ করিয়া গন্ধপুষ্প দ্বারা নবশক্তির অর্চ্চনা করিবে। যথা—এতে গন্ধপুষ্পে হ্রীং প্রভায়ৈ, হ্রীং মায়ায়ৈ, হ্রীং জয়ায়ৈ, হ্রীং সূক্ষ্মায়ৈ, হ্রীং বিশুদ্ধায়ৈ, হ্রীং নন্দিন্যৈ, হ্রীং সুপ্রভায়ৈ, হ্রীং বিজয়ায়ৈ, হ্রীং সর্ব্বসিদ্ধিদায়ৈ, ওঁ শঙ্খনিধয়ে, ওঁ পদ্মনিধয়ে। ওঁ জং জয়ায়ৈ নমঃ, এইরূপ বিং বিজয়ায়ৈ, কীং কীর্ত্ত্যৈ, প্রীং প্রীত্যৈ, প্রং প্রভায়ৈ, শ্রং শ্রদ্ধায়ৈ, শ্রুং শ্রুত্যৈ, মং মেধায়ৈ, শঙ্খায়, চক্রায় গদায়ৈ, খড়্গায়, পাশায় অঙ্কুশায়, চাপায়, শরায়। দাং হৃদয়ায় নমঃ, দীং শিরসে স্বাহা, দূং শিখায়ৈ বষট্, দৈং কবচায় হুং, দৌং নেত্রত্রয়ায় বৌষট্, দঃ অস্ত্রায় ফট্। পরে সাধ্যমত উপচারে এই সমস্ত দেবতাগণের অর্চ্চনা করিবে। যথা,—ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ। এই প্রকারে—নারায়ণ্যৈ, মাহেশ্বর্য্যৈ, কৌমার্য্যৈ, বৈষ্ণব্যৈ, বারাহ্যৈ, অপরাজিতায়ৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, মহালক্ষ্ম্যৈ, নারসিংহ্যৈ, অসিতাঙ্গায় ভৈরবায়, রুরবে ভৈরবায়, ক্রোধায় ভৈরবায়, উন্মত্তায় ভৈরবায়, কপালিনে ভৈরবায়, সংহারায় ভৈরবায়, ভীষণায় ভৈরবায়, সংহারায় ভৈরবায়। বটুকাদিভ্যঃ, ক্ষেত্রপালেভ্যঃ। লং ইন্দ্রায় দেবাধিপতয়ে সায়ুধবাহনপরিবারায়, (এই নিয়মে) রাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে, ক্ষাং নৈর্ঋতায় রক্ষোঽধিপতয়ে, বাং বরুণায় জলাধিপতয়ে, সাং সোমায় তারাধিপতয়ে বাং বায়বে প্রাণাধিপতয়ে, হাং ঈশানায় গণাধিপতয়ে, হ্রীং অনন্তায় নাগাধিপতয়ে। বজ্রাদ্যস্ত্রেভ্যঃ, গুরুপংক্তিভ্যঃ॥

অনন্তর দেবীবাহন ও জয়া-বিজয়াদির অর্চ্চনান্তে দেবীর মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিদান ও তর্পণ করিয়া প্রাণায়াম, যথাশক্তি মূলমন্ত্র জপ, "গুহ্যাতিগুহ্য" মন্ত্রে জপসমর্পণ, পুনঃ প্রাণায়াম, স্তবকবচাদি পাঠ এবং নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে। যথা—

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।  
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

পরে বলিদানান্তে আরাত্রিক, চণ্ডীপাঠ, দুর্গানাম জপ, দুর্গাকবচ পাঠ, পুষ্পাঞ্জলিদান ও প্রদক্ষিণ করিতে হয়। এই সময়েই কুমারী-পূজা কর্ত্তব্য। কেহ কেহ দ্বিতীয় পূজার পর করিয়া থাকেন। পরে কৃষরান্ন প্রভৃতি ভোগদ্রব্য সকল প্রদান করিবে। তৎপরে প্রাতঃপূজাবৎ আবাহন, সঙ্কল্প, প্রাণপ্রতিষ্ঠা, ।পনাদি ব্যতিরেকে মধ্যাহ্নে মধ্যপূজা, অপরাহ্নে শেষপূজা সমাপ্য। তৎপরে হোম, শান্তি, তিলক ও দক্ষিণান্ত করিতে হয়। পরে স্তবপাঠান্তে "দং এষ পুষ্পাঞ্জলিঃ জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ"—মন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দান করত দধিযুক্ত চিপিটকাদি নিবেদন পূর্ব্বক আরাত্রিক, আত্মসমর্পণ ও বিসর্জ্জন করিবে। সংহারমুদ্রায় একটি নির্ম্মাল্য লইয়া ঈশানকোণে মণ্ডলোপরি "ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ শেষিকায়ৈ নমঃ" বলিয়া দিবে। পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যশান্তি কর্ত্তব্য।

ইতি জগদ্ধাত্রীকল্পে জগদ্ধাত্রীপূজা।

## অন্নপূর্ণা-পূজা।

শাস্ত্রে লিখিত আছে যে, অন্নপূর্ণা-পূজা করিলে জন্মান্তরে অতুল ধনের অধিপতি হয়। চৈত্রমাসের শুক্লাষ্টমীতে অন্নপূর্ণা-পূজা কর্ত্তব্য।

পূজাবিধি।—কৃতনিত্যক্রিয় হইয়া দেবীপুরোভাগে বসিয়া আচমনান্তে যথাবিধি স্বস্তিবাচন করত নিম্নোক্তরূপে গণেশাদি দেবতাগণের পূজা করিবে, যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ গণপতয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদি-পঞ্চদেবতাভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনব-গ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিদশদিক্পালেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ॥

পরে উত্তরমুখে বসিয়া কুশ-তিল-তুলসী, ত্রিপত্র, জল ও একটি ফল কুশীতে গ্রহণ পূর্ব্বক নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য চৈত্রে মাসি মীনরাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে অষ্টম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীমদন্নপূর্ণাপ্রীতিকামো গণপত্যাদিনানা-দেবতা-পূজাপূর্ব্বক-শ্রীমদন্নপূর্ণাপূজাকর্ম্মাহং করিষ্যে॥

ঈশানকোণে সঙ্কল্পজল ফেলিয়া দিয়া সঙ্কল্পসূক্তাদি পাঠ্য। কর্ম্মকর্ত্তা নিজে পূজায় অক্ষম হইলে পুরোহিতকে বরণ করিবে এবং আবশ্যকবোধ হইলে তন্ত্রধারকবরণও করিতে হয়।

বরণপ্রণালী।—যজমান পূর্ব্বাস্য হইয়া করপুটে পূজককে বলিবেন—"ওঁ সাধু ভবানাস্তাম্।" পূজক কহিবেন—"ওঁ সাধ্বহমাসে।" যজমান কহিবেন, "ওঁ অর্চ্চয়িষ্যামি ভবন্তম্।" পূজক কহিবেন—"ওঁ অর্চ্চয়।" অনন্তর "এতানি গন্ধপুষ্পবাসাংসি ওঁ ব্রাহ্মণায় নমঃ" মন্ত্রে একটি ফুল, একখানি আসন, একটি হরীতকী, একটি অঙ্গুরী এবং বসন ও উত্তরীয় পূজকের করে দিবে। পূজক তাহা "ওঁ স্বস্তি" বলিয়া লইলে যজমান অক্ষত দ্বারা পূজকের দক্ষিণজানু ধারণ করত নিম্নলিখিত মন্ত্র পড়িবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য চৈত্রে মাসি মীনরাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে অষ্টম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (যজমানের নাম ও গোত্র উচ্চার্য্য) মৎসঙ্কল্পিত-শ্রীমদঃপূর্ণাপূজাকর্ম্মণি পূজককর্ম্মকরণায় (পূজকের নাম ও গোত্র উচ্চার্য্য) অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে॥

পূজক কহিবেন—"ওঁ বৃতোঽস্মি।" যজমান কহিবেন—"ওঁ যথাবিহিতং পূজককর্ম্ম কুরু।" পূজক কহিবেন—"ওঁ যথাজ্ঞানং করবাণি।"

তৎপরে পূজক আসনে বসিয়া নিত্যপূজাদি শেষ করত "ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা" এই তিনটি মন্ত্র দ্বারা বারত্রয় জল পান করত আচমন করিয়া, ঘটস্থাপন করিবে এবং ঘটে "এতে গন্ধপুষ্পে ওঁ সূর্য্যায় নমঃ" এই প্রণালীতে প্রণবাদি নমোঽন্ত মন্ত্রে দুর্গায়ৈ, শিবায়, নারায়ণায়, লক্ষ্ম্যৈ, সরস্বত্যৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, দিক্‌পালেভ্যঃ, নবগ্রহেভ্যঃ, দেবেভ্যঃ, ঋষিভ্যঃ, মাসেভ্যঃ, তিথিভ্যঃ, যোগেভ্যঃ, করণেভ্যঃ"—এই সকলের অর্চ্চনা করিবে। পরে সামান্যার্ঘ্য স্থাপন করত তজ্জল দ্বারা পূজাস্থান ও দ্রব্যাদি অভ্যুক্ষণ পূর্ব্বক নিম্নলিখিতরূপে দ্বারদেবতাদিগকে পঞ্চোপচারে অর্চনা করিতে হয়, যথা—(পূর্ব্বাদি দিক্‌চতুষ্টয়ে)—"এতে গন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ, ওঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ, ওঁ বাং বটুকায় নমঃ, ওঁ যাং যোগিনীভ্যো নমঃ।" (অগ্ন্যাদি কোণে)—"ওঁ গঙ্গায়ৈ নমঃ, ওঁ যমুনায়ৈ নমঃ, ওঁ শ্রীঃ লক্ষ্ম্যৈ নমঃ, ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" (ঊর্দ্ধ-অধোভাগে) "ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বাস্তুপুরুষায় নমঃ॥"

পরে নিম্নলিখিতরূপে বিঘ্নোৎসারণ করিয়া আসনশুদ্ধি করিবে, যথা—

মূলমন্ত্রে দিব্যদৃষ্টিযোগে দিব্য বিঘ্ন, "অস্ত্রায় ফট্" মন্ত্রে অন্তরীক্ষগত বিঘ্ন অপসারণ করত "ফট্" মন্ত্রে নারাচমুদ্রাযোগে সিদ্ধার্থ বা অক্ষত লইয়া এই মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥

পরে ঐ শ্বেতসর্ষপ বা অক্ষত ছড়াইয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ সহকারে ভূমিতে জল ছিটাইবে, যথা—

ওঁ সর্ব্ববিঘ্নানুৎসারয় হূং ফট্ স্বাহা।

পরে আসনশুদ্ধি করিয়া পুষ্পশোধন করিবে অর্থাৎ ধেনুমুদ্রা দেখাইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ শতাভিষেকে শতাভিষেক হূং ফট্ স্বাহা।

পরে ভূমি স্পর্শ করত কহিবে,—"ওঁ পবিত্র বজ্রভূমে হূং ফট্ স্বাহা।"

তদনন্তর পুষ্পে দেবীর অধিষ্ঠান ভাবনা করত পাঠ্য, যথা—

ওঁ পুষ্পকেতু রাজার্হতে শতায় সম্যক্ সম্বন্ধায়। ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হূং ফট্ স্বাহা॥

তৎপর কায়শোধন করিতে হয় অর্থাৎ নিম্নোক্ত মন্ত্র পাঠ করত জল লইয়া বিন্দুপরিমাণ জল পান করিবে, যথা—

ওঁ বজ্রোদকে হূং ফট্ স্বাহা। ওঁ আং হূং ফট্ স্বাহা।

তৎপরে হৃদয় স্পর্শ পূর্ব্বক পাঠ্য, যথা—

"রক্ষ রক্ষ হূং ফট্ স্বাহা।"

তদনন্তর গুরুপংক্তি নমস্কার করিতে হয়, যথা—(বামে) ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ। (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ। (মধ্যে)—ওঁ হ্রীং শ্রীমদন্নপূর্ণাদেব্যৈ নমঃ॥

পরে মাতৃকান্যাস, অন্তর্মাতৃকান্যাস ও বাহ্যমাতৃকান্যাসাদি করিয়া "হ্রীং" মন্ত্রে প্রাণায়াম করত হৃৎপদ্মের কেশরে পূর্ব্বাদিদিক্‌সমূহে দেবীর পীঠশক্তির ন্যাস করিবে, যথা—

ওঁ জয়ায়ৈ নমঃ। ওঁ বিজয়ায়ৈ নমঃ। ওঁ অজিতায়ৈ নমঃ। ওঁ অপরাজিতায়ৈ নমঃ। ওঁ নিত্যায়ৈ নমঃ। ওঁ বিলাসিন্যৈ নমঃ। ওঁ দোগ্ধ্র্যৈ নমঃ। ওঁ অঘোরায়ৈ নমঃ। ওঁ সর্ব্বমঙ্গলায়ৈ নমঃ। (মধ্যে)—ওঁ হ্রীং সর্ব্বশক্তিকমলাসনায় নমঃ॥

নিম্নলিখিতরূপে ঋষ্যাদিন্যাস করিবে, যথা—

অস্য অন্নপূর্ণামন্ত্রস্য ব্রহ্মঋষিঃ পংক্তিশ্ছন্দঃ অন্নপূর্ণা দেবতা ধর্ম্মার্থকাম-মোক্ষেষু বিনিয়োগঃ। (শিরসি)—ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ। (মুখে)—ওঁ পংক্তিছন্দসে নমঃ। (হৃদি)—ওঁ অন্নপূর্ণায়ৈ দেবতায়ৈ নমঃ॥

অনন্তর মায়াবীজ দ্বারা নিম্নলিখিতরূপে অঙ্গন্যাস ও করন্যাস করিবে, যথা—

হ্রীং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা। হ্রীং মধ্যমাভ্যাং বষট্। হ্রীং অনামিকাভ্যাং হুং। হ্রীং কনিষ্ঠাভ্যাং বৌষট্। হ্রীং করতলপৃষ্ঠাভ্যা-মস্ত্রায় ফট্। এবং হ্রীং হৃদয়ায় নমঃ। হ্রীং শিরসে স্বাহা। হ্রীং শিখায়ৈ বষট্। হ্রীং কবচায় হুং। হ্রীং নেত্রত্রয়ায় বৌষট্। হ্রীং করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্॥

তৎপরে "হ্রীং" মন্ত্রে সপ্তধা ব্যাপকন্যাস করত ওঁ রক্তাং বিচিত্রবসনাং নবচন্দ্রচূড়াং, অন্নপ্রদাননিরতাং স্তনভারনম্রাম্। নৃত্যন্তমিন্দুশকলাভরণং বিলোক্য, হৃষ্টাং ভজে ভগবতীং ভবদুঃখহন্ত্রীম্॥ এইরূপে অন্নপূর্ণার ধ্যান করিবে এবং নিজ মস্তকে ফুল দিয়া মানসপূজা করত বিশেষার্ঘ্য স্থাপন করিবে। পরে আত্মহৃদয় হইতে তেজোময়ী মহাদেবীকে শঙ্খসলিলে আবাহন করত একটি পুষ্পাঞ্জলি দিয়া "হ্রীং" মন্ত্রে অর্ঘ্যের উপর অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শন, "বষট্" মন্ত্রে গালিনীমুদ্রাসঞ্চালন এবং "বৌষট্" মন্ত্রে অর্ঘ্যজল দর্শন করিবে। পরে ষড়ঙ্গপূজা করিবে, যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং হৃদয়ায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং শিরসে স্বাহা। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং শিখায়ৈ বষট্। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং কবচায় হুং। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং নেত্রত্রয়ায় বৌষট্। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্॥

পরে মৎস্যমুদ্রাযোগে অর্ঘ্যটিকে আবৃত করত তদুপরি "হ্রীং" মন্ত্রের দশধা জপ কর্ত্তব্য। পরে "হ্রীং" মন্ত্রে ভূতিনী ও যোনিমুদ্রা দেখাইয়া সেই অর্ঘ্যের জল কিঞ্চিৎ কোশার জলে গ্রহণ পূর্ব্বক নিজের মস্তকে এবং পূজার উপকর-ণাদি সকল দ্রব্যে কিঞ্চিৎ ছিটাইয়া দিবে এবং সমস্ত ব্রহ্মময় ভাবনা করত অর্চ্চনায় প্রবৃত্ত হইবে।

অথ পীঠপূজা।—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ।" (এই প্রণালীতে)—প্রকৃতয়ে, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়, ধর্ম্মায়, জ্ঞানায়,

বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়,অনন্তায়, পদ্মায়, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে। ওঁ জয়ায়ৈ, বিজয়ায়ৈ, অজিতায়ৈ, অপরাজিতায়ৈ, নিত্যায়ৈ, বিলাসিন্যৈ, দোগ্ধ্র্যৈ, অঘোরায়ৈ, সর্ব্বমঙ্গলায়ৈ, সর্ব্বশক্তিকমলাসনায়।

পুনর্ব্বার অন্নপূর্ণাদেবীর ধ্যান ও আবাহন্যাদি পঞ্চমুদ্রা প্রদর্শন পূর্ব্বক: নিম্নলিখিত মন্ত্রে আবাহন করিবে, যথা—

ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব॥ ওঁ হ্রীং ভগবতি অন্নপূর্ণে দেবি পরিবারাদিভিঃ সহ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিহিতা ভব ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ॥

তৎপরে যথানিয়মে চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিয়া (শ্যামাপ্রকরণ দেখ) করপুটে এই মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ অন্নপূর্ণে স্বাগতং তে সুস্বাগতমিদন্তব।
আসনঞ্চেদমপ্যস্ব আস্যতাং পরমেশ্বরি॥

তদনন্তর "হ্রীং" মন্ত্র বারত্রয় পাঠ করত পূর্ব্বস্থাপিত প্রতিমায় বিশেষার্ঘ্যের জল প্রোক্ষণ করিয়া ষোড়শোপচারে দেবীর অর্চ্চনা করিবে,যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ রজতাসনায় নমঃ।" এইরূপ নিয়মে অর্চ্চনাদি করিয়া "হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, ইদং রজতাসনং হ্রীং অন্নপূর্ণায়ৈ নমঃ।" এই বলিয়া রজতাসন উৎসর্গ করত দিবে। অনন্তর "হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে দেবি ইহ স্বাগতম্।" এইরূপে স্বাগতপ্রশ্ন করিবে। পাদ্যাদি পূজার দ্রব্য সকলই তত্তদ্দ্রব্যের নাম উল্লেখ করত যথাবৎ অর্চ্চনা করিয়া, "হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, এতৎ পাদ্যং হ্রীং অন্নপূর্ণায়ৈ নমঃ।" এইরূপে পাদ্য দিবে।

এই প্রকার—"অর্ঘ্যং স্বাহা, আচমনীয়ং স্বধা, স্নানীয়ং নিবেদয়ামি, আচমনীয়ং স্বধা, বস্ত্রং নমঃ, আচমনীয়ং স্বধা, আভরণং নমঃ, গন্ধো নমঃ, পুষ্পং বৌষট্। পরে দেবীর মস্তক, হৃদয়, মূলাধার, পাদপদ্মদ্বয় ও সর্ব্বাঙ্গে মূলমন্ত্রে পঞ্চ পুষ্পাঞ্জলি :মূলান্তে 'এষ পুষ্পাঞ্জলিঃ হ্রীং অন্নপূর্ণায়ৈ বৌষট্' এই :মন্ত্রে অর্পণ করিয়া আবরণ-পূজা করিবে। যথা—শ্রীঅন্নপূর্ণে দেবি

আবরণস্তে পূজয়ামি, ইতি অনুজ্ঞা লইয়া আবাহন পূর্ব্বক এতে গন্ধপুষ্পে হ্রীং হৃদয়ায় নমঃ, এইরূপে হ্রীং শিরসে স্বাহা, হ্রীং শিখায়ৈ বষট্, হ্রীং কবচায় হুং, হ্রীং নেত্রত্রয়ায় বৌষট্, হ্রীং অস্ত্রায় ফট্। সর্ব্বতোভদ্রমণ্ডলের পূর্ব্বাদিদিকে, ব্রাহ্ম্যৈ, মাহেশ্বর্য্যৈ, কৌমার্য্যৈ, বৈষ্ণব্যৈ, বারাহ্যৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, মহালক্ষ্ম্যৈ, (অপরাজিতায়ৈ) প্রণবাদিনমোহন্ত উক্ত মন্ত্রে পূজান্তে, পূর্ব্বাদি দশদিকে ওঁ লাং ইন্দ্রায় সবাহনায় সপরিবারায় লোকপালায় নমঃ, এইরূপ ওঁ রাং অগ্নয়ে ইত্যাদি, যাং যমায় ইত্যাদি, ক্ষাং নৈঋ‌র্তায় ইত্যাদি, বাং বরুণায় ইত্যাদি, যাং বায়বে ইত্যাদি, সাং সোমায় ইত্যাদি, হাং ঈশানায় ইত্যাদি, আং ব্রহ্মণে ইত্যাদি, হ্রীং অনন্তায় ইত্যাদি মন্ত্রে পূজা করিয়া ওঁ বজ্রায় নমঃ, এবং শক্তয়ে, দণ্ডায়, খড়্গায়, পাশায়, অঙ্কুশায়, গদায়ৈ, শূলায়, পদ্মায়, চক্রায়। এই মন্ত্রে পূজা করিবে। ওঁ শঙ্খনিধয়ে নমঃ, ওঁ পদ্মনিধয়ে নমঃ। পরে ধূপ নিবেদন পূর্ব্বক ধূপো নমঃ। "এতে গন্ধপুষ্পে ওঁ ঘণ্টায়ৈ নমঃ, ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা" এই বলিয়া বামকর দ্বারা ঘণ্টাবাদন করত দক্ষিণকরে গন্ধমুদ্রা প্রদর্শন পূর্ব্বক পূর্ব্ববৎ মন্ত্রে ধূপ নিবেদন করিয়া সংক্ষেপে আরাত্রিক করিবে।

পরে দীপ অর্চনা করত—"হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, এষ দীপঃ হ্রীং অন্নপূর্ণায়ৈ নমঃ," এইরূপে নিবেদন করিয়া বামকরে ঘণ্টা-বাদন ও ঐ দীপ দ্বারা ত্রিধা নীরাজন করিবে। অনন্তর মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয়-দানান্তে ত্রিকোণমণ্ডল করিয়া তদুপরি নৈবেদ্যস্থাপন, অর্ঘ্যজলে প্রোক্ষণ, অবগুণ্ঠন ও অমৃতীকরণমুদ্রায় অমৃতীকরণ করত তদুপরি "হ্রীং" মন্ত্র দশধা জপ করত অর্ঘ্যজলের দ্বারা নৈবেদ্য নিবেদন করিয়া দিবে, মন্ত্র যথা—

হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, ইদং সোপকরণনৈবেদ্যং হ্রীং অন্নপূর্ণায়ৈ নিবেদয়ামি।

পরে "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা"—এই মন্ত্রে জল দিয়া পাঠ্য, যথা—নিবেদয়ামি ভবত্যৈ জুষাণেদং হবিঃ শিবে।

পরে গ্রাসমুদ্রা প্রদর্শন পূর্ব্বক দক্ষিণকরের কনিষ্ঠা ও অনামিকা দ্বারা "ওঁ প্রাণায় স্বাহা," তর্জ্জনী, মধ্যমা ও বৃদ্ধা দ্বারা "ওঁ অপানায় স্বাহা," মধ্যমা, অনামা ও বৃদ্ধা দ্বারা "ওঁ সমানায় স্বাহা," তর্জ্জনী, মধ্যমা, অনামা ও বৃদ্ধা দ্বারা "ওঁ উদানায় স্বাহা", সমস্ত অঙ্গুলি দ্বারা "ওঁ ব্যানায় স্বাহা" বলিবে।

পরে পূর্ব্ববৎ "পানার্থোদকং নমঃ।" "পুনরাচমনীয়ং স্বধা" "তাম্বূলং

নমঃ।" তৎপরে অর্ঘ্যের জল কিঞ্চিৎ কোশার জলে মিশাইয়া তত্ত্বমুদ্রাযোগে বারত্রয় দেবীর তর্পণ কর্ত্তব্য, মন্ত্র যথা—

হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, অন্নপূর্ণাদেবীং তর্পয়ামি স্বাহা ॥

দেবীর মস্তক, হৃদয়, নাভি, চরণদ্বয় ও সর্ব্বাঙ্গে মূলমন্ত্রে পুষ্পাঞ্জলিপঞ্চক দিয়া তৈজসাধার ভোজ্যাদি দেবীপ্রীত্যর্থ উৎসর্গ করত "লক্ষ্ম্যৈ নমঃ"—এইরূপ—"হরয়ে। গৌর্য্যৈ। শিবায়। রত্যৈ। কামায়। ওঁ জয়ায়ৈ। ওঁ বিজয়ায়ৈ।" মন্ত্রে পূজা করিবে। কোনও কোনও গ্রন্থে পূজায় বিশেষ দেখিতে পাওয়া যায়, যথা—

পরে নিম্নলিখিতরূপে গুরুপংক্তির অর্চ্চনা করিবে, যথা—

ওঁ গুরুভ্যো নমঃ। ওঁ পরমগুরুভ্যো নমঃ। ওঁ পরাপরগুরুভ্যো নমঃ। ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ ॥

পরে বামকরতলস্থ তত্ত্বমুদ্রা-সংস্পৃষ্ট সলিলযোগে গুরুপংক্তির তর্পণ করিবে, যথা—

"ওঁ গুরূংস্তর্পয়ামি নমঃ।" এইরূপে তর্পয়ামি অন্তে 'নমঃ' ও শক্তিবিষয়ে 'স্বাহা' পদ প্রযোজ্য—"ওঁ পরমগুরূংস্তর্পয়ামি। ওঁ পরাপরগুরূংস্তর্পয়ামি। ওঁ পরমেষ্ঠিগুরূংস্তর্পয়ামি।"

তৎপরে অষ্টদলপদ্মমধ্যে পূর্ব্বাদিক্রমে অষ্টশক্তির অর্চ্চনা ও তর্পণ করিবে, যথা—

ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ, ওঁ ব্রাহ্মীং তর্পয়ামি। ওঁ মাহেশ্বর্য্যৈ নমঃ, ওঁ মাহেশ্বরীং তর্পয়ামি। ওঁ কৌমার্য্যৈ নমঃ, ওঁ কৌমারীং তর্পয়ামি। ওঁ বৈষ্ণব্যৈ নমঃ, ওঁ বৈষ্ণবীং তর্পয়ামি। ওঁ বারাহ্যৈ নমঃ, ওঁ বারাহীং তর্পয়ামি। ওঁ ইন্দ্রাণ্যৈ নমঃ, ওঁ ইন্দ্রাণীং তর্পয়ামি। ওঁ চামুণ্ডায়ৈ নমঃ, ওঁ চামুণ্ডাং তর্পয়ামি। ওঁ মহালক্ষ্ম্যৈ নমঃ, ওঁ মহালক্ষ্মীং তর্পয়ামি ॥

পত্রাগ্রে পূর্ব্বাদিক্রমে ভৈরবের অর্চ্চনা ও তর্পণ করিতে হয়, যথা—

ওঁ অসিতাঙ্গভৈরবায় নমঃ; ওঁ অসিতাঙ্গভৈরবং তর্পয়ামি। ওঁ রুরুভৈরবায় নমঃ; ওঁ রুরুভৈরবং তর্পয়ামি। ওঁ চণ্ডভৈরবায় নমঃ; ওঁ চণ্ডভৈরবং তর্পয়ামি। ওঁ ক্রোধভৈরবায় নমঃ; ওঁ ক্রোধভৈরবং তর্পয়ামি। ওঁ উন্মত্তভৈরবায় নমঃ; ওঁ উন্মত্তভৈরবং তর্পয়ামি। ওঁ কপালিনে ভৈরবায় নমঃ; ওঁ কপালিনং ভৈরবং তর্পয়ামি। ওঁ ভীষণভৈরবায় নমঃ; ওঁ ভীষণভৈরবং

তর্পয়ামি। ওঁ সংহারভৈরবায় নমঃ ; ওঁ সংহারভৈরবং তর্পয়ামি। ওঁ ভয়ঙ্কর-ভৈরবায় নমঃ ; ওঁ ভয়ঙ্করভৈরবং তর্পয়ামি ॥

তদনন্তর সায়ুধ সপরিবার দশদিক্‌পালের পূজা ও পূর্ব্বোক্ত নিয়মে তর্পণ করিবে, মন্ত্র যথা—

ওঁ লাং ইন্দ্রায় দেবাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ইন্দ্রং দেবাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ রাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ অগ্নিং তেজোঽধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ যাং যমায় প্রেতাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ যমং প্রেতাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ ক্ষাং নির্ঋতয়ে রক্ষোঽধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ নির্ঋতিং রক্ষোঽধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ বাং বরুণায় জলাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বরুণং জলাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ যাং বায়বে প্রাণাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বায়ুং প্রাণাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ সাং সোমায় তারাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ সোমং তারাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ ঈশানায় গণাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ঈশানং গণাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ আং ব্রহ্মণে প্রজাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ব্রহ্মাণং প্রজাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ হ্রীং অনন্তায় নাগাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ অনন্তং নাগাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি ॥

"বজ্রায়, শক্তয়ে, দণ্ডায়, খড়্গায়, পাশায়, অঙ্কুশায়, গদায়ৈ, ত্রিশূলায়, পদ্মায়, চক্রায়, ঐরাবতায়, অজায়, মহিষায়, নরকায়, মৃগায়, অশ্বায়, বৃষভায়, হংসায়, রথায়, বটুকায়, ক্ষেত্রপালায়, যোগিন্যৈ, গণনায়কায়"—গন্ধপুষ্পযোগে ইঁহাদিগের অর্চ্চনা ও বারত্রয় করিয়া তর্পণ করিয়া নিম্নকথিত মন্ত্রে সায়ুধ সবাহন সপরিবার দেবীর পঞ্চোপচারে অর্চ্চনা ও নিম্নকথিত মন্ত্রে পূর্ব্বোক্ত নিয়মে বারত্রয় তর্পণ করিবে, যথা—

পূজামন্ত্র—"ওঁ সায়ুধায়ৈ সবাহনায়ৈ সপরিবারায়ৈ ওঁ হ্রীং অন্নপূর্ণায়ৈ নমঃ ॥"

তর্পণমন্ত্র যথা—

মূলান্তে "ওঁ সায়ুধাং সবাহনাং সপরিবারাং ওঁ হ্রীং অন্নপূর্ণাং দেবীং তর্পয়ামি স্বাহা ॥

পরে "ধ্যায়েন্নিত্যং মহেশং" ধ্যানে ভিক্ষুকবেশী শিবের ষোড়শোপচারে অর্চ্চনা, প্রাণায়াম, যথাশক্তি মূলমন্ত্র জপ, "গুহ্যাতিগুহ্য" মন্ত্রে জপসমর্পণ, পুনঃ প্রাণায়াম, স্তবকবচ পাঠ, এই সকল শেষ করিয়া নিম্নলিখিতরূপে প্রণাম করিবে, যথা—

ওঁ অন্নপূর্ণে নমস্তুভ্যং নমস্তে জগদম্বিকে। ত্বচ্চারুচরণে ভক্তিং দেহি দীনদয়াময়ি॥ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি মাহেশ্বরি (নারায়ণি) নমোঽস্তু তে ॥ ওঁ অন্নপূর্ণে সদাপূর্ণে শঙ্কর-প্রাণবল্লভে। জ্ঞানবৈরাগ্যসিদ্ধ্যর্থং ভিক্ষাং দেহি চ পার্ব্বতি ॥

তদনন্তর বিধানানুসারে বলিদান, আরাত্রিক, চণ্ডীপাঠ, অন্নপূর্ণার স্তব-কবচপাঠ ও দুর্গানাম জপ, পুষ্পাঞ্জলি প্রদান এবং প্রদক্ষিণকার্য্য শেষ করিবে। কুমারীপূজা করিতে হইলে এই সময়ে কর্ত্তব্য। পরে ভোগ উৎসর্গ করত পুনর্ব্বার আরাত্রিক করিবে। পরে তান্ত্রিক বিধানে অগ্নি-স্থাপনাদি করিয়া "হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা" মন্ত্রে সঘৃত বিল্বপত্র বা ঘৃতসংযুক্ত পায়স দ্বারা হোম কর্ত্তব্য। তৎপরে শান্তিদান এবং হুতশেষ দ্বারা তিলকদান করত দেবী-সম্প্রদানক দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিতে হয়। অনন্তর "জয় জয়" বলিয়া বিশেষার্ঘ্য দ্বারা দেবীর আরাত্রিক করিয়া উহা দেবীকে দান করত সাষ্টাঙ্গে প্রণাম করিয়া করপুটে নিম্নোক্ত মন্ত্র পড়িবে, যথা—ওঁ ইতঃপূর্ব্বমিত্যাদি ও মাং মদীয়ং সকলং সম্যক্ শ্রীমদন্নপূর্ণাদেবতায়ৈ সমর্পয়ে ওঁ তৎ সৎ।

ওঁ জ্ঞানতাজ্ঞানতা বাপি যন্ময়া ক্রিয়তে শিবে।
তব কৃত্যমিদং সর্ব্বমিতি জ্ঞাত্বা ক্ষমস্ব মে ॥

তদনন্তর দেব্যঙ্গে আবরণদেবতাগণকে বিলীন চিন্তা করত "ওঁ অন্নপূর্ণে দেবি ক্ষমস্ব" বলিয়া সংহারমুদ্রা দ্বারা নির্ম্মাল্যপুষ্প লইয়া পাঠ্য, যথা—

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতবাসিনি।
ব্রহ্মযোনিসমুৎপন্নে গচ্ছ দেবি মমান্তরম্ ॥

এই মন্ত্রে দেবীতেজ স্বীয় হৃদয়ে আনিয়া "ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ" মন্ত্রে গৃহীত পুষ্প ঈশানকোণে ফেলিয়া দিয়া তথায় একটি ত্রিকোণমণ্ডল অঙ্কন করত

তাহার উপর "ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ" মন্ত্রে নির্ম্মাল্যপুষ্প স্থাপন করিবে। পরে কিঞ্চিৎ জল দিয়া ঘট এবং প্রতিমা একটু নাড়িয়া বিসর্জ্জন করিতে হয়। *

---

## জ্বর-পূজা।

কৃতনিত্যক্রিয় হইয়া শুদ্ধাসনে বসিয়া আচমন, স্বস্তিবাচন ও "ওঁ সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্রপাঠসমাপনান্তে সঙ্কল্প করিবে, বাক্য যথা—

"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক-জ্বরশীত-কামনয়া গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকজ্বরদেবপূজাকর্ম্মাহং করিষ্যামি ॥"

পরে সূক্তপাঠান্তে ঘটস্থাপন, গণপত্যাদি দেবতাগণের পূজা, "বেতালাশ্চ পিশাচাশ্চ" মন্ত্রপাঠ করিয়া শ্বেতসর্ষপ বিকিরণ করত ভূতাপসারণ, প্রাণায়াম ও ভূতশুদ্ধি সম্পাদন করিবে।

অনন্তর "জাং হৃদয়ায় নমঃ" এই প্রণালীতে অঙ্গন্যাসাদি করিয়া নিম্নলিখিত ধ্যান করিবে, যথা—

ওঁ রুদ্রনিশ্বাসসম্ভূতং জ্বরং মৃত্যুপ্রদং নৃণাম্। ত্রিপদং ত্রিশিরঞ্চৈব নবভি-র্লোচনৈর্যুতম্॥ কেশাগ্রং স্বর্ণসদৃশং কালান্তকযমোপমম্। সদৈব ভস্মনিক্ষেপং রৌদ্রং সংহাররূপিণম্॥ বজ্রাবিকনখস্পর্শং স্তূয়মানং সুরর্ষিভিঃ। সুরাসুরপিশা-চানাং ভয়দং ক্রূররূপিণম্। এবং ধ্যায়েন্মহাকালস্বরূপং রক্তশ্মশ্রুলম্॥

পরে মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্যস্থাপন, অঙ্গন্যাস ও করন্যাস পূর্ব্বক পুনর্ধ্যান, আবাহন ও প্রাণপ্রতিষ্ঠা করিয়া জ্বরদেবের হৃদয়ে হস্ত দিয়া "আং হ্রীং হুং স্বাহা" এই মন্ত্র দশধা জপ করিয়া "ওঁ আগচ্ছ মে মহারাজ জ্বর ত্বং শিবনির্ম্মিত। তস্মাচ্ছরীরান্নির্গত্য দূরং যাহি মহাবল" পাঠ করিবে। পরে "ওঁ বিদ্যুদ্দলন হুং হুং ফট্ স্বাহা এতদাসনং জ্বরায় নমঃ" এই নিয়মে ষোড়শোপ-চারে অর্চ্চনা করিবে। তদনন্তর প্রদক্ষিণ করত "ওঁ জ্বর ত্বং জ্বররূপোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। দহেস্তু প্রাণিনং সর্ব্বং ত্বামিহ প্রণমাম্যহম্॥ ওঁ জ্বর ত্বমষ্টরূপোঽসি তেজোরূপোঽসি গর্জ্জিতঃ। ক্ষমস্ব চ মহাবীর ত্বামিহ

---

* কেহ কেহ পরদিন বিসর্জ্জন করিয়া থাকেন। পরদিন কৃতনিত্যক্রিয় হইয়া দশোপচারে দেবীর পূজান্তে দধিসহ ভুক্তদ্রব্য নিবেদন পূর্ব্বক বিধানানুসারে বিসর্জ্জন করেন।

প্রণমাম্যহম্॥ ওঁ দেব ত্বং দেবরূপোঽসি দেবদেবেশনির্ম্মিতঃ। মনসা চিন্তিতং যচ্চ সর্ব্ববাঞ্ছিতসিদ্ধয়ে॥" এই মন্ত্রপাঠান্তে প্রণাম করিবে।

পরে স্বীয় বামকরে জ্বরদেবের হৃদয় ধরিয়া দক্ষিণ করে তিল-কুশ-জল লইয়া "ওঁ হ্রীং ঠং ঠং ভো জ্বর শৃণু শৃণু হন হন মুঞ্চ মুঞ্চ ভূম্যাং গচ্ছ গচ্ছ স্বাহা" মন্ত্রে বলি প্রদান করিবে এবং "ওঁ বিদ্যুদ্দলন হুং হুং ফট্ স্বাহা" এই মন্ত্র যথাশক্তি জপ ও "গুহ্যাতি" মন্ত্রে জপসমর্পণান্তে তন্ত্রোক্তনিয়মে ছাগপশু বলিদান (৪০০ পৃঃ) করিবে। পরে তান্ত্রিক নিয়মে গুড়চীখণ্ড দ্বারা হোম (৪০১ পৃঃ) করিয়া দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি সম্পাদন করিতে হয়।

## হারীতোক্ত-জ্বরপূজা।

নক্ষত্রেষু জ্বরোঽসাধ্যঃ সাধ্যোঽপি স চিকিৎসিতঃ। বিষ্টিং হারীতনির্দ্দিষ্টাং স চ তে লিখ্যতে ময়া। জন্মাধানে নিধনে চ প্রত্যরৌ চ বিপদ্যতে। যদি ব্যাধিঃ সমুৎপন্নঃ ক্লেশায় মরণায় চ। জ্যোতিশ্চক্রং ধনিষ্ঠাদিনক্ষত্রাণাং বিচেষ্টিতম্। দশরাত্রং ধনিষ্ঠাদি জ্বরো ভবতি দেহিনাম্। ষড়্রাত্রং বা দশাহং বা ভবেৎ শতভিষা জ্বরঃ। অথ ভাদ্রপদাস্বেব পূর্ব্বাসু মরণং ধ্রুবম্। উত্তরাসু ভবেন্মোক্ষো দিবসে চ চতুর্দ্দশে। ষড়্রাত্রং পঞ্চরাত্রং বা রেবত্যাং বর্ত্ততে জ্বরঃ। অশ্বিন্যামপি ষড়্রাত্রাৎ সুখং সংপদ্যতে ধ্রুবম্। ভরণ্যাঞ্চ যমস্তিষ্ঠেৎ নরাণাং পঞ্চমেঽহনি। কৃত্তিকাসু গৃহীতস্য সপ্তরাত্রং ভবেজ্জ্বরঃ। ন মুঞ্চেদ্‌যদি সপ্তাহাদেকবিংশদ্দিনে সুখম্। রোহিণ্যামষ্টরাত্রেণ সুখমেকাদশেঽহ্নি বা। মৃগশীর্ষে জ্বরোঽপ্যেতন্নবরাত্রমথাপি বা। আর্দ্রায়ামুপসৃষ্টস্য পঞ্চাহান্মৃত্যুমাদিশেৎ। ঊর্দ্ধং যদ্যপি বর্ত্তেত ত্রিপক্ষান্মৃত্যুমাদিশেৎ। পুনর্ব্বসূপসৃষ্টস্য জ্বরেণ পরিপীড়িতঃ। ত্রয়োদশাহতো মুঞ্চেৎ সপ্তবিংশেঽথবাহনি। পুষ্যে ত্রিরাত্রং জ্বরিতঃ সপ্তাহাদ্বা নিবর্ত্ততে। অশ্লেষায়াং ভবেন্মৃত্যুর্দীর্ঘকালগতেঽপি চ। মঘাসু দ্বাদশাহেন মৃত্যুর্ভবতি দেহিনাম্। ঊর্দ্ধং মাসান্মঘায়াস্তু পুনরেব জ্বরী নরঃ। পূর্ব্বাসু চোপসৃষ্টস্য ফল্গুনীষু ভবেজ্জ্বরঃ। উত্তরাসু তথাষ্টাহং নবরাত্রমথাপি বা। একবিংশতিরাত্রাদ্বা জ্বরঃ শান্তিং সমৃচ্ছতি। হস্তেষু সপ্তমে মোক্ষশ্চিত্রায়ামষ্টমেঽহনি। ঊর্দ্ধং বিসৃজ্যমানাদৌ মুঞ্চেদ্বিংশেঽহনি পুনঃ। স্বাতীযোগে দশাহেন মুঞ্চেৎ পক্ষত্রয়েণ বা। বিশাখাসু ভবেন্মৃত্যুরেকবিংশতিমেঽহনি। অরস্তু দিবসানষ্টাবনুরাধাসু বর্ত্ততে। অত ঊর্দ্ধং ন মুক্তঃ স্যান্ নাপি তস্য

চিকিৎসকঃ। জ্যেষ্ঠায়াং পঞ্চমে মৃত্যুরর্দ্ধং বা দ্বাদশে সুখম্। মূলে চ উপস্থষ্টস্ত দশরাত্রং ভবেজ্জ্বরঃ। অত উর্দ্ধং ন মুক্তঃ স্যান্ নাপি তস্য চিকিৎসিতম্। আষাঢ়ায়াঞ্চ পূর্ব্বায়াং নবরাত্রাৎ প্রমুচ্যতে। উত্তরাসু আষাঢ়াসু মাসং ক্লিশ্যত্যসংশয়ঃ। অষ্টৌ বা নব মাসা বা ততোঽস্য সুখমাদিশেৎ। শ্রবণে ত্বষ্টরাত্রং বা ক্লিশ্যতে জ্বরপীড়িতঃ। এতদ্ভগবতা প্রোক্তং নক্ষত্রাণাং বিচেষ্টিতম্। য এবং বেত্তি তত্ত্বেন স রাজার্হো ভিষগ্বরঃ। হারীতজ্বরশান্ত্যর্থং বিধানং লিখ্যতেঽধুনা। অগ্নির্মূর্দ্ধেতি কৃত্তিকাসু জুহুয়াদ্দধিসর্পিষা। হিরণ্যগর্ভেতি রোহিণ্যাং সর্ব্ববীজময়ং হবিঃ। সর্পির্মাংসং মৃগশীর্ষে সোমং রাজেতি হোময়েৎ। ইমা রুদ্রায় ইতি আর্দ্রাসু মধুনা হুনেৎ। মহীমু মাতরমপি পুনর্ব্বসৌ চ তণ্ডুলান্॥ মন্ত্রস্তু—ওঁ মহীমু মাতরং সুব্রতানাং পত্নীং বা সহ ভূরিশঃ ততো জরন্তী সুরুচিং সুশর্ম্মাণমদিতিং সুপ্রণীতম্॥ ওঁ বৃহস্পতে অতি অদর্য্যো অর্হাদ্যুমদ্বিভাতি। ক্রতু মজ্জনেষু যজ্ঞীয়মদয়ৎ সরস ঋতপ্রজা তদস্মাসু দ্রবিণং ধেহি চিত্রং স্বাহা। ইতি পুষ্যে ঘৃতপায়সম্। ওঁ নমোঽস্তু সর্পেভ্য ইত্যশ্লেষাসু সর্ব্বৌষধিম্॥ ওঁ ইদং পিতৃভ্য ইতি মঘাসু শালিতণ্ডুলম্॥ মন্ত্রস্তু—ওঁ ইদং পিতৃভ্যো নমোঽস্তু স্যাম পূর্ব্বাসো বাসর্দ্দায়ুঃ। যে বাথিরেব যস্যা নিষত্তা যে বান্ধনং সুরজনা সুবিক্ষং প্রোতর্জ্জিতং ভগমুদ্রেতি॥ পূর্ব্বফল্গুনীষু কুঙ্কুমং হুনেৎ। ওঁ পুরো যমস্য স্বাহা ইতি তৎসবিতুর্ব্বরেণ্যমিতি চ ঘৃতাহুতিমুত্তরফল্গুনীষু অক্ষতানি। তৎসবিতুরিতি হস্তে দধি। ওঁ দেব্যা পৃথিবীরিতি চিত্রাসু মধুপায়সম্। ওঁ বায়ুরাগ্নেয়া ইতি স্বাতীষু ঘৃতাক্তাংস্তিলান্। ওঁ ইন্দ্রাগ্নী তবাগতং স্তুতং গীর্ভির্মাভবাবস্থং অস্য গাত্রং ধিয়ে শিবা। ইতি বিশাখাসু নবৌদনম্॥ ওঁ মহীমু ভূগমীত্যনুরাধাসু লশুনম্। ওঁ কলানায় ইতি জ্যেষ্ঠায়াং কলায়ম্। ওঁ যস্তে দেবীতি মূলে মূলকম্। ওঁ ইদমাপ প্রবহত ইতি পূর্ব্বাষাঢ়াসু শিম্বীম্। ওঁ বিশ্বেভ্যো মরুত ইতি উত্তরাসু রজতং তদভাবে কুন্দপুষ্পম্। ওঁ ইদং বিষ্ণুরিতি শ্রবণে সর্ব্বরত্নম্। ওঁ বায়ুরগ্নি বসুশ্রবা ইতি ধনিষ্ঠায়াং বটশুঙ্গম্। ওঁ তত্ত্বায়ামি ব্রহ্মণা ইতি শতভিষায়াং জলজপুষ্পাণি। ওঁ উত্তরাহির্ব্রধ্ন ইতি পূর্ব্বভাদ্রপদে শাল্যোদনম্। ওঁ মহিরিবা ভাগৌ পর্য্যেতি বাহুং জাম্মাহতি অপবাধমানঃ হস্তাঘ্ন বিশ্বাবিলুলানি বিদ্বান্ পুমান্ পুমাংসং পরিনষ্টে মৃত্যোঃ ইত্যুত্তরভাদ্রপদে ঘৃতৌদনম্। ওঁ পূষস্ত সমাদ্রতো তে ধ্রুবং ইতি রেবত্যাং ফলান্যক্ষতাদি। ওঁ উভাপি বত ইতি ক্ষীরবৃক্ষসমিৎ। ওঁ মাসং যম ইতি যষ্টান্ তণ্ডুলান্ জুহুয়াৎ॥

পূজাবিধিঃ।—কৃতনিত্যক্রিয়ঃ গৃহীতপূজাসম্ভারো যজমানোঽন্যস্তৎপ্রতি-নিধির্ব্বা শুদ্ধাসনে উপবিশ্যাচম্য সূর্য্যার্ঘ্যং দত্ত্বা ব্রাহ্মণান্ পুণ্যাহাদিকং বাচয়িত্বা স্বশাখোক্তস্বস্তিবাচনং কৃত্বা সূর্য্যঃ সোম ইত্যাদি পঠেৎ। ততঃ ফলপুষ্পজলান্বিতং তাম্রপাত্রং গৃহীত্বা সঙ্কল্পং কুর্য্যাৎ।—ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্যামুকস্য জীববদেতচ্ছরীরাবিরোধেনারোগ্যকামনয়া গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বকজ্বরপূজনমহং করিষ্যামীতি সঙ্কল্প্য স্বশাখোক্তং সূক্তং পঠেৎ। ততো ভূতেভ্যো মাষভক্তবলিং দত্ত্বা ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে বৈষ্ণবাস্ত্রেণ তাড়িতাঃ॥ ইতি শ্বেতসর্ষপান্ বিকিরেৎ। ততো ঘটং সংস্থাপ্য সামান্যার্ঘ্যং কৃত্বা গণেশাদীন্ সংপূজ্য ভূতশুদ্ধি-প্রাণায়ামৌ কৃত্বা জ্রাং হৃদয়ায় নমঃ জ্রীং শিরসে স্বাহা জ্রূং শিখায়ৈ বষট্ জ্রৈং কবচায় হুং জ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্ জ্রঃ অস্ত্রায় ফট্। এবং জ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইতি করাঙ্গন্যাসৌ কৃত্বা বামে ওঁ গুরুভ্যো নমঃ। ইতি গুরুপঙ্‌ক্তি-নমস্কারপূর্ব্বকং কূর্ম্মমুদ্রয়া পুষ্পং গৃহীত্বা ধ্যায়েৎ।—ওঁ কৃশপিঙ্গললোমাক্ষং কৃষ্ণাঞ্জনচয়োপমম্। প্রলয়াম্বুদনির্ঘোষং সর্ব্বভূতভয়াবহম্। ত্রিপাদং ষড়্ভুজঞ্চৈব নবলোচনসংযুতম্। ধ্যায়েৎত্রিশিরসং দেবং ভস্মপ্রহরণায়ুধম্॥ ইতি ধ্যাত্বা স্বশিরসি পুষ্পং দত্ত্বা মানসোপচারৈঃ সংপূজ্য বিশেষার্ঘ্যং কুর্য্যাৎ। ততঃ পুনরঙ্গন্যাসকরন্যাসৌ কৃত্বা পুনর্ধ্যাত্বা প্রতিমায়াং ঘটে বা পুষ্পং দত্ত্বা ওঁ জ্বরদেব ইহাগচ্ছাগচ্ছ ইত্যাবাহ্য প্রাণপ্রতিষ্ঠাং কুর্য্যাৎ। ওঁ আং হ্রীং ক্রোং ইত্যাদি হং সঃ জ্বরস্য প্রাণাঃ ইহ প্রাণাঃ, এবং জীব স্থিতঃ, এবং সর্ব্বেন্দ্রিয়াণি, এবং বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা। ইতি প্রাণপ্রতিষ্ঠাং কৃত্বা পূজয়েৎ। ওঁ হ্রীং ক্লীং ইদমাসনং ওঁ জ্বরদেবতায়ৈ নমঃ; ইত্যাদিক্রমেণ ষোড়শোপচারৈঃ সংপূজ্য ওঁ জ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদিক্রমেণ ষড়ঙ্গং পাদ্যাদিভিঃ পূজয়েৎ। ততঃ প্রতিমায়াশ্চতুর্দিক্ষু হরিদ্রাক্তপতাকাচতুষ্টয়ং সংস্থাপ্য তত্র—গণেশং ক্ষেত্রপালঞ্চ দিক্‌পালান্ যোগিনীস্তথা। নক্ষত্রেশঞ্চ সংপূজ্য দদ্যাদ্ভুক্তবলিং ততঃ। বক্ষ্যমাণেন মন্ত্রেণ শক্ত্যা ব্রাহ্মণভোজনম্। এবং দিনত্রয়ং কুর্য্যাত্ততঃ সুস্থো ভবেন্নরঃ॥ ইতি বচনাৎ গণেশং ক্ষেত্রপালং দিক্‌পালান্ যোগিনীঃ নক্ষত্রেশঞ্চ সংপূজ্য বলিং দদ্যাৎ। তত্র প্রমাণম্।—রোগিণো হস্তপ্রস্থেন গৃহ্নীয়াত্তণ্ডুলান্ ত্রিধা। পিষ্ট্বা তদর্দ্ধং তেনৈব বলিং দদ্যাদ্‌যবাদিকম্। শেষং পক্ত্বা তদর্দ্ধেন কুর্য্যাদ্বলিচতুষ্টয়ম্। হরিদ্রারসসিক্তৈশ্চ পতাকানাং চতুষ্টয়ৈঃ। মণ্ডিতং গন্ধপুষ্পৈশ্চ ধূপদীপৈরনুত্তমৈঃ। সান্নং চতুর্ভিঃ

পুরুষৈর্গৃহীতং বালমুত্তমম্। বাস্তুদক্ষিণভাগে তু গত্বা তত্র সমর্চ্চয়েৎ॥ তত্র ক্রমঃ।—ওঁ অদ্যেত্যাদিজ্বরিতস্যামুকস্য জ্বরহরণকামনয়া গণেশাদিদেবতাপূজা-পূর্ব্বকবলিদানমহং করিষ্যামি। ইতি সঙ্কল্প্য গণেশাদিদেবান্ সংপূজ্য বলিং দদ্যাৎ। যথা—ওঁ হ্রীঁ ভো ভো জ্বর শৃণু শৃণু হন হন গর্জ্জ গর্জ্জ ঐকাহিকং দ্ব্যাহিকং ত্র্যাহিকং চাতুর্থিকং সাপ্তাহিকং মাসিকং মৌহূর্ত্তিকং নৈমেষিকং অট অট ভট ভট জ্বর জ্বর হর হর মুঞ্চ মুঞ্চ ভূম্যাং গচ্ছ স্বাহা অমুকনক্ষত্রায় রক্তপতাকাদ্যলঙ্কৃতভক্তবলিচতুষ্টয়সহিত এষ বলির্নমঃ ইত্যুৎসৃজ্য দদ্যাৎ। অমুকনক্ষত্রোৎপন্নজ্বরায় বলির্নমঃ। ইতি গর্গমতম্॥ ততো মূলমন্ত্রং যথাশক্তি জপ্ত্বা ওঁ গুহ্যাতীতি জপং সমর্প্য প্রণমেৎ। ততো ছাগাদিবলিদানং যথাশক্তি হোমঞ্চ কৃত্বা দক্ষিণাচ্ছিদ্রাবধারণং কুর্য্যাৎ। ততো দেববিসর্জ্জনং কৃত্বা শান্ত্যাশীর্ব্বাদং কুর্য্যাৎ। ততো বৈগুণ্যশান্ত্যর্থং বিষ্ণুং স্মরেদিতি।

## অপরাজিতা-পূজা।

সঙ্কল্প—ওঁ অদ্যেত্যাদি যাত্রায়াং সংবৎসরং যাবৎ বিজয়কামোঽপরাজিতা-পূজনমহং করিষ্যে। রক্তচন্দনে অষ্টদল পদ্ম নির্ম্মাণ করিয়া প্রাণপ্রতিষ্ঠা-মন্ত্রে ও ওঁ অপরাজিতায়ৈ ক্রিয়াশক্ত্যৈ নমঃ ইতি মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করিয়া হ্রীং মন্ত্রে প্রাণায়াম, করাঙ্গন্যাস করত ধ্যান করিবে, যথা—ওঁ স্মিতমুখীং পীতবস্ত্রামলঙ্কৃতামুপরিস্থিতে দক্ষিণে করে খড়্গং বামে চর্ম্ম, দক্ষিণেঽধো-হস্তে বরং বামেঽভয়ং বিভ্রতীং ত্রিনেত্রাম্। পরে মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্যস্থাপন, পুনর্ধ্যানান্তে আবাহন পূর্ব্বক হ্রীং অপরাজিতায়ৈ নমঃ এই মন্ত্রে যথাশক্তি উপচারে ও অপরাজিতাপুষ্পে পূজা করিয়া আবরণদেবতা-পূজা কর্ত্তব্য, যথা—ওঁ হ্রীং অপরাজিতা হৃদয়ায় ইতি হৃদয়াদি, ওঁ অস্ত্রায় ফট্—ইতি অস্ত্রপূজান্তে দক্ষিণে ওঁ জয়ায়ৈ নমঃ, বামে ওঁ বিজয়ায়ৈ নমঃ, এই মন্ত্রে জয়া ও বিজয়ার পূজা করিয়া প্রণাম করিবে।—ওঁ চারুণা মুখপদ্মেন বিচিত্র-কনকোজ্জ্বলা। জয়াদেবী শিবে ভক্ত্যা সর্ব্বান্ কামান্ দদাতু মে। ওঁ কাঞ্চনেন বিচিত্রেণ কেয়ূরেণ বিভূষিতা। জয়প্রদা মহাভাগা করোতু বিজয়ং মম। হারেণ সুবিচিত্রেণ ভাস্বৎকনকমেখলা। অপরাজিতা রুদ্ররতা করোতু বিজয়ং মম॥ পরে প্রদক্ষিণ করিবে, মন্ত্র যথা—ওঁ অপরাজিতে জগন্মাতঃ কুণ্ডলজ্যোতিরাননে। শরীরারোগ্যমৈশ্বর্য্যং প্রস্থানং মে প্রযচ্ছতু॥

ধারণমন্ত্র—ওঁ সদাপরাজিতা যস্মাত্ত্বং লতাসূত্তমা স্মৃতা। সর্ব্বকামার্থসিদ্ধ্যর্থং তস্মাত্ত্বাং ধারয়াম্যহম্॥ ভবাপরাজিতে দেবি মম সর্ব্বসমৃদ্ধয়ে। পূজিতায়াং ত্বয়ি শ্রেয়ো মমাঽস্তু ত্বরিতং হতম্॥ ইতি দক্ষিণবাহুতে ধারণানন্তর—ওঁ জয়দে বরদে দেবি দশম্যামপরাজিতা। ধারয়ামি ভুজে দক্ষে জয়লাভাভিবৃদ্ধয়ে। বলমাধেহি বলয় ময়ি শত্রোঃ পরাজয়ম্। ত্বদ্ধারণাদ্‌ভবেয়ুর্ম্মে ধনধান্যাদি-সম্পদঃ। ওঁ অপরাজিতে ক্ষমস্ব ইতি মন্ত্রে বিসর্জ্জন করিবে।

---

## ব্রহ্মা-পূজা।

কৃতনিত্যক্রিয় যজমান স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে। যথা—ওঁ অদ্যেত্যাদি (মুখ্যচান্দ্র মাস) অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অগ্নিভয়োপশমনকামো বিষ্ণ্বাদিদেবতাপূজাপূর্ব্বক-ব্রহ্মপূজনমহং করিষ্যে। সঙ্কল্পান্তে সূক্তপাঠ ও স্বশাখোক্ত বিধানে ঘটস্থাপন পূর্ব্বক (২৩৭ পৃঃ) সামান্যার্ঘ্য (১৫২ পৃঃ) করিয়া মাষভক্তবলি—ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ ইত্যাদি মন্ত্রে ভূতাদিকে নিবেদন করিবে। ঘটে গণেশাদিদেবতাপূজান্তে (১৬৩ পৃঃ) পঞ্চগব্যে ও পঞ্চামৃতে পঞ্চগব্য মন্ত্রে (২৩৬ পৃঃ) ও গায়ত্রীপাঠ সহকারে ও শীতলজলে ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ ইত্যাদি মন্ত্রে স্নান করাইবে। পরে ব্রোং মন্ত্রে প্রাণায়ামাদি করত ধ্যান করিবে, যথা—ওঁ ব্রহ্মা কমণ্ডলুধরশ্চতুর্ব্বক্ত্রশ্চতুর্ভুজঃ। কদাচিদ্রক্তকমলে হংসারূঢ়ঃ কদাচন। বর্ণেন রক্তগৌরাঙ্গঃ প্রাংশুস্তুঙ্গাঙ্গ উন্নতঃ। কমণ্ডলুর্বামকরে স্রুবো হস্তে তু দক্ষিণে। দক্ষিণাধস্তথা মালা বামতশ্চ তথা স্রুবঃ। আজ্যস্থালী বামপার্শ্বে বেদাঃ সর্ব্বেঽগ্রতঃ স্থিতাঃ। সাবিত্রী বামপার্শ্বস্থা দক্ষিণস্থা সরস্বতী। সর্ব্বে চ ঋষয়ো হ্যগ্রে কুর্য্যাদেভিশ্চ চিন্তনম্॥ এই ধ্যানান্তে বিশেষার্ঘ্যস্থাপন, পুনর্ধ্যান ও আবাহনানন্তর ব্রোং ব্রহ্মণে নমঃ এই মন্ত্রে ষোড়শোপচারে পূজা করিবে। পরে ওঁ পদ্মাসনায় বিদ্মহে হংসারূঢ়ায় ধীমহি তন্নো ব্রহ্মন্ প্রচোদয়াৎ। এই গায়ত্রী যথাশক্তি জপ করিয়া ওঁ নমোঽস্তু বিশ্বেশ্বর বিশ্বধামন্, জগৎসবিত্রে ভগবন্নমস্তে। সপ্তার্চ্চিলোকায় চ ভূতলেশ, সর্ব্বান্তরস্থায় নমো নমস্তে॥ এই মন্ত্রে প্রণাম করিবে। আবরণ-দেবতাপূজা যথা—আবাহন পূর্ব্বক ইন্দ্রাদিলোকপালেভ্যঃ, শঙ্করায়, বিষ্ণবে, আধারশক্তয়ে, সরস্বত্যৈ, সাবিত্র্যৈ, হংসায়, পদ্মায়, ঋষিভ্যঃ,

দেবেভ্যঃ, ওঁকারাদি নমোঽন্ত মন্ত্রে ইঁহাদিগের পূজা করিয়া সাবিত্রীপূজা করিবে, ধ্যান যথা—ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশাং সাবিত্রীং রুচিরাননাম্। পদ্মাসনাং রাজপুত্রীং বীণাপুস্তকধারিণীম্। ত্রৈলোক্যসুন্দরীং ধ্যায়েদ্ দিব্যাভরণ-ভূষিতাম্। নবযৌবনভূষাঢ্যাং পক্কবিম্বাধরাং শুভাম্॥ ওঁ সাং সাবিত্র্যৈ নমঃ, এই মন্ত্রে যথাশক্তি উপচারে পূজা করিয়া ব্রহ্মার উদ্দেশ্যে পৌরাণিক নিয়মে বলিদান করিবে ( ২৬৬ পৃঃ )। পরে স্বশাখোক্ত বিধিতে সামান্য কুশণ্ডিকা-বিহিত বহ্নিস্থাপন ( ২৫২ পৃঃ ) করিয়া গায়ত্রী দ্বারা হোম করত দক্ষিণা দিয়া বিসর্জ্জনান্তে নির্ম্মাল্যপুষ্প ওঁ সনৎকুমারায় নমঃ মন্ত্রে ঈশানকোণে দিবে।

---

## বিশ্বকর্ম্ম-পূজা।

নিত্যক্রিয়াদি সমাপন পূর্ব্বক শুদ্ধাসনে উপবেশন করত স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে।

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শিল্পনৈপুণ্যাদিবৃদ্ধিপুর্ব্বক-শ্রী বিশ্বকর্ম্মপ্রীতিকামো গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বক-বিশ্বকর্ম্ম-পূজামহং করিষ্যে।

সংকল্পসূক্তাদি পাঠ করিয়া সামান্যার্ঘ্য ( ১৫২ পৃঃ ), আসনশুদ্ধি, ভূতশুদ্ধি প্রভৃতি, ঘটস্থাপনাদি (২৩৭ পৃঃ) করিয়া গণেশাদিদেবতাগণের পূজা (১৬৩ পৃঃ) করিবে, তদনন্তর বাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি ও বাং হৃদয়ায় নমঃ—ইত্যাদি-ক্রমে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া ধ্যান পূর্ব্বক বিশ্বকর্ম্মার বিশেষরূপে পূজা করিবে। ধ্যান যথা—ওঁ দংশপাল মহাবীর সুচিত্রকর্ম্মকারক।

বিশ্বকৃৎ বিশ্বধৃক্ চ ত্বং বাসনামানদণ্ডধৃক্॥

পরে মানসোপচারে পূজা করিয়া, বিশেষার্ঘ্যস্থাপন পূর্ব্বক পুনর্ধ্যান ও আবাহন করিবে, যথা—ওঁ বিশ্বকর্ম্মন্নিহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ॥ ওঁ বিশ্বকর্ম্মন্নিহাগচ্ছ তুলাবদ্ধমলং কুরু॥

বিশ্বকর্ম্ম-গায়ত্রী।—ওঁ শিল্পাচার্য্যায় দেবায় নমস্তে বিশ্বকর্ম্মণে স্বাহা॥

ওঁ বিশ্বকর্ম্মণে নমঃ,—এই মন্ত্রে বিশ্বকর্ম্মার পূজা, জপ ও জপসমর্পণ করিয়া প্রণাম করিবে। প্রণামমন্ত্র যথা—ওঁ দেবশিল্পিন্ মহাভাগ দেবানাং কার্য্য-সাধক। বিশ্বকর্ম্মন্নমস্তভ্যং সর্ব্বাভীষ্টফলপ্রদ॥

তৎপরে দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

# চতুর্থ প্রবাহ।

## ব্রত-প্রকরণ।

### (বৈশাখকৃত্য)

### ধর্ম্মঘট-ব্রত।

বৈশাখমাসের সংক্রান্তিতে ধর্ম্মঘট-ব্রত আরম্ভ করিয়া বৈশাখের শেষ দিনে শেষ করিবে। প্রত্যহ এক একটি জলপূর্ণ কুম্ভ উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে দান করিবে। এই প্রকারে চতুর্ব্বর্ষ ব্রতাচরণ করিয়া উদ্‌যাপন করাই বিধি।

পূজা-প্রণালী।—পুরোহিত নিত্যক্রিয়াদি শেষ করিয়া পবিত্রাসনে বসিয়া স্বস্তিবাচনাদি সমাপনান্তে ব্রতকারিণী স্ত্রীকে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করাইবেন, যথা—

"বিষ্ণুর্ন্মোহদ্য বৈশাখে মাসি মেষরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক-তিথৌ মহাবিষুবসংক্রান্ত্যামারভ্য বিষ্ণুপদীসংক্রান্তিং যাবৎ প্রত্যহং অমুক-গোত্রা শ্রীঅমুকীদেবী দুষ্কৃতসন্তরণ-নিরাময়াক্ষয়-স্বর্গলোক-সুশীতলত্ব-সকল-মনোরথপ্রাপ্তি-পূর্ব্বক-তৃষ্ণাসাগর-সুখসন্তরণকামা শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা বিষ্ণু-ধর্ম্মোত্তরোক্ত-গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক-সলক্ষ্মীক-বিষ্ণুপূজা-শীতলোদক-পূরিত-ঘটদানরূপং ধর্ম্মঘটব্রতমহং করিষ্যে॥

পরে পুরোহিত স্বয়ং সূক্ত পাঠ করিবেন এবং ব্রতকারিণীকে "ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নং সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। তন্মে সম্পূর্ণতাং যাতু প্রসাদাত্তব কেশব॥ এই মন্ত্র পাঠ করাইবেন। এই মন্ত্রটি সকল ব্রতারম্ভেই প্রায়শঃ পাঠ্য। পরে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধ্যাদি (১৫২ পৃঃ) করত গণেশাদির অর্চ্চনা করিয়া (১৬৩ পৃঃ) বিষ্ণু ও লক্ষ্মীর অর্চ্চনা করিবে। তৎপশ্চাৎ আবরণপূজান্তে ঘটে চন্দন দিয়া ব্রতকারিণী স্ত্রীকে নিম্নলিখিত আবাহনমন্ত্র পাঠ করাইবেন, যথা—

ওঁ এহ্যেহি ভগবন্ ধর্ম্ম তোয়মেতৎ সমাবিশ। সহিতো লোকপালৈশ্চ বস্বাদিত্যমরুদ্‌গণৈঃ॥

তদনন্তর "এতস্মৈ সভোজ্য-শীতলোদকপূরিত-ধর্ম্মঘটায় নমঃ" বলিয়া বারত্রয় প্রোক্ষণ ও পূজা করিয়া গন্ধপুষ্প দ্বারা "এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ, এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ" বলিয়া পূজা করিবে। তৎপরে বামহস্তে ঘট ধরিয়া দক্ষিণকর জলপূর্ণ কোশার মধ্যে স্থাপন পূর্ব্বক ঘট উৎসর্গ করিবে। মন্ত্র যথা—

"বিষ্ণুর্নমোঽদ্যেত্যাদি অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বিষ্ণুধর্ম্মোত্তরোক্তধর্ম্মঘট-ব্রতকর্ম্মণি দুষ্কৃত-সন্তরণ-নিরাময়স্বর্গলোক-সুশীতলত্ব-সকল-মনোরথপ্রাপ্তিপূর্ব্বক-তৃষ্ণাসাগরসুখসন্তরণকামা শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা ইদং সভোজ্যাচ্ছাদন-শীতলোদকপূরিতং ঘটং শ্রীবিষ্ণুদৈবতং গন্ধাদ্যর্চ্চিতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।"

পরে করপুটে পাঠ্য, যথা—

নমঃ ধর্ম্ম ত্বং ঘটরূপেণ ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। ত্বয়ি লিপ্তে সন্তু লিপ্তাশ্চন্দনৈঃ সর্ব্বদেবতাঃ॥ ঘট ত্বং ধর্ম্মরূপেণ ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। ত্বয়ি দত্তেঽক্ষয়া লোকা মম সন্তু নিরাময়াঃ॥ যথা ত্বং শীতলো নিত্যং সম্পূর্ণঃ শীতবারিণা। তথা মাং দুঃখসন্তপ্তং শীতলং কুরু ধর্ম্মরাট্॥ পুত্রদারসমেতঞ্চ আত্মানঞ্চ বিশেষতঃ। ত্রাহি মাং ভগবন্নাথ তৃষ্ণাসাগরমধ্যতঃ॥ এষ ধর্ম্মঘটো দত্তো ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ। অস্য প্রদানাৎ সফলা মম সন্তু মনোরথাঃ॥

অনন্তর দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি করিয়া কথা শুনিবে, যথা—

ব্রত-কথা।—রাজোবাচ। কেন ব্রতেন দেবেশ ব্রহ্মবিষ্ণুহরাদয়ঃ। তৃপ্তাশ্চ বরদাশ্চৈব রক্ষাং কুর্ব্বন্তি সর্ব্বতঃ॥ কেন সুশীতলো বাপি কেন তুষ্টঃ পিতামহঃ। সদা মনোরথং পূর্ণং কেন তৃষ্ণাং তরেৎ সদা॥ চিরজীবী জয়ী কেন পরত্র গতিরুত্তমা। এতৎ সমস্তং বিস্তার্য্য কথয়স্ব হরে মম॥ শ্রীকৃষ্ণ উবাচ। শৃণু রাজন্ প্রবক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমম্। অস্তি ধর্ম্মঘটং নাম ব্রতং পরমদুর্লভম্॥ রবিসংক্রমণে শেষে শুভে কালে বিশেষতঃ। তত্রৈব ব্রতমারভ্য রাজশার্দ্দূল ধর্ম্মরাট্॥ বৈষ্ণবং ব্রতমাখ্যাতং দুর্লভং ভুবনেষ্বপি। দুষ্কৃত-তরণং নাম তৃষ্ণাসাগরতৃপ্তিদম্॥ সুগন্ধি শীতলং বারি পূরয়িত্বা ঘটেঽপি চ। গন্ধচন্দনসংযুক্তং বস্ত্রাচ্ছাদিতমেব চ॥ তত্রৈব শোভনং ভোজ্যং স্থাপয়িত্বা দিনে দিনে। দদ্যাৎ বিপ্রায় বৈশাখে অক্ষয়তৃপ্তিহেতবে॥ তস্য প্রদানাৎ সকলাঃ সিদ্ধাঃ সন্তু মনোরথাঃ। সদা তৃপ্তিশ্চ দেবানাং সদা তৃপ্তিঃ পিতুর্ভবেৎ॥ সদা সুশীতলং যান্তি সদা বিজয়বর্দ্ধনম্। পুত্রদারসমেতঞ্চ তৃষ্ণাসাগরমুত্তরেৎ॥

অরোগী চিরজীবী চ বিদ্বাংশ্চৈব জিতেন্দ্রিয়ঃ। ধনবান্ পুত্রবাংশ্চৈব কামচারী ভবেন্নরঃ॥ বসবো লোকপালাশ্চ আদিত্যাশ্চ মরুদ্‌গণাঃ। রক্ষাং কুর্ব্বন্তি তে সর্ব্বে ঘটদানপ্রসাদতঃ॥ ইহলোকে সুখী ভূত্বা পরত্র গতিরুত্তমা। অন্তে বিষ্ণুপুরং গচ্ছেৎ হরেস্তিষ্ঠতি সন্নিধৌ॥ দিনে দিনে নরশ্রেষ্ঠ শৃণোতি তৎকথাং শুভাম্। পীত্বা পাদোদকং বিষ্ণোর্হবিষ্যাশী ব্রতং চরেৎ॥ এবং কুর্য্যাচ্চতুর্ব্বর্ষং ব্রতানাং ব্রতমুত্তমম্॥ ইত্যেতৎ কথিতং যত্নাৎ কুরু গত্বা নিজালয়ম্। গুহ্যাৎ গুহ্যতরং কার্য্যং ন প্রকাশ্যং কদাচন॥

ইতি শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসংবাদে ধর্ম্মঘটব্রতকথা॥

---

## ফলসংক্রান্তি-ব্রত।

এই ব্রত মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিতে হয়। প্রতি সংক্রান্তিতে কর্ত্তব্য। বর্ষ পূর্ণ হইলে পুনরায় মহাবিষুবসংক্রান্তিতে প্রতিষ্ঠা করিবে। মহাবিষুবসংক্রান্তি হইতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে এক একটি ফলের দ্বারা এই ব্রত করিতে হয় অর্থাৎ মহাবিষুবসংক্রান্তিতে সবস্ত্র সপাত্র নারিকেল ফল বিষ্ণুকে অর্পণ করিলে নিখিল পাতক দূর হয় এবং পুত্রপৌত্র সহ ইহলোকে নানা সুখভোগ ও চরমে বৈকুণ্ঠলাভ হয়। জ্যৈষ্ঠ-সংক্রান্তিতে জাতিফল দিলে জীববৎসা হইতে পারে। আষাঢ়-সংক্রান্তিতে এলাইচ দিলে সৌভাগ্যবতী ও বহুপুত্রবতী হয়। শ্রাবণের সংক্রান্তিতে দাড়িম নিবেদন করিলে সুন্দরী হয়। ভাদ্রমাসের সংক্রান্তিতে তাল দিলে পুত্রবতী, আশ্বিন-সংক্রান্তিতে কপিত্থ দিলে পুত্রবতী, কার্ত্তিক-সংক্রান্তিতে নাগরঙ্গ দিলে জীববৎসা, সাধ্বী ও অবন্ধ্যা; অগ্রহায়ণ-সংক্রান্তিতে গুবাক দিলে সৌভাগ্যবতী, রূপবতী ও বহুপুত্রিণী; পৌষ-সংক্রান্তিতে হরীতকী দিলে হংসযুক্ত রথে বৈকুণ্ঠে গতি, মাঘমাসে কক্কোল দিলে সৌভাগ্যবতী, সপত্নীশূন্যা ও হিতাহ্লাদিনী; ফাল্গুনে শ্রীফল দিলে সর্ব্বরত্নসম্পন্না ও বহুপুত্রবতী এবং চৈত্রমাসের সংক্রান্তিতে নবনী দিলে নীরোগ হয় ও অন্তে স্বর্গগতি প্রাপ্ত হইতে পারে। প্রতিষ্ঠাসময়ে উক্ত সমস্ত ফলই দিতে হয়।

পূজাবিধি—স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

"অদ্যেত্যাদি—(মুখ্যচান্দ্রমাস উল্লেখ্য) মহাবিষুব-সংক্রান্ত্যামারভ্য একবর্ষং যাবৎ প্রতিসংক্রান্ত্যাং অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বহুসন্তানকামা

( বিষ্ণুপ্রীতিকামা বা ) বাসুদেবলক্ষ্মীপূজাপূর্ব্বকং নারিকেলজাতিফলাদিনানা-ফলদানরূপং ফলসংক্রান্তিব্রতমহং করিষ্যে ॥”

পরে ব্রাহ্মণ দ্বারা সূক্তপাঠ, আসনশুদ্ধ্যাদি, মাতৃকান্যাস, (১৫২-১৬৩ পৃঃ) সূর্য্যার্ঘ্যদান, গণেশাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ ও ইন্দ্রাদি দশদিক্‌পালের অর্চ্চনা এবং তৎপরে প্রাণায়ামাদির অন্তে বাসুদেবের “ওঁ বাসুদেবং” ইত্যাদি ধ্যানে ও “ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমঃ” এই মন্ত্রে যথাশক্ত্যুপচারে পূজা করিয়া জপ ও স্তবপাঠান্তে লক্ষ্মীর অর্চ্চনা করিবে। ( ২৭১ পৃঃ ) অনন্তর নিম্নলিখিত স্তব পাঠ্য, যথা—

ওঁ ত্রৈলোক্যপূজিতে দেবি কমলে বিষ্ণুবল্লভে। যথা ত্বং সুস্থিরা কৃষ্ণে তথা ভব ময়ি স্থিরা ॥ ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতির্হরিপ্রিয়া। পদ্মা পদ্মালয়া সম্পৎ সৃষ্টিঃ শ্রীঃ পদ্মধারিণী ॥ দ্বাদশৈতানি নামানি লক্ষ্মীং সম্পূজ্য যঃ পঠেৎ। স্থিরা লক্ষ্মীর্ভবেত্তস্য পুত্রদারাদিভিঃ সহ ॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্রে অঞ্জলিত্রয় দিয়া ফল দান করিবে। যথা—ওঁ নমস্তে সর্ব্বভূতানাং বরদাসি হরিপ্রিয়ে। যা গতিস্ত্বৎপ্রপন্নানাং সা মে ভূয়াত্ত্বদর্চ্চনাৎ ॥ ফলদানবিধি যথা—

নম এতস্মৈ সবস্ত্র-সাধার-নারিকেলফলায় নমঃ ইতি প্রোক্ষণ, ঐ মন্ত্রে অর্চ্চন, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ, এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ। বিষ্ণুর্মোহস্য অমুকে মাসি ( মুখ্যচান্দ্রমাস ) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকসংক্রান্ত্যাং অমুকগোত্রা শ্রীঅমুকী সঙ্কল্পিত-ফলসংক্রান্তি-ব্রতকর্ম্মণি শ্রীবিষ্ণুপ্রীতিকামা ইদং সবস্ত্রসাধার-নারিকেলফলং শ্রীবিষ্ণুদৈবত-মর্চ্চিতং শ্রীবিষ্ণবে অহং সম্প্রদদে। এই মন্ত্রে বিষ্ণুকে দান ও দক্ষিণাবাক্যে বিষ্ণুকে দক্ষিণা দিবে। পরে কথা শুনিতে হয়।

ব্রত-কথা।—শরতল্পগতং ভীষ্মং ধর্ম্মশাস্ত্রার্থকোবিদম্। প্রণম্য শিরসা রাজা পপ্রচ্ছেদং যুধিষ্ঠিরঃ ॥ যুধিষ্ঠির উবাচ। কর্ম্মণা কেন ভগবন্ দানেন তপসাপি বা। জীববৎসা ভবেন্নারী তস্মাচ্চ বহুপুত্রিণী ॥ কথয়স্ব মহাভাগ সর্ব্বশাস্ত্রার্থকোবিদ ॥ ভীষ্ম উবাচ। এতদর্থে কথাং দিব্যাং কথয়ামি সুবীক্ষিতাম্। বসুদেবস্য সংবাদং লোমশেন যথা পুরা ॥ লোমশো নাম বিপ্রর্ষির্বসুদেবমুপাগতঃ। যথার্হং পূজিতস্তেন পাদ্যার্ঘ্যাসনভোজনৈঃ ॥ সুখোপবিষ্টং পপ্রচ্ছ সাদরং সংস্তুতং মুনিম্ ॥ বসুদেব উবাচ। ত্রিকালজ্ঞোঽসি বিপ্রর্ষে বিধিজ্ঞোঽসি মহামুনে। এবং পৃচ্ছামি ভগবন্ কৃপয়া তদ্বদস্ব মে। এষা

ধর্ম্মপরা নিত্যং পতিশুশ্রূষণে রতা। পতিব্রতানবদ্যাঙ্গী দেবকী মম গেহিনী॥ বহবোঽস্যাঃ সুতা নষ্টা ন বেদ্মি চাস্য কারণম্। পুনর্ন জায়তে কস্মাত্তন্মে কথয় সুব্রত॥ লোমশ উবাচ। বসুদেব শৃণুষ্বেমাং কথাং দিব্যাং পুরাতনীম্। নহুষস্য সতী সাধ্বী মহিষী শুভলক্ষণা। তস্যা এবং বভূবাথ বশিষ্ঠং পৃষ্টবান্নৃপঃ॥ বশিষ্ঠ উবাচ। শৃণু রাজন্ প্রবক্ষ্যামি নারী বন্ধ্যা ন জায়তে। ন ভবেৎ মৃতবৎসা চ ইদঞ্চেৎ কুরুতে ব্রতম্। ফলসংক্রান্তিকং নাম ব্রতানাং ব্রতমুত্তমম্॥ মহাবিষুবসংক্রান্ত্যামারভ্য বৎসরাবধি। বিষ্ণুমভ্যর্চ্চয়েদর্কসংক্রান্ত্যাং প্রতিমাসকম্॥ প্রাতঃ স্নাত্বা শুচির্ভূত্বা দম্ভমানবিবর্জ্জিতা। সলক্ষ্মীকং সুগন্ধাঢ্যৈঃ পুষ্পৈরভ্যর্চ্চ্য কেশবম্॥ মহাবিষুবসংক্রান্ত্যাং নারিকেলফলং শুভম্। সবস্ত্রং পাত্রসহিতং দত্ত্বা দেবায় বিষ্ণবে॥ সর্ব্বপাপবিনির্ম্মুক্তা পুত্রপৌত্রসমন্বিতা। ইহৈব সুখমাপ্নোতি অন্তে বিষ্ণুপুরং ব্রজেৎ। বিষ্ণুপদ্যাং ততো জ্যৈষ্ঠে দদ্যাজ্জাতিফলং যদি। তেনৈব জায়তে পুত্রো জীববৎসা ভবেদপি॥ ষড়শীত্যাং তথাষাঢ়ে এলাফলমনুত্তমম্। দত্ত্বা চ বিষ্ণবে ভূয়াৎ সুভগা বহুপুত্রিণী॥ দক্ষিণায়নসংক্রান্ত্যাং দাড়িমং দীয়তে যদি। সুদতী চ ভবেন্নারী মাসি নভসি বিষ্ণবে॥ ভাদ্রে চ হরয়ে তালং দত্ত্বা পুত্রবতী ভবেৎ। কপিত্থমাশ্বিনে দত্ত্বা ভবেচ্চ বহুপুত্রিণী॥ কার্ত্তিকে নাগরঙ্গঞ্চ দত্ত্বা নারায়ণে যদি। জীববৎসা ভবেৎ সাধ্বী ন বন্ধ্যা জায়তে ক্বচিৎ॥ যা দদ্যাদ্বৃশ্চিকে পূগং বিষ্ণবে পরমাত্মনে॥ সা ভবেৎ সুভগা নারী সুরূপা বহুপুত্রিণী॥ দদ্যাদ্ধনুষি যা নারী হরয়ে চ হরীতকীম্। হংসযুক্তবিমানেন গচ্ছেৎ সা বৈষ্ণবং পুরম্॥ কঙ্কোলং মাঘমাসে চ বিষ্ণুমভ্যর্চ্চ্য যত্নতঃ। সা ভবেৎ সুভগা নিত্যং সপত্নীরহিতা মুদা॥ শ্রীফলং ফাল্গুনে মাসি দত্ত্বা নারায়ণে যদি। ভবেচ্চ সর্ব্বরত্নাঢ্যা বহুপুত্রবতী ভবেৎ॥ চৈত্রে চ নবনীং দত্ত্বা সলক্ষ্মীকায় বিষ্ণবে। স্বর্গলোকমবাপ্নোতি নির্ব্যাধিরপি জায়তে॥ পুনর্বিষুবসংক্রান্ত্যাং ফলং সর্ব্বং নিবেদয়েৎ। সাধারং বস্ত্রসংযুক্তং ফলং সর্ব্বং যথোচিতম্॥ প্রতিষ্ঠা বিধিবৎ কার্য্যা সমাপ্তে তু ব্রতোত্তমে। ব্রাহ্মণান্ ভোজয়েচ্ছক্ত্যা হোমঞ্চ কারয়েদপি॥ সুবর্ণং দক্ষিণাং দদ্যাৎ প্রতিষ্ঠার্থং ব্রতস্য চ। দদ্যাদ্ দ্বাদশদানানি বিষ্ণুমুদ্দিশ্য যত্নতঃ॥ করোতি যা মহাবুদ্ধে ন পুনর্দ্দোষমাবিশেৎ॥ বশিষ্ঠঃ কারয়ামাস তাং রাজ্ঞীং ব্রতমুত্তমম্। তেন ব্রতপ্রভাবেণ সা ভূতা বহুপুত্রিণী॥ বসুদেব ত্বমপীত্থং স্বপত্নীং কারয় ব্রতম্। চীর্ণব্রতায়াং দেবক্যাং পুত্রোঽভূজ্জগদীশ্বরঃ॥ ইত্যেতৎ কথিতং পার্থ ব্রতানাং ব্রতমুত্তমম্। যৎ কৃত্বা মুনিপত্নীভিঃ প্রাপ্তং

বিষ্ণুনিকেতনম্॥ যা করোতি ব্রতমেতৎ সুভগা বহুপুত্রিণী। ধনধান্যসমাযুক্তা সুভগা জীবপুত্রিকা॥ অন্তে যাতি পরং স্থানং শ্রীবিষ্ণোঃ পরমং পদম্। অভ্যর্চ্চ্য বিষ্ণোশ্চরণাব্জযুগ্মং, ফলৈশ্চ তোয়ৈশ্চ তথোপবীতৈঃ। পুণ্যঞ্চ সংক্রান্তিতিথিঞ্চ লব্ধ্বা, লভেৎ সুতং তৎফলদানপুণ্যাৎ॥

ইতি ভবিষ্যপুরাণে ফলসংক্রান্তিব্রতকথা॥

ওঁ তৎসৎ ওঁ তৎসৎ ওঁ তৎসৎ। যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ। পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥

---

## দানসংক্রান্তি-ব্রত।

বিষ্ণুপ্রীতিকামনায় প্রতি সংক্রান্তিতে এই ব্রত কর্ত্তব্য। বৈশাখ হইতে প্রতি সংক্রান্তিতে যথাক্রমে সবস্ত্র জলপূর্ণ কুম্ভ, ছত্র, সচন্দন ব্যজন, পদ্মাসন, সবস্ত্র জাতিপুষ্প, তৈজসপাত্র, ঘৃত ও গুড়, তৈজসাধার তিলের লাড়ু, তৈজসাধার গন্ধদ্রব্য, শীতনিবারক বস্ত্র, তৈজসাধার তাম্বূল, রৌপ্য ও গন্ধদ্রব্য, স্বর্ণ ও সুগন্ধি পুষ্প প্রদান করিবে। মহাবিষুবসংক্রান্তিতে ব্রত উদ্‌যাপন করিবে। তৎকালে সবৎসা ধেনুদান কর্ত্তব্য বা তদনুকল্প ৩ কাহন কপর্দ্দক দিবে। এই ব্রতের সঙ্কল্পবাক্য নিম্নে লিখিত হইল, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ মহাবিষুবসংক্রান্ত্যামারভ্য সংবৎসরং যাবৎ প্রতিমাসীয়সংক্রান্ত্যাং অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী শ্রীবিষ্ণুপ্রীতিকামা যথোক্তবিধিনা দানসংক্রান্তিব্রতমহং করিষ্যে॥

অনন্তর সূক্তাদি পাঠ, "ইদং ব্রতং ময়া" ইত্যাদি মন্ত্র পাঠ, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ন্যাসাদি (১৫২ পৃঃ—১৬৩) ও গণেশাদি দেবতার অর্চ্চনা সমাপনান্তে বিশেষ উপচারে বিষ্ণু ও লক্ষ্মীর (২৭১ পৃঃ) অর্চ্চনা করিবে। পরে ভোজ্য ও দানীয় দ্রব্য উৎসর্গ করিতে হয়। দানীয় দ্রব্য উৎসর্গের বাক্য যথা,—

অদ্যেত্যাদি—অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী শ্রীবিষ্ণুপ্রীতিকামা ইদং সবস্ত্রতৈজসাধারজলং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে॥

জ্যৈষ্ঠমাসাদিতে তত্তৎ মাস ও তত্তদ্দ্রব্যের উল্লেখ করিতে হয়। মলমাসীয় সংক্রান্তিতে দানও কর্ত্তব্য। যেহেতু, সংক্রান্তিবিহিতকার্য্যে দ্বাদশসংক্রান্তিতে

দানের বিধেয়তানিবন্ধন মলমাসসংক্রান্তি ত্যাজ্য নহে। ব্রতান্তে কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা—নারদো নাম দেবর্ষির্জগাম বিষ্ণুমন্দিরম্। তং দৃষ্ট্বা বাসুদেবঞ্চ পপ্রচ্ছ মুনিসত্তমঃ॥ নারদ উবাচ। ব্রতেন কেন ভগবন্ নরাণাং পাপনাশনম্। নারীণাং চৈব সৌভাগ্যং তন্মে ব্রূহি জনার্দ্দন॥ ভগবানুবাচ। শৃণু নারদ বক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমম্। দানসংক্রান্তিকং নাম নরাণাং ভূতিদায়কম্। নারীণাঞ্চৈব সৌভাগ্যং তথা পাপপ্রণাশনম্॥ ধনং ধান্যং তথারোগ্যমবৈধব্যঞ্চ জায়তে। বিধানং শৃণু বক্ষ্যামি ব্রতঞ্চ যাদৃশং ভবেৎ॥ মহাবিষুবসংক্রান্ত্যাং জলং দদ্যাদ্দ্বিজাতয়ে। মধুসূদনমুদ্দিশ্য সর্ব্বং দেয়ঞ্চ সংস্কৃতম্॥ বিষ্ণুপদ্যাং তথা জ্যৈষ্ঠে ছত্রং দদ্যাদ্দ্বিজাতয়ে। * প্রাপ্নোতি পরমং স্থানং দেবানামপি দুর্ল্লভম্॥ আষাঢ়ে ব্যজনং দদ্যাচ্চন্দনেন সমন্বিতম্। শ্রীনারায়ণমুদ্দিশ্য হরিসন্তোষকারকম্॥ দিব্যং বিমানমারুহ্য প্রয়াতি ব্রহ্মণঃ পুরম্। দক্ষিণায়নসংক্রান্ত্যাং দেয়মাসনমুত্তমম্॥ বৃষেণ ধর্ম্মরূপেণ স যাতি শিবসন্নিধিম্। গত্বা শিবপুরস্থানং স ময়া সহ মোদতে॥ ভাদ্রে বিষ্ণুপদীনাম্নী সংক্রান্তিঃ সমুদাহৃতা। দদাতি শোভনং পুষ্পং জাতিপুষ্পং বিশেষতঃ॥ জাতিপুষ্পপ্রদানেন স্বর্গলোকে মহীয়তে। আশ্বিনে ষড়শীত্যাখ্যা সংক্রান্তিঃ সমুদাহৃতা॥ ঘৃতদানঞ্চ বিপ্রায় পাত্রস্থং দীয়তে যদি। সূর্য্যবিম্বপ্রতীকাশো প্রয়াতি চন্দ্রমণ্ডলে॥ কার্ত্তিকে বিষুবে চৈব প্রদদ্যাত্তিলমোদকম্। সা সর্ব্বকুলমুদ্ধৃত্য যাতি বৈ সুরমন্দিরম্॥ মার্গশীর্ষে বিষ্ণুপদ্যাং গন্ধদানমুদাহৃতম্। ব্রাহ্মণায় প্রদাতব্যং গন্ধর্ব্বদেবতাপ্রিয়ম্॥ ষড়শীত্যাং তথা পৌষে পট্টবস্ত্রং হিমাগমে। দ্বিজায় চ প্রদাতব্যং লভতে সুখমুত্তমম্॥ উত্তরায়ণসংক্রান্ত্যাং মাঘে মাসি মহামুনে। যঃ প্রযচ্ছেত্তু তাম্বূলং ব্রাহ্মণায় বিশেষতঃ। দিব্যেনৈব বিমানেন ব্রজেন্মম পুরে ধ্রুবম্॥ ফাল্গুনে বিষ্ণুপদ্যাঞ্চ দদ্যাদ্রজতমুত্তমম্। শ্রীনারায়ণমুদ্দিশ্য ব্রাহ্মণায় ততো হি সা। সপ্তকল্পং দিব্যদেহা বসেৎ শিবপুরে সদা॥ ষড়শীত্যাং তথা চৈত্রে স্বর্ণং দদ্যাদ্দ্বিজাতয়ে। সুগন্ধি কুসুমং দত্ত্বা মচ্ছরীরে বিশেদ্ধ্রুবম্॥ সম্পূর্ণে বিষুবে সম্যগ্ দানসংক্রান্তিকং ব্রতম্। দদ্যাদ্ধেনুং সবৎসাঞ্চ ব্রাহ্মণায় সুসংযতা॥ প্রতিষ্ঠাং চৈব যত্নেন কুর্য্যাৎ শুভদিনে তথা। সা সপ্তকুলমুদ্ধৃত্য বিষ্ণুলোকে মহীয়তে॥

ইতি ব্রহ্মপুরাণোক্তদানসংক্রান্তিব্রতকথা॥

---

* পাঠান্তর—বৈশাখে জলকুম্ভঞ্চ দদ্যাদ্বস্ত্রান্বিতং তথা

## জলসংক্রান্তি-ব্রত।

নিত্যক্রিয়া সমাপনান্তে উত্তরাস্যে কুশাসনে বসিয়া স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ মহাবিষুবসংক্রান্ত্যামারভ্য সংবৎসরং যাবৎ প্রতিমাসীয়সংক্রান্ত্যাং অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী সর্ব্বপাপবিনির্ম্মুক্তত্ব-সর্ব্বদা-বারিলাভ-নরকদর্শনাভাবপূর্ব্বক-শ্রীবিষ্ণুপ্রীতিকামা বিষ্ণুলোকপ্রাপ্তিকামা বা ভবিষ্যপুরাণোক্তবিধিনা জলসংক্রান্তিব্রতমহং করিষ্যে॥

পরে সঙ্কল্পসূক্তাদি পাঠান্তে করযোড়ে নিম্নলিখিত প্রার্থনামন্ত্র পাঠ্য, যথা—ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। তন্মে সম্পূর্ণতাং যাতু প্রসাদাত্তব কেশব॥

তৎপরে পুরোহিত যথাযথ আসনে বসিয়া সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, অঙ্গন্যাস, করন্যাস (১৫২-১৬৩ পৃঃ) প্রভৃতি সমাপনান্তে গণেশাদি দেবতার অর্চ্চনা পূর্ব্বক ষোড়শোপচারে বা অক্ষম হইলে দশোপচারে বিষ্ণু (১৭৭ পৃঃ) ও লক্ষ্মীর (২৭০ পৃঃ) অর্চ্চনা করিবে। পরে বারিপূরিত ঘট ও ভোজ্যোৎসর্গ করিয়া কথা শ্রবণ করিতে হয়।

সভোজ্য ঘটদানবিধি, যথা—বাম হস্তে (উবুড়) ধরিয়া তিনবার জলের ছিটা দিবে। মন্ত্র যথা—নম এতস্মৈ সবস্ত্র-সভোজ্য-বারিপূর্ণ-ঘটায় নমঃ, পরে এতে গন্ধপুষ্পে নম এতস্মৈ ইত্যাদি। ঘটপূজা,—এতদধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ (বিষ্ণুকে গন্ধপুষ্প দ্বারা পূজা), এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ, ইতি (ব্রাহ্মণ-হস্তে পুষ্প দান)। বিষ্ণুর্নমোঽদ্যামুকে মাসি (মুখ্যচান্দ্রমাস) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকসংক্রান্ত্যাং অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী মৎসঙ্কল্পিতৈকবর্ষনিষ্পাদ্য-ভবিষ্য-পুরাণোক্ত-জলসংক্রান্তি-ব্রতকর্ম্মণি শ্রীবিষ্ণুপ্রীতিকামা ইমং সবস্ত্র-সভোজ্য-বারিপূর্ণ-(গঙ্গোদকপূরিত বা) ঘটং শ্রীবিষ্ণুদৈবতমর্চ্চিতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে। এই বলিয়া জলের ছিটা দিবে। পরে উভয় হস্তে ধারণ করিয়া নম এষ ধর্ম্মঘটো দত্তো ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ। অস্য প্রদানাৎ সফলা মম সন্তু মনোরথাঃ॥ এই মন্ত্র পাঠান্তে চন্দন লইয়া নমঃ ঘট ত্বং ধর্ম্মরূপোঽসি ব্রহ্মণা

নির্ম্মিতঃ পুরা। ত্বয়ি লিপ্তে সম্ভ লিপ্তাশ্চন্দনৈঃ সর্ব্বদেবতাঃ॥ এই মন্ত্রে লেপন করিয়া ঘটে জল দিবে। নমঃ পানীয়ং প্রাণিনাং প্রাণাঃ পানীয়ং পাবনং মহৎ। পানীয়স্য প্রদানেন প্রীয়তাং মে জনার্দ্দনঃ॥ পরে দক্ষিণাবাক্য করিবে।

ব্রত-কথা।—ঋষিরুবাচ। শরতল্পগতং ভীষ্মং ধর্ম্মশাস্ত্রার্থকোবিদম্। প্রণম্য শিরসা দেবং পপ্রচ্ছেদং যুধিষ্ঠিরঃ॥ যুধিষ্ঠির উবাচ। রূপবান্ জায়তে কেন ধর্ম্মবান্ বিজিতেন্দ্রিয়ঃ। নানাবিধানি পাপানি সংমুচ্যৈব বিশেষতঃ॥ সর্ব্বদা লভতে বারি যমলোকগতো নরঃ। নরকঞ্চ ন পশ্যেত্তু তন্মে ব্রূহি পিতামহ॥ ভীষ্ম উবাচ। আসীদ্‌গুণবতী নাম্না গুণসারসমুদ্ভবা। সাধ্বী সর্ব্বগুণোপেতা পতিভক্তিপরায়ণা॥ গুণ্ডিকৈঃ শ্বেতপীতৈশ্চ মণ্ডয়ন্তী গৃহাঙ্গনম্॥ একদা সা তু শালায়াং সহ ভর্ত্রা সমন্বিতা। বিষ্ণুনা সহ সংভূয় দিবি লক্ষ্মীর্যথা বসেৎ॥ পপ্রচ্ছ মধুরাং ভাষাং ভর্ত্তারং মণিমাণ্ডবম্॥ গুণবত্যুবাচ। কেন ব্রতেন প্রাণেশ সর্ব্বত্র লভতে জলম্। নরকঞ্চ ন পশ্যন্তি ইহলোকে পরত্র চ। কথয়স্ব বিশেষেণ যদি স্নেহোঽস্তি মাং প্রতি॥ ব্রাহ্মণ উবাচ। সুভগে শৃণু বক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমম্। ব্রতমস্তীহ পরমং জলসংক্রান্তি-নামকম্॥ যৎ কৃত্বা যোষিতঃ সর্ব্বা লভন্তে বৈষ্ণবং পদম্। নরকঞ্চ ন পশ্যন্তি যমলোকে সুদুস্তরে। লভন্তে সর্ব্বদা বারি ত্রৈলোক্যে নাত্র সংশয়ঃ॥ যুধিষ্ঠির উবাচ। যদি তুষ্টোঽসি মে তাত বিধানং তস্য কথ্যতাম্। কেন বা লভতে তচ্চ তন্মে নিগদ সত্তম॥ ভীষ্ম উবাচ। শুভে কালে শুভে লগ্নে সংপ্রাপ্তে বিষুবে শুভে। আরভেত ব্রতং তচ্চ ধর্ম্মকামফলপ্রদম্॥ প্রাতঃস্নাতঃ শুচির্ভূত্বা পিধায় বস্ত্রমুত্তমম্। নারায়ণঞ্চ সংপূজ্য সঙ্কল্পং কারয়েদ্‌ব্রতী॥ পূজয়েদ্বাসুদেবঞ্চ সলক্ষ্মীকঞ্চ ভক্তিতঃ। দীপং দদ্যাদ্‌যথাশক্তি তৈলেনাথ ঘৃতেন বা॥ নৈবেদ্যেন চ গন্ধেন ধূপেন বিবিধেন চ। নারী বাপি নরো বাপি যঃ কুর্য্যাৎ প্রযতঃ শুচিঃ॥ পিতরঞ্চ সমুদ্ধৃত্য শ্বশুরঞ্চ বিশেষতঃ। বিষ্ণুসংক্রামিত-শ্রীকন্তেনৈব সহ মোদতে॥ শচীব পুরুহূতস্য বশিষ্ঠারুন্ধতী যথা। শম্ভোঃ সতী যথা ভার্য্যা লক্ষ্মীর্লক্ষ্মীপতের্যথা॥ রূপসৌভাগ্যসংযুক্তা স্বামিনা সহ মোদতে। পুত্রপৌত্রধনৈর্যুক্তা সতী সাধ্বী পতিব্রতা॥ ইত্যেতৎ কথিতং পুত্র বাৎসল্যেন তবানঘ। মাসি মাসি চ যঃ কুর্য্যাৎ স যাতি বৈষ্ণবং পদম্॥ জলপূর্ণঘটং দদ্যাৎ সভোজ্যং দক্ষিণান্বিতম্। শ্রুত্বা কথাং বিধানেন বৎসরান্তে প্রতিষ্ঠয়েৎ॥ ব্রতান্তে বাসসাচ্ছাদ্য ঘটং বৈ তাম্রনির্ম্মিতম্। ব্রাহ্মণায় প্রদদ্যাত্তু সর্ব্বমেতদশেষতঃ। বিষ্ণুমুদ্দিশ্য হোমঞ্চ বিষ্ণুমন্ত্রেণ কারয়েৎ। অষ্টোত্তরশতং বাপি অষ্টাবিংশতিমেব

বা॥ আশ্বত্থেন সমিদ্ভিশ্চ জুহুয়াৎ ভক্তিসংযুতঃ। সংপূর্ণে দক্ষিণাং দদ্যাৎ ব্রাহ্মণায় বিশেষতঃ॥ ভোজ্যং দদ্যাৎ যথাশক্তি যজ্ঞোপবীতসংযুতম্। শ্রীবিষ্ণুপ্রীতয়ে বিপ্রান্ ভোজয়েৎ ঘৃতপায়সম্॥ যঃ করোতি ব্রতঞ্চৈতৎ জলসংক্রান্তিনামকম্। সর্ব্বপাপবিনির্ম্মুক্তশ্চান্তে যাতি হরেঃ পুরম্॥ যে শৃণ্বন্তি কথাং দিব্যাং শ্রদ্ধয়া চ যুধিষ্ঠির। নানাসুখমিহাস্থায় তে যান্তি পরমাং গতিম্॥

ইতি শ্রীভবিষ্যপুরাণে জলসংক্রান্তিব্রতকথা॥

পরে বিষ্ণুকে এষ ঘৃতপ্রদীপঃ ওঁ বিষ্ণবে নমঃ। ওঁ অগ্নির্জ্যোতী রবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। উত্তমঃ সর্ব্বজ্যোতিষাং দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্। ইতি ঘৃতদীপদান কর্ত্তব্য। অভাবে তিলতৈলের দীপও নিবেদন করা উচিত। প্রতিষ্ঠাকালে বস্ত্রাচ্ছাদিত তাম্রকুম্ভ জলপূর্ণ করিয়া ব্রাহ্মণকে বিষ্ণুপ্রীতিকামনায় দান করিবে। অশ্বত্থ ও ঔডুম্বর সমিধের দ্বারা অষ্টোত্তরশত হোম করিবে।

---

## অন্নসংক্রান্তি-ব্রত।

মহাবিষুব সংক্রান্তিতে এই ব্রত আরম্ভ করিবে। এক বর্ষ যাবৎ প্রতি সংক্রান্তিতে করত পুনর্ব্বার মহাবিষুব-সংক্রান্তিতে প্রতিষ্ঠা কর্ত্তব্য। ব্রতের পূর্ব্বদিন সংযম করিবে। পরদিন প্রাতঃস্নান, নিত্যক্রিয়া ও স্বস্তিবাচন করত সঙ্কল্প করিবে, বাক্য যথা,—

"বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ মহাবিষুবসংক্রান্ত্যাম্ আরভ্যৈকবর্ষং যাবৎ প্রতিসংক্রান্ত্যাং অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী সর্ব্বপাপক্ষয়পূর্ব্বকাক্ষয়স্বর্গাতুলধনধান্যৈশ্বর্য্যপ্রাপ্তিকামা গণেশাদিনানাদেবতাপূজাপূর্ব্বক-লক্ষ্মীনারায়ণপূজনপূর্ব্বকমন্নদানমহং করিষ্যে।"

পরে সঙ্কল্প-সূক্ত ও "ইদং ব্রতং ময়া দেব" ইত্যাদি মন্ত্র পাঠ্য। অনন্তর সামান্যার্ঘ্য, আসনশুদ্ধ্যাদি, (১৫২-১৬৩ পৃঃ) অঙ্গন্যাস, করন্যাস, গণেশাদি দেবতাগণের অর্চ্চনা ইত্যাদি শেষ করিয়া যথাশক্তি উপচারে লক্ষ্মীনারায়ণের (১৭০ পৃঃ) অর্চ্চনা করিতে হয়। তৎপরে পঞ্চোপচারে কেশব,বলভদ্র, অনিরুদ্ধ, লক্ষ্মী, সরস্বতী, গঙ্গা, যমুনা, দুর্গা, বসু, রুদ্র, আদিত্যাদি নবগ্রহ ও ইন্দ্রাদি দশদিক্পালের অর্চ্চনা করিবে। অনন্তর লক্ষ্মীর স্তবপাঠ করিতে হয়, যথা—

ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং যথা বসসি নিত্যশঃ। স্থিরা ভব সদা দেবি মম জন্মনি জন্মনি॥ সর্ব্বভূতহিতার্থায় যথা নারায়ণে স্থিরা। তথা ত্বং পাহি মাং দেবি লক্ষ্মীদেবি নমোঽস্তু তে॥

পরে অন্নোৎসর্গ ও পুষ্পাঞ্জলি দিয়া কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—শতানীক উবাচ। অন্নদানস্য মাহাত্ম্যং যত্ত্বয়া কথিতং পুরা। তদহং শ্রোতুমিচ্ছামি কথয়স্ব মহামুনে॥ আপস্তম্ব উবাচ। শৃণু রাজন্ প্রবক্ষ্যামি অন্নসংক্রান্তিনামকম্। যৎ কৃত্বা যমলোকাদ্বৈ নরো গচ্ছেৎ পরং পদম্। সূর্য্যবংশে চ বিখ্যাতো রাজা সেতুঃ প্রতাপবান্। শান্তো দান্তঃ ক্ষমাযুক্তো জপহোমপরায়ণঃ॥ যমদূতেন নীতঃ স জগাম যমমন্দিরম্। তত্র গত্বা কচিদ্দেশে নরান্ নরকসংস্থিতান্। কৃতার্ত্তরাবাংস্তান্ দৃষ্ট্বা বিষাদমগমন্নৃপঃ॥ ক্ষুৎপিপাসার্দ্দিতো ভূত্বা দূতানাং শরণং গতঃ। নীয়মানঃ স্থিতঃ প্রেতঃ ক্ষুধার্ত্তঃ পরিপীড়িতঃ॥ যমদূতা মহাত্মানঃ অন্নং মে দাতুমর্হত। অন্নাভাবে চ জন্তূনাং বিনাশো জায়তে যতঃ॥ তস্মাদন্নপ্রদানেন প্রাণান্ রক্ষন্তু সাম্প্রতম্। শ্রুত্বা নৃপস্য তদ্বাক্যং তমূচুর্যমকিঙ্করাঃ॥ অকৃতং তদ্‌ব্রতং ভূপ তেন চান্নং ন লভ্যতে। প্রার্থ্যমানঃ পুনশ্চান্নং যমদূতেন তাড়িতঃ॥ কৃতার্ত্তরাবো রাজেন্দ্রো যমস্য তু পুরং বিশেৎ। ক্ষুধয়া পীড়িতং দৃষ্ট্বা নৃপং প্রোবাচ দণ্ডকৃৎ॥ যম উবাচ। মা রোদীর্নৃপ তস্মাত্ত্বং বরং বৃণু শুভব্রতম্। পুনর্যযাচে চান্নং মে দীয়তাং রবিনন্দন॥ শ্রুত্বা নৃপস্য তদ্বাক্যং তমুবাচ ততো যমঃ। ত্বয়া তন্ন কৃতং পূর্ব্বং তেন চান্নং ন লভ্যতে॥ বৈষ্ণবং তদ্‌ব্রতং ভূপ কুরু গত্বা নিজাশ্রমম্। ইদং কুরু মহারাজ যেন মোক্ষমবাপ্স্যসি॥ যমস্য বচনং শ্রুত্বা ততো গত্বা নিজাশ্রমম্। ব্রতং কৃত্বা নৃপেন্দ্রস্তু ততো মোক্ষমবাপ সঃ॥ শতানীক উবাচ। ব্রতং কেন প্রকারেণ কর্ত্তব্যং মুনিসত্তম। কিয়ৎকালঞ্চ তৎ কার্য্যং বিধানং ব্রূহি মে প্রভো॥ আপস্তম্ব উবাচ। মহাবিষুবসংক্রান্ত্যামারভ্য বৎসরাবধি। প্রতিমাসং ব্রতং কুর্য্যাৎ সংক্রান্ত্যামাদরান্বিতঃ॥ পূজয়েৎ বিষ্ণুং লক্ষ্মীঞ্চ গন্ধপুষ্পাদিভির্মুদা। নৈবেদ্যং বিবিধদ্দ্যাৎ ভক্তিতঃ ষড়্‌রসান্বিতম্॥ পূর্ণপাত্রান্বিতান্যেব বিবিধানি প্রদাপয়েৎ। নানোপকরণৈশ্চৈব যথাশক্তি প্রকল্পয়েৎ॥ এবং কৃতে ব্রতে শ্রেষ্ঠে পরিপূর্ণে চ বৎসরে। পুনর্বিষুবসংক্রান্ত্যাং প্রতিষ্ঠানং সমাচরেৎ॥ দদ্যাদ্দ্বাদশ দানানি যথাশক্ত্যথবা পুরা। সদক্ষিণানি ভোজ্যানি দদ্যাচ্চৈব দ্বিজাতয়ে। বিপ্রাণামাশিষং নীত্বা ততস্তান্ ভোজয়েন্মুদা॥ এবং শ্রেষ্ঠং ব্রতং কৃত্বা ব্রাহ্মণান্ পরিতোষ্য চ। নির্বৃতিং প্রাপয়ামাস তৎপ্রসাদেন ভূমিপঃ। ইহ ভুক্ত্বা বরান্ ভোগান্ পুত্রপৌত্রাদিভির্মুদা। অন্তে বিমানমারুহ্য বিষ্ণুলোকং স গচ্ছতি॥

ইতি ভবিষ্যপুরাণে অন্নসংক্রান্তিব্রত-কথা।

## অক্ষয়তৃতীয়া-ব্রত।

শুদ্ধকালে এই ব্রত করণীয়। বৈশাখের শুক্লা তৃতীয়া তিথিতে আরম্ভ করিবে। প্রতি বৈশাখে এইরূপ কর্ত্তব্য। পুরুষেও এ ব্রত করিতে পারে। আট বৎসরে শেষ হয়। পূর্ব্বদিন সংযম করিয়া পরদিন নিত্যক্রিয়াশেষে শুদ্ধাসনে বসিয়া স্বস্তিবাচনাদি করত নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে তৃতীয়ায়াস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (স্ত্রীপক্ষে অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী সভর্ত্তৃকা) যমলোকমতিক্রম্য বিষ্ণুলোকপ্রাপ্তিকামঃ (স্ত্রী হইলে কামা) অদ্যারভ্য অষ্টৌ বর্ষাণি যাবৎ প্রতিবৈশাখীয়শুক্লতৃতীয়ায়াং গণপত্যাদিনানাদেবতাপূজা-পূর্ব্বকসলক্ষ্মীকবাসুদেবপূজা-যবযুক্ত-বস্ত্রাচ্ছাদিত-কুম্ভদান- ভোজ্যদান- তৎকথা-শ্রবণ-রূপং ভবিষ্যপুরাণোক্তবিধিনাক্ষয়তৃতীয়াব্রতমহং করিষ্যে॥ দ্বিতীয়াদি-বর্ষে—অদ্যেত্যাদি সঙ্কল্পিতাক্ষয়তৃতীয়াব্রতাঙ্গপূজাদিকর্ম্মাণ্যহং করিষ্যামি, এইরূপে পুরোহিত সঙ্কল্প করিবেন।

পরে "দেবো বো" ইত্যাদি পাঠান্তে প্রথমবর্ষে করপুটে এই মন্ত্র পাঠ করিবে, যথা—

ওঁ ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব।<br>
নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥<br>
গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে।<br>
তন্মে সম্পূর্ণতাং যাতু প্রসাদাত্তব কেশব॥

পরে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি প্রভৃতি (১৫২ ১৬৩ পৃঃ) করত গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ ও ইন্দ্রাদিদশদিক্পালের অর্চ্চনা করিতে হয়। তৎপরে "বাং বীং বূং" ইত্যাদি প্রণালীতে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া বিষ্ণুর অর্চ্চনা করিবে। (১৭৭ পৃঃ) পূজা-বিধির নিয়মে "ওঁ ভগবতে বাসু-দেবায় নমঃ" মন্ত্রে ভগবান্ বিষ্ণুর অর্চ্চনা করিবে। পরে আবরণপূজা যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ শঙ্খায় নমঃ।" এইরূপে আদিতে ওঁ ও শেষে নমঃ যোগ করত "চক্রায়, গদায়ৈ, পদ্মায়, বলভদ্রায়, রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, বসুদেবায়, দেবক্যৈ, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ" বলিয়া পূজা করিবে। অনন্তর ভোজ্য উৎসর্গ করিতে হয়, যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ সঘৃতোপকরণামান্নভোজ্যায় নমঃ" বলিয়া তিনবার

ভোজ্যের অর্চ্চনা করত "ওঁ এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ," ওঁ এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ" বলিয়া পূজ' করত কুশ-তিল-তুলসী লইয়া, পুরোভাগস্থ কোশার জলে দক্ষিণ এবং ভোজ্যের উপর বামহাত রাখিয়া নিম্নলিখিত বাক্য বলিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ইদং সঘৃতোপকরণামান্নভোজ্যং শ্রীবিষ্ণুদৈবতমর্চ্চিতং যথা-সম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে ॥

অনন্তর ভোজ্যোৎসর্গের দক্ষিণান্ত করিয়া নিম্নলিখিতরূপে ঘট উৎসর্গ করিবে, যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ সাচ্ছাদন-যবযুক্তবারিপূর্ণকুম্ভায় নমঃ। এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ। ওঁ এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ। অদ্যেত্যাদি—অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সাচ্ছাদন-যবযুক্তবারিপূর্ণকুম্ভমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে ॥

পরে ঘটে হাত রাখিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ এষ ধর্ম্মঘটো দত্তো ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ।
অস্য প্রদানাৎ সফলা মম সন্তু মনোরথাঃ ॥

তৎপরে ঘটে চন্দন দিতে হয়। মন্ত্র যথা—

ওঁ ঘট ত্বং ধর্ম্মরূপোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা।
ত্বয়ি লিপ্তে সন্তু লিপ্তাশ্চন্দনৈঃ সর্ব্বদেবতাঃ ॥

অনন্তর ঘটে কিঞ্চিৎ জল দিয়া নিম্নোক্ত মন্ত্র পড়িবে, যথা—

ওঁ পানীয়ং প্রাণিনাং প্রাণাঃ পানীয়ং পাবনং মহৎ।
পানীয়স্য প্রদানেন প্রীয়তাং মে জনার্দ্দনঃ ॥

পরে করপুটে পাঠ্য, যথা—

ওঁ যথা ত্বং শীতলো নিত্যং সম্পূর্ণো গন্ধবারিণা।
তথা মামপি সন্তপ্তং শীতলং কুরু ধর্ম্মরাট্ ॥

অতঃপর ঘটদানের দক্ষিণান্ত করিবে। বাক্য যথা—

"অদ্যেত্যাদি কৃতৈতৎশ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া যথাবিধোপকরণান্বিতঘটদান-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে ॥"

পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধানান্তে কথা শুনিবে।

ব্রত-কথা।—যম উবাচ। জলদানস্য মাহাত্ম্যং ত্বয়া কথিতং পুরা। তদহং শ্রোতুমিচ্ছামি ত্বত্তো ব্রহ্মবিদাং বর॥ শতানীক উবাচ। আসীদ্দ্বিজাধমঃ কশ্চিদ্ ধর্ম্মকর্ম্মবিবর্জ্জিতঃ॥ আগতস্তদ্‌গৃহে রাজন্ ব্রাহ্মণস্তৃষ্ণয়ান্বিতঃ। জলং মে দেহি ভো বিপ্র প্রার্থতে বিনয়ান্বিতঃ॥ ব্রাহ্মণ উবাচ। অন্নং নাস্তি জলং নাস্তি মদ্‌গৃহে নাস্তি চাসনম্। অন্যত্র গচ্ছ দুর্ব্বুদ্ধে জলং পিব যথেপ্সিতম্॥ তস্য পত্নী সুশীলা চ সুব্রতা চ পতিব্রতা। উবাচ স্বামিনং রাজন্ জলং দেহি দ্বিজাতয়ে॥ কিমর্থং ধনসম্পত্তিঃ কিমর্থঞ্চ গৃহাদিকম্। স্বকীয়োদরপূর্ণঞ্চ কুক্কুরস্যাপি বিদ্যতে॥ এবমুক্ত্বা তস্য পত্নী ব্রাহ্মণায় জলং দদৌ॥ তিথেরস্যাঃ প্রভাবেণ তদ্দিনে চাক্ষয়াভবৎ॥ বৈশাখস্য সিতে পক্ষে তৃতীয়া যাক্ষয়া স্মৃতা॥ তত্তিথৌ জলদানস্য ফলং বক্তুং ন শক্যতে। কদাচিদায়ুষঃ শেষে যমদূতঃ সমাগতঃ। ধৃত্বা পাশং গলে বদ্ধা নীতো যমপুরং ততঃ॥ বিপ্র উবাচ। জলং মে দেহি ধর্ম্মজ্ঞ তৃষ্ণয়া পরিপীড়িতঃ। জলং দেহীতি শ্রুত্বা বৈ যমদূত উবাচ হ॥ ন দত্তং বারি বিপ্রেভ্যঃ কথং বা প্রাপ্স্যতে জলম্॥ ইত্যুক্ত্বা যমদূতশ্চ যমাগ্রে চ ন্যবেদয়ৎ॥ যম উবাচ। ত্যজৈনং দূত ধর্ম্মজ্ঞ অস্য পুণ্যফলং শৃণু॥ বৈশাখে শুক্লপক্ষস্য তৃতীয়ায়াং বিধানতঃ। অস্য পত্নী সুধর্ম্মজ্ঞা ব্রাহ্মণায় জলং দদৌ। তদ্দানলভ্যপুণ্যেন নরকঞ্চ নিবর্ত্ততে॥ যমস্য বচনং শ্রুত্বা দূতঃ পপ্রচ্ছ সাদরম্। অক্ষয়াং তিথিমাসাদ্য কি কর্ত্তব্যং বদ প্রভো॥ যম উবাচ। স্নানং দানং তপো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃ-তর্পণম্। বিষ্ণুপূজা চ বিধিবত্তদক্ষয়মুদাহৃতম্॥ ত্বঞ্চ জন্মান্তরং প্রাপ্য বিষ্ণুং সম্পূজ্য যত্নতঃ। ভুক্ত্বা মনোরথান্ ভোগান্ বিষ্ণুলোকমবাপ্স্যসি॥ বিপ্র উবাচ। যা চাক্ষয়া তিথিঃ প্রোক্তা তত্র বিষ্ণুব্রতং শুভম্। তদ্বিধানং মহারাজ বদস্ব ময়ি সুব্রত॥ যম উবাচ। বৈশাখস্য সিতে পক্ষে তৃতীয়ায়াং দ্বিজোত্তম। বিষ্ণুমভ্যর্চ্চ্য বিধিবদ্‌বৎসরাষ্টৌ সমাচরেৎ॥ সম্পূর্ণে চ ব্রতে তত্র প্রতিষ্ঠামাচরেত্ততঃ। এবমুক্ত্বা ধর্ম্মরাজস্তত্রৈবান্তরধীয়ত॥ ততো জন্মান্তরং প্রাপ্য স বিপ্রো বৈষ্ণবোঽভবৎ। ধর্ম্মজ্ঞশ্চ কৃতজ্ঞশ্চ বিবেকী দানতৎপরঃ। জাতিস্মরা দয়াশীলা তস্য ভার্য্যা চ সাভবৎ। অক্ষয়ায়াং ব্রতং কৃত্বা সপত্নীকো দিবং যযৌ। ব্রতস্যাস্য প্রভাবেণ বিষ্ণুবল্লভতামিয়াৎ॥ এবং করোতি যা নারী নরো বাপি সুসংযতঃ। ইন্দ্রলোকং সমাসাদ্য বিষ্ণুলোকং স গচ্ছতি॥

ইতি ভবিষ্যপুরাণে শতানীকযমসংবাদেঽক্ষয়তৃতীয়া-ব্রতকথা।

দক্ষিণাবাক্য যথা—

অদ্যেত্যাদি—কৃতৈতদক্ষয়-তৃতীয়াব্রতাঙ্গীভূতসলক্ষ্মীকবাসুদেবপূজাদি-কর্ম্মণাম্ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতদ্রজতখণ্ডমর্চ্চিতং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে ॥

পরিশেষে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য-সমাধান করিতে হয়।

---

## হরিমঙ্গল-ব্রত।

এই ব্রত বৈশাখ মাসে কর্ত্তব্য। যথাবিধি স্বস্তিবাচনান্তে নিম্নোক্তরূপে সঙ্কল্প করিবে, যথা—

"অদ্যেত্যাদি বৈশাখে মাসি মঙ্গলবারে শুক্লে পক্ষে অমুকতিথৌ শ্রীঅমুকী-দেবী ( বা দাসী ) ঋণশোধনকামা জীবৎপুত্রকামা বা ভবিষ্যপুরাণোক্তবিধিনা গণপত্যাদিদেবতাপূজাপূর্ব্বকশ্রীহরিপূজারূপমঙ্গলবারব্রতমহং করিষ্যে।"

অনন্তর সূক্তপাঠ, ঘটস্থাপন, ( ২৩৭ পৃঃ ) আসনশুদ্ধি প্রভৃতি ( ১৫২-১৬৩ পৃঃ ) সমাপনান্তে গণেশাদিদেবতার পূজা, শ্রীহরির পূজা, ( ১৭৭ পৃঃ ) দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যশান্তি করিবে। পরে স্তবপাঠ কর্ত্তব্য এবং পুরাতন ডোর জলগর্ভে নিক্ষেপ করিবে। তৎপরে কথা শুনিবে। নিম্নে স্তব ও কথা লিখিত হইল।

স্তোত্র—মঙ্গলো ভূমিপুত্রশ্চ ঋণহর্ত্তা ধনপ্রদঃ। স্থিরাসনো মহাকায়ঃ সর্ব্বকর্ম্মাবিরোধকঃ॥ লোহিতো লোহিতাঙ্গশ্চ সামগানাং কৃপাকরঃ। ধরাত্মজঃ কুজো ভৌমো ভূমিজো ভূমিনন্দনঃ॥ অঙ্গারকো যমশ্চৈব সর্ব্বরোগাপহারকঃ। সৃষ্টিকর্ত্তা চ হর্ত্তা চ সর্ব্বকামফলপ্রদঃ॥ এতানি কুজনামানি প্রাতরুত্থায় যঃ পঠেৎ। ঋণং ন জায়তে তস্য ধনমাপ্নোতি পুষ্কলম্॥ রক্তপুষ্পৈশ্চ গন্ধৈশ্চ ধূপদীপাদিভিস্তথা। মঙ্গলং পূজয়েদ্ভক্ত্যা মঙ্গলেঽহনি সর্ব্বদা॥ ঋণরেখাঃ প্রকর্ত্তব্যা অঙ্গারেণ সদা বুধৈঃ। প্রোঞ্ছয়েদ্বামপাদেন ঋণং তস্য বিনশ্যতি॥ মঙ্গলায় নমস্তুভ্যং নমস্তে ঋণহারিণে। পুত্রপৌত্রপ্রদাত্রে চ মঙ্গলায় নমো নমঃ॥ ঋণার্থে ত্বৎপ্রপন্নোঽহমনৃণং কুরু মে বিভো। এতৎ কৃত্বা ন সন্দেহ ঋণং হত্বা ধনী ভবেৎ॥

ইতি শ্রীপদ্মপুরাণে ঋণপরিশোধার্থং মঙ্গলস্তোত্রম্॥

ব্রত-কথা।—নারদ উবাচ। নারদঃ প্রাহ তত্ত্বজ্ঞো জ্ঞানবান্ স মহামতিঃ। প্রণম্য পার্ব্বতীং দেবীং সশ্রদ্ধঃ সুসমাহিতঃ॥ ন জীবতি সুতো যস্যা ন গর্ভ

উপজায়তে। কস্মাদ্‌ব্রতাত্তবেন্নারী পুত্রপৌত্রসমন্বিতা॥ মাহেশ্বরি তদাচক্ষ ব্রতানাং ব্রতমুত্তমম্‌। ভক্তিং গৃহাণ মে দেবি ধনধান্যপ্রদায়িনি॥ দেব্যুবাচ। বন্ধ্যা জনয়তে পুত্রং মৃতবৎসা তথৈব চ। অচিরেণ পতিস্তস্যা নির্ধনশ্চ ধনী ভবেৎ॥ অথ তাম্রময়েণৈব চাশক্তো মৃন্ময়েন বা। মঙ্গলপ্রতিমাং কৃত্বা পূজয়েন্মঙ্গলে দিনে॥ শুদ্ধপট্টময়ং ডোরং রক্তচন্দনচর্চ্চিতম্‌। রক্তবর্ণং দৃঢ়ঞ্চৈব দ্বাদশগ্রন্থি-সংযুতম্‌॥ সংপূজ্য মঙ্গলং বামে ভক্ত্যা ধার্য্যং সুডোরকম্‌॥ মঙ্গলায় নমস্তভ্যং নমস্তে ধনদায়িনে। সৃষ্টিকর্ত্রে চ হর্ত্রে চ মঙ্গলায় নমো নমঃ॥ মঙ্গলায় নমস্তভ্যং নমস্তে দুঃখহারিণে। ভূমিপুত্রায় শুদ্ধায় চোগ্রায় চ নমো নমঃ॥ মঙ্গলায় নমস্তভ্যং নমঃ পাটলচক্ষুষে। রক্তাম্বরায় দেবায় মঙ্গলায় নমো নমঃ॥ নমস্তে ভূমিপুত্রায় ঋণহর্ত্রে চ বৈ নমঃ। রক্তপুষ্পোপহারায় মঙ্গলায় নমো নমঃ॥ মঙ্গলায় নমস্তভ্যং নমস্তে সুখদায়িনে। পুত্রপৌত্রধনৈশ্বর্য্যদায়িনে মঙ্গলায় বৈ॥ মঙ্গলায় নমস্তভ্যং সিন্দূরারুণচক্ষুষে। লোহিতায় সমস্তায় মঙ্গলায় নমো নমঃ॥ মঙ্গলায় নমস্তভ্যং নমস্তে ধনদায়িনে। লোহিতায় চ শান্তায় মঙ্গলায় নমো নমঃ॥ কুজাষ্টকমিদং পুণ্যং পূজয়েন্মঙ্গলে দিনে। সংবৎসরকৃতং কার্য্যং মঙ্গলস্য মহাফলম্‌। অনেনৈব বিধানেন পূজয়েন্মঙ্গলং প্রভুম্‌। পুত্রবতী ভবেন্নারী পতিরস্যা ভবেদ্ধনী॥ যাবৎ করোতি কল্যাণী ব্রতমেতন্মহোদয়ম্‌। তাবৎকালং ভবেৎ সৌখ্যং সহ পত্যা ন সংশয়ঃ॥ রক্তপুষ্পৈশ্চ ধূপৈশ্চ পঞ্চোপচারসংযুতৈঃ। নৈবেদ্যৈঃ পূজয়েদ্‌ভক্ত্যা মঙ্গলং সকলেষ্টদম্‌॥ কথিতং তে মুনিশ্রেষ্ঠ মঙ্গলস্য মহাব্রতম্‌॥ নোপবাসো ন যজ্ঞশ্চ ন চৈব হি ধনব্যয়ঃ। কথাশ্রবণমাত্রেণ ব্রতস্য লভতে ফলম্‌॥ ডোরকং দ্বাদশে মাসি নূতনঞ্চৈব কারয়েৎ। পুরাতনং জলমধ্যে প্রক্ষিপেচ্চ সুপূজিতম্‌॥ ব্রতমেতন্মহাভাগ কুরুতে যা পতিব্রতা। অপুত্রা লভতে পুত্রং নির্ধনী চ ধনং লভেৎ॥ পুত্রঞ্চ লভতে শূরং পণ্ডিতং সুচিরায়ুষম্‌। দুর্লভা বন্ধুবর্গাণাং স্বামিনঃ সুভগা ভবেৎ। ব্রতানামুত্তমং প্রোক্তং মঙ্গলস্যার্চ্চনং মহৎ। দেবানাঞ্চ মনুষ্যাণাং সর্ব্বেষামপি দুর্লভম্‌॥

ইতি ভবিষ্যপুরাণে দেবীনারদসংবাদে মঙ্গলবারব্রতকথা সমাপ্তা॥

## সীতানবমী-ব্রত।

বৈশাখ মাসে শুক্লা নবমীতে এই ব্রত করণীয়। পূর্ব্বদিন সংযম করিয়া সায়ংকালে অধিবাস করিবে। পরদিন প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া-সমাপনান্তে মধ্যাহ্নে স্বস্তিবাচন পূর্ব্বক নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিতে হয়, যথা—

বিষ্ণুর্নমোঽস্য বৈশাখে মাসি ( মেষরাশিস্থে ভাস্করে ) শুক্লে পক্ষে নবম্যাং তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী ( বা দাসী ) ধনধান্যাবৈধব্যান্তকালীনবিষ্ণু-লোকগমনকামা গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বকং শ্রীজানকীপূজোপবাস-ভবিষ্যপুরাণোক্তকথাশ্রবণরূপসীতানবমীব্রতমহং করিষ্যে।

তৎপরে সূক্তপাঠ, ঘটস্থাপন, ( ২৩৭ পৃঃ ) আসনশুদ্ধ্যাদি, ( ১৫২-১৬৩ পৃঃ ) গণেশাদির পূজা প্রভৃতি সমাপনান্তে শ্রীং মন্ত্রে প্রাণায়াম ও করাঙ্গ-ন্যাসান্তে যথোপচারে জানকীর অর্চ্চনা করিবে। নিম্নলিখিত ধ্যানে ও পূজামন্ত্রে পূজা করিতে হয়, যথা—

ধ্যান—চতুর্ভুজাং সুবর্ণাভাং রামালোকনতৎপরাম্।
শ্রীরাঘবান্বিতাং সীতাং চিন্তয়েৎ হৃদি সর্ব্বদা॥

পূজামন্ত্র—শ্রীং সীতায়ৈ নমঃ।

অনন্তর জনক, জনকমহিষী, জনকপুরোহিত শতানন্দ, হল, সুভগা ইঁহাদিগের পূজা করিবে। ইঁহাদিগের পূজামন্ত্র নিম্নে লিখিত হইল, যথা—

জনকপূজামন্ত্র—দেবী পদ্মালয়া সাক্ষাদবতীর্ণা যদালয়ে।
মিথিলাপতয়ে তস্মৈ জনকায় নমো নমঃ॥

জনকমহিষীপূজামন্ত্র—শ্রীসীতানবমীমাতর্মহিষী জনকস্য চ।
পূজাং গৃহাণ মদ্দত্তাং মহামতি নমোঽস্তু তে॥

শতানন্দপূজামন্ত্র—নিধানং সর্ব্ববিদ্যানাং বিদ্বৎকুলবিভূষণঃ।
জনকস্য পুরোধাস্ত্বং শতানন্দায় তে নমঃ॥

হলপূজামন্ত্র—জীবয়স্যখিলং বিশ্বং চালয়ন্ বসুধাতলম্।
প্রাদুর্ভাবয়সে সীতাং সীর তুভ্যং নমোঽস্তু তে॥

সুভগাপূজামন্ত্র—ত্বয়ৈবোৎপাদিতং সর্ব্বং জগদেতচ্চরাচরম্।
ত্বমেবাসি মহামায়া মুনীনামপি মোহিনী॥
তবায়ত্তা ইমে লোকাঃ শ্রীসীতাবল্লভা পরা।
বন্দনীয়াসি দেবানাং সুভগে ত্বাং নমাম্যহম্॥

তৎপরে জয়াবিজয়াদি আবরণপূজা, স্তবপাঠ, প্রণাম ও হোমাদি করিবে। প্রণামান্তে প্রার্থনা-মন্ত্র, যথা—ওঁ দুরন্তসংসারসমুদ্রমগ্নং, সীতে শরণ্যে শরণাগতং মাম্। উদ্ধারয়স্বাশু কৃতং ময়ৈতদ্ ব্রতং ততো দেবি ময়ি প্রসীদ॥ পরদিন দশমীতে পূর্ব্ববৎ জানকীর পূজান্তে বিসর্জ্জন করিয়া কথা শ্রবণ করিতে হয়। সীতাষ্টক পাঠ করিয়া (স্তবপ্রকরণ দেখ) কথা শুনিবে।

ব্রত-কথা।—গৌতমং প্রতি শিব উবাচ। বৈশাখে শুক্লপক্ষে চ হ্যষ্টম্যাং সংযমং কুরু। পরেদ্যুশ্চ কুরুষ্বৈতজ্জানকীজন্মনো ব্রতম্।' সন্তুষ্টা জানকী তেন ভবিষ্যতি ন সংশয়ঃ। এতদ্‌ব্রতং মমাপ্যস্তি কর্ত্তব্যং চ দ্বিজোত্তম। মাহাত্ম্যং তস্য গদিতুং নাস্তি মে শক্তিরুত্তমা। তস্মাদ্‌গচ্ছ মহাভাগ মার্কণ্ডেয়াশ্রমেঽধুনা। গত্বা মুনীন্দ্র তত্রৈব মার্কণ্ডেয়েঽনুপৃচ্ছতাম্। কথয়িষ্যতি সর্ব্বং তে ব্রতমাহাত্ম্য-মুত্তমম্। বিধানঞ্চ ফলং তস্য স মুনিস্ত্বাং বদিষ্যতি। মার্কণ্ডেয়োপদিষ্টেন বিধিনাচর তদ্‌ব্রতম্। যথাশক্ত্যাপি কুর্ব্বাণো ব্রতস্যোৎসবমাদরাৎ। লপ্স্যসে সকলান্ কামান্নাত্র কার্য্যা বিচারণা॥ ইতি তস্য বচঃ শ্রুত্বা গৌতমো মুনিসত্তমঃ। মার্কণ্ডেয়ং সমাগম্য পপ্রচ্ছ বিনয়ান্বিতঃ॥ শ্রীমার্কণ্ডেয় উবাচ। ত্রেতাযুগে উত্তরাশাং গতে কমলিনীপতৌ।' সর্ব্বত্র তাপস-শ্রেষ্ঠ ঋতৌ তু কুসুমাকরে। মাসি পুণ্যতমে বিপ্র মাধবে মাধবপ্রিয়ে। নবম্যাং শুক্লপক্ষে চ বাসরে মঙ্গলে শুভে। সর্পঋক্ষে চ মধ্যাহ্নে জানকী জনকালয়ে। আবির্ভূতা স্বয়ং দেবী যোগেষু গতিরুত্তমা। এতদ্‌যোগে কৃতঞ্চৈতদ্‌ব্রতং প্রোক্তং ফলপ্রদম্। অষ্টম্যাং যদি বৃদ্ধিঃ স্যান্নবমী মাধবে সিতে। কুর্য্যান্নেদং ব্রতং তস্যা কৃতঞ্চেন্ন্যূনতা ভবেৎ। মধ্যাহ্নব্যাপিনী গ্রাহ্যা ব্রতেঽস্মিন্নবমী তিথিঃ। দিনদ্বয়গতায়াস্তু তস্যাং কার্য্যা পরা নরৈঃ। এতৈর্যোগৈর্ব্বিনাপি স্যাৎ তদ্দিনং পাপনাশনম্॥ ব্রতানামুত্তমং হ্যেতৎ কর্ত্তব্যং জানকীপ্রিয়ম্। যস্তু নো কুরুতে মোহাদ্ জানকীজন্মসম্ভবম্। ব্রতং স পচ্যতে বিপ্র নরকে নাত্র সংশয়ঃ। তস্মিন্নহনি মূঢ়াত্মা ভুক্ত্বাপ্যন্নন্তু যো নরঃ। মুনে স কৃমিসঙ্ঘাতং সপূয়ং খাদতি স্ফুটম্। ন করোতি হি যঃ শ্রুত্বা ব্রতানামুত্তমং ব্রতম্। স মহাপাতকী জ্ঞেয়ঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ। কুরুতে যো ব্রতং সোঽপি পৃথ্বীদানফলং লভেৎ। মহাষোড়শদানানাং যজ্ঞানাং মুনিপুঙ্গব। প্রাপ্নোতি সর্ব্বতীর্থানাং প্রাপ্নুয়াৎ সকলং ফলম্। সর্ব্বভূতে দয়াং কৃত্বা ফলমাপ্নোতি যজ্জনঃ। তৎ প্রাপ্নোতি ব্রতাদস্মাৎ নাত্র কার্য্যা বিচারণা। অষ্টম্যাং প্রাতরুত্থায় কৃত্বা শৌচমতন্দ্রিতঃ। মহানদ্যাং

তড়াগে বা কূপে বা পল্বলেঽপি বা। স্নাত্বা কুর্য্যান্নিত্যকর্ম্ম প্রাতঃসন্ধ্যাদিবন্দনম্। দেবান্ পিতৄংশ্চ সংজপ্য হবিষ্যাশী চ সংযতঃ। একভুগ্‌ব্রহ্মচারী স্যাদ্ভূমিশায়ী চ গৌতম। নবম্যাং প্রাতরুত্থায় দান্তো ভূত্বা সমাহিতঃ। তীর্থাদৌ বিধিবৎ স্নাত্বা কৃতনিত্যক্রিয়ো নরঃ। কুর্ব্বীত মণ্ডপং রম্যং ষোড়শস্তম্ভমণ্ডিতম্। অষ্টস্তম্ভযুতং বাপি চতুস্তম্ভমথাপি বা। তোরণসহিতং কুর্য্যাদ্বিতানবরশোভিতম্। দ্বারেষু শঙ্খচক্রাদিপতাকাভির্ধ্বজৈস্তথা। অলঙ্কুর্য্যাৎ প্রতিস্তম্ভং স্থাপয়েৎ কলসান্ শুভান্। শুদ্ধতণ্ডুলরাশীংশ্চ পূর্ণপাত্রৈরলঙ্কৃতান্। মধ্যে তু চত্বরং কুর্য্যাৎ চতুর্হস্তপ্রমাণতঃ। হস্তমাত্রোচ্ছ্রিতং রম্যং চতুরস্রং মৃদা মুনে। পদদ্বয়মিতাং কুর্য্যাৎ জানকীপ্রতিমাং শুভাম্। কাঞ্চনীমথবা শক্ত্যা কুর্য্যাদেকপলোন্মিতাম্। তদর্দ্ধেন তদর্দ্ধেন কুর্য্যাচ্ছক্ত্যা চতুর্ভুজাম্। বিত্তশাঠ্যমকৃত্বৈবং প্রতিমাং কারয়েদ্‌বুধঃ। ঔডুম্বরীং পৈত্তলীং বা মৃন্ময়ীং বৃক্ষজামুত। কুড্যে বাপ্যথবা লেখ্যা কনকৈঃ প্রতিমা বরা। লেখ্যঞ্চ সূতিকাগারং সর্ব্বতশ্চ পটাবৃতম্। পর্য্যঙ্কশয়নে সুপ্তা তত্র রাজ্ঞী মহামতিঃ। তথা সমীপতঃ সুপ্তা মৈথিলী স্তনপায়িনী। জাতকর্ম্মকরো লেখ্যো জনকশ্চ মহীপতিঃ। শতানন্দঃ পুরোধাশ্চ লেখনীয়ঃ প্রযত্নতঃ। ইত্যাদি চরিতং লেখ্যং জানকীজন্মসম্ভবম্। যথাশক্তি হলং কুর্য্যাৎ কাঞ্চনং কিল গৌতম। রাজতং ক্ষেত্রমমলং স্বর্ণসিংহাসনং তথা। কুর্য্যাত্তাম্রময়ং কুম্ভং পূর্ণপাত্রাবৃতং মুখে। তন্মধ্যে পঞ্চরত্নানি তীর্থাম্বু নিক্ষিপেন্মুনে। আচার্য্যং শাস্ত্রকুশলং বেদাধ্যয়নকোবিদম্। বৃণুয়াদ্বিমলাচারমবতংসাঙ্গদাসনৈঃ। অম্বরেণোত্তরীয়েণ পঞ্চপাত্রাদিভির্ব্রতী। শ্রীফলাদিভিরভ্যর্চ্চ্য গন্ধমাল্যানুলেপনৈঃ। বৃণুয়াদ্বৈ বিধানেন ততঃ ষোড়শ ঋত্বিজঃ। বিদ্যাবতঃ সদাচারানষ্টধা ভক্তিসংযুতঃ। মধ্যে দেবী সমালেখ্যা বিচিত্রৈর্ব্বর্ণকৈস্ততঃ। পদ্মমষ্টদলং তত্র স্থাপয়েৎ কলসং ততঃ। রত্নসিংহাসনং রম্যং সংস্থাপ্য বিজিতেন্দ্রিয়ঃ। তত্রাধিবাসনং কুর্য্যাদগ্‌ন্যুত্তারণপূর্ব্বকম্। প্রতিমায়াং বিধানেন দেবীমাবাহয়েত্ততঃ। প্রাণানায়ম্য মূলেন ত্রিরেখাগ্রেণ চেতসা। মূলমন্ত্রস্য জনকং মুনিং বিন্যস্য মূর্দ্ধনি। মুখে ছন্দশ্চ গায়ত্রীং সীতাদেবীং হৃদি ন্যসেৎ। নাভৌ তু বিন্যসেদ্‌ব্রহ্মন্ লক্ষ্মীবীজং সবিন্দুকম্। পাদয়োশ্চ নমঃ শক্ত্যৈ ততো বিন্যস্য মন্ত্রবিৎ। শ্রীশ্রীমিত্যাদিভির্বীজৈর্দীর্ঘষট্‌স্বরসংযুতৈঃ। ষড়ঙ্গেষু করন্যাসং কৃত্বা ধ্যায়েত্ততো ব্রতী। চতুর্ভুজাং সুবর্ণাভাং রামালোকনতৎপরাম্। শ্রীরাঘবান্বিতাং সীতাং চিন্তয়েদ্ধৃদি সর্ব্বদা। এবং ধ্যাত্বা সমুচ্চার্য্য

মূলমন্ত্রং কৃতাঞ্জলিঃ। সবিন্দুং কমলাবীজং পূর্ব্বমুচ্চার্য্য গৌতম। সীতায়ৈ ইতি পশ্চাত্ত্ু নমঃ শব্দং বদেৎ কিল। সংপূজ্য প্রতিমাং রাত্রৌ কৃত্বৈবমধিবাসনম্। ব্রহ্মচারী ভূমিশায়ী তস্যাং রাত্রৌ ভবেদ্‌ব্রতী। তস্যাং নবম্যাং বিধিবৎ কৃত্বা শৌচমতন্দ্রিতঃ। নদ্যাদৌ বিমলে স্নাত্বা নিত্যকর্ম্ম বিধায় চ। ততস্তু প্রথমে যামে নিত্যপূজাবিধিং ব্রতী। কৃত্বা দ্বিতীয়প্রহরে গীতবাদ্যপুরঃসরম্। মধ্যাহ্নসময়ে ভক্ত্যা পূজয়েচ্চ বিধানতঃ। অর্চ্চয়েৎ তুলসীপত্রৈঃ কোমলৈর্ম্মঞ্জরীযুতৈঃ। প্রতিমাং মূলমন্ত্রেণ শতমষ্টোত্তরং জপেৎ। ততস্তু পূজয়েদ্বিদ্বান্ রাজানং জনকং ব্রতী। ততোঽষ্টদলমধ্যস্থা জয়াদ্যা ভক্তিতঃ ক্রমাৎ। সম্পূজয়েদ্বিশুদ্ধাত্মা গন্ধপুষ্পাক্ষতাদিভিঃ। স্তুত্বৈবং জানকীং দেবীং গীতবাদ্যাদিভির্ব্রতী। রাত্রৌ জাগরণং কৃত্বা তাং রাত্রিমপবাহয়েৎ। ততঃ প্রাতর্দ্দশম্যাঞ্চ পূর্ব্বোক্তবিধিনা দ্বিজ। ইত্থং নিগদিতং সর্ব্বং জানকীজন্মনো ব্রতম্। কুর্ব্বন্তীন্দ্রাদয়ঃ সর্ব্বে সর্ব্বমেতদনুত্তমম্। গন্ধর্ব্বাঃ কিন্নরা যক্ষা গুহ্যকাঃ সিদ্ধচারণাঃ। নাগাশ্চ মুনয়শ্চাপি প্রকুর্ব্বন্তি ব্রতং দ্বিজ। যঃ কুর্য্যাদ্‌ব্রতমেতদ্ধি জানকীজন্মসম্ভবম্। স লভেৎ সকলং ব্রহ্মন্ পৃথ্বীযাত্রাফলং কিল। তথা ষোড়শদানানাং ফলং প্রাপ্নোতি মানবঃ। অশ্বমেধাদিযজ্ঞানাং তীর্থানামপি গৌতম। অত্যুগ্রতপসাং বাপি বেদোক্তায়ুশ্চ বিন্দতি। গৌতমেদং ব্রতং তস্মাদবশ্যং কুরু ভক্তিতঃ। নেদং বক্তুং সমর্থাস্তে ফণীন্দ্রাশ্চতুরাননঃ। কৃতাদ্‌ব্রতোত্তমাদস্মাদ্দীর্ঘায়ুঃ প্রাপ্তবানহম্। ব্রতানাং নিত্যমাম্নাতং ভক্তিদং কুর্ব্বতাং সতাম্॥ সূত উবাচ। মুনয়ে গৌতমায়েত্থং জানকীজন্মসম্ভবম্। ব্রতঞ্চ ব্রতমাহাত্ম্যং বিধানং শ্রুতিচোদিতম্। জগাদ সকলং ব্যক্তং মার্কণ্ডেয়ো মুনীশ্বরঃ॥

ইতি ভবিষ্যপুরাণে শ্রীসীতানবমীব্রতকথা সমাপ্তা॥

ওঁ তৎসৎ ওঁ তৎসৎ ওঁ তৎসৎ॥ ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ। পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥

---

## রুক্মিণী-ব্রত।

বৈশাখী শুক্লা দ্বাদশীতে এই ব্রত করণীয়। স্বস্তিবাচনান্তে নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

"বিষ্ণুর্ন্মোঽদ্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যাং তিথাবারভ্য

অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী পুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্ন-সন্ততি-ধন-ধান্য-সৌভাগ্যাদি-প্রাপ্ত্যুত্তরবিষ্ণুলোকলাভকামা বর্ষচতুষ্টয়ং যাবৎ রুক্মিণীব্রতমহং করিষ্যে।"

পরে সূক্তপাঠ করিয়া পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা তত্তন্মন্ত্রে বিষ্ণুকে স্নান করাইয়া পুনর্ব্বার পুরুষসূক্ত মন্ত্রে স্নান করাইতে হয়। অনন্তর সামান্যার্ঘ্য, আসন-শুদ্ধি, মাতৃকান্যাসাদি করিয়া (১৫২-১৬৩ পৃঃ) গণেশ, শিবাদি পঞ্চদেবতা, নবগ্রহ, দশদিক্‌পাল প্রভৃতির অর্চ্চনান্তে শ্রীকৃষ্ণের ধ্যানে (ধ্যান-প্রকরণ দেখ) ষোড়শ উপচারে পূজা করিবে, তাহার বিশেষ বিশেষ মন্ত্র নিম্নে লিখিত হইল।

পাদ্যদানমন্ত্র।—"ওঁ পাদ্যমধ্বশ্রমহরং শীতলং সুমনোহরম্। পরমানন্দ-জনকং গৃহাণ পরমেশ্বর ॥"

অর্ঘ্যদান-মন্ত্র।—"ওঁ দূর্ব্বাচন্দনগন্ধাঢ্যমর্ঘ্যমেতৎ প্রযত্নতঃ। গৃহাণ রুক্মিণী-কান্ত প্রসন্নো ভব মে প্রভো ॥"

আচমনীয়দান-মন্ত্র—"ওঁ নানাতীর্থোদ্ভবং বারি সুগন্ধি সুমনোহরম্। গৃহাণাচমনীয়ং ত্বং শ্রীনিবাস শ্রিয়া সহ ॥"

মাল্যদান-মন্ত্র।—"ওঁ নানাকুসুমগন্ধাঢ্যং সূত্রগ্রথিতমুত্তমম্। বক্ষঃশোভা-করং চারু মাল্যং নয় সুরেশ্বর ॥"

বস্ত্রদান-মন্ত্র।—"ওঁ তন্তুসন্তানসন্ধানরচিতং বসনং হরে। গৃহাণাবরণং শুদ্ধং কৃপয়া রুক্মিণীপ্রিয় ॥"

যজ্ঞোপবীতদান-মন্ত্র।—"ওঁ যজ্ঞসূত্রমিদং দেব প্রজাপতিবিনির্ম্মিতম্। গৃহাণ বাসুদেব ত্বং রুক্মিণ্যা রময়া সহ ॥"

আভরণদান-মন্ত্র।—"ওঁ নানারত্নসমাযুক্তং স্বর্ণমুক্তাদিনির্ম্মিতম্। রুক্মিণ্যা সহ দেবেশ গৃহাণাভরণং মম ॥"

পরে রচনা দিবে। দধি, দুগ্ধ, গুড় ও তণ্ডুলচূর্ণ দ্বারা নির্ম্মিত লাড়ু, মিছরি ও অন্যান্য বিবিধ ফল-মূল একত্র করিয়া সাজাইয়া দিলে তাহাকে রচনা বলে।

রচনা-প্রদান-মন্ত্র।—"ওঁ দধিক্ষীর-গুড়ান্নাদ্য-লড্ডুকাদিপ্রপূরিতাম্। গৃহাণ রুক্মিণীনাথ কৃপয়া রচনাং প্রভো ॥"

ধূপদান-মন্ত্র।—"ওঁ কর্পূরাগুরুগন্ধাঢ্যং পরমানন্দদায়কম্। ধূপং গৃহাণ বরদ বৈদর্ভ্যা প্রিয়য়া সহ ॥"

দীপদান-মন্ত্র।—"ওঁ ভক্তানাং গেহসক্তানাং সংসারধ্বান্তনাশনম্। দীপমালোকয় বিভো জগদালোককারক॥"

অতঃপর নৈবেদ্যাদি মূলমন্ত্রে দিয়া পূজান্তে শক্ত্যনুসারে জপ করত জপ সমর্পণ করিয়া স্তবপাঠান্তে প্রণাম করিবে।

প্রার্থনামন্ত্র—ওঁ শ্যামসুন্দর পদ্মাক্ষ পীতাম্বর চতুর্ভুজ।
প্রপন্নং পাহি দেবেশ রুক্মিণ্যা সহিতাচ্যুত॥

পরে ধ্যানাদি করিয়া লক্ষ্মীর অর্চ্চনা করিবে। (২৭০ পৃঃ) অনন্তর কথা শ্রবণীয়।

অথ কথা।—শ্রীসূত উবাচ। জামদগ্ন্যঃ সমাকর্ণ্য রমাং তাং পুত্রকাঙ্ক্ষিণীম্। কল্পেরভিমতং জ্ঞাত্বাকারয়ৎ রুক্মিণীব্রতম্॥ ব্রতেন তেন চ রমা পুত্রাঢ্যা সুভগা সতী। সর্ব্বভোগেন সংযুক্তা বভূব স্থিরযৌবনা॥ শৌনক উবাচ। বিধানং ব্রূহি মে সূত ব্রতস্যাস্য চ যৎ ফলম্। পুরা কেন কৃতং কর্ম্ম রুক্মিণীব্রতমুত্তমম্॥ সূত উবাচ। শৃণু রাজন্ রাজপুত্রী শর্ম্মিষ্ঠা বার্ষপর্ব্বণী। অবগাহ্য সরোনীরং সৌম্যং হরমপশ্যত॥ সা সখীভিঃ পরিবৃতা দেবযান্যা চ সঙ্গতা। শম্ভুভীত্যা সমুত্থায় পর্য্যধুর্ব্বসনং দ্রুতম্॥ তত্র শুক্রস্য কন্যায়া বস্ত্রব্যত্যাসমাত্মনঃ। সংলক্ষ্য কুপিতা প্রাহ বসনং ত্যজ ভিক্ষুকি॥ ইতি দানবকন্যা সা দাসীভিঃ পরিবারিতা। তাং তস্যা বাসসা বদ্ধা কূপে ক্ষিপ্ত্বা গতা গৃহম্॥ তাং কূপমগ্নাং রুদতীং জলার্থী নহুষাত্মজঃ। করে স্পৃশ্য সমুদ্ধৃত্য প্রাহ কা ত্বং বরাননে॥ সা শুক্রপুত্রী বসনং পরিধায় হ্রিয়া ভিয়া। শর্ম্মিষ্ঠয়া কৃতং সর্ব্বং প্রাহ রাজানমীক্ষতী॥ যযাতিস্তদভিপ্রায়ং জ্ঞাত্বানুগম্য শোভনাম্। আশ্বাস্য তাং যযৌ গেহং তস্যাঃ পরিণয়াদৃতঃ॥ সা গত্বা ভবনং শুক্রং প্রাহ শর্ম্মিষ্ঠয়া কৃতম্॥ তচ্ছ্রুত্বা কুপিতং শুক্রং বৃষপর্ব্বাহ সান্ত্বয়ন্। দণ্ড্যং মাং দণ্ডয় বিভো দোষো যদ্যস্তি তে ময়ি॥ শর্ম্মিষ্ঠাং বাপ্যপকৃতাং কুরু যন্মনসেপ্সিতম্॥ রাজানং প্রণতং পাদে পিতুর্দৃষ্ট্বা রুষাব্রবীৎ। দেবযানী ত্বিয়ং কন্যা মম দাসী ভবত্বিতি॥ সমানীয় তদা রাজা দাস্যে তাং বিনিযুজ্য সঃ। যযৌ নিজগৃহং জ্ঞানী দৈবং পরমকং স্মরন্॥ ততঃ শুক্রস্তমানীয় যযাতিং প্রতিলোমকম্। তস্মৈ দদৌ তাং বিধিবৎ দেবযানীং তয়া সহ॥ দত্ত্বা প্রাহ নৃপং বিপ্রোঽপ্যেনাং রাজসুতাং যদি। শয়নে নয়সে সদ্যো জরা ত্বামুপভোক্ষ্যতি॥ শুক্রস্যৈতদ্বচঃ শ্রুত্বা রাজা তাং বরবর্ণিনীম্। অদৃশ্যাং স্থাপয়ামাস দেবযান্যনুগাং ভিয়া॥ সা শর্ম্মিষ্ঠা রাজপুত্রী দুঃখশোকভয়াকুলা। প্রীতা

দাসীশতাকীর্ণা দেবযানীন্ত সেবতে ॥ একদা সা বনে গত্বা রুদতী জাহ্নবীতটে। বিশ্বামিত্রমুনিং সা তং দদৃশে স্ত্রীভিরাবৃতম্ ॥ ব্রতিনং পুণ্যগন্ধাভিঃ সুরূপাভিঃ সুবাসিতম্। কারয়ন্তং ব্রতং মালাধূপদীপোপহারকৈঃ ॥ নির্ম্মায়াষ্টদলং পদ্মং বেদিকায়াং সুচিহ্নিতম্। রম্ভাপোতৈশ্চতুর্ভিস্ত চতুষ্কোণং বিরাজিতম্ ॥ বাসসা নির্ম্মিতে গৃহে স্বর্ণপট্টবিচিত্রিতে। নির্ম্মিতং শ্রীবাসুদেবং নানারত্নবিঘট্টিতম্ ॥ পৌরুষেণ চ সূক্তেন নানাগন্ধোদকৈঃ শুভৈঃ। পঞ্চামৃতৈঃ পঞ্চগব্যৈর্যথামন্ত্রৈ-র্দ্বিজেরিতৈঃ ॥ স্নাপয়িত্বা ভদ্রপীঠে কর্ণিকায়াং প্রপূজয়ন্। পঞ্চভির্দশভির্ব্বাপি ষোড়শৈরুপচারকৈঃ ॥ পাদ্যমধ্বশ্রমহরং শীতলং সুমনোহরম্। পরমানন্দ-জনকং গৃহাণ পরেমেশ্বর ॥ দূর্ব্বাচন্দনগন্ধাঢ্যমর্ঘ্যমেতৎ প্রযত্নতঃ। গৃহাণ রুক্মিণীকান্ত প্রসন্নো ভব মে প্রভো ॥ নানাতীর্থোদ্ভবং বারি সুগন্ধি সুমনোহরম্। গৃহাণাচমনীয়ং ত্বং শ্রীনিবাস শ্রিয়া সহ ॥ নানাকুসুমগন্ধাঢ্যং সূত্রগ্রথিতমুত্তমম্ ॥ বক্ষঃশোভাকরং চারু মাল্যং নয় সুরেশ্বর ॥ তন্তুসন্তান-সন্ধান-রচিতং বসনং হরে। গৃহাণাবরণং শুদ্ধং কৃপয়া রুক্মিণীপ্রিয় ॥ যজ্ঞসূত্রমিদং দেব প্রজাপতিবিনির্ম্মিতম্। রুক্মিণ্যা সহ দেবেশ গৃহাণাভরণং মম ॥ দধিক্ষীরগুড়ান্নাদ্য-লড্ডুকাদিপ্রপূরিতাম্। গৃহাণ রুক্মিণীকান্ত কৃপয়া রচনাং প্রভো ॥ কর্পূরাগুরুগন্ধাঢ্যং পরমানন্দদায়কম্। ধূপং গৃহাণ বরদ বৈদর্ভ্যা প্রিয়য়া সহ ॥ ভক্তানাং গেহসক্তানাং সংসারধ্বান্তনাশনম্। দীপমালোকয় বিভো জগদালোককারক ॥ শ্যামসুন্দর পদ্মাক্ষ পীতাম্বর চতুর্ভুজ। প্রপন্নং পাহি দেবেশ রুক্মিণ্যা সহিতাচ্যুত ॥ ইতি তাসাং ব্রতং দৃষ্ট্বা মুনিং নত্বা সুদুঃখিতা। শর্ম্মিষ্ঠা মিষ্টবচসা কৃতাঞ্জলিরুবাচ হ ॥ শর্ম্মিষ্ঠোবাচ। রাজপুত্রীং দুর্ভগাং মাং স্বামিনা পরিবর্জ্জিতাম্। ত্রাতুমর্হথ হে দেব্যো ব্রতেনানেন কর্ম্মণা ॥ শ্রুত্বা তু তা বচস্তস্যাঃ কারুণ্যাচ্চ কিয়ৎ কিয়ৎ। পূজোপকরণং দত্ত্বা কারয়ামাসুরাদরাৎ ॥ ব্রতং কৃত্বা তু শর্ম্মিষ্ঠা লব্ধ্বা স্বামিনমীশ্বরম্। সূত্বা পুত্রান্ সুসন্তুষ্টা সমভূৎ স্থিরযৌবনা ॥ সীতা চাশোকবনিকা-মধ্যে সরময়া সহ। ব্রতং কৃত্বা পতিং লেভে রামং রাক্ষসনাশনম্ ॥ বৃহদশ্বপ্রসাদেন কৃত্বেদং দ্রৌপদী ব্রতম্। পতিযুক্তা দুঃখমুক্তা বভূব স্থিরযৌবনা ॥ তথা রমা সিতে পক্ষে বৈশাখে দ্বাদশীদিনে। জামদগ্ন্যাদ্ব্রতং চক্রে পূর্ণং বর্ষচতুষ্টয়ম্ ॥ পট্টসূত্রং করে বদ্ধ্বা ভোজয়িত্বা দ্বিজান্ বহূন্। ভুক্ত্বা হবিষ্যং ক্ষীরান্তং সুমিষ্টং স্বামিনা সহ। বুভুজে পৃথিবীং সর্ব্বামপূর্ব্বাং স্বজনৈর্বৃতা ॥ সা পুত্রৌ সুষুবে সাধ্বী মেঘমাল-বলাহকৌ। দেবানামুপকর্ত্তারৌ যজ্ঞদানতপোব্রতৌ ॥ মহোৎসাহৌ

মহাবীর্য্যৌ সুভগৌ কল্কিসম্মতৌ॥ ব্রতবরমিতি কৃত্বা সর্ব্বসম্পৎসমৃদ্ধা, ভবতি বিদিততত্ত্বা পূজিতা পূর্ণকামা। হরিচরণসরোজদ্বন্দ্বভক্ত্যৈকতানা, ব্রজতি গতিমপূর্ব্বাং ব্রহ্মবিজ্ঞৈরগম্যাম্॥

ইতি রুক্মিণীব্রতকথা সমাপ্তা॥

## পিপীতকীদ্বাদশী-ব্রত।

(ব্যবস্থা)।

একাদশ্যাং প্রকুর্ব্বান্তি উপবাসং মনীষিণঃ।
উপাসনায় দ্বাদশ্যাং বিষ্ণোর্যদ্বদিয়ং তথা॥
ইয়ং পিপীতকীদ্বাদশী ইত্যর্থঃ।

ইতি ভবিষ্যপুরাণবচনে একাদশী উপবাসানন্তর দ্বাদশীতে বিষ্ণুপূজা উক্ত হওয়ায় এই পিপীতকীদ্বাদশীতেও উক্ত ব্যবস্থা গ্রাহ্য; কিন্তু যুগ্মাদর গ্রাহ্য নহে। দ্বাদশী মুহূর্ত্তাত্মক না ঘটিলে একাদশী উপবাসানন্তর উক্ত ব্রত করিবে না; কিন্তু দ্বাদশীতেই উপবাসদিনে করিবে।

বৈশাখে শুক্লপক্ষে তু বৈষ্ণবী দ্বাদশী তিথিঃ।
তস্যাং শীতলতোয়েন স্নাপয়েৎ কেশবং শুচিঃ॥

বৈশাখী শুক্লা দ্বাদশী বৈষ্ণবীতিথি। এই তিথিতে শীতলোদকে নারায়ণকে স্নান করাইবে এবং বিষ্ণুর অর্চ্চনাদি করিয়া বিধানানুসারে ব্রত করিবে। কালশুদ্ধিতে আরম্ভ করিয়া চারি বৎসরে এই ব্রত সমাপ্ত করিবে। প্রথম বৎসরে সভোজ্য লবণবিশিষ্ট শীতল জলপূর্ণ চারিটি কুম্ভ দিবে। দ্বিতীয় বর্ষে শর্করা ও দধিসমন্বিত আটটি, তৃতীয় বৎসরে তিলের লাড়ুর সহিত দ্বাদশটি এবং চতুর্থ বৎসরে ক্ষীরের লাড়ুর সহিত ষোলটি কুম্ভ দিবে।

পূজাপ্রণালী।—স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যাস্তিথাবারভ্য অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বা) শ্রীবিষ্ণুপ্রীতিকামো (কামা বা) বর্ষচতুষ্টয়ং যাবৎ প্রতিবর্ষীয়-বৈশাখ-শুক্লদ্বাদশ্যাং গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বকং ভবিষ্যপুরাণোক্তপিপীতকীদ্বাদশীব্রতমহং করিষ্যে। (আরব্ধ ব্রত হইলে "তিথাবারভ্য" না বলিয়া "দ্বাদশ্যাস্তিথৌ" ও আরব্ধ-পিপীতকীদ্বাদশীব্রতাঙ্গপূজাদিকর্ম্মাণ্যহং করিষ্যামি ইত্যাদি উচ্চার্য্য।)

অনন্তর সংকল্পসূক্ত-পাঠান্তে ব্রতগ্রহণের বার হইলে, করপুটে নিম্নলিখিত প্রার্থনাবাক্য পাঠ্য, যথা—

ওঁ ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু ত্বৎ-প্রসাদাৎ সুরেশ্বর॥ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর॥

অনন্তর সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধ্যাদি সমাপনান্ত (১৫২-১৬৩ পৃঃ) গণেশাদি দেবতার পূজা করিয়া বিষ্ণুপূজা করিবে। ধ্যান যথা—

ওঁ বিষ্ণুং শারদচন্দ্রকোটিসদৃশং শঙ্খং রথাঙ্গং গদামম্ভোজং দধতং সিতাব্জ-নিলয়ং কান্ত্যা জগন্মোহনম্। আবদ্ধাঙ্গদহারকুণ্ডলমহামৌলিং স্ফুরৎকঙ্কণং, শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং বন্দে মুনীন্দ্রৈঃ স্তুতম্॥

তৎপরে নিম্নকথিত নিয়মে আবরণদেবতার পূজা করিবে, যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ বাসুদেবায় নমঃ। (এই ক্রমে)—সঙ্কর্ষণায়, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, শান্ত্যৈ, সরস্বত্যৈ, শ্রিয়ৈ, রত্যৈ, কেশবায়, নারায়ণায়, মাধবায়, গোবিন্দায়, বিষ্ণবে, মধুসূদনায়, ত্রিবিক্রমায়, শ্রীমাধবায়, হৃষীকেশায়, পদ্মনাভায়, দামোদরায়, ইন্দ্রাদিদিক্‌পালেভ্যঃ, বজ্রাদ্যস্ত্রেভ্যঃ॥

পরে সভোজ্য লবণান্বিত বারিপূর্ণ ঘট উৎসর্গ করিয়া (ভোজ্যদান ও কুম্ভদানবিধি জলসংক্রান্তি ব্রতে উক্ত আছে) কথাশ্রবণ ও দক্ষিণান্ত করিয়া অচ্ছিদ্রাবধারণাদি কার্য্য শেষ করিতে হয়।

**ব্রত-কথা।**—শতানীক উবাচ। জলদানস্য মাহাত্ম্যং যত্ত্বয়া কথিতং পুরা। তদহং শ্রোতুমিচ্ছামি পিপীতককথাং শুভাম্॥ শ্রীনারদ উবাচ। পুরা সত্যযুগে বিপ্রঃ পিপীতক ইতি শ্রুতঃ। স্বধর্ম্মারভন্নিত্যং কালধর্ম্মমুপেয়িবান্॥ ততঃ কালেন কিয়তা মৃত্যুং প্রাপ্তোঽথ স দ্বিজঃ। যমদূতৈঃ সমাগত্য নীয়মানো দ্বিজোত্তমঃ॥ দদৃশে বহুলান্ বিপ্রান্ মহানিরয়সংস্থিতান্। অসিপত্রবনে ঘোরে কুম্ভীপাকে চ যান্ স্থিতান্॥ কৃতার্ত্তনাদাংস্তান্ দৃষ্ট্বা বিষাদ-মগমদ্দ্বিজঃ। ক্ষুৎপিপাসাকুলো ভূত্বা প্রেতরাজবশং গতঃ॥ বভ্রাম নগরং সোঽপি পিপাসাকুলিতেন্দ্রিয়ঃ। অথাপশ্যত্তোয়কুম্ভান্ যমদূতৈঃ স রক্ষিতঃ॥ অশ্বত্থতরুমূলে চ জলকুম্ভান্ সুশীতলান্। সুগন্ধি শীতলং তোয়ং পুণ্যং পিপ্‌পল-সংযুতম্॥ দৃষ্ট্বা তৃষার্ত্তো বিপ্রেন্দ্রো যমস্য কিঙ্করাজ্জলম্। পুনর্যযাচে বিপ্রেন্দ্রঃ কিঙ্করৈরভিতাড়িতঃ॥ যমদূত উবাচ। এতে কুম্ভাঃ শীতলাশ্চ বস্ত্রমাল্যসুশোভনাঃ। পুরঃ পশ্য নৃভির্দত্তা বাসিতা গন্ধচন্দনৈঃ॥ রক্ষকা বহবঃ সন্তি কিঙ্করাঃ শস্ত্রপাণয়ঃ।

তস্মাত্তোয়মিদং বিপ্র দুর্ল্লভং ভুবনেষ্বপি। অকৃত্বা তদ্ব্রতং যস্মাৎ দুষ্প্রাপং ভবতা জলম॥ শ্রুত্বা দূতস্য তদ্বাক্যং তৃষয়াকুলিতেন্দ্রিয়ঃ। কিঙ্করেভ্যঃ পুনঃ প্রাহ দেহি দেহি জলং কিয়ৎ॥ প্রার্থ্যমানঃ পুনস্তোয়ং যমদূতৈঃ স তাড়িতঃ। তৃষাতুরঃ স বিপ্রেন্দ্রো নীতো বৈবস্বতালয়ম্॥ যম উবাচ। মা রোদীর্বিপ্র তদ্ব্রূহি কা তে পীড়া হৃদি স্থিতা। যযাচে স পুনস্তোয়ং তমূচে ধর্ম্মরাট্ পুনঃ॥ বিপ্রস্য বচনং শ্রুত্বা পুনঃ পৃচ্ছতি সাদরম্। পীড়াং তাং বদ মাং বিপ্র শরীরে চেতনাং কুরু॥ যমস্য বচনং শ্রুত্বা ব্রাহ্মণস্তৃষিতস্তথা। যথা পথি চ যদ্দৃষ্টং সর্ব্বং তস্মৈ ন্যবেদয়ৎ॥ শ্রুত্বা তদ্বচনং রাজা ব্রাহ্মণং প্রত্যভাষত। ত্বয়া তত্র কৃতং পূর্ব্বং যেনেদং লভ্যতে জলম্॥ যৎ কৃত্বা সুকৃতী মর্ত্ত্যো বিষ্ণুলোকং গতঃ পুরা। বৈষ্ণবং তদ্ব্রতং কৃত্বা তৃষয়া নৈব পীড্যতে॥ ব্রাহ্মণ উবাচ। ত্বয়ি প্রসন্নে ভগবন্ন কিঞ্চিদ্দুর্লভং মম। তস্মাত্তোয়প্রদানেন প্রাণরক্ষাং কুরুষ্ব মে॥ ইত্থঞ্চ করুণং শ্রুত্বা যমঃ প্রীতস্তমাহ বৈ। বৈষ্ণবং তদ্ব্রতং বিপ্র কুরু গত্বা নিজালয়ম্। বিধানং শৃণু বিপ্রেন্দ্র তব বক্ষ্যামি যত্নতঃ॥ বৈশাখে শুক্লপক্ষস্য দ্বাদশী বৈষ্ণবী তিথিঃ। তস্যাং শীতলতোয়ৈশ্চ স্নাপয়েৎ কেশবং শুচিঃ॥ গন্ধমাল্যৈশ্চ নৈবেদ্য-ধূপদীপৈস্তথোত্তমৈঃ। ভোজ্যৈশ্চ বিবিধৈর্ভক্ষ্যৈস্তাম্বূলৈশ্চ মনোরমৈঃ॥ জপ্ত্বা চ বৈষ্ণবং মন্ত্রং নমস্কৃত্বা পুনঃ পুনঃ। দত্ত্বা দ্বিজেভ্যো বিপ্রেন্দ্র কুম্ভান্ ভোজ্য-সমন্বিতান্॥ প্রথমে চতুরঃ কুম্ভান্ দদ্যাল্লবণসংযুতান্। দ্বিতীয়ে ত্বষ্টকুম্ভাংশ্চ শর্করাদধিসংযুতান্॥ তৃতীয়ে দ্বাদশ কুম্ভান্ তিলমোদকসংযুতান্। চতুর্থে ষোড়শ কুম্ভান্ দুগ্ধমোদকসংযুতান্॥ ইত্থং সংপূজ্য দেবেশং দ্বিজেভ্যস্তদনন্তরম্। কাঞ্চনং দক্ষিণাং দদ্যাৎ দ্বিজায় ব্রতকারিণে॥ কৃত্বা চৈতদ্ব্রতং শুদ্ধং লভেচ্চ বৈষ্ণবং পদম্। যঃ করোতি ব্রতঞ্চৈতত্তৃষয়া নৈব পীড্যতে॥ যমস্য বচনং শ্রুত্বা গত্বা সোঽথ নিজালয়ম্। চকার দ্বাদশীং পুণ্যাং জগাম বৈষ্ণবং পদম্॥ নারদ উবাচ। পিপীতকীতি বিখ্যাতা ততঃ সা দ্বাদশী ভুবি। তস্মাৎ পিপীতকী নাম দ্বাদশী সুখমোক্ষদা॥ যঃ কুর্য্যাচ্চ নরো ভক্ত্যা নারী বা ব্রতমুত্তমম্। পুত্রপৌত্র-সমাযুক্তো ধনধান্যসমন্বিতঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ প্রয়াতি পরমাং গতিম্॥

ইতি শ্রীভবিষ্যপুরাণে নারদশতানীকসংবাদে পিপীতকী-দ্বাদশী-ব্রতকথা॥

---

## উমামহেশ্বর-ব্রত।

বৈশাখ মাসের শুক্লপক্ষের চতুর্দ্দশীতে এই ব্রত করণীয়। এই ব্রতের ফলে বৈধব্য-দোষ দূর হয়। তিন তোলা, দুই তোলা বা দেড় তোলা স্বর্ণ দ্বারা

মিলিত উমা-মহেশ্বরের প্রতিমা নির্ম্মাণ করিয়া পূজা করিবে। ব্যাঘ্রচর্ম্মের উপরে শুভ্র বসনের আসন, তদুপরি রজতবৃষের স্কন্ধে প্রতিমা স্থাপন করা বিধি। দিবাভাগে উপবাস করিবে। পরে সায়ংকালে পূজা ও হোমাদি কর্ত্তব্য। তৎপরদিন স্নানাদি সমাধান্তে কথা শ্রবণ করিয়া বেদবিদ্ বিপ্রকে ঐ প্রতিমা দান ও দক্ষিণান্ত করিয়া পারণ করিবে।

ব্রতপ্রণালী।—সন্ধ্যাসময়ে স্বস্তিবাচনাদি করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে চতুর্দ্দশ্যান্তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বৈধব্যদোষসূচিতজন্মান্তরীণ-তত্তৎপাপক্ষয়কামা যথোক্তবিধিনা উমামহেশ্বরব্রতমহং করিষ্যে॥

পরে পুরোহিত সঙ্কল্পসূক্তাদি পাঠ করিলে যথানিয়মে বরণ করিতে হয়। (২৩৬ পৃঃ) তৎপরে পূজক সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, প্রাণায়াম, (১৫২-১৬৩ পৃঃ) চন্দ্রমৌলিন্যাসাদি (মন্ত্রপ্রকরণ দেখ) সমাপনান্তে "ধ্যায়েন্নিত্যং মহেশং"—ধ্যানে ও "ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে শিবের অর্চ্চনা করিবে। পরে পঞ্চবার পুষ্পাঞ্জলি দিয়া নিম্নলিখিত নিয়মে আবরণ-পূজা করিবে, যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় নমঃ" (এই প্রকারে) তৎপুরুষায়, অঘোরায়, বামদেবায়, সদ্যোজাতায়, নিবৃত্ত্যৈ, সুপ্রতিষ্ঠায়ৈ, বিদ্যায়ৈ, শান্ত্যৈ। ওঁ হৃদয়ায় নমঃ, নং শিরসে স্বাহা, মং শিখায়ৈ বষট্, শিং কবচায় হুং, বাং নেত্রত্রয়ায় বৌষট্, য়ঃ অস্ত্রায় ফট্।

পরে পঞ্চোপচারে নিম্নলিখিত দেবতাগণের পূজা করিতে হয়, যথা—

অনন্তায়, সূক্ষ্মায়, শিবোত্তমায়, একনেত্রায়, একরুদ্রায়, ত্রিমূর্ত্তয়ে, শ্রীকণ্ঠায়, শিখণ্ডিনে, উমায়ৈ, চণ্ডেশ্বরায়, নন্দিনে, মহাকালায়, গণেশায়, বৃষায়, ভৃঙ্গরীটয়ে, স্কন্দায়, ইন্দ্রাদিভ্যঃ, রুদ্রাদিভ্যঃ॥

তৎপরে ন্যাসাদি করিয়া নিম্নলিখিত ধ্যানে "হ্রীং গৌর্য্যৈ নমঃ" মন্ত্রে গৌরীর অর্চ্চনা করিবে, যথা—

ওঁ হেমাভাং বিভ্রতীং দোর্ভির্দ্দর্পণাঙ্কনসাধনে। পাশাঙ্কুশৌ সর্ব্বভূষাং তাং গৌরীং সর্ব্বদা ভজে॥

পরে আবরণপূজা করিবে—"হ্রাং হৃদয়ায় নমঃ" এই নিয়মে ষড়ঙ্গের

অর্চ্চনা করিয়া—ওঁ স্থূলভায়ৈ নমঃ, লতিকায়ৈ, কামিন্যৈ, কামমালিন্যৈ, পাশায়, অঙ্কুশায়, দর্পণায়, অঞ্জনশলাকায়ৈ ॥

তৎপরে হোম করিতে হয়।—হোতা স্বগৃহ্যোক্তনিয়মে বরদ নামক অগ্নিস্থাপন করত বিরূপাক্ষজপান্তা কুশণ্ডিকা করিয়া ( ২৫২ পৃঃ ) প্রকৃত-কর্ম্মারম্ভে মহাব্যাহৃতি হোম করিবে। তৎপরে সঙ্কল্পবাক্য পাঠ করিয়া নিম্নলিখিত মন্ত্রে ঘৃতসংযুক্ত বিল্বপত্রে সহস্র হোম করিবে, যথা—

"ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনা-ন্মৃত্যোর্ম্মুক্ষীয়মামৃতাৎ স্বাহা ॥"

পরে পুনর্ব্বার সঙ্কল্প করিয়া নিম্নোক্ত মন্ত্রে ঘৃতমিশ্রিত অষ্টোত্তরশতসংখ্য বিল্বপত্রে গৌরীর উদ্দেশে হোম কর্ত্তব্য। যথা—

ওঁ অম্বে অম্বিকে অম্বালিকে ন মানয়তি কশ্চন স স্বস্ত্যশ্বকাঃ সুভদ্রিকাং কাম্পিল্যবাসিনীং স্বাহা।

অনন্তর উদীচ্যকর্ম্মসমাধানান্তে দক্ষিণান্ত করিতে হয়। পরদিন প্রাতঃ-কৃত্যাদি-সমাধানান্তে দশোপচারে উমামহেশ্বরের অর্চ্চনা করত প্রতিমা উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে দান করিবে। বাক্য যথা,—

ওঁ এতস্যৈ সবস্ত্রায়ৈ ব্যাঘ্রচর্ম্মোপরিস্থিতরজতবৃষভোপরিস্বর্ণনির্ম্মিতোমামহে-শ্বরপ্রতিমায়ৈ নমঃ। "এতদধিপতয়ে" ইত্যাদি। বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী মৎসঙ্কল্পিতোমামহে-শ্বরব্রতকর্ম্মণি স্বাম্যাজ্ঞপ্তভোজনাভাবাদিজন্য-বৈধব্যসূচিতজন্মান্তরীণতত্তৎপাপ-ক্ষয়কামা ইমাং সবস্ত্রব্যাঘ্রচর্ম্মোপরিস্থিত-রজত-বৃষভোপরি-স্বর্ণ-নির্ম্মিতোমা-মহেশ্বরপ্রতিমামর্চ্চিতাং শ্রীবিষ্ণুদেবতাকাং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে ॥

পরে নিম্নলিখিত বাক্যে দক্ষিণা দান করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী-দেবী মৎসঙ্কল্পিতোমামহেশ্বর-ব্রতকর্ম্মণি কৃতৈতৎসবস্ত্র-ব্যাঘ্রচর্ম্মোপরিস্থিতরজত-বৃষভোপরি-ত্রিকর্ষমিত-স্বর্ণ-নির্ম্মিতোমামহেশ্বর-প্রতিমাদান-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে ॥

অনন্তর কথা শ্রবণ করিবে, যথা—

ব্রত-কথা।—ভৃগুরুবাচ। ইত্যুক্তং তে ময়া রাজন্ কথাযোগং পরিস্ফুটম্ ;

কথয়ামি পুনর্ব্রূহি যত্তে মনসি বর্ত্ততে ॥ ভরত উবাচ। বৈধব্যং কেন দোষেণ বাল্যে ভবতি যোষিতাম্। শ্রোতুমিচ্ছাম্যহং বিপ্র ব্রূহি তৎকারণং স্ফুটম্ ॥ ভৃগুরুবাচ। পিত্রাজ্ঞয়া বনং রামঃ সীতয়া চ সমং গতঃ। অত্রেরাশ্রমকং প্রাপ্তঃ পবিত্রং মুনিসেবিতম্ ॥ নিবসন্তি সুবিস্তীর্ণা হরিণাশ্চ বিহঙ্গমাঃ। উজ্ঝিতাঃ সর্ব্বসন্ত্রাসৈর্ম্মিলিতা মানবা ইব ॥ এবংবিধাশ্রমং রম্যং গত্বা রামো মহাভুজঃ। স প্রণম্য মুনিশ্রেষ্ঠমর্চ্চ্যমানস্ত তেন বৈ ॥ প্রশান্তমনসং ভূয়ঃ পপ্রচ্ছ মুনিসত্তমম্। অনসূয়া ঋষের্ভার্য্যা তস্যাভ্যাসং কৃতব্রতা ॥ তত্রোপবিশ্য বৈদেহী প্রণম্যাসনসংস্থিতা। বিধবাং হৈহয়পুত্রীং দৃষ্ট্বা সীতাব্রবীদ্বচঃ। ইয়ং কন্যা মহাভাগে শ্বেতবস্ত্রা তপস্বিনী। অল্পে বয়সি দুঃখার্ত্তা তন্মে বদ বিচক্ষণে ॥ অনসূয়োবাচ। শৃণু হৈহয়বংশে তু শিবরাজনৃপাত্মজা। স্বকর্ম্মোপচিতৈর্দোষৈর্বাল্যে বৈধব্যমাগতা ॥ বৈদেহী তদ্বচঃ শ্রুত্বা পুনঃ প্রশ্নমুদৈরয়ৎ ॥ সীতোবাচ। কিমযুক্তং কৃতং দেবি যাতীদং কদনোদয়ম্। বিপাকং কর্ম্মণস্তস্য কথয়স্ব মহামতে ॥ অনসূয়োবাচ। পুরা বিপ্রকুলে জাতা সর্ব্বাবয়বসুন্দরী। বিরূপং স্বামিনং চৈব দৃষ্ট্বা যৌবনগর্ব্বিতা ॥ দিবা নিন্দতি দুর্ব্বাক্যৈঃ শয্যাং ন ভজতে নিশি। তেন দোষেণ ভো দেবি বৈধব্যমুপপাদি চ ॥ আজ্ঞপ্তা স্বামিনা যা চ স্বামিনং ত্যজতে নিশি। সাপি বৈধব্যমাপ্নোতি দারিদ্র্যং যাবমন্যতে ॥ অস্য দোষস্য পাকোঽয়ং বাল্যে বৈধব্যমাগতা। শ্রুত্বা কষ্টং সমাবিষ্টা সীতা বচনমব্রবীৎ ॥ সীতোবাচ। যেনোপায়েন ভো দেবি বৈধব্যং ন হি যোষিতাম্। স্বল্পভাবেন বৈ কাপি তত্ত্বতো বদ সুব্রতে ॥ বৈদেহীবচনং শ্রুত্বা সানসূয়া বিচিন্ত্য চ। গত্বা পত্যুঃ সমীপে তং ধর্ম্মজ্ঞং মুনিমব্রবীৎ ॥ একতঃ কদনং সর্ব্বং যোষিদ্বৈধব্যসম্ভবম্। কদনং দুঃসহং নাথ কষ্টাৎ কষ্টতরং পুনঃ ॥ ইত্যুক্ত্বাশ্রুমুখী দীনা বভাষে স্বামিনং প্রতি ॥ কেনোপায়েন দানেন কৃতকর্ম্মক্ষয়ো ভবেৎ। বৈধব্যং নাপ্নুবন্তীহ স্বকর্ম্মার্জ্জিতদুর্ব্বহম্ ॥ শ্রুত্বা চ বচনং দীনমাশ্বাস্য মুনিসত্তমঃ। শৃণু দেবি প্রবক্ষ্যামি সাবধানা বচো মম ॥ অত্রিরুবাচ। উমামহেশ্বরী কার্য্যা প্রতিমা কাঞ্চনী শুভা। ত্রিকর্ষেণ তদর্দ্ধেন কর্ষেণাপি মিতাপি বা। * দ্রব্যশাঠ্যং ন কর্ত্তব্যং সর্ব্বথা ফলমিচ্ছতা ॥ স্থাপয়েৎ শ্বেতবস্ত্রাঢ্যে রাজতে বৃষভে শুভে। ব্যাঘ্রাজিনে সুবিস্তীর্ণে স্থাপ্যাভ্যর্চ্চ্য চ শ্রদ্ধয়া ॥ সোপবাসেন তত্রাদৌ চতুর্দ্দশ্যাং সমাহিতা। শৈবং সঙ্কল্পিকং হোমং গৌর্য্যা হোমঞ্চ কারয়েৎ ॥ প্রাপ্তে প্রভাতসময়ে স্নাত্বা সংপূজ্য পূর্ব্ববৎ। আহূয়

* ত্রিকর্ষস্য তদর্দ্ধস্য কর্ষস্য দ্বিতয়স্য বা—পাঠান্তর।

বেদবিদুষে বিপ্রায় শ্রদ্ধয়ান্বিতা॥ অর্পয়েৎ প্রতিমাং শম্ভোঃ কর্ম্মদোষোপশান্তয়ে। ব্রাহ্মণে দক্ষিণাং দত্ত্বা ততঃ পারণমাচরেৎ॥

ইতি লিঙ্গপুরাণে ভৃগুভরতসংবাদে বৈধব্যদোষোপশমনকর্ম্মদোষবিপাকে উমামহেশ্বরব্রতকথা॥

---

## নৃসিংহচতুর্দ্দশী-ব্রত।

বৈশাখের শুক্লা চতুর্দ্দশীতে এই ব্রত করণীয়। পূর্ব্বদিন সংযম করিবে। পরদিন প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়ান্তে সায়ংকালে স্বস্তিবাচনান্তে সঙ্কল্প করিবে, যথা।—

ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে চতুর্দ্দশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা গণপত্যাদি-নানাদেবতাপূজা-পূর্ব্বক-সলক্ষ্মীক-শ্রীভগবন্নৃসিংহপূজা-ব্রতোপবাস-বৃহন্নরসিংহ-পুরাণোক্ত নৃসিংহচতুর্দ্দশীব্রতকথা-শ্রবণরূপনৃসিংহচতুর্দ্দশীব্রতকর্ম্মাহং করিষ্যে॥

পরে সূক্তপাঠ, আসনশুদ্ধ্যাদি, (১৫২-১৬৩পৃঃ) ন্যাস; গণেশাদিপূজা, সলক্ষ্মীক নৃসিংহের আবাহন প্রভৃতি করিয়া সর্ব্বাগ্রে প্রহ্লাদের পূজা করিয়া ষোড়শোপচারে নৃসিংহের পূজা করিবে। (ধ্যানাদি ধ্যানপ্রকরণ দেখ) পূজার বিশেষ বিশেষ মন্ত্র যাহা আছে, তাহা লিখিত হইল, যথা—

অর্ঘ্যদান-মন্ত্র।—নৃসিংহাচ্যুত দেবেশ লক্ষ্মীকান্ত জগৎপতে।
অনেনার্ঘ্যপ্রদানেন সফলাঃ স্যুর্মনোরথাঃ॥

চন্দনদান-মন্ত্র।—চন্দনং শীতলং দিব্যং চন্দ্রকুঙ্কুমমিশ্রিতম্।
দদামি তে প্রতুষ্ট্যর্থে নৃসিংহ পরমেশ্বর॥

পুষ্পদান-মন্ত্র।—কালোদ্ভবানি পুষ্পাণি তুলস্যাদীনি বৈ প্রভো।
পূজয়ামি নৃসিংহেশ লক্ষ্ম্যা সহ নমোঽস্তু তে॥

ধূপদান-মন্ত্র।—কালাগুরুময়ং ধূপং সর্ব্বদেবসুদুর্ল্লভম্।
দদামি তে মহাবিষ্ণো সর্ব্বকামসমৃদ্ধয়ে॥

দীপদান-মন্ত্র।—দীপঃ পাপহরঃ প্রোক্তস্তমোরাশিবিনাশনঃ।
দীপেন লভ্যতে তেজস্তস্মাদ্দীপং দদামি তে॥

নৈবেদ্যদান-মন্ত্র।—নৈবেদ্যং সৌখ্যদং চাস্তু ভক্ষ্যভোজ্যসমন্বিতম্।
দদামি তে রমাকান্ত সর্ব্বপাপক্ষয়ং কুরু॥

পূজা-মন্ত্র।—পীতাম্বর মহাবিষ্ণো প্রহ্লাদভয়নাশকৃৎ।
যথা ভূতার্চ্চনে নাথ যথোক্তফলদো ভব॥

পূজান্তে গীতবাদ্যাদি সহকারে রাত্রি-জাগরণ করিয়া প্রভাতে স্নানান্তে পূর্ব্ববৎ পূজা করিবে। পরে নিম্নলিখিত মন্ত্রে প্রার্থনা করিতে হয়, যথা—

মদ্বংশে যে নরা জাতা যে জনিষ্যন্তি মৎপরম্।
তাংস্ত্বমুদ্ধর দেবেশ দুঃসহাদ্ভবসাগরাৎ॥
পাতকার্ণবমগ্নস্য ব্যাধিদুঃখাম্বুরাশিভিঃ।
তীব্রৈস্তু পরিভূতস্য মহাদুঃখং গতস্য মে।
করাবলম্বনং দেহি শেষশায়িন্ জগৎপতে॥
শ্রীনৃসিংহ রমাকান্ত ভক্তানাং ভয়নাশন।
ক্ষীরাম্বুধিনিবাস ত্বং প্রীতো ভব জনার্দ্দন।
ব্রতেনানেন মে দেব ভক্তিমুক্তিপ্রদো ভব॥

অনন্তর প্রণবাদি নমোঽন্ত মন্ত্রে লক্ষ্মী, শঙ্খ, চক্র, গদা, পদ্ম, গরুড়, শঙ্কর, শেষ, শ্রদ্ধা, ধৃতি ও তুষ্টির পূজা করিয়া যথানিয়মে হোম করিবে। (২৫২ পৃঃ) পরে কথা শ্রবণ করিতে হয়, যথা—

ব্রত-কথা।—শ্রীপ্রহ্লাদ উবাচ। নমস্তে ভগবন্ বিষ্ণো নৃসিংহবপুষে নমঃ। ত্বদ্‌ভক্তোঽহং সুরাধীশ ত্বাং পৃচ্ছামি চ তত্ত্বতঃ। স্বামিন্ ত্বয়ি মমোৎপন্না ভক্তির্ব্বহুফলপ্রদা। কথং তে সুপ্রিয়ো জাতঃ কারণং বদ মে প্রভো॥ শ্রীনৃসিংহ উবাচ। কথয়ামি মহাপ্রাজ্ঞ শৃণুষ্বৈকাগ্রমানসঃ। ভক্তের্যৎ কারণং বৎস প্রিয়ত্বস্য চ তৎ পুনঃ। পুরাকল্পে হ্যভূর্বিপ্রঃ কিঞ্চিত্ত্বং নাপ্যধীতবান্। নাম্না চ বসুদেবো হি বেশ্যায়াং তৎপরোঽপি চ। তস্মিন্ জন্মনি নৈব ত্বং চকর্থ সুকৃতং কিয়ৎ। কৃত্বা তু মদ্‌ব্রতং চৈকং বেশ্যাসঙ্গতি-নাশনম্। মদ্‌ব্রতস্য প্রভাবেণ ভক্তির্জাতা তবেদৃশী॥ শ্রীপ্রহ্লাদ উবাচ। শ্রীনৃসিংহাচ্যুত স্বামিন্ কস্য পুত্রেণ কিং কৃতম্। বেশ্যায়াং বর্ত্তমানেন কথং তদ্ধি কৃতং ময়া। আখ্যানং বিস্তরেণেদং বক্তুমর্হসি সাম্প্রতম্॥ শ্রীনৃসিংহ উবাচ। পুরাবন্তীপুরে হ্যাসীৎ ব্রাহ্মণো বেদপারগঃ। তন্নাম বসুশর্ম্মেতি সর্ব্বলোকেষু বিশ্রুতঃ। নিত্যং হোমক্রিয়ামেব করোতি দ্বিজসত্তমঃ। ব্রহ্মক্রিয়াসু সততং সর্ব্বাসু কিল তৎপরঃ। অগ্নিষ্টোমাদিভির্যজ্ঞৈরিষ্টা সর্ব্বে সুরোত্তমাঃ। তেনাপি বিদ্যমানেন ন কৃতং দুষ্কৃতং কিয়ৎ। তস্য ভার্য্যা সুশীলাভূদ্বিখ্যাতা ভুবনত্রয়ে। পতিব্রতা সদাচারা পতিভক্তিপরায়ণা।

জজ্ঞিরে চ সুতাঃ পঞ্চ তস্যাং দ্বিজবরাত্ততঃ। সদাচারাঃ সুবিদ্বাংসঃ পিতৃভক্তিপরায়ণাঃ। তেষাং মধ্যে কনিষ্ঠস্ত্বং বেশ্যায়াং তৎপরঃ সদা। তাং সন্নিবিশমানেন সুরাপানং কৃতং ত্বয়া। সদা পাপরতস্ত্বং হি নাকৃথাধ্যয়নং ভৃশম্। বিলাসিনীগৃহে নিত্যং বসতির্হি ভবত্তব। একদা তদ্‌গৃহে হ্যাসীত্ত্বয়া সহ মহান্ কলিঃ। ততঃ কলহভাবেন ভোজনং ন কৃতং ত্বয়া। অজ্ঞানান্মদ্‌ব্রতং চক্রে ব্রতানামুত্তমং ব্রতম্। তয়া সহ বিবাদেন রাত্রৌ জাগরণং কৃতম্। বেশ্যায়া অপি তৎসর্ব্বং প্রজাতং তু ত্বয়া সমম্। রাত্রৌ জাগরণৈস্তস্যাঃ সংজাতং কায়শোধনম্। যুবয়োর্যদ্‌ব্রতং জাতমজ্ঞানাদ্বহুপুণ্যদম্। যেন চীর্ণব্রতেনাত্র মোদন্তে দিবি দেবতাঃ। সৃষ্ট্যর্থন্তু ততো ব্রহ্মা চক্রে মদ্‌ব্রতমুত্তমম্। মদ্‌ব্রতস্য প্রভাবেণ নির্ম্মিতং সচরাচরম্। ঈশ্বরেণাপি তচ্চীর্ণং বধার্থং ত্রিপুরস্য চ। মহিম্নৈব ব্রতস্যাস্য ত্রিপুরং সংনিপাতিতম্। অন্যৈশ্চ বহুভির্দ্দেবৈর্ঋষিভিশ্চ পুরাতনৈঃ। রাজভিশ্চ মহাপ্রাজ্ঞৈর্বিহিতং ব্রতমুত্তমম্। এতদ্‌ব্রতপ্রভাবেণ সর্ব্বে সিদ্ধিমুপাগতাঃ। বেশ্যাপি মৎপ্রিয়া জাতা ত্রৈলোক্যে সুখচারিণী। ঈদৃশং মদ্‌ব্রতং বৎস ত্রৈলোক্যে চৈব বিশ্রুতম্। ধূর্ত্তায়াশ্চ বিলাসিন্যা ব্রতমেতদুপস্থিতম্। প্রহ্লাদ তেন তে ভক্তির্ময়ি জাতা হ্যনুত্তমা। সা বেশ্যা ত্বপ্সরা জাতা দিবি ভোগাননেকশঃ। ভুক্ত্বা কামং বিলীনা তু বিবিশ ত্বঞ্চ বৎস মাম্। কার্য্যার্থমবতারস্তে মচ্ছরীরাৎ পৃথক্ তনৌ। বিধায় সর্ব্বকার্য্যাণি শীঘ্রং ময়ি গমিষ্যসি। য ইদং মদ্‌ব্রতাগ্র্যন্তু প্রবিধাস্যন্তি মানবাঃ। ন তেষাং পুনরাবৃত্তিঃ কল্পকোটি-শতৈরপি। অপুত্রো লভতে পুত্রান্মদ্ভক্তাংশ্চ সুবর্চ্চসঃ। দরিদ্রো লভতে লক্ষ্মীং ধনদস্য চ যাদৃশী। তেজস্কামো লভেত্তেজো রাজ্যেপ্সুঃ রাজ্যমুত্তমম্। আয়ুস্কামো লভেদায়ুর্যাদৃশস্তু শিবস্য চ। স্ত্রীণাং ব্রতমিদং চৈব পুত্রদং ভাগ্যদং তথা। অবৈধব্যকরং তাসাং পুত্রশোকবিনাশনম্। ধনধান্য-প্রদঞ্চৈব পতিপ্রিয়করং সুখম্। সার্ব্বভৌমসুখং তাসাং দিব্যসৌখ্যং ভবেত্ততঃ। স্ত্রিয়ো বা পুরুষা বাপি কুর্ব্বন্তি ব্রতমুত্তমম্। তেভ্যো দদাম্যহং সৌখ্যং ভক্তিমুক্তিফলং তথা। বহুনোক্তেন কিং বৎস ব্রতস্যাস্য ফলং মহৎ। তদ্‌ব্রতস্য ফলং বক্তুং নাহং শক্তো ন শঙ্করঃ। ব্রহ্মা চতুর্ভির্ব্বক্ত্রৈশ্চ ক্ষমো ন জীবিতাবধি। যথা যথা প্রবৃত্তিঃ স্যাৎ পাতকস্য কলৌ যুগে। তথা তথা বিধাস্যন্তি মদ্‌ব্রতং বিরলং জনাঃ। মদ্‌ব্রতস্য বিধানেন মতির্যস্য দুরাত্মনাম্। সদা পাপরতানান্তু পুরুষাণাং বিকর্ম্মণি। বিচার্য্যৈব প্রকর্ত্তব্যং মাধবে মাসি তদ্‌ব্রতম্। প্রাপ্তে তু তদ্দিনে বৎস সর্ব্বকল্মষনাশনম্।

যেনৈব ক্রিয়মাণেন সহস্রদ্বাদশীফলম্। জায়তে ন মৃষা বচ্মি মানুষাণাং মহাত্মনাম্। য ইদং শৃণুয়াদ্ভক্ত্যা ব্রতং পাপপ্রণাশনম্। তস্য শ্রবণমাত্রেণ ব্রহ্মহত্যাং ব্যপোহতি। পবিত্রং পরমং গুহ্যং কীর্ত্তয়েদ্‌যস্তু মানবঃ। সর্ব্বান্ কামানবাপ্নোতি ব্রতস্যাস্য ফলং লভেৎ॥

ইতি শ্রীবৃহন্নরসিংহপুরাণে শ্রীভগবন্নৃসিংহপ্রহ্লাদসংবাদে নৃসিংহচতুর্দ্দশীব্রতকথা॥

( জ্যৈষ্ঠকৃত্য )

## রম্ভাতৃতীয়া-ব্রত।

রম্ভানাম্নী অপ্সরা কর্ত্তৃক এই ব্রত অনুষ্ঠিত হইয়াছিল বলিয়া ইহার নাম রম্ভাব্রত হইয়াছে। এই ব্রত সম্বন্ধে দুই প্রকার মত প্রচলিত আছে। এই ব্রতের কথানুসারে অগ্রহায়ণ মাসের শুক্লা তৃতীয়াতেই আরম্ভ বুঝা যায়। কেহ কেহ জ্যৈষ্ঠের শুক্লা তৃতীয়াতে, কেহ কেহ অগ্রহায়ণের শুক্লা তৃতীয়াতে ব্রতকরণের ব্যবস্থা দেন। ভবিষ্যপুরাণে জ্যৈষ্ঠ শুক্ল তৃতীয়াতেই এ ব্রত বিহিত হইয়াছে। স্বস্তিবাচনাদিসমাপনান্তে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽস্য জ্যৈষ্ঠে মাসি মার্গশীর্ষে মাসি বা শুক্লে পক্ষে তৃতীয়ায়াস্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী সৌভাগ্যসন্ততিপ্রাপ্তিকামা সংবৎসরং যাবৎ প্রতিমাসীয়-শুক্লতৃতীয়ায়াং গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং তত্তদুপচারেণ তত্তদ্দেবতাপূজাপূর্ব্বকঞ্চ রম্ভাতৃতীয়াব্রতোপবাসকর্ম্মাহং করিষ্যে। মলমাসেও এই ব্রত হইবে, কিন্তু আরম্ভ বা প্রতিষ্ঠা হইবে না।

পরে সূক্তপাঠ ও সামান্যার্ঘ্য হইতে মাতৃকান্যাস পর্য্যন্ত করিয়া (১৫২ পৃঃ) গণেশাদি দেবতার অর্চ্চনা করিয়া (২৬৩ পৃঃ) হ্রীং মন্ত্রে প্রাণায়াম করাঙ্গন্যাস করত গৌরীপূজা করিবে, ধ্যান যথা—ওঁ কাত্যায়নীং দশভুজাং মহিষাসুরমর্দ্দিনীম্। সিংহোপরিস্থিতাং দেবীং ত্রিনেত্রাং বরদাং শুভাম্॥ ওঁ হ্রীং গৌর্য্যৈ নমঃ এই মন্ত্রে পূজা করিবে। পরে কথা শুনিয়া দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ প্রভৃতি করিতে হয়।

ব্রত-কথা।—ব্রহ্মোবাচ। রম্ভাতৃতীয়াং বক্ষ্যে চ সৌভাগ্যশ্রীসুতাদিদাম্। (জ্যৈষ্ঠমাসে) মার্গশীর্ষে সিতে পক্ষে তৃতীয়ায়ামুপোষিতঃ। গৌরীং

যজেদ্বিল্বপত্রৈঃ কুশোদাদঃ করম্ভদঃ॥ কদম্বাদো গিরিসুতাং পৌষে কুরুবকৈর্যজেৎ। কর্পূরাদঃ কৃশরদো মল্লিকাদন্তকাষ্ঠকৃৎ॥ মাঘে সুভদ্রাং কহ্লারৈর্ঘৃতাশো সন্ততিপ্রদঃ। গীতীময়ং দন্তকাষ্ঠং ফাল্গুনে গোমতীং যজেৎ॥ কুন্দৈঃ কৃত্বা দন্তকাষ্ঠং জীবাশঃ শস্কুলীপ্রদঃ। বিশালাক্ষীং দমনকৈশ্চৈত্রে কাসারসংপ্রদঃ॥ দধিপ্রাশো দন্তকাষ্ঠং তগরং শ্রীমুখীং যজেৎ। বৈশাখে কর্ণিকারৈশ্চ অশোকাশো বটপ্রদঃ॥ জ্যৈষ্ঠে নারায়ণী মর্চ্চেচ্ছতপত্রৈশ্চ খণ্ডদঃ। লবঙ্গাশশ্চ তজ্জাদ আষাঢ়ে মাধবীং যজেৎ। তিলাশো বিল্বপত্রৈশ্চ ক্ষীরান্নবটকপ্রদঃ। ঔডুম্বরং দন্তকাষ্ঠং তগর্য্যাঃ শ্রাবণে শ্রিয়ম্। দন্তকাষ্ঠং স্বর্ণকাশঃ ক্ষীরদো হ্যুত্তমাং যজেৎ। পদ্মৈর্যজেৎ ভাদ্রপদে শৃঙ্গোদাশো গুণাদিদঃ। রাজপুত্রীঞ্চাশ্বযুজি জবাপুষ্পৈশ্চ জীবিকম্॥ প্রাশয়েন্নিশি নৈবেদ্যং কৃশরৈঃ কার্ত্তিকে যজেৎ। জাতিপুষ্পৈঃ পদ্মজাঞ্চ পঞ্চগব্যাশনো যজেৎ। ঘৃতৌদনঞ্চ বর্ষান্তে সপত্নীকান্ দ্বিজান্ যজেৎ॥ উমামহেশ্বরং স্বার্ণং লবণে তু গুড়ে স্থিতম্॥ বস্ত্রচ্ছত্রসুবর্ণাদ্যৈ রাত্রৌ চ কৃতজাগরঃ। গীতবাদ্যৈর্যজেৎ প্রাতর্গবাদ্যং সর্ব্বমাপ্নুয়াৎ॥

ইতি ব্রহ্মবৈবর্ত্তপুরাণে বিধিমুখবিনির্গতরম্ভাতৃতীয়াব্রতম্॥

## উমাচতুর্থী-ব্রত।

পরতিথি-সমন্বিতা একাদশী, অষ্টমী, ষষ্ঠী, অমাবাস্যা ও চতুর্থী তিথি ব্রতে প্রশস্ত। অন্যান্য তিথি পূর্ব্বসমন্বিতা গ্রহণীয়া। জ্যৈষ্ঠ মাসের শুক্লা চতুর্থীতে উমা জন্মগ্রহণ করেন বলিয়া সৌভাগ্যবৃদ্ধির জন্য ঐ দিনে নারীগণ উমাসতীর ব্রত ও তাঁহার পূজা করে।

পূজাপ্রণালী—স্বস্তিবাচনাদি করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে চতুর্থ্যাস্তিথৌ অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী সৌভাগ্যবৃদ্ধিকামা গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং উমাসতীপূজাতদুপবাসিকর্ম্মাহং করিষ্যে॥

পরে 'দেবো বো' প্রভৃতি মন্ত্র পাঠ পূর্ব্বক সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি ও ভূতশুদ্ধ্যাদি করিয়া (১৫২ পৃঃ) গণেশাদি দেবতাগণের অর্চ্চনা (১৬৩ পৃঃ)

করিবে। পরে উমাদেবীর ধ্যান করিয়া যথাসাধ্য উপচারে পূজা, জপ ও নমস্কার করিবে। ধ্যানাদি ধ্যানপ্রকরণে লিখিত আছে।

## অরণ্যষষ্ঠী-ব্রত।

দেবকার্য্যে সপ্তমীসমন্বিতা ষষ্ঠীই প্রশস্ত। জ্যৈষ্ঠমাসের শুক্লা ষষ্ঠীর নাম অরণ্যষষ্ঠী। এই দিনে অস্মদ্দেশীয়া রমণীরা তালবৃন্ত ও পূজার সামগ্রী লইয়া বনগমন করত অরণ্যষষ্ঠীর অর্চ্চনা, তদুপাখ্যানশ্রবণ ও ব্রতাচারণ করেন। ঐ দিন ফলমূলাদি সেবন করাই প্রথা। এই ব্রতের ফলে সন্তান-সন্ততি দীর্ঘজীবী ও ঐশ্বর্য্যবান্ হইয়া থাকে।

পূজাপ্রণালী।—স্বস্তিবাচনান্তে 'সূর্য্যঃ সোমঃ' ইত্যাদি পাঠ করত নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে ষষ্ঠ্যান্তিথৌ অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী (বা দাসী) শুভসন্ততিপ্রাপ্তিকামা বিন্ধ্যবাসিনীং স্কন্দষষ্ঠীং পূজয়িষ্যে। পরার্থে পূজয়িষ্যামি।

পরে সূক্তপাঠ, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধ্যাদি মাতৃকান্যাস পর্য্যন্ত (১৫২ পৃঃ ১৬৩ পৃঃ), গণেশাদি দেবতাপূজা, ষাং মন্ত্রে প্রাণায়াম, অঙ্গন্যাস, করন্যাস প্রভৃতি করিয়া স্কন্দষষ্ঠীর ধ্যান করত অর্চ্চনা করিবে। ধ্যানাদি ষষ্ঠীপূজা-প্রকরণ দেখ (২৭৩ পৃঃ)। পরে পূজাবিধির নিয়মে পূজা শেষ করিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

জয় দেবি জগন্মাতর্জগদানন্দকারিণি।
প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠীদেবি তে॥

তৎপরে কথা শ্রবণ, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

ব্রত-কথা। সাধোঃ সমুদ্রসেনস্য সর্ব্বাবয়বশোভনা। দুহিতা সুমনানাম্নী যুবতী সা বভূব হ॥ সাধোর্হিরণ্যরাজস্য সুতায়ৈনাং দদৌ পিতা। বিদুষে স্বর্ণরাজায় স্বধর্ম্মনিরতায় চ॥ ততো নাবং সমারুহ্য বাণিজ্যার্থং গতো হি সঃ। ততঃ শ্বশ্রূশ্বশুরয়োরন্যেষাং সাপি চাপ্রিয়া। বন্ধুভির্নিন্দ্যমানা চ রুরোদাতীব-দুঃখিতা। সস্মার ষষ্ঠিকাং দেবীং সর্ব্বদা সুমনা তথা। প্রসীদ বরদে দেবি নমস্তে মাতরম্বিকে॥ ততোঽতিকৃপয়াবিষ্টা দেবী ভগবতী তদা। বৃদ্ধাতনুং সমাশ্রিত্য পুরতঃ সংস্থিতাব্রবীৎ॥ দেব্যুবাচ। কুরু পুত্রি ব্রতং ষষ্ঠ্যাং সর্ব্বদা

কামদায়কম্। জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে ষষ্ঠ্যাং বনসমীপতঃ॥ সুবর্ণপ্রতিমাং ষষ্ঠীং কৃত্বা বা চন্দনাত্মিকাম্। পূজয়েদ্গন্ধপুষ্পাদ্যৈশ্চতুষ্কোণে চ মণ্ডলে॥ ধূপ-দীপৈশ্চ নৈবেদ্যৈর্নানাফলসমন্বিতৈঃ। চন্দনাগুরুতাম্বূলৈরংশুকৈশ্চ প্রপূজয়েৎ॥ স্কন্দস্য জননীং দেবীং মন্ত্রেণানেন সুব্রতে॥ ওঁ ধাত্রী ত্বং কার্ত্তিকেয়স্য ষষ্ঠী ষষ্ঠীতি বিশ্রুতা। ত্বৎপ্রসাদাদহং দেবি প্রাপ্নুয়াং বৃদ্ধিমুত্তমাম্॥ রূপং দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে। পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥ তদা ভগবতী দেবী সর্ব্বাভীষ্টপ্রদা ভবেৎ। ইত্যুক্ত্বা সা মহাদেবী তত্রৈবান্তর্হিতাভবৎ॥ উপদেশবশাত্তস্যাশ্চক্রে সা ব্রতমুত্তমম্। তৎপ্রসাদাদ্ধনৈর্ধান্যৈঃ স্বর্ণরত্নাদিভিস্তথা॥ পুত্রৈঃ পরিবৃতা সাধ্বী ভাতি শ্রীরিব রূপিণী॥ তস্য জ্যেষ্ঠসুতস্যাথ ধর্ম্মরাজস্য চাঙ্গনা। ষষ্ঠ্যৈ যৎ সমুপন্নস্তং রত্নপুষ্পফলাদিকম্। তদগ্রভাগং ভুঞ্জানা হ্যবসৎ পাপচারিণী॥ ততঃ কোপপরা ষষ্ঠী শশাপৈনাং সুদুঃখিতা। ভূত্বা ভূত্বা বিনশ্যন্তু পুত্রাস্তে মম কোপতঃ॥ ততো বিদ্যাধরঃ পূর্ব্বং কার্ত্তিকেয়েন ধীমতা। শপ্তো বৈ সপ্তকৃত্বস্তু নিবাসায় চ মানুষে॥ প্রত্যাদেশাত্ত ষষ্ঠ্যাশ্চ তস্যাং জাতোঽভবৎ স্বয়ম্। ষড় গর্ভজাতমাত্রোঽহসৌ প্রাণাংস্ত্যক্ত্বা তু গচ্ছতি॥ সা চাপমানিতা সর্ব্বৈর্বান্ধবৈশ্চ নিরাকৃতা। গুর্ব্বিণী চাতিদুঃখার্ত্তা বিবেশ গহনং বনম্॥ তস্যাঃ শ্বশ্রূস্তদা ষষ্ঠীং ফলপুষ্পাদিদীপকৈঃ। নপ্তৃণাং জীবনার্থঞ্চাপূজয়ৎ প্রযতাত্মিকা॥ অদ্রেরুপত্যকায়াস্তু দাবানলসমীপতঃ। সুষুবে সা চ তন্বঙ্গী সুতং বৈ কামরূপিণম্॥ ততঃ স কৃপয়াবিষ্টো মাতুঃ স্মরতি দুঃখিতঃ। কথমেনামনাথাঞ্চ সদা প্রসবদুঃখিতাম্॥ নিদ্রয়াপহৃতজ্ঞানাং ত্যক্ত্বা গচ্ছামি মাতরম্। বনস্থাং দশমাসাংশ্চ ধ্রিয়মাণোঽনয়া ধ্রুবম্॥ এতস্মিন্নন্তরে কালে বিদ্যাধর্য্যঃ সমাগতাঃ। ভাবিন্যো বামনয়না ঊচুর্বিদ্যাধরং প্রতি॥ উত্তিষ্ঠ নাথ গচ্ছামঃ স্বস্থানং কমলালয়ম্। কথমস্মান্ পরিত্যজ্য তিষ্ঠসি ত্বং কিয়ৎক্ষণম্॥ বিদ্যাধর উবাচ। ইয়ং মে জনয়িত্রী হি সদ্যঃ প্রসবদুঃখিতা। বিশেষতো বনস্থা চ বন্ধুভিশ্চ বিবর্জ্জিতা॥ ত্যক্তেনাং সুখসম্পত্তির্নেহামুত্র চ বিদ্যতে। শ্রুতানি মে পুরাণানি চেতিহাসানি বৈ স্ত্রিয়ঃ॥ অন্যথা মাতরং পুত্রস্ত্যজেদন-পরাধতঃ। স যাতি নরকং পাপী নিশ্চিতং ধর্ম্মশাসনাৎ॥ গর্ভধারণপোষাভ্যাং জননী হ্যধিকা গুরুঃ॥ দোষযুক্তো গুরুস্ত্যাজ্যঃ পিতা ভ্রাতা চ বান্ধবঃ। মাতরং ভগিনীঞ্চাপি সদোষামপি ন ত্যজেৎ॥ মাতরং কপিলাঞ্চাপি যশ্চ কুর্য্যাৎ প্রদক্ষিণম্। প্রদক্ষিণীকৃতা তেন সপ্তদ্বীপা বসুন্ধরা॥ গচ্ছধ্বং হি মহাভাগা

আশ্রমং দিবি নির্ম্মিতম্। শীঘ্রং সমাগমিষ্যামি ছলমাশ্রিত্য কিঞ্চন॥ নৃত্যগীতৈশ্চ বাদ্যৈশ্চ পিতা মাং ন নয়েদ্যদি। সমাগমং তদা বিদ্ধি নিশ্চিতং সুরযোষিতঃ॥ নার্য্য ঊচুঃ॥ যদ্যেতদপি কুর্ব্বীত কর্ত্তব্যং কিং ত্বয়া প্রভো। তস্মাত্ত্বং বদ চাস্মাকং গমনস্যাপ্যুপায়কম্॥ বিদ্যাধর উবাচ। নামান্নপ্রাশনে চৈব বীণাবাদিত্রনিস্বনৈঃ। নটনর্ত্তকশব্দৈশ্চ নানন্দং কুরুতে যদি॥ গোবিন্দেতি সমাহ্বানং পিতা ন কুরুতে মম। তদা সমাগমিষ্যামি নিশ্চিতং সুরযোষিতঃ॥ নার্য্য ঊচুঃ। যদ্যেতদপি কুর্ব্বীত কর্ত্তব্যং কিং ত্বয়া প্রভো॥ বিদ্যাধর উবাচ। রাজনাপিত-কেশাংশ্চ চূড়ায়াঃ করণে মম। ক্ষুরেণ চ লবিষ্যামি স মে পাদে পতেদ্যদি॥ পটিচট্টৌ সমাদায় ছত্রধারশ্চ ভক্তিমান্॥ তথাহি প্রতিবাসিন্যাঃ কুষ্মাণ্ডবিটপঞ্চ যৎ। সহস্রফলসংযুক্তং লবিষ্যামি ন সংশয়ঃ॥ সাপি বস্ত্রযুগং দত্ত্বা মৎপাদেষু চ হর্ষিতা॥ যদা হ্যমাবসীযুক্তো ভবেদ্বারঃ কুজস্য চ। বক্তব্যং তত্র মে তৈলমপকৃষ্টং প্রদীয়তাম্॥ সদগ্ধমীনং রুচ্যন্নং ভোজনার্থঞ্চ দেহি মে। বারতিথ্যোশ্চ সংযোগে দোষো বৈ জায়তে মহান্॥ ইত্যাকলয্য জননী যদ্যভীষ্টং প্রদাস্যতি। তদা কিল বিবাহস্য সময়ে মুখচন্দ্রিকে॥ প্রার্থনীয়ং পানপাত্রং কর্কটীজল-পূর্ণকম্॥ মক্ষিকাপক্ষরচিতং ব্যজনং সৌদনং দধি॥ দ্বাদশাব্দস্য পানীয়ং প্রাপ্নোতি যদি তৎক্ষণাৎ॥ জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে ষষ্ঠ্যাং ষষ্ঠীং ন পূজয়েৎ। মধ্যাহ্নে চ দিনে স্থিত্বা মমাহ্বানং করিষ্যথ॥ যুষ্মদ্বাক্যবশাদেব গমিষ্যামি ন সংশয়ঃ। ইত্যুক্ত্বা প্রেষয়ামাস স্বস্থানং সুরযোষিতঃ॥ কোপিনীনাং তদা তাসাং কৈলাসং প্রতি সত্বরম্। গচ্ছন্তীনান্তু কস্যাশ্চিৎ পতিতং হস্তকঙ্কণম॥ সা তত্র প্রসবিত্রী চ মুখ্যয়া নিদ্রয়া যুতা। অপশ্যচ্চক্ষুরুন্মীল্য পুরতো হস্তকঙ্কণম্॥ সমাদায় তদাক্রান্দীদ্দারুভ্যো ব্রজকাম্নরান্। তানুবাচ তদা সা তু শৃণুতৈধোবিদারকাঃ॥ অহং হিরণ্যরাজস্য জ্যেষ্ঠপুত্রস্য চাঙ্গনা। বনে মহতি গম্ভীরে জীবৎপুত্রা বসাম্য-হম্॥ জ্ঞাপিতেভ্যো ভবদ্ভিশ্চ মৎস্বামী লোকবেষ্টিতঃ। যথা নয়তি মাং ক্ষিপ্রং নৃত্যগীতাদিবাদনৈঃ॥ ততস্তৈর্জ্ঞাপিতঃ স্বামী সমায়াতো বলৈর্বৃতঃ। আদায় পত্নীং পুত্রঞ্চ জগাম স্বগৃহং পুনঃ॥ ততশ্চ কথয়ামাস স্বস্মৈ পত্যে চ সা বধূঃ। বিদ্যাধরস্য যদ্বাক্যং তৎস্ত্রীণাঞ্চ বিশেষতঃ॥ ততঃ প্রভৃতি তৎ শ্রুত্বা বিস্মিতৌ মাতৃপুত্রকৌ। হারয়ামাস তদ্দ্রব্যং ষষ্ঠীং পূজয়িতুং ততঃ॥ অথ ষষ্ঠেঽহ্নি সায়াহ্নে গন্ধপুষ্পফলাদিভিঃ। মণিমাণিক্যরত্নাদ্যৈর্ধূপদীপৈশ্চ ষষ্ঠিকা। পূজিতা চাহ বণিজং বরং বরয় সুব্রত॥ সাধুরুবাচ। জীববৎসা চ ভার্য্যা মে ভবতীতি ময়া ব্রতম্। এবমস্ত্বিতি সা দেবী উক্ত্বা চান্তর্হিতাভবৎ॥

নামান্নপ্রাশনে চৈব কৃতস্তত্র মহোৎসবঃ। গোবিন্দেতি চ নামাস্য কৃতং পিত্রা মহাত্মনা॥ ততো নাপিতসেবাঞ্চ রত্নতাম্বূলবস্ত্রকৈঃ। কৃত্বা পর্ণপলং স্বর্ণং দত্ত্বা তৎপাদসন্নিধৌ। উবাচ পতিতঃ সাধুর্নাপিতং শৃণু মে বচঃ॥ যদি মহ্যং দদাসি ত্বং পুত্রং পুত্রী ভবাম্যহম্॥ স মে বিদ্যাধরঃ পুত্রশ্ছলনার্থমিহাগতঃ। চূড়ান্তে ভবতঃ কেশাল্লঁবিষ্যতি ন সংশয়ঃ॥ পটিচট্টৌ সমাদায় ভবান্ পদে পতেদ্যদি। তদা তিষ্ঠতি মে পুত্রঃ পুত্রভিক্ষাং দদস্ব মে॥ নাপিতস্যানুমত্যা চ কৃতা চূড়া যথাবিধি। ততঃ স্বর্ণপলং দত্ত্বা প্রার্থিতা প্রতিবাসিনী॥ কুষ্মাণ্ড-বিটপে ছিন্নে পাদয়োস্ত্বং পতিষ্যসি॥ কিয়ৎকালে তথা ছিন্নে গৃহীত্বা বাসসী কিল। পতিতা পাদয়োশ্চান্তে বিস্মিতোঽসৌ মহাবলঃ। কুলবারেহপা-মায়াঞ্চ যদভীষ্টং দদৌ পিতা। বিবাহে চ তথা পাত্রং কর্কটীজলপূরিতম্॥ মক্ষিকাপক্ষরচিতং ব্যজনং সোদনং দধি। দ্বাদশাব্দস্য পানীয়ং প্রার্থিতং প্রাপ্য তৎক্ষণাৎ॥ জ্যৈষ্ঠে মাসি ততঃ ষষ্ঠীং ন চৈবার্চ্চয়তে যদি। ষষ্ঠ্যাঞ্চৈব ময়াবশ্যং গন্তব্যং নাত্র সংশয়ঃ॥ ইতি সঞ্চিন্ত্য মনসা স্থিতোঽসৌ গমনোৎসুকঃ। ততঃ ষষ্ঠ্যাঞ্চ শুক্লায়াং ধূপদীপফলাদিভিঃ। মাতা ষষ্ঠীঞ্চ সংপূজ্য প্রার্থয়েৎ সুত-মঙ্গলম্॥ যত্র যাতি কুমারোঽসৌ তত্র সাপ্যনুগচ্ছতি। অথ মধ্যাহ্নকালে চ বিদ্যাধর্য্যঃ সমাগতাঃ। গোবিন্দেতি সমাহ্বানং চক্রুরাকাশসংস্থিতাঃ॥ তাসাং বাক্যবশাদেব গচ্ছন্তীং সুরযোষিতম্। ততো মাতা সমাদায় পুত্রঞ্চেদমুবাচ হ॥ অনাথাং মাতরং ত্যক্ত্বা বালাঞ্চৈব তথা বধূম্। গচ্ছতো নৈব ধর্ম্মোঽস্তি বিনা চ পিতুরাজ্ঞয়া॥ ধর্ম্মং বিলঙ্ঘ্য গন্তুং হি যদি তে নিশ্চিতং মনঃ। কঙ্কণঞ্চ গৃহাণেদং মম প্রাণাংশ্চ তৎপরম্॥ ইতি মাতৃবচঃ শ্রুত্বা তাসাং সম্বোধনং কৃতম্। যথাকালং গমিষ্যামি কিয়ৎকালমপেক্ষ্যতাম্। মাতুরাজ্ঞাং সমানীয় গৃহং প্রতি নিবর্ত্তিতঃ॥ য ইদং শৃণুয়াদ্ভক্ত্যা ষষ্ঠ্যাখ্যানং পুরাতনম্। শীঘ্রং সা হি সুতং প্রাপ্য প্রয়াতি পরমাং গতিম্॥

ইতি ভবিষ্যপুরাণোক্তারণ্যষষ্ঠী-ব্রতকথা॥

---

## নিত্য-ষষ্ঠী-ব্রত।

প্রতিমাসের শুক্লা (বিশেষতঃ জ্যৈষ্ঠের) ষষ্ঠী তিথিতে এই ব্রত আচরণীয়। এক বৎসরে ব্রত পূর্ণ হয়। পুরোহিত শুদ্ধাসনে বসিয়া আচমনান্তে স্বস্তি-বাচন করত নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করাইবেন। যথা—

বিষ্ণুর্ওঁ মোহদ্য অমুকে মাসি অমুকে পক্ষে ষষ্ঠ্যান্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী ষষ্ঠীদেবীপ্রীতিকামা বর্ষমেকং যাবৎ প্রতিমাসীয়শুক্লষষ্ঠ্যাং গণপত্যাদিদেবতাপূজা--পূর্ব্বক--ষষ্ঠীপূজা--তৎকথাশ্রবণরূপ--নিত্য--ষষ্ঠী--ব্রতমহং করিষ্যে ॥

পরে পুরোহিত নিজে সূক্ত পাঠ করিয়া সামান্যার্ঘ্যাদি মাতৃকান্যাস, হ্রীং মন্ত্রে প্রাণায়ামাদি কার্য্য, গণেশাদি দেবতাগণের ( ১৫২ পৃ: ১৬৩ পৃ: ) অর্চ্চনা করত "হ্রীং অঙ্গুষ্ঠাভ্যাং-নমঃ" এই প্রণালীতে করন্যাস ও অঙ্গন্যাস করিবে। পরে "ওঁ ষষ্ঠাংশাং প্রকৃতেঃ শুদ্ধাং সুপ্রতিষ্ঠাঞ্চ সুপ্রভাম্। সুপুত্রদাঞ্চ শুভদাং দয়ারূপাং জগৎপ্রসূম্। শ্বেতচম্পকবর্ণাভাং, রত্নভূষণভূষিতাম্। পবিত্ররূপাং পরমাং দেবরূপামহং ভজে ॥" ধ্যানে পূজাবিধির নিয়মে "ওঁ হ্রীং ষষ্ঠ্যৈ, নমঃ" মন্ত্রে যথাশক্তি উপচারে অর্চ্চনা করিবে। তৎপরে নমস্কার করিয়া স্তবপাঠ, কথাশ্রবণ, দক্ষিণা, অচ্ছিদ্রাবধারণ ইত্যাদি করিবে।

ব্রত-কথা।—শ্রীনারায়ণ উবাচ। ষষ্ঠাংশা প্রকৃতের্যা চ সা চ ষষ্ঠী প্রকীর্ত্তিতা। তস্যাঃ পূজাবিধৌ ব্রহ্মন্নিতিহাসমিমং শৃণু। রাজা প্রিয়ব্রতশ্চাসীৎ স্বায়ম্ভুব-মনোঃ সুতঃ। যোগীন্দ্রো ন বহেদ্ভার্য্যাং তপস্যানুরতঃ সদা॥ ব্রহ্মাজ্ঞয়া চ যত্নেন কৃতদারো বভূব সঃ। সুচিরং কৃতদারশ্চ ন লেভে তনয়ং ততঃ॥ পুত্রেষ্টিযজ্ঞং তস্যাপি কারয়ামাস কশ্যপঃ। মালিন্যৈ তস্য কান্তায়ৈ মুনির্যজ্ঞ-চরুং দদৌ॥ ভুক্ত্বা চরুঞ্চ তস্যাশ্চ সদ্যো গর্ভো বভূব হ। দধার তঞ্চ সা দেবী দৈবং দ্বাদশবৎসরম্॥ ততঃ সুষুবে সা ব্রহ্মন্ কুমারং কনকপ্রভম্। সর্ব্বাবয়বসম্পন্নং মৃতমুত্তানলোচনম্। শ্মশানঞ্চ যযৌ রাজা গৃহীত্বা বালকং মুদে॥ এতস্মিন্নন্তরে তত্র বিমানঞ্চ দদর্শ হ। দদর্শ তত্র দেবীঞ্চ কমনীয়াং মনোহরাম্॥ দৃষ্ট্বা তাং পুরতো রাজা তুষ্টাব পরমাদরম্॥ পপ্রচ্ছ রাজা তাং দৃষ্ট্বা গ্রীষ্মসূর্য্যসমপ্রভাম্। তেজসা জ্বলিতাং কান্তাং শান্তাং স্কন্দস্য নারদ॥ প্রিয়ব্রত উবাচ। কা ত্বং সুশোভনে ভাসি কস্য কান্তাসি সুব্রতে। কস্য কন্যা বরারোহা ধন্যা চ যোষিতাং সদা॥ দেবসেনোবাচ। ব্রহ্মণো মানসী কন্যা দেবসেনাহমীশ্বরী। সৃষ্ট্বা মাং মনসা ধাতা দদৌ স্কন্দায় ভূমিপ॥ মাতৃকাসু চ বিখ্যাতা স্কন্দভার্য্যা চ সুব্রতা। বিশ্বষষ্ঠীতি বিখ্যাতা ষষ্ঠাংশা প্রকৃতের্যতঃ॥ ইত্যেবমুক্ত্বা সা দেবী গৃহীত্বা বালকং মুনে। মহাজ্ঞানেন তপসা জীবয়ামাস লীলয়া॥ গৃহীত্বা বালকং দেবী গগনং গন্তুমুদ্যতা। পুনস্তুষ্টাব তাং রাজা শুষ্ককণ্ঠৌষ্ঠতালুকঃ॥ নৃপস্তোত্রেণ সা দেবী পরিতুষ্টা বভূব

হ। উবাচ তং নৃপং ব্রহ্মন্ বেদোক্তবর্ণনির্ম্মিতম্॥ দেবসেনোবাচ। ত্রিষু লোকেষু রাজা ত্বং স্বায়ম্ভুবমনোঃ সুতঃ। মম পূজাঞ্চ সর্ব্বত্র কারয়িত্বা স্বয়ং কুরু॥ তদা দাস্যামি পুত্রন্তে কুলপদ্মং মনোহরম্॥ ইত্যেবমুক্ত্বা সা দেবী তস্মৈ তদ্বালকং দদৌ॥ রাজা চকার স্বীকারং তৎপূজার্থঞ্চ সুব্রত। জগাম দেবী স্বর্গঞ্চ দত্ত্বা তস্মৈ শুভং বরম্॥ আজগাম মহারাজঃ স্বগৃহং হৃষ্টমানসঃ। দেবীং তাং পূজয়ামাস ব্রাহ্মণেভ্যো ধনং দদৌ॥ রাজা চ প্রতিমাসেষু শুক্লষষ্ঠ্যাং মহোৎসবম্। ষষ্ঠীদেব্যাশ্চ যত্নেন কারয়ামাস সর্ব্বতঃ॥ বালানাং সূতিকাগারে যষ্ঠাহে যত্নপূর্ব্বকম্। তৎপূজাং কারয়ামাস চৈকবিংশতিবাসরে॥ বালানাং শুভকার্য্যেষু শুভান্নপ্রাশনে তথা। সর্ব্বত্র বর্দ্ধয়ামাস স্বয়মেব চকার হ॥ ধ্যানং পূজাবিধানঞ্চ স্তোত্রং মন্ত্রো নিশাময়। যচ্ছ্রুত্বা ধর্ম্মবক্ত্রেণ কৌথুমোক্তঞ্চ সুব্রত॥ শালগ্রামে ঘটে বাপি বটমূলেঽথবা মুনে। তিথৌ পুত্তলিকাং কৃত্বা পূজয়েদ্বা বিচক্ষণঃ॥ ষষ্ঠাংশাং প্রকৃতেঃ শুদ্ধাং সুপ্রতিষ্ঠাঞ্চ সুপ্রভাম্। সুপুত্রদাঞ্চ শুভদাং দয়ারূপাং জগৎপ্রসূম্॥ শ্বেতচম্পকবর্ণাভাং রত্নভূষণভূষিতাম্। পবিত্ররূপাং পরমাং দেবসেনামহং ভজে॥ ইতি ধ্যাত্বা স্বশিরসি পুষ্পং দত্ত্বা বিচক্ষণঃ। পুনর্ধ্যাত্বা চ মূলেন পূজয়েৎ সুব্রতাং সতীম্॥ পাদ্যার্ঘ্যাচমনীয়ৈশ্চ গন্ধপুষ্পপ্রদীপকৈঃ। নৈবেদ্যৈর্ব্বিবিধৈশ্চাপি ফলেন শোভনেন চ॥ মূলেনোং হ্রীং ষষ্ঠীদেব্যৈ স্বাহেতি বিধিপূর্ব্বকম্। অষ্টাক্ষরং মহামন্ত্রং যথাশক্তি জপেন্নরঃ॥ ততঃ স্তুত্বা চ প্রণমেৎ ভক্তিযুক্তঃ সমাহিতঃ। স্তোত্রঞ্চ সামবেদোক্তং ধনপুত্রফলপ্রদম্॥ অষ্টাক্ষরং মহামন্ত্রং লক্ষধা যো জপেন্মুনে। স পুত্রং লভতে নূনমিত্যাহ কমলোদ্ভবঃ॥

ইতি ব্রহ্মবৈবর্ত্তপুরাণে নারায়ণ-নারদসংবাদে নিত্যষষ্ঠী-ব্রতকথা॥

## মঙ্গলচণ্ডী-ব্রত।

আরও কতকগুলি ষষ্ঠী আমাদের দেশে প্রচলিত আছে। তন্মধ্যে ভাদ্রের শুক্লা ষষ্ঠীর নাম অক্ষয়া বা মন্থনষষ্ঠী। এই দিনে স্নানদানাদি দ্বারা অক্ষয় ফললাভ হয়। মার্গশীর্ষ মাসের শুক্লা ষষ্ঠীর নাম গুহষষ্ঠী। এই দিন পুণ্যতম, পাপনাশক, ধন্য, শিবপ্রদ ও শান্তিপ্রদ। চৈত্রমাসের শুক্লা ষষ্ঠীর নাম স্কন্দষষ্ঠী। ঐ দিনে কার্ত্তিকেয়ের অর্চ্চনা করিলে সুখ-সৌভাগ্য লাভ হয় এবং অন্তে বৈকুণ্ঠপ্রাপ্তি হইয়া থাকে। আশ্বিনমাসের শুক্লা ষষ্ঠীর নাম দুর্গাষষ্ঠী বা

বোধনষষ্ঠী, শ্রাবণের শুক্লা ষষ্ঠীর নাম লুণ্ঠনষষ্ঠী, মাঘের শুক্লা ষষ্ঠীর নাম শীতলাষষ্ঠী এবং চৈত্রমাসেই অশোকষষ্ঠী হইয়া থাকে। এই সমস্ত দিনে যথাবিধানে ষষ্ঠী ও মার্কণ্ডেয়ের পূজা করিবে।

প্রতি জ্যৈষ্ঠমাসে মঙ্গলবাসরে এই ব্রত কর্ত্তব্য। আজীবন করিবে। আম্র-কাঁঠালের পাতা, গুবাক, তণ্ডুল, ফল, দূর্ব্বা সকলই ষোড়শসংখ্য দিবে। বিবিধ জল-পানীয় দ্রব্য দাতব্য। চণ্ডীদেবীর প্রসাদ চিঁড়া ইত্যাদি ভক্ষণ পূর্ব্বক ব্রতীকে থাকিতে হয়। প্রথমে স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে, যথা—বিষ্ণুরোঁ তৎসদদ্য জ্যৈষ্ঠে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ধনধান্যসন্ততিপ্রাপ্তিকামঃ মঙ্গলচণ্ডীপূজারূপব্রতমহং করিষ্যে।

পরে সূক্তপাঠ ও ঘটস্থাপনান্তে (২৩৭ পৃঃ) সামান্যার্ঘ্যাদি মাতৃকান্যাসান্ত কর্ম্মান্তে (১৫২ পৃঃ) হ্রীং বীজে করন্যাস, অঙ্গন্যাস করিয়া গন্ধপুষ্পযোগে গণেশাদি পঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ ও ইন্দ্রাদি দশদিক্‌পালের অর্চ্চনান্তে মঙ্গলচণ্ডীর ধ্যান করিবে। ধ্যানপ্রকরণে ধ্যান লিখিত হইয়াছে। ধ্যানান্তে "এতৎ পাদ্যং ওঁ হ্রীং মঙ্গলচণ্ডিকায়ৈ নমঃ" এই মন্ত্রে পূজাবিধির নিয়মে পূজা করিবে। পরে যথাবিধি জপ ও "ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্‌ত্রী ত্বং" ইত্যাদি মন্ত্রে জপ সমর্পণ করত ললিতকান্তা ও দিক্করিবাসিনীকে অর্চ্চনা করিবে। পরে স্তবপাঠ কর্ত্তব্য। অনন্তর ব্রতকথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—বনবাসগতো রাজা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ। ভ্রাতৃভিঃ সহিতৈঃ সর্ব্বৈর্নারদেন সমাবৃতঃ॥ যুধিষ্ঠির উবাচ। ব্রতেন কেন দেবর্ষে নারী ভবতি পুত্রিণী। কথয় ত্বং মহাভাগ শৃণোমি তে মুখাম্বুজাৎ॥ নারদ উবাচ। আসীৎ সত্যযুগে রাজা অঙ্গো নাম মহাতপাঃ। তস্যাপি মহিষী নাম্না সুনীথা সুব্রতাভবৎ॥ সর্ব্বৈশ্বর্য্যসমাযুক্তশ্চাঙ্গদেশাধিপো নৃপঃ। অপত্যং নাস্তি তস্যাপি তদ্দুঃখেন চ দুঃখিতঃ॥ আস্তে সিংহাসনে রাজা পাত্রমিত্রসমন্বিতঃ। শৃণ্বন্নানাকথাশ্চাপি মুনিভিশ্চ সমন্বিতঃ॥ এবং শৃণোতি রাজাসৌ নারদস্তত্র আগতঃ। বীণাপাণিঃ স্বয়ং গায়ন্ কৃষ্ণগানং সতুম্বুরুঃ॥ জয়ো জয়োঽস্তু শব্দেন রাজ্ঞশ্চাশীঃকৃতা তদা॥ স চ রাজা মহাভাগো নারদং সমুপাগতম্। দৃষ্ট্বা তং পূজয়ামাস মধুপর্কাদিভিস্তথা॥ স্বাগতঞ্চ মহাবাহো দেবানামপি দুর্ল্লভম্॥ সর্ব্বং জানাসি বিপ্রর্ষে ভাগ্যেন সমুপাগতঃ। কিন্তু পৃচ্ছামি মদ্দুঃখং পুত্রো মে ন ভবেৎ কথম্॥ রাজ্ঞোঽপি তদ্বচঃ শ্রুত্বা নারদো মুনিরব্রবীৎ। শৃণু রাজন্ প্রবক্ষ্যামি যতস্তে মঙ্গলং ভবেৎ॥ জয়চণ্ডীং পূজয়স্ব

ভার্য্যয়া সহিতঃ সদা। পূজিতা সা মহাভাগা তুভ্যং পুত্রং প্রদাস্যতি॥ নারদস্য বচঃ শ্রুত্বা হৃষ্টো রাজা সভার্য্যয়া। ভূয়ঃ পপ্রচ্ছ দেবর্ষিং ভক্তিভাব-সমন্বিতঃ॥ রাজোবাচ। জয়চণ্ডী মহামায়া যা ত্বয়া কথিতা মম। তস্যাঃ পূজাং ন জানামি কথয়স্ব মহামুনে॥ ক মাসে বাসরে বাপি তস্যাঃ পূজাং করিষ্যতি। কো মন্ত্রঃ কো বিধিশ্চাপি কিং দ্রব্যং পূজনে ভবেৎ॥ শ্রুত্বা চ নারদো বাক্যং রাজানং প্রতি চাব্রবীৎ॥ জ্যৈষ্ঠে মাসি শুভে কালে ব্রতারম্ভং করিষ্যতি। ভার্য্যয়া সহিতো রাজন্ বারে মঙ্গলসংজ্ঞকে। বিশেষেণাপি নার্য্যাশ্চ ব্রতমেতৎ শুভপ্রদম্। নার্য্যো ব্রতং করিষ্যন্তি যাবৎ প্রাণস্য ধারণম্॥ দ্রব্যঞ্চাস্য প্রবক্ষ্যামি পূজাঞ্চাপি বিশেষতঃ। পনসস্য চ পত্রাণি গুবাকস্য ফলানি চ। আম্রতণ্ডুলদূর্ব্বাশ্চ সর্ব্বাঃ ষোড়শ ষোড়শ॥ নানাবিধৈশ্চ পুষ্পৈশ্চ বস্ত্রযজ্ঞোপবীতকৈঃ। ধ্যানেন চাগমোক্তেন পূজয়েজ্জয়চণ্ডিকাম্॥ নৈবেদ্যঞ্চ ততো দদ্যাৎ তাম্বূলং ষড়্গুণান্বিতম্। প্রার্থয়েচ্চ ততো দেবীং নারী ভক্তিসমন্বিতা॥ জয়চণ্ডি মহামায়ে ত্রৈলোক্যজননি শিবে। সিদ্ধিং কুরু মমাভীষ্টং নমস্তে হরবল্লভে॥ পুত্রং দেহি ধনং দেহি ভাগ্যং মে দেহি সর্ব্বদা। ক্ষমস্বাপরাধং চ মে নারায়ণি নমোঽস্তু তে। এবং স্তুত্বা ততো দেবীং নমস্কৃত্য পুনঃ পুনঃ। ব্রতিগণং নমস্কৃত্য ব্রাহ্মণান্ ভোজয়েত্ততঃ॥ অগ্রে বিপ্রায় দাতব্যং স্বয়ং ভুঞ্জীত নান্যথা। আম্রাণাং পনসানাঞ্চ সুপকানি ফলানি চ॥ অথবা পৃথুলড্ডুকান্ ষড়্গুণান্ (সগুড়ান্) দধিমিশ্রিতান্। বিপ্রেভ্যো দক্ষিণাং দত্ত্বা তৎকালং শ্রাবয়েৎ কথাম্॥ নারদস্য বচঃ শ্রুত্বা স রাজা হৃষ্টমানসঃ। ভার্য্যাং প্রাহ শ্রুতং সর্ব্বং নারদেনেরিতং বচঃ॥ সুনীথা প্রাঞ্জলিশ্চাপি রাজানং বাক্যমব্রবীৎ। এতদ্ব্রতং করিষ্যামি যদি চাজ্ঞা ভবেত্তব॥ রাজা প্রাহ ততো ভার্য্যাং ক্রিয়তাং ব্রতমুত্তমম্॥ ততো দেবর্ষিঃ প্রযযৌ নারদো মুনিসত্তমঃ। আকাশং বিষ্ণুপদবীং তুম্বুরুসহিতস্তদা॥ বর্ষ-মেকং ব্রতং কৃত্বা গর্ভিণী সুনীথাভবৎ॥ দশমাসে তু সম্পূর্ণে প্রসূতঃ পুত্র উত্তমঃ। দিনে দিনে স ববৃধে যথা শুক্লস্য চন্দ্রমাঃ॥ পুত্রজন্মনি রাজা চ বিপ্রায় প্রদদৌ ধনম্॥ ততো বেণ ইতি নাম চকার চ পুরোহিতঃ॥ কালেন কিয়তা চাপি রাজপুত্রো বিবর্দ্ধিতঃ। প্রজানাং কদনং চক্রে দোষা-ন্মাতামহস্য চ॥ ততো নিবেদনং চক্রুঃ প্রজাঃ সর্ব্বাঃ সমাহিতাঃ। অকরোত্তব বালোঽসাবস্মাকং কদনং মহৎ॥ দিনে দিনে কুকর্ম্মত্বং শ্রুত্বা রাজা মহামনাঃ। অগমৎ বিপিনং রাজা মনস্তাপৈশ্চ তাপিতঃ॥ মার্গয়ামাস রাজানং প্রজা

দুঃখেন দুঃখিতা। রাজানং তঞ্চ নাসাদ্য পুরং যাতাঃ সমাহিতাঃ॥ বেণ-মৃচুশ্চ তং সর্ব্বে পাত্রমিত্রাদয়ো নৃপ। রাজপুত্র মহাবাহো প্রজাপালনতৎপরঃ॥ তেষাঞ্চ বচনং শ্রুত্বা বেণঃ প্রাণসমাহিতঃ। অহং রাজা ভবিষ্যামি নাত্র কালবিচারণা। এবমুক্ত্বা ততো বেণঃ সিংহাসনমুপাবিশৎ॥ একদা মুনয়ঃ সর্ব্বে জগ্মুঃ স্বস্বাশ্রমং প্রতি॥ ততো বেণো দুরাত্মাভূৎ সন্ধ্যাদিপ্রতিষেধকঃ। ন দেবে ন গুরৌ ভক্তির্ব্রাহ্মণেঽপি তথাবিধৌ। ভূয়োঽপি মুনয়ঃ সর্ব্বে বিজ্ঞাপয়িতুমাগতাঃ॥ মুনয়ঃ উচুঃ। শৃণু রাজন্ মহাবাহো প্রজানাং কদনং কথম্। এবং শ্রুত্বা ততো বেণো মুনীন্ প্রোবাচ কোপিতঃ॥ যুষ্মাভির্ন শ্রুতং কিঞ্চিৎ সর্ব্বদেবসমো নৃপঃ। ততো ময্যেব তৎ সর্ব্বং পূজনং সম্ভবেদিতি॥ বেণস্য বচনং শ্রুত্বা মুনয়ঃ কুপিতা ভৃশম্। হুঙ্কারেণৈব শব্দেন ভস্মী-কৃত্য গতাস্তদা॥ দগ্ধং পুত্রং সমাসাদ্য বেণস্য জননী তদা। হা পুত্র পুত্র পুত্রেতি রুরোদ ব্যাকুলা ভৃশম্॥ বনং জগাম মৎস্বামী পুত্রো মে ব্রাহ্মণৈর্হতঃ॥ অভাগ্যাহং ক গচ্ছামি বিধিনা বঞ্চিতাপ্যহম্॥ এবং রুদিত্বা সস্মার জয়চণ্ডীং কৃপাময়ীম্। তুষ্টাব বেণজননী পুত্রশোকেন বিহ্বলা॥ চণ্ডিকে চণ্ডমথনি নিশুম্ভশুম্ভনাশিনি। মহ্যং দত্তস্ত্বয়া পুত্রো ব্রাহ্মণৈঃ সোঽদ্য মে হতঃ॥ তস্যাশ্চ করুণং শ্রুত্বা পার্ব্বতী শঙ্করপ্রিয়া। উবাচ তাং রাজভার্য্যাং পুত্রশোকেন কর্ষিতাম্॥ মা রোদীর্বেণজননি তব পুত্রো ভবিষ্যতি। ভূয়োঽপি মুনয়ঃ সর্ব্বে তব পুত্রস্য কারণম্। আগমিষ্যন্তি মুনয়ঃ পুত্রং স্থাপয়িতুং ব্রতম্॥ আকাশবাণীং তাং শ্রুত্বা চিন্ময়ীং বিশদাং তদা। ততশ্চ বেণজননী পুত্রং নীত্বা ত্বরান্বিতা। ভর্জ্জয়িত্বা তু তৈলেন সা পুত্রস্য শরীরকম্॥ সুনীথা স্থাপয়িত্বা চ স্থানে জনবিবর্জ্জিতে। জয়চণ্ড্যাশ্চ বচনং হৃদি কৃত্বা গৃহেঽবসৎ॥ অরাজক-বশাত্তত্র প্রজা দুঃখপ্রপীড়িতাঃ। আজগ্মু রাজনিলয়ং কমণ্ডলুজলান্বিতাঃ। বেণস্য জননীং প্রাহুঃ শৃণুষ্ব বচনং শুভম্। শরীরং তব পুত্রস্য বর্ত্ততে দীয়তাং বহিঃ॥ ঋষীণাং বচনং শ্রুত্বা সুনীথা হৃষ্টমানসা। আনয়ামাস তং পুত্রং ঋষিভ্যশ্চ তদা দদৌ॥ সুনীথা দগ্ধপুত্রস্য শরীরং মুনয়স্তদা। মমন্থুশ্চ কুশৈঃ পুষ্পৈঃ কমণ্ডলুজলৈস্তথা॥ শরীরাৎ প্রযযৌ তচ্চ যদেব পাপসংযুতম্॥ ততো দক্ষিণবাহোশ্চ পৃথুরাজো মহাতপাঃ। সর্ব্বলক্ষণসম্পন্নঃ সুনীথাশোকনাশনঃ॥ আজগাম মহারাজো বিষাদো নাত্র কস্যচিৎ॥ অভিষেকন্ততঃ কৃত্বা পৃথুং রাজ্যে মহাবলম্। জগ্মুশ্চ মুনয়ঃ সর্ব্বে জয়শব্দসমন্বিতাঃ॥ গতশোকা সুনীথাপি জয়চণ্ডীপ্রসাদতঃ। পৃথুং প্রাপ্য চ সংহৃষ্টা তাং দেবীং পূজয়েৎ সদা॥ ততো

যুধিষ্ঠিরং প্রাহ নারদো মুনিসত্তমঃ॥ কারয়স্ব মহারাজ দ্রৌপদীং রুচিরাননাম্। তস্য ব্রতস্য করণাৎ সুপুত্রশ্চ ভবেদিতি॥ এবং ব্রতং যা কুরুতে সা ভবেদ্‌বহু-পুত্রিণী। ইহলোকে সুখং স্থিত্বা যাত্যন্তে চণ্ডিকালয়ম্॥

ইতি ভবিষ্যপুরাণে মঙ্গলচণ্ডী-ব্রতকথা সমাপ্তা॥

## মঙ্গলবার-ব্রত।

প্রত্যেক কুজবারে এই ব্রত কর্ত্তব্য। অষ্টদলপদ্মের উপর রক্ততণ্ডুল-পূরিত নূতন দুইখানি শরাব স্থাপন পূর্ব্বক আচমন ও স্বস্তিবাচনাদি করিয়া নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

"বিষ্ণুর্নমোঽদ্যেত্যাদি—মঙ্গলবারে অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী ঝটিতি-দীর্ঘায়ুঃপুত্রোৎপত্তিকামা গণেশাদিদেবতাপূজাপূর্ব্বক-মঙ্গলপূজা-কথাশ্রবণরূপ-মঙ্গলবারব্রতমহং করিষ্যে।"

পরে সূক্তপাঠ ও সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি প্রভৃতি (১৫২ পৃঃ) করিয়া গণেশাদিদেবতাকে যথাবিধি অর্চ্চনান্তে (১৬৩ পৃঃ) যথাযথ ধ্যান করিয়া আবাহনান্তে পঞ্চোপচারে "মঙ্গলায় নমঃ" মন্ত্রে অর্চ্চনা করিবে। তৎপরে করবীর ও জবাপুষ্প দ্বারা অঞ্জলি দিবে, মন্ত্র যথা—

ওঁ মঙ্গলায় নমস্তুভ্যং নমস্তে পাপহারিণে। পুত্রপৌত্রপ্রদাত্রে চ মঙ্গলায় নমো নমঃ॥"

পরে "মঙ্গলায় নমস্তুভ্যম্" ইত্যাদি মন্ত্রে বারখেই রক্তসূত্রের ডোরক বাম হাতে ধরিতে হয়। অনন্তর ফলহস্ত হইয়া নিম্নলিখিত কথা শুনিবে। যথা—

ব্রত-কথা।—নারদ উবাচ। নারদঃ প্রাহ তত্ত্বজ্ঞো জ্ঞানবান্ স মহামতিঃ। প্রণম্য পার্ব্বতীং দেবীং সশ্রদ্ধঃ সুসমাহিতঃ॥ ন জীবতি সুতো যস্যা ন গর্ভ উপজায়তে। কস্মাদ্‌ব্রতাদ্‌ভবেন্নারী পুত্রপৌত্রসমন্বিতা॥ মহেশ্বরি তদাচক্ষ্ব ব্রতানাং ব্রতমুত্তমম্। ভক্তিং গৃহাণ মে দেবি ধনধান্যপ্রদায়িনি॥ দেব্যুবাচ। বন্ধ্যা জনয়তে পুত্রং মৃতবৎসা তথৈব চ। অচিরেণ পতিস্তস্য নির্ধনশ্চ ধনী ভবেৎ॥ অথ তাম্রময়েনৈব চাশক্তৌ মৃন্ময়েন বা। মঙ্গলপ্রতিমাং কৃত্বা পূজয়েৎ মঙ্গলে দিনে। শুদ্ধপট্টময়ং ডোরং রক্তচন্দনচর্চ্চিতম্। রক্তবর্ণং দৃঢ়ঞ্চৈব দ্বাদশগ্রন্থিসংযুতম্॥ সম্পূজ্য মঙ্গলং বামে ভক্ত্যা ধার্য্যং সুডোরকম্॥ মঙ্গলায় নমস্তুভ্যং নমস্তে ঋণহারিণে। পুত্রপৌত্রপ্রদাত্রে চ মঙ্গলায় নমো

নমঃ॥ মঙ্গলায় নমস্তুভ্যং নমস্তে ধনদায়িনে। সৃষ্টিকর্ত্রে চ হর্ত্রে চ মঙ্গলায় নমো নমঃ॥ মঙ্গলায় নমস্তুভ্যং নমস্তে দুঃখহারিণে। ভূমিপুত্রায় শুদ্ধায় চোগ্রায় চ নমো নমঃ॥ মঙ্গলায় নমস্তুভ্যং নমঃ পাটলচক্ষুষে। রক্তাম্বরাঙ্ক দেবায় মঙ্গলায় নমো নমঃ॥ নমস্তে ভূমিপুত্রায় ঋণহর্ত্রে চ বৈ নমঃ। রক্তপুষ্পোপহারায় মঙ্গলায় নমো নমঃ॥ মঙ্গলায় নমস্তুভ্যং নমস্তে সুখ-দায়িনে। পুত্রপৌত্রধনৈশ্বর্য্যদায়িনে মঙ্গলায় বৈ॥ মঙ্গলায় নমস্তুভ্যং সিন্দূরারুণচক্ষুষে। লোহিতায় সমস্তায় মঙ্গলায় নমো নমঃ॥ মঙ্গলায় নমস্তুভ্যং নমস্তে ধনদায়িনে। লোহিতায় চ শান্তায় মঙ্গলায় নমো নমঃ॥ মঙ্গলাষ্টকমিদং পুণ্যং পূজয়েন্মঙ্গলে দিনে। সংবৎসরকৃতং কার্য্যং মঙ্গলস্য মহাফলম্॥ অনেনৈব বিধানেন পূজয়েন্মঙ্গলং প্রভুম্। পুত্রবতী ভবেন্নারী পতিস্তস্যা ভবেদ্ধনী॥ যাবৎ করোতি কল্যাণী ব্রতমেতন্মহোদয়ম্। তাবৎকালং ভবেৎ সৌখ্যং সহ পত্যা ন সংশয়ঃ। রক্তপুষ্পৈশ্চ ধূপৈশ্চ পঞ্চোপচার-সংযুতৈঃ। নৈবেদ্যৈঃ পূজয়েদ্ভক্ত্যা মঙ্গলং সকলেষ্টদম্॥ কথিতং তে মুনিশ্রেষ্ঠ মঙ্গলস্য মহাব্রতম্॥ নোপবাসো ন যজ্ঞশ্চ ন চৈব হি ধনব্যয়ঃ। কথাশ্রবণমাত্রেণ ব্রতস্য লভতে ফলম্॥ ডোরকং দ্বাদশে মাসি নূতনঞ্চৈব কারয়েৎ। পুরাতনং জলমধ্যে প্রক্ষিপেচ্চ সুপূজিতম্॥ ব্রতমেতন্মহাভাগে কুরুতে যা পতিব্রতা। অপুত্রো লভতে পুত্রং নির্ধনশ্চ ধনং লভেৎ॥ পুত্রঞ্চ লভতে শূরং পণ্ডিতং সুচিরায়ুষম্। দুর্লভা বন্ধুবর্গাণাং স্বামিনঃ সুভগা ভবেৎ॥ ব্রতানামুত্তমং প্রোক্তং মঙ্গলস্যার্চ্চনং মহৎ। দেবানাঞ্চ মনুষ্যাণাং সর্ব্বেষামপি দুর্লভম্॥

ইতি ভবিষ্যপুরাণে দেবীনারদসংবাদে মঙ্গলবারব্রত-কথা সমাপ্তা॥

---

## নির্জ্জলৈকাদশী-ব্রত।

জ্যৈষ্ঠমাসে শুক্লা একাদশীতে এই ব্রত করণীয়। যথাবিধি নিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

অদ্যেত্যাদি জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে একাদশ্যাস্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকদেবশর্ম্মা বিষ্ণুলোকগমনকামঃ গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বক-শ্রীবিষ্ণুপূজা-সবস্ত্রোপকরণ-জলপূর্ণ- ঘটাদি-দান-তৎকথাশ্রবণসূর্য্যোদয়াবধ্যুদয়-পর্য্যন্ত-কালব্যাপক-নির্জ্জলৈকাদশীব্রতোপবাসকর্ম্মাহং করিষ্যে॥

অনন্তর সূক্তপাঠ ও আসনশুদ্ধ্যাদি করিয়া (১৫২ পৃঃ) সুবর্ণনির্ম্মিত বিষ্ণুপ্রতিমা তাম্রাদিপাত্রে স্থাপন ও পঞ্চগব্য দ্বারা স্নান করাইয়া গণেশাদি দেবতার পূজা করত (১৬৩ পৃঃ) ষোড়শোপচারে বিষ্ণুর পূজা করিবে। তৎপরে স্তবপাঠ, প্রণাম ও হোম করিতে হয়। ঐ দিন নৃত্যগীতাদি সহকারে রাত্রিজাগরণ করিবে। পরদিন প্রাতঃকৃত্যাদি করিয়া পূর্ব্ববৎ বিষ্ণুর পূজা করিবে; দানাদিও করিতে হয়। পরে যথাশক্তি ব্রাহ্মণ-ভোজন করাইয়া কথা শ্রবণ করিবে। পূজনার্থ যে জল আনিতে হয়, তাহার মন্ত্র যথা—

একাদশ্যাং নিরাহারো বর্জ্জয়িষ্যামি বৈ জলম্।
কেশবপ্রীণনার্থায় অত্যন্তদমনেন চ॥

নিম্নলিখিত মন্ত্রে জলকুম্ভ দান করিতে হয়, যথা—

দেবদেব হৃষীকেশ সংসারার্ণবতারক।
জলকুম্ভপ্রদানেন যাস্যামি পরমাং গতিম্॥

ততঃ কথা।—ভীমসেন উবাচ। পিতামহ হ্যশক্তোঽহমুপবাসে করোমি কিম্। অতো বহুফলং ব্রূহি ব্রতমেকমপি প্রভো॥ ব্যাস উবাচ। বৃষস্থে মিথুনস্থেঽর্কে শুক্লা একাদশী হি যা। জ্যৈষ্ঠে মাসি প্রযত্নেন সোপোষ্যা জলবর্জ্জিতা॥ স্নানে চাচমনে চৈব বর্জ্জয়িত্বোদকং বুধঃ। উপভুঞ্জীত নৈবান্যদ্‌ব্রতভঙ্গোঽন্যথা ভবেৎ॥ উদয়াদ্যুদয়ং যাবদ্বর্জ্জয়িত্বা জলং বুধঃ। সপ্রযত্নমবাপ্নোতি দ্বাদশদ্বাদশীফলম্॥ ততঃ প্রভাতে বিমলে দ্বাদশ্যাং স্নানমাচরেৎ। জলং সুবর্ণং দত্ত্বা তু দ্বিজাতিভ্যো যথাবিধি॥ ভুঞ্জীত কৃতকৃত্যস্তু ব্রাহ্মণৈঃ সহিতো বশী। এবং কৃতে তু যৎ পুণ্যং ভীমসেন শৃণুষ্ব তৎ॥ সংবৎসরস্য যা মধ্যে একাদশ্যো ভবন্তি হি। তাসাং ফলমবাপ্নোতি পুত্র মে নাত্র সংশয়ঃ॥ ইতি মাং কেশবঃ প্রাহ শঙ্খচক্রগদাধরঃ। ধনধান্যমহাপুণ্যা পুত্রভাগ্যসুখপ্রদা॥ উপোষিতা নরব্যাঘ্র ইতি সত্যং ব্রবীমি তে। যমদূতা মহাকায়াঃ করালাঃ কালরূপিণঃ॥ দণ্ডপাশধরা রৌদ্রা নোপপশ্যন্তি তং নরম্। পীতাম্বরধরাঃ শঙ্খচক্রহস্তা মনোজবাঃ। অন্তকালে নয়ন্ত্যেনং বৈষ্ণবা বৈষ্ণবীং পুরীম্॥ তোয়স্য নিয়মং যস্তু কুরুতে বৈষ্ণবোত্তমঃ। ফলং কোটিসুবর্ণস্য যামে যামে স পুণ্যভাক্॥ স্নানং দানং জপং হোমং দ্বাদশ্যাং কুরুতে নরঃ। তৎ সর্ব্বঞ্চাক্ষয়ং প্রাপ্তমেতৎ কৃষ্ণেন ভাষিতম্॥ কিঞ্চাপরেণ ধর্ম্মেণ নির্জ্জলৈকাদশীং নৃপ। উপোষ্য সম্যগ্বিধিনা বৈষ্ণবং পদমাপ্নুয়াৎ॥ ভীমসেন উবাচ। নির্জ্জলস্য ব্রতস্যাস্য বিধানং কথয় প্রভো॥ ব্যাস উবাচ। পূর্ব্বোক্তবিধিনা কৃত্বা সঙ্কল্পং

নিয়মং ব্রতী। জলমাদায় গৃহ্লীয়ান্মন্ত্রেণানেন বৈষ্ণবঃ ॥ একাদশ্যাং নিরাহারো বর্জ্জয়িষ্যামি বৈ জলম্। কেশবপ্রীণনার্থায় অত্যন্তদমনেন চ ॥ বর্জ্জয়েচ্চাপ্য-হোরাত্রং বিনা চাচমনার্থকম্। বিনা চ প্রাশনং পাদ্যোদকস্যাত্যন্তপাবনম্ ॥ একাদশ্যাং নিশায়ান্তু নিত্যপূজাং বিধায় হি। হৈমীং ত্রৈবিক্রমীং মূর্ত্তিং স্নাপয়েৎ পায়সাদিভিঃ ॥ বস্ত্রাদিকং সমর্প্যাথাভ্যর্চ্চ্য গন্ধাদিভিশ্চ তাম্। প্রণম্য জাগরং কুর্য্যাৎ তদগ্রে নর্ত্তনাদিনা ॥ প্রাতঃস্নানাদি নির্ব্বর্ত্ত্য তং ত্রিবিক্রমমর্চ্চয়েৎ। শক্ত্যাম্বুকুম্ভান্ বিপ্রেভ্যো দদ্যাৎ গন্ধাদ্যলঙ্কৃতান্ ॥ দদ্যাচ্চ কনকং ছত্রং বস্ত্রযুগ্মমুপানহৌ। জলপানানি দ্রব্যাণি বিভবে সতি বৈষ্ণবঃ ॥ শক্ত্যা বিপ্রান্ ভোজয়িত্বা পীত্বা ভ্রাতৃকরাজ্জলম্। স্বয়ং বা পীয় মৌনী সন্ ভুঞ্জীত সহ বন্ধুভিঃ ॥ যৈঃ কৃতা ভীমসেনৈষা নির্জ্জলৈকাদশী শুভা। স্বকুলং তারিতং সর্ব্বং কুলাতীতং তথা শতম্ ॥ আত্মনা সহ তৈর্নীতং বাসুদেবস্য মন্দিরে। আত্মদ্রোহঃ কৃতস্তৈস্তু যৈরেষা ন হ্যুপোষিতা। পাপাত্মানো দুরাচারা দুষ্টাস্তে নাত্র সংশয়ঃ ॥ যশ্চেমাং শৃণুয়াদ্ভক্ত্যা যশ্চাপি পরিকীর্ত্তয়েৎ। উভৌ তৌ স্বর্গমাপ্নুতো হি নাত্র কার্য্যা বিচারণা ॥

ইতি পদ্মপুরাণে ব্যাসদেব-ভীমসংবাদে নির্জ্জলৈকাদশী-ব্রতকথা সমাপ্তা ॥

ওঁ তৎসৎ ওঁ তৎসৎ ওঁ তৎসৎ ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ। পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন ॥

ইতি নির্জ্জলৈকাদশীব্রতম্ ॥

## চম্পকচতুর্দ্দশী-ব্রত।

এই ব্রত জ্যৈষ্ঠের শুক্লা চতুর্দ্দশীতে করণীয়। ঐ দিবসে চম্পককুসুম দ্বারা মহাদেবের অর্চ্চনা করিলে যক্ষ্মা প্রভৃতি ব্যাধি হইতে পরিত্রাণলাভ হয়, পরদ্রোহজ দশজন্মসঞ্চিত পাপ দূর হয় এবং চরমে শিবধামে গতি হইয়া থাকে। চতুর্ব্বর্ষ যথাবিধি ব্রত করিয়া উদ্যাপন করিবে।

পূজাপ্রণালী।—স্বস্তিবাচনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিতে হয়, যথা—

ওঁ তৎসদদ্য জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে চতুর্দ্দশ্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা শিবলোকপ্রাপ্তিকামঃ দুরারোগ্য-ব্যাধিমুক্তিকামো বা চম্পকপুষ্পৈঃ শিবপূজনমহং করিষ্যে ॥

অনন্তর সূক্তপাঠ, আসনশুদ্ধ্যাদি, ( ১৫২ পৃঃ ) গণেশাদির পূজা (১৬৩ পৃঃ) প্রভৃতি সমাপনান্তে যথাযথ ধ্যানে ষোড়শোপচারে যথাযথ প্রণালীতে চম্পক-পুষ্প দ্বারা মহাদেবের পূজা করিবে। তৎপরে স্তোত্রপাঠ, প্রণাম, দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণ করিতে হয়।

## সাবিত্রী-ব্রত।

জ্যৈষ্ঠের কৃষ্ণা চতুর্দ্দশীর নাম সাবিত্রী চতুর্দ্দশী। ঐ দিন উপবাস করিয়া বটবৃক্ষমূলে সাবিত্রীর পূজা করিলে বিধবা হইতে হয় না। দিবাভাগে ত্রয়োদশীসত্ত্বেও যদি দিবার দণ্ডদ্বয়মাত্র থাকিতে চতুর্দ্দশী হয়, তাহা হইলে সেই দিনেই প্রদোষসময়ে সত্যবানের সহিত সাবিত্রীর পূজা করিবে। স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽস্য জ্যৈষ্ঠে মাসি কৃষ্ণে পক্ষে চতুর্দ্দশ্যাস্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী জীববদেতৎস্থূলশরীরাবিরোধেন সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক-জন্মজন্মা-বৈধব্য-বিপুল-ধনধান্য-পুত্রপৌত্র-সম্পত্তি-ভর্তৃদীর্ঘায়ুষ্ট-শ্বশুরকুল-গতারোগ্যপিতৃ-কুল-গত-সম্পত্তি-সর্ব্বসুখভোগপ্রাপ্তিকামা চতুর্দ্দশবর্ষপর্য্যন্তং প্রতিবর্ষীয়-জ্যৈষ্ঠকৃষ্ণচতুর্দ্দশ্যাং যথোক্তবিধিনা মহাভারতোক্তসাবিত্রীব্রতমহং করিষ্যে॥

পরে সঙ্কল্পসূক্তাদি ও ইদং ব্রতমিত্যাদি পাঠ্য। ব্রতগ্রহণের বর্ষে ব্রতীকেই সঙ্কল্প করিতে হয়। পুরোহিত কর্ত্তৃক সঙ্কল্পসূক্ত পাঠ্য। দ্বিতীয়াদিবর্ষে পুরোহিত সঙ্কল্প করিবেন, যথা—ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রায়া শ্রীঅমুকী-দেব্যাঃ সঙ্কল্পিত-সাবিত্রী-ব্রতাঙ্গ পূজাদিকর্ম্মাণ্যহং করিষ্যামি। পরে পঞ্চবর্ণের গুড়িকা দ্বারা মণ্ডল অঙ্কন, ঘটস্থাপন ( ২৩৭ পৃঃ ) এবং বটবৃক্ষ-শাখাদি আরোপণ পূর্ব্বক অর্চ্চনা করিবে। যথাবিধানে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ( ১৫২ পৃঃ ) ও ন্যাসাদি সমাপনান্তে গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল ইত্যাদি দেবতাগণের অর্চ্চনা করিয়া, ষষ্ঠীর ধ্যান করিবে, যথা—ওঁ ষষ্ঠীং বিম্বাধরৌষ্ঠীং সুরুচিরবসনাং কৃষ্ণমার্জ্জারসংস্থাং, কর্ণান্তাক্রান্তনেত্রাং রুচিরভুজযুগাং ক্রোড়বিন্যস্তপুত্রাম্। তারুণ্যোদ্ভিন্ন-পীনস্তনঘটযুগলাং চিন্তয়েদিন্দুবক্ত্রাম্॥ ইতি ধ্যানান্তে ওঁ ষাং ষষ্ঠ্যৈ নমঃ এই মন্ত্রে যথাসম্ভবোপচারে পূজা করিয়া স্তব পাঠ করিবে। যথা—ওঁ জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দকারিণি। প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠীদেবতে॥

ত্বমেব বৈষ্ণবী শক্তির্ব্রহ্মাণী চ ব্যবস্থিতা। রুদ্রশক্তিঃ সমাখ্যাতা মহাষষ্ঠি নমোঽস্তু তে॥ পরে যমকে ধ্যান করিবে। (ধ্যানপ্রকরণ দেখ) ওঁ যমায় নমঃ—এই মন্ত্রে যথাশক্তি পূজা করিয়া প্রার্থনা করিবে, যথা—

ওঁ যমোঽসি ত্বং মহাকায় সর্ব্বভূতাপহারক।
ত্বৎপ্রসাদাজ্জগন্নাথ দীর্ঘায়ুরস্তু মে পতিঃ॥
সূর্য্যপুত্র মহাভাগ সর্ব্বপ্রাণেশ্বর প্রভো।
ত্বৎপ্রসাদান্মহীং যাবদ্দীর্ঘায়ুরস্তু মে পতিঃ॥

পরে ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ। ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥ এই মন্ত্রে প্রণাম করিয়া তৎপত্নী ঊর্ণা দেবীকে ওঁ ঊর্ণায়ৈ নমঃ এই মন্ত্রে পূজান্তে ওঁ পাশলগুড়াস্ত্রশস্ত্রেভ্যো নমঃ বলিয়া পূজা করিবে। ওঁ দ্যুমৎসেনায় নমঃ, ওঁ মালব্যৈ নমঃ, এই মন্ত্রে সত্যবানের পিতামাতার পূজানন্তর সত্যবানের পূজা করিবে। ধ্যান যথা—ওঁ সত্যবন্তং রাজপুত্রং রাজলক্ষণসংযুতম্। পূর্ণচন্দ্রাননং গৌরং সর্ব্বাভরণভূষিতম্॥ এই ধ্যানান্তে মানসোপচারে পূজা, বিশেষার্ঘ্য স্থাপন ও পুনর্ধ্যান করিয়া ওঁ সত্যবন্ ইহাগচ্ছ ইত্যাদিরূপে আবাহন পূর্ব্বক ষোড়শোপচারে পূজা করিবে। পরে প্রার্থনামন্ত্র যথা—ওঁ আবয়োর্যো যথা দেব সাবিত্র্যা বিহিতস্তব। ভূয়াদ্ভর্ত্তা যথাস্মাকং তথা জন্মনি জন্মনি॥ বটবৃক্ষকে স্নান করাইয়া চতুর্দ্দশ সূত্র দ্বারা বেষ্টন করত "সাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি প্রণালীতে করন্যাস অঙ্গন্যাস করিয়া ধ্যান, মানসার্চ্চনা, অর্ঘ্যস্থাপন, পরে নিম্নলিখিত পীঠপূজা করিয়া ধ্যানপাঠ পূর্ব্বক আবাহন করত ষোড়শোপচারে অর্চ্চনা ও নমস্কার করিবে। ধ্যান যথাস্থানে লিখিত আছে।

পীঠার্চ্চনা।—"জ্ঞানায় নমঃ," ইত্যাদি প্রণালীতে অজ্ঞানায়, বৈরাগ্যায়, অবৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, অনৈশ্বর্য্যায়, আধারশক্ত্যৈ, অনন্তায়, কূর্ম্মায়, সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, বায়ুমণ্ডলায়, মহাদেবায়, বিষ্ণবে, ব্রহ্মণে, দুর্গায়ৈ, লক্ষ্ম্যৈ, সরস্বত্যৈ, ব্রহ্মাণ্যৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, বাসুদেবায়, সংকর্ষণায়, অনিরুদ্ধায়, নদ্যৈ, নাগায়, সর্পগণেভ্যঃ, ইন্দ্রাদিলোকপালেভ্যঃ, একাদশরুদ্রেভ্যঃ, দ্বাদশাদিত্যেভ্যঃ, দ্বাদশকেশরেভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ॥

পরে স্তব পাঠ করিবে, যথা—ওঁ দেবাসুরমনুষ্যাণাং পূজনীয়া বিধানতঃ।

পতিব্রতে মহাভাগে বন্দিতে চ শুচিস্মিতে॥ অবৈধব্যঞ্চ সৌভাগ্যং দেহি ত্বং মম সুব্রতে। পুত্রং পৌত্রঞ্চ মোক্ষঞ্চ দেহি দেবি নমোঽস্তু তে॥ সাবিত্রি ব্রহ্মগায়ত্রি সত্যবাক্ প্রিয়ভাষিণি। তেন সত্যেন মাং ত্রাহি সদ্যঃ সংসার-সাগরাৎ॥ দৃঢ়ব্রতে দৃঢ়মতে ভর্ত্তৃসুপ্রিয়ভাষিণি। অবৈধব্যঞ্চ সৌভাগ্যং দেহি ত্বং মম সুব্রতে॥ গৌরী ত্বং হি শচী ত্বং হি ত্বং প্রভা চন্দ্রমণ্ডলে। ত্বমেব জগতাং মাতা ত্বং মাং পাহি বরাননে॥ ত্রিসন্ধ্যং সর্ব্বভূতানাং বন্দনীয়াসি সুব্রতে। ময়া দত্তামিমাং পূজাং গৃহাণ ত্বং নমোঽস্তু তে॥ যন্ময়া দুষ্কৃতং কিঞ্চিৎ কৃতং জন্মশতৈরপি। ভস্মীভবতু তৎসর্ব্বমবৈধব্যঞ্চ দেহি মে॥

পরে "সাবিত্র্যৈ নমঃ" মন্ত্রে নমস্কার পূর্ব্বক বটবৃক্ষের অর্চ্চনা করত প্রণাম করিবে—ওঁ বটোঽসি ত্বং রুদ্ররূপস্তরূণামাদিসম্ভব। মদ্‌ভর্ত্তা ত্বৎপ্রসাদেন শতং বর্ষাণি জীবতু। বটবৃক্ষ তরুশ্রেষ্ঠ সর্ব্বদেবাত্মক প্রভো। ভবতু ত্বৎ-প্রসাদেন ব্রতং হি সফলং মম॥

পরে অশ্বপতি ও শৈব্যার অর্চ্চনা করিবে এবং শ্বশুর-শাশুড়ীকে বসনাদি দ্বারা পূজা করিয়া ভোজ্য, চতুর্দ্দশ ফল, কাষ্ঠকরণ্ডিকা, পরশু প্রভৃতি ব্রাহ্মণকে দান করত পতিপূজা করিয়া কথা শুনিবে।

ব্রত-কথা। সূত উবাচ। বনবাসগতো রাজা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ। ভ্রাতৃভিঃ সহিতঃ সর্ব্বৈর্দ্রৌপদ্যা চ সমন্বিতঃ। মার্কণ্ডেয়ং মহাত্মানং মুনিং ধর্ম্মভৃতাং বরম্। পপ্রচ্ছ রাজশার্দ্দূলো বিনয়াবনতঃ স্থিতঃ॥ যুধিষ্ঠির উবাচ। ভগবন্ দীর্ঘজীবী ত্বং দৃষ্টলোকপরাবরঃ। দৃষ্টা পূর্ব্বং ত্বয়া কাচিৎ কচিদেবং পতিব্রতা। স্বয়ং প্রাপ্য মহৎ কষ্টং ভর্ত্তুরুদ্ধারকারিণী। যথৈবং দ্রৌপদী কৃষ্ণা তন্মে সংশিতুমর্হসি॥ এবমুক্তো নৃপেণাথ মার্কণ্ডেয়ো মহাতপাঃ। কথাং স কথয়ামাস ধর্ম্মরাজায় ধীমতে॥ মার্কণ্ডেয় উবাচ। মদ্রদেশে মহারাজ বভূবাশ্বপতির্নৃপঃ। ব্রহ্মণ্যঃ শীলসম্পন্নঃ প্রজাপালনতৎপরঃ॥ অভূত্তস্য মহাদেবী মালবী নাম সুন্দরী। পতিব্রতা মহাভাগা শীলাচার-সমন্বিতা॥ অনপত্যঃ স রাজর্ষিঃ সাবিত্রীং সমপূজয়ৎ। ষষ্ঠে ষষ্ঠে তদা কালে বভূব মিতভোজনঃ॥ এতেন নিয়মেনাসীদ্বর্ষাণি চ চতুর্দ্দশ। সাবিত্র্যৈ হুতবানগ্নিং পুত্রকামো মহামনাঃ॥ অথাগ্নিহোত্রে সাবিত্রী তস্য প্রত্যক্ষতাং গতা॥ বরং দদৌ নৃপায়াথ কন্যা তব ভবিষ্যতি॥ বংশস্থিতিকরী দুঃখং ন কর্ত্তব্যং ত্বয়ানঘ। ইত্যুক্ত্বান্তর্দধে দেবী সাবিত্রী নৃপসত্তম॥ অথ সা মালবী রাজ্ঞো মহিষ্যশ্বপতের্নৃপ। প্রাসূত কন্যাং সংযুক্তাং লক্ষণৈর্লোকসুন্দরীম্॥ সাবিত্র্যা বরদানেন যস্মাজ্জাতেয়মুত্তমা।

সাবিত্রীতি ততস্তস্যা নাম চক্রে পিতা নৃপ॥ অথ সা রাজভবনে ববৃধে লক্ষণান্বিতা॥ অতীতশৈশবা রাজন্ বভূবাদ্ভুতদর্শনা। ন চ তাং বরয়ামাস কশ্চিদাগত্য ভূমিপঃ। রাজা চ চিন্তয়াবিষ্টো দুহিতুর্ব্বরকারণাৎ॥ রাজোবাচ। সাবিত্রি শৃণু মদ্বাক্যং বরং বরয় সুব্রতে। স্বদেশ্যং পরদেশ্যং বা বংশজং গুণশালিনম্॥ অথ সা পিতুরাজ্ঞাতো রথমারুহ্য শোভনম্। যযৌ তপোবনং রম্যং বৃদ্ধামাত্যৈরধিষ্ঠিতা॥ নানাতপস্বিনস্তত্র দদর্শ বিপুলেক্ষণা। তপোবনানি রম্যাণি সা বভ্রাম মনোহরা॥ বানপ্রস্থান্ বহুবিধান্ রাজর্ষীন্ সংশিতব্রতান্। নানাতপস্বিসংযুক্তানপশ্যদ্বিনয়ান্বিতা॥ ততঃ শাল্বপতেঃ পুত্রং দ্যুমৎসেনস্য ভূপতেঃ। মনসা বরয়ামাস সত্যবন্তং স্বকং পতিম্॥ অথাজগাম নগরং সা পিতুঃ প্রীতিবর্দ্ধিনী। তস্মিন্ কালেঽথাশ্বপতের্নারদেন সমাগমঃ॥ অথ তং পরিপপ্রচ্ছ দেবর্ষির্নারদো নৃপম্। কেয়ং কুত্র গতবতী তমথ প্রাবদন্নৃপঃ॥ দেবর্ষে মম কন্যেয়ং সাবিত্রী নামতঃ শ্রুতা। মমৈবানুজ্ঞয়া যাতা তপোবনমনিন্দিতা॥ স্বয়ং বরং বরয়িতুং তদস্যাঃ শ্রূয়তাং বরঃ। এতয়া যোঽভিলষিতঃ স কঃ কীদৃগ্ গুণাশ্রয়ঃ॥ অথ সা নারদেনোক্তা মনোঽভিলষিতং বরম্। কথয়ামাস মুনয়ে পিত্রে চ বিনয়ান্বিতা॥ সাবিত্র্যুবাচ। আসীচ্ছাল্বেষু ধর্ম্মাত্মা দ্যুমৎসেনাহ্বয়ো নৃপঃ। নিজস্থানাত্ততো রাজা ভূমিপালৈঃ পরাজিতঃ॥ বনং জগামানুগতঃ পত্ন্যা বালসুতেন চ॥ তপস্যাভিরতস্যাথ তস্য পুত্রো গুণাকরঃ। সত্যবান্নাম দেবর্ষে মনসা স বৃতো ময়া॥ এবমুক্তস্তয়া পুত্র্যা স রাজা প্রাহ নারদম্॥ রাজোবাচ। ভগবন্ কীদৃশো রাজা পুত্রো বাসৌ বৃতোঽনয়া। কে গুণাস্তত্র বা সন্তি কে দোষাশ্চ মহামুনে। এতৎসর্ব্বমশেষেণ কথয়স্ব মুনে মম॥ এবমুক্তস্ত্বশ্বপতিং নারদো বাক্যমব্রবীৎ॥ মহাত্মা সত্যবান্ বাগ্মী শীলবান্ প্রিয়দর্শনঃ। মাতাপিতৃহিতে যুক্তঃ পণ্ডিতঃ শূরসম্মতঃ॥ আচারযুক্তঃ সুমনাঃ সত্যবাদী দৃঢ়ব্রতঃ। এতে চান্যে চ বহবো গুণাঃ সত্যবতি প্রভো॥ দোষস্ত্বেকো মহা স্তত্র গুণানাক্রম্য তিষ্ঠতি॥ অদ্য প্রভৃতি রাজেন্দ্র বর্ষমেকং স সত্যবান্। জীবিষ্যতি ততস্তায়ুস্তস্য হানমবাপ্স্যতি॥ তৎ সাবিত্র্যা ন বিহিতং ভদ্রমেতৎ কদাচন। অন্যং বরং বরয়তু সাবিত্রী নৃপতেঃ সুতম্॥ এতৎ শ্রুত্বা তু সাবিত্রী প্রত্যুবাচ শুভাননা। দীর্ঘায়ুরথবাল্পায়ুঃ সগুণো নির্গুণোঽপি বা। সকৃদ্‌বৃতো ময়া ভর্ত্তা ন দ্বিতীয়ং বৃণোম্যহম্॥ স এব সত্যবান্ ভর্ত্তা ময়া যো মনসা বৃতঃ। সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে। সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সতাং সকৃৎ॥ মনসা নিশ্চয়ং

কৃত্বা ততো বাচাভিধীয়তে। ক্রিয়তে কর্ম্মণা পশ্চাৎ প্রমাণং মে মনস্ততঃ॥ নারদেনাথ সাবিত্রী বাক্যৈর্নানাবিধৈঃ শুভৈঃ। নিষিধ্যমানাপি ভৃশং নান্যং বরমমন্যত॥ নারদ উবাচ। স্থিরা বুদ্ধির্নরশ্রেষ্ঠ সাবিত্র্যা দুহিতুস্তব। নৈষা বারয়িতুং শক্যা ধর্ম্ম্যাদস্মাৎ কথঞ্চন॥ নান্যস্মিন পুরুষে সন্তি যে সত্যবতি বৈ গুণাঃ। প্রদানমেব তস্মান্মে রোচতে দুহিতুস্তব॥ মার্কণ্ডেয় উবাচ। এবমুক্ত্বা খমুৎপত্য নারদ স্ত্রদিবং গতঃ। রাজাপি দুহিতুঃ সজ্জং বৈবাহিকমকারয়ৎ॥ অথাস্যা নিশ্চয়ং বুদ্ধ্বা স রাজাশ্বপতিস্তদা। রথমারোপ্য তাং কন্যাং প্রযযৌ সপুরোহিতঃ। তপোবনং মুনিগণৈরাবৃতং কৃতসম্ভৃতি॥ অথ সোঽশ্বপতির্গত্বা দ্যুমৎসেনং মহীপতিম্। উবাচ নৃপতে কন্যা মমেয়ং বরবর্ণিনী॥ ভবৎসুতং সত্যবন্তং বরয়ামাস চেতসা। তত্ত্বমেতাং শুভাং রাজন্ গৃহাণোপহৃতাং ময়া॥ এবমুক্তো দ্যুমৎসেনঃ প্রত্যুবাচ নৃপস্তদা। বয়ং রাজ্যাৎ পরিভ্রষ্টা ধনহীনাশ্চ সর্ব্বতঃ। চক্ষুর্হীনৌ তথা চাবাং দম্পতী বসুধাপতে॥ অন্ধযষ্টিরয়ং বালস্ত্বৎকন্যার্হো ন ভূপতে। অথাশ্বপতিরাচখ্যৌ দ্যুমৎসেনং মহীপতিম্॥ যাদৃশস্তাদৃশো বাস্তু তব পুত্রো মহ ---- তথাপি তব পুত্রায় সুতাং দাস্যামি শোভনাম্॥ অথ সোঽশ্বপতিঃ কন্যাং সাবিত্রীং সমলঙ্কৃতাম্। দদৌ সত্যবতে রাজা সন্নিধানে তপস্বিনাম্॥ দক্ষিণামপি দত্ত্বা গাং সমর্প্য চ সুতাং তদা। আজগাম স্বনগরং স রাজা সপুরোহিতঃ॥ গতে পিতরি সর্ব্বাণি সন্ত্যজ্যাভরণানি চ। জগৃহে বল্কলান্যেব বস্ত্রং কাষায়মেব চ॥ অথ সা রাজতনয়া সাবিত্রী সুগুণান্বিতা। শ্বশ্রূশ্বশুরয়োঃ সেবাং ভর্ত্তুরপ্যকরোৎ সদা॥ ভক্ত্যা পরময়া সাথ শ্বশ্রূশ্বশুরয়োঃ সদা। ভর্ত্তুশ্চ দয়িতা হ্যাসীত্তাপসানাঞ্চ সম্মতা॥ ততঃ সা নারদবচো ধ্যায়ন্তী চ সুচেতসা। গণয়ামাস দিবসান্ পক্ষং মাসং তথায়নম্॥ ততস্ত্রিরাত্রমাত্রেণ তস্মিন্ সংবৎসরে গতে। শ্বশ্রূশ্বশুরয়োঃ পত্যুরাজ্ঞাং জগ্রাহ সা সতী। কর্ত্তুং ব্রতং ত্রিরাত্রাখ্যমুপবাসসমন্বিতম্॥ অথ তস্মিন্ দিনে প্রাপ্তে নারদেন নিবেদিতে। সত্যবান্ বিপিনং গন্তুমুপক্রমমথাকরোৎ॥ স্কন্ধে পরশুমাদায় হস্তে কৃত্বা করণ্ডিকাম্। ফলং কাষ্ঠং তথানেতুমাশ্বাস্য পিতরৌ তদা॥ সাবিত্রী চোদিতে সূর্য্যে কৃত্বা পূর্ব্বাহ্নিকীং ক্রিয়াম্। সর্ব্বানেব দ্বিজান্ বৃদ্ধান্ শ্বশ্রূং শ্বশুরমেব চ॥ অভিবাদ্যানুপূর্ব্বেণ প্রাঞ্জলির্নিয়মস্থিতা। অবৈধব্যাশিষস্তেবাং জগ্রাহ বিনয়ান্বিতা॥ শ্বশুরাবথ সাবিত্রী জগাদৈকান্তমাশ্রিতা। বিপিনং দ্রষ্টুমিচ্ছামি সহ ভর্ত্রা কুতূহলাৎ॥ তামূচতুস্তৌ শ্বশুরৌ পারণাদিবসং তব। অকৃত্বা তৎ কথং গন্তুং বনমিচ্ছসি শোভনে॥

অথ প্রোবাচ সাবিত্রী নেদানীং পারণা ময়া। কর্ত্তব্যা সহ ভর্ত্রা তু গন্তব্যং বনমেব হি॥ অস্তং গতে ময়া সূর্য্যে ভোক্তব্যং কৃতকাময়া। ন পত্যুঃ সন্নিধৌ ক্লান্তির্মম কাচন বিদ্যতে॥ মার্কণ্ডেয় উবাচ। ততোঽনুজ্ঞাং প্রদদতুস্তস্যৈ তৌ শ্বশুরৌ তদা। জগাম সত্যবান্ সোঽপি বিপিনং সহ ভার্য্যয়া॥ তত্র গত্বা ফলৈর্বন্যৈঃ স করণ্ডীমপূরয়ৎ। অথ কাষ্ঠং কুঠারেণ পাটয়ামাস সত্যবান্॥ তস্য পাটয়তঃ কাষ্ঠং মধ্যাহ্নে মহতী ব্যথা। মূর্দ্ধ্নি জাতা ততঃ সোঽথ সুস্বাপ নৃপনন্দনঃ। সাবিত্র্যা উরুদেশে তু সন্নিবেশ্য শিরস্তদা॥ অথ সা নারদবচো ধ্যায়ন্তী দৈবতানি চ। জগাম শরণং সাধ্বী ভর্ত্তুর্জ্জীবনবাঞ্ছয়া॥ অথ সা পাশহস্তঞ্চ কৃষ্ণং রক্তেক্ষণং যমম্। দদর্শ সত্যবৎপার্শ্বে স্থিতং বিপুলতেজসম্॥ ততঃ সত্যবতস্তস্য রাজপুত্রস্য দেহতঃ। অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং নিশ্চকর্ষ যমো বলাৎ॥ যমস্তু তং তদা বদ্ধা প্রয়াতো দক্ষিণামুখঃ॥ তদানীং সা চ সাবিত্রী সম্ভ্রমাক্রান্তমানসা। শনৈঃ শরীরং তদ্ভর্ত্তুর্মৃতং ভূমাবশায়য়ৎ॥ বিনয়াবনতা ভূত্বা প্রাঞ্জলির্যমমভ্যগাৎ॥ যত্র পাশেন বদ্ধা তু পতিস্তসা যমোঽনয়ৎ॥ অথ তামব্রবীত্তত্র যমস্তু মধুরং বচঃ॥ যম উবাচ। ত্বং নিবর্ত্তস্ব সাবিত্রি কুরুষ্বাস্যৌর্দ্ধ-দেহিকম্। গতির্হি কর্ম্মণাং ভিন্না নৃণাং সাবিত্রি শোভনে॥ এবমুক্তে তু সাবিত্রী বৈবস্বতমভাষত॥ সাবিত্র্যুবাচ। যত্র মে নীয়তে ভর্ত্তা তত্র যাস্যাম্যহং স্বয়ম্। পতিরেব গতিঃ স্ত্রীণামেষ ধর্ম্মঃ সনাতনঃ॥ তপসা গুরুভক্ত্যা চ ভর্ত্তৃস্নেহেন তেন চ। তব চৈব প্রসাদেন ন মে প্রতিহতা গতিঃ॥ ধর্ম্মং প্রধানং মুনয়ো বদন্তি, ধর্ম্মাধিপং ত্বামপি চামনন্তি। সর্ব্বস্য লোকস্য হৃদঞ্চ-রোঽসি, সর্ব্বে ততস্ত্বাং শরণং প্রপন্নাঃ॥ অথ তুষ্টো যমঃ প্রাহ সাবিত্রীং সত্য-বাদিনীম্। বরং বরয় সুশ্রোণি সত্যবজ্জীবনাদৃতে॥ সাবিত্র্যুবাচ। মমান্ধৌ শ্বশ্রূশ্বশুরৌ তপোবনমুপাগতৌ। সচক্ষুষৌ ভবেতাং তৌ ত্বৎপ্রসাদেন সূর্য্যজ॥ যম উবাচ। এবমস্তু নিবর্ত্তস্ব গচ্ছ শ্বশুরয়োর্গৃহম্। শ্রমস্ত্বামস্পৃশদ্ভদ্রে ত্বাং গ্লানামিব লক্ষয়ে॥ সাবিত্র্যুবাচ। শ্রমঃ কুতো ভর্ত্তৃসমীপতো মে, যতো হি ভর্ত্তা মম সা গতির্ধ্রুবা। যতঃ পতিং নেষ্যসি তত্র মে গতির্দেবেশ ভূয়োঽপি বচো নিবোধ মে॥ সতাং সুহৃৎসঙ্গতমীপ্সিতং পরং ততঃ পরং মিত্রমিতি প্রচক্ষতে। ন চাফলা সৎপুরুষেণ সঙ্গতিস্ততঃ সতাং সন্নিবসেৎ সমাগমে॥ যম উবাচ। তুষ্টোঽস্মি তেঽনয়া বাচা বরং বরয় সুব্রতে। ঋতে সত্যবতো জীবাদ্যদিচ্ছসি দদামি তৎ॥ সাবিত্র্যুবাচ। হৃতং পুরা মে শ্বশুরস্য বৈরিভিঃ, স্বমেব রাজ্যং লভতাং স পার্থিবঃ। জহ্যাৎ স্বধর্ম্মং ন চ মে গুরুর্যথা, দ্বিতীয়মেতৎ

বরয়ামি তে বরম্॥ যম উবাচ। এবমস্তু নিবর্ত্তস্ব ত্বং সাবিত্রি স্বমন্দিরম্॥ সাবিত্র্যুবাচ। অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা। অনুগ্রহশ্চ দানঞ্চ সতাং ধর্ম্মঃ সনাতনঃ॥ সন্তুষ্টাশ্চৈব মিত্রেষু দয়াং প্রোক্তেষু কুর্ব্বতে॥ যম উবাচ। জীবনেন বিনা ভর্ত্তুর্বরং বৃণু শুভাননে। তৃতীয়ন্তে বরং ভদ্রে দদামি প্রীতিমান্ ভৃশম্॥ ততোঽপি বরয়ামাস ধর্ম্মরাজং পতিব্রতা। পুত্রহীনো মম পিতা তস্য পুত্রশতন্তবেৎ॥ যম উবাচ। কুলস্য সন্তানকরং পিতুঃ পুত্রশতন্তবেৎ। ত্বং নিবর্ত্তস্ব সাবিত্রি দূরং পন্থানমাগতা॥ সাবিত্র্যুবাচ। বিবস্বতস্ত্বং তনয়ঃ প্রতাপবান্, ততোঽথ বৈবস্বত উচ্যসে বুধৈঃ। শমেন ধর্ম্মেণ চ রঞ্জিতাঃ প্রজাস্ততস্তবেহেশ্বর ধর্ম্মরাজতা॥ আত্মন্যপি চ বিশ্বাসস্ততো ভবতি সূর্য্যজ। তস্মাৎ সৎসু বিশেষেণ সর্ব্বঃ প্রণয়মৃচ্ছতি॥ যম উবাচ। পরিতুষ্টোঽস্মি ভদ্রে তে চতুর্থন্তু বরং বৃণু। বিনা সত্যবতঃ প্রাণান্ যদিচ্ছসি দদামি তৎ॥ সাবিত্র্যুবাচ। অস্য সত্যবতঃ পুত্রশতমৌরসমন্তবম্। জায়তাং ময়ি দেবেশ ত্বৎপ্রসাদেন সূর্য্যজ॥ যম উবাচ। ভবিষ্যত্যেবমেবং হি পরিতুষ্টো দদামি তে। অতিদূরং সমায়াতা নিবর্ত্তস্ব স্বমন্দিরম্॥ সাবিত্র্যুবাচ। সতাং সদা শাশ্বতধর্ম্মবৃত্তিঃ, সন্তো ন সীদন্তি ন চ ব্যথন্তে। সতাং সদ্ভির্নাফলঃ সঙ্গমোঽস্তি, সদ্ভ্যো ভয়ং নানুসীদন্তি সন্তঃ॥ সন্তো হি সত্যেন নয়ন্তি সূর্য্যং, সন্তো ভূমিং তপসা ধারয়ন্তি। সন্তো গতির্ভূতভব্যস্য রাজন্, সতাং মধ্যে নাবসীদন্তি সন্তঃ॥ ন কাময়ে ভর্ত্তরি নাকৃতার্থতাং, ন ভর্ত্তৃহীনা ব্যবসামি জীবিতুম্। ত্বয়ৈব দত্তঃ শতপুত্রতাবরঃ, কথং ত্বয়া মে হ্রিয়তে পতিঃ পুনঃ॥ বরং বৃণে জীবতু সত্যবানয়ং স্বমেব সত্যং বচনং কুরুষ্ব তে॥ মার্কণ্ডেয় উবাচ। এবমুক্তস্তু সব্রীড়ো যমঃ পাশাদমোচয়ৎ। অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং সত্যবদ্দেহনিঃসৃতম্। ধর্ম্মরাজঃ প্রহৃষ্টাত্মা সাবিত্রীমিদমব্রবীৎ॥ এষ ভদ্রে ময়া মুক্তো ভর্ত্তা তে কুলনন্দিনি। চতুর্ব্বর্ষশতায়ুশ্চ ত্বয়া সার্দ্ধমবাপ্স্যতি॥ ইষ্ট্বা যজ্ঞৈশ্চ ধর্ম্মেণ খ্যাতিলোকে ভবিষ্যতি। ত্বয়ি পুত্রশতঞ্চৈব সত্যবান্ জনয়িষ্যতি॥ এবং তস্যৈ বরং দত্ত্বা ধর্ম্মরাজঃ প্রতাপবান্। নিবর্ত্তয়িত্বা সাবিত্রীং স্বমেব ভবনং যযৌ॥ সাবিত্র্যপি জগামাশু যত্র সুপ্তঃ স সত্যবান্। স চেতনাং প্রাপ্য ততঃ সত্যবাংস্তামভাষত॥ চিরং সুপ্তোঽস্মি দয়িতে ত্বয়া কিং ন বিবোধিতঃ। ক চাসৌ পুরুষঃ শ্যামো যোঽসৌ মাং সঞ্চকর্ষ হ। অথ তং প্রাহ সাবিত্রী কথয়িষ্যামি তে কথাম্। পশ্চাদহমিমাং সর্ব্বামিদানীং স্থৈর্য্যবান্ ভব॥ বিশ্রান্তোঽসি মহাভাগ কথয়িষ্যামি তেঽখিলাম্। যদি শক্যস্ত্বমুত্তিষ্ঠ বিগাঢ়াং পশ্য শর্ব্বরীম্॥ মার্কণ্ডেয় উবাচ। উপলভ্য ততঃ

সংজ্ঞাং সত্যবান্ সমচিন্তয়ৎ। কথমন্ত গমিষ্যামি পিত্রোরন্তিকমাকুলঃ॥ করণ্ডিকা ফলৈঃ পূর্ণা কাষ্ঠভারশ্চ তিষ্ঠতু। রক্ষার্থমেতং পরশুং গৃহীত্বা গম্যতাং শুভে। অন্যথা কা গতিস্তত্র পিত্রোরন্ত ভবিষ্যতি॥ ততস্তমাহ সাবিত্রী ব্রজামো যদি মন্যসে। ততস্তাং সত্যবানাহ পরশুং ত্বং গৃহাণ মে॥ পলাশদণ্ডৈঃ সাবিত্রি পন্থা ব্যাবর্ত্ততে দ্বিধা। তত্রোত্তরেণ যঃ পন্থাস্তেন গচ্ছ দ্রুতং শুভে॥ এতস্মিন্নেব কালে তু দ্যুমৎসেনো মহীপতিঃ। লব্ধচক্ষুস্তদা রাত্রৌ শৈব্যয়া সহ ভার্য্যয়া॥ আশ্রমং তাপসানাঞ্চ ব্যচরৎ পুত্রলিপ্সয়া। স চ শোকাতিদুঃখার্ত্তঃ পুত্রং তাঞ্চ শুভাং বধূম্॥ স গৌতমাদিভির্বিপ্রৈঃ সান্ত্বিতঃ শোককর্ষিতঃ। সর্ব্বে তমূচুর্ম্মুনয়ো ন শোকং কুরু ভূপতে॥ যথাস্য ভার্য্যা সাবিত্রী শীলাচারসমন্বিতা। যথা চ তে দৃশোর্লাভশ্চিরং জীবতি সত্যবান্॥ এতস্মিন্নেব কালে তু সাবিত্র্যা সহ ভার্য্যয়া। সত্যবানাগতস্তত্র পিত্রোঃ প্রীতিং বিবর্দ্ধয়ন্॥ অথ তৈঃ সর্ব্বতো বিপ্রৈঃ পৃষ্টস্ত্বং কেন হেতুনা। দিবসে ন সমায়াতঃ পিতরৌ তব দুঃখিতৌ॥ ততঃ স কথয়ামাস শিরঃপীড়াদিকং তথা। ততস্তে বিপ্রসজ্ঘাশ্চ সাবিত্রীমিদমব্রুবন্। কথয়স্বাত্র সাবিত্রি বৃত্তান্তং যদ্বনেঽভবৎ॥ ততঃ সা কথয়ামাস যমসন্দর্শনাদিকম্। চক্ষুর্লাভঞ্চ রাজ্যঞ্চ দ্বৌ বরৌ শ্বশুরস্য মে॥ পিতুঃ পুত্রশতঞ্চৈব পুত্রাণামাত্মনঃ শতম্। চতুর্ব্বর্ষশতায়ুশ্চ ভর্ত্তুঃ প্রাপ্তং যথা যমাৎ॥ তচ্ছ্রুত্বা পরমপ্রীতা বিপ্রা স্বস্বগৃহং যযুঃ। সত্যবানপি সংসুপ্তঃ পিতৃভ্যাং সহ ভার্য্যয়া॥ অথ রাত্রৌ ব্যতীতায়াং সঙ্গতাস্তে তপোধনাঃ। কৃতপূর্ব্বাহ্নিকাস্তত্র সাবিত্রীং প্রশশংসিরে॥ শাল্বদেশাদথামাত্যা দ্যুমৎসেনং মহীপতিম্। আগত্যোচুর্মহারাজ স্বামাত্যেন হতো রিপুঃ॥ তব পূর্ব্বেণ সত্যেন বয়মত্রাগতা ইহ। অচক্ষুর্ব্বা সচক্ষুর্ব্বা ত্বং রাজা ভব ভূপতে॥ ততস্তৈরভ্যনুজ্ঞাতো ব্রাহ্মণৈঃ স মহীপতিঃ। তৈরমাত্যৈঃ পরিবৃতো মহাদেব্যা চ শৈব্যয়া॥ পুত্রেণ চ তয়া বধ্বা সাবিত্র্যা শীলযুক্তয়া। যযৌ স্বপুরমব্যগ্রো হর্ষসম্পূর্ণমানসঃ॥ তত্র গত্বা দ্যুমৎসেনঃ সত্যবন্তং প্রিয়ং সুতম্॥ যৌবরাজ্যে মহারাজ স্থাপয়ামাস ধর্ম্মতঃ॥ সাবিত্র্যাশ্চাপি কালেন জজ্ঞে পুত্রশতং বরম্॥ ভ্রাতৄণাঞ্চ শতং জাতং সোদর্য্যাণাং মহাত্মনাম্। এবমাত্মা পিতা মাতা শ্বশ্রূশ্চ শ্বশুরঃ পতিঃ॥ ভর্ত্তুঃ কুলঞ্চ সাবিত্র্যা কৃতং সর্ব্বং সমুদ্ধৃতম্॥ এবমেষাপি পাঞ্চালী শীলাচারসমন্বিতা। তারয়িষ্যতি বঃ সর্ব্বান্ সাবিত্রীব বরাঙ্গনা॥ এবমাশ্বাসিতস্তেন মার্কণ্ডেয়েন ধীমতা। যুধিষ্ঠিরঃ প্রীতমনাঃ কাম্যকেঽপ্যবসদ্বনে॥ য ইদং শৃণুয়াদ্ভক্ত্যা

সাবিত্র্যাখ্যানমুত্তমম্। স সুখী সর্ব্বসিদ্ধার্থো ন দুঃখং প্রাপ্নুয়ান্নরঃ॥ শৃণ্বন্তি যাঃ স্ত্রিয়শ্চৈবং সাবিত্রীচরিতং শুভম্। যমাত্তস্যা ভয়ং নাস্তি বিষ্ণুলোকে মহীয়তে॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি সাবিত্রীব্রতকথা সমাপ্তা॥

---

## মনোরথদ্বিতীয়া-ব্রত।

আষাঢ় মাসে শুক্লা দ্বিতীয়াতে এই ব্রত করণীয়। প্রথমে স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে, যথা—বিষ্ণুরোং তৎসদদ্য আষাঢ়ে মাসি শুক্লপক্ষে দ্বিতীয়ায়াস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামো দিবা-বিষ্ণু-পূজন-রাত্র্যবিকরণক-চন্দ্রোদয়কালীন-চন্দ্রার্ঘ্যদান-চন্দ্রস্থিতিকালীন-নক্তং-ভোজনরূপ মনোরথব্রতমহং করিষ্যে। পরে সূক্তপাঠান্তে সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধ্যাদি (১৫২-১৬৩ পৃঃ) সমাপনান্তে গণেশাদি দেবতাপূজা পূর্ব্বক যথোক্ত নিয়মে বিষ্ণুপূজা করিবে। পরে চন্দ্রের উদয়কালে চন্দ্রকে অর্ঘ্য দিবেন। যথা—ওঁ ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব। গৃহাণার্ঘ্যং শশাঙ্কেদং রোহিণ্যা সহিতো মম। ইদমর্ঘ্যং ওঁ চন্দ্রমসে নমঃ। পরে ওঁ জ্যোৎস্নায়াঃ পতয়ে তুভ্যং জ্যোতিষাং পতয়ে নমঃ। নমস্তে রোহিণীকান্ত সুধাবাস নমোঽস্তু তে। নভোমণ্ডলদীপায় শিরোরত্নায় ধূর্জ্জটেঃ। কলাভির্বর্দ্ধমানায় নমশ্চন্দ্রায় চারবে॥ পরে চন্দ্রের স্থিতিকালে ভোজন করিবে। দিবাভাগে উপবাসী থাকিতে হয়। পরদিন দক্ষিণান্ত করিবে।

---

## চাতুর্ম্মাস্য-ব্রত।

আষাঢ়ের শুক্লা দ্বাদশীতে কিংবা পূর্ণিমাতে আরম্ভ করিয়া কার্ত্তিকের শুক্লা দ্বাদশীতে বা পূর্ণিমাতে করিয়া (হরিশয়ননিবৃত্তি না হইলে দক্ষিণান্ত হইবে না) এই ব্রত শেষ করিতে হয়। এই ত্রিবিধ কল্পের অসামর্থ্যে কেবল তুলারাশিস্থ রবিকালেও হইতে পারে। অথবা কর্কটসংক্রমণ হইতে তুলা-সংক্রমণ পর্য্যন্ত এই চারি মাস গুড়ভক্ষণ ত্যাগ করিলে তাহার কণ্ঠস্বর সুমধুর হয়। তৈল ত্যাগ করিলে সুন্দর হয়, কটুতৈলত্যাগে শত্রুনাশ, স্থালী-পাকভক্ষণ ত্যাগ করিলে দীর্ঘজীবী সন্ততিলাভ, মধু-মাংসত্যাগে

নির্ব্যাধি ও বিষ্ণুভক্ত এবং একদিন অন্তর উপবাস করিলে বিষ্ণুলোকলাভ হয়। যে ব্যক্তি এই চারি মাস নখ-লোম ধারণ পূর্ব্বক প্রত্যহ গঙ্গাস্নান করে এবং মৌনভাবে অবস্থিতি করে, তাহার আজ্ঞা কদাচ স্খলিত হয় না। যে ব্যক্তি এই চারি মাস ভূমিতে ভোজন করে, সে পৃথিবীর অধীশ্বর হয়। এই চারি মাস প্রত্যহ বিষ্ণুপাদপদ্ম স্পর্শ করিলে কৃতকৃত্য হওয়া যায়। যে ব্যক্তি এই চারি মাস প্রত্যহ বিষ্ণুর মন্দির উপলেপন ও মার্জ্জন করে, সে কল্পকাল বিষ্ণুলোকে বাস করিয়া থাকে। যে ব্যক্তি প্রত্যহ বিষ্ণুকে শতবার প্রদক্ষিণ ও স্তব করে, সে হংসযুক্ত বিমানে আরোহণ পূর্ব্বক বিষ্ণুপদে প্রস্থিত হয়। যে ব্যক্তি এই চারি মাস বিষ্ণুসকাশে গীতবাদ্য করে, তাহার গন্ধর্ব্ব-লোকলাভ হয়। এই চারি মাস যে ব্যক্তি শাস্ত্রব্যাখ্যা দ্বারা লোকের চিত্ত-বিনোদন করে, সে ব্যাসরূপী হইয়া অন্তে বিষ্ণুপুরে প্রস্থিত হয়। যে ব্যক্তি প্রত্যহ বিষ্ণুকে পুষ্পমালা প্রদান করে, তাহার অপ্সরোলোকলাভ হইয়া থাকে। যে ব্যক্তি এই চারি মাস তীর্থজলে স্নান করে, তাহার দেহ পবিত্র হয়। এই চারি মাস প্রত্যহ পঞ্চগব্য সেবন করিলে চান্দ্রায়ণফল প্রাপ্ত হওয়া যায়। যে ব্যক্তি দিবাভাগে উপবাসী থাকিয়া রাত্রিকালে ভোজন করে, তাহার সমগ্র তীর্থযাত্রাফললাভ হইয়া থাকে। এই চারি মাস দিবসের ষষ্ঠভাগে ভোজন করিলে স্বর্গলাভ হয় এবং নিত্যস্নায়ী ব্যক্তিকে নরকদর্শন করিতে হয় না। যে ব্যক্তি পাত্র পরিত্যাগ করে, তাহার পুষ্করস্নানের ফল-লাভ হয়। যে ব্যক্তি পত্রে ভোজন করে, সে কুরুক্ষেত্রফল প্রাপ্ত হইয়া থাকে। যে ব্যক্তি প্রস্তরে ভোজন করে, তাহার প্রয়াগফললাভ হয়। এই ব্রত চারি মাস করিয়া কার্ত্তিকমাসে ব্রাহ্মণভোজন করাইয়া দক্ষিণা প্রদান করিবে এবং যে দ্রব্য এই চারি মাস পরিত্যাগ করিবে, ব্রাহ্মণকে সেই দ্রব্য অর্পণ করিতে হয়।

এই ব্রত করিতে হইলে যথাবিধি নিত্যক্রিয় হইয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করত যথাবিধানে বিষ্ণুর পূজা করিবে, যথা—

ওঁ তৎসদদ্য আষাঢ়ে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যাং তিথাবারভ্য অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কীর্ত্ত্যায়ুর্যশোবলপ্রাপ্তিকামো বিষ্ণুপ্রীতিকামো বা চতুর্ম্মাসং যাবৎ মাংসভোজনবর্জ্জনমহং করিষ্যে॥ *

* যে দ্রব্য বর্জ্জন করিবে, "মাংস" স্থলে সেই দ্রব্যের নাম উল্লেখ করিবে। সর্ব্বত্রই মুখ্য-চান্দ্রমাস উল্লেখ্য।

সঙ্কল্পান্তে সূক্ত পাঠ করিয়া নিম্নলিখিত প্রার্থনা পাঠ্য, যথা—

ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব।
নির্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতি প্রসন্নে ত্বয়ি কেশব॥
গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে।
তন্মে ভবতু সংপূর্ণং ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥

সমাপ্তিকালে নিম্নোক্তমন্ত্র পাঠ্য, যথা—

ওঁ ইদং ব্রতং ময়া দেব কৃতং প্রীত্যৈ তব প্রভো।
ন্যূনং সংপূর্ণতাং যাতু ত্বৎপ্রসাদাজ্জনার্দ্দন॥

তৎপরে ষোড়শোপচারে বিষ্ণুর পূজা, হোম, দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিতে হয়। *

## নাগপঞ্চমী-ব্রত।

আষাঢ়ী পূর্ণিমার পর পঞ্চমীই নাগপঞ্চমী নামে অভিহিত। গৌণ-শ্রাবণের কৃষ্ণা পঞ্চমী নাগপঞ্চমী নামে প্রথিত। ঐ পঞ্চমী উভয়দিনে পূর্ব্বাহ্নে পূজার সমুচিত প্রশস্তকাল প্রাপ্ত হউক বা না হউক, পূর্ব্বদিনের চতুর্থীযুক্তা যে পঞ্চমী, তাহাতেই অর্চ্চনাদি কর্ত্তব্য। দেবীপুরাণে লিখিত আছে, জনার্দ্দন শয়ন করিলে, তাহার পর কৃষ্ণপক্ষের যে পঞ্চমী, তাহার নাম নাগপঞ্চমী। ঐ পঞ্চমীতে উঠানে সীজবৃক্ষ স্থাপন পূর্ব্বক তাহাতে মনসার অর্চ্চনা করিতে হয়। ইহাতে অষ্ট নাগের পূজা করাও বিধেয়। ভাদ্রমাসের কৃষ্ণা পঞ্চমী পর্য্যন্ত এই পূজা করা কর্ত্তব্য; তাহা হইলে সর্পভয় দূর হয়।

মনসাপূজা-প্রণালী—গৃহপ্রাঙ্গণে বেদিকোপরি সীজবৃক্ষ রাখিয়া নিত্য-ক্রিয়াসমাধান্তে স্বস্তিবাচন করত "সূর্য্যঃ সোমঃ" মন্ত্র পাঠ করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি কৃষ্ণে পক্ষে পঞ্চম্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্প-ভয়াভাবকামো গণপত্যাদিনাদেবতাপূজাপূর্ব্বকমনসা-দেবীপূজামহং করিষ্যে॥

* মাংসত্যাগে গোদক্ষিণা, প্রাতঃস্নানে যুক্ত দক্ষিণা, স্নেহত্যাগে ঘৃত ও শক্তু দক্ষিণা, আমিষত্যাগে সবৎসা কপিলা দক্ষিণা, একান্তরে অন্ন, ফলাহারে শালিধান্য, শাকাহারে ঘৃত ও রজতপাত্র ব্রাহ্মণকে দেয়।

"সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু," এবং "দেবো বো" ইত্যাদি মন্ত্রপাঠান্তে সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধ্যাদি (১৫২-১৬৩ পৃঃ) করিয়া গণেশাদি দেবতাদিগকে পূজা করত অঙ্গন্যাস-করন্যাস করিবে। পরে মনসাদেবীর ধ্যান করিবে। (২৮৩ পৃঃ) ধ্যানান্তে নিজ মস্তকে ফুল দিয়া মানসোপচারে অর্চ্চনা করত অর্ঘ্যস্থাপনানন্তর পীঠপূজা করিবে। পরে পুনর্ব্বার ধ্যান করিয়া করপুটে আবাহন করিবে। মন্ত্র যথা—

ওঁ আস্তীকস্য মুনের্ম্মাতঃ জগদানন্দকারিণি। এহ্যেহি মনসাদেবি নাগমাতর্নমোঽস্তু তে॥ আগচ্ছ বরদে দেবি সর্ব্বকল্যাণকারিণি। স্নুহীশাখাং সমারুহ্য তিষ্ঠ পূজাং করোম্যহম্॥ ভগবতি মনসা দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিহিতা ভব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ॥

"এতৎ পাদ্যং ওঁ মনসাদেব্যৈ নমঃ"—এই নিয়মে শক্ত্যনুসারে উপচারে অর্চ্চনা করিয়া দুগ্ধের দ্বারা স্নুহীবৃক্ষে মনসাদেবীকে স্নান করাইতে হয়। স্নানমন্ত্র যথা—

ওঁ ত্রৈলোক্যপূজিতাং দেবীং নাগাভরণভূষিতাম্। স্নাপয়ামি মহাভাগাং পুত্রায়ুর্ধনবৃদ্ধয়ে॥

পরে পুনরায় চন্দনমিশ্রিত জলে স্নান করাইবে। মন্ত্র যথা—

ওঁ গন্ধচন্দনমিশ্রেণ তোয়েন নাগমাতরম্।
স্নাপয়ামি মহাভাগাং সর্ব্বসম্পত্তিহেতবে॥

তৎপরে মাল্য, সিন্দুর ও মিষ্টান্নাদি নিবেদন পূর্ব্বক অষ্টনাগদিগকে পাদ্যাদি দ্বারা অর্চ্চনা করিবে। অষ্টনাগ যথা—

অনন্তো বাসুকিঃ পদ্মো মহাপদ্মশ্চ তক্ষকঃ।
কুলীরঃ কর্কটঃ শঙ্খো হ্যষ্টনাগাঃ প্রকীর্ত্তিতাঃ॥

পরে মনসাদেবীকে পুষ্পাঞ্জলি দিয়া নমস্কার করিতে হয়। নমস্কারমন্ত্র যথা—

ওঁ অযোনিসম্ভবে মাতর্মহেশ্বর-সুতে শুভে। পদ্মালয়ে নমস্তভ্যং রক্ষ মাং বৃজিনার্ণবাৎ॥ আস্তীকস্য মুনের্মাতা ভগিনী বাসুকেস্তথা। জরৎকারু-মুনেঃ পত্নী মনসাদেবি নমোঽস্তু তে॥

তৎপরে দক্ষিণা দিয়া সংহারমুদ্রা দ্বারা "মনসাদেবি ক্ষমস্ব" বলিয়া বিসর্জ্জন করিবে। যাহার পূর্ব্বপুরুষগণের মধ্যে কাহাকেও সর্পে দংশন করিয়াছে, এই দিনে সেই দষ্ট ব্যক্তির মুক্তি উদ্দেশ্যে ও স্বর্গগমনার্থে নাগপূজা করা কর্ত্তব্য। পূজাদি সমস্তই একরূপ, কেবল সঙ্কল্প কিছু বিভিন্ন, যথা—

অদ্যেত্যাদি—অমুকস্য সর্পদংশনদোষবিমুক্তিপূর্ব্বক-স্বর্গগমনকামো নাগানাং পূজনমহং করিষ্যামি ॥

পরে সঙ্কল্পসূক্তাদি পাঠ করিয়া পূর্ব্বোক্ত অষ্টনাগগণের পূজা করিবে। নাগগণকে দুগ্ধ নিবেদন করা কর্ত্তব্য। পরে মনসা-স্তোত্র-সূচক কথা পাঠ করিবে, যথা—

মনসা-স্তোত্র। শ্রীনারায়ণ উবাচ। শ্রূয়তাং মনসাখ্যানং যৎ শ্রুতং ধর্ম্মবক্ত্রতঃ। কন্যা সা চ ভগবতী কশ্যপস্য চ মানসী ॥ তেনেয়ং মনসাদেবী মনসা যা চ দীব্যতি। মনসা ধ্যায়তেষা বা পরমাত্মানমীশ্বরম্॥ তেন সা মনসা দেবী যোগেন তেন দীব্যতি। আত্মারামা চ সা দেবী বৈষ্ণবী সিদ্ধযোগিনী॥ ত্রিযুগঞ্চ তপস্তপ্তা কৃষ্ণস্য পরমাত্মনঃ। জরৎকারুশরীরঞ্চ দৃষ্ট্বা যৎ ক্ষণমীশ্বরঃ। গোপীপতির্নাম চক্রে জরৎকারুরিতি প্রভুঃ॥ বাঞ্ছিতঞ্চ দদৌ তস্যৈ কৃপয়া চ কৃপানিধিঃ। পূজাঞ্চ কারয়ামাস চকার চ পুনঃ পুনঃ॥ স্বর্গে চ নাগলোকে চ পৃথিব্যাং ব্রহ্মলোকতঃ। ভৃশং জগৎসু গৌরী চ সুন্দরী চ মনোহরা॥ জগদ্গৌরীতি বিখ্যাতা তেন সা পূজিতা সতী। শিবশিষ্যা চ সা দেবী তেন শৈবীতি কীর্ত্তিতা॥ বিষ্ণুভক্তাতীব শশ্বদ্বৈষ্ণবী তেন নারদ॥ নাগানাং প্রাণরক্ষিত্রী যজ্ঞে পারীক্ষিতস্য চ। নাগেশ্বরীতি বিখ্যাতা সা নাগভগিনীতি চ॥ বিষং সংহর্ত্তুমীশা সা তেন বিষহরীতি চ॥ সিদ্ধং যোগং হরাৎ প্রাপ্তা তেনাপি সিদ্ধযোগিনী॥ অজ্ঞানজ্ঞানদাত্রীঞ্চ মৃতসঞ্জীবনীং পরাম্। মহাজ্ঞানযুতাং তাঞ্চ প্রবদন্তি মনীষিণঃ॥ আস্তীকস্য মুনীন্দ্রস্য মাতা সা চ তপস্বিনী। আস্তীকমাতা বিখ্যাতা জগৎসু সুপ্রতিষ্ঠিতা॥ প্রিয়া মুনের্জরৎকারোর্মুনীন্দ্রস্য মহাত্মনঃ। যোগিনো বিশ্বপূজ্যস্য জরৎকারোঃ প্রিয়া ততঃ॥ ওঁ নমো মনসা দেব্যৈ। জরৎকারুর্জগদ্গৌরী মনসা সিদ্ধযোগিনী। বৈষ্ণবী নাগভগিনী শৈবী নাগেশ্বরী তথা॥ জরৎকারুপ্রিয়া দেবী মাতা বিষহরীতি চ। মহাজ্ঞানযুতা চৈব সা দেবী বিশ্বপূজিতা॥ দ্বাদশৈতানি নামানি পূজাকালে চ যঃ পঠেৎ। তস্য নাগভয়ং নাস্তি তস্য বংশোদ্ভবস্য চ॥ নাগভীতে চ শয়নে নাগগ্রস্তে চ মন্দিরে। নাগক্ষতে মহাদুর্গে নাগবেষ্টিতবিগ্রহে॥ ইদং স্তোত্রং পঠিত্বা তু মুচ্যতে নাত্র সংশয়ঃ॥ নিত্যং পঠেদ্যস্তং দৃষ্ট্বা নাগবর্গঃ পলায়তে। দশলক্ষজপেনৈব স্তোত্রসিদ্ধির্ভবেন্নৃণাম্। স্তোত্রসিদ্ধির্ভবেদ্যস্য স বিষং ভোক্তুমীশ্বরঃ॥ নাগৌঘভূষণং কৃত্বা স ভবেন্নাগবাহনঃ। নাগাসনো নাগতল্পো মহাসিদ্ধো ভবেন্নরঃ॥

ইতি নাগপঞ্চমীব্রতম্॥

( শ্রাবণ-কৃত্য )

## শীতলাসপ্তমী-ব্রত ।

শ্রাবণের শুক্লা সপ্তমীতে এই ব্রত কর্ত্তব্য। উভয়দিন সপ্তমী থাকিলে যে দিন মধ্যাহ্নকাল প্রাপ্ত হইবে, সেই দিন ব্রত কর্ত্তব্য। এই ব্রত স্ত্রীলোকের করিতে হয়। ব্রতদিবসে ব্রাহ্মণ দ্বারা স্বস্তিবাচন করাইয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

অদ্যেত্যাদি—অবৈধব্য-পুত্রধন-ধান্যাদি প্রাপ্তিকাম শীতলা-ব্রতমহং করিষ্যে॥

পরে সূক্তপাঠান্তে অষ্টদলপদ্মাঙ্কিত বেদীর উপরে অভগ্ন নূতন ঘট স্থাপন ও গণেশাদির অর্চ্চনা করত কাঞ্চনময়ী শীতলা-মূর্ত্তির অর্চ্চনা করিবে। যথাযথ ধ্যানান্তে "শীতলে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদিরূপে আবাহন করত "ওঁ শীতলায়ৈ নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। অর্ঘ্যদানে বিশেষ মন্ত্র যথা,—"শীতলে শীতলাকারে অবৈধব্যসুতপ্রদে। শ্রাবণস্যাসিতে পক্ষে অর্ঘং গৃহ্ণ নমোঽস্তু তে॥" নৈবেদ্যদানেও বিশেষ মন্ত্র আছে, যথা—"শীতলে পঞ্চপকান্নদধ্যোদনযুতং শুভম্। নৈবেদ্যং গৃহ্যতাং দেবি ঘৃতমিশ্রঞ্চ সুন্দরি॥" পূজান্তে প্রার্থনামন্ত্র যথা,—"শীতলে দহ মে পাপং পুত্রপৌত্রসুখপ্রদে। ধনধান্যপ্রদে দেবি পূজাং গৃহ্ণ নমোঽস্তু তে॥"

অনন্তর ব্রতফলপ্রাপ্তির জন্য ব্রাহ্মণকে সভোজ্য দক্ষিণা দিতে হয়, মন্ত্র যথা,—"দধ্যন্নং দক্ষিণাযুক্তং ভোজ্যঞ্চ ফলসংযুতম্। শীতলাপ্রীতয়ে তুভ্যং ব্রাহ্মণায় দদাম্যহম্॥" অনন্তর কথা শুনিবে।

ব্রত-কথা।—কৃষ্ণ উবাচ। প্রসিদ্ধং শ্রূয়তাং রম্যং নগরং হস্তিনাপুরম্। ইন্দ্রদ্যুম্নশ্চ রাজাভূন্নৃপতির্লোকপালকঃ॥ ধর্ম্মশীলাভিধা চাসীত্তস্য ভার্য্যা যশস্বিনী। ক্রিয়াকাণ্ডে রতা সাধ্বী দানশীলা প্রিয়ংবদা॥ বভূব প্রথমঃ পুত্রো মহাধর্ম্মেতি নামতঃ। নন্দতে পিতৃবাৎসল্যাৎ কালেঽস্মিংস্ততোঽভবৎ॥ দ্বিতীয়া চ তথা পুত্রী তস্য রাজ্ঞো গুণোত্তমা। পুত্রী লক্ষণসম্পন্না শুভকরীতি নামতঃ॥ ববৃধে সা পিতুর্গেহে সর্ব্বাঙ্গগুণসুন্দরী॥ নাম্না রূপেণ সা বালা সর্ব্বা-সাঞ্চ গুণাধিকা। সামুদ্রিকগুণোপেতা পদ্মহস্তা প্রিয়ংবদা॥ কুণ্ডিননগরে রাজা সুমন্ত্রো নাম নামতঃ। তৎপুত্রো গুণবান্নাম শুভকর্য্যাঃ পতির্বৃতো॥ বরো হি দেহমানেন লক্ষ্মীবান্ রূপবান্ গুণৈঃ। গুণবান্ শুভকারিণ্যাঃ পাণিং জগ্রাহ

ধর্ম্মবিৎ ॥ গৃহীত্বা পারিবর্হাণি গতোঽসৌ নগরং প্রতি। পুনঃ সমাযযৌ রাজা গুণবান্ হস্তিনাপুরম্ ॥ বৃতঃ পরিজনৈঃ সর্ব্বৈস্তৎপুত্র্যা নয়নোৎসুকঃ ॥ তং দৃষ্ট্বা শুভকরী সা সহর্ষা জাতসম্ভ্রমা। প্রণম্য চ পিতুঃ পাদৌ তমূচে চারু-হাসিনী ॥ ময়া তাত পরিজ্ঞাতং যদুক্তং পদ্মযোনিনা। পাতিব্রত্যসমো ধর্ম্মো নাস্তীহ ভুবনত্রয়ে ॥ তস্মাদাজ্ঞাং দেহি রাজন্ প্রহৃষ্টেনান্তরাত্মনা। রথমারুহ্য যাস্যামি স্বামিনা স্বপুরং প্রতি ॥ তস্যাস্তদ্বচনং শ্রুত্বা পিতোবাচ সুতাং প্রতি ॥ স্থিত্বৈকং বাসরং পুত্রি শীতলাব্রতমুত্তমম্। সৌভাগ্যারোগ্যজনকমবৈধব্যকরং পরম্। কৃত্বা যাহি মতং হ্যেতন্মাতুর্মম চৈব হি ॥ ইত্যুক্ত্বা ব্রতসামগ্রীং পূজোপকরণং তথা। সম্পাদ্য রাজা তাং সদ্যঃ শীতলামর্চ্চিতুং নৃপঃ। প্রেষয়ামাস সরসি ব্রাহ্মণং বেদপারগম্ ॥ সপত্নীকস্তয়া সার্দ্ধং গতা সা তদ্বনান্তরে। ভ্রমন্তী সা সরস্তত্র নাপশ্যদ্বিধিসাধনম্ ॥ শ্রান্তা ভ্রমন্তী বিজনে স্মরন্তী শীতলাং মুহুঃ। দদর্শ সা ততো নারীং বৃদ্ধাং রূপগুণান্বিতাম্ ॥ বিপ্রস্তু স ভ্রমন্ শ্রান্তঃ সুপ্তো নিদ্রাবশং গতঃ। দষ্টোঽহিনা মৃতস্তস্য ভার্য্যা তন্নিকটে স্থিতা ॥ শুভকরীং ততো বৃদ্ধা সোবাচ করুণার্দ্রধীঃ ॥ ভবিষ্যতি চিরঞ্জীবী ভর্ত্তা তে রাজকন্যকে। আগচ্ছ পূজনার্থায় দর্শয়ামি সরোবরম্ ॥ তয়া সহ গতা সাধ্বী তড়াগং বিধিপূর্ব্বকম্। পূজয়ামাস হর্ষেণ তোষয়ামাস শীতলাম্ ॥ তস্যা বরং প্রাপ্য মুদা স্বমার্গং গন্তুমুদ্যতা ॥ ততঃ সা দদর্শাথারণ্যে ব্রাহ্মণং সর্পদষ্টকম্। ভার্য্যান্তু তস্য নিকটে রুদতীং ব্রাহ্মণীং মুহুঃ ॥ রাজপুত্রী লব্ধবরা শীতলায়াঃ পতিব্রতা। তয়োস্তরুণদম্পত্যোর্যোগ্যসৌভাগ্যদর্শনাৎ ॥ রুদতী করুণং সাপি শুশোচ চ মুহুর্ম্মুহুঃ। আশ্বাস্য ব্রাহ্মণী সা তু রাজপুত্রীমুবাচ হ ॥ তিষ্ঠ তিষ্ঠ ক্ষণং সুভ্রু প্রবিশামি হুতাশনম্। অনেন সহ গচ্ছামি স্বর্গলোকং সুখাবহম্ ॥ তস্যাস্তদ্বচ আকর্ণ্য রাজপুত্রী দয়ান্বিতা। সস্মার শীতলাং দেবীং মহাবৈধব্যভঞ্জনীম্ ॥ আগত্য শীতলা তত্র বরং দাতুং শুচিস্মিতা ॥ শীতলোবাচ। বরং বরয় বৎসে ত্বং কিং দুঃখং চারুহাসিনি। শীতলাব্রতজং পুণ্যং দেহি ত্বং ব্রাহ্মণীং শুভাম্ ॥ তেন পুণ্যপ্রভাবেণ ভর্ত্তাস্যা নির্ব্বিষো ভবেৎ ॥ ইতি দেব্যা বচঃ শ্রুত্বা অদদদ্ব্রাহ্মণীং ততঃ। বুবোধাশু ততো বিপ্রশ্চিরং সুপ্তো যথা পুনঃ। শীতলায়া ব্রতে বুদ্ধির্ব্রাহ্মণ্যাশ্চাভবত্তদা। অকরোৎ সাপি তৎপূজাং ভক্তি-ভাবপুরঃসরা ॥ তত্রান্তরে রাজপুত্র্যাঃ পতিরাগাদ্বনান্তিকম্। সোঽপি দষ্টোঽথ সর্পেণ গচ্ছন্ত্যগ্রে দদর্শ তম্ ॥ বিললাপ ততঃ সাধ্বী সখ্যা সহ বনান্তরে ॥ শীতলোবাচ। বৎসে ময়া পূর্ব্বমুক্তং স্মর তদ্বরবর্ণিনি। শীতলাব্রতচারিণ্যা

বৈধব্যং নৈব জায়তে॥ স্বয়মুখায় কল্যাণি পতিং সুপ্তং গৃহে যথা। বোধয়াশু তথা ভীরু ব্রতং বৈধব্যনাশনম্॥ ইত্যুক্তা বোধয়ামাস ভর্ত্তারং সা পতিব্রতা। ভর্ত্তাপি মুদিতো দৃষ্টা স্বাং প্রিয়াং প্রীতিমানভূৎ॥ দৃষ্টা তু মহদাশ্চর্য্যং তদ্গ্রামস্থায়িনো জনাঃ। সর্ব্বে তে বিস্ময়ং জগ্মুর্ব্রাহ্মণীপতিরক্ষণাৎ॥ ব্রাহ্মণী হর্ষিতা বৃদ্ধাং প্রণিপত্য পতিব্রতা। দেহি মাতর্মন্ত্রেহস্ত অবৈধব্যোপলব্ধয়ে॥ অন্যাপি শীতলায়াস্ত ব্রতং নারী করিষ্যতি। অবৈধব্যমদারিদ্র্যমবিয়োগং স্বভর্ত্তৃতঃ॥ তথেত্যন্তর্দ্দধে দেবী শীতলা কামরূপিণী। শীতলায়া বরং লব্ধা জগামাত্মীয়বেশ্মনি॥ পদ্মাকরাবাসিসুবিশ্ববন্দ্যা সমর্হণাসাদিতবিশ্বমঙ্গলা। প্রসাদমাসাদ্য চ শীতলায়া রাজ্ঞঃ সুতা রাজতি পার্ব্বতীব॥

ইতি ভবিষ্যপুরাণোক্তং শীতলাব্রতম্॥

---

## সত্যনারায়ণ-ব্রত। *

পূজাপদ্ধতি।—পূর্ণিমা বা সংক্রান্তি পুণ্যদিবসে অথবা যে কোনও শুদ্ধ দিনে সন্ধ্যাসময়ে সায়ংকৃত্য, আচমন ও স্বস্তিবাচন সমাপনান্তে কুশীতে তিল, তুলসী, ত্রিপত্র ও ফল লইয়া উত্তরমুখ হইয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি (মুখ্যচান্দ্রমাস) অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিসৌভাগ্যবর্দ্ধন-মনোগতাভীষ্টসিদ্ধিপূর্ব্বক-শ্রীসত্যদেব-প্রসাদলাভকামঃ স্কন্দপুরাণীয়-রেবাখণ্ডোক্ত-সত্যদেব-যথাবিধি-পূজন-কথা-শ্রবণরূপব্রতমহং করিষ্যে॥"

পরে স্বশাখোক্ত সঙ্কল্পসূক্ত পাঠ, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি (১৫২-১৬১ পৃঃ), অঙ্গন্যাস ও করন্যাস করিয়া, সত্যনারায়ণের অর্চ্চনা করিতে হয়। যথা—ওঁ মন্ত্রে প্রাণায়াম-করাঙ্গন্যাসাদি করিয়া ধ্যান করিবে। ওঁ ধ্যায়েৎ সত্যং গুণাতীতং গুণত্রয়সমন্বিতম্। লোকনাথং ত্রিলোকেশং পীতাম্বরধরং হরিম্। ইন্দীবরদলশ্যামং শঙ্খচক্রগদাধরম্। নারায়ণং চতুর্ব্বাহুং শ্রীবৎসপদভূষিতম্। গোবিন্দং গোকুলানন্দং জগতঃ

---

* সত্যনারায়ণব্রত সকল মাসেই সম্পাদন করিতে পারে, কিন্তু অনেক স্থলে অনেককে শ্রাবণ মাসে আরম্ভ করিয়া যথানিয়মে মাসে মাসে ইহা সম্পাদন করিতে দেখা যায় বলিয়া এই স্থানে লিখিত হইল।

পিতরং গুরুম্॥ ইতি ধ্যানান্তে বিশেষার্ঘ্য স্থাপন পূর্ব্বক গন্ধপুষ্পযোগে পীঠার্চ্চনা করিবে। যথা—এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ। এবং—প্রকৃত্যৈ, কমঠায়, জ্ঞানায়, কূর্ম্মায়, ক্ষীরসমুদ্রায়, রত্নদ্বীপায়, দেবতাভ্যঃ, কল্পদ্রুমায়, মণিমণ্ডপায়। গণেশাদি পঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিলোকপাল, লক্ষ্মী, সরস্বতী, আদিপুরুষ, অনাদিপুরুষ, শ্রীরাম, লক্ষ্মণ ইঁহাদিগের পূজা করিয়া পুনর্ব্বার ধ্যানান্তে পুষ্পটি পূজাধারে দিয়া "শ্রীভগবন্ সত্যনারায়ণদেব ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ। আগচ্ছ ভগবন্ দেব সর্ব্বকাম-ফলপ্রদ। মৎপূজন-সুসিদ্ধ্যর্থং সান্নিধ্যমিহ কল্পয়॥" এইরূপে আবাহন করত (শালগ্রামশিলায় আবাহন করিতে হয় না) ষোড়শোপচারে (অশক্ত হইলে পঞ্চোপচারে) "ওঁ সত্যনারায়ণায় নমঃ" মন্ত্রে পূজা করিবে।

অর্ঘ্যমন্ত্র—ওঁ ব্যক্তাব্যক্তস্বরূপায় হৃষীকপতয়ে নমঃ। ময়া নিবেদিতং ভক্ত্যা অর্ঘ্যমেতৎ প্রগৃহ্যতাম্॥

পুষ্পাঞ্জলি-মন্ত্র—ওঁ নমস্তে বিশ্বরূপায় শঙ্খচক্রধরায় চ। পদ্মনাভায় দেবায় হৃষীকপতয়ে নমঃ। নমোঽনন্তস্বরূপায় ত্রিগুণাত্মবিভাবিনে এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ সত্যনারায়ণায় নমঃ॥

পরে নৈবেদ্য নিবেদন করিতে হয়। * মন্ত্র যথা—

"ওঁ সপাদং গোধূম-চূর্ণং দুগ্ধরম্ভাদিশর্করম্। সঘৃতৈকীকৃতং সর্ব্বং নৈবেদ্যং গৃহ্যতাং প্রভো॥—এতৎ গোধূমচূর্ণ-দুগ্ধ-রম্ভা-শর্করাদ্যেকীকৃতনৈবেদ্যং ওঁ সত্য-নারায়ণায় নমঃ॥" †

পরে বাম করে গ্রাসমুদ্রা প্রদর্শন পূর্ব্বক দক্ষিণকরের কনিষ্ঠা ও অনামিকা-যোগে "প্রাণায় স্বাহা," তর্জ্জনী, মধ্যমা ও অঙ্গুষ্ঠ-যোগে "অপানায় স্বাহা," মধ্যমা, অনামা ও অঙ্গুষ্ঠ-যোগে—"সমানায় স্বাহা," তর্জ্জনী, মধ্যমা, অনামা ও অঙ্গুষ্ঠ যোগে—"উদানায় স্বাহা," অঙ্গুলী-পঞ্চক যোগে—"ব্যানায় স্বাহা" বলিতে হয়। পানার্থোদক, পুনরাচমনীয়, তাম্বূল ইত্যাদি দিয়া যথাশক্তি

* দুধ, গুড়, রম্ভা ইত্যাদি সহিত ময়দা বা তণ্ডুলচূর্ণ মিশাইয়া নৈবেদ্য দিবে। ইহার নাম শিন্নি।

† তণ্ডুলচূর্ণ হইলে "সপাদং গোধূমচূর্ণং" স্থলে "সপাদং শালিচূর্ণং" এবং "এতৎ গোধূমচূর্ণং" স্থলে "এতৎ শালিচূর্ণং" বলিবে।

জপান্তে "গুহ্যাতি" ইত্যাদি মন্ত্রে জলনিক্ষেপপাত্রে কিঞ্চিৎ জল দিয়া শেষ জপ করিবে। তৎপরে নিম্নোক্ত মন্ত্রে মণ্ডল প্রদক্ষিণ করিতে হয়, যথা—

"যানি যানি চ পাপানি সর্ব্বকালকৃতানি চ। তানি তানি বিনশ্যন্তু প্রদক্ষিণং পদে পদে ॥"

পরে পুষ্পাঞ্জলি দিয়া স্তব পাঠ করিবে। যথা,—যন্ময়া ভক্তিযোগেন পত্রং পুষ্পং ফলং জলম্। নিবেদিতঞ্চ নৈবেদ্যং তদ্গৃহাণানুকম্পয়া ॥ ত্বদীয়ং বস্তু গোবিন্দ তুভ্যমেব সমর্পয়ে। গৃহাণ সুমুখো ভূত্বা প্রসীদ পুরুষোত্তম ॥ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন। যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু বৈ ॥ অমোঘং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনম্। হৃষীকেশং জগন্নাথং বাগীশং বরদায়কম্ ॥ সগুণঞ্চ গুণাতীতং গোবিন্দং গরুড়ধ্বজম্। জনার্দ্দনং জনানন্দং জানকীজীবনং হরিম্ ॥ প্রণমামি সদা ভক্ত্যা নারায়ণং নিরঞ্জনম্ ॥ দুর্গমে বিষমে ঘোরে শত্রুণা পরিপীড়িতে। নিস্তারয়তু সর্ব্বেষু তথানিষ্টভয়েষু চ ॥ নামান্যেতানি সংকীর্ত্ত্য ঈপ্সিতং ফলমাপ্নুয়াৎ ॥ সত্যনারায়ণং দেবং বন্দেঽহং কামদং প্রভুম্। লীলয়া বিততং বিশ্বং যেন তস্মৈ নমো নমঃ ॥

পরে দক্ষিণা প্রদান পূর্ব্বক কথা শ্রবণ করিবে, যথা—

ব্রত-কথা।—ওঁ নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্। দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ ॥

একদা মুনয়ঃ সর্ব্বে সর্ব্বলোকহিতে রতাঃ। সুরম্যে নৈমিষারণ্যে গোষ্ঠীঞ্চক্রুর্মনোরমাম্ ॥ অত্রান্তরে মহাতেজা ব্যাসশিষ্যো মহাযশাঃ। সূতঃ শিষ্যগণৈর্যুক্তঃ সমায়াতো হরিং স্মরন্ ॥ তমায়ান্তং সমালোক্য সূতং শাস্ত্রার্থ-পারগম্। নেমুঃ সর্ব্বে সমুত্থায় শৌনকাদ্যাস্তপোধনাঃ ॥ সোঽপি তান্ সহসা ভক্ত্যা মুনীন্ পরমবৈষ্ণবান্। ননাম দণ্ডবদ্ভূমৌ সর্ব্বধর্ম্মবিদাং বরঃ ॥ বরাসনে মহাবুদ্ধির্দত্তে মুনিপুঙ্গবৈঃ। উবাস স সভামধ্যে সর্ব্বশিষ্য-গণৈর্বৃতঃ ॥ তত্রোপবিষ্টং তং সূতং শৌনকো মুনিসত্তমঃ। বদ্ধাঞ্জলিরিমাং বাচমুবাচ বিনয়ান্বিতঃ ॥ শৌনক উবাচ। মহর্ষে সূত সর্ব্বজ্ঞ কলিকালে সমাগতে। কেনোপায়েন ভগবন্ হরিভক্তির্ভবেন্নৃণাম্ ॥ কলৌ সর্ব্বে ভবিষ্যন্তি পাপকর্ম্মপরায়ণাঃ। বেদবিদ্যাবিহীনাশ্চ তেষাং শ্রেয়ঃ কথং ভবেৎ ॥ কলাবন্নগতপ্রাণা লোকাঃ স্বল্পায়ুষস্তথা। নির্দ্ধনাশ্চ ভবিষ্যন্তি নানা-পীড়াপ্রপীড়িতাঃ ॥ প্রয়াসসাধ্যং সুকৃতং শাস্ত্রেষু শ্রূয়তে দ্বিজ। তস্মাৎ কেঽপি করিষ্যন্তি কলৌ ন সুকৃতং জনাঃ ॥ সুকৃতেষু বিনষ্টেষু প্রবৃত্তে

পাপকর্ম্মণি। সবংশাঃ প্রলয়ং সর্ব্বে গমিষ্যন্তি দুরাশয়াঃ॥ অল্পদ্রব্যৈরল্প-বিত্তৈরল্পকালৈশ্চ সত্তম। যথা ভবেন্মহাপুণ্যং তথা কথয় সূত নঃ। যস্যোপদেশতঃ পুণ্যং পাপং বা কুরুতে জনঃ। স তদ্ভাগী ভবেন্মর্ত্ত্য ইতি শাস্ত্রেষু নিশ্চিতম্॥ পুণ্যোপদেশী সদয়ঃ কৈতবেন বিবর্জ্জিতঃ। পাপায়নবিরোধী চ চত্বারঃ কেশবোপমাঃ॥ জ্ঞানং সংপ্রাপ্য সংসারে যঃ পরেভ্যো ন যচ্ছতি। জ্ঞানরূপী হরিস্তস্মৈ প্রসন্ন ইব নেক্ষতে। জ্ঞানরত্নৈশ্চ রত্নৈশ্চ পরসন্তোষকৃন্নরঃ। স জ্ঞেয়ঃ সুকৃতী নূনং নররূপধরো হরিঃ॥ ব্রতেন তপসা বাপি প্রাপ্যতে বাঞ্ছিতং ফলম্। সর্ব্বেষাং শ্রেষ্ঠমিচ্ছামি কথয়স্ব মহামুনে॥

শ্রীসূত উবাচ।—নারদেনৈবমুক্তঃ স ভগবান্ কমলাপতিঃ। সুরর্ষয়ে যথা প্রাহ তৎ শৃণুধ্বং সমাহিতাঃ॥ একদা নারদো যোগী নরানুগ্রহকাম্যয়া। পর্য্যটন্ বিবিধান্ লোকান্ মর্ত্ত্যলোকমুপাগতঃ॥ তত্র দৃষ্ট্বা জনাঃ সর্ব্বে নানাদুঃখসমন্বিতাঃ। নানাযোনিসমুৎপন্নাঃ ক্লিশ্যন্তে পাপকর্ম্মভিঃ॥ কেনোপায়েন চৈতেষাং দুঃখনাশো ভবেদ্ধ্রুবম্। ইতি সঞ্চিন্ত্য মনসা বিষ্ণুলোকং গতস্তদা॥ তত্র নারায়ণং দেবং শুক্লবর্ণং চতুর্ভুজম্। শঙ্খ-চক্র-গদা-পদ্মবনমালা-বিভূষিতম্। দৃষ্ট্বা তং দেবদেবেশং স্তোতুং সমুপচক্রমে॥

নারদ উবাচ।—নমস্তে বাঙ্মনোঽতীত-রূপায়ানন্তশক্তয়ে। আদি-মধ্যান্তহীনায় নির্গুণায় গুণাত্মনে॥ সর্ব্বেষামাদিভূতায় ভক্তানামার্ত্তিনাশিনে। শ্রুত্বা স্তোত্রং ততো বিষ্ণুর্নারদং প্রত্যভাষত॥

শ্রীভগবানুবাচ।—কিমর্থমাগতোঽসি ত্বং কিং তে মনসি বর্ত্ততে। কথয়স্ব মহাভাগ তৎসর্ব্বং মম চাগ্রতঃ॥

নারদ উবাচ।—মর্ত্ত্যলোকে জনাঃ সর্ব্বে নানাক্লেশসমন্বিতাঃ। নানাযোনি-সমুৎপন্নাঃ পচ্যন্তে পাপকর্ম্মভিঃ॥ তৎসর্ব্বং শময়েন্নাথ লঘূপায়েন তদ্বদ। শ্রোতুমিচ্ছামি তৎসর্ব্বং কৃপাস্তি যদি তে ময়ি॥

শ্রীভগবানুবাচ।—সাধু পৃষ্টং ত্বয়া বৎস লোকানুগ্রহকাম্যয়া। যৎ কৃত্বা মুচ্যতে মোহাৎ তৎ শৃণুষ্ব বদামি তে॥ ব্রতমস্তি মহাপুণ্যং স্বর্গে ভুবি সুদুর্লভম্। তব স্নেহান্ময়া বিপ্র প্রকাশঃ ক্রিয়তেঽধুনা॥ সত্যনারায়ণস্যৈতদ্-ব্রতং সম্যগ্বিধানতঃ। কৃত্বা নরঃ সুখং ভুক্ত্বা পরে মোক্ষমবাপ্নুয়াৎ॥ তচ্ছ্রুত্বা ভগবদ্বাক্যং নারদঃ পুনরব্রবীৎ॥

নারদ উবাচ।—কিং ফলং কিং বিধানঞ্চ কৃতং বা কেন তদ্ব্রতম্। তৎ সর্ব্বং বিস্তরাদ্ব্রূহি কদা কার্য্যং ব্রতং হি তৎ॥

শ্রীভগবানুবাচ।—দুঃখশোকাদিশমনং ধনধান্যবিবর্দ্ধনম্। সৌভাগ্যসন্ততি-করং সর্ব্বত্র বিজয়প্রদম্॥ যস্মিন্ কস্মিন্ দিনে মর্ত্ত্যো ভক্তিশ্রদ্ধাসমন্বিতঃ। সত্যনারায়ণং দেবং যজেত্তুষ্টো নিশামুখে। বান্ধবৈর্ব্রাহ্মণৈশ্চৈব সহিতো ধর্ম্ম-তৎপরঃ। নৈবেদ্যং ভক্তিতো দদ্যাৎ সপাদং ভক্ষ্যমুত্তমম্॥ রম্ভাফলং ঘৃতং ক্ষীরং গোধূমস্য চ চূর্ণকম্। অভাবে শালিচূর্ণং বা শর্করাং বা গুড়ং তথা॥ সপাদং সর্ব্বভক্ষ্যাণি একীকৃত্য নিবেদয়েৎ। বিপ্রায় দক্ষিণাং দদ্যাৎ কথাং শ্রুত্বা জনৈঃ সহ॥ ততশ্চ বন্ধুভিঃ সার্দ্ধং বিপ্রেভ্যঃ প্রতিপাদয়ন্। প্রসাদং ভক্ষয়েদ্ভক্ত্যা নৃত্যগীতাদিকং চরেৎ॥ ততঃ স্বত্বা গৃহং গচ্ছেৎ সত্যনারায়ণং স্মরন্। এবং কৃতে মনুষ্যাণাং বাঞ্ছাসিদ্ধির্ভবেদ্ধ্রুবম্॥ বিশেষতঃ কলিযুগে নান্যোপায়োঽস্তি ভূতলে। কথামস্য প্রবক্ষ্যামি কৃতকৃত্যো ভবেদ্দ্বিজ॥

কশ্চিৎ কাশীপুরে গ্রামে আসীদ্বিপ্রশ্চ নির্ধনঃ। ক্ষুত্তৃষ্ণাভ্যাকুলো ভূত্বা সততং ভ্রমতে মহীম্॥ দুঃখিতং ব্রাহ্মণং দৃষ্ট্বা ভগবান্ ব্রাহ্মণপ্রিয়ঃ। বৃদ্ধব্রাহ্মণ-রূপেণ পপ্রচ্ছ দ্বিজমাদরাৎ॥

বৃদ্ধব্রাহ্মণ উবাচ।—কিমর্থং ভ্রমসে বিপ্র মহীং কৃৎস্নাং সুদুঃখিতঃ। তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি কথ্যতাং যদি রোচতে॥

ব্রাহ্মণ উবাচ।—ব্রাহ্মণোঽতিদরিদ্রোঽহং ভিক্ষার্থং ভ্রমণং মম। উপায়ং যদি জানাসি কৃপয়া কথয় প্রভো॥

বৃদ্ধব্রাহ্মণ উবাচ।—সত্যনারায়ণো বিষ্ণুর্বাঞ্ছিতার্থফলপ্রদঃ। তস্য ত্বং দ্বিজশার্দ্দূল কুরুষ ব্রতমুত্তমম্॥ যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ॥

শ্রীভগবানুবাচ।—বিধানঞ্চ ব্রতস্যাস্য বিপ্রায়াভাষ্য যত্নতঃ। সত্যনারায়ণো বৃদ্ধস্তত্রৈবান্তরধীয়ত॥ ততোঽসৌ মনসা বিপ্রশ্চিন্তয়ামাস ঈশ্বরম্। ব্রতং নারা-য়ণেনোক্তং বিদিত্ব মন্দিরং যযৌ॥ ততোঽহং তৎ করিষ্যামি ব্রতং মনসি নিশ্চিতম্। ইতি নিশ্চিত্য বিপ্রোঽসৌ রাত্রৌ নিদ্রাং ন লব্ধবান্॥ ততঃ প্রাতঃ সমুত্থায় সত্যনারায়ণ-ব্রতম্। করিষ্যেঽহঞ্চ সঙ্কল্প্য ভিক্ষার্থমগমদ্দ্বিজঃ। তস্মিন্নেব দিনে বিপ্রঃ প্রচুরং দ্রব্যমাপ্তবান্॥ তেনৈব বন্ধুভিঃ সার্দ্ধং সত্যস্য ব্রতমাচরন্। সর্ব্বদুঃখবিনির্ম্মুক্তঃ সর্ব্বসম্পৎ-সমন্বিতঃ॥ বভূব স দ্বিজশ্রেষ্ঠো ব্রতস্যাস্য প্রসাদতঃ। ততঃ প্রভৃতি কালঞ্চ মাসি মাসি ব্রতং কৃতম্॥ এবং নারায়ণাদেব ব্রতং জ্ঞাত্বা দ্বিজোত্তমঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দুর্লভং মোক্ষমাপ্তবান্॥ ব্রতমেতদ্যদা বিপ্র পৃথিব্যাং সঞ্চরিষ্যতে। তদেব সর্ব্বদুঃখং হি মানবানাং বিনশ্যতি॥

সূত উবাচ।—এবং নারায়ণেনোক্তং নারদায় মহাত্মনে। ময়াপি কথিতং বিপ্রাঃ কিমন্যৎ কথয়ামি বঃ ॥

ঋষয় উচুঃ।—তস্মাদ্‌বিপ্রাদ্‌ব্রতং কেন পৃথিব্যাং চরিতং মুনে। তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামঃ শ্রদ্ধাস্মাকং প্রজায়তে ॥

সূত উবাচ।—শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে তস্মাদ্‌যেন কৃতং ভুবি ॥ একদা স দ্বিজবরো যথা-বিভববিস্তরৈঃ। বন্ধুভিঃ স্বজনৈঃ সার্দ্ধং ব্রতং কর্ত্তুং সমুদ্যতঃ ॥ এতস্মিন্নন্তরে কালে কাষ্ঠকেতুঃ সমাগতঃ। বহিঃ কাষ্ঠঞ্চ সংস্থাপ্য বিপ্রস্য মন্দিরং যযৌ ॥ তৃষ্ণয়া পীড়িতো ভূত্বা বিপ্রং দৃষ্ট্বা তথাবিধম্। প্রণিপত্য দ্বিজং প্রাহ কিমিদং ক্রিয়তে ত্বয়া। কৃতে কিং ফলমাপ্নোতি বিস্তরাদ্‌বদ মে প্রভো ॥

বিপ্র উবাচ।—সত্যনারায়ণস্যেদং ব্রতং সর্ব্বেপ্সিতপ্রদম্। দুঃখদারিদ্র্য-শমনং পুত্রপৌত্রবিবর্দ্ধনম্। তস্য প্রসাদান্মে সর্ব্বং ধনধান্যাদিকং মহৎ ॥ ততস্তদ্‌-বচনং শ্রুত্বা কাষ্ঠহর্ত্তাতিহর্ষিতঃ। পপৌ জলং প্রসাদঞ্চ ভুক্ত্বা তন্নগরং যযৌ ॥ সত্যনারায়ণং দেবং চিন্তয়ন্ স্থিরমানসঃ। কাষ্ঠং বিক্রীয় নগরে প্রাপ্স্যামি চাদ্য যদ্ধনম্। তেনৈব সত্যদেবস্য করিষ্যে ব্রতমুত্তমম্ ॥ ইতি সঞ্চিন্ত্য মনসা কাষ্ঠং কৃত্বা তু মস্তকে। জগাম নগরং রম্যং ধনিনাং যত্র সংস্থিতিঃ ॥ তদ্দিনে কাষ্ঠমূল্যঞ্চ দ্বিগুণং প্রাপ্তবানসৌ ॥ ততঃ প্রসন্নহৃদয়ঃ সুপক্কং কদলীফলম্। শর্করাং ঘৃতদুগ্ধঞ্চ গোধূমস্য চ চূর্ণকম্। প্রত্যেকস্তু সপাদঞ্চ গৃহীত্বা স্বপুরং যযৌ ॥ ততো বন্ধূন্ সমাহূয় চকার বিধিনা ব্রতম্। তদ্‌ব্রতস্য প্রসাদেন ধন-পুত্রান্বিতোঽভবৎ ॥ ইহলোকে সুখং ভুক্ত্বা চান্তে সত্যপুরং যযৌ ॥ পুনরন্যৎ প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিপুঙ্গবাঃ ॥

ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে বিপ্রকাষ্ঠকেতুসংবাদো নাম
দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সূত উবাচ।—আসীদুল্কামুখো নাম নৃপতির্বলিনাং বরঃ। জিতেন্দ্রিয়ঃ সত্যবাদী যযৌ দেবালয়ং প্রতি ॥ দিনে দিনে ধনং দত্ত্বা দ্বিজং সন্তোষয়েৎ সুধীঃ ॥ তস্য ভার্য্যা প্রমুগ্ধা চ সরোজবদনা সতী। ভদ্রশীলা ব্রতং সত্যং সিন্ধুতীরেঽকরোন্মুনে ॥ এতস্মিন্নেব সময়ে সাধুরেকঃ সমাগতঃ। বাণিজ্যার্থং বহুবিধৈ রত্নাদ্যৈঃ পরিপূরিতাম্ ॥ নাবং সংস্থাপ্য তত্তীরে জগাম তত্তটং প্রতি। দৃষ্ট্বা তত্র ব্রতং সম্যক্ পপ্রচ্ছ বিনয়ান্বিতঃ ॥

সাধুরুবাচ।—কিমিদং ক্রিয়তে রাজন্ ভক্তিযুক্তেন চেতসা। প্রকাশং কুরু তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি সাম্প্রতম্ ॥

রাজোবাচ।—পূজনং ক্রিয়তে সাধো বিষ্ণোরতুলতেজসঃ। ব্রতঞ্চ স্বজনৈঃ সার্দ্ধং পুত্রাদিপ্রাপ্তয়ে মুদা॥ প্রত্যুবাচ ততো নত্বা রাজানং সাদরং বচঃ। সাঙ্গং কথয় মে রাজন্ ব্রতমেতৎ করোম্যহম্। মমাপি সন্ততির্নাস্তি এতস্মাজ্ঞ্বিতা ধ্রুবম্॥ ততঃ শ্রুত্বা চ বিধানং রাজ্ঞো বৈ সাধুরুত্তমঃ। বিনিবৃত্য চ বাণিজ্যাৎ সানন্দং গৃহমাযযৌ কিয়দ্দিনে তস্য ভার্য্যাভবদ্‌গর্ভবতী সতী। গর্ভযুক্তানন্দচিত্তাঽভবদ্ধর্ম্মপরায়ণা পূর্ণে গর্ভে ততো জাতা বালিকা চাতিসুন্দরী। দিনে দিনে বর্দ্ধমানা শুক্লপক্ষে যথা শশী॥ ততো বণিক্‌সুতায়াশ্চ জাতকাদীন্ সমাপ্য চ। নাম্না কলাবতী চেতি তন্নামকরণং কৃতম্॥ ততো লীলাবতী প্রাহ স্বামিনং মধুরং বচঃ। ন করোষি কিমর্থং বা পুরা যচ্চ প্রতিশ্রুতম্॥

সাধুরুবাচ।—বিবাহসময়েঽপ্যস্যাঃ করিষ্যামি ব্রতং প্রিয়ে। ইতি ভার্য্যাং সমাশ্বাস্য জগাম তত্তটং প্রতি॥ ততঃ কলাবতী কন্যা বর্দ্ধিতা পিতৃবেশ্মনি॥ দৃষ্ট্বা কন্যাং ততঃ সাধুর্নগরে বন্ধুভিঃ সহ। মন্ত্রয়িত্বা দ্রুতং দূতং প্রেষয়ামাস ধর্ম্মবিৎ। বিবাহার্থঞ্চ কন্যায়া বরং শ্রেষ্ঠং বিচারয়ন্॥ তেনাজ্ঞপ্তস্ততঃ সোঽসৌ কাঞ্চনং নগরং যযৌ। তস্মাদেকং বণিক্‌পুত্রং সমাদায়াগতো হি সঃ॥ দৃষ্ট্বা তু সুন্দরং বালং বণিক্‌পুত্রং গুণান্বিতম্। জ্ঞাতিভির্বন্ধুভিঃ সার্দ্ধং পরিতুষ্টেন চেতসা। দত্তবান্ সাধুপুত্রায় কন্যাং বিধিবিধানতঃ॥ ততোঽভাগ্যবশাত্তেন বিস্মৃতং ব্রতমুত্তমম্। বিবাহসময়েঽপ্যস্যাস্তেন রুষ্টোঽভবদ্বিভুঃ॥ ততঃ কালেন কিয়তা নিজধর্ম্মবিশারদঃ। বাণিজ্যার্থং গতঃ শীঘ্রং জামাত্রা সহিতো বণিক্। পুরীং নির্ম্মায় নগরে চন্দ্রকেতোর্নৃপস্য চ॥ এতস্মিন্নেব কালে তু সত্যনারায়ণঃ প্রভুঃ। ভ্রষ্টপ্রতিজ্ঞমালোক্য শাপং তস্মৈ প্রদত্তবান্॥ অদ্যারভ্য কিয়ৎকালং দুঃখন্তেঽত্র ভবিষ্যতি॥ তস্মিন্নেব দিনে রাজ্ঞো ধনমাদায় তস্করঃ। তেনৈব বর্ত্মনায়াতঃ পৃষ্ঠদেশং বিলোকয়ন্॥ তৎপশ্চাৎ ধাবতো দূতান্ দৃষ্ট্বা ভীতেন চেতসা। ধনং সংস্থাপ্য তত্রৈব গতঃ শীঘ্রমলক্ষিতঃ॥ ততো দূতাঃ সমায়াতা যত্রাস্তি সজ্জনো বণিক্॥ দৃষ্ট্বা ভূপ-ধনং তত্র বদ্ধা দূতা বণিক্‌সুতৌ। হর্ষযুক্তা ধাবমানা উচুর্নৃপসমীপতঃ॥ তস্করৌ দ্বৌ সমানীতৌ বিলোক্যাজ্ঞাপয় প্রভো॥ তেনাজ্ঞপ্তেস্ততঃ শীঘ্রং দৃঢ়ং বদ্ধা তু তাবুভৌ। স্থাপিতৌ দ্বৌ মহাদুর্গে কারাগারে বিচারতঃ॥

সূত উবাচ।—মায়য়া সত্যদেবস্য ন শ্রুতঞ্চ তয়োর্বচঃ। ততস্তয়োর্ধনং যচ্চ গৃহীতং চন্দ্রকেতুনা॥ তচ্ছাপাচ্চ তয়োর্গেহে ভার্য্যাপি দুঃখিতাভবৎ।

চৌরেণাপহৃতং সর্ব্বং গেহে যচ্চ স্থিতং ধনম্॥ আধিব্যাধিসমাযুক্তা ক্ষুৎপিপাসাপ্রপীড়িতা। অন্নচিন্তাপরা ভূত্বা ভ্রমতে চ গৃহে গৃহে॥ তথা কলাবতী কন্যা ভ্রমতে প্রতিবাসরম্॥ একদা সা তু ভবনাৎ ক্ষুধার্ত্তা দ্বিজমন্দিরম্। গত্বাঽপশ্যদ্‌ব্রতং তত্র সত্যনারায়ণস্য চ॥ উপবিশ্য কথাং শ্রুত্বা বরং সম্প্রার্থ্য বাঞ্ছিতম্। প্রসাদভক্ষণং কৃত্বা যযৌ রাত্রৌ গৃহং প্রতি॥ ততো লীলাবতী কন্যাং ভৎর্সয়ামাস তাং ভৃশম্। পুত্রি রাত্রৌ স্থিতা কুত্র কিন্তে মনসি বর্ত্ততে॥

কলাবত্যুবাচ। দ্বিজালয়ে ব্রতং মাতর্দৃষ্টং বাঞ্ছিতসিদ্ধিদম্॥ তচ্ছ্রুত্বা কন্যকাবাক্যং ব্রতং কর্ত্তুং সমুদ্যতা। সমুতা সা বণিগ্‌ভার্য্যা সত্যনারায়ণস্য চ॥ ব্রতং চক্রে চ বৈ সাধ্বী বন্ধুভিঃ স্বজনৈঃ সহ॥ ভর্ত্তৃজামাতরৌ ক্ষিপ্রমাগচ্ছেতাং মমাশ্রমম্। ইতি দেবং বরং যাচে সত্যদেবং পুনঃ পুনঃ। অপরাধন্তু ভর্ত্তুর্মে জামাতুঃ ক্ষন্তুমর্হসি॥ ব্রতেন তস্যাস্তুষ্টোঽসৌ সত্যনারায়ণঃ প্রভুঃ। দর্শয়ামাস স্বপ্নং হি চন্দ্রকেতুং নৃপোত্তমম্॥ বন্দী তৌ মোচয় প্রাতর্বণিজৌ নৃপসত্তম। দেয়ং ধনঞ্চ তৎসর্ব্বং বিধিনা দ্বিগুণীকৃতম্। নোচেৎ ত্বাং নাশয়িষ্যামি সরাজ্যধনপুত্রকম্॥ এবমাভাষ্য রাজানং ধ্যানগম্যোঽভবৎ প্রভুঃ॥ ততঃ প্রভাতসময়ে রাজা চ স্বজনৈঃ সহ। উপবিশ্য সভামধ্যে প্রাহ দূতজনং প্রতি॥ বদ্ধৌ মহাজনৌ ক্ষিপ্রমানয়ত্বান্তিকং মম॥ ততো দূতা দ্রুতং গত্বা সমানিন্যুর্ব্বণিক্‌সুতৌ। তৌ চ নত্বা বণিক্‌পুত্রৌ চন্দ্রকেতুং নৃপোত্তমম্। স্মৃত্বা চ পূর্ব্ববৃত্তান্তং বিস্ময়াত্তুরবিহ্বলৌ॥ রাজা বণিক্‌সুতৌ বীক্ষ্য প্রোবাচ সাদরং বচঃ॥ দৈবাৎ প্রাপ্তং মহৎ কষ্টমিদানীং নাস্তি তদ্ভয়ম্। ইদানীমেব মুক্তস্ত্বং ক্ষৌরকর্ম্মাদিকং চর॥ ততো নৃপবরঃ শ্রীমান্ স্বর্ণরত্নবিভূষণৈঃ। অলঙ্কৃত্য বণিক্‌পুত্রৌ বচসাপ্রীণয়দ্‌ভৃশম্॥ পুরা নীতঞ্চ যদ্দ্রব্যং দ্বিগুণীকৃত্য দত্তবান্। প্রোবাচ তৌ ততো রাজা গচ্ছ সাধো নিজাশ্রমম্॥ স সাধুশ্চ প্রহৃষ্টাত্মা হর্ষগদ্‌গদমানসঃ। রাজানং প্রণিপত্যাহ গন্তব্যং ত্বৎপ্রসাদতঃ॥ যাত্রাং কৃত্বা ততঃ সাধুর্ম্মঙ্গলাচারপূর্ব্বকম্। ব্রাহ্মণেভ্যো ধনং দত্ত্বা সহর্ষো নগরং যযৌ॥ কিয়দ্দূরে গতে সাধৌ সত্যনারায়ণঃ প্রভুঃ। জিজ্ঞাসাং কৃতবান্ সাধো কিমস্তি তরণৌ তব। ততো মহাজনো মত্তো হেলয়া হ প্রহস্য চ॥ কথং পৃচ্ছসি ভো দণ্ডিন্ মুদ্রাং কিং লব্ধুমিচ্ছসি॥ লতাপত্রাদিকঞ্চৈব বর্ত্ততে তরণৌ মম॥ নিষ্ঠুরঞ্চ বচঃ শ্রুত্বা সত্যং ভবতু তে বচঃ। এবমুক্ত্বা গতঃ শীঘ্রং দণ্ডী তস্য সমীপতঃ॥ কিয়দ্দূরে ততো গত্বা স্থিতঃ সিন্ধুসমীপতঃ॥ গতে দণ্ডিনি সাধুশ্চ কৃতনিত্যক্রিয়স্তদা। উত্থায় তরণীং

দৃষ্ট্বা বিস্ময়ং পরমং যযৌ ॥ লতাপত্রাদিকং দৃষ্ট্বা মূর্চ্ছিতো হ্যপতদ্ভুবি ॥ লব্ধসংজ্ঞো বণিক্-পুত্রস্ততশ্চিন্তাপরোঽভবৎ। শ্বশুরং দুহিতুঃ কান্তো বচনঞ্চেদমব্রবীৎ ॥

জামাতোবাচ।—কিমর্থং কুরুতে শোকং শাপাদেতচ্চ দণ্ডিনঃ। শক্যস্তে তেন সর্ব্বং হি কর্ত্তুং হর্ত্তুং ন সংশয়ঃ। ততস্তচ্ছরণং যামো বাঞ্ছিতার্থো ভবিষ্যতি ॥ জামাতুশ্চ বচঃ শ্রুত্বা তৎসকাশং গতস্তদা। দৃষ্ট্বা চ দণ্ডিনং ভক্ত্যা নত্বা প্রোবাচ সত্বরম্ ॥ ক্ষমস্ব চাপরাধং মে যদুক্তং তব সন্নিধৌ। ময়া দুরাত্মনা দেব মুগ্ধোঽহং তব মায়য়া ॥ যদুক্তং তদ্বচো নাথ তুষ্টং মে ক্ষন্তুমর্হসি। যতঃ পরকৃপাঃ সর্ব্বে ক্ষমাসারা হি সাধবঃ ॥ পুনঃ পুনস্ততো নত্বা রুরোদ শোকবিহ্বলঃ ॥ তমুবাচ ততো দণ্ডী বিলপন্তং বিলোক্য চ। মা রোদীঃ শৃণু মে বাক্যং ভূত্বা পূজাপরাঙ্মুখঃ ॥ মামবজ্ঞায় দুর্ব্বুদ্ধে লব্ধং দুঃখং মুহুর্ম্মুহুঃ। তচ্ছ্রুত্বা ভগবদ্বাক্যং স্তুতিং কর্ত্তুং সমুদ্যতঃ ॥

সাধুরুবাচ।—ত্বন্মায়ামোহিতাঃ সর্ব্বে ব্রহ্মাদ্যাস্ত্রিদিবৌকসঃ। ন জানন্তি গুণং রূপং তবাশ্চর্য্যমিদং প্রভো ॥ মূঢ়োঽহং ত্বাং কথং জানে মোহিতস্তব মায়য়া। প্রসীদ পূজয়িষ্যামি যথাবিভববিস্তরৈঃ ॥ পুত্রং বিত্তঞ্চ মচ্চিত্তং পাহি মাং শরণাগতম্ ॥ শ্রুত্বা ভক্তিযুতং বাক্যং পরিতুষ্টো জনার্দ্দনঃ। বরঞ্চ বাঞ্ছিতং দত্ত্বা তত্রৈবান্তরধীয়ত ॥ ততোঽসৌ নাবমারুহ্য দৃষ্ট্বা রত্নাদি-পূরিতাম্। কৃপয়া সত্যদেবস্য সৎফলং বাঞ্ছিতং মম ॥ ইত্যুক্ত্বা স্বজনৈঃ সার্দ্ধং পূজাং কৃত্বা যথা-বিধি। হর্ষেণ মহতা সাধুঃ প্রয়াণমকরোদ্দ্বিজ ॥ নাবং সংযোজ্য বেগেন স্বদেশমগমত্তদা ॥ ততো জামাতরং প্রাহ পশ্য বৎস পুরীং মম। দূতঞ্চ প্রেষয়ামাস নিজবিত্তস্য রক্ষকম্ ॥ ততোঽসৌ নগরং গত্বা সাধুভার্য্যাং বিলোক্য চ। উবাচ বাঞ্ছিতং বাক্যং নত্বা বদ্ধাঞ্জলিস্তদা ॥ নিকটে নগরস্যৈব জামাত্রা সহিতো বণিক্। আগতো বন্ধুবর্গৈশ্চ ধনৈর্ব্বহুবিধৈস্তথা ॥ শ্রুত্বা দূতমুখাদ্বাক্যং মহাহর্ষযুতা সতী। সত্যপূজাং ততঃ কৃত্বা প্রোবাচ তনুজাং প্রতি ॥ ব্রজামি শীঘ্রমাগচ্ছ সাধুসন্দর্শনায় চ ॥ ইতি মাতৃবচঃ শ্রুত্বা ব্রতং কৃত্বা সমাপ্য চ। প্রসাদং সম্পরিত্যজ্য গতা সা চ পতিং প্রতি ॥ তেন রুষ্টঃ সত্যদেবো ভর্ত্তারং তরণীং তথা। সংহৃত্য চ ধনৈঃ সার্দ্ধং জলে তস্মিন্ সমর্পয়ৎ ॥ ততঃ কলাবতী কন্যা নালোক্য বণিজং পতিম্। শোকেন মহতা তত্র রুদতী চাপতদ্ভুবি ॥ দৃষ্ট্বা তথাবিধাং কন্যাং ন দৃষ্ট্বা তু পতিং তরীম্। ভয়েন মহতা সাধুঃ কিমাশ্চর্য্যমিদং মহৎ ॥ বিচিন্তয়ন্তস্তে সর্ব্বে বভূবুস্তরিবাহকাঃ ॥ ততো লীলাবতী সাধ্বী দৃষ্ট্বা তদ্বিহ্বলা সতী। বিললাপাতিদুঃখেন ভর্ত্তারঞ্চেদমব্রবীৎ ॥ ইদানীং

নৌকয়া সার্দ্ধমদৃশ্যোঽভূদলক্ষিতম্। ন জানে কেন দৈবেন হেলয়া বাপহারিতঃ॥ সত্যদেবস্য মাহাত্ম্যং কিং জ্ঞাতুং ন হি শক্যতে। ইত্যুক্ত্বা বিললাপাথ তত্রস্থা স্বজনৈঃ সহ॥ ততো লীলাবতী কন্যাং ক্রোড়ে কৃত্বা রুরোদ চ॥ ততঃ কলাবতী কন্যা নষ্টে স্বামিনি দুঃখিতা। গৃহীত্বা পাদুকাং তস্য অনুগন্তুং মনো দধে॥ কন্যায়াশ্চরিতং দৃষ্ট্বা সভার্য্যঃ সজনো বণিক্। অতিশোকেন সন্তপ্তশ্চিন্তয়ামাস ধর্ম্মবিৎ॥ হৃতো হি সত্যদেবেন জামাতা সত্যমায়য়া। সত্যপূজাং করিষ্যামি যথাবিভববিস্তরৈঃ॥ ইতি সর্ব্বান্ সমাহূয় কথিতঞ্চ মনোরথম্। নত্বা চ দণ্ডবদ্ভূমৌ সত্যদেবং পুনঃ পুনঃ॥ ততস্তুষ্টঃ সত্যদেবো গগনাদ্বণিজং প্রতি। জগাদ বচনঞ্চেদং নৈবেদ্যমবমন্য চ। আগতা স্বামিনং দ্রষ্টুমতোঽদৃশ্যোঽভবৎ প্রভুঃ॥ গৃহং গত্বা প্রসাদঞ্চ ভুক্ত্বা চায়াতু সা পুনঃ। লব্ধভর্তৃসুখা সাধো ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ততশ্চ প্রাণদং বাক্যং শ্রুত্বা গগনমণ্ডলাৎ। ক্ষিপ্রং তদা গৃহং গত্বা প্রসাদং প্রতিভুজ্য চ। অপশ্যৎ পুনরাগত্য পতিং নাবং জনৈঃ সহ॥ ততঃ কলাবতী তুষ্টা জগাদ পিতরং প্রতি। এহি তাত গৃহং যাহি বিলম্বং কুরুষে কথম্॥ তচ্ছ্রুত্বা কন্যকাবাক্যং সন্তুষ্টোঽভূদ্বণিক্সুতঃ॥ পূজনং সত্যদেবস্য কৃত্বা বিধিবিধানতঃ। ধনৈর্বন্ধুজনৈঃ সার্দ্ধং জগাম নিজমন্দিরম্॥ পৌর্ণমাস্যাঞ্চ সংক্রান্ত্যাং পূজাং কৃত্বা যথাবিধি। ইহলোকে সুখী ভূত্বা চান্তে সত্যপুরং যযৌ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে রেবাখণ্ডে শ্রীসত্যনারায়ণকথায়াং বণিক্সাধুমোক্ষবর্ণনো নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥

সূত উবাচ।—অথ চান্যৎ প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিসত্তমাঃ॥ আসীদ্বংশধ্বজো রাজা প্রজাপালনতৎপরঃ। প্রসাদং সত্যদেবস্য ত্যক্ত্বা দুঃখমবাপ সঃ॥ একদা স বনং গত্বা হত্বা চ বিবিধান্ মৃগান্। আগত্য বটমূলে চ দৃষ্ট্বা সত্যস্য পূজনম্। গোপাঃ কুর্ব্বন্তি সন্তুষ্টা ভক্তিযুক্তাঃ সবান্ধবাঃ॥ রাজা দৃষ্ট্বা তু দর্পেণ নাগতো ন ননাম সঃ॥ ততো গোপগণাঃ সর্ব্বে প্রসাদং নৃপসন্নিধৌ। সংস্থাপ্য পুনরাগত্য ভুক্ত্বা স্থিতা যথেপ্সিতম্॥ ততঃ প্রসাদং সন্ত্যজ্য রাজা দুঃখমবাপ সঃ। তস্য পুত্রশতং নষ্টং ধনধান্যাদিকঞ্চ যৎ॥ সত্যদেবেন তৎসর্ব্বং নাশিতং মম নিশ্চিতম্। অতস্তত্রৈব গচ্ছামি যত্র দেবস্য পূজনম্॥ মনসেতি বিনিশ্চিত্য যযৌ গোপালসন্নিধিম্॥ ততোঽসৌ সত্যদেবস্য পূজাং গোপগণৈঃ সহ। ভক্তিশ্রদ্ধান্বিতো ভূত্বা চকার বিধিবন্নৃপঃ॥ সত্যদেবপ্রসাদেন ধনপুত্রান্বিতোঽভবৎ। ইহলোকে সুখী ভূত্বা চান্তে বিষ্ণুপুরং যযৌ॥ য ইদং কুরুতে সত্যব্রতং পরমদুর্লভম্। শৃণোতি চ কথাং পুণ্যাং ভুক্তিমুক্তিফলপ্রদাম্॥ ধনধান্যাদিকং

তস্য ভবেৎ সত্যপ্রসাদতঃ॥ দরিদ্রো লভতে বিত্তং বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ। ভীতো ভয়াৎ প্রমুচ্যেত সত্যমেতন্ন সংশয়ঃ॥ ঈপ্সিতঞ্চ ফলং ভুক্ত্বা চান্তে সত্যপুরং ব্রজেৎ॥ ইতি বঃ কথিতং বিপ্রাঃ সত্যনারায়ণব্রতম্। যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ। বিশেষতঃ কলিযুগে সত্যপূজা-কথা-ফলম্। সত্যনারায়ণং কেচিৎ সত্যদেবং তথা পরে॥ সত্য ইত্যেব বা কেচিৎ প্রবদন্তি মনীষিণঃ। নানারূপধরো ভূত্বা সর্ব্বেষামীপ্সিতপ্রদঃ। ভবিষ্যতি কলৌ সত্যব্রতরূপী সনাতনঃ॥ য ইদং পঠতে নিত্যং শৃণোতি মুনিসত্তমাঃ। তস্য নশ্যন্তি পাপানি সত্যদেবপ্রসাদতঃ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে রেবাখণ্ডে সত্যনারায়ণব্রতকথা সমাপ্তা॥

---

## সত্যনারায়ণের পাঁচালী।

নমঃ সত্যনারায়ণ করিয়া বন্দন।
ক্রমে ক্রমে বন্দিলাম সর্ব্ব-দেবগণ॥
কলিযুগে নারায়ণ পূজার কারণ।
অধিষ্ঠান হইলেন অবনীভবন॥
দরিদ্র ব্রাহ্মণ এক ছিল মথুরায়।
না জানে সুখের লেশ দুঃখে কাল যায়॥
একদিন সেই দ্বিজ ভ্রমিয়া নগর।
কিছু না পাইয়া ভিক্ষা হইয়া কাতর॥
বৃক্ষতলে বসিলেন বিরস-বদনে।
কতক্ষণ কান্দিলেন দুঃখ ভাবি মনে॥
দয়ালু হইয়া মনে সত্যনারায়ণ।
ফকিরের বেশেতে দিলেন দরশন॥
ব্রাহ্মণে কহেন শুন দ্বিজ মহাশয়।
কি কারণে কান্দিতেছ বসিয়া ধরায়॥
দ্বিজ বলে কি হইবে কহিলে তোমায়।
ফকির বলেন দ্বিজ হানি কিবা তায়॥
ব্রাহ্মণ বলেন নিত্য ভিক্ষা মাগি খাই।
আজি না পাইয়া ভিক্ষা দুঃখ ভাবি তাই॥
ফকির বলেন দ্বিজ যাহ নিজ পুর।
আমারে পূজিলে তব দুঃখ যাবে দূর॥
দ্বিজ বলে নিত্য পূজি শিলা নারায়ণ।
তাহা ভিন্ন না করিব যবনাচরণ॥
ফকির কহেন হাসি শুন দ্বিজবর।
পুরাণ কোরাণ কিছু নহে মতান্তর॥
যেই রাম সে রহিম নাম এক হয়।
ত্রিভুবনে নাহি দুই জানিবা নিশ্চয়॥
বলিতে কহিতে কথা অখিলের নাথ।
শঙ্খ-চক্র-গদা-পদ্ম হৈলা চারি হাত॥
এরূপ দেখিয়া দ্বিজ পড়িলা ধরণী।
অনেক করিল স্তব গদগদ বাণী॥
দেখিতে দেখিতে পুনঃ ফকির হইল।
তাহা দেখি ব্রাহ্মণের আশ্চর্য্য লাগিল॥
ব্রাহ্মণ কহেন প্রভু পূজিব তোমায়।
কিরূপে পূজিব বল ধরি তব পায়॥
কহিছে ফকির শুন শুন দ্বিজবর।
যেরূপে করিবে পূজা সভার ভিতর॥

গোধূম ধান্যাদি চাই সওয়াসের গুঁড়া ।
সওয়া গণ্ডা গুবাক পান রম্ভা সওয়া ছড়া ॥
সওয়াসের চিনি কিংবা খাঁড় গুড় দিবে ।
ক্ষীর কিংবা দুগ্ধ দিয়া ভক্তিতে পূজিবে ॥
এই সব সামগ্রী করিয়া আয়োজন ।
চতুর্দ্দিকে বসিবেক যত ভক্তগণ ॥
গুণকথা আমার শুনিবে সাবধানে ।
যতনে পূজিবে তথা বিবিধ বিধানে ॥
সত্যপীর বলি সবে শিরে দিবে হাত ।
নারায়ণ বলিয়া করিবে প্রণিপাত ॥
প্রসাদ লইবে সবে এই ত বিধান ।
এত বলি নারায়ণ হৈলা অন্তর্দ্ধান ॥
ভাবে গদগদ দ্বিজ মনে হরষিত ।
ঘর কত ভ্রমিয়া গৃহেতে উপনীত ॥
ব্রাহ্মণী শুনিয়া হর্ষে হইলেন ব্যস্ত ।
সিরণীর আয়োজন করেন সমস্ত ॥
যথাবিধি পূজিলেন নারায়ণপদ ।
রাতারাতি ব্রাহ্মণের অতুল সম্পদ ॥
কাঠুরিয়াগণ দেখি বিস্মিত হইল ।
ভক্তি করি দ্বিজবরে জিজ্ঞাসা করিল ॥
শুনি দ্বিজ কহিলেন বিধান সমস্ত ।
কাঠুরিয়াগণ সবে হৈল বড় ব্যস্ত ॥
সিরণী করিল তারা সেই ত প্রকারে ।
দুঃখ দূর হইল আনন্দ ঘরে ঘরে ॥
অতঃপর সদানন্দ সাধু একজন ।
কাঠুরের সম্পদ দেখিয়া হৃষ্টমন ॥
জিজ্ঞাসিয়া আদ্য অন্ত বৃত্তান্ত জানিল ।
শুনিয়া সাধুর মনে ভক্তি উপজিল ॥
সাধু বলে অপ্রতুল নাহি অন্ন ধনে ।
কন্যা নাই দুঃখ তাই হয় সদা মনে ॥
যদ্যপি আমার এক জনমে তনয়া ।
নারায়ণে পূজিব সির্ণী অগ্রে দিয়া ॥
এত বলি গেল চলি সাধু অঙ্গীকারি ।
যথাকালে জন্মে কন্যা পরমা সুন্দরী ॥
সিরণী দিবার কথা সাধু পাসরিল ।
আনিয়া সুপাত্রে এক কন্যা বিভা দিল ॥
কত কালে সাজাইয়া সপ্ত মধুকর ।
জামাতা লইয়া সাধু চলিল সফর ॥
দক্ষিণ পাটনে রাজা নামে কলানিধি ।
সেই দেশে সদাগরে খিয়াইল বিধি ॥
রাজ সম্ভাষিয়া রহে তরণী চাপিয়া ।
প্রমাদ ঘটিল দেখ সিরণী না দিয়া ॥
ভূপতির ভাণ্ডারেতে ধনাদি যা ছিল ।
নিশিমধ্যে সাধুর তরণী পূর্ণ হৈল ॥
ছল পেয়ে রাজা তার সর্ব্বস্ব লুটিল ।
জামাতা শ্বশুরে লয়ে বন্ধন করিল ॥
রাজাদেশে কোটাল মশানে লয়ে যায় ।
পাত্র অনুরোধে তারা দোঁহে প্রাণ পায়
কারাগারে বন্দী থাকে শ্বশুর জামাই ।
কি কহি উভয়ের দুঃখের সীমা নাই ॥
এখানে সাধুর নারী আর তার সুতা ।
পতির বিলম্ব দেখি মহা দুঃখযুতা ॥
সঙ্গতি হইল শেষ পড়িল দুঃখেতে ।
দাসীত্ব করিয়া থাকে পরের গৃহেতে ॥
একদিন সাধু-কন্যা বেড়াইতে গিয়া ।
হৃষ্টমতি দ্বিজ-ঘরে সিরণী দেখিয়া ॥
বিশেষ জানিয়া কন্যা করিল মাননা ।
পিতা আর পতি আসে এই যে কামনা ॥
এত বলি গৃহে গেল সাধুর তনয়া ।
সত্যনারায়ণের তাহে উপজিল দয়া ॥

শ্বশুর জামাতা যথা বন্দী কারাগারে।
নারায়ণ স্বপ্নে কন সেই নরবরে॥
শুন রাজা মহাতেজা আমার বচন।
কলিযুগে পূজ্য আমি সত্যনারায়ণ॥
সদাগর দুই জন শ্বশুর জামাই।
বিনা দোষে বন্দী আছে কোন দোষ নাই॥
নিশি পোহাইলে পর দুই সদাগরে।
দশগুণ ধন দিয়া তুষিবে সত্বরে॥
বলিতে বলিতে হৈল মোহন মূরতি।
স্বপ্ন দেখি চমকিয়া উঠিলা নৃপতি॥
প্রভাতে উঠিয়া রাজা সবার গোচর।
মুক্ত করি আনাইল দুই সদাগর॥
বস্ত্র অলঙ্কার আর বহু ধন দিল।
সাধুরে তুষিয়া রাজা বিদায় করিল॥
দশগুণ ধন পেয়ে নায়ে দিল ভরা।
দেশেতে যাইতে সাধু বড় হৈল ত্বরা॥
আনন্দিত সর্ব্বজন সদা কোলাহল।
নাহি জানে সত্যদেব করিল মঙ্গল॥
সত্যনারায়ণ মন বুঝিতে সাধুর।
ফকিরের বেশে কন বচন মধুর॥
ঘাটে বসি ভিক্ষা মাগি শুন সদাগর।
ফকিরেরে কিছু দিয়া যাও নিজঘর॥
হইবে অক্ষয় ধন আমি গৃহে যাই।
সতত কুশলে রবে শুন সাধু ভাই॥
সাধু বলে তোমার কল্যাণে কিবা হবে।
তা হইলে তুমি কেন কানী প'রে রবে॥
তুষ আর অঙ্গার কেবল মাত্র গায়।
কড়ার ভিখারী তুমি দেখি সর্ব্বদায়॥
শুনি কিছু না কহিল সত্যনারায়ণ।
ব'সে রহিলেন ঘাটে মুদিত নয়ন॥
কত দূর গিয়ে দেখে শ্বশুর জামাই।
তুষ ও অঙ্গার বিনা কিছু আর নাই॥
সাত নায় যত দ্রব্য সকলি অমনি।
কান্দে দুই সদাগর শিরে কর হানি॥
অতঃপর জামাতা কহিল সদাগরে।
এ ঘটনা হৈল ভিক্ষা না দিয়া ফকিরে॥
সে জন সামান্য নয় বুঝি অনুমানে।
চল চল পড়ি গিয়া তাঁহার চরণে॥
এত শুনি সদাগর ফিরাইল তরী।
পুনঃ সেই ঘাটে গেল অতি ত্বরা করি॥
দেখিল ফকির তথা আছেন বসিয়া।
দুজনে পড়িল গিয়া চরণে ধরিয়া॥
অপরাধ ক্ষম অধমেরে কর দয়া।
নরাধম দেখি দেহ চরণের ছায়া॥
হাসিয়া ফকির কহে নায়ে গিয়ে চড়।
কড়ার ভিখারী আমি পায়ে কেন পড়॥
কান্দিতে কান্দিতে পুনঃ কহে দুই জন।
কুকর্ম্ম করেছি ক্ষম সত্যনারায়ণ॥
মানিয়া সিরণী ভ্রম হয়েছে আমার।
অপরাধ হইয়াছে চরণে তোমার॥
কহিলাম সত্য এই বলি দাঁড়াইয়ে।
সওয়াসের সোনার সিরণী দিব গিয়ে॥
সত্যনারায়ণ তথা সদয় হইল।
প্রণাম করিয়া সাধু নৌকায় উঠিল॥
উত্তরিল ঘাটে সাধু হৈল কোলাহল।
সাধুর রমণী কন্যা শুনি কুতূহল॥
তরীর সামগ্রী অগ্রে ঘরেতে লইয়া।
সিরণী করিলা সাধু হরিষ হইয়া॥
প্রসাদ লইল সবে যোড় করি পাণি।
লইতে ভূমিতে ফেলে সাধুর নন্দিনী

দেখি সত্যনারায়ণ ক্রোধিত হইল।
জামাতা সহিত তরী জলেতে ডুবিল॥
না দেখি জামাতা সাধু কান্দে উচ্চনাদ।
হায় হায় আচম্বিতে হলো কি প্রমাদ॥
শুনি সাধুসুতা যায় ডুবিয়া মরিতে।
জননী না পারে তারে ধরিয়া রাখিতে॥
হেনকালে দৈববাণী হৈল আচম্বিত।
সিরণী ফেলিয়া কন্যা কৈলে বিপরীত॥
ইহা শুনি সাধুকন্যা তখনি উঠিয়া।
যথা ফেলাইয়াছিল খাইল চাটিয়া॥
ভাসিল তরণী সহ সাধুর জামাই।
সে সকল দ্রব্য আদি কিছু নড়ে নাই॥
নৌকার যতেক দ্রব্য ভাণ্ডারেতে আনি।
করিলেক সওয়াসের সোনার সিরণী॥
স্বপ্নে কহিলেন দেব শুন সাধু কই।
সোনা হৈতে আটায় সন্তোষ আমি হই॥
সোনা রূপা মণি মুক্তা কিছু নাহি চাই।
আটাতে পরম তুষ্ট কহি তব ঠাঁই॥
স্বপ্ন শুনি সদাগর পরম আনন্দ।
আটার সিরণী কৈল সাধু সদানন্দ॥
ক্রমেতে প্রচার হৈল সবার আলয়।
ভক্তি করি পূজিলে কামনা-সিদ্ধি হয়॥
গুণকথা শুনিবে হইয়া একমন।
বিমনা হইলে রুষ্ট সত্যনারায়ণ॥
একমনে শুনে কিংবা পূজে নারায়ণ।
তারে কভু ছুঁইতে না পারিবে শমন॥
শঙ্করাচার্য্যের মত প্রবন্ধ প্রাচীন।
অতঃপর বল সবে আমিন আমিন॥

## রামেশ্বরী সত্যনারায়ণের কথা।

সত্য সত্য সত্যপীর সর্ব্বসিদ্ধিদাতা।
বাঞ্ছা বড় বাড়িল বর্ণিব ব্রতকথা॥
রসাল রসিকপ্রিয় রমাই বিরাগে।
বৃন্দারক-বৃন্দরে বন্দনা করি আগে॥
গুরুগণ গণেশে করিয়া প্রণিপাত।
বন্দ বিপ্র আর বিধি বিষ্ণু বিশ্বনাথ॥
ক্ষিতি লোটাইয়া বন্দ গুরুর রমণী।
পরম সাদরে বন্দ জনক-জননী॥
শ্রীসাবিত্রী সিন্ধুপুত্রী সরস্বতী শিবা।
ত্রিসন্ধ্যা নক্ষত্র চন্দ্র সূর্য্য আদি দিবা॥
কামাখ্যারে করি নতি ধর্ম্মরাজসুতা।
সসর্প মনসা বন্দ মহেশ্বরসুতা॥
অষ্টবসু নবগ্রহ দশদিক্‌পাল।
প্রণমিব পঞ্চানন পরম দয়াল॥
প্রণমিব পরাৎপর ন'দের নিমাই।
বীরভদ্র নিত্যানন্দ শ্রীরূপ গোঁসাই॥
অপ্সরী কিন্নরী বন্দ ডাকিনী যোগিনী
ছয় রাগ ষড়ঋতু ছত্রিশ রাগিণী॥
অতঃপর বন্দিনু রহিম রামরূপ।
ত্রিদশের নাথ বন্দ ভুবনের ভূপ॥
কোরাণ কেতাব আর কলিমা সংহতি।
সুবিথা পীরের পায় প্রচুর প্রণতি॥
অপর যতেক পীর বন্দ যোড়করে।
ফণীন্দ্র নগেন্দ্র ইন্দ্র কাঁপে যার ডরে॥

পরে সত্যপীর বন্দি কহে দ্বিজ রাম।
সাকিম বরদাবাটী যত্নপুর গ্রাম ॥

জয় জয় সত্যপীর, সনাতন দস্তগীর, দেবদেব জগতের নাথ।
কে জানে তোমার তত্ত্ব, তুমি রজ তুমি সত্ত্ব, তোমার চরণে প্রণিপাত ॥
সর্ব্বভূতে সর্ব্বময়, চারি চরাচরে কয়, চন্দ্রচূড় চিন্তে চিন্তামণি।
পূর্ব্বে হয়ে দশমূর্ত্তি, করিলে আপন কীর্ত্তি, সত্যপীর হইলে ইদানী ॥
ছয় দরশনে কয়, ব্রহ্মা বিষ্ণু দুই নয়, অন্য অন্য ভিন্ন ভিন্ন নাম।
কলিতে যবন দুষ্ট, হিন্দুকে করিতে নষ্ট, দেখিয়া রহিম হৈল রাম ॥
ব্রাহ্মণের করে ভেদ, ঘুচালে মনের খেদ, রক্ষা কৈলা সৃষ্টি আপনার।
একদেলে অল্পধনে, যে তোমার সির্ণি মানে, হাসিল করহ কাম তার ॥
দরিদ্র দ্বিজের কাছে, পূর্ব্বকালে সত্য আছে, ভক্তবাক্য পালিব আপনি।
নায়কেরে হয়ে তুষ্ট, সির্ণিতে করহ দৃষ্ট, শুনহ আপনি ব্রতবাণী ॥
তোমার কীর্ত্তন যথা, দুঃখের বিনাশ তথা, গায় যে গাওয়ায় যেবা শুনে।
তুমি রক্ষা কর তারে, মহামারে মহাঘোরে, মহারণে বনে রিপুস্থানে ॥
দৃঢ়ভক্তি হৈল যায়, পাতক না থাকে তায়, মনোরথ-সিদ্ধি হয় তাতে।
কহে দ্বিজ রামেশ্বর, বুঝি কার্য্য কর নর, হরি বল পীরের পীরিতে ॥

শুন শুন সর্ব্বলোক করি একমন।
সত্যপীর স্মরিয়া সির্ণিতে দেহ মন ॥
প্রবল-প্রতাপ পীর পাপতাপহারী।
যেরূপে জাহির তাহা নিবেদন করি ॥
দিল্লীর দক্ষিণ দেশ মথুরেশপুর।
তাহে এক বিপ্র ছিল বড়ই বিদুর ॥
খাইতে না মিলে অন্ন চালে নাই খড়।
তেঁহো প্রভু পীরপুত্র তাঁর পদে গড় ॥
আপনি অত্যন্ত ভক্ত সতী সীমন্তিনী।
দামোদরে দৃঢ়ভক্তি দিবস-রজনী ॥
লঙ্ঘন বঞ্চন কভু ভিক্ষায় ভক্ষণ।
কৃষ্ণসখা সুদামার সকলি লক্ষণ ॥
আপনি রেবতীপ্রিয় ততোধিক প্রিয়া।
আত্ম উপবাসী অন্ন অন্যজনে দিয়া
জঠরের জ্বলনে যখন প্রাণ যায়।
তখন মগন মন গোবিন্দের পায় ॥
কত দিনে কৃষ্ণে পাব ভাবে দিবা-রাতি।
বান্ধিল প্রেমের পাশে অখিলের পতি ॥
তবে প্রভু দয়া কৈল ব্রাহ্মণের সঙ্গ।
কদাচিত ভজনে ভক্তির নাহি ভঙ্গ ॥
নানারূপে বিড়ম্বিয়া হারিলেন হরি।
ভক্ত বটে কিরূপে ইহারে কৃপা করি ॥
ভিক্ষা ভঙ্গী ভক্তি বুঝি ভ্রমে সাথে সাথে।
প্রভু হয়ে পশ্চাতে প্রত্যক্ষ হৈলা পথে ॥
দাসে দুঃখী দেখে দামোদরে হৈল দয়া।
সর্ব্বদা সাক্ষাৎ হব দিব পদছায়া ॥
ফকির ফকিরে উর নবঘনশ্যাম।
হুকুম মাফিক হদ্দ বিরচিল রাম ॥

দ্বিজবরে দিতে বর, হরি হলেন সত্বর, শ্রীমাধব হইলেন পীর।
ফকিরের সাজে, জগতে বিরাজে, অদ্ভুত কৃষ্ণের শরীর॥
যুবত্ব বয়স, সুবেশ মহেশ, বিধুমুখে মধুর হাসি।
মস্তক উপর, পাগ মনোহর, নানাভরণ-বিলাসী॥
বড় বড় কৌড়ি, গ্রন্থিত গুধড়ি, বাঘছাল থলি শালদণ্ড।
প্রবল দাড়ী-চুল, মুক্তা ঝলমল, মালা মঞ্জিল চণ্ড॥
ঘণ্টা রুণ রুণ, জিকির ঘন ঘন, ঝন ঝঁন ঝিঁঝির শব্দ।
রামেশ্বর বলে, বসি তরুতলে, ব্রাহ্মণ হইল স্তব্ধ

কপটে করুণাময় দ্বিজে কন বাওয়া।
মুঞি ভুকা ফকির হোয় লাগে মেরা দোওয়া॥
তোঞি বাবা বাম্ভার ধর্ম্ম দেখা তুঝে।
মেঞি ভুকা ফকির খেলাও কুচ মুঝে॥
তামাম দুনিয়া দেখি সবি ইমাম ঝুটা।
কিছু কহি খয়রাত না করো এক মুঠা॥
দ্বিজ কহে দেওয়ান ও কথা কহ কাকে।
মনস্তাপে মরিতে বসেছি ওই পাকে॥
কলি হৈল প্রবল মজিল ধর্ম্মপথ।
দেওয়ান বলেন বাছা কহি হকিমত॥
নিজ দুঃখ বলি দ্বিজ করেন রোদন।
নারিলাম খাওয়াইতে আমি অভাজন॥
ঘর মোর বসন ভোজন কর বেচে।
মৃত্যুকালে মোর ধর্ম্ম মজাইবে মিছে॥
বিশ্বনাথ বিশ্বময় বুঝিয়া কন বাছা।
দুনিয়ামে ঐসি আদমি নাহি আর সাঁচ্চা॥
ভাল বাবা হ্যাহে তেরা মৃত্যুকাল কাহে।
রাত্রদিন জেসে তেসে দুঃখ সুখ যাহে॥
জানা গেয়া বাত বাবা জানা গেয়া বাত।
কাপড়াতো লেও ঘট্ আও মেরা সাত॥

তাহা সত্যপীর মেঞি তাহা সত্যপীর।
তেরা দুঃখ দূর কর কহেন ফকির॥
ঐসি কুছ হুনুর বাতলায়ে দেহ তোয়।
কিয়া পিছে সেতাব খায়ের খুব হোয়॥
জেস্কো তেঞি যো কহেগা সে হোগা সহি।
পীর বরাবর হোকে করকে এহি॥
দ্বিজ বলে কহিলেন দেওয়ান মহাশয়।
যবনের কার্য্য এ তো ব্রাহ্মণের নয়॥
ইষ্ট ছাড়ি অনিষ্ট ভজিব কেন অন্য।
মজাইব পরকাল এই কাল জন্য॥
দেওয়ান বলেন শুন জ্ঞানকি বাত।
রাম রহিম দোনো নাম হো এক সাত॥
এত শুনি মনে গণি বিস্ময় ব্রাহ্মণ।
আপাদ পর্য্যন্ত তার করে নিরীক্ষণ॥
দেখিতে দেখিতে মূর্ত্তি ধরেন অশেষ।
চক্ষুর নিমিষে মূর্ত্তি ব্রাহ্মণের বেশ॥
নিদান বুঝিয়া হরি ভকতবৎসল।
ধরণী লোটায়ে ধরে চরণকমল॥
পুলকে পূর্ণিত তনু সকরুণে কয়।
ছাড় মায়া কর দয়া দেহ পরিচয়॥

হাসিতে হাসিতে হরি দ্বিজে কন তবে।
নিদানে আমার তুমি পরিচয় লবে॥
বিধি মোর বড় ভাই মহেশ অনুজ।
শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী চতুর্ভুজ॥
কৃষ্ণকেলি মথনে কেশব মোর নাম।
মক্কায় রহিম আমি অযোধ্যায় রাম॥
চরাচর চরাচর আমি যে যাবন্ত।
সুরপুরে ইন্দ্র আমি পাতালে অনন্ত॥
ফকির হইনু আমি তোমার কারণ।
কলিতে সম্পত্তি বাছা সত্যনারায়ণ॥
এত শুনি কহে দ্বিজ শুনি বিপরীত।
পীরের সির্ণিতে কেন বিষ্ণুর পীরিত॥
যেই প্রভু পরমাত্মা সেই কেন পীর।
তুমি বা ফকির কেন ব্রাহ্মণ-শরীর॥
প্রভু কন ভাল জিজ্ঞাসিলে সাধু ধন্য।
সাধু সাধু করি কৃষ্ণ কহেন ব্রতজন্য॥
কলির মাহাত্ম্য সাধু শুন শুন বলি।
পরীক্ষিত পতনে প্রবল হৈল কলি॥
এককালে তবে পরীক্ষিত নরনাথ।
মৃগয়াতে কলিক্রীড়া দেখিল সাক্ষাৎ॥
সেইক্ষণে গোরূপ ধর্ম্ম কলি হৈল নর।
নির্ঘাত প্রহার করে গরুর উপর॥
তিন পা ভেঙ্গেছে গরুর এক পা উবু।
সেই পায়ে নির্ঘাত প্রহার করে তবু॥
খড়্গ ধরি কাটিতে চলিল মহাবল।
ব্যক্ত হয়ে কহে কলি হাসে খল খল॥
শুন রে নির্ব্বুদ্ধি আমি বধ্য নহি তোর।
ইহাতে ঈশ্বর-দত্ত অধিকার মোর॥
গরু নয় ধর্ম্ম এই কলিকাল আমি।
বধিব ইহারে আমি কি করিবে তুমি॥

রাজা বলে কি বল তোমার নাম কলি।
অল্পদিনে এখনি এতেক ঠাকুরালী॥
বাঞ্ছা ছিল ভাল হইল পাইলাম দেখা।
দুর্জ্জন-দমন আমি সজ্জনের সখা॥
লোকমুখে শুনেছি তোমার বিবরণ।
কলিব্যাধি প্রতি কৃষ্ণনাম রসায়ন॥
সতত ভারত-কথা সভায় আমার।
মোর অধিকারে কি তোমার অধিকার॥
এত শুনি কহে কলি হেঁট করি মাথা।
কহ নৃপ আমার ভোগের স্থান কোথা॥
বুঝিয়া ভূপতি চারি স্থান দিল তারে।
সুরা ও শৌণ্ডিক বণিক্ স্বর্ণকারে॥
ধর্ম্মেরে নিস্তার করি রাজা গেল ঘর।
সেই হৈতে ধর্ম্মছাড়া এই চারি নর॥
এখন দমনদাতা পরীক্ষিত নাই।
ধর্ম্মনাশে কলির বিস্তর হৈল ঠাঁই॥
সুজনে সর্ব্বদা নিন্দা দুর্জ্জনের যশ।
বাপ-মায় তুচ্ছজ্ঞান বনিতার বশ॥
পুত্র পিতা বধূ মাতা বিনিময় নাম।
শাশুড়ী-বধূতে দ্বন্দ্ব সতীনের ভাণ॥
আর যত কব কত মুখে কথা নয়।
পড়েছ শুনেছ যত ব্রাহ্মণ-তনয়॥
জীবের যন্ত্রণা যত অধর্ম্মের ফল।
পৃথিবীতে অল্প শস্য মেঘে অল্প জল॥
প্রকারে পাপিষ্ঠ নরে করিতে উদ্ধার।
আইলাম এই স্থানে শুন সারোদ্ধার॥
তুমি ভক্ত দৈবে মুক্ত অনুরক্ত মোরে।
মোর কথা শুন পরিত্রাণ কর নরে॥

আজি হতে আর ভিক্ষা না করিও তুমি।
হেন ধন নবরত্ন দিয়া যাই আমি॥
প্রভু দিলা রত্ন দ্বিজ যত্ন করি লয়।
রামেশ্বর নতি করি করপুটে কয়॥
কিবা দিয়া কার সির্ণি কার আবাহন।
কিবা সিদ্ধি কিবা সির্ণি মহিমা কেমন॥
সবিশেষ উপদেশ বিশ্বনাথ বলে।
বান্ধিবে বিচিত্র বেদী মনোরম্য স্থলে॥
বেদীতে পাতিবে পীঠ তাহে দিবে বাস।
তাহে ছুরি কাটারি খড়্গ চন্দ্রহাস॥
তার চারি তরফে সুচারু চারি তীর।
তার মধ্যে হব আমি নাম সত্যপীর॥
সত্যদেব পূজা পূর্ণ আয়োজন করে।
বিষ্ণু বিধি ধ্যান আদি জ্ঞান অনুসারে॥
উত্তরমুখে বেষ্টিত বসিবে বন্ধুগণে।
সির্ণির দ্রব্যাদি বলি শুন সাবধানে॥
গুড় দুগ্ধ আটা রম্ভা ফল পান গুয়া।
সম্ভব বিভবমত সব সওয়া পুয়া॥
আবির্ভূত চতুষ্টয় করিয়া সংযোগ।
নমঃ সত্যপীর বলিয়া দিবে ভোগ॥
কাঁচার এই মত মতান্তর কহি পাকা।
আনা মাষা আদি করি কড়ি কিংবা টাকা॥
সওয়া শত মূল্য যদি মিষ্ট-অন্ন হয়।
সমর্পিলে সত্যপীরে সর্ব্বসিদ্ধি হয়॥
যুগলে যে ইচ্ছা করে হয়ে একভাব।
সিদ্ধ এক মাসমধ্যে মনোভীষ্ট লাভ॥
সঙ্কটে পড়িয়া যদি স্মরে সত্যপীর।
ত্রিভুবন নির্ভর সে আমার শরীর॥
ব্রতকথার মাহাত্ম্য শ্রবণে কথ্য নয়।
এত শুনি কহে দ্বিজ করিয়া বিনয়॥
ঘুচিল সংশয়-গ্রন্থি সির্ণি দিব আমি।
যদি হরি বট চতুর্ভুজ হও তুমি॥
ভক্তের বচনে চতুর্ভুজ হৈল হরি।
শঙ্খ-চক্র-গদা-পদ্ম চতুর্ভুজধারী॥
মহাতেজোময় দেখি কাঁপে কলেবর।
আনন্দ-সাগরে যেন ডুবে দ্বিজবর॥
পুলকে প্রেমের সিন্ধু উথলিয়া উঠে।
অবাক্ হইয়া দ্বিজ কহে করপুটে॥
কত কষ্টে কহে দ্বিজ চরণে দিও স্থান।
স্বীকার করিয়া হরি হৈল অন্তর্দ্ধান॥
দ্বিজ কৈলা কৃষ্ণ কহি অনেক রোদন।
হইল আকাশবাণী যাহ নিকেতন॥
উদ্দেশে প্রণমি দ্বিজ চলে নিজধাম।
হুকুম মাফিক হদ্দ বিরচিল রাম॥
তথা বিষ্ণু গেলা শিবশর্ম্মার মন্দিরে।
ব্রাহ্মণীর বাপ হয়ে বোঝা লয়ে শিরে॥
কন্যাভাবে কহেন কি কর বিষ্ণুপ্রিয়া।
অভুক্ত জামাতা ঘরে পাক কর গিয়া॥
হের ধর তোমার মায়ের আয়োজন।
বস্ত্র অলঙ্কার পর আইস বাছাধন॥
ভিক্ষুকে পড়িয়া দুঃখ পাইলা প্রচুর।
আমি কি করিব বাছা বিধাতা নিষ্ঠুর॥
যে হইল দুঃখ সব গেল অতঃপর।
অদ্য লক্ষেশ্বরী হয়ে সুখে কর ঘর॥
বাপ বৃদ্ধে নত হয়ে করে প্রণিপাত।
সাবিত্রী সমান হও বলে জগন্নাথ॥
রোদনমুখী হয়ে রামা দিল জল স্থল।
জিজ্ঞাসিল কহ বাপা বাটীর কুশল॥

প্রভু কন সত্যপীর-প্রসাদে আনন্দ। অতএব দিতে আসিয়াছি কিছু ধন।
লক্ষ্মী সরস্বতী ঘরে সকলি স্বচ্ছন্দ॥ পথে জামাতার সঙ্গে হৈল দরশন॥
সত্যপীর নামে আছে দয়াল ঠাকুর। শাকাদি পাকেরদ্রব্য আনিয়াছি আমি।
তার সির্ণি দিতে সেই দুঃখ কৈলা দূর॥ বস্ত্র আভরণ পরি রান্ধ গিয়া তুমি॥
বাপে ঝিয়ে বিস্তর দিবস দেখে নাই। আমি দেখি জামাতা আইসে কত দূরে।
লোকমুখে শুনি ভিক্ষা মাগেন জামাই॥ এত বলি গেল হরি বৈকুণ্ঠনগরে॥

সাদরেতে কন্যা পরি বস্ত্র আভরণ।
কুলুপা দুরাই শঙ্খ শ্রীরামলক্ষ্মণ॥
সাধু শুভক্ষণে, কন্যার কারণে, সত্যপীরে সির্ণি মেনে।
চন্দ্রকলা সুতা, পাত্রে করি দত্তা, পীরে পাসরিল বেণে॥
দক্ষিণ সফরে, নৌকার ব্যাপারে, জামাতা সহিত গেল।
কলানিধি ভূপে, ভেটি নানারূপে, বিকি কিনি আরম্ভিল॥
চামর চন্দন, আদি নানা ধন, বদলে রাজার সনে।
তথা পায় ভূষা, ভূপে দিল বাসা, পীরের দুঃখ উঠে মনে॥
প্রভু সত্যপীর, রোষে নৃপতির, নানা ধন কৈল চুরি।
রাজধন পাইয়া, রাত্রিতে বান্ধিয়া, পূরিল সাধুর তরী॥
হেথা লোকজন, করে অন্বেষণ, এদিকে ওদিকে ফেরে।
নায়ে চোরা মাল, দেখিয়া কোটাল, যুগল সাধুরে ধরে॥
রাজার আজ্ঞায়, ধরে দুজনায়, রাখিল মশানাগার।
কহে রামেশ্বর, এ ভবসাগর, সত্যপীর কর পার॥

ঘরে ঝোরে রমণী বাহিরে ঝোরে ঝি। সে দ্বিজের পুত্র আট বৎসরের পরে।
সাধু লৈয়া বিদেশে না জানি হৈল কি॥ বিদেশে বিদ্বান্ হয়ে আসিয়াছে ঘরে॥
চন্দ্রকলা বলে আমি মরিব বিষ খেয়ে। পুত্রের বিরহে সেই ব্রাহ্মণের মাতা।
অভাগিনী জীব আর কার মুখ চেয়ে॥ পীরে সির্ণি দিয়া পুত্র পেয়েছিল তথা॥
অভাগিনী জীবন যৌবন হৈল কাল। হেনকালে চন্দ্রকলা গেল সেইখানে।
বিরহে বিদরে বুক স্মরি শরজাল॥ ব্রতকথা শুনি সির্ণি খায় সাবধানে॥
প্রত্যহ দুঃস্বপ্ন দেখি যত উঠে মনে। ব্রাহ্মণের কাছে পুত্রের বিবরণ পেয়ে।
চিরকাল দোঁহে যেন মজিল পাটনে॥ সেইখানে সির্ণি মানে শুদ্ধচিত্ত হয়ে॥
মায়ে ঝিয়ে গলাগলি কান্দে উভরায়। কহে নাথ সহ তাত এনে দাও ঘরে।
বিপ্রবাড়ী সর্ব্বঘড়ী গণাবারে যায়॥ সেইক্ষণে সির্ণি আমি দিব সত্যপীরে॥

ব্রাহ্মণীকে ইসাদী করিয়া গেল ঘরে।
সদয় হইল পীর সাধুর উদ্ধারে॥
অর্দ্ধরাত্রে হয়ে পীর প্রচণ্ড ফকির।
স্বপনে কহেন গিয়া কাছে নৃপতির॥
কাহারে কোটালগিরি মৎলব তেরা।
ছোড় সদা নন্দলাল সেবক হয় মেরা॥
নাহি ছোড় মারেঙ্গা রাখেগা কোন্ চাচা।
ও লোকৃভি চোর হায় তোম লোকভি সাঁচা॥
তকসীর খাতির উনকো পীর এত্তা কিয়া।
ও নেহি তেরা মাত্তা ও কাহাসে লিয়া॥
বেহান ছোড়ান তুঝে কহ বের বের।
মেরী বাত না রাখো গমরেগা আখের॥
এত বলি অমঙ্গল দেখাইল শেষে।
ড় বৃষ্টি উল্কাপাত আগুনাদি দেশে॥
নিদ্রাগত চুলে ধ'রে বসাইল পীর।
স্বস্থানে প্রস্থান করে নৃপতি অস্থির॥
প্রভাতেতে উঠিয়া সপাত্রে নরপতি।
ধরিয়া সাধুর পায় করে স্তুতি-নতি॥

প্রভাত হইল নিশি, মহারাজা শীঘ্র আসি, খালাস করিয়া দুই জনে।
কলানিধি মহারাজা, করিল সাধুর পূজা, ঘোড়া ঘড়া বসনে ভূষণে॥

নায় চড়ি করে সাধু পীর জয়ধ্বনি।
গমনে পবন তুল্য ভাসায় তরণী॥
কুতূহলে জলে চলে পীর যার সখা।
এড়াইয়া নানা দেশ দেশে দিল দে
নাঁয়ে ছিল বাদ্যভাণ্ড তায় দিল কাঠি।
কামানে আগুন দিয়া কাঁপাইল মাটী॥
সাধু আইসে স্বদেশেতে যোরে সব নারী।
সদানন্দ দ্রুত দূত পাঠাইল পুরী॥
শুভ সমাচারে সাধু দূতে দিল ঘোড়া।
দুয়ারে দুন্দুভি মহোৎসবে মাতে পাড়া॥
হেনকালে চন্দ্রকলা পরম সাদরে।
দ্রুত গিয়া সির্ণি দিয়া পূজা কৈল পীরে॥
তরণী উথিতে হৈল তরণীর ত্বরা।
খেতেছিল সির্ণি ফেলে হৈল আগু-সারা॥
পতি প্রতি সতী ধায় পিছে ধায় মা।
গাত্রের গরমে ভূমে নাহি পড়ে পা॥
প্রসাদ ফেলেছে তাই পীরে হৈল কোপ।
দর্প চূর্ণ বালার হৈল অহঙ্কার লোপ॥
সেইক্ষণে প্রতিফল দেখে গিয়া সতী।
বাপ বন্ধু ঘাটে কান্দে ডুবে মরে পতি॥
হায় হায় কি হৈল কি হৈল লোকে বলে।
মায়ে ঝিয়ে মূর্চ্ছিত হইলা ভূমিতলে॥
মুখে জল দিয়া কেহ করায় চেতন।
কহে রামেশ্বর কন্যা করহ রোদন॥

ধরিয়া মায়ের গলা, কান্দে কন্যা চন্দ্রকলা, স্বামিশোকে হইয়া কাতর।
ম্লান হৈল মুখশশী, মনোরমা মুক্তকেশী, সংবরিল অঙ্গের অম্বর॥
হাহাকার মন মুখে, চাপড় হানয়ে বুকে, কপালেতে কঙ্কণ-আঘাত।
ধৈরয ধরিতে নারে, কান্দি কহে উচ্চৈঃস্বরে, কোথাকারে গেল প্রাণনাথ॥
হায় এ কি অকস্মাৎ, কোথা গেল প্রাণনাথ, একবার দরশন দাও।
না দেখিয়া তব মুখ, বিদরিয়া যায় বুক, অভাগীরে সঙ্গে করি লও॥
দেশে আইলে কত দিনে, বড় সাধ ছিল মনে, আঁখি ভরি দেখিব তোমারে।
তাহাতে দারুণ বিধি, হরিল প্রাণের নিধি, বড় শেল রহিল অন্তরে॥
পতির মরণে যেন, রতির বিষাদ হেন, কান্দে কন্যা করিয়া বিলাপ।
মায়ের বিদরে বুক, বাপের ফাটিছে বুক, সবে কান্দে করি মনস্তাপ॥
অশ্রুমুখী কর যুড়ি, বিষম সঙ্কটে পড়ি, ভাবে সাধু পীরের বচন।
করিল বিস্তর স্তুতি, না হইল অব্যাহতি, মরিতে চলিল তিন জন॥
ঝাঁপ দিতে যায় জলে, পীর আসি হেনকালে, বৃদ্ধ-বেশেতে তারে কয়।
বলি সাধু শুন যদি, তোমার দুহিতার পতি, মরে নাই মোর মনে লয়॥
আমি সে জ্যোতিষী বড়, গণে প'ড়ে করি দড়, এই কর্ম্মে পাকালাম দাড়ী।
তোমার জামাতা বটে, ডুবিয়াছে এই ঘাটে, দেবদ্বারে বড় দেহি ডেড়ী॥
এই যে তোমার কন্যা, রূপে গুণে মহাধন্যা, বয়োধর্ম্মে বুদ্ধি নহে ভাল।
পীরের প্রসাদ এটে, ভুমে ফেলে এলো ছুটে, সেই অপরাধে এত হৈল॥
এতেক বলিল যদি, সত্যপীর হৈল বাদী, শুনে সাধু কন্যাপানে চায়।
চন্দ্রকলা বলে বটে, বাপ ঝিয়ে করপুটে, কেঁদে পড়ে ব্রাহ্মণের পায়॥
বিপ্র বলে যাও যাও, সে সির্ণি তুলিয়া খাও, পাবে পতি না কান্দ সুন্দরি।
শুনি ধনী যায় তথা, সির্ণি তুলে খায় হোথা, ভেসে উঠে পতি সহ তরী॥
দেখিয়া বিস্ময় লোক, ঘুচিল দারুণ শোক, দেখে সাধু দ্বিজ নাহি কাছে।
বুঝিয়া মায়া সদানন্দ, ভাবে পীর পদদ্বন্দ্ব, আনন্দেতে সুখী হয়ে নাচে॥
মায়ে ঝিয়ে চন্দ্রকলা, ডিঙ্গা মঙ্গলিতে গেলা, আগে পাছে শত সীমন্তিনী।
আনন্দের নাহি ওর, শঙ্খ ঘণ্টা ঘন ঘোর, হুলাহুলি আর জয়ধ্বনি॥
শ্বশুর জামাতা সঙ্গে, ইষ্টমিত্র লয়ে সঙ্গে, শুভক্ষণে প্রবেশিল ঘর।
বাণিজ্যের সজ্জা যত, সাধুর ভাণ্ডারে দ্রুত, বহে যত নায়ের নফর॥
সাদরে সওয়া তঙ্কা দিয়ে, আপন বান্ধব লয়ে, সির্ণি দিল পীরের সদন।
পূর্ণ হৈল মনোরথ, পীর-প্রীতে সাধুসুত, খয়রাত করিল নানা ধন॥

সম ধনে নানাজনে, বাড়িলেক অল্পদিনে, পরকালে জিনিলেক যম।
এইমতে মহাসুখে, মহামানে সদা থাকে, অন্তে যায় স্বরগ-ভবন ॥
এ কথা শ্রবণকালে, যেবা অন্য কথা বলে, আর যেবা করে উপহাস।
লাঞ্ছিত সে সর্ব্বঠাঁই, তাহার নিষ্কৃতি নাই, অকস্মাৎ হয় সর্ব্বনাশ ॥
সির্ণি দিয়া শুদ্ধভাবে, পূজিলে বাঞ্ছিত পাবে, পুত্র দারা অশ্ব ঘোড়া দোলা।
কহে দেব রামেশ্বর, শুদ্ধভাবে শুন নর, সত্য প্রভুর অষ্টমঙ্গলা ॥

কহিতে প্রথম তত্ত্ব ফকিরত্ব কায়া।
দ্বিতীয়ে দরিদ্র দ্বিজে দিল পদচ্ছায়া ॥
তৃতীয়ে ত্রিবিধ লোকে করিতে নিস্তার।
চতুর্থে উৎকট কষ্ট সে কাঠুরিয়ার ॥
কন্যাজন্ম মানিলেন পঞ্চে পরাৎপর।
সদানন্দ সাধুরে সঙ্কটে দিলা বর ॥
পাসরণে প্রতিফল বন্ধন বিশেষে।
ষষ্ঠে তুষ্ট হয়ে কষ্ট দূর কৈলা শেষে ॥

## দ্বিতীয় পাঁচালী।

একদিন নারায়ণ যুধিষ্ঠির সাথে।
মহারঙ্গে বন্ধু-সঙ্গে পুরী হস্তিনাতে ॥
নানামতে কৌতুকেতে আছে গদাধর।
মনে প'লো কলি র'ল বলির নগর ॥
দ্বাপরের অন্তে তার রাজ্যপ্রাপ্তি হবে।
ভাবি মনে নারায়ণ কহিছে পাণ্ডবে ॥
চল ভূপ অপরূপ শুনিতে সুশ্রাব।
বলি-পাশ ইতিহাস ধর্ম্মের প্রস্তাব ॥
রাজা বলে কুতূহলে চল দয়াময়।
তুমি যার বন্ধু তার কোন্ কর্ম্ম রয় ॥
চলিলেন দুই জনে হয়ে পদগতি।
পদে পদে পাপ ছেদে পুণ্যা বসুমতী ॥
পুণ্যরায় পায় পায় অশ্বমেধপাত।
মহীতলে কুতূহলে আজি সুপ্রভাত ॥
চলিলেন দুই জন পরম সাহ্লাদ।
দেখিছেন সেই স্থানে দুয়ের বিবাদ ॥
এক চাষা অতি খাসা ক্ষেত্রে করে চাষ।
স্বর্ণ-ভাণ্ড খণ্ড খণ্ড তাহাতে প্রকাশ ॥
পেয়ে ধন সেই জন ব্রাহ্মণকে কয়।
তব ভূমে মোর শ্রমে ধন লভ্য হয় ॥
লও ধন নিকেতন ঠাকুর গোঁসাই।
বিপ্র বলে মূর্খ মেলে আর ঠেকি নাই ॥
পেয়েছিস্ তুই দিস্ মোরে কি কারণ।
আমি নিয়া হব ইহা পাপের ভাজন ॥
চাষা বলে ত্রেতাকালে শুনেছি শ্রবণে।
ভূমি যার বিত্ত তার লিখেছে পুরাণে ॥
সীতা পেয়ে চাষা যেয়ে দিল জনকেতে।
প্রভু বুঝি মোরে আজি ঠেকালে পাপেতে ॥
শুনি কানে দুই জনে চলিল ত্বরিতে।
দ্রুতগতি উপনীত বলির পুরীতে ॥
ধর্ম্ম দেখি কহে ডাকি কলি-অবতার।
মহারাজা মোর সাজা দেখ একবার ॥
বহুকাল বদহাল মোর নাম কলি।
বিনা দোষে বাঁধি পাশে রাখিয়াছে বলি ॥

ধর্ম্মসুত অদ্ভুত এই ভিক্ষা চাই।
মোর প্রাণ দাও দান ধর্ম্মের দোহাই॥
রাজা শুনি কৈলা পুনি করিব মোচন।
অবহিত উপনীত বলির সদন॥
অন্নে অন্নে পুণ্যাপুণ্য হইবে মিলন।
বলি-কাছে ভিক্ষা যাচে পাণ্ডুর নন্দন॥
মহাশয় পুণ্যময় এত পুণ্য কার।
আমি চাই ভিক্ষা পাই কলি অবতার॥
চক্রপাণি-চক্র মানি আজ্ঞা দিলা বলি।
অনুচরে মুক্ত করে হয়ে কুতূহলী॥
মুক্ত হয়ে কলি যেয়ে রাজা হলে স্থিত।
কম্পমান নিয়া প্রাণ দ্বাপর অতীত॥
বলি সঙ্গে নানা রঙ্গে বিদায় হইলা।
তুষ্টমনে দুই জনে গমন করিলা॥
সেই পথে সেই ক্ষেতে সেই চাষা সাথে।
সেই দ্বিজ নিরানন্দ বিপরীত তাতে॥
বিপ্র বলে কোন্ কালে হয়েছে এমন।
ক্ষেত মোর বিত্ত তোর এ কথা কেমন॥
ওরে বেটা চাষা ঠেঁটা ধন মোর রে দে।
চাষা বলে বাক্যচ্ছলে তুই রে বেটা কে॥
বিচড়ামি করি তুমি ধন বুঝি পেলে।
ভাগ্য তোর হেথা মোর নাহি জ্যেষ্ঠ ছেলে॥
কলিরাজ নিজ সাজ ধরিয়া ত্বরায়।
উচ্চ বুক দীর্ঘ মুখ হাসি হাসি যায়॥
শিরে নারী করে ধরি জননীর কেশ।
মাতা প্রতি কটু কহে অশেষ বিশেষ॥
ওলো বুড়ী আঁটকুড়ী নাহি তোর যম।
কত আর লব ভার পাপিষ্ঠা অধম॥
পক্ককেশী শ্বাসকাসী পেচক-লোচনী।
দন্তহীনা কুরূপিণী পাপিনী তাপিনী॥
নারী প্রতি ভক্তি অতি মিষ্ট কথা কয়।
সাবধান ওলো প্রাণ ব্যামো পাছে হয়॥
দীর্ঘ কেশ কটিদেশ সিংহের আকার।
পদ্ম আঁখি পদ্ম-মুখী পদ্মিনী আমার॥
সচকিত বিপরীত দেখি যুধিষ্ঠির।
থর থর কলেবর হইলা অস্থির॥
যুড়ি কর নৃপবর হরির সাক্ষাৎ।
জিজ্ঞাসিলা এ কি লীলা কহ জগন্নাথ॥
হরি কয় মহাশয় জিজ্ঞাস কি রীত।
মহীপাল কলিকাল দ্বাপর অতীত॥
শুন ভূপ অপরূপ যুগধর্ম্ম-ফল।
অতিবৃষ্টি অনাবৃষ্টি হইবে সকল
রাজা সনে প্রজাগণে করিবে ছলন।
প্রাণিগণ অনুক্ষণ পরদারে মন॥
নারী সবে কামী হবে পতি প্রতি দ্বেষ।
পর-পতি প্রতি অতি সরস আবেশ॥
ধনলোভে প্রাণী সবে মিথ্যা সাক্ষ্য দিবে।
ছলনায় সর্ব্বদায় পাপ উপার্জ্জিবে॥
ধর্ম্মাধর্ম্ম মর্ম্মামর্ম্ম হইবে বিনাশ।
দিনে দিনে ক্ষণে ক্ষণে অধর্ম্ম প্রকাশ॥
অসম্ভব শুনি সব হরির বদনে।
রাজা কয় দয়াময় কহ ত এক্ষণে॥
এইমত হবে যত জীবের দুর্দ্দশা।
বল শুনি চক্রপাণি কি হবে ভরসা॥

হরি কহে শুন যাহে জীবের নিস্তার।
অসত্যেতে সত্যমতে ভরিবে সংসার॥
সত্যমূর্ত্তি হয়ে কীর্ত্তি করিব অচল।
নাম-বলে কুতূহলে তরিবে সকল॥
এত বলি বনমালী করিলা গমন।
গঙ্গাতীরে তীরে ফিরে পতিত-পাবন॥
দ্বিজমূর্ত্তি হয়ে কীর্ত্তি-প্রকাশ-কারণ।
ভ্রমিছেন তীরে যেন প্রভাত-তপন॥
সেই পথে প্রাণ দিতে এক দ্বিজ যান।
গঙ্গারাম তাঁর নাম দরিদ্র-প্রধান॥
বৃদ্ধ বিপ্র গতি ক্ষিপ্র যজ্ঞসূত্র গলে।
গঙ্গামাটী পরিপাটী দীর্ঘ ফোঁটা ভালে॥
যষ্টি হাতে হীন দাঁত বায়ুতে হেলায়।
ঘন শ্বাস ক্ষুদ্র কাস টালুমালু চায়॥

কহে গদাধর, ওহে দ্বিজবর, কোথা যাও মহাশয়।
ক্ষীণ দেখি দেহ, সঙ্গে নাহি কেহ, না কর জীবন-ভয়॥
বিপ্র বলে বাপু, মোর এই বপু, বাঘে সাপে নাহি খায়।
কোন্ দৈববাদে, ঘোর অপবাদে, স্বজিয়াছে বিধাতায়॥
কি জিজ্ঞাস তুমি, জন্মদুঃখী আমি, ভাই বন্ধু নাহি একা।
বান্ধব সকলে, অন্য পথে চলে, মোর সঙ্গে হলে দেখা॥
কাঙ্গালী দেখিয়া, হাততালি দিয়া, লোকে দেয় খেদাইয়া।
ঘরে যদি যাই, প্রিয়-বাক্য নাই, নারী ডাকে অভাগিয়া॥
ভাবিয়াছি মনে, এ ছার জীবনে, বাঁচিয়া কি ফল আর।
পাপবিনাশিনী, তাপ-বিমোচনী, যদি মোরে করে পার॥
শুনি দুঃখ-রাশি, প্রভু কহে হাসি, এ আর কতেক দায়।
সত্যনারায়ণ, করহ পূজন, দুঃখ না রহিবে তায়॥
ধন পুত্র জন, প্রবাল কাঞ্চন, অনায়াসে দিতে পারি।
দরিদ্রের ধন, সত্যনারায়ণ, ভবার্ণবের কাণ্ডারী॥
আটা রম্ভা পয়, গুড় আদি চয়, এ সব রচনা দিয়া।
সোয়া পরিমিতে, মণে বা সেরেতে, সন্ধ্যাকালেতে পূজিয়া॥
পুরাণোক্ত তন্ত্রে, নারায়ণ-মন্ত্রে, বিষ্ণুকে করিবে দান।
পড়িয়া পাঁচালী, দ্বিজে দিবে ডালি, ভক্তিতে করিবে পান॥
গঙ্গারাম কয়, ওহে মহাশয়, তুমি কে বল তা শুনি।
প্রভু কহে আমি, ত্রিভুবনস্বামী, মোরে ভাবে সুর মুনি॥
তব ভাগ্যফলে, আসিয়াছি ছলে, মহিমা করিতে দান।
দ্বিজ তবে ভণে, শুনেছি পুরাণে, চতুর্ভুজ ভগবান্॥

সেই রূপ যদি, ধর গুণনিধি, তবে সে প্রত্যয় হয়।
গোলোকবিহারী, চতুর্ভুজধারী, হইলেন সে সময়॥
চারি কর-মাঝে, আভরণ সাজে শঙ্খ চক্র গদা পদ্মে।
বিনতা-নন্দন-পরে নারায়ণ, পীতাম্বর কটিবন্ধে॥
কমলা ভারতী, দুই পার্শ্বে স্থিতি, শ্বেত-রক্ত-বর্ণ কায়।
জলধরোপর, স্থির ঘনতর, চপলা যেন খেলায়॥
দেখি গঙ্গারাম, করিছে প্রণাম, প্রণতিতে স্তব-স্তুতি।
শুভাদৃষ্টফলে, হৃদি-পদ্মদলে, সরস্বতী হৈল স্থিতি॥
তুমি হরি হর, তুমি দিবাকর, তুমি দিবস-শর্ব্বরী।
তুমি পদ্মযোনি, তুমি সুরমণি, তুমি বিনোদবিহারী॥
আগম পুরাণ, নিগম বিধান, তুমি দিক্-দশধারী।
তুমি মহামেরু, তুমি কল্পতরু, তুমি সূক্ষ্ম মোক্ষকারী॥
তুমি দাও মুক্তি, তুমি সর্ব্বশক্তি, তুমি শঙ্করের গৌরি।
কৃষ্ণ বলরাম, শ্রীদাম সুদাম, তুমি সুরাসুর সৌরি॥
জঠর-যাতন, যমের তাড়ন, তোমার নামেতে তরি।
তুমি সুধাকর, সর্ব্বঘটে চর, হর যোগিনামধারী॥
হীনজন প্রতি, অখিলের পতি, দয়া কৈলা যদি ভারী।
শমন-আগার, নিজগুণে তার, ভবে যেন নাহি ঘুরি॥
কহে ভগবান্, অন্তকালে স্থান, দিব লইব উদ্ধারি।
দিয়া বরদান, হয় অন্তর্দ্ধান, দেবদেব মুর-অরি॥

(ধনপতি সদাগরের উপাখ্যান।)

উপদেশ পেয়ে বিপ্র যাইয়া ভবনে।
পূজিলেন দীননাথে অনেক যতনে॥
হইল মহান্ সুখ হরির কারণ।
দাস দাসী হাতী ঘোড়া রত্ন-সিংহাসন॥
যে নারী কহিত কটু উদর-জ্বালায়।
মিষ্টকথা হাস্যমুখ সদা-সর্ব্বদায়॥
নিত্য নিত্য করে পূজা বিবিধ বিধানে।
উপনীত এক কাঠুরিয়া সেই স্থানে॥
কাষ্ঠ-আঁটি রাখি মাটী করিয়া আসন।
শুনিছে মহিমাগুণ ভরিয়া শ্রবণ॥
মানস করিল মনে প্রসাদ খাইয়া।
পরদিন পূজিলেক গৃহেতে যাইয়া॥
ভক্তিতে দিলেন শৌর্য্য বীর্য্য ভগবান্।
নিত্য সত্যসেবা করে বিহিত বিধান॥
নদীতীরে পূজা করে সব কাঠুরিয়া।
উপনীত এক সাধু তরণী বাহিয়া॥

কামাখ্যাতে ঘর ধনপতি নাম তার।
মহাচীনে গিয়াছিল করিতে বিহার ॥
সমারোহ দেখি তটে উঠে সদাগর।
জিজ্ঞাসে পূজার কথা সবার গোচর ॥
কাঠুরিয়া বলে সত্যনারায়ণ হরি।
পূজিলে মানসসিদ্ধি পরলোকে তরি ॥
সাধু বলে সুতা সুত মোর যদি হয়।
লক্ষ তঙ্কা দিয়া পূজা করিব নিশ্চয় ॥
এবমস্তু এবমস্তু বলে কাঠুরিয়া।
সাধু চলে নিজদেশে মানস করিয়া ॥
কত দিনে উতরিলা সাধু নিজাগার।
সে দিবসে ঋতুস্নান সাধুর জায়ার ॥
প্রকাশ কমলে বিন্দু হইল পতন।
মুদিল কমলদল গর্ভের লক্ষণ ॥
হইল পূর্ণিত দশ মাস অবসান।
প্রসবিল এক কন্যা রোহিণী সমান ॥
দিনে দিনে বাড়ে কন্যা যেন শশিকলা।
শশিমুখী নাম রাখে দেখিয়া বিমলা ॥
দশম বৎসর হলো বয়স কন্যার।
মিষ্ট কথা হাস্যমুখ সদা রসভার ॥
দেবদত্ত কন্যা মত্তকুঞ্জরগামিনী।
অঙ্গ-আভা যেন শোভা স্থির-সৌদামিনী ॥
সম্পূর্ণ ষোড়শী নেত্র যেন নীলোৎপল।
সুধাকর নিন্দি তার বদনমণ্ডল ॥
গলে দোলে সারি সারি মালা মুকুতার।
লোকে সবে অনুভাবে পদ্মিনী আকার ॥

কেহ বলে বুঝি ছলে উর্ব্বশী আসিলা।
কিবা ফিরে জনকের জানকী জন্মিলা ॥
ছাড়ি পতি বুঝি রতি গতি পুনর্ব্বার।
রুক্মিণী দ্রৌপদী কিংবা মাদ্রীর আকার ॥
ধনপতি কন্যা দেখি সুখী সর্ব্বদায়।
সম্বন্ধ করিল স্থির ঘটক দ্বারায় ॥
মহারাষ্ট্রে ঘর বর হরিশ্চন্দ্র নাম।
রূপে গুণে কুলে শীলে অতি অনুপাম ॥
হরিশ্চন্দ্র চন্দ্র সম বদন-আকৃতি।
তার স্থানে কন্যা দান কৈল ধনপতি ॥
কত দিন সুখে আছে জামাতা লইয়া।
সত্যসেবা পাসরিল সুখেতে ভুলিয়া ॥
হরির হইল কোপ সাধুর চরিতে।
মনোগত কৈল সাধু বাণিজ্যে যাইতে ॥
জামাতা যাইবে সঙ্গে দিন স্থির হৈল।
উষাতে করিবে যাত্রা সকলে জানিল ॥
পূর্ব্বদিক্ রক্তবর্ণ দিক্ সুপ্রকাশ।
দিনমণি আগমনে নক্ষত্র বিনাশ ॥
বাসায় থাকিয়া পাখী ডাকিছে তৎকাল।
কোকিল করিছে কুহুরব সুরসাল ॥
উষা পেয়ে যাত্রা করে সাধু ধনপতি।
ইষ্টদেব স্মরিয়া নৌকায় কৈল গতি ॥
নারায়ণে পাসরিল সাধুর নন্দন।
কি ঘটে কপালে দেখ বিধির লিখন ॥
ধনপতি যেয়ে উঠিল নায়।
খুলিল বহর দক্ষিণ-বায় ॥
সিংহলে যাইতে করিল মনে।
বহিছে তরণী রজনী-দিনে ॥

কামাখ্যা হইতে ছাড়িল তরী।
আশে-পাশে রাখে কতেক গিরি॥
ব্রহ্মপুত্র তীর্থরাজ সুগভীর।
সুঠাম সুগতি উজ্জ্বল নীর॥
যার দরশনে মুকতি পায়।
তার পরে তরী বাহিয়া যায়॥
যোগী গোফা রাখিয়া পাছে।
উপনীত করতোয়ার কাছে॥
কর্ণধারে সাধু জিজ্ঞাসে কথা।
কদিনের পথ আসিয়াছ হেথা॥
কর্ণধার কহে দিক্কর হতে।
এসেছি শতেক যোজন পথে॥
পাঁচদিনে এনু বাদামকলে।
বিশেষ তোমার ভাগ্যের ফলে॥
শুনি সওদাগর হরিষ তায়।
যোড়া ফেলি দিল কাণ্ডারী-গায়॥
পরশুরামের বাড়ী দেখিয়া।
খুলিল বহর হরিষ হৈয়া॥
ব্রহ্মপুত্র ছাড়ি লঙ্কাতে পড়ি।
আঁটিয়া বাঁধিল বাদাম-দড়ি॥
মেঘনাদে ডিঙ্গা ধরিল বলে।
বদর বদর নেয়েরা বলে॥
কত নদ নদী নগর ছাড়ি।
দাঁড়ি-মাঝিগণে গাইছে সারি॥
উত্তরিলা যেয়ে কপিলাশ্রমে।
উঠে সদাগর অতি সম্ভ্রমে॥
গঙ্গাসাগরেতে করিয়া স্নান।
তথা হ'তে ত্বরা করে প্রস্থান॥
সাধু কহে কর্ণধারেরে তবে।
নীলাচল যেতে ক-দিন লাগিবে॥
ঝর ঝর বারি আঁখিতে ঝরে।
পুনঃ পুনঃ সাধু জিজ্ঞাসা করে॥
কর্ণধার বলে ধনেশ ধীর।
সমুদ্রের বড় উথার নীর॥
সাগরসঙ্গম হইতে ছাড়ি।
মাসেকের পথ ঠাকুরবাড়ী॥
কেন বারি ঝরে কমল-নেত্রে।
সাত দিনে নিব বিমলা-ক্ষেত্রে॥
শুনি কহে সাধু গভীর রবে।
হেন শুভ ভাগ্য মোর কি হবে॥
তীরসম তরী বাদামে চলে।
নলের ঘোটক নিন্দিয়া ছলে॥
নৌকাপরে স্নান নৌকাতে পাক।
সরোবরে যেন হংসের ঝাঁক॥
সপ্তম দিবস হৈল পূর্ণিত।
কর্ণধার হৈল মনেতে ভীত॥
দূরবীণ ধরি পশ্চিম দিকে।
এক আঁখি দিয়া দেখিতে লাগে॥
ধূ ধূ মণিকোঠা দেখিয়া চোখে।
কর্ণধার ত্বরা সাধুকে ডাকে॥
ওহে সদাগর দেখহ আসি।
নীলাচলোপরি গোলোকবাসী॥
কথোপকথনে মন উল্লাসে।
তরী লাগে যেয়ে দক্ষিণ পাশে॥
ধনপতি স্মরি জগতনাথ।
উঠিলেন ধেয়ে জামাতা সাথ॥
দাঁড়ী মাঝি সঙ্গে এক হাজার।
দ্বিগুণ বন্ধু-বান্ধব তাহার॥
সাধু-সঙ্গে চলে সঙ্গীরা যত।
হরিশ্চন্দ্র-স্বর্গগমন মত॥

আঠারনালাতে কৈলা পয়াণ। বেত্রাঘাত করে সাধুর পরে।
পাণ্ডা মিলে আসি সাধুর স্থান॥ ধনপতি-ভাগ্য প্রশংসা করে॥
গলে দিব্যমাল্য তিলক নাকে। সহস্র সুবর্ণ-মুদ্রা আনিয়া।
করে বেত্রাঘাত প্রভুকে ডাকে॥ আঠারনালার চৌদিকে দিয়া॥

ধনপতি সুখী পথগমনে।
কবিবর সুখে সরস ভণে॥

চলে ধনপতি, অতি দ্রুতগতি, জগন্নাথ দরশনে।
কুবের তোড়ানী, প্রথমেতে কিনি, পান করিছে যতনে॥
কত দূর হাঁটি, দেখে পরিপাটী, অন্নের হাট-বাজার।
কিনি সাধুগণ, করিছে ভোজন, ব্যঞ্জন কত প্রকার॥
পিষ্টক পায়স, আদি ছয় রস, করমা বাউ খিচুড়ী।
কাঙ্গালী সকল, হয়ে কুতূহল, করিতেছে কাড়াকাড়ি॥
চণ্ডালে আনিয়া, আটিয়া কিনিয়া, দিতেছে ব্রাহ্মণমুখে।
পেয়ে বিপ্রগণ, হরিষে মগন, খাইছেন মহাসুখে॥
কুকুর-বদন, হইতে তখন, অন্ন যদি হয় পাত।
তাহা খাইবার, কাক অবতার, দেবগণ সাথে সাথ॥
দেখি সদাগর, হরিষ অন্তর, বাজার কিনিয়া লয়।
বিবিধ প্রকার, করিয়া ভাণ্ডার, অন্ন-কল্পতরু হয়॥
সিংহদরজায়, যাইয়া ত্বরায়, অক্ষয়-বট দেখিয়া।
দীনবন্ধু প্রতি, করিলেক নতি, পুলকে পূর্ণিত হিয়া॥
গোলোকবিহারী, সুভদ্রাকুমারী, বলরাম দৃষ্টি করি।
সাধু-কলেবর, সুখে গরগর, নয়নে বহিছে বারি॥
লক্ষ্মীর পুরীতে, যাইয়া ত্বরিতে, সকল দেখিয়া যায়।
উদর ভরিয়া, ভোজন করিয়া, উঠিলেন যেয়ে নায়॥
নীলাচলোপর, দেখে যেই নর, দারুব্রহ্ম অবতার।
সে যায় গোলোকে, জিনিয়া ত্রিলোকে, কাটাইয়া ভবভার॥
প্রভুর মহিমা, দিতে নারি সীমা, স্মরিতে কলুষক্ষয়।
সর্ব্বতীর্থ আসি, হয় মিশামিশি, যেখানে প্রসঙ্গ হয়॥
তথা হৈতে গতি, কৈলা ধনপতি, সেতুবন্ধে উপনীত।
রামেশ্বর নাম, অতি অনুপাম, শিবলিঙ্গ বিরাজিত॥

কাণ্ডারী-গোচর, কহে সদাগর, শুন কর্ণধার ভাই।
মনের উল্লাস, এক রাত্রি বাস, করিব এ পুণ্য ঠাঁই ॥
শুনেছি পুরাণে, সেতুবন্ধ-স্থানে, যে করে নিশিতে বাস।
শমন দমন, প্রসঙ্গে ভঞ্জন, জঠরযাতনা নাশ ॥
সে নিশি বঞ্চিয়া, শিবকে অর্চ্চিয়া, খুলিল সাধু বহর।
বামে লঙ্কা রাখি, কর্ণধারে ডাকি, কহিতেছে সদাগর ॥
সমুদ্রেতে নাও, খরতর বাও, সাবধান লাগে শঙ্কা।
সব নীরাকার, অপার পাথার, দরশন মাত্র লঙ্কা ॥
সেতুবন্ধ হৈতে, সিংহল যাইতে, চারি মাসে সবে যায়।
হরির চক্রেতে, বায়ুর বেগেতে, চারি প্রহরে লাগায় ॥
দেখিয়া নগর, অতি মনোহর, উঠিলেন ধনপতি।
অশেষ বিশেষ, এই কোন্ দেশ, জিজ্ঞাসে সবার প্রতি ॥
বলিছে সকলে, আসিছ সিংহলে, কোথা যাবে মহাশয়।
শুনি সদাগর, হরিষ অন্তর, নিতান্ত বিস্মিত হয় ॥
কর্ণধার তরে, কহে সদাগরে, কি শুভ-যাত্রার ফল।
চারি মাস পথ, দিনেতে আগত, বাণিজ্যে হবে মঙ্গল ॥
মহা সুখ-রঙ্গে, জামাতার সঙ্গে, বাসা করিলেন স্থিত।
অট্টালিকা-পর, বালাখানা ঘর, মনোহর বিরাজিত ॥
সিংহল নগর, বর্ণিতে দুষ্কর, ধর্ম্মশীল সত্যবাদী।
মহা মহীপাল, প্রতাপে বিশাল, নিষ্পাপ বিহীনব্যাধি ॥
রূপসী সুন্দরী, পদ্মিনী নাগরী, ঘরে ঘরে প্রকাশিত।
ছয় ঋতু বয়, প্রতিদিনে ক্ষয়, বসন্ত সদা উদিত ॥
কমলিনীগণ, কখন কখন, কটাক্ষ-ভঙ্গিমা করে।
ধনু ছাড়ি কাম, অমনি বিশ্রাম, রতিতে মন বিস্মরে ॥
হীরা মুক্তা চুণি, হেম নীলমণি, রাখিছে ভরি ভাণ্ডার।
জীরা ধনিপ্রাতে, সমযোগ্য তাতে, তুল্য ওজনে ব্যাপার ॥
দেখি ধনপতি, হরষিত অতি, মনে তবে আশা করে।
এবার আমার, সাধের ব্যাপার, দিয়াছেন ধনেশ্বরে ॥
কবিবর কয়, আশা অতিশয়, যথা তথা অমঙ্গল।
স্বর্ণমৃগ দেখি, আশায় জানকী, পেয়েছেন প্রতিফল ॥

যে দিবস সাধু গেল সিংহলে।
রাজপুরী চুরি হৈল বিরলে ॥
রাণীর গলার মতির হার।
চোরে বেচিবারে নিল রাজার ॥
মনোহর হার সাধু জানিয়া।
জামাতার গলে দিল কিনিয়া ॥
সভাতে কোটালে আনিয়া ভূপে।
তর্জ্জন করিছে বিশেষরূপে ॥
হেনকালে হরি সর্ব্বজ্ঞবেশে।
উপনীত হৈল রাজার বাসে ॥
শুভ্র যজ্ঞসূত্র গলেতে দোলে।
হর হর হর বদনে বলে ॥
শত সূর্য্যসম বিরাজে কায়।
জাহ্নবীমৃত্তিকা ভূষিত গায় ॥
দেখি মহারাজা করে প্রণাম।
জিজ্ঞাসে প্রভুর কোথায় ধাম ॥
হরি কহে ধাম হরির দ্বার।
যাইব সাগরসঙ্গম পার ॥
যোগবলে আমি সকল জানি।
চোর সাধু সব দেখিলে চিনি ॥
রাজা বলে প্রভু কহিতে ডরি।
হার-চোর মোর দেহ ত ধরি ॥
ভূমে খড়ি পাতি কহিছে হার।
শুন চোর নাম নৃপকেশরী ॥
নাম ধনপতি কামাখ্যাবাসী।
বাসা করিয়াছে নগরে আসি ॥
হরিশ্চন্দ্র নামে জামাতা তার।
তারা চুরি করি নিয়াছে হার ॥
কোটাল ছুটিল নগর-পাশে।
ধরে যেয়ে সাধুর নাম উদ্দেশে ॥

নাবিকে ফুকারে হরিষ পার।
চোর ধরা গেছে সহিতে হার ॥
রাজা বলে হার আন গোচরে।
চোর নিয়া রাখ মশান-ঘরে ॥
হরি নাম ভুলি হরির সঙ্গে।
সাধু হৈল বন্দী জামাতা সঙ্গে ॥
দেশে দুরদৃষ্ট সাধুর বাড়ী।
হৈল গৃহদাহ অগ্নিতে পুড়ি ॥
মহা দুঃখ হৈল সাধুর জায়ার।
দিনান্তে না ঘটে আহার তার ॥
বিরলে বসিয়া সাধুর রমণী।
শ্রবণে শুনিল হরির ধ্বনি ॥
স্মরণে পড়িল মানস কথা।
দেব আরাধিয়া জন্মিল সুতা ॥
মানস করিল দেবের ঠাঁই।
প্রভু আন দেশে সঙ্গে জামাই ॥
ভক্তি দেখিয়া দয়াল নাথ।
সিংহলে চলিল রাজ-সাক্ষাৎ ॥
স্বপনে রাজারে কহেন কানে।
সাধু দুই জনে কেন মশানে ॥
কোথাকার জানি ব্রাহ্মণ দুষ্ট।
তার বাক্যে দেও এতেক কষ্ট ॥
মহাজ্ঞানবান্ সেবক মোর।
হার কিনি হৈল এ দেশে চোর ॥
শীঘ্র ছাড়ি দাও সিংহল-নাথ।
নহে সবংশে হইবে নিপাত ॥
প্রভাতে উঠিয়া সিংহলপতি।
কম্পিত স্বপন-ভয়েতে অতি ॥
আনি দুই সাধু করি মোচন।
নৌকা পুরি দিল হীরা কাঞ্চন ॥

দেশে চলে সাধু হরিষ পার।
দিবানিশি নাহি ভেদ তাহার॥
সত্যনারায়ণ করিলা লীলা।
নদীতীরে দিব্য সন্ন্যাসী হৈলা॥
গৈরিকের বস্ত্র কটিতে আঁটা।
প্রয়াগের রুলি কপালে ফোঁটা॥
শিরে জটাভার কুণ্ডল কানে।
ঢুলু ঢুলু আঁখি বিজয়া পানে॥
সাধুকে জিজ্ঞাসে মধুর স্বরে।
সদাগর যাবে কোন্ সহরে॥
কিবা দ্রব্য তুমি ভরেছ নায়।
সাধু শুনি কহে কুপিয়া তায়॥
মাটীতে পূরেছি তরণী আমি।
পুনঃ পুনঃ কেন জিজ্ঞাস তুমি॥
প্রভু কহে হাসি মাটীর ভরা।
মোর বাক্যবলে হউক ত্বরা॥
সাধু দেখি মাটী সকল নায়।
কান্দি পড়ে যেয়ে সন্ন্যাসি-পায়॥
স্তব-স্তুতি করে অতি সরস।
ভগবান্ হৈলা স্তবেতে বশ॥
হাসি কহে হরি সাধুর পাশে।
সত্য-সেবা ভুলিয়াছ কি দোষে॥
দুহিতা কারণে মানস ছিল।
বিয়া দিলা পূজা কেন না হৈল॥
সিংহলেতে দুঃখ তাঁহার রোষে।
পূজা কর গিয়া আপন দেশে॥
পূর্ব্ব মত ভরা হইবে নায়।
উঠ যেয়ে সাধু দিবস যায়॥
অন্তর্দ্ধান হৈলা প্রভু তথায়।
ধনপতি হৈল ত্রাসিত তায়॥
বান্ধা রাখে রত্ন সেবার কারণ।
নৌকায় উঠি করেন গমন॥
বহুকালে তরী লাগিল ঘাটে।
সাধুর পুরীতে সংবাদ রটে॥
সাধুসুতা সত্যসেবার পরে।
লইছে প্রসাদ খাইতে করে॥
সংবাদ শুনিয়া আহ্লাদভরে।
ফেলিল প্রসাদ কতেক দূরে॥
নারায়ণ হৈলা তাহে কুপিত।
ডুবিল জামাতা নৌকা সহিত॥
সাধু মোহ হৈল দেখিয়া তায়।
পুরে অমঙ্গল শুনিতে পায়॥
সাধুনারী শুনে সুতার সাথ।
বিনা মেঘে হইল বজ্রাঘাত॥
ক্রন্দনের রোল সাধুর দেশে।
কবিবর ভণে লাচারি শেষে॥

শুনিয়া দারুণ বাণী, সাধুসুতা সুবদনী, পড়িল কাঁদিয়া ধরাপর।
কমল যুগল করে, হানিছে মস্তকোপরে, নয়নেতে ধারা খরতর॥
ওহে প্রভু প্রাণনাথ, বজ্রাঘাত অকস্মাৎ, নিজনারী পরেতে হানিলা।
যাইতে প্রবাস-পথে, কত বুঝাইনু তাতে, ঘাটে আসি সব বিস্মরিলা॥
চিরকাল পরবাস, মনেতে করেছি আশ, দেখিব বদন-শশধর।
আশানদী হৈল দূর, যৌবনের গর্ব্ব চূর, হেলাতে করিলা প্রাণেশ্বর॥

নারীর জীবন পতি, পতি রমণীর গতি, নারীর বসন-ভূষা পতি।
কান্দিছে সাধুর বালা, ধরণী করিয়া আলা, মদনবিরহে যেন রতি॥
ক্ষণে পড়ে ধরাতলে, ঝাঁপ দিতে চাহে জলে, ক্ষণে ক্ষণে বলিছে বদনে।
কোথা গেলে প্রাণেশ্বর, আসিয়া দেখহ ঘর, অবলার দুর্গতি নয়নে॥
ভাবিতে পরাণ ফাটে, সমুদ্র তরিয়া ঘাটে, বিনা মেঘে নৌকা হৈল তল।
না দেখিয়া পারাবার, উপায় করিছে সার, বুঝি হরি করিয়াছে ছল॥
ওহে প্রভু গদাধর, নিবাহ অগ্নির শর, বিদিত তোমার কলেবর।
ত্রেতা যুগে অবতার, নাশিতে ক্ষিতির ভার, জন্মেছিলা অযোধ্যা-নগর॥
পিতার আজ্ঞার ছলে, বনবাস কুতূহলে, জানকী লক্ষ্মণ সঙ্গে করি।
উপজিল দুঃখজাল, পরিয়া গাছের ছাল, শিরে জটা হাতে ধনু ধরি॥
ছিলা পঞ্চবটীবন, তথা হৈতে দশানন, সীতা হরি নিল লঙ্কাপুরী।
বিরহে হইয়া ছন্ন, বিবর্ণ হইল বর্ণ, ব্যাকুল হইলে বনে ঘুরি॥
পূর্ণব্রহ্ম অবতারী, সুগ্রীবেরে সখা করি, বালী বধ বিনা অপরাধে।
সমুদ্র তোমার সৃষ্টি, পাষাণ করিয়া বৃষ্টি, অলঙ্ঘ্য বাঁধিলা শোকবাদে॥
অতি শোকে কোপরাশি, সবংশে রাবণে নাশি, সীতা সঙ্গে হৈল দরশন।
হরিষ হইয়া রঙ্গে, বানর ভল্লুক সঙ্গে, সুখে কৈলা অযোধ্যা গমন॥
আমি বালা বলশূন্য, শরীরে নাহিক পুণ্য, পুণ্যহীনে দেবতা নির্দ্দয়।
অধম অজ্ঞান জানি, দয়া কর চক্রপাণি, তব নাম দীন-দয়াময়॥
লোচনে বহিছে ধারা, যেন মন্দাকিনী পারা, নারায়ণ স্মরে বারে বার।
বিপত্তিতে অভিরাম, শ্রীমধুসূদন নাম, কবিবর কহিছে পয়ার॥

এরূপে ক্রন্দন কত করে সাধুবালা।
রাহুতে গ্রাসিছে যেন পূর্ণ শশিকলা॥
নিতান্ত দুর্গতি দেখি সত্যনারায়ণ।
করিলা আকাশবাণী শুনে সর্ব্বজন॥
আহ্লাদে ত্যজিয়াছিলে প্রসাদ আমার।
ভক্তিভরে খাও যেয়ে দুঃখে হবে পার॥
আকাশবাণীতে যেন পেয়ে হারাধন।
পরম ভক্তিতে খায় প্রসাদ তখন॥
উঠিল ভাসিয়া নৌকা হরিশ্চন্দ্র সনে।
জয় জয় শব্দ হয় সাধুর ভবনে॥
ধনপতি জামাতাকে সহিত লইয়া।
পুরে প্রবেশিলা সুখসাগরে ডুবিয়া॥
ধনপতি মহাসুখী কৈলা ভগবান্।
জন্মিলেক দুহিতার অপূর্ব্ব সন্তান॥
যুগে যুগে অবতার হৈয়া মনোহর।
এরূপ মহিমা প্রকাশিল গদাধর॥
কলিতে জাগ্রত দেব সত্যনারায়ণ।
অপুত্রকে পুত্র দেন দরিদ্রকে ধন॥

রোগযুক্ত হয় মুক্ত সঙ্কটে নিস্তার।
কারাগারে বন্দী পায় মানসে উদ্ধার॥
বোবাজন কথা কয় মূর্খে বিদ্যা পান।
কি না কারে দিতে পারে দেব ভগবান্॥
হরি বল হরি বল হরি বল ভাই।
নারায়ণ বিনা অন্তকালে কেহ নাই॥
ভাই বন্ধু নারী আদি সকলি অসার।
ভবসিন্ধু তরিবারে তরী নাহি আর॥
গেল দিন মিছা কাজে কবিবর কয়।
হরি হরি ধ্বনিতে যমের নাহি ভয়॥

কবি কৃপারাম শর্ম্মা-প্রণীত

## সত্যনারায়ণ-কথা।

### দেববেদী-বন্দনা।

নমো গণেশায় নমঃ।

করযোড়ে করি স্তব, বন্দ গণপতি দেব, তাঁহার চরণেতে প্রণাম।
সর্ব্বদেব আগে পূজ, শিবসুত চতুর্ভুজ, করে সদা তপ জপ ধ্যান॥
তবে পিতা বন্দ শিব, নিস্তার-কারণ জীব, শাস্ত্রকর্ত্তা সৃষ্টির ঈশ্বর।
বন্দিব তাঁহার দারা, জগৎ-মোহিনী তারা, তাঁর পদে মন রহুক মোর॥
তবে বন্দ নারায়ণ, গোপিকার প্রাণধন, লক্ষ্মীমাতা বন্দিব সাদরে।
তবে বন্দ সরস্বতী, দেহ দান কবি রতি, এই বর মাগি মা তোমারে॥
রাধিকা রুক্মিণী রমা, তবে বন্দ সত্যভামা, বাল্মীকি নারদ আদি মুনি।
ব্রহ্মা আদি দেব যত, সবারে করিয়া নত, বন্দ দেব হরের ঘরণী॥
বন্দনা বন্দিতে ক্রমে, যে দেব এড়ায় ভ্রমে, কোটি কোটি প্রণাম তাঁহারে।
কহে দ্বিজ কৃপারাম, নিবাস এই দেবগ্রাম, সদা প্রভু রাখুন সুস্থিরে॥

ইন্দ্র আদি দেবগণ করিয়া বন্দন।
তার পর বন্দিয়া গাব নবগ্রহগণ॥
সকল দেবের পায় করিয়া প্রণতি।
প্রণমহ সত্যপীর ঘটে করুন স্থিতি॥
প্রথমে বন্দিব পীর আমুয়া মোকামে।
কত শত পাতকী নিস্তার পায় নামে॥
রাইগ্রামের পীর বন্দ সাহাই গোরাই।
কার্য্যসিদ্ধি হয় যদি নাম ক'রে যাই॥
তার পর বন্দিব পীর নবদ্বীপবাসী।
মগদম ঠাকুর বন্দ মনে অভিলাষী॥
মঙ্গলকোটের পীর বন্দ হরষিত মনে।
মগদম ঠাকুর বন্দ গ্রাম পলাশনে॥

একাগ্র হইয়া যদি সেবে সেই পীরে। অন্ধকের চক্ষু হয় অন্য কিবা করে॥
সেই পীর বন্দি মুঞি মস্তকে করিয়া। পাতশা সাহেব বন্দ ভূমি লোটাইয়া॥
যে দেব এড়ায়ে যান বন্দনা বন্দিতে। কোটি কোটি প্রণাম মোর তাঁহার পদেতে॥
কহে দ্বিজ কৃপারাম শুন দেবগণ। দিবানিশি দেবী-পদে রহে যেন মন॥

গ্রন্থারম্ভ।•

( ১ )

শুন ভাই একমনে, সত্যপীর যে কারণে, পৃথিবীতে হইল প্রকাশ।
প্রবল হইল কলি, যবন হইল বলী, হিন্দুদের করে উপহাস॥
তাহা দেখি নারায়ণ, দুষ্ট-খল-নিবারণ, পীরমূর্ত্তি হইলা আপনি।
বাহন হইল ঘোড়া, পরিধান খাসা যোড়া, তীর কামটা সঙ্গের সাজনি॥
বিষ্ণু নামে বিপ্র এক, দুঃখ পায় অতিরেক, গৌড়রাজ্যে তাহার নিবাস।
প্রত্যূষে ভিক্ষায় যায়, যাহা পায় তাহা খায়, কোন দিন থাকে উপবাস॥
একদিন সেই বিপ্র, ভিক্ষা করিবারে শীঘ্র, অর্দ্ধপথে গেলেন ব্রাহ্মণ।
ভাবি বিপ্র পথে চলে, সত্যপীর হেন কালে, ফকীর-বেশে দিল দরশন॥
ফকীর কহেন কথা, আর কেহ নাহি তথা, শুন কহি তোমারে ব্রাহ্মণ।
আজ যে ভিক্ষায় যাবে, তাহাতে যতেক পাবে, পূজা কর পীর নারায়ণ॥
বিপ্র বলে ফকীরজী, অনেক দেশ ফিরেছি, পীর নাম কোথাও না শুনি।
কেমন আকার তাঁর, পূজার ব্যবস্থা আর, ইহা আমি কিছুই না জানি॥
শুনিয়া দ্বিজের কথা, এ তিন ভুবন-কর্ত্তা, ফকীর-বেশ ছাড়িলা তখন।
বিধির বিধাতা হরি, শঙ্খ-চক্র-গদাধারী, চতুর্ভুজ দেখিলা ব্রাহ্মণ॥
নারায়ণ রূপ দেখি, মনে বড় হইল সুখী, পড়ে দ্বিজ মূর্চ্ছিত হইয়া।
তাহা দেখি নারায়ণ, খল-দুষ্ট নিবারণ, তোলে প্রভু দ্বিজেরে ধরিয়া॥
উঠি বিপ্র কহে বাণী, নারায়ণ গুণমণি, কহ দেখি পূজার বিধান।
ফকীর কহেন বাণী, আটা দুগ্ধ গুড় চিনি, গুবাক কদলী আর পান॥
সর্ব্বদ্রব্য ত্বরা কিনি, প্রসূন চন্দন আনি, পূজা কর সত্যনারায়ণ।
নারায়ণ ভাবি মনে, কৃপারাম দ্বিজ ভণে, সত্যপীর হৈল অন্তর্দ্ধান॥

( ২ )

সত্যপীর বর দিয়া হন অন্তর্দ্ধান।
ভিক্ষা করিবারে শীঘ্র করিল প্রয়াণ ॥
হরষিত হয়ে দ্বিজ প্রবেশে নগর।
সে দিন দ্বিগুণ ভিক্ষা পায় দ্বিজবর ॥
সয়া করি সব সিন্নী কিনিল সত্বরে।
ঘরে গিয়া কয় সব ব্রাহ্মণীর তরে ॥
সত্যপীরে সিন্নী দিব শুনহ ব্রাহ্মণি।
এই দেখ সব দ্রব্য সয়া করি আনি ॥
সেই সব দ্রব্য দ্বিজ পীরে নিবেদিল।
ভক্তিভাব করি সবে প্রসাদ পাইল ॥
প্রত্যূষে উঠিয়া দেখে সে বিষ্ণু ব্রাহ্মণ।
স্বর্ণময় দেখে সব আপন ভবন ॥
এইরূপে দ্বিজ সত্য বর দিয়া গেল।
পীরের বরেতে দ্বিজ বড়ই বাড়িল ॥
কাষ্ঠকাটা কাঠুরিয়া স্কন্ধে করি ভার।
ত্বরায় চলিছে তারা নগর-বাজার ॥
তৃষ্ণায় আকুল হয়ে কাঠুরিয়াগণ।
তৃষ্ণা নিবারিতে চলে দ্বিজের ভবন ॥
সুবর্ণের পুরী দেখি হৈলা চমৎকৃত।
ভিক্ষুক-ভবন কেন সুবর্ণ-রচিত ॥
চঞ্চল তাহার চিত্ত চারি পানে চায়।
পথিক পাইয়া পুছে পড়ি তার পায় ॥
পথিক বলেন পায় পড় কি কারণ।
কাঠুরিয়া কহে কহ কাহার ভবন ॥
হেনকালে দ্বারে আইলেন দ্বিজবর।
তাঁহার নিকটে সব গেলেন সত্বর ॥
কাঠুরিয়া কহে কথা করিয়া বিনয়।
কি হেতু ঐশ্বর্য্য হৈল কহ মহাশয় ॥

দ্বিজ বলে শুন ভাই কাঠুরিয়াগণ।
দয়া করি দরশন দিল নারায়ণ ॥
ধর ভাই সিন্নী লও কিছু দাও মুখে।
সত্যপীরে সিন্নী দিয়া থাক গিয়া সুখে ॥
কাঠুরে কহে গোসাঞি করি নিবেদন।
কিরূপেতে সিন্নী দিব কহ বিবরণ ॥
দ্বিজ বলে সব দ্রব্য সয়া করি লবে।
সন্ধ্যাকালে সবিনয়ে সবারে আনিবে ॥
জ্ঞাতি বন্ধু দ্বিজ আনি করিবে সিরণী।
মনোরথসিদ্ধি হবে দেখিবে তখনি ॥
হেন উপদেশ তবে কাঠুরিয়া পাইয়া।
নগরে চলিয়া গেল কাষ্ঠ-বোঝা নিয়া ॥
দৈবযোগে সেই কাষ্ঠ হইল চন্দন।
কাহনে দ্বিগুণ কড়ি পাইল তখন ॥
হরষিত হয়ে দেখে যত কাঠুরিয়া।
সত্যপীর সিন্নী নিল বুঝিয়া বুঝিয়া ॥
দ্বারেতে আসিয়া সব কাঠুরিয়াগণ।
সত্যের সেবন করে হরষিত মন ॥
সত্যপীর তুষ্ট হৈয়া গেল বর দিয়া।
মহাভাগ্যবান্ হৈল যত কাঠুরিয়া ॥
একদিন নদীতীরে কাঠুরিয়াগণ।
সত্যের সেবন করে হরষিত মন ॥
সবিনয়ে সিন্নী বাঁটে সবে সভা করে।
সেই নদী বাহিংধায় এক সদাগরে ॥
দেখিয়া অপূর্ব্ব ঘটা ডিঙ্গা ফিরাইল।
খসারে নায়ের কাছি ডাঙ্গাতে বান্ধিল ॥
কাঠুরিয়া-কাছে আসি সাধুর নন্দন।
করযোড়ে কহে কহ কাহার পূজন ॥

ইহা বা করিলে ভাই কোন্ কর্ম্ম হয়।
বিস্তারিয়া মোরে তবে কহিবে নিশ্চয় ॥
কাঠুরিয়া কহে সাধু শুনহ সুস্থির।
সবে মিলি করি পূজা দেব সত্যপীর ॥
বন্ধ্যা থাকে হয় পুত্র অন্ধকের আঁখি।
নির্ধনেতে সেবে যদি সদা থাকে সুখী
কাঠুরিয়া-কথা শুনি কহে সদাগর।
অপুত্রক আছি আমি অনেক বৎসর ॥
যদি পুত্র জন্মে মোর সত্যপীর-বরে।
দেশে গিয়া দিব পূজা দেব সত্যপীরে ॥
শুনিয়া সাধুর কথা যত কাঠুরিয়া।
আমিন আমিন রব উঠিল করিয়া ॥
সন্তোষেতে সবাকার করিয়া সম্মান।
পীরে দণ্ডবৎ করি সাধুর প্রয়াণ ॥
ত্বরায় চালায় তরী সাধুর নন্দন।
নিজ দেশে ঘাটে ডিঙ্গা দিল দরশন ॥
শকটে চাপায়ে ধন লইল সকল।
প্রবেশ করিল গিয়া আপন মহল ॥
এইরূপে সদাগর আছে হৃষ্টমতি।
কতকাল পরে রামা হইল গর্ভবতী ॥
প্রসবিলা এক কন্যা সাধুর রমণী।
চন্দ্রকলা নাম তার রাখিল তখনি ॥
দিনে দিনে বাড়ে কন্যা পৃথিবী-ভিতর।
বিবাহের যোগ্য হৈল আনাইল বর ॥
জ্ঞাতি বন্ধু দ্বিজ আনি কন্যা কৈল দান।
নানা ধনে জামাতারে করিল সম্মান ॥
এইরূপে কত কাল আছে সদাগর।
বাণিজ্য করিতে সাধু চিন্তিল অন্তর ॥
জামাতা আনিয়া সাধু বলিছে বচন।
বাণিজ্যে যাইতে কর ডিঙ্গার সাজন ॥
সত্যপীরে সিন্নী দিতে পাসরিল মনে।
জামাতা সহিত যান দক্ষিণ পাটনে ॥
দিবানিশি চলে ডিঙ্গা কি কহিব কথা।
পাটনেতে উপনীত শ্বশুর-জামাতা ॥
ডিঙ্গা দাঁড়ী জামাতা রাখিল সেই ঘাটে।
ভেট লয়ে চলে সাধু রাজার নিকটে ॥
ভেটদ্রব্য ভূপতিরে দিল সদাগর।
রাজা বলে কিবা জাতি কোন্ দেশে ঘর ॥
শঙ্খদত্ত বলে বাণী শুনহ ভূপতি।
শঙ্খদত্ত নাম মোর গৌড়রাজ্যে স্থিতি ॥
জামাতা সহিত আমি এসেছি পাটন।
বদল করিব ধন শুনহ রাজন্ ॥
রাজা বলে বদল করিয়া দিব ধন।
বাসা করি থাক গিয়া সিংহল পাটন ॥
তাড়াতাড়ি তরণীতে উপনীত হৈল।
পরম হরিষে রাজা প্রণাম করিল ॥
জামাতা সহিত সাধু রহে সেই ঘাটে।
বিপাকে পড়িল সাধু পীরের কপটে ॥
চোর-বেশ ধরি তবে সত্যনারায়ণ।
সাধুর ডিঙ্গায় ভরি রাখে রাজধন ॥
জটাধর ঠাকুর-পুত্র নবনী ঠাকুর।
তাহার মধ্যম পুত্র কানুরাম শূর ॥
তাহার তনয় সুত নাম কৃপারাম।
এই পঞ্চ পুরুষ নিবাস দেবগ্রাম ॥

(৩)

ভাণ্ডারী সকালে, ভূপতিরে বলে, চোরে সব লয়ে গেল।
ভাণ্ডারী বচন, শুনিয়া রাজন, অনলে যেন ঘি দিল॥
অতি ক্রোধভরে, কহে কোটালেরে, রাজ্য লুটে খাও বেটা।
সব নিল চোরে, তুমি থাক ঘরে, আজি মাথা যাবে কাটা॥
কোটালিয়াগণ, ভয়ে ভীত মন, কহিছে রাজার তরে।
শুন মহারাজ, আজি সভামাঝ, আনিয়া দিব সে চোরে॥
চলে ত্বরাত্বরি, রাজার মজুরি, করিয়া কোটাল সব।
কোথাকে যাইব, কিরূপে পাইব, মনে করে অনুভব॥
ঘাটে মাঠে ঘরে, নগরে বাজারে, কোথা না পাইল চোর।
কোটাল কহেন, রক্ষ নারায়ণ, আজি মাথা যাবে মোর॥
ভাবি পথে চলে, সত্য হেন কালে, কহে কোটালের তরে।
শুন কোটালিয়া, ভ্রম কি খুঁজিয়া, চণ্ড কয় খুঁজি চোরে॥
ফকীর কহেন, কোটালিয়াগণ, দেখ এই চোর ব'সে।
ফকীর বচনে, কোটালিয়াগণে, দুই চোরে বান্ধে কোসে॥
মারে লাথি চড়, সুখী সদাগর, লুটাপুটা যায় ধূলে।
কৃপারাম কয়, আর কিবা হয়, সিন্নী মানি নাহি দিলে॥

( ৪ )

কোটাল বলেন বেটা সদাগর-বেশে।
ঘর মারিবারে আ'স মোর এই দেশে॥
মার মার মুঠ্‌কি মরমে মরুক্ বেটা।
রাজার সাক্ষাতে গেলে মাথা যাবে কাটা॥
দৃঢ় করি দুই চোরে বান্ধিয়া তখন।
রাজার অগ্রেতে গিয়া দিল দরশন॥
যোড়কর করি রাজে কহে কোটালিয়া।
আনিয়াছে দুই চোরে দেখহ আসিয়া॥
রাজা বলে দৃঢ় করি বান্ধ দুই চোরে।
হাড় দিয়া ফেলাইয়া রাখ কারাগারে॥
এইরূপ রহে দেখ শ্বশুর জামাতা।
সদাগরের স্ত্রী নিয়া শুন এক কথা॥
তাহার দুঃখের কথা কি কহিব আর।
পৃথিবীতে নাহি দুঃখ তুলনা তাহার॥
একদিন সাধুসুতা যায় পথ দিয়া।
দ্বিজের দ্বারেতে কন্যা উত্তরিল গিয়া॥
দ্বিজবর সিন্নী করে হরষিত মনে।
কৌতুক দেখিতে কন্যা আইল সেখানে॥

করযোড় করি বলে সাধুর দুহিতা।
কার পূজা কর মোরে কহ সত্য কথা॥
ব্রাহ্মণ বলেন কন্যা শুন একমনে।
সবে মিলি করি পূজা সত্যনারায়ণে॥
ভক্তি করি সেবে যদি সত্যনারায়ণ।
বন্ধনে থাকিলে হয় বন্ধন মোচন॥
শুনিয়া সাধুর সুতা হরষিত হৈয়া।
দ্বিজের সকল কথা মায়ে দিল কৈয়া॥
শুনিয়া সকল কথা সাধুর রমণী।
হরষিত হৈয়া হাটে আনালে সিরনী॥
ভক্তি করি দ্বিজ আনি পূজে সত্যপীর।
দয়া করি দয়াময় ঘটে হন স্থির॥
সত্যপীর তুষ্ট হৈয়া দিয়া গেল বর।
সাধুরে আনিতে চলে সিংহল নগর॥
রাজরাণী পাশে রাজা নিদ্রা যায় শুয়ে।
সত্যপীর স্বপ্নে কহে শিয়রে বসিয়ে॥
সত্যপীর কহে রাজা শুনহ উত্তর।
আমার সেবক এই সাধু সদাগর॥
সিরণী মানিয়া মোর সিন্নী নাহি দিল।
আমার ক্রোধেতে তাই বড় দুঃখ পাইল॥
প্রত্যুষে উঠিয়া এরে বিদায় করিবে।
না করিলে মহারাজা বড় দুঃখ পাবে॥
এই কথা বলি সত্য নিজ স্থানে গেল।
চারি পানে চেয়ে রাজার নিদ্রাভঙ্গ হৈল॥
তরাস পাইলা মনে শুনে স্বপ্নবাণী।
শয্যাতে বসিয়া নৃপ পোহাল রজনী॥
সকালে উঠিয়া রাজা বার দিল পাটে।
কোটালে কহেন চোর আনহ নিকটে॥
কোটাল আনিল চোর রাজার হুজুর।
নাপিতেরে আজ্ঞা দিল করিতে ক্ষেউর॥
ক্ষেউর করিয়া দোঁহে করে স্নানপূজা।
দিব্য বস্ত্র পরিধানে দিল তারে রাজা॥
হরষেতে ফলার করিল দুই জন।
সপ্তখানি ডিঙ্গা তারে দিলেন রাজন॥
করযোড় করি শেষে কহেন ভূপতি।
ক্ষম অপরাধ সাধু আমি মূঢ়মতি॥
প্রিয় বাক্য বলি তাঁরে করিল বিদায়।
জামাতা সহিত সাধু নিজদেশে যায়॥
কহে কৃপারাম কবি ভাবি নারায়ণ।
দিবানিশি দেবীপদে রহে যেন:মন॥

( ৫ )

সাধু জামাতার সনে, মহা আনন্দিত-মনে, নিজ দেশে করিল গমন।
শাল পট্ট নিল যত, তাহা বা কহিব কত, জরি জড়োয়া ও কত ধন॥
পটুকী পামরি চুড়ে, মখমল খাসা ডুরে, কত বস্ত্র নিল সদাগর।
চামর কর্পূর লঙ্গ, মুকুতা প্রবাল শঙ্খ, তৈজসাদি নিলেক বিস্তর॥
সাধু আনন্দিত-মনে, চলে ডিঙ্গা রাত্রিদিনে, কোথাও নাহিক হয় স্থির।
জলেতে চলিছে তরী, ফকীরের বেশ ধরি, সদাগরে ছলে সত্যপীর॥

দাঁড়ায়ে নদীর কূলে, মায়ায় ফকীর বলে, শুন সাধু আমার বচন।
তুমি সাধু অধিকারী, মু ফকীর দোয়াগিরি, ভিক্ষা কিছু দেহ ত এখন॥
সদাগর বলে বাণী, শুন দেওয়ান গুণমণি, ভিক্ষা তুমি চাহিলা আমারে।
সব লতাপাতা ভরি, নিয়ে যাই শুধু তরী, কিবা ধন দিব হে তোমারে॥
পাইয়া সাধুর দোষ, সত্যনারায়ণ রোষ, করি সদাগরে শাপ দিল।
ডিঙ্গার জিনিস যত, তাহা বা কহিব কত, পীরশাপে সব লতা হৈল॥
শঙ্খদত্ত সদাগরে, কহে জামাতার তরে, ডিঙ্গাধন গেল কোথাকারে।
জামাতা কহেন কথা, তেকারণে লতাপাতা, মিথ্যা কথা কহিলে ফকীরে॥
সদাগর বলে হয়, সেই জন মহাশয়, চল যাই তাহার নিকটে।
দোঁহে চল যাই তথা, সেই জন আছে যথা, ডিঙ্গা দাঁড়ী রোক এই ঘাটে॥
জামাতা চলিছে পিছে, যেখানে ফকীর আছে, যথাকালে গেলেন দু'জন।
পড়িয়া ফকীর-পদে, শ্বশুর জামাতা সাধে, কহ ফকীর তুমি কোন্ জন॥
ফকীর কহেন কথা, আর কেহ নাহি তথা, শুন সাধু আমার বচন।
উপদেশ সত্য জান, সত্যের সিরিণী মান, ডিঙ্গাভরা হবে সব ধন॥
কাঠুরিয়া-কাছে বর, মেগেছিলে সদাগর, তাহাও কি পাসরিলে মনে।
এ বার বৎসর বন্দী, করিলে অনেক সন্ধি, মুক্তি পাইলে পীরে সিন্নী দানে॥
শুনিয়া ফকীর-কথা, সাধু লজ্জা পায় তথা, দণ্ডবৎ পীরের চরণে।
জামাতারে কয় শুন, এক সহস্র মুদ্রা আন, পীর নামে রাখহ যতনে॥
সত্যপীর নারায়ণ, সাধু-কাছে অদর্শন, হন প্রভু মন বুঝি তার।
সদাগর হরষেতে, জামাতারে নিয়ে সাথে, ডিঙ্গায় চাপিল পুনর্ব্বার॥
হরষিত সদাগর, চলে ডিঙ্গা নিরন্তর, ফিরে সাধু নাহি চায় পিছে।
সত্যপীর ভাবি মনে, কৃপারাম দ্বিজ ভণে, আর এক সাধুর ফাঁড়া আছে॥

(৬)

ত্বরায় তরণী তারা চলে দিবানিশি।
কতকাল পরে সাধু নিজ দেশে আসি॥
জামাতা সহিত দোঁহে হরষিত-চিতে।
সংবাদ খরচ কিছু পাঠান বাটীতে॥
ত্বরায় যাইয়া দূত করিছে বারতা।
সদাগর আইল দেশে সঙ্গেতে জামাতা॥
সাধুসুতা কুতূহলে এই কথা শুনি।
ত্বরা যেতে সম্মুখেতে পড়িল সিরিণী॥
সিন্নী ফেলাইয়া কন্যা হরষিত-মন।
সেই অপরাধ পাইল সত্যনারায়ণ॥
অতি বড় ক্রোধ করি তার তরে বলে।
ডিঙ্গা শুদ্ধ তোর স্বামী ডুবে মরুক্ জলে॥

শ্রীসত্যপীরের শাপ বৃথা নাহি যায়।
জামাতা ডুবিল ঘাটে সাধু করে হায়॥
আকুল হইয়া একা কাঁদে সেই ঘাটে।
দুহিতা সহিত ভার্য্যা আইল নিকটে॥
স্বামীর রোদন দেখি সাধুর বনিতা।
জামাতা ডুবিল শুনি হইল মূর্চ্ছিতা॥
দুহিতা সহিত সাধু হইল ব্যাকুলী।
কৃপারাম ভণে সত্যপীরের পাঁচালী॥

(৭)

ধরিয়া দুহিতা-গলে, সাধুর রমণী বলে, কিবা দৈব হৈল সর্ব্বনাশ।
দুহিতা পতির সনে, পুড়িয়া মরিব তিনে, কি আর জীবনে মোর আশ॥
দ্বাদশ বৎসর হৈল, নানা দুঃখ ক্লেশ পাইল, উপনীত হৈল নিজ ঘাটে।
কিবা ছার ধরি দেহ, হেন দুঃখ দিল কেহ, বিনা দরশনে প্রাণ ফাটে॥
যদি কন্যা হৈল রাঁড়ী, তিনেতে মরিব পুড়ি, না রাখিব এ ছার জীবন।
এই কথা রামা বলে, সত্যপীর হেন কালে, ফকীর-বেশে দিল দরশন॥
ফকীর কহেন কথা, আর কেহ নাহি তথা, শুন কহি তোমারে সাধুনী।
কন্যা লয়ে যাও দৌড়ে, দ্বারেতে সিরিণী প'ড়ে, খেলে ডিঙ্গা উঠিবে এখনি॥
শুনিয়া ফকীর-কথা, সিন্নী প'ড়ে আছে যথা, গেল রামা দুহিতা লইয়া।
সিন্নী তুলে নিয়ে সুখে, যেইমাত্র দিল মুখে, ডিঙ্গা হেথা উঠিল ভাসিয়া॥
পীর হইল অদর্শন, সাধু আনন্দিত-মন, জামাতা সহিত উঠে তীরে।
আনিয়া সহস্র তঙ্কা, সিন্নী করে কাঁচাপাকা, পূজে সাধু দেব সত্যপীরে॥
সাধুদোষ ক্ষমি পীর, ঘটে হইল সুস্থির, হরষেতে পূজে সদাগর।
তবে পূজা সাঙ্গ হৈল, প্রসাদ সবারে দিল, গেল পীর দিয়া পুত্র-বর॥
সাধু জামাতার সনে, মহা আনন্দিত মনে, গেল ত্বরা আপন মন্দিরে।
কহে দ্বিজ কৃপারাম, নিবাস এ দেবগ্রাম, সদা প্রভু রাখিবেন সুস্থিরে॥

(৮)

এইরূপে সত্যপীর দিয়া গেল বর।
বড়ই উন্নত হইল সাধু সদাগর॥
তাহার ভাগ্যের কথা কি কহিব আর।
পৃথিবীতে নাহি ভাগ্য তুলনা তাহার॥
অতি ভক্তি ক'রে সেই সাধুর রমণী।
প্রতিদিন করে সেই সত্যের সিন্নিণী॥
শুন রে শুন রে ভাই অপূর্ব্ব কথন।
মায়া করি সত্যপীর হৈল নারায়ণ॥
যেবা গায় যেবা শুনে করিয়া ভকতি।
জন্মে জন্মে সেই জন পায়েন মুকতি॥
ভক্তি করি সেবে যদি সত্যনারায়ণ।
অন্ধকের চক্ষু হয় বন্ধ্যার নন্দন॥

| | |
|---|---|
| সঙ্কটে পড়িয়া সির্ণী মানে সত্যপীরে। | কৃপারাম দ্বিজ ভণে শুনে সত্যপীরে। |
| দয়া করি নারায়ণ তরান তাহারে॥ | নায়কের তরে সদা রাখিবে সুস্থিরে॥ |
| পীরের মঙ্গল কথা হৈল সমাধান। | এত দূরে সাঙ্গ হৈল সত্যের পুস্তক। |
| নৃপতি তেজশ্চন্দ্রের বাড়ুক কল্যাণ॥ | সত্যের পীরিতে হরি বল সর্ব্বলোক॥ |

---

## শনিপ্রদোষ-ব্রত।

কার্ত্তিক বা শ্রাবণ মাসের শনিবারযুক্ত শুক্লত্রয়োদশীর প্রদোষকালে রৌপ্যময় বৃষের উপরে স্বর্ণময় ত্রিলোচন পঞ্চমুখ দশবাহু হরগৌরীমূর্ত্তি স্থাপন করিবে। প্রতিমার সম্মুখে তাম্রময়, অভাবে মৃন্ময় ঘট স্থাপন করিবে। সমস্ত দিন উপবাসী থাকিয়া প্রদোষকালে স্নানানন্তর সাধারণ পূজাবৎ স্বস্তি-বাচনাদি করিয়া—'অদ্যেত্যাদি শনিপ্রদোষব্রতমহং করিষ্যে' বলিয়া সঙ্কল্প করিবে। পরে সূক্তপাঠাদির পর সামান্যার্ঘ্য-আসনশুদ্ধি-ভূতশুদ্ধ্যাদির (১৫২-১৬৩ পৃঃ) অন্তে যথাশক্তি ষোড়শোপচারে শিবের পূজা করিবে। (ধ্যানাদি শিবপূজা প্রকরণে আছে) তাহার পর যথাশক্তি দুর্গা ও শিববৃষভের পূজা করিবে। পূজার বিশেষ বিশেষ মন্ত্র আছে। আবাহনমন্ত্র যথা—এহ্যেহি ত্বমুমাকান্ত স্থানে চাত্র স্থিরো ভব। যাবদ্‌ব্রতং সমাপ্যেত কৃপয়া দীনবৎসল॥ আসনমন্ত্র।—আসনেঽস্মিন্ মাকান্ত সুখস্পর্শে সুনির্ম্মলে। উপবিশ্য মৃড়েদানীং সর্ব্বশান্তিপ্রদো ভব॥ পাদ্যমন্ত্র।—পাদ্যঞ্চ তে ময়া দত্তং পুণ্যগন্ধসমন্বিতম্। গৃহাণ দেবদেবেশ প্রসন্নো বরদো ভব॥ অর্ঘ্যমন্ত্র।—তাম্রপাত্রস্থিতং তোয়ং ফলগন্ধাদিসংযুতম্। অর্ঘ্যং গৃহাণ দেবেশ ময়া দত্তং হি ভক্তিতঃ॥ আচমনীয়মন্ত্র।—শীতলং নির্ম্মলং তোয়ং কর্পূরেণ সুবাসিতম্। আচম্যতাং সুরশ্রেষ্ঠ ময়া দত্তং হি ভক্তিতঃ॥ পঞ্চামৃতের বিশেষ বিশেষ উল্লিখিত মন্ত্র দ্বারা পঞ্চামৃতস্নান করাইবে; পরে দুগ্ধ দ্বারা স্নানমন্ত্র।—গোক্ষীরধামন্ দেবেশ গোক্ষীরেণ ময়া কৃতম্। স্নপনং দেবদেবেশ গৃহাণ

---

* কবি কৃপারাম বর্দ্ধমান জেলার অন্তর্গত দেবগ্রামে জন্মগ্রহণ করেন। দেবগ্রাম, বর্দ্ধমানের উত্তর-পূর্ব্ব-কোণে চারি ক্রোশ দূরে অবস্থিত। বর্দ্ধমানাধিপতি স্বনামধন্য ব্রাহ্মণ-প্রতিপালক মহারাজ তেজশ্চন্দ্র বাহাদুরের রাজ্যকালে কৃপারাম 'সত্যনারায়ণ-কথা' রচনা করেন। সমস্ত বর্দ্ধমান জেলায় সত্যনারায়ণ-পূজায় ইঁহার রচিত কথা পঠিত হয় বলিয়া এই স্থানে প্রদত্ত হইল।

পরমেশ্বর॥ দধি দ্বারা স্নানমন্ত্র।—দধ্না চৈব ময়া দেব স্নপনং ক্রিয়তে তব। গৃহাণ ভক্ত্যা দত্তং মে সুপ্রসন্নো ভবাব্যয়॥ ঘৃত দ্বারা স্নানমন্ত্র।—সর্পিষা দেবদেবেশ স্নপনং ক্রিয়তে ময়া। উমাকান্ত গৃহাণেদং শ্রদ্ধয়া সুরসত্তম॥ মধু দ্বারা স্নানমন্ত্র।—ইদং মধু ময়া দত্তং তব তুষ্ট্যর্থমেব চ। গৃহাণ শম্ভো ত্বং ভক্ত্যা মম শান্তিপ্রদো ভব॥ শর্করা দ্বারা স্নানমন্ত্র।—সিতয়া দেবদেবেশ স্নপনং ক্রিয়তে ময়া। গৃহাণ শম্ভো মে ভক্ত্যা সুপ্রসন্নো ভব প্রভো॥ সাধারণ স্নানমন্ত্র।—কাবেরী নর্ম্মদা বেণী তুঙ্গভদ্রা সরস্বতী। গঙ্গা চ যমুনা চৈব তাভ্যঃ স্নানার্থমাহৃতম্। গৃহাণ ত্বমুমাকান্ত স্নানীয়ং শ্রদ্ধয়া জলম্॥ বস্ত্রদানমন্ত্র।—এতদ্বাসো ময়া দত্তং সোত্তরীয়ং সুশোভনম্। গৃহাণ ত্বং সুরশ্রেষ্ঠ মম বাসঃপ্রদো ভব। উপবীতদানমন্ত্র।--যজ্ঞোপবীতং সৌবর্ণং ময়া দত্তঞ্চ শঙ্কর। গৃহাণ পরয়া তুষ্ট্যা তুষ্টিদো ভব সর্ব্বদা। চন্দনদানমন্ত্র।—সুগন্ধং চন্দনং দিব্যং ময়া দত্তং তব প্রভো। ভক্ত্যা পরময়া শম্ভো সুভগং কুরু মাং ভব॥ পুষ্পদানমন্ত্র।—মালতীচম্পকাদীনি কুমুদান্যুৎপলানি চ। বিল্বপত্রাণি পূজার্থং স্বীকুরু ত্বমুমাপতে। ধূপদানমন্ত্র।—ধূপং বিশিষ্টং পরমং সর্ব্বৌষধি-বিজৃম্ভিতম্। গৃহাণ পরমেশান মমোপরি দয়াং কুরু। দীপদানমন্ত্র।—দীপঞ্চ পরমং শম্ভো ঘৃতবর্ত্তিসুযোজিতম্। দত্তং গৃহাণ দেবেশ মম জ্ঞানপ্রদো ভব॥ নৈবেদ্যদানমন্ত্র।—শাল্যোদনঘৃতাপূপ-পায়সাদিসমন্বিতম্। নৈবেদ্যং বিধিবদ্দত্তং ভক্ত্যা মে প্রতিগৃহ্যতাম্। মধ্যে পানীয়মন্ত্র।—নৈবেদ্যমধ্যে পানীয়ং ময়া দত্তং হি ভক্তিতঃ। স্বীকুরুষ মহাদেব প্রসন্নো ভব সর্ব্বদা॥ উত্তরাপোশনমন্ত্র।—উত্তরাপোশনার্থং বা আনীতং জলমুত্তমম্। গৃহাণ ত্বমুমাকান্ত সর্ব্বদুঃখনিবারক॥ তাম্বূলমন্ত্র।—কর্পূরৈলালবঙ্গাদি পূগীফলসমন্বিতম্। তাম্বূলং কল্পিতং ভক্ত্যা গৃহাণ গিরিজাপ্রিয়॥ ফলদানমন্ত্র।—ইদং ফলং ময়া দেব ইত্যাদি। দক্ষিণামন্ত্র।—হিরণ্যগর্ভগর্ভস্থং হেমবীজং বিভাবসোঃ। দক্ষিণা কাঞ্চনী দেব স্থাপিতা মে তবাগ্রতঃ॥ আরাত্রিকমন্ত্র।—দীপাবলী ময়া দত্তা সুবর্ত্তিঘৃতসংযুতা। আরাত্রিকপ্রদানেন মম তেজঃপ্রদো ভব॥ প্রদক্ষিণমন্ত্র।—যানি কানি চ পাপানি ইত্যাদি। অনন্তর "মৃত্যুঞ্জয়ায় রুদ্রায় নীলকণ্ঠায় শম্ভবে। অমৃতেশায় সর্ব্বায় মহাদেবায় তে নমঃ॥" বলিয়া নমস্কার করিবে। পরে বকুলাদি পুষ্প ও বিল্বপত্র, তুলসী প্রভৃতি লইয়া—ওঁ সেবন্তিকাবকুলচম্পকপাটলাব্জৈঃ পুন্নাগজাতিকরবীররসালপুষ্পৈঃ। বিল্বপ্রবালতুলসীদলমালতীভিস্ত্বাং পূজয়ামি জগদীশ্বর মে প্রসীদ॥ এই বলিয়া পূজান্তে শতরুদ্রীস্তব পাঠ করিবে। যথা—

ওঁ নমো রুদ্রায় ভীমায় নীলকণ্ঠায় বেধসে। কপর্দ্দিনে সুরেশায় ব্যোমকেশায় বৈ নমঃ। বৃষধ্বজায় সোমায় সোমনাথায় বৈ নমঃ। দিগম্বরায় ভর্গায় উমাকান্ত কপর্দ্দিনে। তপোময়ায় ব্যাসায় শিপিবিষ্টায় বৈ নমঃ। ব্যালপ্রিয়ায় ব্যালায় ব্যালানাং পতয়ে নমঃ। মহীধরায় ব্যাঘ্রায় পশূনাং পতয়ে নমঃ। ত্রিপুরান্তকায় সিংহায় শার্দ্দূলায় ঋষায় চ। মিতায়ামিতনাথায় সিদ্ধায় পরমেষ্ঠিনে। কামান্তকায় বুদ্ধায় বুদ্ধীনাং পতয়ে নমঃ। কপোতায় বিশিষ্টায় শিষ্টায় পরমাত্মনে। বেদগীতায় গুপ্তায় দেবগুহ্যায় বৈ নমঃ। দীর্ঘায় দীর্ঘরূপায় দীর্ঘার্থায় মৃড়ায় চ। নমো জগৎপ্রতিষ্ঠায় ব্যোমরূপায় বৈ নমঃ। গর্ব্বকৃৎসুমহাদিত্য অন্ধকারসুভেদিনে। নীললোহিতশুক্লায় চণ্ডমুণ্ডপ্রিয়ায় চ। ভক্তিপ্রিয়ায় দেবায় জ্ঞাতাজ্ঞাতাব্যয়ায় চ। মহেশায় নমস্তুভ্যং মহাদেব হরায় চ। ত্রিনেত্রায় ত্রিদেবায় বেদাঙ্গায় নমো নমঃ। অর্থায় অর্থরূপায় পরমার্থায় বৈ নমঃ। বিশ্বরূপায় বিশ্বায় বিশ্বনাথায় বৈ নমঃ। শঙ্করায় চ কালায় কালাবয়বরূপিণে। অরূপায় বিরূপায় সূক্ষ্মাসূক্ষ্মায় বৈ নমঃ। শ্মশানবাসিনে তুভ্যং নমস্তে কৃত্তিবাসসে। শশাঙ্কশেখরায়ৈব রুদ্রভূমিশ্রয়ায় চ। দুর্গায় দুর্গপারায় দুর্গাবয়বসাক্ষিণে। লিঙ্গরূপায় লিঙ্গায় লিঙ্গানাং পতয়ে নমঃ। নমঃ প্রভাবরূপায় প্রণবার্থায় বৈ নমঃ। নমো নমঃ কারণকারণায় মৃত্যুঞ্জয়ায়াত্মভবস্বরূপিণে। ত্রিয়ম্বকায়াসিতকণ্ঠ ভর্গ গৌরীপতে মঙ্গলহেতবে নমঃ॥

ব্রত-কথা।

লোমশ উবাচ। পুরা বৃত্রাদিভির্দৈত্যৈর্বর্ত্তমানে মহাহবে। হতঃ শক্রেণ নমুচিরপাং ফেনেন বৈ বলী। দৈত্যান্ পলায়িতান্ দৃষ্ট্বা হন্যমানান্ সুরৈর্ভৃশম্। বৃত্রঃ কোপপরাবিষ্টো দেবান্ যোদ্ধুমথাযযৌ। কালাগ্নিরূপসদৃশং রূপং কৃত্বা মহাজবম্। ব্যবর্দ্ধত মহাতেজা রোদসী পূরয়ন্নিব। তং দৃষ্ট্বা ভয়বিত্রস্তা দেবাঃ শক্রপুরোগমাঃ। কর্ত্তব্যং নাভ্যপশ্যন্ত তদা গুরুরুবাচ হ॥ গুরুরুবাচ। তপসা সুমহোগ্রেণ ব্রতেন নিয়মেন চ। অজেয়োঽহং মহাতেজা বৃত্রঃ শক্রবিনাশনঃ। আরাধয়তি তং দেবং পূজ্যং শঙ্করমব্যয়ম্। ব্রতেন বিধিযুক্তেন বৃত্রং জেষ্যথ মা চিরম্॥ দেবা উচুঃ। গুরো কেন বিধানেন কীদৃশেন ব্রতেন চ। আরাধনীয়ো গৌরীশো হস্মাভির্জয়কামুকৈঃ। তদ্বদস্ব সুরাচার্য্য ত্বং হি নঃ পরমা গতিঃ॥ গুরুরুবাচ। কার্ত্তিকাদিষু মাসেষু মন্দবারে ত্রয়োদশী। বিশেষাচ্ছুক্লপক্ষেষু সর্ব্বকামকরী শুভা। তস্যাং প্রদোষসময়ে লিঙ্গরূপী সদাশিবঃ। পূজনীয়ো হি

দেবেন্দ্র সর্ব্বকামসমৃদ্ধয়ে। স্নাত্বা মধ্যাহ্নসময়ে তিলামলকসংযুতম্। শিবস্য চার্চ্চনং কুর্য্যাদ্‌গন্ধপুষ্পফলাদিভিঃ। পশ্চাৎ প্রদোষসময়ে স্থাবরং লিঙ্গমর্চ্চয়েৎ। স্বয়ম্ভুস্থাপিতং বাপি পৌরুষেয়মপৌরুষম্। জনে বা বিজনে বাপি অরণ্যে বা তপোবনে। গ্রামাদ্বহিঃস্থিতং লিঙ্গং গ্রাম্যাচ্ছতগুণং স্মৃতম্। বাহ্যাচ্ছতগুণং পুণ্যমারণ্যস্য চ পূজনে। বন্যাচ্ছতগুণং পুণ্যং লিঙ্গং বৈ পর্ব্বতে স্থিতম্। পার্ব্বতাচ্চাযুতং পুণ্যং তপোবনসমাশ্রিতম্। কাশ্যাদিসংস্থিতং লিঙ্গং পূজিতং স্যাদনন্তকম্। এবং বিশেষং লিঙ্গানাং তীর্থানাং নিপুণো ভৃশম্। জ্ঞাত্বা চ শিবপূজায়া বিধিং শম্ভুং প্রপূজয়েৎ। কূপ-বাপী-তড়াগেষু দেবখাতনদীষু চ। ক্রমাচ্ছতগুণং পুণ্যং গঙ্গায়াং স্যাদনন্তকম্। পঞ্চপিণ্ডানমুদ্ধৃত্য ন স্নায়াৎ পরবারিণি। ততঃ প্রদোষসময়ে স্নাত্বা মৌনং সমাচরেৎ। প্রদীপানাং সহস্রেণ দীপনীয়ঃ সদাশিবঃ। শতেনাপ্যথবা দেবো দ্বাত্রিংশদ্দীপমালয়া। ঘৃতেন দীপয়েদ্দীপাঞ্ছিবস্য পরিতুষ্টয়ে। তথা ফলৈশ্চ ধূপৈশ্চ নৈবেদ্যৈর্ব্বিবিধৈরপি। উপচারৈঃ ষোড়শভির্লিঙ্গরূপী সদাশিবঃ। পূজ্যঃ প্রদোষসময়ে নৃভিঃ সর্ব্বার্থসিদ্ধয়ে। নাম্নাং শতেন রুদ্রোঽহসৌ স্তোতব্যশ্চ স্তুতিপ্রিয়ঃ। নাম্নাং শতং মহেশস্য উচ্চার্য্যং ব্রতিনা সদা। প্রদক্ষিণা নমস্কারা এতৎসখ্যা প্রযত্নতঃ। কার্য্যাঃ প্রদোষসময়ে তুষ্ট্যর্থং শঙ্করস্য চ। এতদ্‌ব্রতং ময়াদিষ্টং তব শক্র মহামতে। শীঘ্রং কুরু মহাভাগ পশ্চাদ্‌যুদ্ধং কুরু প্রভো। শম্ভোঃ প্রসাদাৎ সর্ব্বং তে ভবিষ্যতি জয়াদিকম্॥ শক্র উবাচ। বৃত্রঃ কদা মহেশানং সমারাধয়দাদরাৎ। কথঞ্চ স বরং প্রাপ্তঃ পুরা কশ্চাভবদ্‌দ্বিজ॥ গুরুরুবাচ। বৃত্রো হ্যয়ং মহাতেজাস্তপস্বী তপসা পুরা। শিবং প্রসাদয়ামাস পর্ব্বতে গন্ধমাদনে। নাম্না চিত্ররথো রাজা বনং চিত্ররথস্য তৎ। এতজ্জানীহি ভো ইন্দ্র তব পুর্য্যাঃ সমীপতঃ। যস্মিন্ বনে মহাভাগা বসন্তি চ মহর্ষয়ঃ। তস্মাচ্চৈত্ররথং নাম বনং পরমমঙ্গলম্। তস্য দত্তং শিবেনৈব যানঞ্চ পরমাদ্ভুতম্। কামদং কিঙ্কিণীযুক্তং সিদ্ধচারণ-সংযুতম্। গন্ধর্ব্বৈরপ্সরোযক্ষৈঃ কিন্নরৈরুপশোভিতম্। ততস্তেনৈব যানেন পৃথিবীং পর্য্যটন্ পুরা। তথা গিরীন্ সমুদ্রাংশ্চ দ্বীপাংশ্চ বিবিধাংস্তথা। একদা পর্য্যটন্ রাজা নাম্না চিত্ররথো মহান্। কৈলাসমাগতস্তত্র দদর্শ পরমাদ্ভুতম্। তথা সভাং মহেশস্য গণৈশ্চৈব বিরাজিতাম্। অর্দ্ধাঙ্গলগ্নয়া দেব্যা শোভিতঞ্চ মহেশ্বরম্। নিরীক্ষ্য দেব্যা সহিতং সদাশিবং, কর্পূরগৌরং বরমম্বুজেক্ষণম্। কপর্দ্দিনং চন্দ্রকলাবিভূষিতং, গঙ্গাধরং দেববরঃ সভায়াম্। প্রহস্য রাজা চ তয়া গিরীশং, ন্যায়ান্বিতং বাক্যমিদং

বভাবে। বয়ঞ্চ শম্ভো বিবয়াম্বিতাশ্চ, মর্ত্যাদয়ঃ স্ত্রীবিজিতাস্তথান্তে। ন লোকমধ্যে চ ময়া বিলোকিতাশ্চালিঙ্গ্য কান্তাং সদসি প্রবিষ্টাঃ। এবং বাক্যং নিশম্যাথ গিরীশঃ প্রহসন্নিব। উবাচ ন্যায়সংযুক্তং সর্ব্বেষামপি শৃণ্বতাম্॥ শিব উবাচ। মম লোকাপবাদশ্চ সর্ব্বেষাং ন ভবেদ্‌যথা। ভক্ষিতং কালকূটং মে সর্ব্বেষামপি দুর্জ্জরম্। লোকাতীতঞ্চ মে বৃত্তং তথাপ্যুপহসত্যসৌ। ততশ্চিত্র-রথং দেবী গিরিজা বাক্যমব্রবীৎ। কথং দুরাত্মনানেন শঙ্করশ্চোপহাসিতঃ। ময়া সহৈব মন্দাত্মন্নীক্ষসে কর্ম্মণঃ ফলম্। সাধূনাং সমচিত্তানামুপহাসং করোতি যঃ। দেবো বাপ্যথবা মর্ত্ত্যঃ স বিজ্ঞেয়োঽধমাধমঃ। এতে মুনীন্দ্রাশ্চ মহানু-ভাবাস্তথা হ্যেতে ঋষয়ো বেদগর্ভাঃ। তথৈব সর্ব্বে সনকাদয়ো হ্যমী, অজ্ঞান-নাশাচ্ছিবমর্চ্চয়ন্তি। রে মূঢ় সর্ব্বেষু জনেষভিজ্ঞস্ত্বমেব চৈকোঽসি পরো ন কশ্চন। তস্মাদতিপ্রৌঢ়তরং নরং ত্বাং, সংশিক্ষয়ে নৈব কুর্য্যা যথা ত্বম্। অস্মাৎ পত বিমানাত্ত্বং দৈত্যো ভূত্বা সুদুর্ম্মতে। মম শাপেন দগ্ধস্ত্বং গচ্ছাশু চ মহী-তলম্। এবং শপ্তস্তদা দেব্যা ভবান্যা রাজসত্তমঃ। রাজা চিত্ররথঃ সদ্যঃ পপাত সহসা দিবঃ। আসুরীং যোনিমাপন্নো বৃত্রো নাম্নাভবত্তদা। তপসা পরমেণৈব ত্বষ্ট্রা সংযোজিতঃ ক্রমাৎ। তপসা ব্রহ্মচর্য্যেণ শম্ভোরারাধনেন চ। ব্রতেনানেন চ বলী জেতুং শক্যো ন কেনচিৎ। আসুরেণ হি ভাবেন ব্যঙ্গং চক্রে ব্রতং যতঃ। তেন ছিদ্রেণ চৈবাসৌ পশ্চাজ্জেয়ো ভবিষ্যতি। তস্মাত্ত্বমপি দেবেন্দ্র কৃত্বা চেদং ব্রতং শুভম্। হনিষ্যসি মহাবাহো বৃত্রং নাস্ত্যত্র সংশয়ঃ। গুরো-স্তদ্বচনং শ্রুত্বা হ্যবাচাথ শতক্রতুঃ। উদ্‌যাপনবিধিং ব্রূহি প্রদোষস্য চ মেঽধুনা॥ গুরুরুবাচ। কার্ত্তিকে শ্রাবণে প্রাপ্তে মন্দবারে ত্রয়োদশী। সম্পূর্ণা তু ভবেদ্‌যা সা সমগ্রব্রতসিদ্ধয়ে। বৃষভো রাজতঃ কার্য্যঃ পৃষ্ঠে তস্য সুপীঠকম্। তস্যোপরি ন্যসেদ্দেবমুমাকান্তং ত্রিলোচনম্। পঞ্চবক্ত্রং দশভুজমর্দ্ধাঙ্গে গিরিজাং সতীম্। সৌবর্ণীং প্রতিমাং কৃত্বা তাম্রকুম্ভং জলৈর্যুতম্। পঞ্চরত্নফলোপেতং পঞ্চপল্লব-শোভিতম্। চন্দনেন সুগন্ধেন মিশ্রিতং শোভিতং তথা। রৌপ্যপাত্রং ততঃ কৃত্বা কুম্ভস্যোপরি বিন্যসেৎ। অশক্তৌ মৃন্ময়ং কুম্ভং বংশপাত্রমথাপি বা। পূর্ণং শরাবং সংস্থাপ্য সৌবর্ণীং প্রতিমাং তথা। শক্ত্যা কৃতাং প্রতিষ্ঠাপ্য বস্ত্রমাল্যবিভূষণৈঃ। পূজয়িত্বা বিধানেন রাত্রৌ জাগরণং চরেৎ। পুষ্পমণ্ড-পিকামাদৌ কৃত্বা শ্রদ্ধাসমন্বিতঃ। আবাহয়েৎ প্রথমতো মন্ত্রেণানেন সুব্রত। এহ্যেহি ত্বমুমাকান্ত স্থানে চাত্র স্থিরো ভব। যাবদ্‌ব্রতং সমাপ্যেত কৃপয়া দীনবৎসল। নিপত্য দণ্ডবদ্ভূমৌ প্রণম্য চ পুনঃ পুনঃ। ক্ষমাপয়িত্বা দেবেশং

রাত্রৌ জাগরণঞ্চরেৎ। গীতবাদিত্রনৃত্যাদ্যৈর্গৃহে বা দেবতালয়ে। বিতানমণ্ডপং কুর্য্যান্নানাবর্ণৈঃ সমন্বিতম্। প্রভাতায়াস্তু শর্ব্বর্য্যাং নদ্যাদৌ বিমলে জলে। স্নাত্বা পুনঃ সমভ্যর্চ্চ্য জুহুয়াৎ পায়সেন চ। (উময়া সহিতং রুদ্রং পৃথগষ্টোত্তরং হুনেৎ। গৌরীর্মিমায় মন্ত্রেণ ত্র্যম্বকেণ চ শঙ্করম্।) আচার্য্যঞ্চ সপত্নীকং বস্ত্রালঙ্কারচন্দনৈঃ। তোষয়িত্বা শুচিং দান্তং গাং দদ্যাচ্চ পয়স্বিনীম্। ব্রাহ্মণান্ ভোজয়েৎ পশ্চাদ্দক্ষিণাভিঃ প্রতোষয়েৎ। দীনানাথাংশ্চ সন্তর্প্য হ্যচ্ছিদ্রং বাচয়েৎ ততঃ। লব্ধানুজ্ঞাং ব্রাহ্মণেভ্যো বন্ধুভিঃ সহিতঃ শুচিঃ। হৃদি স্মরন্শিবং ভক্ত্যা ভুঞ্জীত নিয়তো ব্রতী। অনেনৈব বিধানেন কুর্য্যাদুদ্যাপনে বিধিম্। এবং যঃ কুরুতে ভক্ত্যা প্রদোষব্রতমুত্তমম্। শনিবারেণ সংযুক্তমুদ্যাপনবিধিং নরঃ। আয়ুরোরোগ্যমৈশ্বর্য্যং পুত্রপৌত্রসমন্বিতঃ। শত্রূন্ বিজয়তে নিত্যং প্রসাদাৎ শঙ্করস্য চ। তস্মাৎ ত্বমপি দেবেন্দ্র পূজয়স্ব সদাশিবম্। এবং প্রদোষবিধিনা যুদ্ধে বৃত্রং বিজেষ্যসে। এবং নিশম্য গুরুণা কথিতং তদানীমিন্দ্রোঽপ্যনেন বিধিনা গিরিশং প্রপূজ্য। লোকং গ্রসন্তমিব দৈত্যপতিং প্রবৃদ্ধং তং তৎক্ষণাদগময়ৎ ক্ষয়মীশতুষ্ট্যা॥

ইতি শ্রীস্কন্দপুরাণে কেদারখণ্ডে শনিপ্রদোষব্রতকথা সমাপ্তা।

## শনির পাঁচালী।*

মঙ্গলাচরণ।

সর্ব্ববিঘ্নবিনাশায় সর্ব্বকল্যাণহেতবে।
পার্ব্বতীপ্রিয়পুত্রায় গণেশায় নমো নমঃ॥

নতি করি বিঘ্নহারী চরণকমলে। হৃদি-সরোরুহদলে অমল কমলে।
বিপদ্ হয় সুপদ যে পদ স্মরিলে॥ প্রণমামি অন্তর্য্যামী শ্রীপদযুগলে॥
হৃদিকমলেতে বন্দি দেব কমলজে। নবগ্রহে বন্দি গ্রহ নিগ্রহকারণ।
হরি দর্পহারী হরি পদমহং ভজে॥ তদন্তে বন্দিয়া সর্ব্বদেবের চরণ॥
অশিবে শিব-কারক শিবে প্রণমিয়ে। শনৈশ্চর-পদাম্বুজে করি আরাধন।
ইন্দ্রাদি দেবের পদ হৃদয়ে ভাবিয়ে॥ বিরচি চরিত্র তস্য করিতে পূজন॥
পীতাম্বর-নিতম্বিনী শ্বেতাম্বরধরা। স্কন্দপুরাণীয় তত্ত্ব শাস্ত্রমত যেই।
প্রণতি সারদা-পদে জাপদহরা॥ প্রকৃত ভাষাতে তত্ত্ব বিরচিব সেই॥

* সত্যনারায়ণের পাঁচালীর সঙ্গে সঙ্গেই শনির পাঁচালী পড়িবার এবং শনি-পূজা করিবার প্রথা প্রচলিত আছে, এই জন্ত এ স্থানে শনির পাঁচালী লিখিত হইল।

## সুমঙ্গল দরিদ্রোপাখ্যান।

### ( ১ )

বৈদিক ব্রাহ্মণ এক বিখ্যাত শ্রীহরি।
শ্রীহীন করিলা তারে শ্রীহরি শ্রীহরি॥
কর্ম্মফলে দরিদ্র ফলের সম্ভাবনা।
দিবা-নিশি ঘরে বসি শ্রীকৃষ্ণ ভাবনা॥
সেই চিন্তা ধ্যানে চিন্তা অন্য চিন্তা নাই।
সেই চিন্তা চিন্তামণি অন্তে যেন পাই॥
অন্ন বিনা তনু কৃষ্ণ প্রায় কৃষ্ণ পায়।
সেকালে জন্মিলা সুত শ্রীকৃষ্ণ-কৃপায়॥
হরিষে বিষাদ হৈল দারিদ্র্য-দোষেতে।
করি ভিক্ষা তনু রক্ষা করয়ে কষ্টেতে॥
জন্মাবধি অমঙ্গল না ছাড়ে এ ধাম।
পুত্রের রাখিলা দ্বিজ সুমঙ্গল নাম॥
পঞ্চম বর্ষেতে পুত্রে পড়িবারে দিল।
জ্ঞানদার জ্ঞানদানে জ্ঞানবান্ হৈল॥
চিরদিন শাস্ত্রচিন্তা বিনা চিন্তা নাই।
চিত্তে চিন্তে চিন্তামণি অন্তে যেন পাই॥
শিক্ষা করি নানা বিদ্যা ভ্রমি নানা দেশে।
জনকজননী প্রাণ ত্যজিলেক শেষে॥
শুনি লোকমুখে দুঃখে জ্বলিল তখন।
বিষ্ণুপদে পিণ্ডদান করিল তখন॥
গৃহ ত্যজি ভিক্ষা মাগি পিত্তের দমন।
বহুক্লেশ করে বিপ্র বিদ্যার কারণ॥
দুর্দ্দশাতে ক্ষিপ্তপ্রায় তাতে গুরোর্দ্দশা।
যেমি দশা তাতে উপজিল শনিদশা॥
যে দশাতে স্বয়ং বিষ্ণু অস্থির হইয়া।
গণ্ডক-পর্ব্বতে ছিলা শিলারূপী হৈয়া॥
কীটরূপে ছায়াসুত প্রবেশি প্রস্তরে।
খণ্ড খণ্ড করি দণ্ড করিল বিষ্ণুরে॥
দেবের অসহ্য ধৈর্য্য মনুষ্যে কি হয়।
সর্ব্বদায় ভাবে দায় দ্বিজের তনয়॥
দৈবযোগে যোগে-যাগে সুযোগের যোগ।
শ্রীবৎস রাজার পুরে হইল সংযোগ॥
দেখি রাজা করি পূজা জিজ্ঞাসে তখন।
কোথা ধাম কিবা নাম হেথা কি কারণ॥
দ্বিজ কন অবধান করহ ভূপতি।
সুমঙ্গল নাম মম হরির সন্ততি॥
স্বদেশ বিদেশ মম বিদেশ স্বদেশ।
যথারণ্য তথা গৃহ দরিদ্রের শেষ॥
পিতা-মাতা-হীন বন্ধুজন মাত্র নাই।
সম্পদ সারদা-পদে ইথে পদ নাই॥

### ( ২ )

রাজা কন তপোধন শুন নিবেদন।
যত্ন করি দুঃখ হরি থাক এ ভবন॥
ভাল বটু অতিপটু শাস্ত্রের আকর।
বাসনা আসন হেথা থাকে নিরন্তর॥
দ্বিজ বলে সিদ্ধিরস্তু কামনা তোমার।
তথাস্তু তে শুভমস্তু বাসনা আমার॥
রাজা বলে বহু ছেলে আমার ভবনে।
পড়াইবে আত্মভাবে অতি সযতনে॥

দ্বিজবর তুষ্ট বড় রাজার কথায়।
সুমঙ্গলে সুমঙ্গল রহিল তথায়॥
প্রতিদিন শিষ্যগণ করে অধ্যয়ন।
ভোজনীয় অপ্রমিত খাওয়ায় ব্রাহ্মণ॥
একাহার যোগ্য তার রাখি শনৈশ্চর।
হরণ করেন ক্লেশ পায় দ্বিজবর॥
রূপান্তর শনৈশ্চর করিয়া ধারণ।
শিশু-বেশে দ্বিজপাশে করেন গমন॥
দ্বিজ প্রতি হৃষ্টমতি হয়ে শনি কন।
গেল দুঃখ হবে সুখ শান্ত কর মন॥
শনি বলে মনে করি পড়ি তব কাছে।
বিপ্র কন ইহা হৈতে সুখ কিবা আছে॥
ইহা শুনি গ্রহ শনি পাঠ আরম্ভিল।
কিছু দিনমধ্যে শাস্ত্র সকলি শিখিল॥
মনেতে করিল পূজা করিব প্রচার।
যান যথা জ্ঞানদাতা দ্বিজের কুমার॥
প্রণতি করিয়া দ্বিজে কহে শনৈশ্চর।
বর লও মনোমত ওহে দ্বিজবর॥
দ্বিজ বলে দীন বলি হইলে সদয়।
পরে দিবে বর অগ্রে দেহ পরিচয়॥
শনি বলে দ্বিজপুত্র শুনহ বচন।
শনৈশ্চর নাম মোর সূর্য্যের নন্দন॥
দ্বিজ বলে কিমাশ্চর্য্য শুনাইলে বাণী।
কি গুণে অধীনে কৃপা করিলে আপনি॥
গ্রহরূপী নারায়ণ তুমি মহাশয়।
বুঝি এত দিনে হৈল ভাগ্যের উদয়॥
শনি বলে তথা অন্ত দিনু এই বর।
মম ভোগ হবে ত্যাগ তোমার উপর॥
মম ভোগ দশবর্ষ দুর্ভোগের শেষ।
অবশিষ্ট আছে রিষ্ট ছয় মাস ক্লেশ॥
অর্দ্ধবর্ষমধ্যে দশ দণ্ড ভোগ হবে।
তার পর দ্বিজবর বড় সুখ পাবে॥
কিন্তু দশ দণ্ডে তব জীবন-সংশয়।
তাহার উপায় কহি দ্বিজের তনয়॥
মম বারে গঙ্গাতীরে করিবে আসন।
দশ দণ্ড বসি মনে ভাব নারায়ণ॥
সে ভাব অভাবে দুঃখ হবে ঘোরতর।
এ বলিয়া অন্তর্দ্ধান হন শনৈশ্চর॥
আজ্ঞামতে দ্বিজসুত শনির বাসরে।
শ্রীহরি ভাবেন বসি জাহ্নবীর তীরে॥
দণ্ড দশ অবশেষ মনে জ্ঞান করি।
ধ্যানভঙ্গ করি স্মরে শ্রীহরি শ্রীহরি॥
পরে দশ দণ্ড খণ্ড না দেখি ব্রাহ্মণ।
নয়ন মুদিয়া পুনঃ ভাবে নারায়ণ॥
দেখি শনি কন সাক্ষী হও নারায়ণ।
যোগভ্রষ্ট হয়ে নষ্ট হইল ব্রাহ্মণ॥
মম বাক্য ঐক্য নাহি করে সুমঙ্গল।
দিব দণ্ড অতি চণ্ড কাণ্ডমত ফল॥
বক্রগতি এই মতি করিয়ে তখন।
গোপনে রাখিল দৃষ্টি রাজার নন্দন॥
দিব দণ্ড ভাবি মুণ্ড গঠন করিল।
মুণ্ডদ্বয় লয়ে বিপ্র-উরুতে রাখিল॥
নয়ন মুদিয়া আছে দ্বিজের নন্দন।
না দেখে না জানে কিছু ইহার কারণ
বিপ্রের উরুতে দেখি রাজপুত্রমুণ্ড।
রাজাকে বলিল সবে ব্রাহ্মণের কাণ্ড॥
গৃহে তত্ত্ব করি পুত্র না দেখি ভূপতি।
ঊর্দ্ধশ্বাসে যায় ত্রাসে যথা ভাগীরথী॥
নিকটস্থ যোগগ্রস্ত দেখে সে ব্রাহ্মণ।
নিজ পুত্র-মুণ্ড তার উরুতে স্থাপন॥

হতজ্ঞান অচেতন ভূপতি হইল। পাষাণ পাষাণ নহে রাজার ক্রন্দনে।
কিছু পরে নৃপবর চেতন পাইল। ত্রিপদী প্রবন্ধে দ্বিজ কবিবর ভণে॥

( ৩ )

শিরে করি করাঘাত, কান্দে রাজা নরনাথ, অকস্মাৎ কি হৈল আমার।
শিরে বজ্রাঘাত হবে, পুত্রশোকে প্রাণ যাবে, সেই হেতু জন্মিল কুমার॥
অতিশান্ত বুদ্ধিমন্ত, দেখে দ্বিজে বিদ্যাবন্ত, অন্তঃপুরে যতনে রাখিল।
কে জানে যে কালরূপ, অশেষ গরল-কূপ, সুধাকূপ হইয়ে আসিল॥
তনয় সঙ্কটে পড়ে, পিতা যে সঙ্কট বারে, আমা হৈতে হৈল বিপরীত।
গৃহ কাটি সিঁধ করে, শমন আনিয়া ঘরে, হইলাম তনয়-বর্জ্জিত॥
কোথা পুত্র গুণধাম, কেন মোরে হলে বাম, শোকাগ্নিতে জ্বালিলে আমারে।
হয়ে যদি থাকে দোষ, ক্ষম বাছা সেই রোষ, পুত্রে কি পিতৃ-দোষ ধরে॥
মিথ্যা মোর রাজ্য ধন, তোমা মাত্র ছিল ধন, অন্য ধন নাই তোমা বিনে।
হারাইয়া সেই ধন, কি জন্যে রাখি জীবন, জীবন ত্যজিব ত জীবনে॥
সিন্ধু-শোকে অন্ধমুনি, হয়ে মণিহারা ফণী, নিজ বপু ত্যজিল জীবন।
বিধি করে সেই বিধি, অধমের কর্ম্মনিধি, বিধি কর্ম্মে করিল লিখন॥
বা রে দ্বিজ ভগ্নস্তম্ভ, পয়োমুখ বিষকুম্ভ, এককালে নাশিলি আমারে।
অকারণে বধ নরে, হেন পাপ দ্বিজবরে, বধি প্রাণে তবে দুঃখ হরে॥
জনমিলে বিপ্রকুলে, ভাল বিদ্যা শিখেছিলে, অপকর্ম্ম করিলে কুমতি।
সেরেছিস্ আমার দফা, এ জন্মের দফা রফা, পিণ্ডলোপ হৈল অধোগতি॥
হেথা রাজ-নিতম্বিনী, পুত্রশোকে পাগলিনী, মণি-হারা ফণী মত হয়।
ক্ষণে উঠে ক্ষণে পড়ে, শতধারা চক্ষুনীরে, শোকানলে জ্বলিছে হৃদয়॥
কোথা গেলি যাদুধন, বাছা অন্ধেরি লোচন, শূন্য ক'রে আমার আলয়।
আয় কোলে যাদুমণি, ডাকে দুঃখিনী জননী, মা ব'লে কি নাহি মনে হয়॥
পয়োধর পয়োধরে, অধরে শ্রবণে ধারে, এসো কোলে থাক স্তনপানে।
আয় কাছে ঘুরে ঘুরে, দুঃখিনী-অঞ্চল ধ'রে, মা বলি ডাক চাঁদ-বদনে॥
রাণী কাঁদে এইমত, শুনে পুরবাসী যত, জ্ঞানাভাবে উন্মাদিনী প্রায়।
হেথা কান্দে নৃপবরে, শোক সংবরিয়া পরে, ভাবে মনে কি করি উপায়॥
বিধাতার লিপি সার, খণ্ডিবার শক্তি কার, কেন্দে পরকাল নষ্ট-সার।
বধিলে সে কুষ্মাণ্ডেরে, ব্রহ্মহত্যা-পাপ ধরে, পুত্র না পাইব পুনর্ব্বার॥

এত ভাবি নৃপবরে, অনুমতি দিল চরে, ব্রাহ্মণেরে দাও কারাগারে।
দ্বিজ কবিবর ভণে, নৃপতির ধর্ম্মজ্ঞানে, তনয় পাইবে অতঃপরে॥

( ৪ )

রাজদূতে বিপ্রসুতে কারাগারে নিল।
নয়ন প্রকাশি বসি কান্দিতে লাগিল॥
কান্দি বিপ্র বলে এ কি পাপ ঘটে মোরে।
হায় হায় প্রাণ যায় থাকি কারাগারে॥
বিধাতার কি বিচার না বুঝি কারণ।
কারে ধরে কেবা মারে রাজার নন্দন॥
দুরদৃষ্টে অদৃষ্টেতে এ কষ্ট আমার।
যতো ধর্ম্মস্ততো জয় শাস্ত্রের বিচার॥
এইমত দ্বিজসুত করেন রোদন।
হেথা দশ দণ্ড খণ্ড হইল তখন॥
অতি মৌন সিংহাসনে আছেন রাজন্।
আচম্বিতে উপনীত পুত্র দুই জন॥
রাজা কন বিবরণ কহ বাছাধন।
ছিলি কোথা খেয়ে মাথা তোরা এতক্ষণ॥
দু-ভ্রাতা পিতা-মাতায় নিবেদন করে।
নিদ্রাজ্ঞানে অচেতনে ছিনু বনান্তরে॥
রাজা কন শীঘ্র আন দ্বিজের নন্দন।
শুনি সব সমাচার ইহার কারণ॥
আজ্ঞামাত্র দূত গিয়া আনে দ্বিজবরে।
জ্ঞানহারা চক্ষে ধারা রহে যোড়করে॥
মনে মনে সে ব্রাহ্মণ হইল সভয়।
এইবার দ্বিজবর দফা-সারা হয়॥
করি নতি সে নৃপতি কহে দ্বিজ প্রতি।
কেন চিন্ত হয়ে ভ্রান্ত শান্ত কর মতি॥
এ কি কাণ্ড শিশুমুণ্ড তব উরু রয়।
হর্ষান্তরে বল মোরে দ্বিজের তনয়॥
শুনি কন তপোধন কহি সারাৎসার।
শনৈশ্চর-কোপে মোর এই দুঃখভার॥
গোপনে সন্তান বনে রাখি শনৈশ্চর।
গ্রহদোষে এত রোষ আমার উপর॥
রাজা বলে দ্বিজবর সত্য বাক্য মানি।
যদি পাই এই ঠাঁই দেখিবারে শনি॥
শুনি বিপ্র হয়ে ক্ষিপ্র যায় পাঠঘরে।
অমনি দেখিল শনি দ্বিজের গোচরে॥
বিপ্র কন নিবেদন শুন শনৈশ্চর।
দেখিবারে বাঞ্ছা করে তোমা নৃপবর॥
দেখি রাজা তব পূজা করিবে নিশ্চয়।
হবে স্পষ্ট রাজ্য রাষ্ট শুন মহাশয়॥
বিপ্র-বাক্য করি ঐক্য চলে শনৈশ্চর।
উপনীত ছায়াসুত যথা নৃপবর॥
দ্বিজ কন অবধান করহ রাজন্।
হৃষ্ট হয়ে দেখ চেয়ে রবির নন্দন॥
নৃপবর তুষ্ট বড় দেখিয়া শনিরে।
অমনি পড়িয়া ভূমে প্রণিপাত করে॥
প্রণমামি অন্তর্যামী সূর্য্যের নন্দন।
নিজগুণে অধীনেরে দিলে দরশন॥
বৃথা চিন্তা করি চিন্তামণি চিন্‌তে নারি।
কৃপাঙ্কুর কল্পতরু বিঘ্নাঙ্কুরহারী॥
স্তব শুনি কন শনি ওহে নৃপবর।
যেই বাঞ্ছা কর চাহ দিব সেই বর॥

রাজা কন নিবেদন ও রাঙ্গা চরণে।
প্রকাশিলে তব পূজা পূজা করি মনে ॥
পূজার কি বিধি বিধিমতে বল মোরে।
এত শুনি বলে শনি নৃপমণি তরে ॥
মোর বারে দিবাপরে পূজার বিধানে।
শিলাযন্ত্রে মোর যন্ত্র গন্ধ-পুষ্পদানে ॥
যন্ত্রের অঘটে ঘট স্থাপন করিবে।
পঞ্চজাতি পঞ্চফল মোরে নিবেদিবে ॥
ফলের বিফলে ফল না হয় পূজার।
দরিদ্রের এই সার বিধি পূজিবার ॥
শুভ্রবর্ণ যবচূর্ণ রম্ভা গুড় ক্ষীর।
আর যত রসজাত দিবেক সুধীর ॥
সুগন্ধ তাম্বুল জল নির্ম্মল শীতল।
ভক্তিমত দিবে যত তারি মত ফল ॥
আবাহন বন্ধুগণ জনে না করিবে।
অনাদরে সবে আসি পুস্তক শুনিবে ॥
পূজা-অন্তে ঘট-প্রান্তে করিবে প্রণতি।
খাবে না নিবে প্রসাদ এই মোর রীতি ॥
গৃহান্তরে নাহি করে প্রসাদ স্থাপন।
পরদিনে সে প্রসাদ ভক্ষণে মরণ ॥
অনাদরে কেহ আসি যদি ফিরে যায়।
সুমঙ্গল পাবে ফল সুমঙ্গল প্রায় ॥
না ভজিলে মোর পদ বিপদ নিশ্চয়।
এই বাণী বলি শনি যান নিজালয় ॥
পরে রাজা শনি-পূজা করিলা যতনে।
ভূমিদানে হৃষ্টমনে তোষেন ব্রাহ্মণে ॥
সুমঙ্গল সুমঙ্গলে যায় নিজালয়।
গিয়া করে গঙ্গা-তীরে পূজার আলয় ॥
অতি ভক্ত অনুরক্ত হইয়া ব্রাহ্মণ।
প্রতি শনিবারে শনি করেন পূজন ॥

---

## শঙ্খপতি সদাগরের উপাখ্যান।

### ( ১ )

বিজয় নগরে ধাম নাম শঙ্খপতি।
অলভ্যেতে বাণিজ্যেতে ঘটিল দুর্গতি ॥
শততরী সঙ্গে করি ফিরে দেশান্তরে।
দৈবাধীন আগমন জাহ্নবীর তীরে ॥
হয় দৃষ্ট লোক দৃষ্ট সময় এমন।
উপস্থিত সাধুসুত বিপ্রের সদন ॥
বিপ্রের নিকটে সাধু করে নিবেদন।
পূজা কর কার বিপ্র বলহ কারণ ॥
বিপ্র কন বিবরণ শুন সদাগর।
পূজা করি বিঘ্নহারী দেব শনৈশ্চর ॥
আরাধনে সে চরণে বিঘ্নগণে নাশ।
পায় ধন অপ্রমাণ শাস্ত্রেতে প্রকাশ ॥
সদাগর কন মোর লভ্য নাহি হয়।
আশ্বাসে হয় বিনাশ আসলের ক্ষয় ॥
এইবার লভ্য যদি বাণিজ্যেতে হয়।
নিরন্তর শনৈশ্চর পূজিব নিশ্চয় ॥
পূজিবার বিধি আর পাঁচালী তখন।
লয় লিখি দেখি বিধি সাধুর নন্দন ॥
করি সাধ সে প্রসাদ যতনে লইল।
আরোহিয়া তরী তবে পুরীতে চলিল ॥

দিন কত করি গত পরে সাধুসুত।
বাণিজ্যের যত বস্তু করিল প্রস্তুত ॥
হীরা চুণি মুক্তা মণি রজত কাঞ্চন।
লবঙ্গ এলাচ আর কর্পূর চন্দন ॥
জাতিফল নারিকেল সোহাগা গন্ধক।
মহৌষধ নানাবিধ ব্যাধির নাশক ॥
ইত্যাদি অসংখ্য নিধি তরীতে ভরিল।
শুভক্ষণে বিঘ্নহীনে তরী আরোহিল ॥
ভক্তি করি পূজা করি জাহ্নবী-চরণ।
হৃদাসনে ভাবে ধ্যানে শনির চরণ ॥
জিনি স্বর্ণ নানাবর্ণ পতাকা তুলিল।
সুবাতাসে মনোল্লাসে দক্ষিণে চলিল ॥
কর্ণধার তরী-পরে আরম্ভিল সারি।
সাবাসি সাবাসি দাঁড়ী গান করে সারি ॥
কেহ বলে ভাল বটে মাঝির নন্দন।
সাবাসি সাবাসি বাহ বলে কোন জন ॥
এইমতে আনন্দেতে সকলে বাহিল।
সুবাতাসে ছয়মাসে পাটনেতে গেল ॥
শনিবারে শনৈশ্চরে করিয়া পূজন।
তরী ঘাটে রাখি তটে উঠিল তখন ॥
করি ঘর ব্যাপারের বিকিকিনি করে।
শনি রঙ্গে হেরে অপাঙ্গে লভ্য তায় বাড়ে ॥
স্বীয় ধন-চতুর্গুণ সাধু ধন পায়।
হর্ষে মত্ত শনিতত্ত্ব ভোলে হস্তী প্রায় ॥
বিপত্তিকালেতে মতি নীতি ভোলে বিজ্ঞে।
পূজ্যভাবে শনি ভাবে করিলে অবজ্ঞে ॥
শনিবারে শনৈশ্চরে পূজা না করিল।
স্বমানসে সাধুদোষে শনি-কোপ হৈল ॥
দুঃসময়ে সন্নিধানে দৈবের ঘটন।
রাজবাড়ী হৈল চুরি বহু রত্নধন ॥
বহু তঙ্কা মূল্য সংখ্যা হার রত্নময়।
হৃষ্টমনে চোর-স্থানে সাধু করে ক্রয় ॥
নৃপবরে আজ্ঞা করে নিজ-চর-স্থানে।
চোর ধ'রে দিবা মোরে সভা বিদ্যমানে ॥
অন্যথা নিজের মাথা যাইবে নিশ্চয়।
শুনে যত চলে দ্রুত কম্পিত-হৃদয় ॥
সদাগর কণ্ঠে হার ধারণ করিয়া।
ব্যবসায় হৃষ্টকায় আছয়ে বসিয়া ॥
শনিরূপে চর কোপে আসিয়া নগরে।
হার দেখি ঘূর্ণি আঁখি ধরে সদাগরে ॥
বলে চোর হাঁ রে তোর বল কি রে নাম।
কি সাহসে রাজবাসে কর এই কাম ॥
জীবনের আশা তোর গিয়াছে এখন।
যাবে স্থির এই শির কর এবে মন ॥
কেহ গাত্রে মারে বেত্র নেত্র ঘুরাইয়া।
কেহ বলে শালে দিব রাজাকে কহিয়া ॥
বলি ক্রোধে হস্ত-পদ করিল বন্ধন।
নিল ধরি শীঘ্র করি রাজার সদন ॥
রাজা কন দূতগণ শুনহ বচন।
কারাগারে রাখ চোরে করিয়া বন্ধন ॥
আজ্ঞামতে সব দূতে ধরি কারাগারে।
হস্তে দড়ি বন্দী করি রাখে কারাগারে ॥

থর থর কলেবর সাধুর কাঁপিছে। দুঃখমনে মনে মনে ভাবে সদাগর।
ছল-নেত্রে জল পড়ি দুকূল ভাসিছে॥ শনিপূজা এড়ি সাজা পাই ঘোরতর॥
দর দর পড়ে ধারা রুধির তখন। শনি বন্দি সাধু কান্দি হয় অচেতন।
বিপদ ভাবিয়া সাধু করয়ে ক্রন্দন॥ লাচারি প্রবন্ধে কবি দ্বিজবর কন॥

(২)

(সাধুর বিলাপ ও ক্রন্দন)

কান্দে সাধু দুঃখমনে, মনে নাহি ধৈর্য্য মানে, অবিশ্রান্ত ভ্রান্ত শান্ত নাই।
বলে বিধি হায় হায়, ভেবে না দেখি উপায়, এ কি দায় জীবন হারাই॥
বিধাতার কিবা বিধি, জন্মাবধি দুঃখ সাধি, পরে দিয়া নিধি বিধি হরে।
যদি ধনে প্রাণে বাঁচি, তবে যত দিন বাঁচি, নমস্কার এ দেশে ব্যাপারে॥
কোথা প্রভু দয়াময়, ওহে সূর্য্যের তনয়, পুত্র ব'লে হের একবার।
করি পদে কৃতাঞ্জলি, কৃপাঙ্কুর দীন বলি, প্রভু দোষ ক্ষম হে আমার॥
তুমি হে করুণাসিন্ধু, বন্ধুহীন দীনবন্ধু, কৃপাবিন্দু কর মোরে দান।
নৈলে এ জন্মের শেষ, পাই যেঁইমত ক্লেশ, নির্ব্বাণ হইবে শেষে প্রাণ॥
অতি ক্ষুদ্র নীচ জাতি, কোথা পাব শুদ্ধমতি, যে মতিতে তোমার মমতা।
বেদের আরাধ্য তুমি, সাধ্য কি করিব আমি, বটি উড স্বরে কীট যথা॥
সন্তানে কুকর্ম্ম করে, ক্ষুদ্র দণ্ডে শিখায় তারে, পিতা মাতা স্বীয় সন্তানেরে।
সে বিধি করিয়ে খণ্ড, দাসে করি প্রাণদণ্ড, এ দণ্ড কি উচিত দীনেরে॥
সব দুঃখ পরিহরি, প্রতিজ্ঞা করি হে সৌরি, অন্যথা না করিব পূজায়।
দ্বিজ কবিবর বলে, ভুল না সম্পদে পেলে, সম্পদে বিপদে হে তোমায়॥

(৩)

সাধুসুত এইমত করিয়া ক্রন্দন। শীঘ্র করি যত্নে তরী ভরি দেহ ধনে।
মানস উদ্দেশে করে শনিরে বন্দন॥ সত্বরে বিদায় কর সাধুর নন্দনে॥
সাধুরে কাতর বড় দেখি বক্রগতি। রাজা শুনি দৈববাণী ভাবিয়া আকাশ।
শূন্যবাণী করি শনি কহে নৃপ প্রতি॥ গিয়ে পাছে সাধু-কাছে করিল প্রকাশ
হে ভূপতি এ কি নীতি ব্যাধের আকার। দীর্ঘশ্বাসে অতি ত্রাসে বলে নৃপবর।
বিনা দোষে মম দাসে দেহ দুঃখভার॥ ক্ষমা কর দোষ মোর ওহে সদাগর॥
নাম মোর শনৈশ্চর সূর্য্যের নন্দন। দেবদাসে দৈব-দোষে দিনু বহু ক্লেশ।
সবংশে করিব ধ্বংস নির্ঘাস বচন॥ ধনরত্নগণ লয়ে যাও নিজদেশ॥

সাধু কন নৃপ শুন মোর নিবেদন।
কর্ম্মদোষ তব দোষ নহে কদাচন॥
সূর্য্যের তনয় নয় তনয়ে সদয়।
অতএব এই সব দুঃখ মোর হয়॥
কতক্ষণ আলাপন করিয়ে দুজনে।
দেশেতে চলিল সাধু তরী ভরি ধনে॥
ছয় মাসে বহু ক্লেশে দেশে উত্তরিল।
শুনি পুরবাসী আসি মঙ্গল করিল॥
সাধুর বনিতা মৃতদেহে প্রাণ পায়।
নানাবিধ ধন-রত্ন বিপ্রগণে দেয়॥
বাজে ডঙ্কা লক্ষ তঙ্কা করে বিতরণ।
ভক্তি করি অগ্রে করে শনির পূজন॥
পূজাফলে সাধু পায় ঐশ্বর্য্য অপার।
রাজৈশ্বর্য্য পেয়ে ত্যাজ্য করিল ব্যাপার॥
ভক্তি করি যেবা করে শনির পূজন।
অপ্রমাণ ধন জন পায় সেই জন॥
বিপদ হরে সম্পদ বাড়ে পুণ্যের উদয়।
শত্রুভয় হয় ক্ষয় সর্ব্বদা অভয়॥
শনৈশ্চর কৃপা কর দীন হীন জনে।
কৃতাঞ্জলি হয়ে বলি তব শ্রীচরণে॥
বিষয়-মদেতে মত্ত মত্ত হস্তী প্রায়॥
না মানে বারণ সদা কুপথেতে ধায়॥
কৃপাবান্ জ্ঞান দান করি নিজসুতে।
করি বারণ রাখ রাবণ কুপথ হইতে॥
সারদার পদ সার চিন্তা করি মনে।
রচিল শ্রীকবিবর দ্বিজ যতনে॥
হরিধ্বনি করি কর শনি-পদে স্তুতি।
শনৈশ্চর-পুথি শেষ করিলাম ইতি॥
ভক্তি করি শনিবারে যে জন পূজয়।
মনোবাঞ্ছা সিদ্ধ শনি করেন নিশ্চয়॥

## শনৈশ্চর-ব্রত।

শ্রাবণ মাসের শনিবারে অশ্বত্থবৃক্ষের মূলে বেদি নির্ম্মাণ করিয়া তদুপরি পঞ্চবর্ণ গুঁড়ি দ্বারা ধনুরাকার মণ্ডল অঙ্কন পূর্ব্বক তাহার উপরে কৃষ্ণলৌহ-নির্ম্মিত মহিষারূঢ় দ্বিভুজ দণ্ডভুজ দণ্ড-পাশ-ধারী শনৈশ্চরমূর্ত্তি স্থাপন করিবে। তাহার পর স্বস্তিবাচন করিয়া "অদ্যেতাদি—সর্ব্বরোগশনৈশ্চর-পীড়া-নিরাস-পূর্ব্বক-বিঘ্ননিবারণকামঃ গণেশাদিদেবতাপূজাপূর্ব্বকশনৈশ্চরপূজনমহং করিষ্যে" বলিয়া সঙ্কল্প করিয়া সূক্তপ ঠাদির পর গণেশাদিদেবতার পূজা করিবে। উপচারদানে বিশেষ মন্ত্র যথা—"ওঁ কৃষ্ণাঙ্গায় নমঃ" বলিয়া আবাহন করিবে। "নীলায় নমঃ" বলিয়া, আসন, "শ্বেতকণ্ঠায় নমঃ" বলিয়া পাদ্য, "নীলমুখায়" অর্ঘ্য, "নীলোৎপলদলায়" আচমনীয়, "নীলদেহায়" স্নানজল, "কুজায়" পঞ্চামৃতস্নান, "শনৈশ্চরায়" শুদ্ধোদকস্নান, "দীপ্যমানজটাধরায়" বস্ত্র,

"পরুষগাত্রায়" যজ্ঞোপবীত, 'স্থূলরোম্নে' অলঙ্কার, "নিত্যায়" গন্ধ, "নিত্য-ধূর্ত্তায়" অক্ষত, "সদাতৃপ্তায়" পুষ্প, "মন্দায়" ধূপ, "নিস্পৃহায়" দীপ, "তামসায়" নৈবেদ্য, "নীলোৎপলায়" আচমনীয়, "কৃষ্ণবপুষে" করোদ্বর্ত্তন, "দীর্ঘদেহায়" তাম্বুল, "মন্দগতয়ে" দক্ষিণাদান, "জ্ঞাননেত্রায়" প্রদক্ষিণ এবং "সূর্য্যপুত্রায়" বলিয়া নমস্কার করিবে। তৎপরে—"কোণস্থঃ পিঙ্গলো বভ্রুঃ কৃষ্ণো রৌদ্রোঽন্তকো যমঃ। সৌরিঃ শনৈশ্চরো মন্দঃ পিপ্পলাদেন সংস্তুতঃ॥ এতানি শনিনামানি জপেদশ্বত্থসন্নিধৌ। শনৈশ্চরকৃতা পীড়া ন কদাচিদ্ভবিষ্যতি॥" বলিয়া নাম জপ করিবে। তার পর অশ্বত্থবৃক্ষকে সাত বার চক্ষুঃস্পন্দং ভুজস্পন্দমিত্যাদি মন্ত্রে প্রদক্ষিণ করিয়া নমস্কার করিবে। তাহার পর কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—ঈশ্বর উবাচ। রঘুবংশেতি বিখ্যাতো রাজা দশরথঃ প্রভুঃ। বভূব চক্রবর্ত্তী চ সপ্তদ্বীপাধিপো বলী। কৃত্তিকান্তে শনির্যাতে দৈবজ্ঞৈর্জ্ঞাপিতো হি সঃ। রোহিণীং ভেদয়িত্বা তু শনির্যাস্যতি সাম্প্রতম্। শকটে ভেদিতে তেন সর্ব্বলোকভয়ঙ্করম্। দ্বাদশাব্দং তু দুর্ভিক্ষং ভবিষ্যতি সুদারুণম্॥ ইতি শ্রুত্বা তু তদ্বাক্যং মন্ত্রিভিঃ সহ পার্থিবঃ। মন্ত্রয়ামাস কিমিদং ভয়ঙ্করমুপস্থিতম্। দেবাশ্চ নগরগ্রামা ভয়ভীতাস্তদাভবন্। অব্রুবন্ সর্ব্বলোকস্য ক্ষয় এব সমাগতঃ। আকুলঞ্চ জগদ্দৃষ্ট্বা পৌরজানপদাদিকম্। পপ্রচ্ছ প্রয়তো রাজা বশিষ্ঠং মুনিসত্তমম্। সংবিধানং কিমস্ত্যাস্তি বদ মাং দ্বিজসত্তম॥ বশিষ্ঠ উবাচ। দূরে প্রজানাং রক্ষা চ তস্মিন্ ভিন্নে কুতঃ প্রজাঃ। প্রাজাপত্যং সনক্ষত্রং শনির্যাস্যতি সাম্প্রতম্। মন্যে যোগমসাধ্যং তু ব্রহ্মশক্রাদিভিঃ সুরৈঃ। ততঃ সঞ্চিন্ত্য মনসা সাহসং কৃতবান্ নৃপঃ। সমাদায় ধনুর্দিব্যং দিব্যায়ুধসমন্বিতম্। রথমারুহ্য বেগেন গতো নক্ষত্রমণ্ডলম্। রোহিণীং পৃষ্ঠতঃ কৃত্বা রাজা দশরথস্তদা। রথে চ কাঞ্চনে দিব্যে মণিরত্নবিভূষিতে। হংসবর্ণৈর্হয়ৈর্যুক্তে মহাকেতুসমন্বিতে। দীপ্যমানো মহারত্নৈঃ কেয়ূরমুকুটোজ্জ্বলঃ। ব্যরাজত মহাকাশে দ্বিতীয় ইব ভাস্করঃ। আকর্ণপুরিতে চাপে সংহারাস্ত্রং ন্যযোজয়ৎ। কৃত্তিকান্তে শনিঃ স্থিত্বা প্রবিশন্ কিল রোহিণীম্। দৃষ্ট্বা দশরথং চাগ্রে সরোষং ভ্রূকুটীমুখম্। সংহারাস্ত্রঞ্চ তদ্দৃষ্ট্বা সুরাসুরভয়ঙ্করম্। হসিত্বা তদ্ভয়াৎ সৌরিরিদং বচনমব্রবীৎ। পৌরুষং তব রাজেন্দ্র পরং রিপুভয়ঙ্করম্। দেবাসুরমনুষ্যাশ্চ সিদ্ধবিদ্যাধরোরগাঃ। ময়া বিলোকিতা রাজন্ ভস্মসাচ্চ ভবন্তি তে। তুষ্টোঽহং তব রাজেন্দ্র তপসা পৌরুষেণ চ। বরং ব্রূহি প্রদাস্যামি যথেষ্টং রঘুনন্দন।

সরিতঃ সাগরা যাবচ্চন্দ্রার্কৌ মেদিনী তথা। রোহিণীং ভেদয়িত্বা তু ন গন্তব্যং ত্বয়া শনে। যাচিতং তু ময়া সৌরে নান্যমিচ্ছাম্যহং বরম্। এবমস্তু শনিঃ প্রাহ কৃতকৃত্যোঽভবন্ নৃপঃ। দ্বাদশাব্দং ন দুর্ভিক্ষং ভবিষ্যতি কদাচন। কীর্ত্তি-রেষা মদীয়া চ ত্রৈলোক্যে তু ভবিষ্যতি। ততো বরং চ সম্প্রাপ্য হৃষ্টরোমা তু পার্থিবঃ। উপতস্থে ধনুস্ত্যক্ত্বা ভূত্বা চৈব কৃতাঞ্জলিঃ। ভক্ত্যা দশরথঃ স্তোত্রং সৌরেরিদমথাকরোৎ॥ দশরথ উবাচ। নমঃ কৃষ্ণায় নীলায় শিতি-কণ্ঠনিভায় চ। নমো নিত্যং ক্ষুধার্ত্তায় হ্যতৃপ্তায় নমো নমঃ। নমঃ কালাগ্নি-রূপায় কৃতান্তায় নমো নমঃ। নমো ঘোরায় রুদ্রায় ভীষণায় করালিনে। নমস্তে সর্ব্বভক্ষায় বলীমুখ নমোঽস্তু তে। সূর্য্যপুত্র নমস্তেঽস্তু কাশ্যপায় নমো নমঃ। নমো মন্দগতে তুভ্যং কৃষ্ণবর্ণ নমোঽস্তু তে। তপসা দগ্ধদেহায় নিত্যং যোগরতায় চ। জ্ঞাননেত্র নমস্তেঽস্তু কশ্যপাত্মজসূনবে। তুষ্টো দদাসি রাজ্যং চ রুষ্টো হরসি তৎক্ষণাৎ। দেবাসুরমনুষ্যাশ্চ পশুপক্ষিমহোরগাঃ। ত্বয়া বিলোকিতাঃ সর্ব্বে দৈন্যমাশু ব্রজন্তি তে। শক্রাদয়ঃ সুরাঃ সর্ব্বে মুনয়ঃ সপ্ত তারকাঃ। স্থানভ্রষ্টা ভবন্ত্যেতে ত্বয়া দৃষ্টিবিলোকিতাঃ। দেশাশ্চ নগরগ্রামা দ্বীপাশ্চৈব দ্রুমাস্তথা। ত্বয়া বিলোকিতাশ্চৈব বিনাশং যান্তি মূলতঃ। প্রসাদং কুরু মে সৌরে বরার্থং ত্বামুপাগতঃ। এবং স্তুতস্তদা সৌরিগ্রহরাজো মহাবলঃ। অব্রবীচ্চ শুভং বাক্যং হৃষ্টরোমা স ভাস্করিঃ। শনিরুবাচ। তুষ্টোঽহং তব রাজেন্দ্র স্তবেনানেন সুব্রত। দাস্যামি তে বরং ভদ্রং নিশ্চয়াদ্রঘুবংশজ॥ দশরথ উবাচ। অদ্য প্রভৃতি পিঙ্গাক্ষ পীড়া কার্য্যা ন তে মম। জগত্রয়ে ত্বয়া নাথ পীড়িতে দুঃখিতো জনঃ। তস্মাজ্জগত্রয়ং দেব রক্ষণীয়ং ত্বয়ানঘ॥ শনিরুবাচ। গ্রহাণামহমেকো হি মদধীনা গ্রহাঃ সদা। স্তবেন তব তুষ্টোঽহং পীড়াং ন চ করোম্যহম্। জগত্রয়ং মহারাজ দুঃখিতং ন ভবেৎ সদা॥ দশরথ উবাচ। ভগবান্ কেন বিধিনা ত্বদীয়ারাধনং ভবেৎ। যেন তুষ্যসি পিঙ্গাক্ষ তৎসর্ব্বং বক্তুমর্হসি॥ শনৈশ্চর উবাচ। শ্রাবণে মন্দবারেষু দন্তধাবনপূর্ব্বকম্। স্নানং সুগন্ধতৈলেন নিত্যকর্ম্ম সমাচরেৎ। শুচির্ভূত্বা শমীবৃক্ষং গত্বা তত্রৈব পূজয়েৎ। তদভাবেঽশ্বত্থং রাজেন্দ্র গত্বাশ্বত্থং প্রপূজয়েৎ। তত্র সম্পূজ্য মাং রাজন্ গন্ধপুষ্পাক্ষতাদিভিঃ। ধূপৈর্দীপৈশ্চ নৈবেদ্যৈস্তাম্বূলপ্রার্থনাদিভিঃ। বেষ্টয়েৎ সপ্তসূত্রৈশ্চ নমস্কারাস্তথৈব চ। সপ্ত প্রদক্ষিণাঃ কৃত্বা শ্রুত্বা পুণ্যকথা-মিমাম্। এবংবিধাংস্ত্রয়স্ত্রিংশন্মন্দবারান্ কুরুষ্ব মে। ততোঽন্তে শনিবারে চ কুর্য্যাদুদ্যাপনং শুভম্। আচার্য্যং বরয়েৎ তত্র শ্রোত্রিয়ং বেদপারগম্।

সুবর্ণস্য শমীবৃক্ষং তদভাবে তু পিপ্পলম্। মদীয়াং প্রতিমাং কুর্য্যাল্লৌহীং মহিষসংযুতাম্। দ্বিভুজাং দীর্ঘদেহাঞ্চ দণ্ডপাশধরাং তথা। পিঙ্গাঙ্গীং স্থূলদেহাঞ্চ শ্বেতগ্রীবাং ততোঽর্চ্চয়েৎ। কৃষ্ণপত্রে তথা সপ্ত কৃষ্ণবস্ত্রাণি বেষ্টয়েৎ। উপবীতাদিভিদ্র্ব্যৈঃ পূর্ব্ববদ্দেবমর্চ্চয়েৎ। শমগ্নিরিতি মন্ত্রেণ হুনেদষ্টাধিকং শতম্। কৃষরান্নং তদন্তে চ তেনৈব বলিমুদ্ধরেৎ। কৃষ্ণধেনুং সবৎসাঞ্চ দদ্যাদথ পয়স্বিনীম্। সপ্ত বিপ্রান্ সমভ্যর্চ্চ্য গন্ধপুষ্পফলাদিভিঃ। বস্ত্রাণি দক্ষিণাঞ্চৈব যথাশক্ত্যা প্রদাপয়েৎ। তিলমাষবিমিশ্রান্নৈর্ভোজয়েদ্দ্বিজসত্তমান্। তেষাং গৃহ্যাশিষং পশ্চাদ্ভুঞ্জীয়াদ্বন্ধুভিঃ সহ। সবস্ত্রাং প্রতিমাঞ্চৈব আচার্য্যায় নিবেদয়েৎ। এবং কৃতেঽথ রাজেন্দ্র সর্ব্বাভীষ্টং দদাম্যহম্। ত্বয়া কৃতং পঠেৎ স্তোত্রং ভক্ত্যা চৈব কৃতাঞ্জলিঃ। সপ্তজন্মসু রাজেন্দ্র তস্যৈশ্বর্য্যং ভবিষ্যতি। পুত্রপৌত্রযুতো নিত্যং ততো মোক্ষমবাপ্স্যতি। তুষ্টোঽহং তস্য রাজেন্দ্র পীড়াং ন চ করোম্যহম্। গোচরে বাষ্টবর্গে বা বিষমে বা স্থিতোঽপ্যহম্। তুষ্টো রাজ্যপ্রদঃ সদ্যঃ ক্রুদ্ধো রাজ্যাপহারকঃ। জন্মস্থো দ্বাদশস্থো বা অষ্টমস্থোঽপি কুত্রচিৎ। শ্রাবণে মন্দবারেষু পূজিতোঽহং সুখপ্রদঃ। ব্রহ্মা শিবো হরিশ্চৈব মুনয়ঃ সনকাদয়ঃ। লক্ষ্মীরুমা চ সাবিত্রী মুনিপত্ন্যশ্চ বৈ শুভাঃ। নৃপা অন্যে ময়া সর্ব্বে স্থানভ্রষ্টাশ্চ পীড়িতাঃ। দেশাশ্চ নগরগ্রামা গজোষ্ট্রাবথ বাজিনঃ। রৌদ্রদৃষ্ট্যা ময়া দৃষ্টা নাশমায়ান্তি তৎক্ষণাৎ। অতো ময়া পীড়িতানাং মনুষ্যাণাং নরাধিপ। পরিহর্ত্তুং ন শক্তাশ্চ ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। এতচ্ছ্রুত্বা শনের্বাক্যং রাজা পরমহর্ষিতঃ। নত্বা প্রদক্ষিণীকৃত্য বরং প্রাপ্য পুরং যযৌ। গত্বা স্বনগরং রাজ্ঞা পূজিতো বৈ শনৈশ্চরঃ। শ্রাবণাদিষু বারেষু প্রসন্নোঽভূচ্ছনৈশ্চরঃ। পৃথ্বীপতিরভূদ্রাজা গ্রহরাজপ্রসাদতঃ। য ইমং প্রাতরুত্থায় সৌরিবারে সদার্চ্চয়েৎ। তস্যাভীষ্টপ্রদো মন্দো ভবিষ্যতি ন সংশয়ঃ। স্ত্রিয়া বা পুরুষেণাপি কৃতং যেন শনিব্রতম্। স মুক্তঃ সর্ব্বপাপেভ্যঃ সর্ব্বাভীষ্টং লভেৎ ক্ষণাৎ। ব্রাহ্মণো বেদসম্পূর্ণঃ ক্ষত্রিয়ো রাজ্যমাপ্নুয়াৎ। বৈশ্যস্তু লভতে বিত্তং শূদ্রঃ সুখমবাপ্নুয়াৎ। কন্যার্থী লভতে কন্যাং পুত্রার্থী লভতে সুতম্। কামার্থী লভতে কামান্ মোক্ষার্থী লভতে গতিম্। মুচ্যতে সর্ব্বপাপেভ্যো গ্রহলোকং স গচ্ছতি॥

ইতি শ্রীস্কন্দপুরাণে শনৈশ্চরব্রতকথা সমাপ্তা।

## অশূন্যশয়না-ব্রত।

শ্রাবণমাসের কৃষ্ণা দ্বিতীয়াতে এই ব্রত করণীয়। লক্ষ্মীর সহিত বিষ্ণুকে অর্চ্চনাদি ও তদুদ্দেশ্যে উপবাস করিতে হয়। অনন্তর ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক এই কয় মাসে কৃষ্ণপক্ষের দ্বিতীয়াতে নিম্নকথিতরূপে পূজাদি ও উপবাস করিয়া, কার্ত্তিকী কৃষ্ণা দ্বিতীয়াতে প্রতিষ্ঠা করা কর্ত্তব্য। এই সময় ব্রাহ্মণদম্পতীকে বিধানে অর্চ্চনা করিয়া, বিলক্ষণা শয্যা, পাদুকা, ছত্র, চামর, স্বর্ণময়ী প্রতিমা, অন্ন ও জল এবং বসনাদি দান পূর্ব্বক প্রতিষ্ঠা করিবে। অন্ন-পাত্র ব্রাহ্মণীকে দাতব্য। এই চারি মাস প্রত্যহ রাত্রিতে ভোজন না করিয়া দিবাভাগে হবিষ্যান্ন ভক্ষণ বিধেয়। এই ব্রত পুরুষে করিলে নানাবিধ সুখ-ভোগ হয় ও নারীবিয়োগজনিত যাতনা সহিতে হয় না এবং অন্তে বিষ্ণুলোকে গতি হয়। নারীজাতি এই ব্রত করিলে ঐরূপ সুখভোগ প্রাপ্তিপূর্ব্বক অবিধবা থাকিয়া অন্তে বিষ্ণুলোকে গমন করে।

পূজাপ্রণালী।—স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য শ্রাবণে মাসি কৃষ্ণপক্ষে দ্বিতীয়ায়াং তিথাবারভ্য অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকধনধান্যপুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্নলাভ-পূর্ব্বক-অন্তকালীন-বিষ্ণুলোকগমনকামঃ ( শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা ) কার্ত্তিক-কৃষ্ণদ্বিতীয়াং যাবৎ প্রতিমাসীয়-কৃষ্ণদ্বিতীয়ায়াং গণপত্যাদি-নানাদেবতাপূজা-পূর্ব্বক-সলক্ষ্মীক-বিষ্ণুপূজা-ভোজ্যোৎসর্গতৎকথাশ্রবণোপবাসমাসচতুষ্টয়ব্যাপক-হবিষ্যান্নভোজনরূপ-অশূন্যশয়নাদ্বিতীয়াব্রতমহং করিষ্যে।

পরে "ওঁ দেবো বো" ও "সূর্য্যঃ সোমো" এই দুইটি মন্ত্র পাঠ করিবে। প্রতিনিধি হইলে "অমুকগোত্রঃ" স্থলে "অমুকগোত্রস্য", "অমুকদেবশর্ম্মা" স্থলে "অমুকদেবশর্ম্মণঃ" ও "করিষ্যে" স্থলে "করিষ্যামি" পাঠ্য। যদি স্ত্রীলোকের প্রতিনিধিতে কার্য্য হয়, তাহা হইলে "অমুকগোত্রায়া অমুকীদেব্যাঃ" পাঠ্য। স্ত্রীলোক স্বয়ং সঙ্কল্প করিলে "অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী" এইরূপ পাঠ্য। তদনন্তর সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি ( ১৫২ পৃঃ ) ও করন্যাস-অঙ্গন্যাস সমাপনান্তে গণেশপূজা করিবে। যথা—

"গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। গীং তর্জ্জনীভ্যাং স্বাহা। গূং মধ্যমাভ্যাং বষট্। গৈং অনামিকাভ্যাং হুং। গৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্। গঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায়

ফট্।" "গাং হৃদয়ায় নমঃ। গীং শিরসে স্বাহা। গূং শিখায়ৈ বষট্। গৈং কবচায় হুং। গৌং নেত্রত্রয়ায় বৌষট্। গঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।" পরে গণেশের ধ্যানান্তে "এতৎ পাদ্যং ওঁ গাং গণেশায় নমঃ। ইদমর্ঘ্যং, এতদাচমনীয়োদকম্, এতৎ স্নানীয়োদকং, এষ গন্ধঃ, এতৎ পুষ্পং, ( অনেক পুষ্প এককালীন প্রদানস্থলে এতানি পুষ্পাণি ), এষ ধূপঃ, এষ দীপঃ, এতৎ তাম্বূলম্" ইত্যাদিরূপে পূজা করিবে। পরে শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল এই সমস্ত দেবতাদিগকে পাদ্যার্ঘ্যাদি দ্বারা অর্চ্চনা করিয়া ষোড়শোপচারে বিষ্ণুর পূজা কর্ত্তব্য। করন্যাস ও অঙ্গন্যাস যথা—

ওঁ বাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ বীং তর্জ্জনীভ্যাং স্বাহা। ওঁ বূং মধ্যমাভ্যাং বষট্। ওঁ বৈং অনামিকাভ্যাং হুং। ওঁ বৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ বঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

ওঁ বাং হৃদয়ায় নমঃ। ওঁ বীং শিরসে স্বাহা। ওঁ বূং শিখায়ৈ বষট্। ওঁ বৈং কবচায় হুং। ওঁ বৌং নেত্রাভ্যাং বৌষট্। ওঁ বঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

অনন্তর "ওঁ নারায়ণং চতুর্ব্বাহুং শঙ্খচক্রগদা-পদ্মধরং হারকেয়ূরমণ্ডিতং শ্রীবৎসাঙ্কমঞ্জীর-বনমালাবিভূষিতং লক্ষ্মী-সরস্বতীসহিতং কিরীটিনম্।" ধ্যানে পুষ্পটি নিজ মস্তকে রাখিবে। পরে মনে মনে যথাসম্ভব উপচারে দেবতাকে অর্চ্চনা করিয়া, বিশেষার্ঘ্য স্থাপন করিবে অর্থাৎ স্ববামে ত্রিকোণমণ্ডল অঙ্কন পূর্ব্বক তদুপরি আতপতণ্ডুল লইয়া, "ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ অনন্তায় নমঃ।" বলিয়া প্রক্ষেপ করিবে।

অনন্তর সেই মণ্ডলোপরি ত্রিপদিকা রাখিয়া অর্ঘ্যপাত্র 'ফট্' মন্ত্রে প্রোক্ষণ করত, জলের দ্বারা সেই শঙ্খাদি পাত্র পূরণ করিতে হয়। "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রপাঠ দ্বারা তীর্থ আবাহন করিবে। পরে "ওঁ" মন্ত্রে গন্ধপুষ্প, দূর্ব্বা ও আতপতণ্ডুল অর্ঘ্যপাত্রের উপর স্থাপন করত তদুপরি 'অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।' মন্ত্র পাঠ করিয়া, তদুপরি তণ্ডুল দ্বারা অর্চ্চনা করিবে। ঐ অর্ঘ্য ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ ও অস্ত্রমুদ্রা দ্বারা রক্ষা করিয়া মৎস্যমুদ্রায় আবরণ করিবে। তৎপরে তদুপরি মূলমন্ত্র দশধা জপ করিয়া সেই অর্ঘ্যের জল কিঞ্চিৎ কোশায় লইয়া স্বীয় মস্তকে দিয়া পূজার দ্রব্যাদিতে দিবে। পরে পীঠপূজান্তে পুনরায় ধ্যান করিয়া ষোড়শ উপচারে অর্চ্চনা করিবে। যথা-

'রজতাসনায় নমঃ, এতৎ রজতাসনং ওঁ বিষ্ণবে নমঃ।" করপুটে 'শ্রীবিষ্ণো স্বাগতং সুস্বাগতম্।' 'এতৎ পাদ্যং বিষ্ণবে নমঃ' ইত্যাদি নিয়মে নৈবেদ্যান্ত অর্চ্চনা করিয়া, লক্ষ্মী ও সরস্বতীকে যথাসম্ভব দ্রব্য দ্বারা পূজান্তে আবরণ-দেবতার অর্চ্চনা করিবে, যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ শঙ্খায় নমঃ।" এইরূপ—চক্রায়, গদায়ৈ, পদ্মায়, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, বলভদ্রায়, দেবক্যৈ, বসুদেবায়, রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ।" • এইরূপে পূজান্তে ভোজ্য ও জলপূর্ণ কুম্ভ উৎসর্গ করিয়া কথা শ্রবণ, দক্ষিণাদান ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

ব্রত-কথা।—ব্রহ্মোবাচ। ভগবন্ পুরুষস্যেহ স্ত্রিয়াশ্চ বিরহাদিকম্। শোকব্যাধিভয়ং দুঃখং ন ভবেদ্যেন তদ্বদ॥ শ্রীভগবানুবাচ। শ্রাবণস্য দ্বিতীয়ায়াং কৃষ্ণায়াং মধুসূদনঃ। ক্ষীরার্ণবে সলক্ষ্মীকঃ সদা বসতি কেশবঃ॥ তস্যাং সংপূজ্য গোবিন্দং সর্ব্বান্ কামান্ সমশ্নুতে॥ গোভূহিরণ্যদানানি সপ্তকল্পশতানি চ॥ অশূন্যশয়না নাম দ্বিতীয়া যা প্রকীর্ত্তিতা। তস্যাং সংপূজয়েদ্বিষ্ণুমেভির্ম্মন্ত্রৈর্ব্বিধানতঃ। শ্রীবৎসধারিণং কান্তং শ্রীবাসং শ্রীশমব্যয়ম্। অর্হন্তং মাং সদা রক্ষ ধর্ম্মকামার্থমোক্ষদ॥ অগ্নয়ো মা প্রণশ্যন্ত দেবতাঃ পুরুষোত্তম। পিতরো মা প্রণশ্যন্ত মর্ত্ত্যদাম্পত্যভেদতঃ॥ লক্ষ্ম্যা বিযুক্তো হে দেব ন কদাচিৎ যথা ভবান্। তথা কলত্রসম্বন্ধো দেব মা মে বিযুজ্যতে॥ লক্ষ্ম্যা ন শূন্যং শয়নং ভবেন্মম হরে সদা। শয্যা মমাপ্যশূন্যা তু তথৈব মধুসূদন॥ গীতবাদিত্রনির্ঘোষং দেবস্যাগ্রে তু কারয়েৎ। ঘণ্টা ভবেদশক্তস্য সর্ব্ববাদ্যময়ী যতঃ॥ এবং সম্পূজ্য গোবিন্দমশ্নীয়াত্তৈলবর্জ্জিতম্। নক্তমক্ষারলবণং যাবত্ত স্যাচ্চতুষ্টয়ম্॥ ততঃ প্রভাতে সঞ্জাতে লক্ষ্মীপতিসমন্বিতাম্। দীপান্নভোজনৈর্যুক্তাং শয্যাং দদ্যাদ্বিলক্ষণাম্॥ পাদুকোপানহচ্ছত্র-চামরাসনসংযুতাম্। অভীষ্টোপস্করৈর্যুক্তাং শুক্লপুষ্পাম্বরাবৃতাম্। সোপাধানকবিশ্রামাং ফলৈর্নানাবিবিধৈর্যুতাম্। তথা ভূষণযুক্তৈশ্চ যথাশক্ত্যা সমন্বিতাম্॥ অব্যঙ্গকায় বিপ্রায় বৈষ্ণবায় কুটুম্বিনে। দাতব্যং বেদবিদুষে ন বকব্রতিনে কচিৎ। তত্রোপবিশ্য দাম্পত্যমলঙ্কৃত্য বিধানতঃ। পত্ন্যাস্তু ভোজনং দদ্যাদ্ভক্ষ্যভোজ্যসমন্বিতম্॥ ব্রাহ্মণস্যাপি সৌবর্ণপুষ্পাকরসমন্বিতাম্। প্রতিমাং দেবদেবস্য সোদকুম্ভাং নিবেদয়েৎ॥. ন তস্য পত্নীবিরহঃ কদাচিদপি জায়তে। সাধ্বী চাবিধবা ব্রহ্মন্ যাবচ্চন্দ্রার্কতারকম্॥ মারীভয়ং ন শোকার্ত্তির্দাম্পত্যোর্জায়তে কচিৎ।

ন পুত্রপশুরত্নানি ক্ষয়ং যান্তি পিতামহ ॥ সপ্তকল্পসহস্রাণি সপ্তকল্পশতানি চ।
কুর্ব্বাণাশূন্যশয়নাং বিষ্ণুলোকে মহীয়তে ॥

ইতি মৎস্যপুরাণে ভগবদ্‌ব্রহ্মসংবাদে অশূন্যশয়নাদ্বিতীয়াব্রতকথা ॥

কথাশ্রবণান্তে সন্ধ্যার পর চন্দ্রোদয় হইলে শঙ্খাদিপাত্রে দধি, আতপ-তণ্ডুল, দূর্ব্বা ও গন্ধপুষ্প রাখিয়া কর দ্বারা গ্রহণ পূর্ব্বক নিম্নোক্ত মন্ত্রে চন্দ্রকে অর্ঘ্য দিবে, যথা—

ওঁ গগনাঙ্গনসন্দীপ ক্ষীরোদমথনোদ্ভব।
আভাসিত-দিগাভোগ রামানুজ নমোঽস্তু তে ॥

ইতি অশূন্যশয়নাদ্বিতীয়া-ব্রত ॥

## সুবচনী-ব্রত।

কৃতনিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

অদ্যেত্যাদি অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী (বা দাসী) সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক-মনোভীষ্টসিদ্ধিকামা গণপত্যাদি-নানা-দেবতা-পূজাপূর্ব্বক-সুবচনী-দুর্গাপূজা-তৎকথা-শ্রবণ-কর্ম্মাহং করিষ্যে।

তৎপরে ঘটস্থাপন (২৩১ পৃঃ) সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি (১৫২ পৃঃ) ও গণেশাদির পূজা করিয়া যথাযথ ধ্যানে ষোড়শোপচারে "ওঁ হ্রীং সুবচন্যৈ দুর্গায়ৈ বা হ্রীং শুভচণ্ডিকায়ৈ নমঃ" এই মন্ত্রে সুবচনীর পূজা করিয়া হংসাদির পূজা করত প্রণাম করিবে। অনন্তর কথা শ্রবণ করিতে হয়, যথা—

(১)

বন্দ মাতা সুবচনী, পুরাণে মহিমা শুনি, পতিতপাবনী পুরাতনী।
বলি আমি করপুটে, অধিষ্ঠান হও ঘটে, শুন আপনরে ব্রতবাণী ॥

প্রণমিয়া দেবগুরু বিপ্রের চরণে।
সুবচনী মাতা বন্দ আনন্দিত-মনে ॥
প্রজা লয়ে রাজ্য করে কলিঙ্গ-ঈশ্বর।
সেই দেশে অনাথা ব্রাহ্মণী করে ঘর ॥
সবে মাত্র এক পুত্র পড়ে পাঠশালে।
ভিক্ষা মেগে যজ্ঞসূত্র দিল যথাকালে ॥
পাঠশালে পড়ে সবে নানা দ্রব্য খায়।
দ্বিজ-পুত্র দুঃখী সবাকার পানে চায় ॥

মনে করে আজি ত্বরা ক'রে ঘরে যাব।
পরিপূর্ণ ক'রে মৎস্য মাংস অন্ন খাব॥
ঘরে গিয়া পুত্র জননীর কাছে বলে।
উত্তম সুখাদ্য খায় বালক সকলে॥
ব্রাহ্মণীর পুত্র কিছু কন হেসে হেসে।
পরম আনন্দে জননীর কোলে ব'সে॥
অন্যের বালক সব নানা দ্রব্য খায়।
মৎস্য আদি পক্ষি-মাংস খেতে সাধ যায়॥
ব্রাহ্মণী বলেন বাছা আমি কোথা পাব।
তনয় বলেন কা'ল আমি এনে দিব॥
উঠিয়া প্রভাতে তবে দ্বিজের তনয়।
নগর ভ্রমণ করে ত্যজিয়া আলয়॥
হংসশালে নৃপতির আছে যত হাঁস।
দিবা-রাত্রি রক্ষক আছয়ে বার মাস॥
হংস সব চরে সন্ধ্যাকালে যায় ঘরে।
পাছু ছিল খোঁড়া হাঁস দ্বিজ-পুত্র ধরে॥
আছাড়িয়া মেরে জননীর কাছে দিল।
রন্ধন করিল মাংস গোপনে খাইল॥
প্রাতঃকালে দেখে পাছে খোঁড়া হাঁস নাই।
রাজার শাসনে দূত চলে ধাওয়াধাই॥
রাজা বলে আজি খোঁড়া হাঁস খুঁজে আন।
খোঁড়া হাঁস না পাইলে বধিব পরাণ॥
ভয়ে ব্যগ্র হয়ে খুঁজে যত হংসচর।
ঘাট বাট মহারণ্য সবাকার ঘর॥
হংসের সন্ধান কোন মতে নাহি পায়।
ব্রাহ্মণীর বাটীর নিকট দিয়া যায়॥
সেই হংস-পাখা দেখে বিপ্র-ভস্মকুণ্ডে।
দ্বিজ-পুত্রে ধরি সবে বজ্র পাড়ে মুণ্ডে॥
ব্রাহ্মণীরে যথোচিত তিরস্কার করে।
তার পুত্রে ধরি নিল রাজার গোচরে॥
ব্রাহ্মণ দেখিয়া কলিঙ্গের অধিকারী।
ক্রোধে পরিপূর্ণ কহে বজ্রনাদ করি॥
রাজা বলে ওরে বেটা এত অহঙ্কার।
হংস মেরে খাইয়াছ পাবে ফল তার॥
আজ্ঞা দিল রাজা দ্বিজে রাখ বন্দিশালে।
বক্ষেতে পাথর দাও ভূমিতলে ফেলে॥
বন্দিশালে রাখে দূত নৃপ-আজ্ঞা পেয়ে।
ব্রাহ্মণীরে সবে সমাচার দিল গিয়ে॥
শুনিয়া আছাড় খায় কেশ নাহি বান্ধে।
তারিণী ব্রহ্মাণী ব'লে দ্বিজমাতা কাঁদে॥

(২)

ভয়ে দ্বিজমাতা কান্দে, কেশপাশ নাহি বান্ধে, অচেতনে পড়ে ভূমিতলে।
করে হাহাকার রব, শুনি ধেয়ে এল সব, আহা হা উঠহ বলি তোলে॥
ব্রাহ্মণের নহে ধর্ম্ম, করেছে কুৎসিত কর্ম্ম, হোক্ ব্রাহ্মণের ছেলে বটে।
সাম্য হোক্ নৃপ-ক্রোধ, সবে গিয়া উপরোধ, রাজারে করিব করপুটে॥
কেহ কহে উপদেশ, কহি শুন সবিশেষ, কান্দিলে না হবে কিছু আর।
কা হতে কিছু না হয়, শাস্ত্রেতে এমন কয়, ভাল মন্দ কর্ম্ম দেবতার॥

আর কেহ নাহি যার, সুবচনী মাতা তার, একভাবে পদ ভাব তাঁর।
ভেবে হারা মরা পায়, এ বা কোন্ বড় দায়, তব পুত্রে করিবে উদ্ধার॥
সেই গ্রামে এক ঘরে, সুবচনী পূজা করে, তথা যায় এয়ো নারীগণ।
শুনিয়া পূজার কথা, ব্রাহ্মণী গেলেন তথা, একভাবে করয়ে মনন॥
মোর পুত্র রাজদ্বারে, উদ্ধারিয়া এলে ঘরে, সুবচনী মায়েরে পূজিব।
সবে বলে সিদ্ধি হৌক, মায়ের মহিমা রৌক, মিথ্যা হলে পরাণ ত্যজিব॥
ব্রাহ্মণী কাতর দেখি, সকলে সজল আঁখি, করপুটে করিছে মনন।
উর মাতা নিজগুণে, মুক্ত করিয়া ব্রাহ্মণে, নিজ পূজা করহ গ্রহণ॥
দেবী শুনিলেন কানে, রাজা শুয়ে যেই স্থানে, মহানিশি কাছে ছয় রাণী।
উদ্ধারিতে দ্বিজবরে, দেবী গিয়া সেই ঘরে, রাজারে কহিছে স্বপ্নবাণী॥
শুন রাজা তোরে কই, কারো মন্দকারী নই, এনু হিতকথা কহিবারে।
যে মেরেছে খোঁড়া হাঁস, সে আমার ব্রতদাস, বন্দিশালে রেখেছ তাহারে॥
হলে তার অপমানে, ব্যথা পাই বড় মনে, দেখ তোর সর্ব্বনাশ হয়।
হবে রক্ত-অগ্নি-বৃষ্টি, নষ্ট হবে সব সৃষ্টি, পুরী সব হবে ভস্মময়॥
যদি বল খোঁড়া হাঁস, ব্রাহ্মণ করেছে নাশ, সে কেবল লোকের লাগান।
কালি প্রাতঃকাল হলে, তুমি গিয়া হংসশালে, খোঁড়াকে দেখিবে বিদ্যমান॥
দ্বিজপুত্রে ক'রে মুক্ত, তবে তার উপযুক্ত, এই রাজ্য দিয়া কর মান।
মোর সত্য কথা জানে, মিথ্যা না ভাবিহ মনে, শকুন্তলা কন্যা দিবে দান॥
তবে রাজ্য রক্ষা হবে, দেশে দেশে কীর্ত্তি রবে, এত বলি দেবী অন্তর্দ্ধান।
এ সব দেবীর রঙ্গ, নৃপতির নিদ্রাভঙ্গ, ভয় পেয়ে রাণীকে জাগান॥
উঠ উঠ উঠ রাণি, শুন স্বপনের বাণী, স্বপ্ন দেখি পরাণ বিকল।
নিদ্রাবশে যে দেখিনু, বুঝি সব হারাইনু, রাজ্যধন পুত্রাদি সকল॥
কারাগারে দ্বিজসুতে, ক্লেশ দিনু বিধিমতে, সে দেবীর বরপুত্র হয়।
সেই অধর্ম্মের ফলে, রাজ্য-পুত্রাদি সকলে, বুঝি সুবচনী করে ক্ষয়॥
শুনি স্বপনের কথা, রাণী মনে পায় ব্যথা, অতিশয় চঞ্চল হইল।
ক্ষণে উঠে ক্ষণে বৈসে, ক্ষণেক রাজার পার্শ্বে, উচ্চৈঃস্বরে কান্দিতে লাগিল॥
বলিতে কহিতে নিশা, পোহাইল হ'ল উষা, রাজা ত্বরা হংসশালে যান।
নৃপতির কাছে কাছে, মৃত খোঁড়া হাঁস নাচে, দেবী-বরে পেয়ে প্রাণদান॥
দেখে রাজার হৈল বোধ, নৃপতির গেল ক্রোধ, বৈসে এসে বাহির দেয়ানে।
উদ্বেগ উঠেছে মনে, পাত্র-মিত্র বন্ধুগণে, ত্বরা ক'রে ডাকাইয়া আনে॥

বন্দিশালে আছে বিপ্র, মুক্ত করি আন ক্ষিপ্র, তাহারে সঁপিব মম রাজ্য।
তাহার আশ্রয় লব, শকুন্তলা কন্যা দিব, আজি সমাপিব শুভকার্য্য॥
নৃপ-আজ্ঞা পাবামাত্র, নৃপতির পাত্র-মিত্র, বিপ্রপুত্রে মুক্ত করি আনে।
দিব্যবস্ত্র পরাইয়া, নানা আভরণ দিয়া, আপনারে ধন্য করি মানে॥
নৃপ দ্বিজের নিকটে, দাণ্ডাইয়া করপুটে, স্তুতি করে বিবিধ প্রকার।
হয়ে মোরে অবতংস, রক্ষা কর মোর বংশ, শরণ-আগত তোমার॥
চিনিতে নারিনু তোমা, অপরাধ কর ক্ষমা, যত দুঃখ তোমারে দিলাম।
দিয়া রাজকন্যা দান, রাখিব তোমার মান, আজি হৈতে আশ্রয় নিলাম॥
পরে রত্নসিংহাসনে, বসাইয়া সে ব্রাহ্মণে, নিজ হস্তে চরণ ধোয়ায়।
দূত গিয়া ত্বরা করে, পুরোহিত ব্রাহ্মণেরে, সেইক্ষণে সভায় আনায়॥
জ্যোতিষ-শাস্ত্রের মত, দিন করি নির্দ্ধারিত, শুভ লগ্ন করিলেন স্থির।
তবে কলিঙ্গ-ঈশ্বর, নিজ রাজ্যে ঘরে ঘর, শোভা করে সবার মন্দির॥
দেখি দিন শুভক্ষণে, স্ত্রীগণে ডাকিয়া আনে, তৈল হরিদ্রাদি দিতে গায়।
বসন ভূষণ পরি, নানা বর্ণে বেশ করি, সীমন্তিনী সারি সারি যায়॥
শুনি বিবাহের রব, বাদ্যকর যত সব, রাজার রাজ্যেতে বাস ছিল।
যন্ত্র সুমিলন করি, সবে বেশ-ভূষা ধরি, রাজার পুরীতে প্রবেশিল॥
এককালে বাদ্যধ্বনি, সবে চমকিত শুনি, ক্ষিতিতে বসিছে লোক যত।
বাজিতেছে জগঝম্প, শব্দে হয় ভূমিকম্প, শুনি রাণী হৈল আনন্দিত॥
এয়ো সব হ'ল জড়, অন্তরে আহ্লাদ বড়, যত নারী হরিদ্রা মাথায়।
শঙ্খ-রব হুলাহুলি, সব সীমন্তিনী মিলি, সরোবরে স্নান জন্যে যায়॥
ঘটেতে পূরিয়া বারি, লইল মস্তকে করি, রাজরাণী অঞ্চল লুটায়ে।
প্রবেশি নিজ মন্দিরে, ঘটেরে প্রণাম করে, রত্নদীপ বাসরে জ্বালিয়ে॥
জিজ্ঞাসয়ে রাজরাণী, শুন সব সীমন্তিনী, হাই আমলা বাটিবেক কে।
স্বামী ধরিবেক ছাতা, না রহিবে কোন ব্যথা, পতির প্রেয়সী হবে যে॥
কাছে ছিল বিপ্রসুতা, বড় রূপ-গুণযুতা, পতির প্রেয়সী সেই ধনী।
তাহারে আদেশ করি, সঙ্গে বহু সহচরী, হাই আমলা বাটা'ল রাণী॥
ব্রাহ্মণীর পুত্র লয়ে, মঙ্গলাচার করিয়ে, করাইল স্নান অধিবাস।
সন্ধ্যায় লইয়া বরে, সবে স্ত্রী-আচার করে, নানামতে করে পরিহাস॥
ছান্‌লায় দোঁহারে লয়ে, পুরোহিত ডাকাইয়ে, শুভকর্ম্ম করে আরম্ভণ।
দু-হাত একত্রে লয়ে, বান্ধে পুষ্পমাল্য দিয়ে, রাজরাণী আনন্দে মগন॥

তবে জলধারা দিয়ে, বর-কন্যা গৃহে লয়ে, বাসরেতে করে জাগরণ।
সব সখীগণ সঙ্গে, নানামত খেলা রঙ্গে, প্রাতঃকালে উঠে দুই জন॥
ব্রাহ্মণীর পুত্র কয়, বিলম্ব উচিত নয়, বিদায় করহ ত্বরা করি।
মঙ্গল-আসনোপরে, বসাইল কন্যা-বরে, রূপ হেরে সুখী যত নারী॥
রাজকন্যা বৈসে বামে, রতি যেন শোভে কামে, নারায়ণে শোভে সিন্ধুসুতা।
শচী যেন আখণ্ডলে, হৈমবতী হর-কোলে, বশিষ্ঠেতে অরুন্ধতী যথা॥
ধান্য-দূর্ব্বা দিয়ে শিরে, সবে আশীর্ব্বাদ করে, হাতে হাতে কন্যা সঁপে রাণী।
ধরি জামাতার হাতে, শকুন্তলার হস্ত তাতে, দিয়া কহে সুমধুর বাণী॥
মনে না করিবে রোষ, ক্ষমা কর সব দোষ, শকুন্তলা লয়ে কর ঘর।
কন্যার বিদায়কালে, রাণী ভাসে অশ্রুজলে, আজি হৈতে বাছা হৈলে পর॥
করে হাহাকার ধ্বনি, সকাতরে কান্দে রাণী, ধূলায় ধূসর হয় গায়।
শুনিয়া ক্রন্দন-বাণী, সকাতরে নৃপমণি, সভামধ্যে কান্দে উভরায়॥
নানাবাদ্য-শব্দ উঠে, আগে পিছে লোক ছুটে, পদে পদে নাহি পায় পথ।
দেখিয়া আশ্চর্য্য হৈল, ব্রাহ্মণীর পুত্র আইল, ধনে পরিপূর্ণ সব রথ॥
ধেয়ে গিয়া কহে লোক,ঠাকুরাণি ত্যজ শোক,দেখ সে তোমার মন ভালো।
বন্দী পুত্র কারাগারে, বিবাহ করিয়া ঘরে, রাজার তনয়া লয়ে এলো॥
শুনে এই শুভবাণী, আনন্দিত ঠাকুরাণী, মনে করে এমনি কি হব।
সুবচনী মাতা বুঝি, হাতে তুলে দিল নিধি, হারাধন ঘরে ব'সে পাব॥
অঙ্গের অম্বর তার, সংবরণ হইল ভার, অমনি ধাইল এলোকেশে।
এতেক বলিয়া উঠে, বাদ্য শুনে সন্নিকটে, আনন্দ-সাগরে যেন ভাসে॥
পুত্র আসিয়া নিকটে, দাণ্ডাইয়া করপুটে, জননীরে করিল প্রণাম।
ব্রাহ্মণী বলেন এসো, অভাগীর কোলে বসো, দেবী পূরাইল মনস্কাম॥
তবে জলধারা দিয়ে, বর-কন্যা গৃহে লয়ে, আঙ্গিনায় পূজে সুবচনী।
চারি কোণা করি ঘর, কাটিল আঙ্গিনাপর, আলিপনা দিলেন ব্রাহ্মণী॥
চিত্র-বিচিত্রিত করি,খোঁড়া হাঁস সারি সারি, লিখি তায় আরোপিলা তাতে।
আম্রশাখা পূর্ণবারি, দুগ্ধেতে গহ্বর পূরি, দিব্য শোভা পদ্মেরি পত্রেতে॥
সুবচনী পূজা সব, সাঙ্গ পূরে শঙ্খরব, শুনে সবে দণ্ডবৎ হয়ে।
এয়োরে করয়ে স্নান, নাড়ু রম্ভা গুয়া পান, তৈল সিন্দূরাদি সবে দিয়ে॥
সীমন্তিনী সারি সারি, দাণ্ডাইল শোভা করি, ব্রাহ্মণী চরণে দিল জল।
অঞ্চল লোটায় তাতে, দিল পুত্র-বধূ-মাথে, মনোবাঞ্ছা হইল সফল॥

প্রসাদীয় দ্রব্য যাহা, কিঞ্চিৎ কিঞ্চিৎ তাহা, ব্রাহ্মণী আপনি বাঁটি দিল।
একান্তমনে সকলে, বিস্তার করি অঞ্চলে, ভক্তিভাবে সকলে লইল॥
দক্ষিণান্ত সমর্পিয়া, ঘটে বিসর্জ্জন দিয়া, পুরোহিত করিল গমন।
তবে পুত্র-বধূ লয়ে, পূর্ণ-ঘট কক্ষে দিয়ে, গৃহমধ্যে প্রবেশে তখন॥

ইতি সুবচনীব্রতকথা॥

( ভাদ্র-কৃত্য )

## হরিতালিকা ব্রত।

ভাদ্র মাসের শুক্লা তৃতীয়া হস্তানক্ষত্রান্বিতা হইলে এবং কালশুদ্ধি থাকিলে এই ব্রত গ্রহণ করিবে। পরে প্রতি বর্ষের ভাদ্রী শুক্লা তৃতীয়াতে করিতে হয়। তৎকালে আর নক্ষত্রসংযোগের আবশ্যক থাকিবে না। দ্বিতীয়াতে সংযম করিয়া থাকিবে। ব্রতের দিন উপবাস ও তৎপরদিন্ ব্রাহ্মণভোজন করাইয়া স্বয়ং পারণ করিতে হয়। ইহাতে বালুকা দ্বারা ভবানী-শঙ্করের মূর্ত্তি নির্ম্মাণ করিবে। তিনটি ঝুড়ি বা চুবড়ীতে ঘৃত-ভর্জ্জিত পক্বান্ন রাখিয়া উহাতে সাতটা ধান্য এবং একখানা বস্ত্র দিতে হয়। স্বস্তিবাচনাদিসমাপনান্তে সঙ্কল্প করিবে, বাক্য যথা—

বিষ্ণুর্নমোঽদ্য ভাদ্রে মাসি শুক্লে পক্ষে হস্তানক্ষত্রাধিকরণকতৃতীয়ায়াস্তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী ভবানীশঙ্করপ্রীতিকামা গণেশাদিনানাদেবতাপূজা-পূর্ব্বকহরিতালিকাব্রতমহং করিষ্যে।

পরে পূজাবিধির নিয়মে ( ১৫২-১৬৩ পৃঃ ) গণেশাদি দেবতাগণকে অর্চ্চনা করিয়া বালুকানির্ম্মিত ভবানীশঙ্করের মূর্ত্তির অর্চ্চনা করিবে। নিম্নলিখিত মন্ত্রে আবাহন করিবে, যথা—

এহ্যেহি ভগবন্ দেব পার্ব্বত্যা সহিতঃ প্রভো। বালুকাবিহিতে স্থিত্বা পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ শিবায়ৈ সর্ব্বমঙ্গল্যৈ শিবরূপে নমো নমঃ। শিবে সর্ব্ব-প্রদে দেবি শিবরূপে নমোঽস্তু তে॥ শিবরূপে নমস্তুভ্যং শিবায়ৈ সততং নমঃ। নমস্তে ব্রহ্মরূপিণ্যৈ জগদ্ধাত্র্যৈ নমো নমঃ। সংসারভীতিবিচ্ছেদাৎ ত্রাহি মাং সিংহবাহিনি॥ যস্মিন্ গ্রাহে ময়া দেবি অর্চ্চিতাসি মহেশ্বরি। রাজ্য-সৌভা-গ্যাদা তত্র প্রসন্না ভব পার্ব্বতি॥

তৎপরে প্রভা, মায়া, জয়া সূক্ষ্মা, বিশুদ্ধা, নন্দিনী, সুপ্রভা এবং বিজয়া এই অষ্টশক্তির পূজা করিবে। পরে বংশ-পাত্র-পূর্ণ পক্কান্নাদি উৎসর্গ করিয়া তিনটি পুষ্পাঞ্জলি দিয়া কথাশ্রবণ, দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য-সমাধান করিবে।

ব্রত-কথা।—কৈলাসশিখরে রম্যে গৌরী পৃচ্ছতি শঙ্করম্। গুহ্যাদ্‌গুহ্যতরং গুহ্যং কথয়স্ব মহেশ্বর॥ সর্ব্বেষাং সারধর্ম্মঞ্চ স্বল্পায়াসং মহৎফলম্। প্রসন্নো যদি মে নাথ তদা ব্রূহি মমাগ্রতঃ ... ন বা ত্বং ময়া প্রাপ্তস্তপোদানব্রতেন বা। অনাদিনিধনো দেব ভর্ত্তৃত্বেন জগৎপ্রভুঃ॥ ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি তবাগ্রে ব্রতমুত্তমম্। গুহ্যঞ্চ মম সর্ব্বস্বং কথয়ামি তব প্রিয়ে॥ যথা উড়ুপতিশ্চন্দ্র উগ্রাণাং ভানুরুত্তমঃ। বর্ণানাঞ্চ যথা বিপ্রো দেবানাং বিষ্ণুরুত্তমঃ॥ নদীনাঞ্চ যথা গঙ্গা পুরাণানাঞ্চ ভারতম্। বেদানাঞ্চ যথা সাম ইন্দ্রিয়াণাং মনো যথা॥ পুরাণং দেবসর্ব্বস্বমাগমেন যথোদিতম্। একাগ্রেণ শৃণুষ্বেদং যথা দৃষ্টং ব্রতং শুভম্॥ যস্য পুণ্যপ্রভাবেণ ত্বং মাং প্রাপ্তবতী প্রিয়ে॥ তৎসর্ব্বং কথয়িষ্যামি যথা দৃষ্টং পুরা ব্রতম্। ভাদ্রে মাসি সিতে পক্ষে তৃতীয়া হস্তসংযুতা। তদনুষ্ঠানমাত্রেণ সর্ব্বপাপাৎ প্রমুচ্যতে॥ শৃণু দেবি ত্বয়া পূর্ব্বং মাং যদ্‌ধ্যাত্বা কৃতং ব্রতম্। তৎসর্ব্বং কথয়িষ্যামি যথা দৃষ্টং হিমাচলে॥ পার্ব্বত্যুবাচ। কথং কৃতং ময়া পূর্ব্বং ব্রতানাং ব্রতমুত্তমম্॥ তৎ সর্ব্বং কথয়েঃ সত্যং মৎসমীপে মহেশ্বর। তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি ত্বৎসকাশাৎ পুরা ব্রতম্॥ ঈশ্বর উবাচ। অস্তি তত্র মহাদেবি হিমবান্নগ উত্তমঃ। নানাভূমিসমাকীর্ণো নানাদ্রুমলতাকুলঃ। নানাপক্ষিসমাযুক্তো নানামৃগবিচিত্রিতঃ। তত্র দেবাশ্চ গন্ধর্ব্বাঃ সিদ্ধচারণগুহ্যকাঃ॥ হিমবাংশ্চ সুসম্পন্নো গন্ধর্ব্বৈর্গীততৎপরৈঃ। স্ফটিকৈঃ কাঞ্চনৈঃ শৃঙ্গৈর্ম্মণিবৈদূর্য্যভূষিতৈঃ॥ বিরাজমানৈঃ শিখরৈস্তথা বৃক্ষৈঃ সমন্বিতঃ। সুবর্ণবেদীরচিতো দিব্যধ্বজবিচিত্রিতঃ॥ অপ্সরোগীতনৃত্যৈশ্চ শোভিতো যো নগেশ্বরঃ। তত্রোগ্রং পার্ব্বতী বালা চরতে চ মহত্তপঃ॥ অব্দদ্বাদশসম্পূর্ণং ধূম্রপানমধোমুখী। সংবৎসরে চতুঃষষ্টি পক্বপর্ণাশনং ত্বয়া॥ মাঘে মাসি জলে মগ্না বৈশাখে চাগ্নিসেবিনী। শ্রাবণে চ বহির্ব্বাসা অন্নপানবিবর্জ্জিতা॥ দৃষ্ট্বা ত্বাং জনকস্তে বৈ চিন্তয়া দুঃখিতোঽভবৎ। কস্মৈ দেয়া চ মে কন্যা ইতি চিন্তাপরোঽভবৎ॥ যৌবনস্থাতিচার্ব্বঙ্গী দেবস্যাপি চ দুর্ল্লভা। কস্মৈ দেয়া ময়া কন্যা ব্রহ্মবিষ্ণুভবাদিষু॥ তস্যৈবংচিন্তমানস্য নারদো মুনিরাযযৌ। তত্রার্ঘ্যং বৈষ্ণবং পাদ্যং নারদায় দদৌ গিরিঃ॥ নমস্কৃত্যাসনং দত্ত্বা

কুশলান্তবদত্তদা॥ হিমবানুবাচ। কিমর্থমাগতো দেব উচ্যতাং মুনিসত্তম। মম ভাগ্যেন সম্প্রাতং তব চাগমনং মুনে॥ নারদ উবাচ। হিমবন্ শৃণু মে কার্য্য বিষ্ণুনা প্রেষিতো হ্যহম্। কন্যার্থং চাগতো হ্যত্র তব পার্শ্বে হিমাচল॥ বিষ্ণুনা প্রার্থ্যতে কন্যা তব যা বর্ত্ততেঽধুনা। বিষ্ণবে দীয়তাং কন্যা চাস্মাকং রোচতে বরঃ॥ যোগ্যং যোগ্যায় দাতব্যং কন্যারত্নমিদং ত্বয়া॥ বাসুদেব-সমো নাস্তি ব্রহ্মা শক্রো মহেশ্বরঃ। শ্রিয়ৈ কন্যা প্রদাতব্যা দীয়তাং যদি রোচতে॥ হিমবানুবাচ। বাসুদেবসমো নাস্তি কন্যাং প্রার্থয়তে পুনঃ। তথা ময়া প্রদাতব্যা ত্বয়া চোক্তং বিশেষতঃ॥ হিমাদ্রের্বচনং শ্রুত্বা বৈকুণ্ঠং নারদো যযৌ। পীতাম্বরধরং দেবং শঙ্খচক্রগদাম্বুজম্॥ কৃতাঞ্জলিপুটো ভূত্বা মুনীন্দ্রঃ প্রত্যভাষত॥ শৃণু দেব মহৎ কার্য্যং বৈবাহিক-পরো ভব। হিমবান-ব্রবীদ্বাক্যং তৎসর্ব্বং শ্রূয়তাং মম॥ ইয়ং কন্যা ময়া দেয়া দেবায় খলু বিষ্ণবে। ইত্যুক্ত্বা বাসুদেবং তং তস্মাচ্চ নারদো যযৌ। তত্রৈব পার্ব্বতী বালা আচ-রন্তী মহত্তপঃ॥ হিমবদ্ভবনে তত্র নারদেন বিজ্ঞাপিতে। তদগ্রে পার্ব্বতী বালা পিতুরঙ্কং সমাশ্রিতা। অথ শ্রুত্বাপি তদ্বাক্যং পার্ব্বতী দুঃখিতাভবৎ॥ দুঃখভারাতিসন্তপ্তাং সখী তাং পর্য্যপৃচ্ছত॥ সখ্যুবাচ। দেবি ত্বং দুঃখিতা কস্মাৎ সত্যং ব্রূহি বরাননে। ভদ্রং পশ্যামি তে ভদ্রে করিষ্যেঽহং ন সংশয়ঃ॥ পার্ব্বত্যুবাচ। ময়া যচ্চরিতং কার্য্যং তত্তাতেন বৃথা কৃতম্। তস্মাদ্দেহপরি-ত্যাগং করিষ্যেঽহং ন সংশয়ঃ॥ পার্ব্বতীবচনং শ্রুত্বা সখী বচনমব্রবীৎ। পিতা যচ্চ ন জানাতি গমিষ্যামি চ তদ্বনম্। ইত্যেবং সম্মতং কৃত্বা গতা সখ্যা মহা-বনম॥ পিতা প্রচারয়ামাস হিমবাংস্তু গৃহে গৃহে। কৈর্ব্বা নীতা হি সা বালা দেবদানবকিন্নরৈঃ॥ নারদাগ্রে কৃতং সত্যং কিং দাস্যে গরুড়ধ্বজে। ইত্যেবং চিন্তয়ামাস মূর্চ্ছয়া পতিতো ভুবি॥ হাহা কৃত্বা ততো লোকাঃ প্রধাবন্তো গিরিং প্রতি। কিমর্থং পতিতস্ত্বং হি কথয়স্ব মহাগিরে॥ গিরিঃ সংপ্রাহ দুঃখেন কন্যা কেনাপি মে হৃতা। দষ্টা বা কালসর্পেণ সিংহব্যাঘ্রেণ বা হৃতা॥ ন জানে ক্ব গতা গৌরী কেন দুষ্টেন বা হৃতা। সকম্পশোকসন্তপ্তো বাতেনৈব যথা তরুঃ॥ ততো গিরিশ্চ তাং পুত্রীমন্বেষ্টুং নির্জ্জনং বনম্। জগাম ত্বরয়া ঘোরং বিজনং ভয়সঙ্কুলম্। ব্যাঘ্রসিংহগজক্রূরমৃগপক্ষিগণাকুলম্॥ ত্বঞ্চ তত্র সমাগম্য নদীতীরে সুমধ্যমে। উপবিষ্টা সখীসার্দ্ধমন্নাহারবিবর্জ্জিতা॥ বালু-কাভিঃ কৃতা মূর্ত্তিঃ পার্ব্বত্যা সহিতস্য মে। মাসি ভাদ্রপদে চৈব তৃতীয়া হস্ত-সংযুতা। অস্যাস্তু পূজনং কৃত্বা ফলপুষ্পৈঃ সচন্দনৈঃ॥ নৈবেদ্যং কল্পয়িত্বা তু

নমস্কৃত্য মহেশ্বরম্। বংশপাত্রত্রয়ং কৃত্বা পক্কান্নেন প্রপূরিতম্॥ বস্ত্রেণ চ সমাযুক্তং সপ্তধান্যসমন্বিতম্। একং বিপ্রায় দাতব্যং দক্ষিণাভিঃ সমন্বিতম্॥ তত্র গীতেন বাদ্যেন রাত্রৌ জাগরণং কৃতম্। তেন ব্রতপ্রভাবেণ চিত্তঞ্চ চলিতং মম॥ সংপ্রাপ্য দেবি তত্রৈব যত্র ত্বং সখীভিঃ সহ। প্রসন্নোঽস্মি ময়া প্রোক্তং বরং বরয় সুব্রতে॥ পার্ব্বত্যুবাচ। যদি দেব প্রসন্নোঽসি ভর্ত্তা ভবতু মে হরঃ। তথেত্যুক্ত্বা ময়া দেবি কৈলাসং পুনরাগতঃ॥ ততঃ প্রভাতে সম্প্রাপ্তে নদীকূলং সমাগতা। পারণঞ্চ কৃতং তত্র যদ্ভূতং বনগোচরম্॥ তত্রৈব ত্বং প্রসুপ্তাসি সখ্যা সার্দ্ধং বরাননে। হিমবানপি তং দেশমাজগাম ঘনং বনম্॥ অন্বত্রৈব চতুর্দ্দিক্ষু পানভোজনবর্জ্জিতম্। দৃষ্ট্বা তত্র নদীতীরে প্রসুপ্তং কন্যকাত্রয়ম্॥ তাসাং সমীপমাগত্য রোদনং কৃতবান্ গিরিঃ। সিংহব্যাঘ্রাদিসংযুক্তং কিমর্থং বনবাসিনী॥ পার্ব্বত্যুবাচ। শৃণু তাত ময়া জ্ঞাতং মাং দাস্যসীশ্বরায় চ। তদন্যথা কৃতং তাত তেনাহং বনমাগতা॥ তথেত্যুক্তা হিমবতা নীতা সা চ গৃহং প্রতি। ততো দত্তা ত্বমস্মাকং যথা বৈবাহিকো বিধিঃ॥ তেন ব্রতপ্রভাবেণ সৌভাগ্যং সাধিতং ত্বয়া। তবাদৌ ব্রতরাজং তৎ কস্যাপি ন নিবেদিতম্। তেন তু ব্রতরাজস্য বিধিরেষ প্রচোদিতঃ। আলিভির্হরিতা যস্মাত্তস্মাৎ সা হরিতালিকা॥ পার্ব্বত্যুবাচ। নামেদং কথিতং দেব বিধিং ব্রূহি মম প্রভো। কিং পুণ্যং কিং ফলং তস্যাঃ কেন বা ক্রিয়তে ব্রতম্॥ ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রযত্নেন যদি সৌভাগ্যমিচ্ছসি। তোরণাদি প্রকর্ত্তব্যং কদলীস্তম্ভমণ্ডিতম্॥ আচ্ছাদ্য পট্টবস্ত্রৈশ্চ নানাবর্ণৈর্ব্বিচিত্রিতম্। চন্দনেন সুগন্ধেন লেপয়েদ্দিহ মণ্ডপম্॥ পুষ্পমালা প্রদাতব্যা নানাপুষ্পৈর্বিনির্ম্মিতা। শঙ্খভেরীমৃদঙ্গাংশ্চ বাদয়েদ্বহুভির্নরৈঃ॥ নানামঙ্গলগীতঞ্চ কর্ত্তব্যং মম সদ্মনি। স্থাপয়েদ্বালুকাপিণ্ডং পার্ব্বত্যা সহিতস্য মে॥ পূজয়েদ্বহুভিঃ পুষ্পৈঃ সুগন্ধৈশ্চ তথোত্তমৈঃ। ধূপদীপাদিকং কুর্য্যাদারাত্রিকং তথৈব চ। ততস্তু ঘৃতপক্বান্নং নৈবেদ্যং তত্র দাপয়েৎ॥ ফলানি বীজজাতানি প্রদাতব্যানি যত্নতঃ। পূগীফলং সতাম্বূলং কর্পূরেণ চ সংযুতম্॥ মাতু-(আতা) ফলং লবঙ্গাদি গন্ধঞ্চৈব প্রদাপয়েৎ॥ সর্ব্বং তত্র প্রক্ষিপ্যাথ মন্ত্রেণানেন পূজয়েৎ॥ শিবায়ৈ সর্ব্বমঙ্গল্যৈ শিবরূপে নমো নমঃ। শিবে সর্ব্বপ্রদে দেবি শিবরূপে নমোঽস্তু তে॥ শিবরূপে নমস্তুভ্যং শিবায়ৈ সততং নমঃ। নমস্তে ব্রহ্মরূপিণ্যৈ জগদ্ধাত্র্যৈ নমো নমঃ॥ সংসারভীতিবিচ্ছেদাৎ ত্রাহি মাং সিংহবাহিনী॥ যস্মিন্ গেহে ময়া দেবি অর্চ্চিতাসি মহেশ্বরি। রাজ্যসৌভাগ্যদা দেবি প্রসন্না ভব পার্ব্বতি।

মন্ত্রেণানেন ভো দেবি পূজয়েত্ত্বাং ময়া সহ। কথাং শ্রুত্বা বিধানেন স্থাপ্যং সর্ব্বং নিবেদয়েৎ॥ ব্রাহ্মণায় চ দাতব্যং বস্ত্র-ধেনু-হিরণ্যকম্। অন্যেভ্যো দাপয়েদ্ দানং নানালঙ্করণং তথা॥ কথাং শ্রুত্বা পুনর্দ্দেবি সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে। সপ্তজন্ম ভবেদ্রাজ্যমবৈধব্যং পুনঃ পুনঃ॥ স্বকুল্যায় চ দাতব্যং ফলপুষ্পাদি-দীপকম্॥ কৃত্বা জাগরণং সম্যগ্ দত্ত্বা দানানি ভূরিশঃ। কৃত্বা ব্রতেশ্বরং দেবি সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ সৌভাগ্যং লভতে পুণ্যং দারিদ্র্যঞ্চ বিনশ্যতি॥ নারী ভাদ্রতৃতীয়ায়ামাহারং কুরুতে যদি। সপ্তজন্ম ভবেদ্বন্ধ্যা বৈধব্যঞ্চ পুনঃ পুনঃ॥ দারিদ্র্যং পুত্রশোকঞ্চ কর্কশা দুঃখভাগিনী। বসতে নরকে ঘোরে নোপবাসং করোতি যা॥ কাঞ্চনে রাজতে তাম্রে তথা মৃন্ময়ভাজনে। দ্রব্যং দত্ত্বাৎ পুরো দেব্যাঃ পশ্চাৎ কুর্য্যাচ্চ পারণম্॥ এবং বিধিং যা কুরুতে চ নারী, ত্বয়া সমানা রমতে চ ভুক্ত্যা। ভুক্ত্বা চ ভোগান্ বিবিধনাভীষ্টান্, সাযুজ্যমুক্তিং লভতে সুখানি॥ অশ্বমেধসহস্রস্য বাজপেয়শতস্য চ। কথাশ্রবণমাত্রেণ তুল্যং ফলমবাপ্নুয়াৎ। এতত্তে কথিতং দেবি যুবতীব্রতমুত্তমম্॥

ইতি পদ্মপুরাণে হরিতালিকাব্রতম্॥

## সিদ্ধিবিনায়ক-ব্রত।

এই ব্রত ভাদ্রমাসের শুক্লা চতুর্থী তিথিতে কর্ত্তব্য। উভয়দিনব্যাপিনী তিথি হইলে পূর্ব্বদিনেই কর্ত্তব্য। মতান্তরে মধ্যাহ্নব্যাপিনী চতুর্থীতে করিতে হয়। স্বস্তিবাচনান্তে নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

"বিষ্ণুরোঁ তৎসদদ্য ভাদ্রে মাসি শুক্লে পক্ষে চতুর্থ্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাভীষ্টসিদ্ধিকামঃ শ্রীসিদ্ধিবিনায়কপূজামহং করিষ্যে।

অনন্তর সূক্তপাঠ, ঘটস্থাপন, (২৩৭ পৃঃ) সামান্যার্ঘ্য, ভূতশুদ্ধি, (১৫২-১৬৩ পৃঃ) মাতৃকান্যাসাদি, গণেশপূজা, শিবাদি-পঞ্চদেবতা-পূজা, আদিত্যাদিনবগ্রহ-পূজা ও ইন্দ্রাদিদশদিক্‌পালের অর্চ্চনা করিবে। তদনন্তর সুবর্ণময়ী, রজতময়ী বা মৃন্ময়ী প্রতিমার প্রাণপ্রতিষ্ঠান্তে "বাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি প্রণালীতে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া ধ্যান করিবে। (ধ্যানপ্রকরণ দেখ) ধ্যানান্তে আবাহন করিবে, যথা—

"ওঁ আবাহয়ামি বিঘ্নেশ সুররাজার্চ্চিতেশ্বর। অনাথনাথ সর্ব্বজ্ঞ পূজার্থং

গণনায়ক। ওঁ ভূর্ভুবঃ স্বর্গণপতে ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।"

পরে "ওঁ নমো বিনায়কায়" মন্ত্রে ষোড়শ উপচারে পূজা করিবে। বিশেষ বিশেষ মন্ত্র নিম্নে লিখিত হইল, যথা—

"ওঁ বিচিত্ররত্নরচিতং দিব্যাস্তরণসংযুতম্। বিঘ্নরাজ গৃহাণেদং ভগবন্ ভক্তবৎসল॥" (এই মন্ত্রে আসন দিবে)

"ওঁ অর্ঘ্যঞ্চ ফলসংযুক্তং গন্ধপুষ্পাক্ষতৈর্যুতম্। গণাধ্যক্ষ নমস্তেঽস্তু গৃহাণ করুণানিধে॥" (এই মন্ত্রে অর্ঘ্য দিবে)

"ওঁ দধ্যাজ্যমধুসংযুক্তং মধুপর্কং ময়াহৃতম্। গৃহাণ সর্ব্বলোকেশ গণনাথ নমোঽস্তু তে॥" (এই মন্ত্রে মধুপর্ক দিবে)

"ওঁ বিনায়ক নমস্তুভ্যং ত্রিদশৈরভিবন্দিত। পবিত্রেণাম্বুনা দেব শীঘ্রমাচমনং কুরু।" (এই মন্ত্রে আচমনীয় দিবে)

"ওঁ পয়ো দধি ঘৃতঞ্চৈব শর্করা-মধুসংযুতম্। পঞ্চামৃতং গৃহাণেদং স্নানায় গণনায়ক॥" (এই মন্ত্রে পঞ্চামৃতে স্নান করাইতে হয়)

"ওঁ পূতং গঙ্গাদিতীর্থেভ্য আনীতং তোয়মুত্তমম্। ভক্ত্যা সমর্পিতং তুভ্যং স্নানায়াভীষ্টদায়ক॥" (এইটি সাধারণ স্নানের মন্ত্র)

"ওঁ রক্তবস্ত্রযুগং দিব্যং কারুকার্য্যবিভূষিতম্। গৃহাণ পরিধানায় সর্ব্ববিঘ্নবিনাশন॥" (এই মন্ত্রে বস্ত্র দিবে)

"ওঁ রাজতং ব্রহ্মসূত্রঞ্চ কাঞ্চনঞ্চোত্তরীয়কম্। গৃহাণ ভক্ত্যা দত্তং মে ভক্তানাং বরদো ভব॥" (এই মন্ত্রে যজ্ঞোপবীত দিবে)

"ওঁ উদ্যদ্ভাস্করসঙ্কাশং সন্ধ্যাবদরুণং প্রভো। বীরালঙ্করণং দিব্যং সিন্দূরং প্রতিগৃহ্যতাম্॥" (এই মন্ত্রে সিন্দূর দিবে)

"ওঁ নানাবিধানি দিব্যানি নানারত্নোজ্জ্বলানি চ। ভূষণানি গৃহাণেশ পার্ব্বতীপ্রিয়নন্দন॥" (এই মন্ত্রে আভরণ দিবে)

"ওঁ কস্তূরী-রোচনা-চন্দ্র-কুঙ্কুমৈশ্চ সমন্বিতম্। বিলেপনং সুরশ্রেষ্ঠ চন্দনং প্রতিগৃহ্যতাম্॥" (এই মন্ত্রে গন্ধ দিবে)

"ওঁ রক্তাক্ষতাংশ্চ দেবেশ গৃহাণ দ্বিরদানন। ললাটপটলে চন্দ্রস্তস্যোপরি বিধার্য্যতাম্॥" (এই মন্ত্রে অক্ষত দিবে)

"ওঁ ময়াহৃতান্যনেকানি পুষ্পাণি সুরভীণি চ। নানাবিধানি ভগবন্ গৃহাণ গণনায়ক॥" (এই মন্ত্রে পুষ্প দিবে)

অঙ্গপূজা—"ওঁ গণেশ্বরায় নমঃ, পাদৌ পূজয়ামি।" এই নিয়মে অগ্রে "ওঁ" অন্তে "নমঃ" ও "পূজয়ামি" পদপ্রয়োগে সর্ব্বত্র অর্চ্চনা করিতে হয়।—বিঘ্নরাজায়, জানুনী। আখুবাহনায়, উরূ। হেরম্বায়, কটী। কামারিস্নবে, নাভিম্। লম্বোদরায়, উদরম্। গৌরীসুতায়, স্তনৌ। গণনায়কায়, হৃদয়ম্। স্থূলকর্ণায়, কণ্ঠম্। স্কন্দাগ্রজায়, স্কন্ধৌ। পাশহস্তায়, হস্তৌ। গজবক্ত্রায়, মুখম্। বিঘ্নহর্ত্রে, ললাটম্। সর্ব্বেশ্বরায়, শিরঃ। গণাধিপতয়ে, সর্ব্বাঙ্গম্।

পত্রপূজা।—সুমুখায়, মালতীপত্রম্। গণাধিপায়, ভৃঙ্গরাজপত্রম্। উমা-পুত্রায়, বিল্বপত্রম্। গজাননায়, শ্বেতদূর্ব্বাপত্রম্। লম্বোদরায়, বদরীপত্রম্। হরসূনবে, ধুস্তূরপত্রম্। গজকর্ণায়, তুলসীপত্রম্। বক্রতুণ্ডায়, শমীপত্রম্। গুহাগ্রজায়, বৃহতীপত্রম্। বিকটায়, করবীরপত্রম্। কপিলায়, অর্কপত্রম্। গজদন্তায়, অর্জ্জুনপত্রম্। বিঘ্নরাজায়, বিষ্ণুক্রান্তাপত্রম্। বটবে, দাড়িমীপত্রম্। সুরাগ্রজায়, দেবদারুপত্রম্। ভালচন্দ্রায়, মরুপত্রম্। হেরম্বায়, অশ্বত্থপত্রম্। চতুর্ভুজায়, জাতীপত্রম্। বিনায়কায়, কেতকীপত্রম্। সর্ব্বেশ্বরায়, অগস্তি-পত্রম্।

"ওঁ দশাঙ্গং গুগ্‌গুলং ধূপং সুগন্ধঞ্চ মনোহরম্। গৃহাণ কৃপয়া দেব উমা-পুত্র নমোঽস্তু তে॥" (এই মন্ত্রে ধূপ দিবে)

"ওঁ সর্ব্বজ্ঞ সর্ব্বলোকেশ ত্রৈলোক্যতিমিরাপহম্। গৃহাণ মঙ্গলং দীপং রুদ্রপ্রিয় নমোঽস্তু তে॥" (এই মন্ত্রে দীপ দিবে)

"ওঁ নানাখাদ্যময়ং দিব্যং নৈবেদ্যং তে সুস্বাদুকম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ গণনায়ক॥" (এই মন্ত্রে নৈবেদ্য দিবে)

"ওঁ এলোশীর-লবঙ্গাদি-কর্পূরপরিবাসিতম্। প্রাশনার্থং কৃতং তোয়ং গৃহাণ গণনায়ক॥" (এইটি মুখপ্রক্ষালনার্থ জলদানমন্ত্র)

"ওঁ মলয়াচলসম্ভূতং কর্পূরেণ সুবাসিতম্। করোদ্বর্ত্তনকং চারু গৃহ্যতাং জগতঃ পতে॥" (এইটি করোদ্বর্ত্তনমন্ত্র)

"ওঁ বীজপুরাম্রপনস-খর্জ্জূরীকদলীফলম্। নারিকেলফলং দিব্যং গৃহাণ গণনায়ক॥" (এই মন্ত্রে ফল দিবে)

"ওঁ একবিংশতিসংখ্যকান্ মোদকান্ ঘৃতপাচিতান্। ময়া নিবেদিতান্ ভক্ত্যা গৃহাণ গণনায়ক॥" (এই মন্ত্রে মোদক দিবে)

"ওঁ পূগীফলসমাযুক্তং কর্পূরাদিসুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বূলং প্রতিগৃহ্যতাম্॥" (এই মন্ত্রে তাম্বূল দিবে)

"ওঁ বিঘ্নেশ্বর বিশালাক্ষ সর্ব্বাভীষ্টফলপ্রদ। প্রদক্ষিণং করোমি ত্বাং সর্ব্বান্ কামান্ প্রযচ্ছ মে॥" (এই মন্ত্রে প্রদক্ষিণ করিবে)

পরে প্রণাম করিবে। মন্ত্র যথা—"ওঁ নমস্তে বিঘ্নসংহর্ত্রে নমস্তে ঈপ্সিত-প্রদ। নমস্তে দেবদেবেশ নমস্তে গণনায়ক॥ বিনায়কেশপুত্র ত্বং গণরাজ সুরোত্তম। দেহি মে সকলান্ কামান্ বন্দে সিদ্ধিবিনায়ক॥" পরে নিম্নলিখিত মন্ত্রে প্রার্থনা করিতে হয়। যথা—

"ওঁ যন্ময়াচরিতং দেব ব্রতমেতৎ সুদুর্লভম্। গণেশ ত্বং প্রসন্নঃ সন্ সফলং কুরু সর্ব্বথা॥ বিনায়ক গণেশান সর্ব্বদেবনমস্কৃত। পার্ব্বতীপ্রিয় বিঘ্নেশ মম বিঘ্নান্ বিনাশয়॥"

অনন্তর দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণান্তে বস্ত্রাবৃত প্রতিমা ব্রাহ্মণকে দিবে। তৎপরে কথা শুনিবে।

ব্রত-কথা।—শৌনকাদ্যা ঋষিগণা নৈমিষারণ্যবাসিনঃ। সূতং পৌরাণিক-শ্রেষ্ঠমিদমূচুর্বচস্তদা॥ ঋষয় উচুঃ। নির্ব্বিঘ্নেন তু কার্য্যাণি কথং সিধ্যন্তি সূতজ। অর্থসিদ্ধিঃ কথং নৃণাং পুত্রসৌভাগ্যসম্পদঃ॥ দম্পত্যোঃ কলহে চৈব বন্ধুভেদে তথা নৃণাম্। উদাসীনেষু লোকেষু কথং সুসুখতা ভবেৎ॥ বিদ্যারম্ভে তথা নৃণাং বাণিজ্যে চ কৃষৌ তথা। নৃপতেঃ পরচক্রে চ জয়সিদ্ধিঃ কথং ভবেৎ॥ কাং দেবতাং নমস্কৃত্য কার্য্যসিদ্ধির্ভবেন্নৃণাম্। এতৎ সমস্তং বিস্তার্য্য ব্রূহি মে সূত পৃচ্ছতঃ॥ সূত উবাচ।—সন্নদ্ধয়োঃ পুরা বিপ্রা কুরুপাণ্ডব-সেনয়োঃ। পৃষ্টবান্ দেবকীপুত্রং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ॥ যুধিষ্ঠির উবাচ। নির্ব্বি-ঘ্নেন জয়ং মহ্যং বদ ত্বং দেবকীসুত। কাং দেবতাং নমস্কৃত্য সাম্রাজ্যং লভে-মহি॥ কৃষ্ণ উবাচ। পূজয়ধ্বং গণাধ্যক্ষমুমামলসমুদ্ভবম্। তস্মিন্ সম্পূজিতে দেবে ধ্রুবং রাজ্যমবাপ্স্যসি॥ যুধিষ্ঠির উবাচ। দেব কেন বিধানেন পূজনীয়ো গণাধিপঃ। পূজিতস্ত তিথৌ কস্যাং সিদ্ধিদো গণপো ভবেৎ॥ কৃষ্ণ উবাচ। মাসি ভাদ্রপদে শুক্লে চতুর্থ্যাং পূজয়েন্নৃপ। মাসি মাঘে শ্রাবণে বা মার্গশীর্ষেঽথ বা ভবেৎ॥ গজবক্ত্রস্তু শুক্লায়াং চতুর্থ্যাং পূজয়েন্নৃপ। যদা চোৎপদ্যতে ভক্তি-স্তদা পূজ্যো গণাধিপঃ॥ প্রাতঃ শুক্লতিলৈঃ স্নাত্বা মধ্যাহ্নে পূজয়েন্নৃপ॥ নিষ্ক-মাত্রসুবর্ণেন তদর্দ্ধার্দ্ধেন বা পুনঃ। স্বশক্ত্যা গণনাথস্য স্বর্ণরৌপ্যময়াকৃতিম্। অথবা মৃন্ময়ীং কুর্য্যাৎ বিত্তশাঠ্যং ন কারয়েৎ॥ একদন্তং শূর্পকর্ণং গজবক্ত্রং চতুর্ভুজম্। ত্রিলোচনং চন্দ্রমৌলিং তপ্তকাঞ্চনসন্নিভম্॥ "কপিত্থ-মোদকা-দন্ত-শুণ্ডাগ্রং রক্তবাসসম্। ভজেঽক্ষমালা-পরশু-পাশাঙ্কুশধরং বিভুম্॥ ধ্যাত্বা

বিনায়কস্তেবং স্নাপ্য পঞ্চামৃতৈঃ পৃথক্। গণাধ্যক্ষেতি নাম্না বৈ গন্ধং দদ্যাচ্চ ভক্তিতঃ॥ আবাহনার্ঘ্যে পাদ্যঞ্চ দত্ত্বা পশ্চাৎ প্রযত্নতঃ। রক্তবস্ত্রযুগং সর্ব্বপ্রদে দদ্যাচ্চ ভক্তিতঃ॥ বিনায়কেতি পুষ্পাণি ধূপঞ্চোমাসুতায় চ। দীপং রুদ্রপ্রিয়ায়েতি নৈবেদ্যং বিঘ্ননাশিনে॥ কিঞ্চিৎ সুবর্ণপুষ্পঞ্চ তাম্বূলঞ্চ নিবেদয়েৎ॥ ততো দূর্ব্বাঙ্কুরান্ গৃহ্য বিংশতিঞ্চৈকমেব বা। পূজনীয়ঃ প্রযত্নেন এভির্নামপদৈঃ পৃথক্॥ গণাধিপ নমস্তেঽস্তু উমাপুত্রাঘনাশন। বিনায়কেশপুত্রেতি সর্ব্বসিদ্ধিপ্রদায়ক॥ একদন্তেভবক্ত্রেতি তথা মূষিকবাহন। কুমারগুরবে তুভ্যং পূজনীয়ঃ প্রযত্নতঃ॥ দূর্ব্বাযুগ্মং গৃহীত্বা তু গন্ধপুষ্পাক্ষতৈর্যুতম্। একৈকেন তু নাম্না বৈ দত্ত্বৈবং সর্ব্বনামভিঃ॥ অথৈকবিংশতিং গৃহ্য মোদকান্ ঘৃতপাচিতান্। স্থাপয়িত্বা গণাধ্যক্ষসমীপে কুরুনন্দন॥ দশবিপ্রায় দাতব্যাঃ স্বয়ং গ্রাহ্যাস্তথা দশ। একং গণাধিপে দদ্যাৎ সনৈবেদ্যং নৃপোত্তম॥ বিনায়কস্য প্রতিমাং ব্রাহ্মণায় নিবেদয়েৎ॥ বিনায়কস্য প্রতিমাং বস্ত্রযুগ্মেন বেষ্টিতাম্। তুভ্যং সম্প্রদদে বিপ্র প্রীয়তাং মে গজাননঃ॥ বিনায়ক গণেশ ত্বং সর্ব্বদেবনমস্কৃত। পার্ব্বতী-প্রিয় বিঘ্নেশ মম বিঘ্নং বিনাশয়॥ গণেশঃ প্রতিগৃহ্লাতি গণেশো বৈ দদাতি চ। গণেশস্তারকো নিত্যং গণেশায় নমো নমঃ॥ কৃত্বা নৈমিত্তিকং কর্ম্ম পূজয়েদিষ্টদেবতাম্। ব্রাহ্মণান্ ভোজয়েৎ পশ্চাৎ ভুঞ্জীয়াত্তৈলবর্জ্জিতম্॥ এবং কৃতে ধর্ম্মরাজ গণনাথস্য পূজনে। বিজয়স্তে ভবেন্নূনং সত্যং সত্যং ময়োদিতম্॥ ত্রিপুরং হন্তুকামেন পূজিতঃ শূলপাণিনা। শক্রেণ পূজিতঃ পূর্ব্বং বৃত্রাসুরবধেচ্ছয়া॥ অন্বেষয়ন্ত্যা ভর্ত্তারং পূজিতোঽহল্যয়া পুরা। দ্রষ্টুং সীতাং মহাভাগাং বীরেণ চ হনূমতা॥ ভগীরথেন তদ্বচ্চ গঙ্গামানয়তা পুরা। অমৃতোৎপাদনার্থায় তথা দেবাসুরৈরপি॥ অমৃতং হরতা পূর্ব্বং বৈনতেয়েন পক্ষিণা। আরাধিতো গণাধ্যক্ষো হ্যমৃতঞ্চাহৃতং বলাৎ॥ রুক্মিণীং হর্ত্তুকামেন পূজিতোঽসৌ ময়া প্রভুঃ। তস্য প্রসাদাদ্রাজেন্দ্র রুক্মিণীং প্রাপ্তবানহম্॥ যদা পূর্ব্বং হি দৈত্যেন হৃতো রুক্মিণীনন্দনঃ। আরাধিতো ময়া তদ্বৎ রুক্মিণ্যা সহিতেন চ॥ কুষ্ঠব্যাধিযুতেনাথ শাম্বেনারাধিতঃ পুরা। জয়কামস্ততাঃ শীঘ্রং ত্বমারাধয় শাঙ্করম্॥ বিদ্যাকামো লভেদ্বিদ্যাং ধনকামো ধনং তথা। জয়ঞ্চ জয়কামস্তু পুত্রার্থী বিন্দতে সুতান্॥ পতিকামা চ ভর্ত্তারং সৌভাগ্যঞ্চ সুবাসিনী। বিধবা পূজয়িত্বা তু বৈধব্যং নাপ্নুয়াৎ ক্বচিৎ॥ বৈষ্ণব্যাদ্যাসু দীক্ষাসু আদৌ পূজ্যো গণাধিপঃ॥ হব্যবাহমুখা দেবাঃ পূজিতাঃ স্যুর্ন সংশয়ঃ॥ চণ্ডিকাদ্যা মাতৃগণাঃ পরিতুষ্টা ভবন্তি চ। তস্মিন্ সম্পূজিতে বিপ্রা ভক্ত্যা

সিদ্ধিবিনায়কে ॥ এবং কৃতে ধর্ম্মরাজ গণনাথস্য পূজনে। প্রাপ্স্যসি ত্বং স্বকং রাজ্যং হত্বা শত্রূন্ রণাজিরে ॥ সিধ্যন্তি সর্ব্বকার্য্যাণি নাত্র কার্য্যা বিচারণা ॥ এবমুক্তস্তু কৃষ্ণেন সানুজঃ পাণ্ডুনন্দনঃ। পূজয়ামাস দেবস্য পুত্রং ত্রিপুরঘাতিনঃ ॥ শক্রসঙ্ঘং নিহত্যাজৌ প্রাপ্তবান্ রাজ্যমোজসা ॥ সূত উবাচ। যঃ পূজয়েন্মহাভাগো গণেশং সিদ্ধিদায়কম্। সিধ্যন্তি তস্য কার্য্যাণি মনসা চিন্তিতান্যপি ॥ খ্যাতিং গমিষ্যতে তেন নাম্না সিদ্ধিবিনায়কঃ ॥ য ইদং শৃণুয়ান্নিত্যং শ্রাবয়েদ্বো সমাহিতঃ। সিধ্যন্তি সর্ব্বকার্য্যাণি বিনায়কপ্রসাদতঃ ॥

ইতি ভবিষ্যপুরাণোক্তং সিদ্ধিবিনায়কব্রতম্ ॥

---

## ঋষিপঞ্চমী-ব্রত।

শুদ্ধকালে এই ব্রত গ্রহণ করিয়া সপ্তম বর্ষে প্রতিষ্ঠা করিবে। ভাদ্রশুক্লা পঞ্চমীতে ব্রত গ্রহণ করিয়া প্রতিবর্ষে ঐ দিনে যথাবিধি ব্রত করিবে। চতুর্থীর দিন সংযম করিয়া তৎপরদিন ব্রতাচরণ পূর্ব্বক শাক ভোজন করিতে হয়। প্রথমে স্বস্তিবাচন করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য ভাদ্রে মাসি শুক্লে পক্ষে পঞ্চম্যান্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী রজস্বলা-স্পর্শনদোষোপশমনকামা সপ্তবর্ষপর্য্যন্তং প্রতিবর্ষীয়-ভাদ্র-শুক্লপঞ্চম্যাং গণেশাদি-নানাদেবতাসহিত-সপ্তর্ষি-পূজাপূর্ব্বকং ভবিষ্যপুরাণোক্তকথাশ্রবণরূপঋষিপঞ্চমীব্রতমহং করিষ্যে ॥

পরে সঙ্কল্পের সূক্তাদি পাঠ, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, ( ১৫২-১৬৩ পৃঃ ) অঙ্গন্যাস-করন্যাসাদি করিয়া, গণেশ, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল ইত্যাদি দেবতাগণের অর্চ্চনান্তে সপ্তর্ষিগণের অর্চ্চনা করিবে। সপ্ত ঋষি যথা—কশ্যপায়, অত্রয়ে, ভরদ্বাজায়, বিশ্বামিত্রায়, গৌতমায়, জমদগ্নয়ে, বশিষ্ঠায়। সাধ্যমত উপচারে অর্চ্চনা করিয়া, বিষ্ণু ও লক্ষ্মীদেবীকে অর্চ্চনা করিবে। পরে ভোজ্য উৎসর্গ করিয়া কথা শ্রবণ এবং দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

ব্রত-কথা।—শ্রীকৃষ্ণ উবাচ। শৃণু রাজন্ প্রবক্ষ্যামি পঞ্চমীং ঋষিসংজ্ঞিকাম্। কথয়িষ্যামি যাং কৃত্বা নারী পাপাৎ প্রমুচ্যতে ॥ যুধিষ্ঠির উবাচ। কীদৃশী পঞ্চমী কৃষ্ণ কথং বৈ ঋষিসংজ্ঞিকা। পাতকান্মুচ্যতে কস্মান্নারী যদুকুলোদ্ভব ॥ পাপানি চ বহূন্যত্র বিদ্যন্তে কিল কেশব। কৃপয়া ঋষিপঞ্চম্যাং কস্মাৎ পাপাৎ প্রমুচ্যতে ॥ শ্রীকৃষ্ণ উবাচ। অজ্ঞানাজ্‌জ্ঞানতো বাপি যা স্ত্রী

তুরাদ্রজস্বলা। উপস্পৃশতি ভাণ্ডানি গৃহকর্ম্মাণি সংস্থিতা ॥ প্রাপ্নোতি সা মহৎ পাপং মৃতে চ নরকং ব্রজেৎ ॥ শৃণু তৎকারণং যস্মাৎ বর্জ্জ্যা নারী রজস্বলা। প্রোৎসার্য্যা দূরতঃ সাপি চাতুর্ব্বর্ণ্যেন ভারত ॥ ব্রহ্মঘাতী পুরা শক্রো বৃত্রং হত্বা মহাসুরম্। তথা বৈ রাজশার্দ্দূল ব্রীড়িতো বৃত্রহত্যয়া ॥ ব্রহ্মাণং সমুপাগচ্ছদাত্মনঃ শুদ্ধিকারণাৎ। শুদ্ধিঞ্চ প্রার্থয়ামাস তদা শক্রঃ পিতামহাৎ ॥ ততো দেবৈঃ সহ ব্রহ্মা ক্ষণং ধ্যাত্বা চকার বৈ। শুদ্ধিং শক্রস্য রাজেন্দ্র প্রহৃষ্টেণান্তরাত্মনা ॥ বিভজ্য ব্রহ্মহত্যাঞ্চ চতুর্দ্ধা চ চতুর্ম্মুখঃ। প্রক্ষিপ্য চ মহারাজ চতুঃস্থানেষু বৈ তদা ॥ বহ্নৌ তু প্রথমা জ্বালা নদীষু পর্ব্বতেষু চ। তথা রাজন্ শিলামৃৎসু ঊষরে চৈব পার্থিব ॥ ততো রজস্বলা নারী প্রোৎসার্য্যা চ প্রযত্নতঃ। ব্রহ্মণঃ শাসনাৎ পার্থ চাতুর্ব্বর্ণ্যৈশ্চ ভারত ॥ প্রথমেঽহনি চাণ্ডালী দ্বিতীয়ে ব্রহ্মঘাতিনী। তৃতীয়ে রজকী প্রোক্তা চতুর্থেঽহনি শুধ্যতি ॥ অজ্ঞানাজ্‌জ্ঞানতো পাপি জাতং সংসর্গপাতকম্। তস্য পাপস্য নাশার্থং কার্য্যেয়ং ঋষিপঞ্চমী ॥ সর্ব্বপাপপ্রশমনী সর্ব্বোপদ্রবনাশিনী। ব্রহ্মক্ষত্রিয়বিট্‌স্ত্রীভির্ব্রতং কার্য্যং প্রযত্নতঃ ॥

শ্রীকৃষ্ণ উবাচ। তথান্যদপি রাজেন্দ্র প্রবক্ষ্যামি কথান্তরম্ ॥ পুরা কৃতযুগে রাজা বিদর্ভায়াং বভূব হ। সেনজিন্নাম রাজর্ষিশ্চাতুর্ব্বর্ণ্যস্য পালকঃ। তস্য দেশে বসেদ্বিপ্রো বেদবেদাঙ্গপারগঃ। সুমিত্রো নাম রাজেন্দ্র সর্ব্বভূতহিতে রতঃ। ঋষিবৃত্তঃ সদা স্বীয়কুটম্বং পালয়েদসৌ ॥ তস্য ভার্য্যা চ সাধ্বী চ পতিবাক্য পরায়ণা। জয়শ্রীর্নামতঃ খ্যাতা বহুভৃত্যসুহৃজ্জনা। সুচরিত্রাখিলা ভৃত্যান্ সর্ব্ববর্ণানপোষয়ৎ ॥ জয়শ্রীরপি রাজেন্দ্র প্রাবৃট্‌কালে সুমধ্যমা। ক্ষেত্রাদিনিরতাতীব ব্যাকুলীকৃতমানসা ॥ একদা চাত্মনঃ প্রাপ্তং মৃত্যুকালং ব্যলোকয়ৎ। রজস্বলাপি সা রাজন্ গৃহকর্ম্ম চকার হ। ভাণ্ডাদীন্ স্পৃশতে পার্থ ঋতুপ্রাপ্তে তু ভামিনী ॥ কালেন বহুনা পার্থ পঞ্চত্বং সমুপাগতা। তদ্ভর্ত্তা চৈব বিপ্রোঽসৌ কালধর্ম্মমুপেয়িবান্ ॥ এবং তৌ দম্পতী রাজন্ স্বকর্ম্মবশগৌ তথা। ভার্য্যা তু তস্য বিপ্রস্য ঋতুসম্পর্কদোষতঃ ॥ শুনীযোনিমনুপ্রাপ্তা সুমিত্রোঽপি নরেশ্বর। তস্যাঃ সম্পর্কদোষেণ বলীবর্দ্দো বভূব হ ॥ সুমিত্রস্য সুতোঽপ্যাসীদ্‌গুরুশুশ্রূষণে রতঃ। সুমতির্নাম ধর্ম্মাত্মা দেবতা তিথিপূজকঃ ॥ তস্য তৌ পিতরৌ পার্থ ঋতুসম্পর্কদোষতঃ। তির্য্যগ্‌যোনিমনুপ্রাপ্তৌ কিঞ্চিৎপুণ্যপ্রভাবতঃ। উভৌ জাতিস্মরৌ রাজন্ বভূবতুররিন্দম ॥ সুতস্যৈব গৃহে মাতা জয়শ্রীঃ শুনকী তদা। আসীদ্রাজংস্তদা নিত্যং স্মরন্তী পূর্ব্বপাতকম্ ॥ স সুমিত্রো পিতা তস্য সুমতেস্তু নরেশ্বর। নিত্যং লাঙ্গলকর্ষী চ বলীবর্দ্দো বভূব হ ॥

ক্ষয়েঽহনি চ সংপ্রাপ্তে সুমতিঃ সুব্রতঃ শুচিঃ। ভার্য্যাং চন্দ্রাবতীনাম্নীমুবাচ শ্রদ্ধয়ান্বিতঃ॥ অদ্য শ্রাদ্ধদিনং পিত্রোঃ কর্ত্তব্যং চারুহাসিনি। ভোক্তব্যং ব্রাহ্মণৈর্ভীরু পাকশুদ্ধির্বিধীয়তাম্॥ তথা চ পাকশুদ্ধির্বৈ কৃতা স্বভর্তৃশাসনাৎ। যুক্তং পায়সভাণ্ডে চ সর্পেণ গরলং বিভো॥ দৃষ্ট্বা ব্রহ্মবধাদ্ভীতা শুনী ভাণ্ডং সমস্পৃশৎ॥ দ্বিজভার্য্যা চ তদ্দৃষ্ট্বা উল্মুকেন জঘান চ। পাকশুদ্ধিশ্চ রাজেন্দ্র ব্রাহ্মণী চ পুনঃ কৃতা॥ ততো ভুক্তেষু বিপ্রেষু আম্নাতেষু নরাধিপ। উচ্ছিষ্টং ন প্রদত্তং হি শুনীস্পর্শস্য দোষতঃ॥ চন্দ্রাবত্যা নিপুণয়া নিক্ষিপ্তং ধরণীতলে। দ্বারস্থিতা যা চ শুনী উপবাসস্তদা করোৎ॥ ততো নিশি প্রবৃত্তায়াং সা শুনী ক্ষুত্তৃষান্বিতা। বলীবর্দ্দমুপাগত্য ভর্ত্তারমিদমব্রবীৎ॥ বুভুক্ষিতাস্মি নাথাহং ন দত্তং ভোজনং মম। উচ্ছিষ্টং পূরিতং দ্বারি ক্ষুধা মাং পীড়্যতে ধ্রুবম্॥ ততঃ প্রাহ স চানড়ান্ ভদ্রে পাপং ত্বয়া কৃতম্। কিং করোমি ন শক্নোমি ভারবাহিত্বমাগতঃ॥ শ্রীকৃষ্ণ উবাচ। তয়োঃ সংবদতোরেবং মাতাপিত্রোর্নরাধিপ। শুশ্রাব সুমতির্বাক্যং শুনাশ্চ নিশি ভাষিতম্॥ ততো রজন্যাং তৎকালে তেন দত্তং সুভোজনম্। স্বমাতরং বিদিত্বা তু দত্তবান্ সুমতিস্তদা॥ ততোঽসৌ দুঃখিতঃ পুত্রো জ্ঞাত্বাবস্থাং তদা তয়োঃ। মাতাপিত্রোস্তু রাজেন্দ্র ততোঽসৌ প্রস্থিতো বনম্। জ্ঞাতুমিচ্ছন্ পূর্ব্বকৃতং মাতাপিত্রোশ্চ ভারত॥ তত্র গত্বা জ্ঞানবৃদ্ধানৃষীন্ পরমধার্ম্মিকান্। প্রণিপত্যাব্রবীদ্বাক্যং হিতঞ্চৈব তদা তয়োঃ॥ সুমতিরুবাচ। কেন কর্ম্মবিপাকেন পিতরৌ মে তপোধনাঃ। ইমামবস্থাং সংপ্রাপ্তৌ মোক্ষ্যেতে চ ততঃ কথম্॥ ঋষয় উচুঃ। তব মাতা পুরা বিপ্র স্বগৃহে বালভাবতঃ। ঋতুপ্রাপ্তং বিদিত্বা তু সম্পর্কমকরোত্তদা॥ তেন কর্ম্মবিপাকেন শুনীযোনিমুপাগতা। পিতা সম্পর্কদোষেণ বলীবর্দ্দো বভূব হ॥ ত্বং তয়োর্মুক্তিকামার্থং কুরুষ ঋষিপঞ্চমীম্। ভার্য্যয়া সহ বিপেন্দ্র ঋষীন্ সংপূজ্য যত্নতঃ॥ এবং ব্রতে কৃতে বিপ্র ঋষিপঞ্চমীসংজ্ঞিতে। মোক্ষ্যেতে পিতরৌ পাপাৎ পূর্ব্বজন্মসমুদ্ভবাৎ॥ সুমতিরুবাচ। কেনোপায়েন কর্ত্তব্যং কিং দানং কস্য পূজনম্॥ ঋষয় উচুঃ। নদ্যাদৌ চ সুসংস্নাতা ঋষীন্ সংপূজয়েদ্ধ্রুবম্॥ তাম্রপাত্রেষু সংস্থাপ্য শুভ্রবস্ত্রসমন্বিতান্। ষোড়শৈরুপচারৈশ্চ ঋষীন্ সংপূজ্য যত্নতঃ॥ শাকাহারশ্চ কর্ত্তব্যো নীবারৈঃ শ্যামাকৈস্তথা॥ প্রাপ্তে ভাদ্রপদে মাসি শুক্লপক্ষে তু পঞ্চমী। ঋতুসম্পর্কদোষাত্তু মুচ্যতে নাত্র সংশয়ঃ॥ শ্রীকৃষ্ণ উবাচ। এতচ্ছ্রুত্বা চ সুমতিঃ পুনরপ্যাহ তানৃষীন্। কেন চাদৌ পুরা চীর্ণং ব্রতমেতন্মুনীশ্বরাঃ॥ প্রাপ্তঞ্চ কালমেতস্য ব্রতস্যাস্য সুভক্তিতঃ। বিধানং

কীদৃশশ্চাস্য তৎ সর্ব্বং ব্রূহি সত্তম॥ ঋষয় উচুঃ। শৃণু বিপ্র যথার্থং ত্বং পুরাবৃত্ত-কথান্তরম্। শ্বেতাশ্বস্য চ সংবাদং ব্রহ্মণা সহ সুব্রত॥ শ্বেতাশ্ব উবাচ। শ্রুতানি দেবদেবেশ ব্রতানি বিবিধানি চ। সাম্প্রতং মে সমাচক্ষ্ব সর্ব্বপাপপ্রণাশনম্॥ ব্রহ্মোবাচ। শৃণু রাজন্ প্রবক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমম্। ঋষিপঞ্চমীতি খ্যাতা সর্ব্বপাপপ্রণাশিনী॥ যেন চীর্ণেন রাজেন্দ্র নরকং নৈব পশ্যতি। অত্রৈবোদাহ-রন্তীমমিতিহাসং পুরাতনম্॥ বৈদেহোঽভূদ্দ্বিজশ্রেষ্ঠ উতঙ্কো নাম নামতঃ। তস্য ভার্য্যা সুশীলাপি পতিব্রতপরায়ণা॥ তস্যাঃ স্বাপত্যযুক্তায়াঃ পুত্রোঽপি শ্রুত-ভূষণঃ। অধীতবান্ সাঙ্গবেদান্ ধর্ম্মশাস্ত্রাণি সর্ব্বশঃ॥ সমানে চ কুলে তেন সুতা চাপি বিবাহিতা॥ বিবাহিতৈব সা দেবী বৈধব্যং প্রাপ্য সত্বরম্। সতীত্বং পালয়ন্তী সা হ্যাস্তে নিজপিতুর্গৃহে॥ তস্মিন্ দুঃখে চ সংপ্রাপ্তে পুত্রং সংস্থাপ্য বেশ্মনি। গঙ্গাতীরে বনং প্রাপ্য তত্র তস্থৌ তয়া সহ॥ স তত্রাধ্যাপয়ামাস শিষ্যান্ বেদান্ দ্বিজোত্তম। সুতা চ কুরুতে তত্র পিতৃশুশ্রূষণং পরম্॥ পিতৃ-শুশ্রূষণং কৃত্বা পরিশ্রান্তা কদাচন। নিশীথে কিল সংসুপ্তা কৃমিরাশিরজায়ত॥ তথাবিধান্তু তাং দৃষ্ট্বা বিবস্ত্রাং প্রস্তরে স্থিতাম্। শিষ্যা নিবেদয়ামাসুস্তন্মাত্রে করুণান্বিতাঃ॥ ন জানীমো বয়ং কিঞ্চিদ্দেবী সাধ্বী তথাবিধা। কৃমিরাশিময়ী জাতা মাত্রা চ প্রতিদৃশ্যতে॥ তদ্বজ্রপাতসদৃশং শ্রুত্বা শিষ্যৈরুদীরিতম্। সম্ভ্রান্ত-মনসা শীঘ্রং তৎসমীপমুপাগতা। সতীং তথাবিধাং দৃষ্ট্বা বিললাপ সুদুঃখিতা। মূর্চ্ছিতা তাপমাসাদ্য সুতাং প্রাপ্য চ মায়য়া॥ ক্ষণেন প্রাপ্তচৈতন্যা তামুত্থাপ্য সুমৃজ্য চ। তামালিঙ্গ্য চ বাহুভ্যাং নিন্যে তাং পিতুরন্তিকম্॥ স্বামিনমবদৎ সাধ্বী কেন দুষ্টেন কর্ম্মণা। নিশীথে সংপ্রসুপ্তেয়ং জায়তে কৃমিসঙ্কুলা॥ এতচ্ছ্রুত্বা ততো বাক্যং মুনির্ধ্যানপরায়ণঃ। জ্ঞাত্বা নিবেদয়ামাস তস্যাঃ প্রাগ্জন্মচেষ্টি-তম্॥ ঋষিরুবাচ। প্রাগিয়ং সপ্তমেঽতীতে জন্মনি ব্রাহ্মণী হ্যভূৎ। নোৎসসার চ ভাণ্ডেভ্যঃ সঞ্জাতাপি রজস্বলা॥ তস্যাস্তৎপাপভাবেন জায়তে কৃমিবদ্বপুঃ। রজস্বলাপি পাপেন যুক্তা ভবতি চানঘে॥ তথানয়া সতীসঙ্গাদ্ব্রতং দৃষ্ট্বা সমাপিতুম্। দৃষ্টা ব্রতপ্রভাবেণ জাতা দ্বিজকুলে মম॥ অবমানাচ্চ তস্যাশ্চ কৃমিরাশিত্বমাগতা॥ এতত্তে কথিতং সর্ব্বং কারণং কন্যকাকৃতম্॥ সুশীলোবাচ। দর্শনেনাপি যস্যাস্তু বিপ্রাণাং ধার্ম্মিকে কুলে। জন্ম যুষ্মদ্বিধানাঞ্চ জায়তে ব্রহ্মবর্চ্চসম্॥ অবজ্ঞয়া প্রজায়ন্তে বিগ্রহে কৃমিরাশয়ঃ॥ ঋষিরুবাচ। সুশীলে শৃণু তৎসম্যগ্ব্রতানাং ব্রতমুত্তমম্। যেন চীর্ণেন সহসা তস্মাৎ পাপাৎ প্রমুচ্যতে॥ সুশীলোবাচ। মহাশ্চর্য্যকরং নাম তদ্ব্রতং কথয়স্ব মে

ঋষিরুবাচ। দুঃখত্রয়াবধাতশ্চ জায়তে নাত্র সংশয়ঃ। কুলানি চ বিবর্দ্ধন্তে সম্পদশ্চ নিরাপদঃ॥ নভস্তে শুক্লপক্ষে তু যদা ভবতি পঞ্চমী। নদ্যাদিষু তদা স্নানং কৃত্বা নিয়তমানসা। বিধায় নিত্যকর্ম্মাণি ঋষীন্ স্মৃত্বা প্রপূজয়েৎ॥ স্নাপয়েদ্বিধিবদ্ভক্ত্যা পঞ্চামৃতরসৈঃ শুভৈঃ। সমাধায় শুভৈর্বস্ত্রৈঃ সোপবীতৈর্যথাবিধি॥ চন্দনাগুরুকর্পূরৈর্বিলিপ্য চ সুগন্ধিভিঃ। পূজয়েদ্বিবিধৈঃ পুষ্পৈর্গন্ধধূপাদিদীপকৈঃ। ততো নিবেদয়েদন্নমর্ঘ্যং দত্ত্বা শুভৈঃ ফলৈঃ॥ কশ্যপোঽত্রির্ভরদ্বাজো বিশ্বামিত্রোঽথ গৌতমঃ। জমদগ্নির্বশিষ্ঠশ্চ সপ্তৈতে ঋষয়ঃ স্মৃতাঃ॥ ময়া সম্পাদিতং ভক্ত্যা গৃহ্নন্ত্বর্ঘ্যন্তু সপ্ত বৈ॥ ব্রাহ্মণান্ পূজয়েৎ সম্যগ্-বস্ত্রালঙ্করণাদিভিঃ। দদ্যাৎ সংপূজ্য গাং তেভ্যঃ পর্য্যঙ্কং গুরবে বুধঃ॥ পরিধাপ্য সপত্নীকমাচার্য্যং তং স্বশক্তিতঃ॥ কৃত্বা পূর্ব্বঋষীন্ সপ্ত সৌবর্ণান্ রাজতাংস্তথা। পলমাত্রান্ মাষমাত্রপ্রমাণাংস্তান্ স্বশক্তিতঃ॥ ভর্ত্তৃতঃ প্রাপ্য চানুজ্ঞামন্যথা দোষভাগ্ভবেৎ। বিধবা তু প্রকুর্ব্বীত দোষনাশায় চাত্মনঃ॥ শ্রোতব্যমিদমাখ্যানং শাকাহারং প্রকল্পয়েৎ। স্থাতব্যং ব্রহ্মচর্য্যেণ হৃদি ধ্যানপরায়ণঃ॥ অনেন বিধিনা সম্যক্ সপ্ত বর্ষাণি চাচরেৎ॥ ব্রতাদৌ ব্রতমধ্যে বা ব্রতান্তেষু চ ভামিনি। উদ্-যাপনঞ্চ কর্ত্তব্যং শ্রূয়তাং কথয়ামি তে॥ উদ্যাপনং বিনা নৈব সম্পূর্ণঞ্চ ভবেৎ ফলম্। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন কুর্য্যাদুদ্যাপনং শুভম্॥ মাসি ভাদ্রপদে শুক্লচতুর্থ্যা-মেকভক্ষণম্। উপোষণঞ্চ পঞ্চম্যাং বিধিবৎ কর্ত্তুমর্হসি॥ গৃহীত্বা নিয়মং সর্ব্বং দন্তধাবনপূর্ব্বকম্। ঋষয়শ্চ প্রকর্ত্তব্যাঃ সৌবর্ণা রাজতাস্তথা॥ মণ্ডলং সর্ব্বতোভদ্রং দেবতাপূজনং তথা॥ অব্রণং স্থাপয়েৎ কুম্ভং নূতনং সুমনোহরম্। বস্ত্র-যুগ্মেন সংচ্ছন্নং গন্ধাদ্যৈস্তং প্রপূজয়েৎ॥ কঙ্গুশ্যামাকমাষাশ্চ ব্রীহিগোধূমমুদ্গকাঃ। যবাশ্চৈব প্রদাতব্যা ব্রতকর্ম্মণি শোভনাঃ॥ সপ্তধান্যং তিলৈঃ সার্দ্ধং ব্রাহ্মণেভ্যঃ প্রদাপয়েৎ। পায়সাজ্যতিলৈর্যুক্তং শতপত্রৈঃ সমন্বিতম্। সহস্তোমেতি মন্ত্রেণ হোমং কুর্য্যাৎ প্রযত্নতঃ॥ অষ্টোত্তরশতং হুত্বা গাং দদ্যাচ্চ দ্বিজাতয়ে। আচার্য্যব্রহ্মঋত্বিগভ্যো বস্ত্রালঙ্কারদক্ষিণাঃ॥ অঙ্গুরীয়ঞ্চ রাজেন্দ্র বিত্তশাঠ্যং ন কারয়েৎ। অত্র যজ্জায়তে পুণ্যং তচ্ছৃণুষ সমাহিতঃ॥ সর্ব্বতীর্থেষু যৎ পুণ্যং সর্ব্বতীর্থেষু যৎ ফলম্। সর্ব্বদানেষু যো ধর্ম্মস্তদস্য ব্রতকারণাৎ। কুরুতে যা ব্রতং নারী সা সম্যক্ সুখমাপ্নুয়াৎ॥ রূপলাবণ্যসংযুক্তা পুত্রপৌত্রাদিসংযুতা। ব্রতস্যাস্য প্রভাবেণ জাতিং স্মরতি পূর্ব্বিকাম্॥ ইতি শ্রুত্বা ব্রতং চক্রে কল্পকায়ৈ ফলং দদৌ। তৎফলস্য চ সামর্থ্যাৎ তৎক্ষণাৎ স্বর্গমাপ সা॥ এবং কৃতে ব্রতে বিপ্র ঋষিপঞ্চমীসংজ্ঞিতে। মোক্ষ্যেতে পিতরৌ পাপাৎ পূর্ব্বজন্মসমর্জ্জিতাৎ॥ ব্রতস্য

ঋষিপঞ্চম্যাঃ পুণ্যেন দ্বিজসত্তম। ঋতুসম্পর্কজং পাপং ক্ষয়ং যাতি ন সংশয়ঃ॥ ইতি শ্রুত্বা তু সুমতিস্তৎসর্ব্বং ঋষিভাষিতম্। গৃহং গত্বা ব্রতঞ্চক্রে সভার্য্যঃ শ্রদ্ধয়ান্বিতঃ॥ কৃত্বা সর্ব্বং যথোক্তঞ্চ মাতাপিত্রোঃ ফলং দদৌ॥ ব্রতপুণ্যপ্রভাবেণ পিতরৌ তৌ কুযোনিতঃ। মুক্তৌ ভূপতিশার্দ্দূল বিমানবরমাস্থিতৌ॥ দিব্যাম্বরধরৌ ভূত্বা গচ্ছন্তৌ ব্রহ্মণঃ পদম্। স্তূয়মানৈঃ সুরগণৈর্ব্রতস্যাস্য প্রভাবতঃ॥ এতত্তে কথিতং রাজন্ ব্রতানাং ব্রতমুত্তমম্॥ ত্বমপ্যেতদ্ব্রতং কৃত্বা সানুজঃ সঙ্গরে রিপূন্। জিত্বা দুর্য্যোধনাদীংশ্চ রাজ্যং প্রাপ্স্যসি নিশ্চিতম্॥ দ্রৌপদ্যা সহ ধর্ম্মাত্মন্ সুখী ভব মহামতে॥ যে পঠন্তীদমাখ্যানং শৃণ্বন্তি শ্রদ্ধয়ান্বিতাঃ। কীর্ত্তয়ন্তি চ যে নিত্যং তে মুক্তা নাত্র সংশয়ঃ॥

ইতি ভবিষ্যোত্তরে শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসংবাদে ঋষিপঞ্চমীব্রতম্॥

---

## কুক্কুটী-ব্রত।

ভাদ্রমাসের শুক্লপক্ষীয় সপ্তমী তিথিতে এই ব্রত কর্ত্তব্য। ইহাকে ললিতা-সপ্তমী ব্রতও কহে। এই ব্রতে মণ্ডল-মধ্যে শিবদুর্গা-প্রতিমা অঙ্কন পূর্ব্বক পূজা করিলে জন্মান্তরে পৃথিবীতে কিছুই দুর্লভ থাকে না। প্রমাণ যথা—

"ভাদ্রে মাসি সিতে পক্ষে সপ্তম্যাং নিয়মেন বা। স্নাত্বা শিবং লেখয়িত্বা মণ্ডলে তু সহাম্বিকম্। পূজয়েচ্চ তদা তস্যা দুষ্প্রাপ্যং নৈব বিদ্যতে॥"

আজীবন এই ব্রত এবং ডোর ধারণ করা বিধেয়। ইহাতে সপ্তফল আবশ্যক এবং পূর্ব্বদিন সংযম করিতে হয়। পূজার প্রণালী নিম্নে লিখিত হইল, যথা—

স্বস্তিবাচনাদি সমাপনান্তে সঙ্কল্প করিবে। বাক্য যথা—

অদ্যেত্যাদি—অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী অনবচ্ছিন্নসন্ততিধনধান্য-মহৈশ্বর্য্যপ্রাপ্তিপূর্ব্বকশিবলোকপ্রাপ্তিকামা (আরম্ভবর্ষ হইলে "অদ্যারভ্য") গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং শিব-দুর্গাপূজাতৎকথাশ্রবণরূপকুক্কুটীব্রত-মহং করিষ্যে॥

অনন্তর "দেবো বো" মন্ত্রাদি পাঠ, সামান্যার্ঘ্যস্থাপন, আসনশুদ্ধি, (১৫২ পৃঃ) গণেশাদি-দেবতার অর্চ্চনা, পঞ্চবর্ণের গুঁড়ি দ্বারা সর্ব্বতোভদ্রমণ্ডল বা অষ্ট-দলপদ্ম অঙ্কন এই সকল করিয়া সেই মণ্ডলে শিবদুর্গাপ্রতিমা রাখিয়া যথা-বিহিত উপচারে অর্চ্চনা করিবে। তৎপরে ভোজ্যোৎসর্গ ও ফলাদি দান পূর্ব্বক বামকরে অষ্টগুণ ও অষ্টগ্রন্থি-সমন্বিত ডোর ধারণ কর্ত্তব্য। ধারণমন্ত্র যথা—

ওঁ নমস্তে পার্ব্বতীনাথ নমস্তে শশিশেখর।
দক্ষযজ্ঞবিনাশায় নমস্তে কামনাশন॥

পরে কথা শুনিয়া দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

ব্রত-কথা।—যুধিষ্ঠিরং প্রতি শ্রীকৃষ্ণবাক্যম্। লোমশো নাম দেবর্ষির্মথুরা-মাগতঃ পুরা। সোঽর্চ্চিতো বসুদেবেন দেবক্যা চ যুধিষ্ঠির॥ উপবিষ্টঃ কথাঃ পুণ্যাঃ কথয়ামাস বৈ তদা। ততঃ কথয়িতুং ভূয়ঃ কথামেতাং প্রচক্রমে॥ লোমশ উবাচ। কংসেন নিহতাঃ পুত্রা জাতা জাতাঃ পুনঃ পুনঃ। মৃতবৎসা দেবকি ত্বং পুত্রদুঃখেন দুঃখিতা॥ যথা চন্দ্রমুখী দীনা বভূব নহুষপ্রিয়া। তথা ত্বং দেবকি ভদ্রে মৃতবৎসাতিদুঃখিতা॥ পশ্চাচ্চীর্ণব্রতা সা তু বভূবাক্ষয়বৎসিকা। ত্বমেব দেবকি তথা ভবিষ্যসি ন সংশয়ঃ॥ দেবক্যুবাচ। কা সা চন্দ্রমুখী দীনা বভূব নহুষপ্রিয়া। কথং চীর্ণং ব্রতং সম্যক্ তথা সন্ততিবর্দ্ধনম্॥ নহুষঃ কস্য দেশস্য রাজা বা কস্য চান্বয়ঃ। কথং মৃতসুতা সাধ্বী তন্মে নিগদ বিস্তরাৎ। এতৎ সর্ব্বং সমাচক্ষ্ব বাহুল্যেন মহামুনে॥ লোমশ উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি যথা দৃষ্টং ময়া পুরা। সংবাদং রাজপত্ন্যাশ্চ মালিকায়াশ্চ সুব্রতে। অযোধ্যায়াং পুরা রাজা নহুষো নাম বিশ্রুতঃ। তস্য রাজ্ঞী মহাদেবী নাম্না চন্দ্রমুখী প্রিয়া॥ পুরোহিতস্য তস্যৈব পত্নী নাম্না চ মালিকা। দৃঢ়া প্রীতিস্তয়োরাসীৎ স্পৃহণীয়া পরস্পরম্॥ অথ তে চাপি মিত্রিণ্যৌ স্নানার্থং সরযূ-তটে। রম্যে চৈব সরিত্তীরে নানাপক্ষিসমাকুলে॥ নানামুনিসমাকীর্ণে নানাপুষ্পবিরাজিতে। হংসকারণ্ডবাকীর্ণে দ্বিরেফমঞ্জুঘোষিতে॥ এতস্মিন্নেব কালে তু কামিন্যঃ সুরলোকতঃ। আগত্য স্নানমাচর্য্য মণ্ডলং চক্রুরুত্তমম॥ লেখয়িত্বা শিবং শান্তং পার্ব্বত্যা সহ শঙ্করম্। বৃহস্পতিং পুরোধায় ব্রতং কুর্ব্বন্তি যত্নতঃ॥ উর্ব্বশী-মেনকা-রম্ভা-চিত্রলেখা-তিলোত্তমাঃ। রক্তবাসঃপরীধানা নানালঙ্কারভূষিতাঃ॥ নানোপায়নপাণয়ো নানাপুষ্পসমন্বিতাঃ। একান্তভক্ত্যা বিধিবৎ পূজয়ন্ত্যো মুদান্বিতাঃ॥ পায়সৈঃ পিষ্টকৈশ্চৈব ধূপদীপৈর্মনোহরৈঃ। শঙ্খধ্বন্যা জয়ধ্বন্যা স্ত্রীণামুলু-উলুধ্বনৈঃ॥ করে বৈ ডোরকং বদ্ধা শৃণ্বন্তি তাং কথাং শুভাম্॥ এতস্মিন্নেব কালে তু মালিকানৃপবল্লভে। সর্ব্বং দদৃশতুর্দূরাদদৃষ্টা গন্তুং মনো দধে॥ তত্র গত্বা সবিনয়মপৃচ্ছৎ শ্লক্ষ্ণয়া গিরা॥ মিত্রিণ্যাবূচতুঃ। ব্রতং যুষ্মাভি-রেকত্র কিমেতৎ ক্রিয়তে ব্রতম্। কথয়ধ্বং মহাভাগাঃ কিমিদং কস্য চার্চ্চনম্॥ কিং ফলং বাস্য করণে কো দেবঃ পূজ্যতেঽত্র বৈ। এতৎ সর্ব্বং বিস্তরেণ বিধানং চাস্য কীদৃশম্॥ তং সর্ব্বং শ্রোতুমিচ্ছাবো বদধ্বং কৃপয়ান্বিতাঃ॥ স্ত্রিয়

উচুঃ। শৃণ্বেতৎ কথয়ামোঽস্য যৎ পৃচ্ছসি শুচিস্মিতে। পূজিতোঽস্মাভিরেতস্মিন্ পার্ব্বত্যা সহ শঙ্করঃ॥ ভাদ্রে মাসি সিতে পক্ষে সপ্তম্যাং ললিতালয়ে। ফলৈঃ পুষ্পোপহারৈশ্চ ধূপদীপৈর্মনোহরৈঃ॥ ফলানি চাষ্টৌ দেয়ানি করে বদ্ধা সুডোরকম্। অষ্টগ্রন্থিসমাযুক্তং তথা চাষ্টগুণান্বিতম্॥ ধারণীয়মিদং তাবদ্যাবৎ প্রাণস্য ধারণম্॥ বদ্ধা সূত্রমিদং শুভ্রং শিবস্যাত্মনিবেদিতম্॥ পুত্রদং ধনদঞ্চৈব সৌভাগ্যারোগ্যবর্দ্ধনম্। বর্ষে বর্ষে প্রকর্ত্তব্যং যত্নেন কুক্কুটীব্রতম্। অষ্টবর্ষে তু সম্প্রাপ্তে প্রতিষ্ঠামাচরেৎ তদা॥ শঙ্করং উময়া· সার্দ্ধং সৌবর্ণং রাজতন্তথা। তাম্রপাত্রে প্রতিষ্ঠাপ্য ব্রাহ্মণায় প্রদাপয়েৎ॥ ভোজ্যানি চাষ্টৌ দেয়ানি ডল্লকস্য চতুষ্টয়ম্। পায়সং পিষ্টকঞ্চৈব ভক্ষ্যান্ ভোজ্যান্ মনোরমান্॥ সকুল্যান্ ভোজয়িত্বা তু স্বয়ং ভুঞ্জীত তৎপরা॥ এবমেব বিধানেন যা করোতি ব্রতোত্তমম্। তস্যাঃ সন্ততিবিচ্ছেদো ন কদাচিদ্ভবিষ্যতি॥ তাসাং তদ্বচনং শ্রুত্বা মিত্রিণ্যৌ তে চ ভারত। চক্রতুশ্চ ব্রতং তত্র বদ্ধা দোর্ভ্যাং সুডোরকম্। মিত্রিণ্যৌ তে তু স্বগৃহং জগ্মতুস্ত্বরয়ান্বিতে॥ ততস্তাঃ স্বগৃহং জগ্মুঃ সখীভিঃ পরিবারিতাঃ। কালেন মহতা দৈবাৎ বিস্মৃতং তদ্ব্রতং নৃপ। প্রমত্তয়া চন্দ্রমুখ্যা বিস্মৃতঞ্চ সুডোরকম্॥ তদ্ব্রতং বহুযত্নেন কৃতং মালিকয়া মুদা। সুপ্রজাঃ সুস্থিরা ভূতা ব্রতস্যাস্য প্রসাদতঃ॥ ততঃ কতিপয়ে কালে মৃতা চন্দ্রমুখী যদা। তস্যাঃ স্নেহাদহোরাত্রে মৃতা মালা দ্বিজপ্রিয়া॥ অরণ্যে নির্জ্জনে দেশে সা বভূব প্লবঙ্গমী॥ কুক্কুটী মালিকা জাতা সা সম্যগ্ব্রতপালনাৎ। ব্রতস্যাস্য প্রভাবেণ কুক্কুটী বহুপুত্রিণী॥ জাতিস্মরা চ তত্রৈব স্পৃহণীয়া পরস্পরম্। তয়োরাসীদ্দৃঢ়া প্রীতির্ব্ববৃধে নির্জ্জনেঽপি চ॥ পুনশ্চ তদ্দিনং প্রাপ্য অহোরাত্রেণ তে মৃতে। তথৈব তে চ মিত্রিণ্যৌ জাতে জাতিস্মরে তথা। সম্ভূয় ভূয়ঃ সময়ে প্রাগ্ব্রতমকরোৎ পুনঃ॥ তদ্দিনে তদ্দিনে প্রাপ্তে পুনঃ কালে চ তে মৃতে। তে দেবমাতৃকে দেশে জাতে গোকুলসংজ্ঞকে॥ রাজ্ঞো জায়া বভূবাথ পৃথ্বীনাথস্য সা পুনঃ। ঈশ্বরী নাম বিখ্যাতা সা তু রাজ্ঞোঽতিবল্লভা॥ অগ্নিমীড়দ্বিজস্যাসীৎ ভার্য্যা ভূষণনামিকা। পুরোহিতস্য কালেন কুক্কুটী বহুপুত্রিণী॥ জাতিস্মরা বহুপুত্রা তথৈবামৃতপুত্রিকা। পুনর্নিরন্তরা প্রীতিঃ স্পৃহণীয়া পরস্পরম্। তত্রেশ্বরী পুত্রমেকং সুষুবে চিররোগিণম্। নববর্ষে তু পঞ্চত্বমগমৎ স যুধিষ্ঠির। অথ তাং ভূষণা দ্রষ্টুমগমৎ পুত্রদুঃখিতাম্। সখীভাবাদতিস্নেহাৎ সর্ব্বপুত্রসমন্বিতা॥ অযুক্তাভরণা নিত্যং স্বভাবেনৈব ভূষিতা। তাং দৃষ্ট্বা পুত্রিণীং ভব্যাং প্রজজ্বাল কবেশ্বরী॥ ততো গৃহং প্রেষয়িত্বা সুসখীং তীব্রমৎসরা। চিন্তয়ামাস সা রাজ্ঞী

তস্যাঃ পুত্রবধং প্রতি ॥ বিষলড্ডুকস্থা রাজ্ঞী তস্যাঃ পুত্রং ব্যনাশয়ৎ। সখ্যা সহ মুদা যুক্তা নিন্যে কালং কথঞ্চন ॥ তৎকালং ভূষণা স্থিত্বা স্বগৃহং গন্তুমুদ্যতা। হৃতা হতাশ্চ তে পুত্রাঃ পুনর্জীবন্ত্যনাময়াঃ ॥ তন্নামগ্রহণং কৃত্বা পুত্রানাহূয় সর্বশঃ। জীবয়িত্বা সুতান্ সর্বান্ স্বগৃহং সা গতা তদা ॥ দৃষ্টা তু বিস্মিতা রাজ্ঞী সখীমাহূয় চৈকদা। ততঃ সা পৃচ্ছতে রাজ্ঞী ভূষণামগ্রতঃ স্থিতাম্ ॥ ঈশ্বর্যুবাচ। কিং ত্বং জানাসি চার্বঙ্গি কিং কৃতং বা ত্বয়ানঘে। কেন বা হ্যধিকা দেবি কর্ম্মণা শোভসে ভুবি ॥ কেন মন্ত্রপ্রদানেন পুত্রান্ জীবয়সে হতান্। মমাপরাধং সংক্ষম্য সাধু মাং বদ সুব্রতে ॥ যেন তে নিহতাঃ পুত্রাঃ পুনর্জীবন্ত্যনাময়াঃ ॥ বহুপুত্রা জীববৎসা অযুক্তাভরণা কথম্। শোভসে হ্যধিকং ভদ্রে বিদ্যুৎসৌদামিনী যথা ॥ ভূষণোবাচ। ভাদ্রে মাসি সিতে পক্ষে সপ্তম্যাং ললিতালয়ে। স্নাত্বা শিবং লেখয়িত্বা মণ্ডলে চ সহাম্বিকম্ ॥ ভক্ত্যা বিধিবৎ সংপূজ্য করে বদ্ধা সুডোরকম্। যাবজ্জীবং ময়া ধার্য্যং শিবস্যাত্মনিবেদিতম্ ॥ ইত্যেবং সময়ং কৃত্বা ততঃ প্রভৃতি ডোরকম্। স্বর্ণরৌপ্যময়ং বাপি করেণাপি চ ধারয়ে ॥ পৃষ্টা তু ভূষণা সাধ্বী প্রাগ্‌বৃত্তান্তং যথাতথম্। কথয়ামাস কৃপয়া প্রাগ্‌জন্মনি কৃতঞ্চ যৎ ॥ জন্মত্রয়ং ত্বয়া সার্দ্ধং কৃতং বৈ কুক্কুটীব্রতম্। তেনাহং সুস্থিরা নিত্যং জীববৎসা সদা সখি ॥ শিবদুর্গাপ্রসাদেন নাসুখং বিদ্যতে মম ॥ এতদ্‌ব্রতং ময়া পূর্বং ত্বয়া সহ কৃতঞ্চ যৎ। তেনাহং সর্বদোষেণ রহিতা সুস্থিরা সদা ॥ স্বর্ণালঙ্কারগর্বেণ বিস্মৃতং ন কৃতং ত্বয়া ॥ প্রমত্তয়া দর্পশরীরয়া ত্বয়া, ন চার্চ্চনং তদ্‌ব্রতধারণঞ্চ। ততঃ প্রিয়ে শোকবিষাদসাগরে, নিমগ্নচিত্তা সততং দুনোষি ॥ শঙ্করং দুর্গয়া সার্দ্ধং সৌবর্ণং রাজতং তথা। তাম্রপাত্রে প্রতিষ্ঠাপ্য ব্রাহ্মণায়োপপাদয়েৎ ॥ পায়সং পিষ্টকঞ্চৈব ভক্ষ্যং ভোজ্যং প্রযত্নতঃ। সকুল্যান্ ভোজয়িত্বা তু স্বয়ং ভুঞ্জীত তৎপরা ॥ মণ্ডলং সোমসবিতুঃ শিবশক্তিসমন্বিতম্। সম্পূজ্য সখি দুষ্প্রাপ্যং ত্রৈলোক্যেঽপি ন বিদ্যতে ॥ তদেবং হি ব্রতং পূর্বং ত্বয়া সহ ময়া কৃতম্। ত্বয়া চরিতং ভক্ত্যা তেনাহং সুস্থিরা সখি ॥ ন ত্বয়া চরিতং সম্যক্ দর্পোন্মত্তশরীরয়া। যেন সন্ততিনাশস্তে তেনাসি সখি দুঃখিতা ॥ ইতি শ্রুত্বা ততো রাজ্ঞী নিঃশ্বস্য চ পুনঃ পুনঃ। পতিতা পাদয়োস্তস্যাঃ কিং করোমীতিবাদিনী। তাং দৃষ্ট্বা দুঃখিতাং দেবী ভূষণা পুনরব্রবীৎ ॥ ভূষণোবাচ। এষ প্রভাবঃ কথিতো ব্রতস্যাস্য ময়া তব ॥ অর্দ্ধং তুভ্যং প্রদাস্যামি ব্রতধর্মস্য সুব্রতে। সখীভাবাৎ প্রতীচ্ছ ত্বং নাত্র কার্য্যা বিচারণা ॥ অথ সা প্রতিজগ্রাহ ব্রতদানফলং ততঃ। সম্পূজ্য

শঙ্করং ভক্ত্যা করে বদ্ধা সুডোরকম্। ইত্যেবং সমন্বং কৃত্বা ব্রতাথঞ্চ সুডোরকম্। স্বর্ণরৌপ্যমরং কৃত্বা করশাখাস্বধারয়ৎ॥ শঙ্করং দুর্গয়া সার্দ্ধং সৌবর্ণং রাজতং তথা। তাম্রপাত্রে প্রতিষ্ঠাপ্য ব্রাহ্মণায় প্রদাপয়েৎ॥ পায়সং পিষ্টকঞ্চৈব ভক্ষ্যভোজ্যসমন্বিতম্। সকুল্যায় ভোজয়িত্বা স্বয়ং ভুঞ্জীত যত্নতঃ॥ ইত্যুক্ত্বা তাং স্ত্রিয়ং প্রতি দানধর্ম্মফলং ততঃ। বভূব সপ্রজা সাধ্বী ঈশ্বরী ভুবনেশ্বরী॥ ব্রতস্য চ প্রভাবেণ সপুত্রা ত্বঞ্চ দেবকি। ভবিষ্যসি ত্রিলোকেশং পুত্রঞ্চ জনয়িষ্যসি॥ ইত্যেবং কথয়িত্বা তু বিররাম মুনিস্তদা। জগাম চ মুনিঃ পার্থ ময়াপ্যেবং তবোদিতম্॥ আচরিষ্যন্তি যা নার্য্যো ব্রতমেতদ্‌যুধিষ্ঠির। প্লবঙ্গমীকুক্কুট্যাখ্যং দেবক্যাশ্চরিতং শুভম্॥ তয়োঃ সন্ততিবিচ্ছেদো ন কদাচিদ্‌ভবিষ্যতি। স্ত্রিয় এবাচরিষ্যন্তি ব্রতমেতৎ শুভপ্রদম্॥ মর্ত্ত্যলোকে সুখং ভুক্ত্বা যাস্যন্তি শিবমন্দিরম্॥ যা কুক্কুটীব্রতমিদং প্লবগাহ্বমেতদ্দেবং চরাচরগুরুং হৃদয়ে নিধায়। ভক্ত্যা করোতি কলুষৌঘ-বিঘাতদক্ষং, সাধ্বী সদা ভবতি শোভনজীববৎসা॥

ইতি ভবিষ্যপুরাণোক্তকুক্কুটীব্রতকথা॥

## শ্রীকৃষ্ণজন্মাষ্টমী-ব্রত।

ভাদ্রমাসের কৃষ্ণা অষ্টমী তিথিতে এই ব্রত করণীয়। নিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচন ও 'সূর্য্যঃ সোম' ইত্যাদি পাঠান্তে সঙ্কল্প করিবে, বাক্য যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য ভাদ্রে মাসি কৃষ্ণে পক্ষে রোহিণীনক্ষত্রযুক্তাষ্টম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক-শ্রীবিষ্ণু-প্রীতিকামো গণেশাদি-নানাদেবতাপূজাপূর্ব্বক- শ্রীকৃষ্ণপূজোপবাস- ভবিষ্যপুরাণোক্ত- জন্মাষ্টমী-ব্রতকথা-শ্রবণমহং করিষ্যে। অথবা শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রতমহং করিষ্যে।

পরে সঙ্কল্পসূক্ত পাঠ করিয়া—"ওঁ ধর্ম্মায় ধর্ম্মেশ্বরায় ধর্ম্মপতয়ে ধর্ম্মসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ" বলিয়া "ওঁ বাসুদেবং সমুদ্দিশ্য সর্ব্বপাপপ্রশান্তয়ে। উপবাসং করিষ্যামি কৃষ্ণাষ্টম্যাং নভস্যহম্। অদ্য কৃষ্ণাষ্টমীং দেবীং নভশ্চন্দ্রসরোহিণীম্। অর্চ্চয়িত্বোপবাসেন ভোক্ষ্যেঽহমপরেঽহনি। এনসো মোক্ষকামোঽস্মি যদ্‌গোবিন্দ ত্রিযোনিজম্। তন্মে মুঞ্চতু মাং ত্রাহি পতিতং শোকসাগরে। আজন্মমরণং যাবৎ যন্ময়া দুষ্কৃতং কৃতম্। তৎপ্রণাশয় গোবিন্দ প্রসীদ পুরুষোত্তম।" ইহা পাঠ্য। অর্দ্ধরাত্রিকালে পূজা করাই বিধেয়।

মণ্ডপে গমন পূর্ব্বক আসনোপবিষ্ট হইয়া যথাবিধানে জলশুদ্ধি, আসনশুদ্ধি, সামান্যার্ঘ্যস্থাপন ( ১৫২ পৃঃ ), গণেশাদি দেবতার পূজা ও ভূতশুদ্ধ্যাদি করিয়া ( ১৬৩ পৃঃ ) ওঁ মাঞ্চাপি বালকং সুপ্তং পর্য্যঙ্কে স্তনপায়িনম্। শ্রীবৎসবক্ষঃ পূর্ণাঙ্গং নীলোৎপলদলচ্ছবিম্। এই মন্ত্রে শ্রীকৃষ্ণের ধ্যান করিবে।

অর্ঘ্যে বিশেষমন্ত্র—ইদমর্ঘ্যং ওঁ যজ্ঞায় যজ্ঞেশ্বরায় যজ্ঞপতয়ে যজ্ঞসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ। ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ।

স্নানে বিশেষমন্ত্র—ইদং স্নানীয়ং ওঁ যোগায় যোগেশ্বরায় যোগপতয়ে যোগসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ।—ওঁ কৃষ্ণায় নমঃ।

নৈবেদ্যের বিশেষমন্ত্র—ইদং নৈবেদ্যং ওঁ বিশ্বায় বিশ্বেশ্বরায় বিশ্বপতয়ে বিশ্বসম্ভবায় গোবিন্দায় নম নমো নমঃ।—ওঁ শ্রীকৃষ্ণায় নমঃ।

পরে যথাবিধি প্রাণায়ামাদি করিয়া জপ, জপ সমর্পণান্তে আবরণদেবতাগণের পূজা করিবে, যথা—ওঁ নমো দেব্যৈ শ্রিয়ৈ নমঃ—এই মন্ত্রে শ্রীর পূজান্তে শ্রীকৃষ্ণের জন্ম চিন্তা করিয়া তদুদ্দেশ্যে বসুধারাপাতন, পরে ওঁ ষষ্ঠ্যৈ নমঃ—এই মন্ত্রে ষষ্ঠীর পূজা করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণের নাড়ীচ্ছেদ, জাতকর্ম্ম, নামকরণ, নিষ্ক্রামণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, গোদান, সমাবর্ত্তন ও বিবাহব্যাপার মনে কল্পনা করিয়া বসুদেবায় নমঃ—ওঁ দেবক্যৈ নমঃ, এইরূপে ওঁ যশোদায়ৈ, রোহিণ্যৈ, নন্দায়, চণ্ডিকায়ৈ, বলদেবায়, দক্ষায়, গর্গায়, চতুর্ম্মুখায় মন্ত্রে পূজা করিয়া শঙ্খে অর্ঘ্য লইয়া জানু ভূমিতে পাতিয়া চন্দ্রকে নবেদন করিবে, মন্ত্র যথা—ইদমর্ঘ্যং ওঁ ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব। গৃহাণার্ঘ্যং শশাঙ্কেদ রোহিণ্যা সহিতো মম। ওঁ সোমায় সোমেশ্বরায় সোমপতয়ে সোমসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ। ওঁ চন্দ্রায় নমঃ। নমস্কারমন্ত্র—ওঁ জ্যোৎস্নায়াঃ পতয়ে তুভ্যং জ্যোতিষাং পতয়ে নমঃ। নমস্তে রোহিণীকান্ত সুধাবাস নমোঽস্তু তে। নভোমণ্ডলদীপায় শিরোরত্নায় ধূর্জ্জটেঃ। কলাভিবর্দ্ধমানায় নমশ্চন্দ্রায় চারবে॥ পরে স্তব কর্ত্তব্য—ওঁ অনঘং বামনং শৌরিং বৈকুণ্ঠং পুরুষোত্তমম্। বাসুদেবং হৃষীকেশং মাধবং মধুসূদনম্। বরাহং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনম্। দামোদরং পদ্মনাভং কেশবং গরুড়ধ্বজম্। গোবিন্দমচ্যুতং কৃষ্ণমনন্তমপরাজিতম্। অধোক্ষজং জগন্নাথং সর্গস্থিত্যন্তকারিণম্। অনাদিনিধনং বিষ্ণুং ত্রিলোকেশং ত্রিবিক্রমম্। নারায়ণং চতুর্ব্বাহুং শঙ্খ-চক্রগদাধরম্। পীতাম্বরধরং নিত্যং বনমালা-বিভূষিতম্। শ্রীবৎসাঙ্কং জগৎসেতুং শ্রীকৃষ্ণং শ্রীধরং হরিম্। প্রপন্নোঽহং সদা দেবং

সর্ব্বকামার্থসিদ্ধয়ে। প্রণমামি সদা দেবং বাসুদেবং জগৎপতিম্। ত্রাহি মাং সর্ব্বপাপঘ্ন দুঃখশোকার্ণবাৎ প্রভো। দুর্গতাংস্ত্রায়সে বিষ্ণো যে স্মরন্তি সকৃৎ সকৃৎ। সোঽহং দেবাতিদুর্ব্বৃত্তস্ত্রাহি মাং শোকসাগরাৎ। পুষ্করাক্ষ নিমগ্নোঽহং মায়াবিজ্ঞানসাগরে। ত্রাহি মাং দেবদেবেশ ত্বত্তো নান্যোঽস্তি রক্ষিতা। যদ্বাল্যে যচ্চ কৌমারে যৌবনে যচ্চ বার্দ্ধকে। তৎপুণ্যং বৃদ্ধিমাপ্নোতু পাপং হর হলায়ুধ॥ পরে কৃষ্ণপ্রণামমন্ত্রে প্রণাম করিয়া শ্রীকৃষ্ণের শয়ন কল্পনা করিবে। মন্ত্র—ওঁ বিশ্বায় বিশ্বেশ্বরায় ইত্যাদি। যথাবিধি বহ্নি-স্থাপনান্তে ঘৃত তিল দ্বারা ওঁ ধর্ম্মায় ধর্ম্মেশ্বরায় ইত্যাদি মন্ত্রে হোম করিবে। পরদিন কৃষ্ণের ও যোগমায়ার অর্চ্চনান্তে ব্রাহ্মণভোজন করাইয়া প্রার্থনা করিবে, যথা –ওঁ যং দেবং দেবকীদেবী বসুদেবাদজীজনৎ। ভৌমস্য ব্রহ্মণো গুপ্ত্যৈ তস্মৈ ব্রহ্মাত্মনে নমঃ। সুব্রহ্ম বাসুদেবায় গোব্রাহ্মণহিতায় চ। শান্তিরস্তু শিবঞ্চাস্তু উক্ত্বা বিপ্রান্ বিসর্জ্জয়েৎ॥ অনন্তর কথাশ্রবণান্তে দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যশান্তি ও ব্রতসমাপনমন্ত্র—"ওঁ ভূতায় ভূতেশ্বরায় ভূত-পতয়ে ভূতসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ" পাঠ করত পারণ করিবে, যথা—ওঁ সর্ব্বায় সর্ব্বেশ্বরায় সর্ব্বপতয়ে সর্ব্বসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ। এই মন্ত্রে কিঞ্চিৎ জলপান করিবে।

ব্রত-কথা।—বশিষ্ঠং প্রতি দিলীপ উবাচ। ভাদ্রে মাস্যসিতে পক্ষে যস্যাং জাতো জনার্দ্দনঃ। তদহং শ্রোতুমিচ্ছামি কথয়স্ব মহামুনে। কথং বা ভগবান্ জাতঃ শঙ্খচক্রগদাধরঃ। দেবকীজঠরে জন্ম কিং কর্ত্তুং কেন হেতুনা॥ বশিষ্ঠ উবাচ। শৃণু রাজন্ প্রবক্ষ্যামি যস্মাজ্জাতো জনার্দ্দনঃ। পৃথিব্যাং ত্রিদিবং ত্যক্ত্বা ভবতে কথয়াম্যহম্॥ পুরা বসুন্ধরা হ্যাসীৎ কংসারাধনতৎপরা। স্বাধিকারপ্রমত্তেন কংসদূতেন তাড়িতা॥ ক্রন্দিতুং ক্রন্দিতুং সাপি যযৌ ঘূর্ণিত-লোচনা। যত্র তিষ্ঠতি দেবেশ উমাকান্তো বৃষধ্বজঃ॥ কংসেন তাড়িতা দেব ইতি তস্মৈ ন্যবেদয়ৎ। বারি বর্ষতি নেত্রাভ্যাং বিবর্ণা চাপমানিতা॥ ক্রন্দিতাং তাং সমালোক্য কোপেন স্ফুরিতাধরাম্। উময়া সহিতঃ সর্ব্বৈর্দ্দেববৃন্দৈরনুস্কৃতঃ॥ আজগাম মহাদেবো বিধাতুর্ভবনং রুষা। গত্বা চোবাচ ব্রহ্মাণং কংস-ধ্বংসনিমিত্তয়ে। উপায়ঃ ক্রিয়তাং ব্রহ্মন্ ভবতা বিষ্ণুনা সহ॥ ঐশ্বরং তদ্বচঃ শ্রুত্বা গন্তুং প্রাক্রমতাত্মভূঃ। ক্ষীরোদে যত্র বৈকুণ্ঠঃ সুপ্তাস্তে ভুজগোপরি॥ হংস-পৃষ্ঠে সমারুহ্য হরেরন্তিকমাযযৌ। তত্র গত্বা হরিং ধ্যাত্বা দেববৃন্দৈর্হরাদিভিঃ॥ মধুযুক্তং স্তৌতি তং বাগ্ভিরর্থ্যাভির্বাগ্মিনাং বরঃ। নমঃ কমলনেত্রায় হরয়ে

পরমাত্মনে। জগৎপালনকর্ত্রে চ লক্ষ্মীকান্ত নমোঽস্তু তে॥ ইতি তেষাং স্তুতিং শ্রুত্বা প্রত্যুবাচ জনার্দ্দনঃ। সর্ব্বান্ ক্লিষ্টমুখান্ দৃষ্ট্বা ভবতামাগতং কথম্॥ ব্রহ্মোবাচ। শৃণু দেব জগন্নাথ যস্মাদস্মাভিরাগতম্। কথয়ামি সুরশ্রেষ্ঠ তদহং লোকতারণম্॥ শূলপাণিবরোন্মত্তঃ কংসরাজো দুরাসদঃ। বসুধা তাড়িতা তেন ইতি তস্মৈ নিবেদিতুম্॥ বরং দত্ত্বা পুরাপ্যগ্রে মায়য়া সঃ প্রবঞ্চিতঃ। ভাগিনেয়ং বিনা রাজন্ শাস্তা ন ভবিতা তব॥ তস্মাদ্গচ্ছ সুরশ্রেষ্ঠ কংসং হন্তুং দুরাসদন্। দেবকীজঠরে জন্ম লব্ধ্বা গত্বা চ গোকুলম্॥ ব্রহ্মণা প্রেরিতো দেবঃ প্রত্যুবাচ পশোঃ পতিম্। পার্ব্বতীং দেহি দেবেশ অদং স্থিত্বাগমিষ্যতি॥ উময়া রময়া সার্দ্ধং শঙ্খচক্রগদাধরঃ। উদ্দিশ্য মথুরাঞ্চক্রে প্রয়াণং কংসনাশনম্॥ দেবকীজঠরে জন্ম লেভে তত্র গদাধরঃ। যশোদাকুক্ষিমধ্যান্তে শর্ব্বাণী মৃগলোচনা॥ নবমাসাংশ্চ বিশ্রম্য কুক্ষৌ নবদিনাধিকান্। ভাদ্রে মাস্যসিতে পক্ষে অষ্টমীসংজ্ঞিতাতিথৌ॥ রোহিণীতারকাযুক্তা রজনী ঘনঘোরিতা। ধূমযোনৌ তড়িদ্যুক্তে বারি বর্ষতি শোভনে। বৈষ্ণবীমায়য়া নিদ্রাং গতাঃ সর্ব্বে চ রক্ষকাঃ॥ অত্রান্তরে নিশার্দ্ধে তু রোহিণীসংযুতাতিথৌ। তস্যাং জাতো জগন্নাথঃ কংসারির্বসুদেবজঃ॥ বৈরাটে নন্দপত্নী চ যশোদাজীজনৎ সুতাম্। পুত্রং চতুর্ভুজং শ্যামং শঙ্খাদ্যায়ুধসংযুতম্। পঙ্কজাক্ষং পদ্মনাভং প্রসন্নকমলেক্ষণম্॥ তদা ক্রন্দিতুমারেভে দৃষ্ট্বা চানকদুন্দুভিঃ। কংসরাজভয়াৎ ত্রাহি উবাচ দেবকী তদা। অভূদাকাশবাণী চ তত্রৈব সময়েঽপি চ॥ বৈরাটং গচ্ছ বিপ্রেন্দ্র যথা নন্দো বিবর্দ্ধিতঃ। সুতং দত্ত্বা যশোদায়ৈ সুতাং তস্যাঃ সমানয়॥ তাং দৃষ্ট্বা কংসরাজোঽপি সভয়ং ন হনিষ্যতি। তস্য বাক্যং স চাকর্ণ্য দ্বিজশ্রেষ্ঠোঽতিদুঃখিতঃ॥ অঙ্কে কুমারমাদায় বৈরাটাভিমুখং যযৌ। যমুনা জলসংপূর্ণা তৎপথে মধ্যবর্ত্তিনী। অতিস্রোতা মহাবার্য্যা সুতীক্ষ্ণা ভয়কারিণী॥ তাং দৃষ্ট্বা তত্তটে স্থিত্বা কুমারমবলোকয়ৎ। বসুদেবোঽতিদুঃখার্ত্তো বিলোলচেতনোঽভবৎ॥ কিং করোমি ক গচ্ছামি বিধিনাত্রাপি বঞ্চিতঃ। কথমত্র গমিষ্যামি বৈরাটে নন্দমন্দিরম্॥ হরিণা তত্র সানন্দং মায়য়া বঞ্চিতঃ পিতা। ক্ষণমাত্রং তটে স্থিত্বা যমুনামবলোকয়ন্॥ তেন দৃষ্টা ততঃ সাপি ক্ষীণা জানুবহা ভবেৎ। শিবারূপেণ গচ্ছন্তী দেবী তু যমুনাজলে॥ তাং দৃষ্ট্বা হৃষ্টচিত্তঃ সন্নবলম্ব্য সরিজ্জলে। মায়াং কৃত্বা জগন্নাথঃ পিতুরঙ্কাজ্জলেঽপতৎ॥ তং সুতং পতিতং দৃষ্ট্বা সূর্য্যজাজীবনে দ্বিজঃ। তদা ক্রন্দিতুমারেভে ভালে স ব্যহনৎ করম্॥ বিধিনা বৈরিণা হত্র দুঃখিতোঽহং প্রবঞ্চিতঃ। ত্রাহি মাং জগতাং

নাথ পুত্রং দেহি সুরোত্তম ॥ জনকং ক্রন্দিতুং দৃষ্ট্বা কংসারিঃ কৃপয়ান্বিতঃ। জলক্রীড়াং সমাচর্য্য পিতুরঙ্কে বসেৎ পুনঃ ॥ তদা তেন দ্বিজশ্রেষ্ঠো গতবান্ নন্দমন্দিরম্। সুতং দত্ত্বা যশোদায়ৈ সুতাং তস্যাঃ সমানয়ৎ ॥ সুতামঙ্কে কথমপি গৃহীত্বানকদুন্দুভিঃ। নিজাগারং স্বয়ং প্রাপ্য পুনঃ প্রত্যর্পিতা সুতা ॥ দেবকী চ প্রসূতেতি বার্ত্তা প্রাপ্তা সুরারিণা। আনেতুং প্রেষিতো দূতঃ সুতং দুহিতরং তু বা ॥ আগত্য কংসদূতোঽসৌ সুতাং নেতুং প্রচক্রমে। বলাদঙ্কাৎ সমাকৃষ্য দেবকী-বসুদেবয়োঃ ॥ কংসদূতো গৃহীত্বা তাং কংসায়াদর্শয়ৎ পুনঃ। তাং দৃষ্ট্বা কংসরাজোঽপি সভয়োঽভূদ্দুরাসদঃ ॥ তপ্তকাঞ্চনবর্ণাভাং পূর্ণেন্দুসদৃশাননাম্। দৃষ্ট্বা কংসং বিহসন্তীং বিদ্যুৎস্ফুরিতলোচনাম্ ॥ আদিদেশাসুরশ্রেষ্ঠো জহি নীত্বা শিলোপরি। আজ্ঞাং লব্ধ্বাসুরাস্তস্য নিষ্পেষ্টুং তাং প্রবর্ত্তিতাঃ ॥ বিদ্যুদ্রূপধরা গৌরী জগাম শঙ্করান্তিকম্ ॥ অন্তরীক্ষে ক্ষণং স্থিত্বা সুরারিং প্রাহ পার্ব্বতী ॥ হন্তং ত্বাং গোকুলে জাতঃ কেশবঃ সুরপালকঃ। তত্রাতিষ্ঠজ্জগন্নাথঃ কংসারিঃ সুরকৃত্যকৃৎ। ক্রীড়িত্বা বালভাবেন কংসধ্বংসমনা হি সঃ ॥ প্রাপ্তমাত্রেণ তং কংসং জঘান জগদীশ্বরঃ। এতত্তে কথিতং রাজন্ বিষ্ণোর্জ্জন্মদিনব্রতম্ ॥ য ইদং কুরুতে ভক্ত্যা যা চ নারী হরের্ব্রতম্। প্রাপ্নোত্যৈশ্বর্য্যমতুলং ইহলোকে যথোচিতম্। অন্তকালে হরেঃ স্থানং লভতে নাত্র সংশয়ঃ ॥

ইতি ভবিষ্যপুরাণে বশিষ্ঠদিলীপসংবাদে শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রত-কথা ॥

## শ্রীরাধাষ্টমী-ব্রত।

প্রথমে স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে, যথা—"ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী (অমুকগোত্রঃ অমুকদেবশর্ম্মা বা) শ্রীরাধাপ্রীতিকামঃ গণেশাদি-নানাদেবতাপূজা-কথাশ্রবণ-ভোজ্যোৎসর্গ-রূপরাধাষ্টমীব্রতমহং করিষ্যে ॥"

পরে যথাবিধানে রাধার ও কৃষ্ণের পূজা করিয়া আবরণদেবতার পূজা করত কথা শ্রবণ করিবে। আবরণদেবতা যথা—শ্রীকৃষ্ণ, বাসুদেব, দেবকীনন্দন, নারায়ণ, যদুশ্রেষ্ঠ, ধর্ম্মসংস্থাপক, বার্ষ্ণেয়, অসুরাক্রান্ত, ভূভারহারী।

ব্রত-কথা।—ঋষয় উচুঃ। আরাধনানাং সর্ব্বেষাং কৃষ্ণারাধনমুত্তমম্। ততোঽপ্যধিকমপ্যস্যারাধনং চেদ্বদস্ব নঃ ॥ শ্রীসূত উবাচ। শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে ব্রতমেতৎ সুগোপিতম্। কৃষ্ণনারদসংবাদং যৎ শ্রুত্বা ভক্তিমান্ ভবেৎ ॥ নারদ

উবাচ। শ্রুতাঃ সর্ব্বাবতারাস্তে কৃষ্ণ কৃষ্ণ সনাতন। রাধিকায়া মহাদেব্যাঃ প্রাদুর্ভাবং বদস্ব মে॥ ন চাস্যা ধরণীভারলাঘবো হেতুরিষ্যতে। বৃষভানুরসৌ পূর্ব্বং কিং তেপে পরমং তপঃ॥ কো বায়ং কস্য তনয়ঃ কেন জাতো মহাবনে। যদ্‌গৃহে রাধিকা নিত্যা পরম-প্রেয়সী তব॥ সর্ব্বলক্ষ্মীময়ী দেবী পরা চিচ্ছক্তি-রূপিণী। প্রাদুর্ভূতা জগন্নাথ তন্মে কথয় সুব্রত॥ ত্বদ্দাসদাসদাসোঽহং খ্যাতো জগতি নারদঃ। এতৎ শ্রুত্বা মুনের্ব্বাক্যং প্রসন্নঃ প্রাহ কেশবঃ। স্নিগ্ধগম্ভীরয়া বাচা প্রহসন্ মুনিপুঙ্গবম্॥ শ্রীকৃষ্ণ উবাচ। শৃণুষাবহিতো ব্রহ্মন্ কথামেতাং পুরাতনীম্। জীবন্মুক্তোঽসি ভক্তোঽসি তেন ত্বাং কথয়াম্যহম্॥ নাভক্তায়াস্ত-ভক্তায় কথামেতাং প্রকাশয়েৎ। প্রকাশাৎ ক্ষয়মাপ্নোতি সত্যং সত্যং বদাম্য-হম্॥ একদা ভাস্করো দেবো যদৃচ্ছাক্রমতো ভ্রমন্। কাশ্যপীং শ্রিয়মালোক্য চক্রে তপসি মানসম্॥ মন্দরশৃঙ্গমাসাদ্য সর্ব্বভোগবিবর্জ্জিতঃ। দিব্যবর্ষসহস্রাণি তপস্তেপে সুদুর্দ্ধরম্॥ সম্যঙ্ নিরুদ্ধপবন ঊর্দ্ধপাদো হ্যধঃশিরাঃ। অথেন্দ্রো ভয়সন্ত্রস্তঃ সর্ব্বদেবসমন্বিতঃ। মমান্তিকং সমাগম্য তত্তদ্‌বৃত্তং ন্যবেদয়ৎ॥ তত-স্তৎকারণং জ্ঞাত্বা দেবাংস্তানহমব্রুবম্॥ গচ্ছধ্বমমরাঃ সর্ব্বে ভয়ং বো মাস্তু ভাস্বতঃ। অহমস্য মনোবৃত্তিং জানাম্যতিসুদুষ্করম্॥ ময়ৈবৈতৎপ্রতিবিধিঃ কর্ত্তব্যো নাত্র সংশয়ঃ। ইতি শ্রুত্বা ততো দেবাঃ স্বং স্বমাবাসমাগতাঃ॥ নিশ্চিন্তাঃ স্বস্বকর্ম্মাণি চক্রুঃ কৌতূহলান্বিতাঃ। কৃষ্ণস্তু গরুড়ারূঢ়ঃ পীতবাসাঃ সমাগতঃ। যত্র ভানুর্মহাযোগী তপস্যতি সুদুর্দ্ধরম্॥ অথ ভানুঃ পরং রূপং শ্রীকৃষ্ণস্য সমাগতম্। বহির্দৃষ্ট্বা পরানন্দনিমগ্নঃ প্রাহ কেশবম্॥ সৃষ্টিস্থিতি-লয়ানাং হি হেতুস্ত্বমপি বিশ্বধৃক্। ইত্যুক্তবন্তং তং ভানুমাহ দামোদরো হসন্॥ বরং বরয় ভদ্রং তে তপঃসিদ্ধোঽসি ভাস্কর॥ ত্বদ্ভক্ত্যা তপসা চাপি বরদোঽহ-মিহাগতঃ। ভাস্করঃ প্রাঞ্জলিঃ প্রাহ নমস্কৃত্য গদাধরম্॥ ভাস্কর উবাচ। যদ্যহং ত্বদনুগ্রাহ্যো বরদো যদি বা ভবান্। কন্যাং লক্ষণসংযুক্তাং দত্ত্বা তদ্বশগো ভব॥ এবমুক্তো ভাস্করেণ হরির্ধ্যানপরায়ণঃ। স্নিগ্ধগম্ভীরয়া বাচা প্রীণয়ন্ প্রাহ ভাস্করম্॥ শ্রীকৃষ্ণ উবাচ। এবমেব তবাপত্যং ভবিষ্যতি ন সংশয়ঃ। বৃতস্তপঃপ্রভাবেণ ভবতা দুষ্করো বরঃ॥ স নাস্তি ত্রিষু লোকেষু যস্য তিষ্ঠাম্যহং বশে। বিনা রাধাং প্রিয়তমাং প্রাপেভ্যোঽপি গরীয়সীম্॥ তস্যাঃ প্রসাদ-মিচ্ছামি পানীয়মিব চাতকঃ। ইত্যুক্ত্বা তং সমাশ্বাস্য তত্রৈবান্তরধীয়ত॥ অথ মাথুরভূখণ্ডে প্রাদুর্ভূতে জগদ্‌গুরৌ। নন্দে পিতরি তত্রৈব ভাস্করো ভক্তি-তৎপরঃ॥ বৃষভানুরিতি খ্যাতো জজ্ঞে বৈশ্যকুলোদ্ভবঃ। সর্ব্বসম্পত্তিসম্পন্নঃ

সর্ব্বধর্ম্মপরায়ণঃ॥ উবাহ কীর্ত্তিদানাম্নীং গোপকন্যামনিন্দিতাম্। সর্ব্বলক্ষণ-সম্পন্নাং প্রতপ্তকনকপ্রভাম্॥ বৃষভানোর্ম্মহাভক্ত্যা কীর্ত্তিদায়াস্তপোবলাৎ। ভাদ্রে মাসি সিতে পক্ষে অষ্টমী যা তিথির্ভবেৎ॥ তস্যাং বিশাখানক্ষত্রে দিনার্দ্ধেঽভিজিতে ক্ষণে। অতীবসুকুমারাঙ্গীং কীর্ত্তিদাঽসূত কন্যকাম॥ শ্রুত্বা চানন্দিতা গোপা দধিক্ষীরাদিপাণয়ঃ। ত্রৈলোক্যাদ্ভুতসৌন্দর্য্যাং দৃষ্ট্বা গোপ্যঃ সুবিস্মিতাঃ॥ হরিদ্রাচূর্ণতৈলাদ্ভিঃ সিঞ্চন্তশ্চ পরস্পরম্। গোপাঃ পরম-সংহৃষ্টাশ্চক্রুস্তে পরমাশিষঃ॥ দাস্যো দাসাশ্চ ধাবন্তঃ কথয়ন্তশ্চ সর্ব্বতঃ। ধন্যা সেয়ং কীর্ত্তিদা তু প্রশশংসুঃ পরস্পরম্॥ বৃষভানুর্ম্মহাহৃষ্টো দদৌ দানানি ভূরিশঃ। মহামহোৎসবং চক্রুর্গোপা হৃষ্টা গৃহে গৃহে॥ নন্দাত্মজোঽহমভবং ময়া তৎপূর্ব্বমীরিতম্। ইত্থং শ্রীরাধিকাদেবী প্রাদুর্ভূতা ধরাতলে। মন্মায়া-মোহিতমতির্নাত্মানং বেত্তি কর্হিচিৎ॥ মামেব পতিমিচ্ছন্তী ভানুপূজাং দিনে দিনে। করোতি সখীভিঃ সার্দ্ধং পুণ্যে গোবর্দ্ধনে গিরৌ॥ মন্মায়াকল্পিতং তচ্চ ন বেত্তি মামপি দ্বিজ। অনয়া সহ বিচ্ছেদঃ ক্ষণমাত্রং ন বিদ্যতে॥ তথা চেদ্রসপোষায় প্রকটস্যানুসারতঃ। করোমি লীলামতুলাং যোগাযোগপ্রবর্দ্ধি-তাম্। এবং কংসাদিদুর্বৃত্ত-বধায় মথুরামহম্। গত্বা কংসাদিকং হত্বা ব্যচরং দ্বারকামনু॥ দন্তবক্রাদিদুর্দ্ধান্তং বধিত্বাগত্য গোকুলম্। ততঃ পাণিগ্রহেণৈষা স্বীকৃতা জনসংসদি॥ প্রকটস্যানুসারেণ লোকবল্লীলয়া ময়া। ইতি কৃষ্ণমুখাদ-বৃত্তমদ্ভুতং লোমহর্ষণম্॥ শ্রুত্বা ভুবি সমাবিষ্টঃ কেশবং পুনরূচিবান্॥ নারদ উবাচ। এতন্মে ব্রূহি ভগবন্ কেন রাধা প্রসীদতি। ইতি শ্রুত্বা কৃপাবিষ্টো নারদং প্রাহ সাদরম্॥ শ্রীকৃষ্ণ উবাচ। অস্যামেব তিথৌ রাধাং পূজয়িত্বা ময়া সহ। নানোপহারনৈবেদ্যৈর্ব্বস্ত্রালঙ্কারভূষণৈঃ॥ মহামহোৎসবং কুর্য্যাৎ ক্রীড়াকৌতুকমঙ্গলৈঃ। ধূপৈর্দীপৈশ্চ তাম্বূলৈঃ কুঙ্কুমাঙ্কিতদামভিঃ॥ ততস্তথৈবোপহারৈঃ পূজয়েদ্রাধিকাং সতীম্। গোগোপগোপিকা-শ্চাপি পূজয়েৎ ভক্তিতৎপরঃ॥ কীর্ত্তিদাং বৃষভানুঞ্চ নন্দাদীংশ্চাপি পূজয়েৎ। পরেঽহ্নি পারণং কুর্য্যাৎ বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ॥ ইদং তে কথিতং বিপ্র পুণ্যং রাধাষ্টমীব্রতম্॥ রাধিকাপ্রীতিজননং মৎপ্রসাদস্য কারণম্। রাধিকায়াং প্রসন্নায়াং সুতরাং মৎপ্রসন্নতা। বিনা রাধাপ্রসাদেন মৎপ্রসাদো ন বিদ্যতে॥ মাঞ্চ দামোদরং ধ্যাত্বা মৎপত্নীং রাধিকাং তথা। যঃ পূজয়তি মাং ভক্ত্যা সদাহং তস্য চেতসি॥ সত্যং সত্যং পুনঃ সত্যং সত্যমেব পুনঃ পুনঃ। প্রেয়সীনাং যথা রাধা মদ্ভক্তা মে তথা প্রিয়াঃ॥ কৃষ্ণেতি দ্ব্যক্ষরং নাম রাধয়া সহ যো

জপেৎ। তস্য রাধাপদদ্বন্দ্বে মতির্ভবতি নৈষ্ঠিকী॥ মন্নামলক্ষজপ্তেন যৎফলং লভতে নরঃ। তৎফলং স সমাপ্নোতি রাধাকৃষ্ণেতি কীর্ত্তনাৎ॥ শ্রীসূত উবাচ। শ্রুত্বৈতৎ কৃষ্ণবচনং নারদো মুনিসত্তমঃ। চকার তদ্‌ব্রতং ভক্ত্যা বৈষ্ণবানপ্যশিক্ষয়ৎ॥ অথ দামোদরং স্তুত্বা শ্রীরাধাসহিতং মুদা। প্রণম্য দণ্ডবদ্ভূমৌ যযৌ স নারদো মুনিঃ॥

ইতি শ্রীরাধাষ্টমীব্রতম্॥

---

## দূর্ব্বাষ্টমী-ব্রত।

ভাদ্রমাসের শুক্লপক্ষীয়া অষ্টমী তিথিতে এই ব্রত গ্রহণ করিবে। কিন্তু সৌর আশ্বিনমাসে ঐ তিথিযোগ হওয়া আবশ্যক। অষ্টম বর্ষে প্রতিষ্ঠা কর্ত্তব্য। এই ব্রতের প্রসাদে সপ্তপুরুষ যাবৎ সন্ততিক্ষয় হয় না এবং দূর্ব্বার ন্যায় নিরবচ্ছিন্ন কুল বর্দ্ধিত হয়। প্রমাণ যথা—

পক্ষে ভাদ্রপদে চৈব শুক্লপক্ষে যুধিষ্ঠির। দূর্ব্বাষ্টমীব্রতং পুণ্যং যা করোতি পতিব্রতা॥ ন তস্যাঃ ক্ষয়মাপ্নোতি সন্তানং সাপ্তপৌরুষম্। নন্দতে বর্দ্ধতে নিত্যং যথা দূর্ব্বা তথা কুলম্॥

ব্রতের পূর্ব্বদিন সংযম করিবে, অষ্টমীতে পূজা, কথাশ্রবণ ও ডোরধারণ করিতে হয়। তৎপরে ব্রাহ্মণ ও বন্ধুবান্ধবগণকে পায়স-পিষ্টক আহার করাইয়া নিজেও উহা ভোজন করিবে। এই ব্রতে অষ্টফল দাতব্য, যথা—দ্রাক্ষা, ডালিম, খেজুর, গুবাক, লেবু, নারঙ্গ, বকুল ও নারিকেল।

পূজা-প্রণালী।—স্বস্তিবাচনাদি করিয়া নিম্নলিখিতবাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য ভাদ্রে মাসে শুক্লে পক্ষে অষ্টম্যান্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী ঐহিকসুখসৌভাগ্যপুত্রপৌত্রাদিবিস্তার-মর্ত্ত্যলোকাধিকরণ-স্থিরস্থিতি-পারত্রিকানবচ্ছিন্নস্বর্গবাসকামা (শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা) অষ্টবর্ষ-পর্য্যন্তং প্রতিবর্ষীয়-ভাদ্র-শুক্লাষ্টম্যাং গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং দূর্ব্বা-সহিত-বিষ্ণুপূজাপূর্ব্বকঞ্চ যথোক্তবিধিনা ভবিষ্যপুরাণোক্ত-দূর্ব্বাষ্টমীব্রতমহং করিষ্যে॥

আরম্ভ বৎসরে ব্রতকর্ত্রী দ্বারা সঙ্কল্প করাইতে হয়। পুরোহিত সঙ্কল্প-সূক্তাদি পাঠ করিবেন। ব্রতকর্ত্রী কৃতাঞ্জলি হইয়া "ইদং ব্রতং

ময়া" প্রভৃতি মন্ত্র পাঠ করিবেন। পরে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি (১৫২ পৃঃ), করন্যাসাদি, গণপতি ইত্যাদির অর্চ্চনা করিয়া বিষ্ণুর অর্চ্চনা করিবে। তৎপরে আবরণ-পূজা, লক্ষ্মীপূজা ও দূর্ব্বাপূজা কর্ত্তব্য। দূর্ব্বার ধ্যান যথা—

ওঁ দূর্ব্বাং শ্যামবর্ণাং বিষ্ণুতনূদ্ভবাম্ সর্ব্বকামফলপ্রদাম্। সৌভাগ্যসন্ততিকরীং ধনধান্যবিবর্দ্ধিনীম্। পূজামন্ত্র ও প্রণামমন্ত্র নিম্নে লিখিত হইল, যথা—

ত্বং দূর্ব্বেঽমৃতনামাসি বন্দিতাসি সুরাসুরৈঃ। সৌভাগ্যসন্ততিং দত্ত্বা সর্ব্বকার্য্যকরী ভব॥ যথা শাখাপ্রশাখাভিৰ্বিস্তৃতাসি মহীতলে। তথা মমাপি সন্তানং দেহি ত্বমজরামরম্॥

"ওঁ দূর্ব্বায়ৈ নমঃ" মন্ত্রে দুগ্ধ দ্বারা দূর্ব্বাকে স্নান করাইয়া ঐ মন্ত্রেই পূজা করিবে। সাধ্যমত ষোড়শোপচারে পূজা করিতে হয়। অষ্টফল ও মোদকাদি দূর্ব্বাকে নিবেদন করিয়া উক্ত মন্ত্রেই * আটগাছি দূর্ব্বার সহিত হরিদ্রাক্ত ডোরক বামকরে বান্ধিয়া ভোজ্যোৎসর্গ করিবে। পরে কথা-শ্রবণ কর্ত্তব্য।

ব্রত-কথা—একদা তু সমাসীনং কৃষ্ণং কমললোচনম্। পপ্রচ্ছ পরয়া ভক্ত্যা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ॥ কেনোপায়েন ভগবন্ সন্তানং বর্দ্ধতে স্ত্রিয়াঃ। কথং বা লভতে মোক্ষং তন্মে ব্রূহি জনার্দ্দন॥ শ্রীকৃষ্ণ উবাচ। পক্ষে ভাদ্রপদস্যাপি শুক্লাষ্টম্যাং যুধিষ্ঠির। দূর্ব্বাষ্টমীব্রতং পুণ্যং যা করোতি পতিব্রতা॥ ন তস্যাঃ ক্ষয়মাপ্নোতি সন্তানং সাপ্তপৌরুষম্। নন্দতে বর্দ্ধতে নিত্যং যথা দূর্ব্বা তথা কুলম্॥ যুধিষ্ঠির উবাচ। কুত এষা সমুৎপন্না কস্মাদ্দূর্ব্বা চিরায়ুষী। কস্মাদ্বন্দ্যা পবিত্রা চ লোকে ধন্যা মহীতলে॥ কেন বা তদ্ব্রতং দেব চরিতং কেন হেতুনা॥ শ্রীকৃষ্ণ উবাচ। ক্ষীরোদসাগরে পূর্ব্বং মথ্যমানেঽমৃতার্থিনা। বিষ্ণুনা বাহুজঙ্ঘাভ্যাং বিধৃতো মন্দরো গিরিঃ॥ তেন বেগেন লোমানি ঘর্ষিতানি পতন্তি বৈ। তান্যেতানি জলোর্ম্মিভিরুৎক্ষিপ্তানি তটেঽর্ণবাৎ॥ অজায়ত শুভা দূর্ব্বা রম্যা হরিতশাদ্বলা॥ এবমেষা সমুৎপন্না দূর্ব্বা বিষ্ণুতনূরুহা॥ তস্যাশ্চোপরি বিন্যস্তং মথিত্বামৃতমুত্তমম্। দেব-দানব-গন্ধর্ব্ব-সিদ্ধ-বিদ্যাধরোরগৈঃ॥ ততশ্চামৃতকুম্ভস্য পেতুর্নিস্যন্দবিন্দবঃ। তৈঃ সংস্পৃষ্টা তদা দূর্ব্বা জাতা চৈবাজরামরা॥ বন্দ্যা পবিত্রা দেবৈস্তু বন্দিতাভ্যর্চ্চিতা তথা॥ অষ্টম্যাং ফলপুষ্পৈশ্চ

* কোন কোনও পদ্ধতিতে ডোরক ধারণে নিম্নলিখিত মন্ত্র ব্যবহৃত হয়। যথা—মহদাদি-জগৎসূত্রং ভুবনানি চতুর্দ্দশ। ধর্ম্মার্থকামমোক্ষার্থং স্বকরে ধারয়াম্যহম্॥

খর্জ্জুরৈর্নারিকেলকৈঃ। দ্রাক্ষামোদকপূগৈশ্চ কর্পূরৈর্বকুলৈস্তথা॥ নাগরঙ্গৈশ্চ জম্বীরৈর্বীজপূরৈশ্চ দাড়িমৈঃ। দধ্যক্ষতৈশ্চ অন্নৈশ্চ ধূপনৈবেদ্যদীপকৈঃ॥ মন্ত্রেণানেন রাজেন্দ্র শৃণুষ্বাবহিতো মম॥ ত্বং দূর্ব্বেঽমৃতনামাসি বন্দিতাসি সুরাসুরৈঃ। সৌভাগ্য-সন্ততিং দত্ত্বা সর্ব্বকার্য্যকরী ভব। যথা শাখাপ্রশাখাভি-র্বিস্তৃতাসি মহীতলে। তথা মমাপি সন্তানং দেহি ত্বমজরামরম্॥ এবমেষা পুরা পার্থ পূজিতা ত্রিদশোত্তমৈঃ। তেষাং পত্নী-বধূভিশ্চ ভগিনীভিস্তথৈব চ॥ পূজিতা চ তথা শচ্যা গৌর্য্যা রত্যা শ্রিয়া তথা। সরস্বত্যা গঙ্গয়া চ দিত্যাদিত্যা চ মেনয়া॥ বিন্দুবত্যা বেদবত্যা মন্দোদর্য্যা সুভদ্রয়া। শাণ্ডিল্যা শ্রদ্ধয়া চৈব মায়য়া দীক্ষয়া তথা। মর্ত্ত্যলোকে বেদবত্যা দময়ন্ত্যা সুশীলয়া। তিলোত্তমা-ঘৃতাচীভ্যাং মিশ্রকেশ্যা চ রম্ভয়া॥ মজ্জনন্ত্যা চ দেবক্যা তথৈব মুনিজাদিভিঃ। স্ত্রীভিরভ্যর্চ্চিতা দূর্ব্বা সৌভাগ্যসুখদায়িনী॥ স্নাতাভিঃ শুচিবস্ত্রাভিরর্চ্চিতা বহুভির্জ্জনৈঃ॥ দত্ত্বা পিষ্টানি বিপ্রেভ্যঃ ফলং হি বিবিধং তথা। অষ্টগ্রন্থি-সমাযুক্তং করে বদ্ধা সুডোরকম্॥ তিলপিষ্টানি গোধূমধান্যপিষ্টানি পাণ্ডব। ভোজয়িত্বা সুহৃন্মিত্রং সম্বন্ধিস্বজনং তথা॥ ততো ভুঞ্জীত তচ্ছেষং স্বয়ং শ্রদ্ধাসমন্বিতা॥ এবং কুর্ব্বন্তি যা নার্য্য অষ্টমীব্রতমুত্তমম্। তাঃ সর্ব্বাঃ সুখ-সৌভাগ্য-পুত্রপৌত্রাদিভিস্তথা॥ মর্ত্ত্যলোকে চিরং স্থিত্বা ততঃ স্বর্গমবাপ্নুয়ুঃ। বসন্তি রমমাণাশ্চ যাবদাহূতসংপ্লবম্॥ মেঘাবৃতেঽম্বরতলে হরিতে বনান্তে, প্রাপ্যাষ্টমীং সুফলদাং প্রমদা নভস্যে। দূর্ব্বাং তথাক্ষততিলৈঃ প্রতিপূজয়েয়ুস্তাঃ প্রাপ্নুয়ুঃ সকলসন্ততিবৃদ্ধিমৃদ্ধিম্॥

পরে দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ কর্ত্তব্য।

ইতি ভবিষ্যপুরাণোক্তং দূর্ব্বাষ্টমীব্রতকথা॥

---

## তালনবমী-ব্রত। *

ভাদ্রমাসে শুক্লা নবমীতে তালনবমীব্রত করিলে জন্মজন্মান্তরে সে নারীকে বিধবা হইতে হয় না এবং লক্ষ্মী অচলা থাকেন ও তাহার দুর্ভাগ্য দূর হয়। প্রমাণ যথা—

* অষ্টমীযুক্তা নবমী তিথি এই ব্রতে প্রশস্ত। উভয়দিনে নবমীর ক্রিয়াকাল ঘটিলে যে দিন অষ্টমীর সহিত নবমীর যোগ দৃষ্ট হইবে, 'তদ্দিনেই' এই ব্রত করণীয়। কারণ, অষ্টমীর সহিত নবমীর যুগ্মাদর।

এতৎ করোতি যা নারী সা নারী সুভগা ভবেৎ।
ব্রতেনৈকেন দেবেশি চঞ্চলা নিশ্চলা ভবেৎ।
জন্মজন্মান্তরঞ্চৈব অবৈধব্যঞ্চ নিত্যশঃ॥

নয় বর্ষ এই ব্রত সমাধার পর প্রতিষ্ঠা করিবে। তালের সহিত প্রতিবর্ষে নয় প্রকার ফল দেবতাকে নিবেদন করিতে হয়।

পূজা-প্রণালী।—নিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নোক্ত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য ভাদ্রে মাসি শুক্লে পক্ষে নবম্যান্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী নববর্ষপর্য্যন্তং প্রতিবর্ষীয়-ভাদ্রশুক্ল-নবম্যাং সুখ-সৌভাগ্যা-রোগ্যপ্রাপ্তিপূর্ব্বক-সলক্ষ্মীকবিষ্ণুপ্রীতিকামা যথোক্তবিধিনা লক্ষ্মী-নারায়ণ-পূজা-তৎকথা শ্রবণভোজ্যোৎসর্গাত্মকতালনবমীব্রতমহং করিষ্যে।

ব্রত আরম্ভবর্ষে 'নব' উচ্চার্য্য। পরে সঙ্কল্পসূক্তাদি পাঠান্তে যথাশক্তি 'ইদং ব্রতং ময়া দেব' ইত্যাদি মন্ত্র পাঠ,আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, ন্যাসাদি ও গণেশাদি দেবতার অর্চ্চনা করিবে। তৎপরে যথাশক্তি উপচারযোগে বিষ্ণু ও লক্ষ্মীর অর্চ্চনা করিয়া আবরণদেবতার অর্চ্চনা করিতে হয় অর্থাৎ "ওঁ বাসুদেবায় নমঃ" (এই প্রণালীতে) "কৃষ্ণায়, হৃষীকেশায়,, গোবিন্দায়, দামোদরায়, ত্রিবিক্রমায়, গদাধরায়, পরশুরামায়, গণপতয়ে" বলিয়া পূজা করিবে। পরে ফলোৎসর্গাদি করিয়া ভোজ্যোৎসর্গ, কথাশ্রবণ, পতিপূজা, দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণাদি কর্ত্তব্য।

ব্রত-কথা।—মেরুপৃষ্ঠে সুখাসীনং কেশবং কমলালয়া। উবাচ মধুরং বাক্যং বাসুদেবং জগৎপতিম্॥ শৃণু মে বচনং দেব স্ত্রীণাং সৌভাগ্যকারণম্। কিমেতদ্দুর্ল্লভং স্ত্রীণাং কিমেতৎ শুভদং ভবেৎ॥ কিং কৃতেন বিমুচ্যেত কিং কৃতেন ফলং লভেৎ। তন্মে ব্রূহি সুরশ্রেষ্ঠ নরাণাং কারণং ধ্রুবম্॥ কেশব উবাচ। পূর্ব্বং মমাস্তাং দ্বে ভার্য্যে সত্যভামা চ রুক্মিণী। রুক্মিণী সুভগা সাধ্বী সত্যভামা চ দুর্ভগা॥ শ্রীরুবাচ। কেন কর্ম্মপ্রভাবেণ দৌর্ভাগ্যখণ্ডনং ভবেৎ। এতৎ সমস্তং বিস্তার্য্য তত্ত্বং মে ব্রূহি কেশব॥ শ্রীকৃষ্ণ উবাচ। কেনচিদ্বাক্যদোষেণ সত্যভামা চ দুর্ভগা। দুঃখার্ত্তা শোকসন্তপ্তা রুদতী বহুশোঽপি বা॥ কিয়ৎকালবিলম্বে তু ব্রজন্তী সা তপোবনম্। অরণ্যে বিজনে রম্যে গত্বা মুনিবরাশ্রমে॥ আপস্তম্বো মুনিশ্রেষ্ঠস্তদ্গেহে প্রত্যুপাগতা। রুদিত্বা সা তু মুনয়ে সর্ব্বং দুঃখং ন্যবেদয়ৎ॥ এতৎ শ্রুত্বা মুনিশ্রেষ্ঠঃ প্রোবাচ রুদতীং

শুভাম্॥ মুনিরুবাচ। মা রোদীঃ শৃণু চার্ব্বঙ্গি সৌভাগ্যং তে ভবিষ্যতি॥ সত্যভামোবাচ। কথং মে বহুশস্তাত শরীরে দুর্ভগাফলম্। স্বামিসৌভাগ্যমেতস্মিন্ কথ্যতাং ভবতা পিতঃ॥ মুনিরুবাচ। শৃণু সত্যং প্রবক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমম্। যৎ কৃত্বাতুলসৌভাগ্যং পুত্রপৌত্রাদিকং ভবেৎ॥ ভাদ্রে মাসি সিতে পক্ষে নবমী নাম কীর্ত্তিতা। তস্যাং নারায়ণং লক্ষ্মীং পূজয়েচ্চ বিধানতঃ॥ সত্যভামোবাচ। বিধানং কীদৃশঞ্চাস্য কিং দানং কিঞ্চ ভোজনম্। কিঞ্চাস্য পূজনঞ্চৈব ভবতা চ তদুচ্যতাম্॥ মুনিরুবাচ। স্থণ্ডিলে মণ্ডলং কৃত্বা ঘটং তত্র নিবেশয়েৎ। তত্র নারায়ণং লক্ষ্মীং গন্ধপুষ্পাদিনার্চ্চয়েৎ॥ নৈবেদ্যেন সদা ভক্ত্যা পূজয়েদ্ভক্তবৎসলৌ। দেবায় পিষ্টকং দত্ত্বা ব্রাহ্মণায় ততঃ পরম্॥ আদৌ সংপূজ্য দেবেশং পতিং সংপূজয়েত্ততঃ। গন্ধৈঃ পুষ্পৈশ্চ মাল্যৈশ্চ ধূপদীপৈঃ সবস্ত্রকৈঃ॥ পিষ্টকঞ্চ ততো দদ্যাৎ স্বামিনে ব্রাহ্মণায় চ। স্বামিনং ভোজয়িত্বা তু স্বয়ং ভুঞ্জীত পিষ্টকম্॥ এবম্প্রকারৈঃ কর্ত্তব্যা নবমী নববার্ষিকী। পুত্রপৌত্রসমাযুক্তং সৌভাগ্যমতুলং ভবেৎ॥ ধনধান্যসমৃদ্ধিঞ্চ অবৈধব্যঞ্চ নিত্যশঃ। অভীষ্টফলমাপ্নোতি নবমীব্রতকারণাৎ॥ সম্পূর্ণে তু ব্রতে ভূতে বিধানেন প্রতিষ্টয়েৎ। ব্রতং চক্রে চ সা সাধ্বী মুনের্ব্বচনগৌরবাৎ॥ ব্রতসম্পূর্ণকালে তু কেশবঃ সমুপাগতঃ। তামুবাচ হসন্ দেবো বচনং মধুরং তথা॥ সৌভাগ্যেন চ দুঃখং তে দুর্ভগত্বং বিনশ্যতি। সৌভাগ্যমতুলং প্রাপ্য যথা গৌরী হরস্য চ॥ শচীব পুরুহূতস্য রতীব মদনস্য চ। যথা নারায়ণে লক্ষ্মীস্তথা ভব বরাননে॥ এবং দত্ত্বা বরং তস্যৈ গৃহীত্বা তাং পুরং যযৌ। এতৎ করোতি যা নারী সা নারী সুভগা ভবেৎ॥ ব্রতেনৈকেন দেবেশি চঞ্চলা নিশ্চলা ভবেৎ। জন্মজন্মান্তরঞ্চৈব অবৈধব্যঞ্চ নিত্যশঃ॥ পত্যৌ চ সুভগা সৌম্যা পুত্রপৌত্রপ্রতিষ্ঠিতা। অন্তে যাতি পরং স্থানং যৎ স্থানং শাশ্বতং হরেঃ॥

ইতি কূর্ম্মপুরাণোক্তা তালনবমী-ব্রতকথা॥

---

## শ্রবণা-দ্বাদশী।

ভাদ্রমাসের শুক্লা দ্বাদশীতে শ্রবণানক্ষত্র হইলে তাহার নাম শ্রবণা-দ্বাদশী বা বিজয়-দ্বাদশী। এই দিনে উপবাস ও বিষ্ণুপূজা করিলে অক্ষয় পুণ্যলাভ হয়। বুধবার-যুক্ত দ্বাদশী হইলে অধিকতর ফলদায়িনী হয়। প্রমাণ যথা—

দ্বাদশী শ্রবণোপেতা সর্ব্বপাপহরা তিথিঃ। বুধবারসমাযুক্তা ততঃ শতগুণা ভবেৎ॥ তামুপোষ্য সমাপ্নোতি দ্বাদশদ্বাদশীফলম্॥

## অনন্ত-ব্রত।

ভাদ্রশুক্লা চতুর্দ্দশীতে এই ব্রত করণীয়। পূর্ব্বাহ্নব্যাপিনী তিথিই প্রশস্ত। অনন্তদেবমূর্ত্তি প্রস্তুত করিয়া, গন্ধপুষ্প, চতুর্দ্দশবিধ ফল, মূল ও জলজপুষ্প দ্বারা অর্চ্চনা করিতে হয়। অধিকন্তু যবচূর্ণ অথবা শালিতণ্ডুলচূর্ণ দ্বারা পিষ্টক প্রস্তুত করত আজ্য-সহযোগে দেবতাকে নিবেদন করিয়া ব্রাহ্মণকে প্রদান করিবে এবং স্বয়ংও ভোজন করিবে। চতুর্দ্দশগুণ কার্পাসসূত্র দ্বারা প্রস্তুতীকৃত কুঙ্কুমলেপিত চতুর্দ্দশগ্রন্থিবিশিষ্ট ডোর ধারণ কর্ত্তব্য। চতুর্দ্দশ বৎসর ব্রত করিয়া পরে উদ্‌যাপন করিতে হয়।

পূজা-পদ্ধতি।—স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নোক্ত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোং তৎসদদ্য ভাদ্রে মাসি শুক্লে পক্ষে চতুর্দ্দশ্যাস্তিথাবারভ্য অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বা) সর্ব্বপাপপ্রশমন-দারিদ্র্যদুঃখপ্রমোচন-সর্ব্বসম্পদুপভোগ-বিষ্ণুলোকপ্রাপ্তিকামঃ চতুর্দ্দশবর্ষাবধি প্রতিবর্ষীয়ভাদ্রশুক্লচতুর্দ্দশ্যাং যথোক্তবিধিনানন্তব্রতমহং করিষ্যে।

পরে সঙ্কল্পসূক্তপাঠান্তে করপুটে এই প্রার্থনা পাঠ করিবে, যথা—

ওঁ ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব।
নির্ব্বিঘ্নং সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদাচ্চ কেশব॥
ওঁ গৃহীতেঽস্মিন্ ইত্যাদি।

প্রারম্ভ বর্ষে এই প্রকার সঙ্কল্প ও "ইদং ব্রতং" মন্ত্র পাঠ্য, নচেৎ উহা পাঠ্য নহে। তৎকালে এই প্রকার সঙ্কল্প করিবে, যথা—

"অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বপাপপ্রশমনদারিদ্র্যদুঃখ-প্রমোচন-সর্ব্বসম্পদুপভোগবিষ্ণুলোকপ্রাপ্তিকামঃ ভাদ্রশুক্লচতুর্দ্দশ্যাং যথোক্ত-বিধিনা আরব্ধানন্তব্রতাঙ্গপূজাকর্ম্মাহং করিষ্যে।

পরে আসনশুদ্ধি, সামান্যার্ঘ্য, ভূতশুদ্ধি (১৫২ পৃঃ), প্রাণায়াম, অঙ্গন্যাস ও করন্যাস ইত্যাদি সমাপনান্তে গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল প্রভৃতির অর্চ্চনা করিয়া নিম্নলিখিত ধ্যানে অনন্তদেবের পূজা করিবে, যথা—

ওঁ ফণাসপ্তান্বিতং দেবং চতুর্ব্বাহুং কিরীটিনম্। নবাম্রপল্লবাকারং পিঙ্গল-শ্মশ্রুলোচনম্॥ পীতাম্বরধরং দেবং শঙ্খ-চক্র-গদাধরম্। করাগ্রে দক্ষিণে

পদ্মং শঙ্খং তস্যাপ্যধঃকরে॥ চক্রমূর্দ্ধে তথা বামে গদাং তস্যাপ্যধঃকরে॥ দধানং সর্ব্বলোকেশং সর্ব্বাভরণভূষিতম্। ক্ষীরাব্ধিমধ্যে শ্রীমন্তমনন্তং চিন্তয়েদ্ধরিম্॥

তৎপরে মানসোপচারে অর্চ্চনা করিয়া বিশেষার্ঘ্যস্থাপনান্তে সর্ব্বতোভদ্র-মণ্ডলে পীঠপূজা কর্ত্তব্য। যথা—

"ওঁ বিমলায়ৈ নমঃ।" (এই প্রণালীতে)—"উৎকর্ষিণ্যৈ, জ্ঞানায়ৈ, ক্রিয়ায়ৈ, যোগায়ৈ, প্রহ্বৈ, সত্যায়ৈ, ঈশানায়ৈ, অনুগ্রহায়ৈ, ওঁ নমো ভগবতে বিষ্ণবে, বাসুদেবায়, সর্ব্বার্থসংযোগযোগপদ্মপীঠাত্মনে নমঃ।"

তৎপরে পুনর্ধ্যান করিয়া অনন্তদেবের আবাহন করত নিম্নোক্ত "অনন্ত-সংসার" ইত্যাদি মন্ত্রে অর্চ্চনা করিবে। পরে চতুর্দ্দশগ্রন্থিবিশিষ্ট চতুর্দ্দশদূর্ব্বাসমন্বিত কুঙ্কুমলেপিত ডোরক নিম্নোক্ত মন্ত্রে ধারণপূর্ব্বক প্রণাম করিবে, যথা—

ওঁ অনন্তসংসারমহাসমুদ্রে, নিমগ্নমভ্যুদ্ধর বাসুদেব। অনন্তরূপে বিনিযোজয়স্ব, অনন্তরূপায় নমো নমস্তে॥ (অনন্তকামদেবেশ সর্ব্বকামফলপ্রদ। অনন্তডোররূপেণ, পুত্রপৌত্রাদি বর্দ্ধয়॥ অনন্তগুণরূপায় বিশ্বরূপধরায় চ। সূত্রগ্রন্থিষু সংস্কার-কামরূপ নমোঽস্তু তে॥)

তৎপরে নিম্নোক্ত ধ্যানে ইন্দ্রের পূজা করিয়া সমুদ্রের অর্চ্চনা করিবে, যথা—

ওঁ ঐরাবতগজারূঢ়ং নানালঙ্কারভূষিতম্। দ্বিভুজং বজ্রহস্তঞ্চ সহস্রাক্ষং মহাবলম্। চামরৈর্ব্বীজ্যমানন্তু দিব্যনারীভিরাবৃতম্॥

প্রণাম মন্ত্র।—ওঁ শক্রঃ সুরপতিশ্চৈব বজ্রহস্তো মহাবলঃ।
ঐরাবতগজারূঢ়ঃ সহস্রাক্ষ নমোঽস্তু তে॥

সমুদ্রের ধ্যান।—সমুদ্রং পাশহস্তঞ্চ গৌরবর্ণং ভুজদ্বয়ম্।
মকরস্থং মহাকায়ং রত্নালঙ্কারভূষিতম।
জলাধিদৈবতং ভক্ত্যা চিন্তয়েৎ সরিতাং পতিম্॥

প্রার্থনামন্ত্র।—ওঁ রত্নাকর নমস্তেঽস্তু নমস্তে ত্রিদশেশ্বর।
অপাং নাথোঽসি দেবেশ সর্ব্বাপাপহরো ভব॥

তৎপরে অনন্ত, বাসুকি, তক্ষক, কর্কট, কুলীর, শঙ্খ, পদ্ম, মহাপদ্ম, প্রভৃতি নাগবৃন্দকে পঞ্চোপচারে অর্চ্চনা করিয়া লক্ষ্মীনারায়ণের অর্চ্চনা কর্ত্তব্য। চতুর্দ্দশ ফল ও ভোজ্যোৎসর্গ করত "অনন্তসংসার" ইত্যাদি মন্ত্রপাঠ সহকারে ডোর ধারণ করিবে। পুরাতন ডোর দুগ্ধে নিম্নোক্ত মন্ত্রে নিক্ষেপ

করিবে, যথা—ইদং পুরাতনং সূত্রং রক্ষিতঞ্চ ময়া করে। সমর্পয়াম্যহং তুভ্যং চতুর্দ্দশ্যাং নমোঽস্তু তে ॥ তৎপরে নিম্নোক্ত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ নমস্তে দেবদেবায় বিশ্বরূপধরায় চ। সৃষ্টিস্থিত্যন্তহেলায় বিশ্বরূপ নমোঽস্তু তে॥ ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং বিধিহীনং সুরেশ্বর। যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে ॥ *

অনন্তর কথা শ্রবণ করিবে, যথা—

ব্রত-কথা।—অরণ্যে বর্ত্তমানাস্তে পাণ্ডবা দুঃখকর্ষিতাঃ। কৃষ্ণং দৃষ্ট্বা যথান্যায়ং প্রতিগৃহ্যেদমব্রুবন্॥ পাণ্ডবা ঊচুঃ। বয়ং দুঃখায় সঞ্জাতাঃ পৃথিব্যাং পুরুষোত্তম। কথং মুক্তির্ব্বদাস্মাকমনন্তদুঃখসাগরাৎ॥ শ্রীকৃষ্ণ উবাচ। অনন্তব্রতমস্ত্যন্যৎ সর্ব্বপাপহরং শুভম্। সর্ব্বকামপ্রদং নৃণাং স্ত্রীণাঞ্চৈব যুধিষ্ঠির ॥ শুক্লপক্ষে চতুর্দ্দশ্যাং মাসি ভাদ্রপদে তথা। তস্যানুষ্ঠানমাত্রেণ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ যুধিষ্ঠির উবাচ। কৃষ্ণ কোঽয়ং ত্বয়াখ্যাতো যোঽনন্ত ইতি বিশ্রুতঃ। কিং শেষো নাগরাজো বা অনন্তস্তক্ষকোঽপি বা ॥ বাসুকির্ব্বাথ পদ্মশ্চ মহাপদ্মশ্চ বিশ্রুতঃ। পরমাত্মাথ বানন্ত উতাহো ব্রহ্ম এব বা ॥ ক এষোঽনন্তসংজ্ঞো বৈ কথাং মে ব্রূহি কেশব॥ শ্রীভগবানুবাচ। অনন্ত ইত্যহং পার্থ মম রূপং নিবোধ বৈ॥ আদিত্যাদিপ্রচারেণ যঃ কাল উপপদ্যতে। কলাকাষ্ঠামুহূর্ত্তাদিদিনরাত্রিশরীরবান্॥ পক্ষমাসর্ত্তু-বর্ষাদি-যুগকল্পব্যবস্থয়া। যোঽয়ং কালো ময়া খ্যাতঃ সোঽনন্ত ইতি বিশ্রুতঃ॥ সোঽয়ং কালোঽবতীর্ণোঽস্মি ভুবো ভারাবতারণাৎ। দানবানাং বিনাশায় বসুদেব-কুলোদ্ভবঃ॥ অনন্তং বিদ্ধি মাং পার্থ কৃষ্ণং বিষ্ণুং হরিং শিবম্। ব্রহ্মাণং ভাস্করং শেষং সর্ব্বব্যাপিনমীশ্বরম্॥ বিশ্বরূপং মহাত্মানং সৃষ্টিসংহারকারণম্। বিশ্বরূপো হ্যনন্তোঽস্মি যস্মিন্নিন্দ্রাশ্চতুর্দ্দশ। বসবোঽষ্টৌ দ্বাদশার্কা রুদ্রা একাদশ স্মৃতাঃ॥ সপ্তর্ষয়ঃ সমুদ্রাশ্চ পর্ব্বতাঃ সরিতো দ্রুমাঃ। নক্ষত্রাণি দিশো ভূমিঃ পাতালং ভূর্ভুবাদিকম্॥ মা

* কোন কোনও পদ্ধতিতে এইরূপ স্তব দেখিতে পাওয়া যায়, যথা—ওঁ অনন্তসংসারমহাসমুদ্রে ইত্যাদি ওঁ নমোঽস্ত্বনন্তায় সহস্রমূর্ত্তয়ে সহস্রপাদাক্ষিশিরোরুবাহবে। সহস্রনাম্নে পুরুষায় শাশ্বতে, সহস্রকোটিযুগধারিণে নমঃ। অনন্তরূপেণ বিভর্ষি পৃথ্বীমনন্তলক্ষ্মীং বিদধাসি তুষ্টঃ। অনন্তভোগান্ প্রদদাসি তুষ্টো অনন্তমোক্ষং কুরুষে প্রহৃষ্টঃ। যদ্বাল্যে যচ্চ কৌমারে যৌবনে যচ্চ বার্দ্ধকে। তৎ পুণ্যং বৃদ্ধিমাপ্নোতু পাপং হর হলায়ুধ। অদ্য মে সকলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্। যৎ ভবাজ্ঞি যুগাগ্রাগ্রে মূর্দ্ধা মে ভ্রমরায়তে। পাপোঽহং পাপকর্ম্মাঽহং পাপাত্মা পাপসম্ভবঃ। ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপহরো ভব॥

কুরুষাত্র সন্দেহং সোঽহং পার্থ ন সংশয়ঃ ॥ যুধিষ্ঠির উবাচ। অনন্তব্রতমাহাত্ম্যং বদ বেদবিদাং বর। কিং পুণ্যং কিং ফলং তস্য কিং দানং কস্য পূজনম্ ॥ কেন বাদৌ পুরা চীর্ণং মর্ত্ত্যলোকে প্রকাশিতম্। এতৎ সমস্তং বিস্তার্য্য তন্মে ব্রূহি জগৎপতে ॥ শ্রীভগবানুবাচ। আসীৎ পুরা কৃতযুগে সুমন্তুর্নাম বৈ দ্বিজঃ। বশিষ্ঠগোত্রে চোৎপন্নঃ সুরূপাঞ্চ ভৃগোঃ সুতাম্। দীক্ষাং নামোপযেমে তাং বেদোক্তবিধিনা ততঃ ॥ তস্যাঃ কালেন সঞ্জাতা দুহিতা সর্ব্বলক্ষণা। শীলা নাম সুশীলা চ বর্দ্ধতে পিতৃবেশ্মনি। মাতা চ তস্যাঃ কালেন জ্বরদাহেন পীড়িতা। প্রবিশ্য চ নদীতোয়ে মৃতা স্বর্গপুরং যযৌ ॥ কৃত্বৌর্দ্ধদেহিকং তস্যা ধর্ম্মোপার্জ্জনকারণাৎ। সুমন্তুশ্চ ততোঽন্যাং বৈ ধর্ম্মপুংসঃ সুতাং পুনঃ। উপযেমে সুদুর্দ্ধর্ষাং কর্কশাং নামতঃ সুধীঃ ॥ কর্কশা সাপি দুঃশীলা নিত্যং কলহকারিণী। অত্যন্তকোপনা সৈব সদা নিষ্ঠুরভাষিণী ॥ সাপি শীলা পিতুর্গেহে গৃহার্চ্চনরতা বভৌ। কুড্যস্তম্ভগৃহদ্বারদেহলীতোরণাদিষু ॥ চতুর্ব্বিধৈস্ততো বর্ণৈর্নীলপীতসিতাসিতৈঃ। স্বস্তিকং শঙ্খপদ্মৌ চ মণ্ডয়ন্তী মুহুর্মুহুঃ ॥ দৃষ্টা সুমন্তুনা শীলা কদাচিৎ প্রাপ্তযৌবনা। তাং দৃষ্ট্বা চিন্তয়ামাস বরান্ বিগণয়ন্ ভুবি ॥ ঋষিসঙ্ঘৈঃ পরিবৃতঃ সুমন্তুঃ প্রত্যভাষত। কন্যার্থমাগতঃ শ্রীমান্ কৌণ্ডিন্যো মুনিসত্তমঃ ॥ শীলাং দদৌ সুমন্তুশ্চ কৌণ্ডিন্যায় শুভে দিনে। গৃহোক্তবেদবিধিনা বিবাহমকরোদ্দ্বিজঃ ॥ নির্বর্ত্ত্যৌদ্বাহিকং কর্ম্ম প্রোবাচ কর্কশাং দ্বিজঃ। কিঞ্চিদ্ভদ্রে ধনং দেয়ং জামাতুঃ পারিতোষিকম্ ॥ তচ্ছ্রুত্বা কর্কশা ক্রুদ্ধা প্রবিশ্য গৃহমণ্ডলম্। কবাটং সুস্থিরং দত্ত্বা পারুষ্যমবদদ্ভৃশম্ ॥ হোমাবশিষ্টদ্রব্যেণ পাথেয়মকরোদ্দ্বিজঃ। কৌণ্ডিন্যোঽপি বিবাহেনামগমৎ প্রাতরেব চ। শীলাং সুশীলামাদায় গোযানেন স্বমন্দিরম্ ॥ ততো মধ্যাহ্নসময়ে সংপ্রাপ্তে তু সরিত্তটে। অবতীর্য্য দ্বিজস্তত্র স্নানং চক্রে নৃপোত্তম ॥ তস্যাস্তু সরিতস্তীরে গোময়েনোপলেপিতে। দদর্শ শীলা সা স্ত্রীণাং সমূহং রক্তবাসসম ॥ চতুর্দ্দশ্যামর্চ্চয়ন্তং ভক্ত্যানন্তং পৃথক্ পৃথক্ ॥ উপবিশ্য শনৈঃ শীলা পপ্রচ্ছ স্ত্রীকদম্বকম্। কিমেতৎ ক্রিয়তে কার্য্যং কস্যৈতৎ ব্রতমীদৃশম্ ॥ তা উচুর্যোষিতঃ সর্ব্বা অনন্ত ইতি বিশ্রুতঃ। তস্যৈব দেবদেবস্য সর্ব্বকামপ্রদং ব্রতম্ ॥ সাব্রবীদহমপ্যেতৎ করিষ্যে ব্রতমুত্তমম্। বিধানং কীদৃশং তস্য কিং দানং কিঞ্চ পূজনম্ ॥ নার্য্য উচুঃ। শুক্লপক্ষে চতুর্দ্দশ্যাং মাসি ভাদ্রপদে ব্রতম্। কর্ত্তব্যং সরিতস্তীরে তড়াগে বা সুশোভনে ॥ স্নাত্বানন্তং নমস্কৃত্য নববস্ত্রধরঃ শুচিঃ। শুচৌ দেশে সমালিপ্য গোময়েন বিচক্ষণঃ ॥

মণ্ডলং কারয়েত্তত্র সর্ব্বতোভদ্রসংজ্ঞকম্॥ কৃত্বা দর্ভময়ং দেবং বারিধানীসমন্বিতম্। পুষ্পধূপাদিভির্দেবমনন্তং পূজয়েদ্ধরিম্॥ ধ্যাত্বা নারায়ণং দেবমনন্তং বিশ্বরূপিণম্॥ অনন্তসংসারমহাসমুদ্রে, নিমগ্নমপ্যুদ্ধর বাসুদেব। অনন্তরূপে বিনিযোজয়স্ব, অনন্তরূপায় নমো নমস্তে॥ মন্ত্রেণানেনার্চ্চয়িত্বা ফলানি চ চতুর্দ্দশ। পূপপ্রস্থদ্বয়ঞ্চৈব ঘৃতপক্বং নিবেদয়েৎ॥ অর্দ্ধং বিপ্রায় দাতব্যমর্দ্ধমাত্মনি যোজয়েৎ॥ চতুর্দ্দশগ্রন্থিযুক্তং পূজয়িত্বা সুডোরকম্। অনন্ত ইতি মন্ত্রেণ নারী বামকরে পুনঃ॥ দক্ষিণে চ পুমান্ কুর্য্যাৎ ধ্যাত্বানন্তং সনাতনম্। দক্ষিণাং বিধিবদ্দত্ত্বা বিপ্রান্ সন্তোষয়েদ্ভৃশম্॥ যোঽনন্তস্য ব্রতং কুর্য্যাদ্বর্ষাণি নব পঞ্চ চ। সর্ব্বান্ কামানবাপ্নোতি বিষ্ণুলোকং স গচ্ছতি॥ সাপি তাসাং বচঃ শ্রুত্বা শীলা বদ্ধা সুডোরকম্। ব্রতং চক্রে তথা তাভির্দত্তৈর্গন্ধাদিভিস্তথা॥ পাথেয়শেষং বিপ্রায় দত্ত্বা ভুক্ত্বা তথৈব চ। আজগামাথ সা হৃষ্টা গোযানেন স্বমাশ্রমম্॥ তেনানন্তপ্রভাবেণ বহুগোধনসঙ্কুলম্। সুবর্ণমণিমাণিক্য-রত্নরৌপ্যধনানি বৈ॥ দাসদাসীসহস্রাণি মেষগোমহিষাদিভিঃ। গৃহং তস্যাঃ শ্রিয়া যুক্তং ধনধান্যসমাকুলম্॥ শীলা মাণিক্যকাঞ্চীভির্মুক্তাহারৈর্বিভূষিতা। দিব্যবস্ত্রসমাচ্ছন্না সাবিত্রীপ্রতিমাভবৎ॥ ততঃ কালেন কিয়তা সমায়াতে নিজালয়ে। কদাচিদুপবিষ্টস্তু কৌণ্ডিন্যো বহ্নিসন্নিধৌ॥ শীলয়া সহিতো বিপ্রস্তাপয়ন্নগ্নিমুত্তমম্॥ শীলায়া বামহস্তে তু দৃষ্টা বদ্ধং সুডোরকম্। কিমিদং ডোরকং হস্তে শীলাং প্রোবাচ স দ্বিজঃ॥ সুবর্ণমণিমাণিক্যভূষিতে বাহুপল্লবে। তন্মধ্যে সূত্রডোরঞ্চ কিমিদং ধার্য্যতে ত্বয়া॥ শীলোবাচ। অনন্তস্য হি দেবস্য ব্রতাঙ্গং সূত্রডোরকম্॥ যৎপ্রসাদাত্ত ধর্ম্মজ্ঞ ধনধান্যং গৃহে তব॥ তচ্ছ্রুত্বা প্রাবদত্তান্তু মুনিঃ কোপপরায়ণঃ॥ কোঽনন্ত ইত্যুদীর্য্যাথ ধৃত্বা চ করপল্লবম্। হস্তাদাকৃষ্য তড্ডোরং ক্ষিপ্তবান্ পাবকোপরি॥ হাহা কৃত্বা চ তড্ডোরং ক্ষীরৈর্নির্ব্বাপিতং সতী। তৎসূত্রং পট্টসূত্রেণ বেষ্টয়িত্বা পুনর্দধৌ॥ বিস্ময়াপন্নহৃদয়া মনস্যেবং ব্যচিন্তয়ৎ। ইত্থং বিচিন্ত্য সা সাধ্বী তূষ্ণীমালম্ব্য সংস্থিতা॥ তেন কর্ম্মবিপাকেন তস্য সা শ্রীঃ ক্ষয়ং গতা। অনন্তাক্ষেপদোষেণ জাতাস্তস্য বিপদ্দশাঃ॥ কিয়দ্বিত্তং জলে মগ্নং স্থলে দগ্ধঞ্চ বহ্নিনা॥ সুবর্ণমণিমাণিক্যং রাজ্ঞা বৈ সংহৃতং বলাৎ॥ গোধনং তস্করৈর্নীতং গৃহঞ্চাগ্নিপ্রদীপিতম্। স্বজনৈঃ কলহো নিত্যং তর্জ্জনং গর্জ্জনং তথা॥ অনন্তাক্ষেপদোষেণ মম দুর্গতিরীদৃশী। ইতি মত্বা দ্বিজশ্রেষ্ঠঃ শীলাং পপ্রচ্ছ দুঃখিতঃ॥ ব্রাহ্মণ উবাচ। কথমেতন্মহাদৈন্যমকস্মাৎ সমুপস্থিতম্। যদি জানাসি চার্ব্বঙ্গি কারণং কথয়স্ব মে॥ ততঃ সা বিনয়ৈর্যুক্তা

বক্তুং কিঞ্চিৎ প্রচক্রমে॥ শীলোবাচ। যদনন্তস্য ডোরং তে ক্ষিপ্তমাসীচ্চ পাবকে। নূনং তেন চ দোষেণ সংপ্রাপ্তেয়ং বিপদ্দশা॥ স শীলাবচনং শ্রুত্বা কৌণ্ডিন্যশ্চিন্তিতোঽভবৎ। অনন্তাক্ষেপদোষেণ জাতদৈন্যো হি নিশ্চিতম্॥ তস্মাদনন্তমুদ্দিশ্য গন্তব্যং গহনং বনম্॥ ইতি নিশ্চিত্য মুনিনা কৌণ্ডিন্যেন তথা কৃতম্। কুত্র পশ্যামি তং দেবং ব্রুবন্নেবং বনং যযৌ॥ ব্রতঞ্চ নিয়মঞ্চৈব ব্রহ্মচর্য্যং চরন্ দ্বিজঃ। বিকলঃ প্রযযৌ পার্থ সোঽরণ্যং জনবর্জ্জিতম্॥ তত্রাপশ্যন্মহাচূতং ফলিতং পুষ্পিতং তথা। বর্জ্জিতং পক্ষিসংঘেন কীটকৈশ্চ বিশেষতঃ॥ তমপৃচ্ছদ্দ্বিজোঽনন্তঃ কশ্চিদ্দৃষ্টস্ত্বয়া দ্রুম॥ চূতদ্রুমোঽপ্যুবাচৈনং নানন্তো বীক্ষিতো ময়া। অনন্তং যদি পশ্যামি কিমবস্থা মমেদৃশী॥ এবং নিরাকৃতস্তেন গাং দদর্শ সবৎসিকাম্। তৃণমধ্যে প্রধাবন্তীমিতশ্চেতশ্চ পাণ্ডব॥ সোঽব্রবীদ্ধেনো মে ব্রূহি কিমনন্তস্ত্বয়েক্ষিতঃ। গৌরপ্যুবাচ কৌণ্ডিন্যং নানন্তো বীক্ষিতো ময়া। অনন্তং যদি পশ্যামি কিমবস্থা মমেদৃশী॥ ততো ব্রজন্ দদর্শাগ্রে গোবৃষং শাদ্বলে স্থিতম্। দৃষ্ট্বা পপ্রচ্ছ গোস্বামিন্ কিমনন্তস্ত্বয়েক্ষিতঃ॥ গোবৃষস্তমুবাচাথ নানন্তো বীক্ষিতো ময়া। অনন্তং যদি পশ্যামি কিমবস্থা মমেদৃশী॥ ততো ব্রজন্ দদর্শাগ্রে রম্যং পুষ্করিণীদ্বয়ম্। ছন্নং কুমুদকহ্লারৈঃ কমলোৎপলমণ্ডিতম্॥ অন্যোন্যজলকল্লোলবীচিবিক্ষেপশীতলম্। প্রাণিভির্ন হি পীয়ন্তে তজ্জলানি তৃষার্ত্তিভিঃ॥ একস্তু ভ্রমরৈর্হংসৈশ্চক্রবাকৈশ্চ সেবিতম্। অন্যৎ পক্ষিগণৈর্হীনং পদ্মসৌগন্ধ্যবর্জ্জিতম্॥ পুষ্করিণীঞ্চ পপ্রচ্ছ কিমনন্তস্ত্বয়েক্ষিতঃ। আবাভ্যাং বীক্ষিতো বিপ্র নানন্তস্তৌ তমূচতুঃ॥ ততো ব্রজন্ দদর্শাগ্রে গর্দ্দভং কুঞ্জরং তথা। খরশ্চ কুঞ্জরঃ পৃষ্টঃ কিমনন্তস্ত্বয়েক্ষিতঃ॥ তমূচতুস্তাবাবাভ্যাং নানন্তো বীক্ষিতঃ ক্বচিৎ॥ তয়োর্বার্ত্তামবজ্ঞায় ততশ্চিন্তাপরোঽভবৎ। শ্রীমন্নাথ পরিত্রাহি ব্রুবন্ স মূর্চ্ছিতো ভুবি॥ তস্মিন্ ক্ষীণেঽতিনির্ব্বিণ্ণে কৌণ্ডিন্যে মুনিসত্তমে। কৃপয়ানন্তদেবোঽপি প্রত্যক্ষং সমুপাগতঃ॥ বৃদ্ধব্রাহ্মণরূপেণ প্রত্যক্ষমভবত্তদা। ঈষদ্ধাস্যসমাযুক্তো বভাষে তং দ্বিজোত্তমম্॥ উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভো বিপ্র ত্যজ খেদং মুদং কুরু। দর্শয়ামি তবানন্তং ভক্তানুগ্রহকারকম্॥ ইত্যুক্ত্বা চ করে ধৃত্বা প্রবিবেশ গুহাগৃহম্। স্বরূপং দর্শয়ামাস দিব্যনারীগণৈর্বৃতম্॥ সিংহাসনে সুখাসীনং শঙ্খচক্রাব্জশোভিতম্। গদয়া গরুড়েনাপি সেবিতং বিশ্বরূপিণম্॥ তং দৃষ্ট্বা স দ্বিজো ভূমৌ দণ্ডবন্নিপপাত হ॥ পাপোঽহং পাপকর্ম্মাঽহং পাপাত্মা পাপসম্ভবঃ। ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্ব্বপাপহরো ভব॥ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্। যত্ত্বদাঙ্ঘ্রিযুগাব্জে চ মূর্দ্ধা মে ভ্রমরায়তে॥ জানতাজানতা বাপি যোঽপরাধঃ কৃতো ময়া। তং ক্ষমস্ব

জগন্নাথ ত্বদ্‌ব্রতং প্রকরোম্যহম্॥ ততঃ প্রসন্নো ভগবান্ সর্ব্বভূতান্তরস্থিতঃ। উবাচ তং মহাভাগ কৌণ্ডিন্যং ভক্তবৎসলম্॥ বরং বৃণুষ্ব বিপ্রেন্দ্র যং বরং মনসেচ্ছসি। ইতি শ্রুত্বা ততো বাক্যমনন্তস্য জগৎপতেঃ। স বিপ্রঃ প্রার্থয়ামাস বরমেকং সুদুর্ল্লভম্॥ তচ্ছ্রুত্বানন্তদেবোঽপি দদৌ তস্মৈ বরত্রয়ম্। দারিদ্র্যনাশনং ধর্ম্মং বিষ্ণুলোকমথাক্ষয়ম্॥ তস্মাদ্‌বিপ্র গৃহং গচ্ছ ধনধান্যসুতান্বিতম্। শীলয়া সহিতঃ স্বর্গমন্তকালে প্রযাস্যসি॥ প্রতিগৃহ্য দ্বিজোঽপ্যাহ ভগবন্ কিং ময়েক্ষিতম্। প্রসন্নো যদি মে দেব কথয়স্ব মহাপ্রভো॥ যো যো দৃষ্টো ময়ারণ্যে কে তে চূত-ক্রমাদয়ঃ। কোঽয়ং বৃষশ্চ কা ধেনুর্বক্ষঃ পুষ্করিণীদ্বয়ম্। কঃ খরঃ কুঞ্জরো বাপি তন্মে ব্রূহি জনার্দ্দন॥ শ্রীভগবানুবাচ। যো বৈ চূতস্ত্বয়া দৃষ্টস্ত্বভোগ্যফলপুষ্পকঃ। গোদাবরীতীরবাসী স বিদ্যাপতিনামকঃ॥ বেদবিদ্যাসমাযুক্তঃ সর্ব্বশাস্ত্রবিশারদঃ। উপসন্নেভ্যঃ শিষ্যেভ্যো গর্ব্বাদ্বিদ্যাং ন দত্তবান্॥ অভোগ্যঃ ফলকীটৈশ্চ তেনাসৌ চূততাং গতঃ॥ সা গৌর্বসুন্ধরা যা তু নিষ্ফলা প্রতিপাদিতা। পুরা কৃতবতী কাচিৎ নিষ্ফলা ভূমিদানতঃ। গৃহীতা তেন পাপেন বনগৌনির্জ্জনেঽভবৎ॥ অরণ্যে গোবৃষো বিপ্র ত্বয়া দৃষ্টঃ সুবিস্মিতঃ। কর্ম্মচৌরোঽতিদুষ্টাত্মা সেবকঃ প্রভুবঞ্চকঃ॥ তেন পাপেন দুষ্টাত্মা বৃষভোঽসৌ বনেঽভবৎ॥ পুষ্করিণ্যৌ চ যে দৃষ্টে ভবতা দ্বিজসত্তম। পুরা তাভ্যাং সপত্নীভ্যামন্যোন্যং বঞ্চিতঃ পতিঃ॥ তেনৈবাদানমাত্রেণ পুষ্করিণ্যৌ বভূবতুঃ। কুঞ্জরো মদগর্ব্বিত্বাৎ খরস্তু ক্রোধ-সম্ভবঃ॥ ব্রাহ্মণোঽহমনন্তোঽস্মি গৃহং গচ্ছ ব্রতং কুরু। পুনস্তব সমৃদ্ধিশ্চ ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ভুক্ত্বা ভোগাংশ্চ বিপুলান্ প্রাপ্স্যসি ত্বং পরং পদম॥ ইতি তস্মৈ বরং দত্ত্বা স দেবোঽন্তর্দধেঽপি চ॥ ততো বিপ্রো ব্রজন্ মার্গে তান্ সর্ব্বাংশ্চ দদর্শ হ। তেভ্য এবং তদুক্ত্বা চ জগাম নিজমন্দিরম॥ ধনঞ্চ পূর্ব্ববদ্দৃষ্ট্বা ব্রতং কৃত্বা যথাবিধি। শীলয়া সহ ধর্ম্মাত্মা ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্॥ অন্তে জগাম স মুনির্ব্বিষ্ণুলোকমথাক্ষয়ম্॥ অনন্তব্রতপর্ব্বেণ পরিপূর্ণেন পার্থিব। অনন্তস্য প্রিয়ো ভূত্বা পদং গচ্ছ নিরাময়ম্॥ শৃণোতি যো বৈ সততং বাচ্যমানং যুধিষ্ঠির। ব্রহ্মহাপি বিমুক্তঃ সন্ পরং যাতি পদং ধ্রুবম॥ ইদং ব্রতং ময়োক্তন্তে ত্বয়া প্রোক্তং যদীপ্সিতম্। লোকানামুপকারায় অবতীর্ণোঽস্মি ভূতলে॥ এবং ময়া তে কথিতং ব্রতানাং ব্রতমুত্তমম্॥ চরানন্তব্রতং পার্থ বর্ষাণি নব পঞ্চ চ। সর্ব্বদুঃখাদ্বিনিস্তীর্য্য মামন্তে সমবাপস্যসি॥

ইত্যনন্তব্রতকথা॥

## অঘোরচতুর্দ্দশী-ব্রত।

ভাদ্রমাসে কৃষ্ণচতুর্দ্দশীতে এই ব্রত করণীয়। দিবাভাগে দণ্ডদ্বয় ত্রয়োদশীর অন্তে চতুর্দ্দশী ঘটিলে ঐ দিনই ব্রত হইবে। প্রদোষকালে এই ব্রত আরম্ভ করিয়া রাত্রিজাগরণ করত প্রহরে প্রহরে অর্চ্চনা করিতে হয়। অগ্রে স্বস্তিবাচনাদি করিয়া "ওঁ সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্রপাঠান্তে নিম্নোক্ত বাক্যে সঙ্কল্প করিবে, যথা,—

ওঁ তৎসদদ্য ভাদ্রে মাসি কৃষ্ণে পক্ষে চতুর্দ্দশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা শিবলোকপ্রাপ্তিকামঃ অঘোরচতুর্দ্দশীব্রতমহং করিষ্যে।

তৎপরে সূক্তপাঠ, সামান্যার্ঘ্যাদি, ভূতশুদ্ধ্যাদি, গণেশাদি দেবতা, নবগ্রহ, দশ দিক্‌পাল ইত্যাদির পূজা করত ক্ষীররচিত শিবলিঙ্গের অর্চ্চনা কর্ত্তব্য অর্থাৎ শিবরাত্রিব্রত-নিয়মানুযায়ী শিবলিঙ্গস্থাপনাদি করত ধ্যান সহকারে মানসপূজা ও পুনর্ধ্যান করিয়া আবাহন্যাদি মুদ্রা প্রদর্শন করিবে।

বিশেষ নিয়ম।—মানপত্র দ্বারা আসন প্রদান কর্ত্তব্য। অর্ঘ্যে বকপুষ্প প্রদাতব্য এবং ঘৃতদীপ জ্বালিবে। প্রহরে প্রহরে স্নপন ও অর্চ্চনা করিতে হয়। তৎপরে ঘৃতসমন্বিত গন্ধমাল্য ও বিল্বপত্র দ্বারা "ওঁ নমঃ শিবায় স্বাহা" মন্ত্রে যথাশক্তি পূজা করিতে হয়। তদনন্তর শিবকে ডালা উৎসর্গ করিয়া দিয়া ব্রাহ্মণকে বারিকুম্ভ দিবে এবং ভোজ্য উৎসর্গ করত কথাশ্রবণ, দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

ব্রত-কথা।—মেরুপৃষ্ঠে সুখাসীনা পার্ব্বতী কৌতুকং যযৌ। সিংহাসনং সমারুহ্য গতা বৈবস্বতং পুরম্॥ তত্র পশ্যতি সা দেবী নরকঞ্চ সহস্রশঃ॥ অধশ্চোর্দ্ধমুখাশ্চৈব বহুদুঃখসমাকুলাঃ। ভ্রমন্তি বহুধা লোকাঃ কিঙ্করৈরভি-তাড়িতাঃ॥ তান্ বিলোক্য তদা দেবী গত্বা চ নিজমন্দিরম্। প্রণম্য শঙ্করং নাথং পপ্রচ্ছ সর্ব্বমাদৃতা॥ দেব্যুবাচ। যমালয়ে মহাঘোরে তিষ্ঠন্তি নরকাণি চ। কেন কর্ম্মবিপাকেন বসন্তি তত্র মানবাঃ। তন্মে কথয় দেবেশ বিস্তরাৎ সর্ব্বমাদিতঃ॥ শঙ্কর উবাচ। ব্রহ্মহা পিতৃহা গোঘ্নঃ সুরাপো গুরুতল্পগঃ। প্রায়শ্চিত্তমকুর্ব্বাণা ভ্রমন্তি নিরয়ে জনাঃ॥ পতিং শ্বশ্রূং গুরুং দেবং বন্ধুং চাপত্য-মেব চ। হিংসাং কৃত্বা মৃতা যে চ তিষ্ঠন্তি নিরয়ে শুভে॥ ইতি শ্রুত্বাথ সা দেবী উবাচ শঙ্করং প্রতি। কেন ব্রতেন ভো নাথ স্বর্গং গচ্ছন্তি মানবাঃ। ন যান্তি নরকে ঘোরে তন্মে কথয় শঙ্কর॥ শঙ্কর উবাচ। অস্তি গুহ্যতমং দেবি

ব্রতানাং ব্রতমুত্তমম্। তব প্রেমবশাদ্দেবি কথয়ামি চ তে কথাম্॥ সিংহরাশি-গতে ভানৌ কৃষ্ণা যা চ চতুর্দ্দশী। মামর্চ্চয়ন্তি তত্রৈব নরকং ন ব্রজন্তি তে॥ অঘোরা ইতি বিখ্যাতা ত্রৈলোক্যে হ্যতিদুর্লভা। বিধানং তস্য বক্ষ্যামি ব্রতস্যাস্য শুভব্রতে॥ পূর্ব্বস্মিন্ দিবসে দেবি যতাহারো শুচির্ভবেৎ। নিরাহারঃ শুচির্ভূত্বা ব্রতারম্ভঃ পরেঽহনি॥ জলেন পূরিতং কুম্ভং দদ্যাদর্ঘ্যচতুষ্টয়ম্। প্রহরে প্রহরে স্নানমবশ্যঞ্চ প্রকল্পয়েৎ॥ মানপত্রোপরি শিবং স্থাপয়েচ্চ প্রযত্নতঃ। ক্ষীরেণ নির্ম্মিতং দেবং মাং তত্রৈব সমর্চ্চয়েৎ॥ ঘৃতেন দীপং প্রজ্বাল্য পূজয়ে-দ্ভক্তিসংযুতঃ। ততো জাগরণং কৃত্বা লভতে বাঞ্ছিতং ফলম্॥ চতুর্থপ্রহরে দেবি দদ্যাদর্ঘ্যচতুষ্টয়ম্। অপরে দিবসে দেবি পারণঞ্চ সমাচরেৎ। হোমং কুর্য্যাৎ প্রযত্নেন আত্মনো হিতমিচ্ছতা॥ নমঃ শিবায়েতি মন্ত্রেণ বিল্বপত্রৈ-র্ঘৃতৈরপি। সভোজ্য-দক্ষিণাঞ্চৈব ব্রাহ্মণায় প্রদাপয়েৎ॥

ইতি শ্রীলিঙ্গপুরাণে অঘোরচতুর্দ্দশী-ব্রতকথা।

---

## আলোকামাবস্যা-ব্রত।

ভাদ্রী অমাবস্যাতে এই ব্রত করণীয়। প্রথমে নিত্যক্রিয় হইয়া স্বস্তি-বাচনাদি করিয়া সঙ্কল্প করিবে, বাক্য যথা—

বিষ্ণুর্নমোঽদ্য ভাদ্রে মাসি কৃষ্ণে পক্ষে অমাবস্যাস্তিথাবারভ্য ষড়্ বর্ষং যাবৎ প্রতিবর্ষীয়-ভাদ্রামাবস্যায়াং অমুকগোত্রা অমুকীদেবী শ্রীবিষ্ণুপ্রীতিকামা যথোক্তবিধিনালোকামাবস্যাব্রতমহং করিষ্যে।

পরে সঙ্কল্পসূক্তাদি পাঠ, সামান্যার্ঘ্য ও ন্যাসাদি করত (১৫২-১৬৩ পৃঃ) গণেশাদি দেবতাগণকে অর্চ্চনা করিয়া যথাশক্তি বিষ্ণু ও লক্ষ্মীর অর্চ্চনা করিবে। অনন্তর ভোজ্য উৎসর্গ করিয়া কথা শ্রবণ করিতে হয়।

ব্রত-কথা। তীর্থযাত্রাদিকং কৃত্বা নারদো মুনিসত্তমঃ। সর্ব্বানুর্বীন্নমস্কৃত্য যমলোকং গতস্তদা॥ গত্বা যমালয়ং ঘোরমন্ধকারং নিরাশ্রয়ম্। ভীতেন মনসা তত্র চিন্তয়ামাস নারদঃ॥ যাম্যং তমোময়ং ঘোরং স্থানং প্রাপ্য নরা-ধমাঃ। তিষ্ঠন্তি নরকে ঘোরে হতবিজ্ঞানচেতসঃ॥ কিমিদং জগতাং রূপং তদহং জ্ঞাতুমুৎসহে॥ ইতি সঞ্চিন্ত্য মনসা ব্রহ্মলোকং গতো মুনিঃ। ব্রহ্মণঃ স্থানমাসাদ্য স্তুতিং কর্ত্তুং সমুদ্যতঃ॥ নারদ উবাচ। নমো বিশ্বসৃজে তুভ্যং নমো বিশ্বোপকারিণে। ধর্ম্মার্থকামমোক্ষাণাং কারণায় মহাত্মনে॥ শ্রুত্বা

স্তোত্রং ততো ব্রহ্মা নারদং প্রত্যভাষত ॥ ব্রহ্মোবাচ। কথমাগমনং বৎস কিং মাং পৃচ্ছসি নারদ। তদহং শ্রোতুমিচ্ছামি কথয়স্ব মমাগ্রতঃ॥ নারদ উবাচ। যমদ্বারে মহাঘোরে অন্ধকারে নিরাশ্রয়ে। তৎ কথং তীর্য্যতে ব্রহ্মন্ তন্মে ব্রূহি পিতামহ॥ নরাশ্চ তত্র সীদন্তি পীড্যন্তে যমকিঙ্করৈঃ। তেষাং নিস্তারণং দেব কথং ভবতি তদ্বদ ॥ ব্রহ্মোবাচ। শৃণু ত্বং পুত্র মদ্বাক্যং জগতাঞ্চ হিতং শুভম্। অমাবস্যাব্রতঞ্চৈব ন কৃতং পাপকর্ম্মভিঃ। তেন কর্ম্মবিপাকেন প্রেতত্বমুপজায়তে॥ নারদ উবাচ। অমাবস্যাব্রতস্যাস্য কিং ফলং কস্য পূজনম্। কদা বা ক্রিয়তে দেব বিধিং বিস্তার্য্য কথ্যতাম্॥ ব্রহ্মোবাচ। ভাদ্রে মাস্যসিতে পক্ষে অমাবস্যা যদা ভবেৎ। শুভে কালে শুভে লগ্নে ব্রতং তত্র সমারভেৎ॥ অবিচ্ছিন্নশিখাদীপং মাসি মাসি প্রদাপয়েৎ। তিলতৈলেনাব্দদ্বয়ং ঘৃতেনাব্দচতুষ্টয়ম্॥ ষষ্টিদণ্ডাত্মিকা যাবদমাবস্যা নিরন্তরম্। প্রজ্বাল্য চ ততো দীপং তৈলেনৈব ঘৃতেন বা॥ ষড়্বর্ষঞ্চ বিধানেন যা করোতি পতিব্রতা। অন্ধকারং তমো যাম্যং তীর্য্যতে বান্ধবৈঃ সহ॥ ধনধান্যসমাযুক্তা পুত্রপৌত্রসমন্বিতা। ইহ কীর্ত্তিসমাযুক্তা চান্তে যাতি হরেঃ পদম্॥ অব্দদ্বয়মলবণং হবিষ্যেণ দ্বয়ন্তথা। ফলৈনৈকস্তু কর্ত্তব্যমুপবাসৈঃ প্রতিষ্ঠয়েৎ॥ ব্রাহ্মণায় সুভোজ্যঞ্চ মাসি মাসি প্রদাপয়েৎ। সম্পূর্ণে তু ব্রতে তত্র প্রতিষ্ঠা তদনন্তরম্॥ প্রতিষ্ঠাসময়ে দেয়া দীপাঃ ষট্ চ যথাবিধি। লৌহযষ্টিসমাযুক্তাস্তাম্রাধারসমন্বিতাঃ॥ জ্বালয়েদ্ঘৃতপূরেণ রজতেন শলাকয়া। দত্ত্বা ষোড়শ দানানি বিধানেন প্রতিষ্ঠয়েৎ॥ তাম্রপাত্রে প্রতিষ্ঠাপ্য স্নানং বৈদিকমন্ত্রকৈঃ। ততো মণ্ডলমধ্যস্থং পূজয়েদ্গন্ধপুষ্পকৈঃ। ধূপদীপৈশ্চ নৈবেদ্যৈর্বস্ত্রযজ্ঞোপবীতকৈঃ॥ হোমং কুর্য্যাৎ স্বসূক্তেন বৈষ্ণবেন পুরোধসা। বিষ্ণবে ডল্লকং দদ্যাৎ নানাবস্ত্রপ্রপূরিতম্॥ ব্রতমুদ্বাপয়েদ্যত্নাদ্ব্রাহ্মণায় প্রবোধিনে। শক্তশ্চেদ্দক্ষিণাং দদ্যাদ্ ব্রতোদ্যাপনকর্ম্মণি॥ অনেনৈব বিধানেন যা করোতি ব্রতং শুভম্। অন্ধকারং ততো যাম্যং মুচ্যতে নাত্র সংশয়ঃ॥ আত্মনশ্চ তথা ভর্ত্তুঃ শ্বশুরস্য পিতুস্তথা। পুত্রাণামপি জামাতুর্দুহিতুস্তদনন্তরম্॥ সম্বন্ধিনশ্চ ভৃত্যানাং তথৈবাশ্রমবাসিনাম্। সর্ব্বং কুলং সমুদ্ধৃত্য সা গচ্ছতি হরেঃ পদম্॥

ইতি ভবিষ্যপুরাণোক্তালোকামাবস্যাব্রতকথা।

## অগস্ত্যার্ঘ্য-দান।

রবির কন্যাসংক্রমণের অব্যবহিত দিনত্রয়মধ্যে কৃতনিত্যক্রিয় হইয়া তিলকুশজলপূর্ণ পাত্র লইয়া সঙ্কল্প করিবে। বিষ্ণুরোম্ তৎসদন্ত ভাদ্রে মাসি সিংহরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা সর্ব্বাভিলষিতসিদ্ধিকামোঽগস্ত্যপূজনমহং করিষ্যে। সঙ্কল্পান্তে সূক্তপাঠ, আসনশুদ্ধ্যাদি (১৫২ পৃঃ) করিয়া দক্ষিণমুখে এতৎপাদ্যং ওঁ অগস্ত্যায় নমঃ মন্ত্রে পূজা করিয়া শঙ্খে শ্বেতবকপুষ্পাক্ষত-জলযুক্ত অর্ঘ্য লইয়া "ইদমর্ঘ্যং ওঁ কাশপুষ্পপ্রতীকাশ অগ্নিমারুতসম্ভব। মিত্রাবরুণয়োঃ পুত্র কুম্ভযোনে নমোঽস্তু তে ওঁ অগস্ত্যায় নমঃ।" এইরূপে অন্যান্য উপচারদানান্তে প্রার্থনা করিবে, ওঁ বাতাপির্ভক্ষিতো যেন আতাপিশ্চ মহাসুরঃ। সমুদ্রঃ শোষিতো যেন স মেঽগস্ত্যঃ প্রসীদতু॥

---

( আশ্বিন কৃত্য )

## মানচতুর্থী-ব্রত।

আশ্বিনমাসের শুক্লা চতুর্থীতে অস্মদ্দেশীয় মহিলারা মানলাভার্থ চতুর্থী-ব্রত করিয়া থাকেন। ইহার ফলে নারীগণ বহুপুত্রিণী হয়। প্রমাণ যথা—

আশ্বিনে শুক্লপক্ষস্য যা তিথিঃ স্যাচ্চতুর্থিকা।
মানদাত্রী তিথিঃ সা চ পুত্রিণী তদ্ব্রতেন চ॥

শুদ্ধকালে ঐ তিথিতে এই ব্রত লইতে হয়। চারি বৎসরে সম্পূর্ণ হইবে। দুইটি অচ্ছিন্ন মানপত্র গ্রহণ পূর্ব্বক এক পত্রে হরপার্ব্বতীর রজতকাঞ্চনময়ী মূর্ত্তি স্থাপন করিয়া অর্চ্চনা করিবে; অপরটিতে অর্চ্চনান্তে ব্রতকারিণী হবিষ্যান্ন সেবন করিবেন। প্রতিষ্ঠাকালে স্বর্ণের মানপত্রে হরপার্ব্বতীর অর্চ্চনা করিতে হয়। দেবমূর্ত্তি রৌপ্যে এবং দেবীমূর্ত্তি স্বর্ণে করিবে।

পূজাপ্রণালী।—পূর্ব্বদিন বারেকমাত্র নিরামিষ ভোজন করিয়া, পর-দিবসে স্নানাদি নিত্যক্রিয়া-সমাধান্তে গুরু, গণেশ, নবগ্রহ, শিবাদি পঞ্চদেবতা, ইন্দ্রাদিদশদিক্পাল, নারায়ণ প্রভৃতিকে এক একটি ফুল দিয়া স্বস্তিবাচন পূর্ব্বক নিম্নকথিত বাক্যে সঙ্কল্প করিবে যথা—

বিষ্ণুর্নমোঽদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে চতুর্থ্যাস্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী পুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্ন-সন্ততিমদৈশ্বর্য্যপ্রাপ্তিপূর্ব্বকমানপ্রাপ্তিকামা

বর্ষচতুষ্টয়ং যাবৎ প্রতিবর্ষীয়াশ্বিনমাসীয়-শুক্লচতুর্থ্যাং গণপত্যাদিনানাদেবতা-পূজাপূর্ব্বক-গৌরী-শঙ্কর-পূজা-কথাশ্রবণ-ভোজ্যোৎসর্গাদিরূপং মানচতুর্থী-ব্রতমহং করিষ্যে।

অনন্তর সঙ্কল্পসূক্ত পাঠ, আসনশুদ্ধি, জলশুদ্ধি ও ভূতশুদ্ধ্যাদি (১৫২-১৬৩ পৃঃ) করিয়া গণেশাদি দেবতাগণকে অর্চ্চনা করত গৌরীর অর্চ্চনা করিতে হয়। ধ্যান ধ্যানপ্রকরণে লিখিত আছে। সেই ধ্যানে স্বীয় মস্তকে পুষ্প দিয়া মানসপূজা ও অর্ঘ্যাদিস্থাপন পূর্ব্বক পুনর্ধ্যান করত যথাশক্তি উপচারে গৌরীর অর্চ্চনা করিবে। পরে শিবের পূজা করত আবরণদেবতার অর্চ্চনা করিয়া কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—যুধিষ্ঠির উবাচ। ব্রতেন কেন ভগবন্ মাননীয়া ভবিষ্যতি। পুত্রিণী চ ভবেন্নারী কেন বারোগ্যমাপ্নুয়াৎ॥ শ্রীকৃষ্ণ উবাচ। আশ্বিনে শুক্লপক্ষস্য যা তিথিঃ স্যাচ্চতুর্থিকা। মানদাত্রী তিথিঃ সা চ পুত্রিণী তদ্‌ব্রতেন চ॥ যুধিষ্ঠির উবাচ। পুরা কেন ব্রতং চীর্ণং মর্ত্ত্যে কেন প্রকাশিতম্। পূজনং কস্য দেবস্য বিধানং বাপি কীদৃশম্। তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামি তন্মে নিগদ সত্তম॥ শ্রীকৃষ্ণ উবাচ। আসীৎ পুরা কৃতযুগে বশিষ্ঠো নাম বৈ দ্বিজঃ। তস্য পত্নী সমাখ্যাতা সুশীলা গুণশালিনী॥ কদাচিদতিহর্ষেণ মরীচেঃ সন্নিধিং গতা। প্রণম্য চ ঋষিং প্রাহ মান-প্রাপ্তি-ব্রতার্থিনী॥ ঋষিঃ সম্যগ্‌ব্রতং প্রাহ যৎ কর্ত্তব্যং বিধানতঃ॥ মরীচিরুবাচ। ইষে মাসি সিতে পক্ষে চতুর্থী যা তিথিঃ শুভা। তস্যাং প্রপূজয়েদ্দেবীং শঙ্করঞ্চ তথৈব চ॥ যথোপপন্নজাতেন দ্রব্যেণ শ্রদ্ধয়ান্বিতা। মানপত্রদ্বয়ং নীত্বা নারী কুর্য্যাদ্‌ব্রতং মুদা॥ একপত্রে প্রযত্নেন পূজয়েদ্ধরপার্ব্বতীম্। অপরে তু হবিষ্যান্নং ভুঞ্জীত শ্রদ্ধয়ান্বিতা॥ ব্রতান্তে পূজয়েদ্দেবং স্বর্ণপত্রে বিশেষতঃ। ইহ লোকে সুখং প্রাপ্য মানিনী বহুপুত্রিণী॥ সা সর্ব্বকুলমুদ্ধৃত্য চান্তে যাতি শিবালয়ম্॥

ইতি ভবিষ্যোত্তরে মানচতুর্থীব্রত-কথা॥

---

## দুর্গা-ব্রত।

কালশুদ্ধিতে আশ্বিনমাসের শুক্লাষ্টমীতে এই ব্রত আরম্ভ করিবে। প্রতি-বর্ষীয় আশ্বিনের শুক্লাষ্টমীতে ব্রতাচরণ করত অষ্টম বর্ষে প্রতিষ্ঠা করিতে হয়। প্রমাণ যথা—

আশ্বিনস্ত তু মাসস্ত শুভে কালে সিতাষ্টমী।
তস্যাং কুর্য্যাদ্‌ব্রতমেতৎ যথোক্তবিধিনা দ্বিজ ॥

এই ব্রতে অষ্টবিধ ফল, অষ্টবিধ পুষ্প, অক্ষত, মনোহর কুম্ভ এবং ঘৃতপ্রদীপ প্রদান করিবে। অষ্ট-গ্রন্থি-বিশিষ্ট কুঙ্কুমাক্ত অথবা হরিদ্রাক্ত ডোরধারণ কর্ত্তব্য। ব্রতশেষে দেবী-প্রসাদ গোধূমপিষ্টক ভক্ষণ করিবে। পূর্ব্বদিবস যথাবিধি সংযম করিতে হয়। কি স্ত্রী কি পুরুষ সকলেই এই ব্রত করিতে পারে।

পূজা-পদ্ধতি।—স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নোক্ত বাক্যে সঙ্কল্প করিবে, যথা,—

বিষ্ণুর্ন্মোঽদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে অষ্টম্যাস্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী শ্রীদুর্গাপ্রীতিকামা ( কিংবা অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা, শ্রীদুর্গাপ্রীতিকামঃ ) অষ্টবর্ষাবধি-প্রতিবর্ষীয়াশ্বিন-শুক্লাষ্টম্যাং যথোক্তবিধিনা দুর্গাব্রতমহং করিষ্যে।

অনন্তর সূক্তপাঠ, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি ( ১৫২ পৃঃ ) ও অঙ্গন্যাস-করন্যাসাদি সমাপনান্তে ঘটস্থাপন ( ২৩৭ পৃঃ ) ও ঘটে গণেশাদি দেবতাগণের অর্চ্চনা করিবে। পরে পঞ্চবর্ণের গুঁড়ি দ্বারা সর্ব্বতোভদ্রমণ্ডল বা অষ্টদলপদ্ম প্রস্তুত করিয়া, তদুপরি কাঞ্চনময়ী মহিষাসুরনাশিনী দুর্গাপ্রতিমা স্থাপন করত অর্চ্চনা করিবে। কিন্তু যদি মৃন্ময়ী দুর্গাপ্রতিমার নিকট ব্রত করে, তবে আর কাঞ্চনময়ী প্রতিমার আবশ্যক নাই। ধ্যানপ্রকরণোক্ত ধ্যান করিয়া মানসোপচারে অর্চ্চনান্তে বিশেষার্ঘ্য স্থাপন করত—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদিপীঠদেবতাভ্যো নমঃ" বলিয়া পূজান্তে পুনর্ধ্যান করিয়া "ওঁ ভূর্ভুবঃস্বর্ভগবতি দুর্গে দেবি ইহাগচ্ছ" ইত্যাদি প্রণালীতে আবাহন করিয়া "বং রজতাসনায় নমঃ"—বলিয়া অর্চ্চনা করত "ইদং রজতাসনং—ওঁ দক্ষযজ্ঞ-বিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীং দুর্গায়ৈ নমঃ।" এই মন্ত্রে ষোড়শোপচারে অর্চ্চনা করিয়া "হ্রীং" এই মন্ত্র শক্ত্যনুসারে জপ করিবে। জপসমাপনান্তে 'গুহ্যাতিগুহ্য' মন্ত্রে জপ সমর্পণ করত অষ্টশক্তির অর্চ্চনা করিবে। অষ্টশক্তির নাম যথা—

উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, চণ্ডা, চণ্ডবতী, চণ্ডরূপা ও অতিচণ্ডিকা এই কয়টি অষ্টশক্তি।

অনন্তর অষ্টপুষ্প, অষ্টফল, জলপূর্ণ ঘট এবং ভোজ্য উৎসর্গ করিয়া ডোরধারণ কর্ত্তব্য। উহার মন্ত্র যথা—

ওঁ দুর্গে দেবি জগন্মাত্র ব্রতসূত্রমিদং তব।
বধ্নামি বাহুমূলেঽহং বরং দেহি যথেপ্সিতম্ ॥

তৎপরে কথা শ্রবণ করিতে হয়, যথা—

ব্রত-কথা।—কদাচিদ্দেবতাবৃন্দৈর্বেষ্টিতো ভগবানৃষিঃ। নারদঃ কৌতুকাবিষ্টঃ কথয়ন্ বিবিধাং কথাম্ ॥ উপবিষ্টং সুসন্তুষ্টং তমূচুর্দ্দেবতাগণাঃ ॥ দেবা উচুঃ। মুনে শুম্ভো নিশুম্ভশ্চ যে চান্যে দুষ্টদানবাঃ। তান্ সর্ব্বান্ সমরে হত্বা দেবী দুর্গা মহাবলা ॥ অস্মাকমভয়ং কৃত্বা দেবী গতা যথাসুখম্ ॥ তস্যাশ্চরিত মাহাত্ম্যং শ্রোতুমিচ্ছামহে বয়ম ॥ ত্বমেব হি দ্বিজশ্রেষ্ঠ সর্ব্বজ্ঞঃ সর্ব্বগো যতঃ ॥ অমরাণাং বচঃ শ্রুত্বা স মুনির্ধ্যানমাশ্রিতঃ। জ্ঞাত্বা দেব্যাঃ কথাং দিব্যাং কথয়ামাস হর্ষিতঃ ॥ নারদ উবাচ। শৃণুধ্বং দেবতাস্তস্যাশ্চরিতং সর্ব্বকামদম্। সর্ব্বাভীষ্টপ্রদঞ্চৈব পরলোকভয়াপহম্ ॥ আসীৎ পুরা কৃতযুগে রাজা হি সোমমণ্ডলে। চতুরঙ্গবলোপেতঃ সর্ব্বশাস্ত্রার্থপারগঃ। অনন্তসিদ্ধিরাখ্যাতস্তস্মন্ত্রী ত্রিকূটেশ্বরঃ ॥ কদাচিৎ শ্রুতবান্ রাজা মন্ত্রিবক্ত্রবিনির্গতাম্। কথাং পাপাত্মনাং নৃণাং পরলোকভয়াপহাম্ ॥ মন্ত্রিণং পরিপপ্রচ্ছ ন পশ্যামি কথং যমম্ ॥ অকৃত্বা সুকৃতং কর্ম্ম ভোগান্ ভুক্ত্বা যথাসুখম্। যজ্ঞদানতপোভিশ্চ ব্রতেনৈকেন কর্ম্মণা ॥ মন্ত্রী উবাচ। ঈশ্বরঃ সেব্যতাং রাজন্ স তে শ্রেয়ো বিধাস্যতি ॥ ইত্যুক্তো মন্ত্রিণা রাজা সমারাধ্য মহেশ্বরম্। জজাপ পরমং মন্ত্রং শৈবং সর্ব্বার্থসাধনম্ ॥ প্রাদুর্ভূতো মহাদেব্যা মহাদেবো বরপ্রদঃ ॥ ঈশ্বর উবাচ। প্রসন্নোঽহং মহারাজ বদ কিং করবাণি তে ॥ রাজোবাচ। প্রসন্নো যদি মে দেব দেব্যা সহ জগৎপতে। ধর্ম্মৈকং বদ দেবেশ যেনাহং যমসাধ্বসাৎ। মুক্তঃ সুখী ভবিষ্যামি কৃত্বা কর্ম্ম যদৃচ্ছয়া ॥ ঈশ্বর উবাচ। ধর্ম্মৈকং তে প্রবক্ষ্যামি গুহ্যাদ্গুহ্যতরং নৃপ। দুর্গাব্রতং মহারাজ ব্রতানাং ব্রতমুত্তমম্ ॥ যস্য করণমাত্রেণ যমঃ সন্ত্রাসমাপ্নুয়াৎ ॥ রাজোবাচ। কেন পূর্ব্বং সমাচীর্ণং কৃত্বা কিং ফলমাপ্যতে। কর্ত্তব্যং বিধিনা কেন ব্রূহি মে পরমেশ্বর ॥ ঈশ্বর উবাচ। শৃণুষ্ব তন্নৃপশ্রেষ্ঠ ইতিহাসসমুদ্ভবম্। আসীৎ কৃতযুগে পূর্ব্বং দ্বিজঃ শিখরসংজ্ঞকঃ ॥ অপুত্রো নির্দ্ধনঃ পাপী দ্বিজাচারবিবর্জ্জিতঃ। পরহিংসারতশ্চৌরঃ ক্রূরঃ পাপিজনপ্রিয়ঃ ॥ কদাচিদ্বিদুষাং গোষ্ঠ্যাং ধর্ম্মং কথয়তাং তু সঃ। মনসা চিন্তয়ামাস ন কিঞ্চিৎ সুকৃতং কৃতম্ ॥ কিমিদানীং করিষ্যামি কথং মে নিষ্কৃতির্ভবেৎ। ইতি চিন্তাকুলো বিপ্রো ভার্য্যাং প্রাহ সুদুঃখিতঃ ॥ ময়া কান্তে কৃতং পাপং পরলোকভয়াবহম্। ন পশ্যামি কথং ঘোরং যমং পাপিজনপ্রিয়ম্ ॥

ইত্যুক্ত্বা ভার্য্যয়া সার্দ্ধং তীর্থযাত্রাকৃতত্বরঃ। উদীচীং দিশমাস্থায় জগাম গহনং বনম্॥ ঘোরসত্ত্বসমাকীর্ণং সর্ব্বতো ভয়দর্শনম্। গত্বা বহুতরং দূরমুপবাসেন মূর্চ্ছিতঃ॥ অস্থিচর্ম্মাবশিষ্টোঽসৌ বিষণ্ণো বৃক্ষমূলকে। ভার্য্যয়া সহিতো বিপ্রঃ সম্পশ্যতি দিশো দশ॥ অস্মিন্নেব বনোদ্দেশে ঋষিসঙ্ঘং দদর্শ সঃ। পূজয়ন্তং স্তুবন্তঞ্চ কথয়ন্তং শুভাং কথাম্॥ উপগম্য ততস্তাংস্তু মুনীন্ প্রাহ সভার্য্যকঃ। বদ্ধাঞ্জলিপুটো ভূত্বা নমস্কৃত্য পুনঃ পুনঃ॥ কিং কর্ম্ম ক্রিয়তে বিপ্রাঃ কৃত্বা কিং ফলমাপ্যতে। বিধানং কীদৃশঞ্চাস্য দেবতা কা চ পূজ্যতে॥ ঋষয়ঃ উচুঃ॥ দুর্গাব্রতমিদং বিপ্র সর্ব্বপাপপ্রণাশনম্। সর্ব্বসিদ্ধিপ্রদং নৃণাং মোচনং যমজাদ্ভয়াৎ॥ বিধানঞ্চাস্য বক্ষ্যামি শৃণু বিপ্র সমাহিতঃ। আশ্বিনস্য তু মাসস্য শুভে কালে সিতাষ্টমী। কুর্য্যাদ্ব্রতমিদং ভক্ত্যা যথোক্তবিধিনা দ্বিজ। দন্তধাবনপূর্ব্বং হি স্নানং কৃত্বা বিচক্ষণঃ। নিব্রণং কুম্ভমাদায় স্থাপয়েদ্দেবী-মন্দিরে॥ স্থাপয়েত্তত্র দীপঞ্চ ঘৃতপূর্ণং সমুজ্জ্বলম্। রাত্রিকালে তু সংপ্রাপ্তে মণ্ডলং কারয়েদ্ব্রতী॥ দুর্গাং তত্রৈব সংস্থাপ্য মহিষাসুরমর্দ্দিনীম্। অর্ঘ্যাদ্যৈঃ পূজয়েদ্দেবীং মূলমন্ত্রেণ তৎপরঃ॥ নৈবেদ্যং বিবিধং দদ্যাৎ পুষ্পাঞ্জলিসমন্বিতম্। অষ্টৌ পুষ্পাণি দেয়ানি ফলান্যষ্টৌ তথৈব চ॥ অষ্টগ্রন্থিসমাযুক্তং কুঙ্কুমাক্তং সুডোরকম্। মন্ত্রেণানেন ভো বিপ্র বিন্যসেদ্বাহুমূলকে॥ দুর্গে দেবি জগদ্ধাত্রি ব্রতসূত্রমিদং তব। বধ্নামি বাহুমূলেঽহং বরং দেহি যথেপ্সিতম্॥ এবং নির্ব্বর্ত্ত্য পূজাঞ্চ দদ্যাদ্বিপ্রায় দক্ষিণাম্। দিবসে বাপি তৎ কার্য্যং ব্রতং শক্ত্যনুরোধতঃ॥ অপূপং ভক্ষয়েদ্বাপি ভক্তিরেবাত্র কারণম্॥ অনেন বিধিনা কৃত্বা শ্রুত্বা দেব্যাঃ কথামিমাম্॥ ফলমূলাশনো ভূত্বা তাং নিশাং ক্ষপয়েদ্ব্রতী॥ বিপ্রাদ্যাশ্চৈব যে বর্ণা স্ত্রিয়শ্চৈব দ্বিজোত্তম। করিষ্যন্তি ব্রতং যে চ তে সর্ব্বে ফলভাগিনঃ॥ সম্পূর্ণে চাষ্টমে বর্ষে ব্রতস্যোদ্যাপনঞ্চরেৎ॥ ততো বিপ্রো বিধিং শ্রুত্বা নমস্কৃত্য পুনঃ পুনঃ। গৃহং প্রাপ্য চ হৃষ্টাত্মা চকার ব্রতমুত্তমম্॥ ঈশ্বর উবাচ। তৎপ্রসাদান্মহীপাল ভুক্ত্বা ভোগান্ মনোহরান্। উৎপাদ্য পুত্রান্ পৌত্রাংশ্চ ইষ্টা যজ্ঞং সদক্ষিণম্॥ আয়ুষোঽন্তে ততো বিপ্রঃ সুখ-মৃত্যুমবাপ সঃ॥ তং জ্ঞাত্বা ধর্ম্মরাট্ ক্রুদ্ধঃ প্রাহ তান্নিজকিঙ্করান্॥ মৃতোঽসৌ পাপকর্ম্মা বৈ দ্বিজঃ শিখরসংজ্ঞকঃ। তমানয়ত শীঘ্রং হি নিগৃহ্য চ যথেচ্ছয়া॥ ধর্ম্মরাজবচঃ শ্রুত্বা দূতা মুদ্গরপাণয়ঃ। গতা হৃষ্টাঃ সমানেতুং দ্বিজঞ্চ পাপকারিণম্॥ তং দৃষ্ট্বা বিস্মিতা দূতা বিমানস্থং দ্বিজোত্তমম্। দুর্গাগণৈঃ পরিবৃতঃ শূলশক্ত্যৃষ্টি-পাণিভিঃ। উচুর্ব্বাক্যং ততো দূতা গণান্ দুর্গাসমাশ্রয়ান্॥ অসৌ পাপী

দুরাচারো ভবদ্ভির্নীয়তে কথম্। ত্যক্ত্বৈনং পাপিনং বিপ্র পলায়ধ্বং যথাসুখম্॥ স্নায়ুপাশেন বদ্ধৈনং নেষ্যামো যমমন্দিরম্॥ ইত্যাকর্ণ্য গণাঃ সর্ব্বে যমদূতান্ ভয়ঙ্করান্। শূলমুদ্যম্য সহসা নিজঘ্নুর্বলদর্পিতাঃ॥ নির্দগ্ধাস্তেজসা তেষাং যমদূতাঃ পলায়িতাঃ। সোঽপি বিপ্রো বিমানস্থো দেবীগণসমাবৃতঃ। দেবলোকং তদা গত্বা দুর্গায়াঃ পুত্রতাং গতঃ॥ কথিতং তে ময়া রাজন্ গচ্ছ ত্বং নিজমন্দিরম্। ইদং ব্রতবরং কৃত্বা ভুক্ত্বা রাজ্যমকণ্টকম্। অদৃষ্ট্বা ধর্ম্মরাজঞ্চ অন্তে যাস্যসি মৎপুরম্॥ সংসার-সাগরতরঙ্গকুলং বিজিত্য, বাঞ্ছন্তি যে মম পুরে সততং নিবাসম্। সম্পূজ্য তাং ত্রিভুবনেশকিরীটপাদাং, কুর্ব্বন্তি মঙ্গলকরং ব্রতমুত্তমং তে॥ ইত্যুক্ত্বা তং মহাদেবস্তত্রৈবান্তরধীয়ত॥ নারদ উবাচ। বরং প্রাপ্য মহীপালঃ প্রণম্য পরমেশ্বরম্। আজগাম নিজং রাজ্যং প্রহৃষ্টেণান্তরাত্মনা॥ তমায়ান্তং সমালোক্য সর্ব্বে পৌরজনাস্তদা। পুরশোভাং ততশ্চক্রুঃ পূর্ণকুম্ভপুরঃসরাম্॥ সম্প্রবিশ্য পুরং রাজা সমাহূয়াথ মন্ত্রিণম্। তৎসর্ব্বং কথয়ামাস যথাদিষ্টং কপর্দ্দিনা॥ যথাকালে তু সংপ্রাপ্তে আশ্বিনস্য সিতাষ্টমী। তদ্‌ব্রতং কৃতবান্ রাজা সর্ব্বৈঃ পৌরজনৈঃ সহ॥ যদুক্তং স্থাণুনা পূর্ব্বং তেনৈব বিধিনা তদা। ইষ্ট্বা যজ্ঞশতং পুণ্যং ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্॥ পালয়িত্বা চিরং পৃথ্বীং পুত্রপৌত্রসমন্বিতঃ। ধর্ম্মরাজং বিনির্জ্জিত্য শিবলোকং জগাম সঃ॥ স বৈ ক্রীড়তি যত্রেশ উময়া সহ শঙ্করঃ॥ তস্য তেঽনুচরা লোকাঃ কৃত্বা তু ব্রতমুত্তমম্। দুর্গাদেব্যাঃ প্রসাদেন গতাস্তে গতিমুত্তমাম্॥ নারদ উবাচ। আশ্চর্য্যং যৎ তন্মাহাত্ম্যং কথিতং ভবদগ্রতঃ। প্রণামং চক্রিরে তত্র শরণঞ্চ সমং যযুঃ॥ নারদ উবাচ। ব্রতবরমথ কৃত্বা ধর্ম্মরাজং বিজিত্য, শিবপুরমথ লেভে মন্ত্রসিদ্ধিঞ্চ ভূপঃ। বৃজিনমপি চ কৃত্বা যঃ করোত্যাদরেণ, নিবসতি শিবলোকং তস্য বশ্যো মহেশঃ॥

ইতিদেবীপুরাণে শ্রীদুর্গা-ব্রতম্॥

---

## বীরাষ্টমী-ব্রত।

আশ্বিনমাসে শুক্লাষ্টমীতে বীরাষ্টমীব্রত করিলে জন্মান্তরে দীর্ঘজীবি-সুসন্তানের জননী ও স্বামি-চিত্তানুরঞ্জিনী হয়। প্রমাণ যথা—

যা চেয়ং কুরুতে নারী ব্রতমিষ্টমনুত্তমম্।
জন্মান্তরে সুপ্রজাঃ স্যাৎ স্বামিচিত্তানুরঞ্জিনী॥

কালশুদ্ধিতে আশ্বিনের শুক্লাষ্টমীতে এই ব্রত গ্রহণীয়। প্রতিবর্ষে মহাষ্টমীতে ব্রতাচরণ করত আট বৎসরান্তে প্রতিষ্ঠা করিবে। ইহাতেও দুর্গাব্রতবৎ অষ্টফল, অষ্টপুষ্প, কুম্ভ ও ঘৃত-প্রদীপ এবং ভোজ্যদান ও অষ্টগ্রন্থিসমন্বিত ডোরধারণ কর্ত্তব্য। পূজা এবং ডোর-ধারণাদির মন্ত্র দুর্গাব্রতের ন্যায়, কেবল সঙ্কল্প ও ব্রত-কথার পার্থক্য মাত্র। সঙ্কল্পবাক্য যথা—

নমোঽস্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে মহাষ্টম্যান্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী সৌভাগ্যসৌন্দর্য্য-প্রাপ্তিপূর্ব্বকং চিরজীবিপুত্রকামা অষ্টবর্ষাবধি-প্রতিবর্ষীয়াশ্বিন-শুক্লাষ্টম্যাং গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক-শ্রীভগবদ্দুর্গাপূজাষ্টপুষ্পাষ্টফল-ভোজ্য- দক্ষিণান্বিতজলপূর্ণ-ঘটদানতৎকথা শ্রবণ-রূপবীরাষ্টমীব্রতমহং করিষ্যে।

ব্রত-কথা।—নারদ উবাচ। ভগবন্ দেবদেবেশ লক্ষ্মীকান্ত জনার্দ্দন। কেনোপায়েন দেবেশ স্ত্রীণাং শুভগতির্ভবেৎ॥ শ্রীকৃষ্ণ উবাচ। শৃণু নারদ বক্ষ্যামি গুহ্যং বীরাষ্টমীব্রতম্। যৎ কৃত্বা বনিতাঃ সর্ব্বাঃ পুরন্দরপুরেঽবসন্॥ নারদ উবাচ। কেন বাচরিতং পূর্ব্বং ব্রূহি মে পরমেশ্বর। বিধানং চাস্য কিং দেব কৃত্বা কিং ফলমাপ্যতে॥ শ্রীকৃষ্ণ উবাচ। পুরৈকা ব্রাহ্মণী রম্যা সুন্দরী ভর্ত্তৃবল্লভা। অপুত্রা সর্ব্বরত্নাঢ্যা ধর্ম্মদেবস্য ভামিনী॥ স চ তাং ব্রাহ্মণীং দৃষ্ট্বা প্রত্যুবাচ সুদুঃখিতঃ। ন ভবেত্তব পুত্রোঽপি ন মে বংশো ভবিষ্যতি॥ বিবাহং প্রকরোমীতি পুত্রার্থং যদি মন্যসে। ন ভবেত্তব দোষত্বাৎ কথং তস্মাদ্ভবিষ্যতি॥ ব্রাহ্মণ্যুবাচ। সেব্যতাং পার্ব্বতী দেবী দেবানামভয়প্রদা। সা তুষ্টা সর্ব্বতুষ্ট্যর্থং পুত্রপৌত্রং দদাতি বঃ॥ বলিহোমপরো ভূত্বা সহ পত্ন্যা ব্রতং চরেৎ। ফলমূলাশনো ভূত্বা নিরাহারো দৃঢ়ব্রতঃ॥ জগাম শরণং ভক্ত্যা জজাপ মন্ত্রমদ্ভুতম্। পরিতুষ্টা তদা দেবী বরৌ তাভ্যাং দদৌ পুনঃ॥ পার্ব্বত্যুবাচ। শৃণু বীরাষ্টমী নাম ব্রতং সর্ব্বফলপ্রদম্। আশ্বিনস্য সিতে পক্ষে মহাষ্টম্যাং পতিব্রতা॥ প্রাতরেবাষ্টমীমদ্ভিঃ প্রক্ষাল্যাঙ্ঘ্রি করৌ মুখম্। শুক্লাম্বরধরা নারী স্থাপয়েৎ কুম্ভসম্মুখে। সর্ব্বান্ দেবাংশ্চ সম্পূজ্য মহিষাসুরমর্দ্দিনীম্॥ অষ্ট পুষ্পাণি দেয়ানি ফলান্যষ্টৌ তথৈব চ॥ অষ্টগ্রন্থিসমাযুক্তং কুঙ্কুমাক্তং সুডোরকম্। মন্ত্রেণানেন ভো বিপ্র বিন্যসেদ্বাহুমূলকে॥ দুর্গে দেবি জগদ্ধাত্রি ব্রতসূত্রমিদং তব। বধ্নামি বাহুমূলেঽহং বরং দেহি যথেপ্সিতম্॥ কলসং গন্ধপুষ্পাভ্যামর্চ্চিতং জলপূরিতম্। দক্ষিণাসহিতং ভোজ্যং দদ্যাদ্বিপ্রায় ভক্তিতঃ॥ সম্পূর্ণে চাষ্টমে বর্ষে কুম্ভানষ্টৌ প্রদাপয়েৎ। বস্ত্রডল্লকসংযুক্তান্ কুম্ভস্যোপরিসংস্থিতান্॥

অনেনৈব বিধানেন কুর্য্যাৎ পুত্রফলপ্রদম্। ইত্যুক্তা পার্ব্বতী দেবী তত্রৈবান্তরধীয়ত। কৃত্বা তু মাধবীনাম্নী ব্রাহ্মণী সুপ্রজাভবৎ॥ যা চেদং কুরুতে নারী ব্রতমিষ্টমনুত্তমম্। জন্মান্তরে সুপ্রজা স্যাৎ স্বামিচিত্তানুরঞ্জিনী॥

ইতি নারদীয়পুরাণে বীরাষ্টমীব্রত-কথা॥

---

## বুধাষ্টমী-ব্রত। *

চৈত্রমাস, পৌষমাস ও হরিশয়ন, এই সমস্ত ব্যতীত অন্য সময়ে এই ব্রত করিবে। মকররাশিতে আদিত্যের স্থিতিকালে এবং মাধবের জাগ্রদবস্থায় বুধাষ্টমী ব্রত কর্ত্তব্য, কিন্তু চৈত্রমাসে নিষিদ্ধ। প্রমাণ যথা—

পতঙ্গে মকরে যাতে দেবে জাগ্রতি মাধবে।
বুধাষ্টমীঃ প্রকুর্ব্বীত বর্জ্জয়িত্বা তু চৈত্রকম্॥

স্মৃতিতেও লিখিত আছে যে, চৈত্রমাসে, পৌষমাসে, হরিশয়নে, অশুদ্ধকালে বুধাষ্টমীব্রত নিষিদ্ধ। পূর্ব্বতিথির সহিত অষ্টমীর যোগ হইলে সেই দিন এই ব্রত করণীয়। প্রমাণ যথা—

মীনে ধনুষি দেবেশে সুপ্তেঽশুদ্ধদিনে তথা।
বুধাষ্টমীং ন কুর্ব্বীত পরবিদ্ধামপি ক্বচিৎ॥

এই ব্রত অষ্টবার করিয়া প্রতিষ্ঠা কর্ত্তব্য। প্রত্যেক বারই উৎসর্গার্থ অষ্টফল দান করিবে।

পূজাপ্রণালী।—নিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচন পূর্ব্বক নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

ওঁ তৎসদদ্যামুকে মাসি শুক্লে পক্ষে বুধবারাধিকরণক-অষ্টম্যাস্তিথাবারভ্য (দ্বিতীয় অথবা তদতিরিক্তবারে আরভ্য কহিবে না) শ্রীঅমুকীদেবী ব্রহ্মস্বহরণাদিপাপক্ষয়-সকলবাঞ্ছিতপ্রাপ্তিপূর্ব্বকং স্বর্গলোকগমনকামা (শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা) যথোক্তবিধিনা বুধাষ্টমীব্রতমহং করিষ্যে।

পরে অষ্টদলপদ্ম অঙ্কন করত সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি (১৫২ পৃঃ), প্রাণায়াম ও অঙ্গন্যাস-করন্যাসাদি সমাপনান্তে গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্পাল ইত্যাদির অর্চ্চনা করিবে। পরে

* বুধাষ্টমী ব্রতের মাসের বিশেষ নিয়ম না থাকায় এই স্থানেই লিখিত হইল।

ষোড়শোপচারে বা দশোপচারে শিবদুর্গার অর্চ্চনা করিয়া দুর্গাদেবীকে অষ্টফল নিবেদন করিতে হয়। তৎপরে আবরণদেবতার অর্চনা করিবে, যথা—

ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ। (এই নিয়মে)—গৌর্য্যৈ, বৈষ্ণব্যৈ, মাহেশ্বর্য্যৈ, শিবদূত্যৈ, বারাহ্যৈ, নারসিংহ্যৈ, কৌমার্য্যৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, মহালক্ষ্ম্যৈ, ভদ্রকাল্যৈ, আদিত্যাদিনবগ্রহেভ্যঃ, ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যঃ, বিজয়ায়ৈ।

তদনন্তর প্রাণায়াম করত যথাশক্তি জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" মন্ত্রে জপ সমর্পণ ও প্রণাম করত ষোড়শোপচারে বুধের অর্চ্চনা করিবে। ধ্যান যথা—

ওঁ ধ্যায়েদ্দেবং বুধং সৌম্যং সর্ব্বাভরণভূষিতম্। প্রিয়ঙ্গুকলিকাশ্যামং পীতাম্বরধরং শুভম্॥ বরদাভয়হস্তঞ্চ রত্নমৌলিবিরাজিতম্। দিব্যসিংহাসনাসীনং চারুহাসং সুখপ্রদম্॥

পরে নিম্নলিখিত আবরণ দেবতার পূজা করিবে, যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ ধর্ম্মায় নমঃ। (এই নিয়মে)—জ্ঞানায়, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়, আধারশক্তয়ে, কূর্ম্মায়, পৃথিব্যৈ, অনন্তায়, পদ্মায়, মৎস্যাদিদশাবতারেভ্যঃ, দ্বাদশাদিত্যেভ্যঃ, গৌর্য্যাদিষোড়শমাতৃকাভ্যঃ, লক্ষ্ম্যৈ, নারায়ণায়, সরস্বত্যৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ।

তৎপরে সভোজ্য-জলপূর্ণ ঘট এবং অষ্টমুষ্টি ভোজ্য উৎসর্গ করত কথাশ্রবণ, দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

ব্রত কথা।—ক্ষেত্রজ্ঞায় নমস্তুভ্যং বুধায় বরদায় চ। যস্য পাদপ্রসাদেন প্রাপ্যতে বাঞ্ছিতং ফলম্॥ পুরা ত্রৈলোক্যসৌন্দর্য্যপুরে পাটলিপুত্রকে। বভুব্রাশেষধর্ম্মজ্ঞো বীরো নাম দ্বিজোত্তমঃ॥ তস্য ভার্য্যা ভবেদ্রম্ভা নাম্না পুত্রোঽস্তি কৌশিকঃ॥ দুহিতা বিজয়া তস্য সুরূপা চাতিদুর্ল্লভা। অশেষগুণসম্পন্না বিখ্যাতা যৌবনান্বিতা॥ বীরস্যাতিদরিদ্রস্য মতির্জ্জাতা মহাত্মনঃ। শিবমারাধয়িষ্যামি তদা প্রাপ্স্যামি সম্পদম্॥ শিবোঽপি ভক্তিভাবেন তস্মৈ প্রাদাদ্বৃষোত্তমম্। বৃষস্য তস্য রক্ষার্থং গতবান্ কৌশিকো মুদা। অরণ্যে বৃষপালশ্চ ক্রীড়তে জাহ্নবীতটে॥ পাশেন তস্করেণাপি হৃতো গোধনপালকঃ। ন দৃষ্ট্বা বৃষভং তত্র কৌশিকশ্চিন্তিতোঽভবৎ॥ সর্ব্বত্র ভ্রমতে তত্র বৃষং কুত্র ন পশ্যতি॥ এতস্মিন্নেব কালে তু ভগিনী তস্য ধীমতঃ। ঘটম দায় বিজয়া পানায় নেতুমাগতা॥ বিজয়া ভ্রাতরং দৃষ্ট্বা বৃষবার্ত্তামপৃচ্ছত॥ কৌশিকেন সমাখ্যাতঃ বৃষভশ্চোরিতো মম॥ এতস্মিন্নেব বিজনে বৃষো ন প্রাপ্যতে কুতঃ॥ বিজয়া কৌশিকশ্চৈব ভ্রমতঃ সকলে বনে।

ক্ষুধার্ত্তৌ তৌ পুনঃ সর্ব্বং ভ্রমিত্বা চিন্তিতৌ তদা। বুভুক্ষিতৌ পিপাসার্ত্তৌ জগ্মতুস্তৌ সরোবরে॥ বুধাষ্টমীব্রতং নাম সর্ব্বপাপহরং শুভম্। স্বর্গাৎ সমাগতান্ সর্ব্বানপ্সরোদেবতাগণান্॥ দৃষ্টা চাতিথিরূপেণ ভোজনার্থমুপাগতৌ। ভোজনং দীয়তাং দেব্যঃ ক্ষুধাব্যাকুলচেতসৌ॥ অপ্সরা উবাচ। বুধাষ্টমীব্রতং কর্ত্তুং সর্ব্বেরাগত্য স্থীয়তে। বুভুক্ষিতায় দাতব্যমিহ কিঞ্চিন্ন বিদ্যতে॥ ফলপুষ্পাদিকং কিঞ্চিদ্বিদ্যতেঽত্র সমুত্থিতম্। কর্ত্তব্যো যদি বাঞ্ছা স্যাদ্ব্রতমেতদ্বিধীয়তে॥ বিজয়াকৌশিকাবুক্তবন্তৌ বিস্তার্য্য তত্ত্বতঃ॥ বিজয়াকৌশিকৌ উচতুঃ॥ কেনোপায়েন ভো দেবাঃ ক্রিয়তে ব্রতমুত্তমম্॥ দেবা উচুঃ॥ নানাফলৈশ্চ নৈবেদ্যৈর্ঘৃতধূপপ্রদীপকৈঃ। নারিকেলৈঃ কদলকৈঃ পূর্ণৈর্লড্ডুকসংযুতৈঃ॥ নানাগন্ধৈর্জ্জলৈর্দ্দেবীং সংপূজ্য ক্রিয়তে ব্রতম্॥ দত্ত্বা শোভনবস্ত্রঞ্চ স্নাপয়িত্বা যথাবিধি। অষ্টমুষ্টিকতণ্ডুলং চাশনীয়ং সমাহিতঃ॥ একগ্রন্থিতিন্তিড়ঞ্চ অষ্টখণ্ডৈশ্চ সংযুতম্। অষ্টাম্রপুটকে রাজন্ ভুঞ্জানো ব্রতমাচরেৎ॥ পূর্ব্বং নিরামিষং কুর্য্যাদবশ্যং ভুক্তিবৃদ্ধয়ে। অষ্টসংখ্যকপর্য্যন্তং ব্রতং কুর্য্যাজ্জিতেন্দ্রিয়ঃ॥ প্রথমং গোধূমচূর্ণং সঘৃতং গুড়সংযুতম্। দ্বিতীয়ে তিলপিষ্টঞ্চ পায়সেন সমাযুতম্॥ তৃতীয়ে দুগ্ধসংযুক্তং শর্করঞ্চ চতুর্থকে। যবচূর্ণদ্বয়ং প্রস্থং দধিযুক্তং মধুপ্লুতম্॥ পঞ্চামৃতং পঞ্চমে চ ষষ্ঠে মুদ্গেক্ষুসার্দ্রকম্। সপ্তমে চণকং পঞ্চপ্রস্থং দেয়ং ফলৈঃ সহ॥ অষ্টমে ঘৃতসংযুক্তং মধুদুগ্ধলড্ডুকম্। ভোজ্যঞ্চ ভোজনং দদ্যাৎ সপবিত্রং ফলান্বিতম্॥ ইতি তে সর্ব্বমাখ্যাতং কিমন্যৎ শ্রোতুমর্হসি॥ দেবানাং বচনং শ্রুত্বা উবাচ বিজয়া তদা। যুষ্মাভির্দীয়তাং কিঞ্চিৎ পুষ্পনৈবেদ্যমুত্তমম্। যুষ্মাকঞ্চ প্রসাদেন আবাভ্যাং ক্রিয়তে ব্রতম্॥ দয়াং কৃত্বা তৈঃ সর্ব্বৈর্দত্তং কিঞ্চিৎ ফলাদিকম্। গন্ধপুষ্পাদিকং নীত্বা ততস্তৌ চেরতুর্ব্রতম্॥ গণেশাদিগ্রহাংশ্চৈব দুর্গাং দেবীং প্রপূজ্য চ। কথাং শ্রুত্বা চ রাজেন্দ্র প্রণম্য চ পুনঃ পুনঃ॥ ব্রতস্যান্তে তদা তাভ্যাং বরং দাতুং সমাগতা। দুর্গা দেবী ততঃ প্রাহ প্রোচ্যতাং বাঞ্ছিতং ফলম্॥ কৌশিক উবাচ। অহং রাজা ভবিষ্যামি ত্বৎপ্রসাদান্মহেশ্বরি। হৃতং বৃষঞ্চ প্রাপ্স্যামি ঝটিতি সুরপূজিতে॥ বিজয়োবাচ। দেবপত্নী ভবিষ্যামি ত্বৎপ্রসাদাচ্চ পার্ব্বতি। এবমস্ত্বিতি দেব্যুক্ত্বা তত্রৈবান্তরধীয়ত॥ ব্রতং কৃত্বা তদা সর্ব্বে আগচ্ছন্নিজমন্দিরম্। সংপ্রাপ্তৌ বৃষভং হৃষ্টৌ তদানন্দসমাকুলৌ॥ আগতৌ স্বগৃহং তৌ চ ব্রতং কৃত্বা বুধাষ্টমীম্: বৃষং বীক্ষ্য ততো বীর অপৃচ্ছৎ স পুনঃ পুনঃ। বৃষঃ প্রাপ্তঃ কুতঃ পুত্র তৎ সর্ব্বং কথ্যতাং ময়ি॥ পিত্রে চ সর্ব্বমাখ্যাতং কৌশিকেন যথাক্রমম্॥ বিজয়াযৌবনং দৃষ্টা বীরস্যাপি প্রাচিন্তনম্। কস্মৈ দেয়া

ইয়ং কন্যা ইতি চিন্তাপরোঽভবৎ ॥ বৃষং বিক্রীয় বিপ্রায় কন্যেয়ং দীয়তে ময়া। যোগ্যং বরং ন চাপ্নোমি চিন্তয়ন্নিতি সোঽশৃণোৎ। যমায় দীয়তাং কন্যা আকাশাৎ পতিতং বচঃ ॥ এতস্মিন্নেব কালে তু তদ্দেশস্থো নৃপো মৃতঃ। সমালোচ্য ততঃ সর্ব্বৈর্মিলিত্বা মন্ত্রিমণ্ডলৈঃ। রাজশূন্যমিমং দেশং পালয়িষ্যতি কো নৃপঃ ॥ কৌশিকো বীরপুত্রশ্চ রাজযোগ্যো ন সংশয়ঃ। রাজলক্ষণসংযুক্তঃ সোঽপি রাজা ভবিষ্যতি ॥ বুধাষ্টমীপ্রসাদেন কৌশিকো রাজ্যমাপ্তবান্। বীরো হি বিজয়াং দৃষ্ট্বা সংমন্ত্র্য বন্ধুভিঃ সহ। কন্যাং দাতুং সমুদ্যুক্তো ব্রাহ্মণং সমপশ্যত ॥ সভামধ্যেঽব্রবীদ্বিপ্রঃ কন্যা মহ্যং প্রদীয়তাম্ ॥ বীর উবাচ। কিং কুলং কস্য পুত্রস্ত্বং কস্মাত্ত্বমনুগচ্ছসি। এতৎ কথয় মে শীঘ্রং তদা কন্যা প্রদীয়তে ॥ ব্রাহ্মণ উবাচ। যমোঽহং ধর্ম্মরাজশ্চ কন্যাং নেতুং সমাগতঃ ॥ বীর উবাচ। যমো যদি স্বরূপেণ নিজরূপং প্রদর্শয়। যমোঽপি তদ্বচঃ শ্রুত্বা নিজরূপং প্রদর্শিতম্ ॥ ঘোরং ভয়ানকং তচ্চ রূপং ত্রৈলোক্যহারকম্ ॥ এতদ্রূপং যমং দৃষ্ট্বা প্রাহ ভীতিযুতো দ্বিজঃ। ত্যজ্যতাং ভয়দং রূপং সৌম্যরূপং প্রকাশয় ॥ ততঃ স ধর্ম্মরাজোঽপি সৌম্যং রূপমগাত্তদা। কন্যা মে দীয়তাং বীর নাত্র কার্য্যা বিচারণা ॥ ততঃ সুমঙ্গলং কৃত্বা তৎক্ষণাৎ দ্বিজসত্তমঃ। বিজয়াং দত্তবাংস্তস্মৈ বিধিবদ্ধর্ম্মমাস্থিতঃ ॥ গৃহীত্বা বিজয়াং কালঃ কৃতকৃত্যোঽভবত্তদা ॥ ততঃ কালক্রমেণাথ বীরো যমবশং গতঃ। পত্ন্যা সহ মহাভাগ কর্ম্মপাশেন যন্ত্রিতঃ ॥ ততঃ সা বিজয়া রাজ্ঞী ধর্ম্মরাজস্য বল্লভা। স্ত্রীণাং মধ্যে তু সুভগা শঙ্করস্য যথেশ্বরী ॥ যথা শ্রী কেশবস্যাপি শচী সুরপতেরিব। তয়া সহ যমো রাজ্ঞ্যা মুদা ক্রীড়াং করোতি চ ॥ নিষিদ্ধা বিজয়া তেন দক্ষিণং মা গমিষ্যসি ॥ ততশ্চঞ্চলচিত্তা সা বালভাবাৎ পুনঃ পুনঃ। নিষিধ্যতে চ যৎ কর্ত্তুং তৎ করোতি প্রযত্নতঃ ॥ দিবসে চাপরে তত্র বিজয়া দক্ষিণং গতা ॥ তত্রৈব নরকে ঘোরে পতিতাশ্চ সহস্রশঃ। দৃষ্ট্বা তান্ বিজয়া রাজ্ঞী দুঃখিতোবাচ সা তদা ॥ অস্মাকং পিতরৌ কুত্র তিষ্ঠেতাং নরকেষ্বিহ। তন্মাতা বিজয়াং প্রাহ পচন্তী নরকে স্থিতা। অহং তে দুঃখিনী মাতা পচামি নরকেষ্বিহ ॥ রুদতী বিজয়োবাচ কিং কৃতং দুষ্কৃতং ত্বয়া ॥ মাতোবাচ। ক্ষুধার্ত্তব্রাহ্মণায়ৈব ন দত্তং ভোজনং ময়া। ব্রহ্মস্বহরণং কিঞ্চিৎ কৃতং জ্ঞানমথাপি চ ॥ পচেঽহং তেন পাপেন নান্যৎ পাপং কৃতং ময়া ॥ ভীম উবাচ। প্রবোধ্য কিঙ্করান্ সর্ব্বানাগত্য নিজমন্দিরম্। সুষ্বাপ স্থণ্ডিলে তত্র মাতৃশোকাতুরা হি সা ॥ স্বামিনং গৃহমায়াতমুবাচ রুদতী প্রিয়া। যস্যাহং দুহিতা সা চ নরকে তিষ্ঠতি প্রভো। তেন শোকেন শোকার্ত্তা চরণে পতিতাস্মি তে ॥ দুহিত্রা

কিং কৃতং দেব পুত্রেণ কিং কৃতং তয়োঃ। পিতরৌ নরকাদ্‌ঘোরাৎ ত্রায়তাং মে সুরেশ্বর॥ যম উবাচ। ময়া ত্বং বারিতা দেবি দক্ষিণং মা গমিষ্যসি। কথং ত্বং মামনাদৃত্য তত্র গচ্ছসি সুন্দরি॥ নাস্তি শোকঃ ত্বয়া কার্য্যং শৃণু ভদ্রে বচো মম। পুরাকৃতৈশ্চ দোষৈশ্চ পচ্যতে নরকে নরঃ॥ তব মাতা মমোপাস্যা তব তাতঃ পিতা মম। ন শক্যো নরকাত্রাতুং নরান্ ধর্ম্মবিবর্জ্জিতান্॥ উপায়ং শৃণু ভদ্রে ত্বং যেন সা বৈ ন পচ্যতে।- বুধাষ্টমীব্রতেনৈব সর্ব্বেষাং সদ্গতির্ভবেৎ॥ ভ্রাতরং প্রার্থয়িত্বা চ তৎকৃতাঞ্চ বুধাষ্টমীম্। যদি দাস্যতি তে মাত্রে তৎক্ষণাৎ সা বিমুচ্যতে॥ তৎ শ্রুত্বা বিজয়া যত্র যযৌ তিষ্ঠতি কৌশিকঃ। আগতাং দুঃখিতাং দৃষ্ট্বা কৌশিকঃ প্রাহ বিস্মিতঃ॥ সাক্ষাৎ ত্বাং ধর্ম্মরাজোঽসৌ নীত্বা-গচ্ছৎ স্বমন্দিরম্। আগতাসি কথং ভদ্রে সুভ্রু তৎ কথয়স্ব মে॥ বিজয়োবাচ। ভ্রাতঃ কিং বহু বক্তব্যং জীবিতঞ্চ বৃথা মম। শৃণুষ্ব কুরু তৎসর্ব্বং যদ্বক্তুং ত্বাং সমাগতা॥ মাতা মে নরকে ঘোরে পচ্যতে কৃমিভোজনে। পরিত্রায়স্ব ভ্রাতর্মে জীবিতং যদি কাঙ্ক্ষসি॥ পুরা কৃতং ত্বয়া ভ্রাতর্বিপ্রতে চ বুধাষ্টমী। তস্যা একং ফলং দত্ত্বা ত্রায়তাং নরকার্ণবাৎ॥ কৌশিক উবাচ। শক্রর্ম্ম ত্বং ভগিনি কথ-মেবংবিধং বচঃ। রাজ্যং যস্যাঃ প্রসাদেন সা কথং দীয়তেঽধুনা॥ বুধাষ্টমী চ মে মাতা পিতা চৈব বুধাষ্টমী। সা কথং দীয়তেঽস্মাভির্ভগিনি ত্বং বিমর্ষসি॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং বিজয়েঽধুনা॥ ততঃ সা পুনরাবৃত্য যমায়াকথয়ৎ স্বয়ম্॥ ন দত্তা সা মম ভ্রাত্রা মাতৃস্নেহং বিসৃজ্য চ। বদস্ব কারণং দেব যেন সা বৈ প্রমুচ্যতে॥ যম উবাচ। যেঽপরশ্চাপ্যুপায়োঽস্তি তৎকথাং শৃণু তৎপরা॥ ভদ্রে প্রভাকরো নাম দ্বিজোঽস্তু মথুরাপুরে। ব্রাহ্মণী গৌতমী তস্য গর্ভকষ্টৈঃ প্রপীড্যতে॥ ন প্রসূতে হি সা তত্র দুঃখং প্রাপ্নোতি সর্ব্বদা। গচ্ছ ভদ্রে প্রয-ত্নেন নীয়তাঞ্চ বুধাষ্টমীম্। কৃত্বা গোপালিকাবেশং গচ্ছ ত্বং বিজয়েঽধুনা॥ বদস্ব কারণং তাস্তু প্রসবং কারয়াম্যহম্। যদি মে দীয়তে ভদ্রে বুধাষ্টমীব্রতং কৃতম্॥ বুধাষ্টমীব্রতং সা বৈ যদা তে দাস্যতি স্বয়ম্। তদাস্যাঃ প্রসবার্থং বৈ প্রদাস্যামি জলৌষধম্॥ যেন সা মন্ত্রপূতেন গর্ভকষ্টং বিমুঞ্চতি। তস্মাৎ শীঘ্রং সমাগচ্ছ গোপালীবেশমাবহ॥ এতৎ শ্রুত্বা চ বিজয়া শীঘ্রং তত্রাগমৎ স্বয়ম্। তস্যা দ্বারঞ্চ সংপ্রাপ্য ব্রাহ্মণ্যৈ চাব্রবীদ্বচঃ॥ মন্ত্রৌষধিমহং জানে প্রসবে কুশলা স্বয়ম্॥ সা চ তদ্বচনং শ্রুত্বা ব্রাহ্মণী প্রাহ দুঃখিতা। এহি গোপালিকে শীঘ্রং প্রসবং কারয়স্ব মাম্॥ বিজয়োবাচ। বুধাষ্টমীব্রতং মেঽদ্য যদি দাস্যসি শোভনে। তদা দাস্যাম্যহং সর্ব্বং মণিমন্ত্রমহৌষধম্॥ ব্রাহ্মণ্যুবাচ। গচ্ছ

গোপালিকে শীঘ্রং উন্মত্তেব প্রজল্পসি। নৈব ধর্ম্মং প্রদাস্যামি প্রাণান্তে চ বুধাষ্টমীম্॥ গোপালিকোবাচ। জীবিতে লভতে ধর্ম্মং জীবিতে চ ধনং লভেৎ। জীবিতে চ লভেৎ কামং তস্মাজ্জীবনমুত্তমম্। একং দত্ত্বা লভস্বৈতজ্জীবনং শৃণু শোভনে॥ শ্রুত্বৈতদ্গোপিকাবাক্যং মনসা পরিভাব্য চ। জীবিতে সর্ব্বমাপ্নোতি ব্রতেনৈকেন কিং মম॥ ইতি সম্ভাব্য মনসা ব্রাহ্মণী জীবিতাশয়া। তস্যৈ প্রাদাদ্ ব্রতফলং বুধাষ্টমীসমুদ্ভবম্। ততো গোপালিকা প্রাদাৎ সংপ্রাপ্য বিপুলং সুখম্। ব্রাহ্মণী-প্রসবার্থং বৈ মন্ত্রৌষধিজলং নৃপ॥ ব্রাহ্মণী সা চ সুষুবে তৎক্ষণাৎ পুত্রমুত্তমম্॥ ততঃ সা বিজয়া রাজ্ঞী নিজমন্দিরমাগতা। দদৌ পিতৃভ্যামানীতং বুধাষ্টমীফলং ততঃ। দেবদেহঞ্চ তৌ ধৃত্বা আরুহ্য চ বিমানকম্। বুধাষ্টমীপ্রভাবেণ গতৌ স্বর্গমনাময়ম্॥ ইত্যেতৎ কথিতং রাজন্ বুধাষ্টমীব্রতং শুভম্। ইহৈব বাঞ্ছিতং প্রাপ্য মৃতঃ স্বর্গং সমাপ্নুয়াৎ॥ নারী বা পুরুষো বাপি কুরুতে শ্রদ্ধয়ান্বিতঃ। তস্য সর্ব্বং প্রণশ্যেত্তু পাপং জন্মশতার্জ্জিতম্॥ শতঞ্চ কপিলাদানং কন্যাদানশতং তথা। কৃত্বা যৎ ফলমাপ্নোতি তৎ সর্ব্বঞ্চ বুধাষ্টমীম্॥ বাপীকূপসহস্রস্য সম্যগ্দত্তস্য যৎফলম্। তৎফলং লভতে মর্ত্ত্যো ভক্ত্যা কৃত্বা বুধাষ্টমীম্॥ ব্রহ্মস্বহরণং পাপং মহাপাতকজং স্মৃতম্। তৎ সর্ব্বং নাশয়েদ্ভূপ বুধাষ্টমীব্রতাদ্ব্রতী॥

ইতি ব্রহ্মাণ্ডপুরাণে বুধাষ্টমীব্রতকথা।

( কার্ত্তিককৃত্য )

## দ্যূতপ্রতিপৎ-ব্রত।

কার্ত্তিকমাসের শুক্লা প্রতিপদ্ তিথিতে বলিরাজের অর্চ্চনা করিতে হয়। ঐ দিন বলিরাজার অর্চনা করিলে মনুষ্য হৃষ্ট-পুষ্ট ও বহুবিত্তবান্ হইয়া থাকে। পূজা করিয়া রাত্রিজাগরণ কর্ত্তব্য। ইহারই নাম দ্যূতপ্রতিপদ্। প্রমাণ যথা—

বলিং প্রতি ভগবদ্বাক্যম—"বীরপ্রতিপদা নাম তব ভাবী মহোৎসবঃ॥ অত্র ত্বাং নরশার্দ্দূল হৃষ্টাঃ পুষ্টাঃ স্বলঙ্কৃতাঃ। পুষ্পদীপপ্রদানেন পূজয়িষ্যন্তি মানবাঃ॥"

পূজা-প্রণালী।—প্রাতঃস্নানান্তে সন্ধ্যাদি নিত্যক্রিয়া, আচমন, স্বশাখোক্ত

স্বস্তিবাচন প্রভৃতি করিয়া নিম্নোক্ত বাক্যে সঙ্কল্প করিবে। তাম্রাদিপাত্রে তিল, তুলসী, কুশ করদ্বয়ে ধারণ করিয়া, উত্তরাস্য হইয়া পাঠ করিবে, যথা—

ওঁ বিষ্ণুরোম্ তৎসদদ্য কার্ত্তিকে মাসি শুক্লে পক্ষে প্রতিপদি তিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা হৃষ্টপুষ্টত্ব-প্রচুরধনপ্রাপ্তিকামো গণপত্যাদি-নানাদেবতা-পূজাপূর্ব্বক-বলিরাজপূজনকর্ম্মাহং করিষ্যে।

ঐ জল ঈশানকোণে ত্যাগ করিয়া তাম্রপাত্র কর্ত্তার বামভাগে অধোমুখে মাটীতে রাখিবে। তৎপরে করপুটে সামবেদী 'দেবো বো', যজুর্ব্বেদী 'যজ্জা-গ্রত' এবং ঋগ্বেদী হইলে 'যা গুঙ্গুর্য্যা' ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। অনন্তর সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি ও ভূতশুদ্ধ্যাদি করিয়া (১৫২-১৬৩ পৃঃ), গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদি-দশদিক্পাল, এই সমস্ত দেবতাদিগকে পাদ্যাদিযোগে অর্চ্চনা করিয়া বলিরাজকে (ধ্যানপ্রকরণে ধ্যানাদি লিখিত আছে) ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। "ওঁ বলয়ে নমঃ" এই মন্ত্রে পূজা করিয়া "ওঁ বলিরাজ নমস্তভ্যং বিরোচনসুত প্রভো। ভবিষ্যেন্দ্র সুরারাতে পূজেয়ং প্রতিগৃহ্যতাম্।" এই মন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দান করিবে।

এই তিথিতে যে ব্যক্তি যে ভাবে থাকিবে, তাহার হৃষ্টভাবে থাকিলে হৃষ্টভাবে, দীনভাবে থাকিলে দৈন্যে সংবৎসর অতিবাহিত হয়। এই তিথিতে স্নানদান করিলে শতগুণ ফল হয়।

---

## গোষ্ঠাষ্টমী।

কার্ত্তিক মাসের শুক্লপক্ষীয় অষ্টমী তিথিতে গোষ্ঠাষ্টমী-কৃত্য সম্পাদন করিতে হয়। এই দিনে গোগণের পূজা করাই বিধি। গো-সমূহের শৃঙ্গে তৈলহরিদ্রা ও ললাটে সিন্দূর দিবে এবং নবীন শ্যামল তৃণাদি, বংশপত্র, কদলী ও তণ্ডুল ইত্যাদি গোরুর আহারীয় বস্তু মস্তকে লইয়া উহা গাভীকে খাইতে দিবে. মন্ত্র যথা—

ওঁ সৌরভেষ্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ।
প্রতিগৃহ্নন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্যমাতরঃ॥

পরে প্রণাম করিবে, মন্ত্র যথা—

ওঁ নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥

অনন্তর গোদিগকে গোষ্ঠাভিমুখে চালিত করিয়া, তাহাদিগের অনুগমন কর্ত্তব্য। পরে ব্রাহ্মণভোজন ও দক্ষিণা দিয়া কর্ম্ম সমাধা করিবে।

## ভূতচতুর্দ্দশী।

গৌণ-কার্ত্তিকের কৃষ্ণা চতুর্দ্দশীর নাম ভূতচতুর্দ্দশী বা যমচতুর্দ্দশী। কার্ত্তিক মাসের চতুর্দ্দশীতে সূর্য্যোদয়সময়ে নরকভয়নিবারণার্থ স্নান করিতে হয়, অপামার্গ-(চিচ্চিড়ে) পল্লব মস্তকের উপর ঘুরাইবে এবং যমের নাম উচ্চারণ করত তর্পণ করিবে ও নরক-নিবারণার্থ সন্ধ্যাসময়ে দেবতাদিগকে অর্চ্চনা করিয়া দীপ দান করিতে হয়।

ললাটে ঘৃতের ফোঁটা দিয়া মস্তকোপরি অপামার্গপল্লব ভ্রমণ করাইবে, মন্ত্র যথা—

ওঁ শীতলোষ্ণসমাযুক্ত সকণ্টক-দলান্বিত।
হর পাপমপামার্গ ভ্রাম্যমাণঃ পুনঃ পুনঃ॥

তৎপরে "ওঁ যমায় নমঃ" এই নিয়মে যথাশক্তি উপচারে যমরাজের অর্চ্চনা করত ধর্ম্মরাজের নিম্নকথিত নাম সকলের এক এক নামে তিল-সংযুক্ত তিন তিন অঞ্জলি জল দিয়া তর্পণ করিবে। কিন্তু জীবৎপিতৃক ব্যক্তিগণের পক্ষে যম বা ভীষ্মতর্পণ নিষিদ্ধ। যজ্ঞোপবীত বামস্কন্ধে বা দক্ষিণস্কন্ধে ধারণ পূর্ব্বক যমতর্পণ করিতে পারে, কারণ, যমের দেবত্ব ও পিতৃত্ব উভয়ই বিদ্যমান।

তর্পণ-প্রণালী।—যমায় নমঃ, (এই প্রণালীতে) ধর্ম্মরাজায়, মৃত্যবে, অন্তকায়, বৈবস্বতায়, কালায়, সর্ব্বভূতক্ষয়ায়, ঔডুম্বরায়, দধ্নায়, নীলায়, পরমেষ্ঠিনে, বৃকোদরায়, চিত্রায়, চিত্রগুপ্তায়।

দীপদান-মন্ত্র।—নমঃ পিতৃভ্যঃ প্রেতেভ্যো নমো ধর্ম্মায় বিষ্ণবে। নমো ধর্ম্মায় রুদ্রায় কান্তারপতয়ে নমঃ॥

এই দিনে চতুর্দ্দশ শাকভক্ষণের প্রথা প্রচলিত আছে, এই দিনে চতুর্দ্দশ শাক ভোজন করিলে প্রেতলোকে গমন করিতে হয় না। চতুর্দ্দশ শাক নিম্নে লিখিত হইল, যথা—

ওল, কেঁউ, বেতো, সর্ষপপত্র, কালকাসন্দি, নিম্বপত্র, জয়ন্তী, শালঞ্চী, হিঞ্চা, পটোলপত্র, শুল্‌ফা, গুড়ূচী, ভণ্টাকী ও সুষণি এই চতুর্দ্দশ শাক প্রমাণ যথা—

ওলং কেমুকবাস্তুকং সরষপং কালঞ্চ নিম্বং জয়াং, শালঞ্চীং হিলমোচিকাঞ্চ পটুকং শৌল্‌কং গুড়ূচীন্তথা। ভণ্টাকীং শুনিষণ্ণকং শিবদিনে খাদন্তি যে মানবাঃ, প্রেতত্বং ন চ যান্তি কার্ত্তিকদিনে কৃষ্ণে চ ভূতে তিথৌ॥

## যমপুষ্করিণী-ব্রত।

কার্ত্তিকী সংক্রান্তিতে এই ব্রত করণীয়। চারি বর্ষে এই ব্রত সম্পূর্ণ হয়। নিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচনাদি করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—"বিষ্ণুর্নমোঽদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক-তিথৌ জলবিষুবসংক্রান্ত্যাং অমুকগোত্রা শ্রীঅমুকাদেবী (দাসী বা) অন্তে নরকনিবারণপূর্ব্বক-বিষ্ণুলোকগমনকামা অদ্যারভ্য চতুর্বর্ষপর্য্যন্তং গণপত্যাদি-নানাদেবতা- পূজা-পূর্ব্বক যমরাজ-পূজা-তৎকথা-শ্রবণরূপ-ভবিষ্য- পুরাণোক্তযম-পুষ্করিণীব্রতমহং করিষ্যে।

অনন্তর সূক্তপাঠান্তে অধিবাস করিয়া যষ্টি পুতিয়া তাহার মূলে গণেশাদি দেবতার অর্চ্চনা করিবে। পরে পৃথক্ পৃথক্‌রূপে চতুর্দ্দশ যমের অর্চ্চনা করিবে, অনন্তর ভেক, কচ্ছপ ও সর্পাদিকে অর্চ্চনা করিয়া কথা শ্রবণ করিতে হয়।

ব্রত কথা।—যুধিষ্ঠির উবাচ। অনায়াসেন যৎ কর্ম্ম শ্রোতুমিচ্ছামি সাম্প্রতম্। স্ত্রীণাঞ্চৈব বিশেষেণ কথয়স্ব পিতামহ॥ ভীষ্ম উবাচ। শৃণু তত্র নরশ্রেষ্ঠ ধর্ম্মরাজ কথাং শুভাম্। কথয়ামি বিশেষেণ স্ত্রীণাঞ্চৈব শুভপ্রদাম্॥ আসী-ত্ত্রেতাযুগে রাজন্ লক্ষে সপ্তদশাধিকে। রাজা শান্তনবঃ খ্যাতঃ সর্ব্বশাস্ত্রার্থ-পারগঃ॥ তস্য পত্নী চন্দ্ররেখা পূর্ণচন্দ্রনিভাননা। রূপযৌবনসম্পন্নেন্দীবরায়ত-লোচনা॥ ব্রতধর্ম্মাদিকং সর্ব্বং সা করোতি চ নিত্যশঃ। হরারাধনতৎপরা সর্ব্বদা হৃষ্টমানসা॥ সা করোতি সদাভক্ত্যা হরপার্ব্বতীপূজনম্। রতা ধর্ম্মপথে সাধ্বী তথা নিত্যঞ্চ পূজনে॥ এবং ধর্ম্মরতা সাধ্বী কালে প্রাপ্তে মৃতা সতী। তামা-নেতুং ধর্ম্মরাজঃ কিঙ্করানাদিদেশ হ॥ মৃতা সা চন্দ্ররেখা তু পতিব্রতপরায়ণা। তামানয় ততঃ শীঘ্রং গৃহীত্বা বৈ তথেপ্সিতম্॥ তামানেতুং ততঃ সর্ব্বে যমদূতা ভয়ঙ্করাঃ। যমদূতৈঃ সমানীতা দদর্শ পথি বিস্মিতা॥ কিঙ্করোমি ক্ব গচ্ছামি যমস্য সদনং গতা। যমং দৃষ্ট্বা চন্দ্ররেখা তুষ্টাব বিনয়ান্বিতা॥ নমস্তে সর্ব্বভূতেশ সর্ব্বভূতহিতে রত। প্রসন্নো ভব দেবেশ ধর্ম্মরাজ নমোঽস্তু তে॥ পতিব্রতা চন্দ্ররেখা প্রীতিধর্ম্মপরায়ণা। প্রণম্য দণ্ডবদ্ভূমৌ বেপমানা

মুহুর্মুহুঃ॥ চন্দ্ররেখাবচঃ শ্রুত্বা যমঃ প্রোবাচ ধর্ম্মবিৎ। বরং বরয় সুশ্রোণি যত্তে মনসি বর্ত্ততে॥ চন্দ্ররেখোবাচ। কেনোপায়েন দেবেশ নরকান্নিরয়-স্থিতান্। ন পশ্যামি যথা দেব তৎ কুরুষ মহামতে॥ যম উবাচ। পতিব্রতে মহাভাগে চন্দ্ররেখে ব্রতং মম। কুরুষ্বেদং মহাপুণ্যং সর্ব্বকামফল-প্রদম্॥ যৎ কৃত্বা যোষিতঃ সর্ব্বাঃ পুত্রপৌত্রসমন্বিতাঃ। যমলোকাদ্দেবলোকে গামিনীঃ স্বামিনা সহ॥ যমপুষ্করিণী ভদ্রে ক্রিয়তাং ভক্তিভাবতঃ॥ তুলা-রাশিং গতে সূর্য্যে শুদ্ধকালে শুভে দিনে। অব্দচতুষ্টয়ে পূর্ণে প্রতিষ্ঠাং কারয়েদ্ব্রতী। নানাবিধসুগন্ধাদ্যৈর্নাগাদীনধিবাসয়েৎ। ব্রতং সূর্য্যাত্মজস্যাপি কুর্য্যাচ্চৈব যথাবিধি। পাশহস্তং দণ্ডহস্তং রক্তলোচনমেব চ॥ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ॥ ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ॥ পূজাং কৃত্বা বিধানেন যষ্ট্যারোপণমেব চ। ভেককচ্ছপনাগানাং যষ্টিমূলে প্রদাপয়েৎ॥ কাঞ্চনং রজতং বাপি বস্ত্রালঙ্কারমেব চ। শঙ্খকর্পূরসিন্দুর-তাম্বূলং ফলমৌষ-ধম্॥ নানাফলানি দেয়ানি উপবীতঞ্চ দক্ষিণাম্। প্রদদ্যাৎ কাঞ্চনীং ধেনুং নরকোত্তারণায় চ॥ চন্দ্ররেখে প্রকুর্ব্বীত স্ত্রী ন যাতি যমালয়ম্॥ ভীষ্ম উবাচ। যমস্য বচনং শ্রুত্বা চন্দ্ররেখা মুদান্বিতা। গত্বা নিজগৃহং সাপি চকার ব্রতমুত্তমম্॥ যা নারী কুরুতে ভক্ত্যা উত্তমং ব্রতমেব চ। উৎপাদ্য পুত্রপৌত্রাংশ্চ অন্তে যাতি হরেঃ পদম্॥

ইতি ভবিষ্যপুরাণে যুধিষ্ঠিরভীষ্মসংবাদে যমপুষ্করিণী-ব্রতম্॥

---

## কালিকা-ব্রত।

শুদ্ধকালে কার্ত্তিকমাসের কৃষ্ণা চতুর্দ্দশীতে কালিকা-ব্রত গ্রহণ করিবে। প্রভাতে কৃতনিত্যক্রিয় হইয়া সূর্য্যার্ঘ্য প্রদান পূর্ব্বক নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

ওঁ বিষ্ণুর্নমোঽদ্যেত্যাদি অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী অমুককর্ম্মসিদ্ধিকামা শ্রীকালিকাপ্রীতিকামা বা কালিকাব্রতমহং করিষ্যে।

অনন্তর সূক্তপাঠ, গণেশাদি পঞ্চদেবতা, নবগ্রহ, দশদিক্‌পাল, গঙ্গা, যমুনা, লক্ষ্মী, সরস্বতী ইঁহাদের (ঘটে) পূজা করিয়া ষোড়শোপচার, দশোপ-চার বা অক্ষমপক্ষে পঞ্চোপচারে কালিকার পূজা করিবে। ধ্যানপ্রকরণোক্ত

"চতুর্ভুজাং কৃষ্ণবর্ণাং" ইত্যাদি ধ্যানে পূজা করিতে হয়। তৎপরে কথাশ্রবণ, দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান প্রভৃতি সম্পাদন করিবে।

ব্রত-কথা—বশিষ্ঠ উবাচ। কালিকাব্রতমাহাত্ম্যং বদ বেদবিদাং বর। কিমেতস্য ফলং দেব কিংবা তদ্বিধিরেব চ। কেন ব্রতমিদং প্রোক্তং মর্ত্ত্যলোকে প্রকাশিতম্। তদহং শ্রোতুমিচ্ছামি তৎ সর্ব্বং ব্রূহি কেশব॥ শ্রীকৃষ্ণ উবাচ। মহাভবিষ্যপুরাণে যদুক্তং ধর্ম্মসংহিতম্। তৎ শৃণুষ হি রাজেন্দ্র কালিকা-ব্রতমুত্তমম্॥ পুরন্দরপুরে হ্যাসীৎ শক্রশ্চামরসদ্মনি। যো বৃত্তান্তোঽভবৎ সর্ব্বং তৎ শৃণুষ মহামতে॥ সভায়াং সংস্থিতো রাজা নৃত্যাসক্তো হি নিত্যশঃ। দিনমেকস্য বৃত্তান্তং শৃণু বেদবিদাং বর॥ শক্রস্য শিরসি চৈব পুষ্পবৃষ্টিরভূত্তদা। বাসবস্তাং পুষ্পবৃষ্টিং গৃহীত্বা ঘ্রাণবান্ স্বয়ম্। ঘ্রাত্বা পুষ্পং তদা রাজা দত্তবাংশ্চ দ্বিজাতয়ে। লজ্জিতো ব্রাহ্মণঃ সোঽপি মানহীনোঽভবত্তদা॥ ক্রোধেন মহতা চৈব শশাপ সহসা দ্বিজঃ। অয়ঞ্চ গৃহমার্জ্জারো দ্বাদশাব্দং ভবিষ্যতি॥ তেন কর্ম্মবিপাকেন দেবেন্দ্রো হতচেতনঃ। স্বর্গান্নিপত্য রাজা বৈ মার্জ্জারস্ত্বভবত্তদা॥ লুব্ধকো নাম যস্যাপি নৌকায়াং জীবনস্থিতিঃ। তস্য পত্নী সুভদ্রা সা পত্যুঃ সর্ব্বাধিকারিণী॥ তত্র মার্জ্জাররূপেণ দেবরাজস্তু তিষ্ঠতি॥ পুরন্দরপুরী চৈব রাজশূন্যাভবত্তদা॥ শচী বৈ চিন্তয়ামাস অন্নপানাধিকং ত্যজেৎ। উপবাসং সমাচর্য্য মাসমেকঞ্চ তিষ্ঠতি। ততো দেবগণাঃ সর্ব্বে চিন্তয়ামাসুরাশু চ। গত্বা তু রাজভবনং ব্যাকুলাস্তে ততোঽমরাঃ॥ বিচিন্ত্য চামরাঃ সর্ব্বে শচ্যৈ বাক্যমভাষত। শচি ত্বং রাজমহিষী কথমেতৎ করোষি চ॥ মাসমেকমনাহারং কৃত্বা তিষ্ঠসি সুব্রতে। কিংবা চিন্তয়সে নিত্যং সর্ব্বং কথয় সুব্রতে॥ তৎ শ্রুত্বা চ ততো রাজ্ঞী কৃতাঞ্জলিরভাষত। ত্বমেম জগতাং নাথস্ত্বমেব সৃষ্টিকারকঃ॥ ক্ব গতো মম ভর্ত্তা চ তন্ন জানামি হে প্রভো। ইত্যুক্ত্বা হরি-মুদ্দিশ্য বিললাপ পুনঃ পুনঃ॥ বিচিন্ত্যোত্যমরাঃ সর্ব্বে ধ্যানমালম্ব্য সংস্থিতাঃ। পুরন্দরস্য তদ্বৃত্তং ক্ষণমাহুস্ততঃ স্মরন্॥ বাসবো ব্রহ্মশাপেন মহাব্যাকুল-চেতনঃ। মার্জ্জাররূপমাস্থায় স তিষ্ঠত্যন্ত্যজালয়ে॥ এতৎ শ্রুত্বা রাজপত্নী বেপমানান্তরেষু চ। উবাচ কুশলপ্রশ্নং রাজার্থে কিং করোম্যহম্॥ কুত্র যামি ক্ব তিষ্ঠামি ব্যাকুলাহং বিচেতনা। শৃণ্বন্তু দেবতাঃ সর্ব্বা রাজ্যরক্ষা কথং ভবেৎ॥ প্রত্যূচুশ্চামরাঃ সর্ব্বে যাহি ত্বং দ্বিজসন্নিধিম্। সন্তোষ্য কুশলং প্রশ্নং দ্বিজমেবং সমাচর॥ দ্বিজস্য ভবনং গত্বা স্তুত্বা চ সেব্যতাং দ্বিজঃ। ততো হি ব্রাহ্মণোঽসৌ বৈ যথোচিতকুলোচিতম্॥ পুরন্দরস্য শাপান্তং করিষ্যতি ন

সংশয়ঃ। শ্রুত্বা রাজ্ঞী তু তদ্বাক্যং গত্বা বৈ দ্বিজসন্নিধিম্॥ ভৃশং চ প্রীণয়ামাস প্রিয়বাক্যেন কর্ম্মণা। ব্রাহ্মণোঽপ্যথ সন্তুষ্টঃ সর্ব্বপ্রাণিহিতে রতঃ॥ সর্ব্বধর্ম্মসদাভ্যাসী বলিহোমপরায়ণঃ। জিতেন্দ্রিয়ো জিতক্রোধো বৃদ্ধোঽসৌ ব্রাহ্মণোত্তমঃ॥ প্রত্যুবাচ চ সম্ভাষ্য শচি ত্বং পতিবল্লভে। কিং বাঞ্ছসি বিশালাক্ষি সত্যেন বদ পণ্ডিতে॥ শচ্যুবাচ। জানতাজানতা বাপি মদ্ভর্ত্ত্রা দুষ্কৃতং কৃতম্। তৎ ক্ষমস্ব মহাভাগ রক্ষাং কুরু মম প্রভো॥ রাজা তু তব শাপেন মার্জ্জারো ভবনে অভূৎ। লুব্ধকস্য গৃহে তিষ্ঠন্ রাজশূন্যা পুরী মম॥ ততস্ত্বামভিযাচেঽহং রাজ্যরক্ষাং কুরুষ মে। যদ্যনুগ্রহমস্মভ্যং করোষি চ দ্বিজোত্তম॥ পুরন্দরস্য শাপান্তং কেনোপায়েন সিধ্যতি॥ ব্রাহ্মণ উবাচ। সত্যেন তব বাক্যেন সাহসেন সুবুদ্ধিনা। তুষ্টোঽস্মি রাজপত্নি ত্বং কালিকাব্রতমাচর॥ দারুণং যৎ কৃতং পাপং স্বামিনাসুররিপুণা। অয়ং দত্তো ময়া শাপো তদ্‌যোগ্যং ব্রতমাচর॥ শচ্যুবাচ। বিধানং ব্রূহি মে বিপ্র কালিকায়া ব্রতস্য যৎ। তদা তব প্রসাদেন করোমি তদ্‌ব্রতং দ্বিজ॥ ব্রাহ্মণ উবাচ। গচ্ছ ত্বং লুব্ধকো নাম নৌকায়াং যস্য জীবনম্। তস্য পত্নী সুভদ্রা চ বদিষ্যতি বিধিং তব॥ তস্যাস্তু বচনং কার্য্যং তৎপরং শ্রদ্ধয়া সতি। এতৎ শ্রুত্বা শচী শীঘ্রং গত্বা তস্য তু মন্দিরম্॥ প্রত্যুবাচ শচী তত্র কস্যেদং ভবনং শুভে। তব সম্ভাষণায়ৈব সমাগতাতিদূরতঃ॥ তাঞ্চ দৃষ্ট্বা সুভদ্রা সা অর্ঘ্যপাত্রাদিকং দদৌ। কা ত্বং কস্য সুতা ত্বং হি কথং চাগমনং তব॥ কিং কার্য্যং কথয় ত্বঞ্চ সত্যং চাপি সুভাষিণি। ততো বাচা মধুরয়া সা শচী প্রত্যুবাচ তাম্॥ ত্বঞ্চ ভাগ্যবতী ভদ্রে ত্বমেব শুভকারিণী। পতিব্রতা পতিপ্রাণা পত্যুঃ প্রিয়হিতে রতা॥ সকাশং প্রেরয়ামাস ব্রাহ্মণঃ সংশিতব্রতঃ। শক্রস্য প্রমদা চাহং পতিমুদ্দিশ্য চাগতা॥ শক্রোঽপি ব্রহ্মশাপেন মার্জ্জারোঽভূদ্‌গৃহে তদা। ক্ব গতো মম ভর্ত্তা চ তন্ন জানামি সুব্রতে॥ এতৎ কারণমুদ্দিশ্য আগতাহং তবাশ্রমম্। ইত্যুক্ত্বা রাজপত্নী চ মার্জ্জারং তত্র পশ্যতি॥ তং দৃষ্ট্বা তু প্রিয়ং শক্রং প্রত্যুবাচ শচী দ্রুতম্। দৃষ্ট্বা মার্জ্জারতাং চাস্য বিললাপ সুলক্ষণা॥ দৃষ্ট্বা সুভদ্রা তাং প্রাহ শৃণু মে পরমং বচঃ। প্রত্যক্ষা সা মহোগ্রা চ অস্মাকং কুলদেবতা॥ কালিকা সা মহাদেবী শুভসম্পত্তিকারিণী। তস্য ব্রতপ্রসাদেন সাফল্যং তে ভবেদ্ধ্রুবম্॥ শচ্যুবাচ। বিধানং চাস্য মে ব্রূহি কালিকায়া ব্রতস্য চ। ত্বয়োপদিশ্যতাং শীঘ্রং ত্বৎপ্রসাদাৎ করোম্যহম্॥ এতৎ শ্রুত্বা সুভদ্রা চ বিধানং প্রত্যুবাচ তাম্। শুদ্ধকালং সমাসাদ্য কৃষ্ণপক্ষে চতুর্দ্দশী॥ তাং তিথিং কার্ত্তিকে প্রাপ্য সঙ্কল্পঞ্চ সমাচরেৎ। গুণমেকং বিশেষার্থং দ্বিগুণং

পরিশোধয়েৎ ॥ ন রাত্রৌ ভোজনং কার্য্যং কালিকায়া ব্রতেষু চ। সিদ্ধং বাপ্যথবাসিদ্ধং পরকীয়ঞ্চ বর্জ্জয়েৎ ॥ অথাপরাহ্নকালে চ সায়ং তু সময়ে তথা। বৈণবং কদলীযুক্তং নির্ম্মায় চাঙ্গনে গৃহম্। তন্মধ্যে ঘটমারোপ্য কালীমাবাহ্য পূজয়েৎ ॥ পাদ্যার্ঘ্যাচমনীয়ঞ্চ গন্ধপুষ্পাদিভিস্তথা। পিষ্টকঞ্চৈব সিদ্ধান্নং ব্যঞ্জনং সিদ্ধমীনকম্ ॥ নিবেদ্য সকলং দেবি বলিদানং প্রদাপয়েৎ। অনেন বিধিনা যা চ কুর্য্যাদ্বৈ কালিকাব্রতম্। কার্য্যসিদ্ধির্ভবেত্তস্যাঃ সা যাতি গতিমুত্তমাম্ ॥ এতদ্-ব্রতবিধানং তু শৃণুষ্ব সাবধানতঃ। ব্রতোদ্‌যাপনকালে তু দক্ষিণা শক্তিপূর্ব্বিকা ॥ তস্যাস্তদ্বচনং শ্রুত্বা সা শচী হর্ষমানসা। গৃহমাসাদ্য সা তত্র চাকরোদ্ব্রতমুত্তমম্ ॥ অনেন বিধিনা সা চ কৃত্বা তু ব্রতমুত্তমম্। ব্রতস্য করণাদেব বাসবস্য তদা-গতিঃ ॥ দ্বাদশাব্দস্তস্য কালো মুক্তবান্ বৎসরাৎ পরম্। মার্জ্জাররূপং সন্ত্যজ্য গত্বা চ অমরাবতীম্ ॥ কালিকায়াঃ প্রসাদেন শক্রশ্চৈব প্রমুক্তবান্। দৃষ্ট্বা দেবগণাঃ সর্ব্বে মুদং প্রাপুস্ততো মহৎ ॥ এতদ্ব্রতং ময়া প্রোক্তং ব্রতানাং ব্রতমুত্তমম্। কালিকায়া ব্রতং নাম যা কুর্য্যাদ্ভক্তিভাবতঃ। দ্রুতং তস্যাশ্চ সম্পত্তিঃ কার্য্যসিদ্ধিস্ততো ভবেৎ ॥

ইতি ভবিষ্যপুরাণে কালিকাব্রতকথা।

## ভীষ্মপঞ্চক-ব্রত।

কার্ত্তিকী একাদশী হইতে আরম্ভ করিয়া পঞ্চদিন যাবৎ এই ব্রত আচরণ করিবে, অর্থাৎ পুর্ণিমা যাবৎ একাহারী ও হবিষ্যাশী হইয়া থাকিতে হয়। তৎপরে বিষ্ণুর অর্চ্চনা করিয়া ব্রাহ্মণভোজন ও দক্ষিণা দান করিবে।

## বকপঞ্চক-ব্রত।

কার্ত্তিক মাসের শুক্লা একাদশী হইতে আরম্ভ করিয়া পঞ্চদিন মৎস্য-মাংসাহার বর্জ্জন পূর্ব্বক সংযত ও হবিষ্যাশী হইয়া থাকিবে। ইহারই নাম বকপঞ্চক-ব্রত। এই কয় দিন মনুষ্যের কথা দূরে থাকুক, বকও মৎস্য ভোজন করিবে না। প্রমাণ যথা—

একাদশীং সমারভ্য যাবৎ পঞ্চদশী ভবেৎ।
বকোঽপি তত্র নাশ্নীয়ান্মীনং মাংসঞ্চ কিং নরঃ ॥

এই পাঁচ দিনে প্রত্যহ পবিত্র শীতল নদীজলে স্নান করিবে এবং হিংসা ও মাংসভক্ষণ ত্যাজ্য। প্রমাণ যথা—

দিনে দিনে চ স্নাতব্যং শীতলাসু নদীষু চ।
বর্জ্জিতব্যা তথা হিংসা মাংসভক্ষণমেব চ॥

## কার্ত্তিকেয়-ব্রত।

কার্ত্তিকমাসের সংক্রান্তিতে এই ব্রত করণীয়। যে দিন রবিসংক্রমণ ঘটিবে, সেই দিন সন্ধ্যাকালেই ব্রত করা ব্যবস্থা। সংক্রান্তিবিহিত কার্য্যে চান্দ্রমাস উল্লেখ্য। চারি প্রহরে চারিবার অর্চ্চনা ও কথা শ্রবণ করিবে। অক্ষমস্থলে একেবারেই অর্চ্চনাদি হয়। এই ব্রতপ্রয়োগবিধি পূজাপ্রকরণে কার্ত্তিকেয়-পূজায় দ্রষ্টব্য।

(অগ্রহায়ণ-কৃত্য)

## দানদ্বাদশী-ব্রত।

শুদ্ধকালে অগ্রহায়ণের শুক্লা দ্বাদশীতে এই ব্রত আরম্ভ করিতে হয়। এক বর্ষ যাবৎ প্রতি মাসের শুক্লা দ্বাদশীতে করণীয়। কৃতনিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচন, "সূর্য্যঃ সোম" পাঠ প্রভৃতি সমাপনান্তে উত্তরাস্য হইয়া নিম্নলিখিত বাক্যে যথানিয়মে সঙ্কল্প করিবে, যথা—

ওঁ বিষ্ণুর্ন্মোঽদ্য মার্গশীর্ষে মাসি (আরম্ভবর্ষ ভিন্ন অন্যমাসে অমুকে মাসি) শুক্লে পক্ষে দ্বাদশ্যান্তিথাবারভ্য বৎসরং যাবৎ (আরম্ভবর্ষ ভিন্ন অন্যমাসে দ্বাদশ্যান্তিথৌ) প্রতিমাসীয়-শুক্লদ্বাদশ্যাং অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী গোসহস্রদানজন্যফলসমফলবিভূতিপ্রাপ্তিপূর্ব্বক-বিষ্ণুলোকপ্রাপ্তিকামা শ্রীবিষ্ণু-প্রীতিকামা বা দানদ্বাদশীব্রতমহং করিষ্যে।

তৎপরে যথাযথ সূক্তপাঠ ও গণেশাদি পঞ্চদেবতার পূজা করিয়া ষোড়শোপচারে পূজাবিধির নিয়মে অচ্যুতের পূজা করিবে। পরে "অদ্যে-ত্যাদি কামসৌভাগ্যবৃদ্ধিকামা ইদং ঘৃতং শ্রীবিষ্ণুদৈবতমচ্যুতায়াহং সম্প্রদদে॥" মন্ত্রে ঘৃত নিবেদন করিয়া দক্ষিণা দিবে। এইরূপ মন্ত্রে পৌষমাসে তিল, মাঘে শালিতণ্ডুল, ফাল্গুনে বস্ত্র, চৈত্রে গোধূম, বৈশাখে পূর্ণকুম্ভ, জ্যৈষ্ঠে কনক,

আষাঢ়ে চন্দন, শ্রাবণে নবনীত, ভাদ্রে পূপ ( মতান্তরে পূগ ), আশ্বিনে গুড়, কার্ত্তিকে শর্করা প্রদান করিবে। প্রতি মাসেই ঘৃত-প্রদীপ-দান কর্ত্তব্য। প্রথম মাসে যেমন মন্ত্রের মধ্যে "অচ্যুতায়" আছে, তদ্রূপ পৌষ হইতে যথাক্রমে "মাধবায়, পুণ্ডরীকাক্ষায়, বিষ্ণবে, হরয়ে, কৃষ্ণায়, হৃষীকেশায়, নরসিংহায়, বরাহায়, গোবিন্দায়, চক্রপাণয়ে, গোবিন্দায়" উচ্চারণ পূর্ব্বক তত্তদ্‌দ্রব্য প্রদান করিবে। অনন্তর যথানিয়মে ভোজ্য উৎসর্গ করিয়া কথাশ্রবণ, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান প্রভৃতি করিবে।

ব্রত-কথা।—লক্ষ্মীরুবাচ। কেন ব্রতেন দেবেশস্তুষ্টো ভবতি ভূতলে। তন্মে ব্রূহি মুনিশ্রেষ্ঠ শ্রোতুং বাঞ্ছা প্রবর্ত্ততে॥ নারদ উবাচ। শৃণু লক্ষ্মি প্রবক্ষ্যামি ব্রতমেতৎ সুদুর্ল্লভম্। দেবস্যাপি মহাদেবি সর্ব্বপাপপ্রণাশনম্। মার্গশীর্ষে সিতে পক্ষে দ্বাদশ্যাং নিয়তঃ শুচিঃ। অচ্যুতায় ঘৃতং দদ্যাৎ কামসৌভাগ্য-বর্দ্ধনম্। তথা পৌষে তিলং দদ্যান্মাধবায় বিশেষতঃ। সপ্তজন্মানবচ্ছিন্ন-সন্তানং কামতো লভেৎ। পুণ্ডরীকাক্ষায় মাঘে তু প্রদায় শালিধান্যকম্। বিষ্ণু-লোকমবাপ্নোতি যত্র গত্বা ন শোচ্যতে। ফাল্গুনে বিষ্ণুমভ্যর্চ্চ্য প্রদদ্যাদ্বস্ত্রমুত্তমম্। অনেনৈব প্রদানেন সর্ব্বসৌখ্যং লভেত্তু সঃ। চৈত্রে হরিং সমভ্যর্চ্চ্য দদ্যাদ্‌-গোধূমমুত্তমম্। অনেন চ প্রদানেন মহাপুণ্যমবাপ্নুয়াৎ। বৈশাখে কৃষ্ণমভ্যর্চ্চ্য পূর্ণকুম্ভং প্রদাপয়েৎ। জন্মজন্মান্তরে চৈব লভতে জলমুত্তমম্। জ্যৈষ্ঠে চৈব হৃষী-কেশং সমভ্যর্চ্চ্য প্রযত্নতঃ। কনকং দাপয়েদ্দেবি স্বর্গলোকং স গচ্ছতি। আষাঢ়ে নরসিংহায় চন্দনং দেবি দাপয়েৎ। অনেনৈব প্রদানেন ব্রতস্থানং লভেত্তু সঃ। শ্রাবণে চ বরাহায় নবনীতং প্রদাপয়েৎ। অনেনৈব প্রদানেন নৃসিংহ-পদপশ্যতে। ভাদ্রে পূপৈঃ (পূগৈঃ) সমভ্যর্চ্চ্য গোবিন্দঞ্চ প্রযত্নতঃ। প্রদদ্যাদ্‌যঃ সদা ভক্ত্যা বিষ্ণুলোকং স গচ্ছতি। আশ্বিনে চ গুড়ং দদ্যাচ্চক্রপাণিং প্রপূজ্য চ। অনেন চ প্রদানেন ব্রহ্মলোকং স গচ্ছতি। কার্ত্তিকে শর্করাং দদ্যান্নারায়ণ-মনাময়ম্। সমভ্যর্চ্চ্য লভেদ্‌যত্নাদ্বৈষ্ণবং পদমুত্তমম্। দীপং তথা প্রদদ্যাচ্চ ঘৃত-পূর্ণং প্রযত্নতঃ। আলোকং তিষ্ঠতি স্বর্গে সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে। মাসি মাসি চ দাতব্যং যথোক্তং ব্রতমুত্তমম্। ব্রাহ্মণায় সুভোজ্যঞ্চ প্রদদ্যাদ্বৎসরাবধি। বিধানেন চ যা নারী ব্রতমেতৎ শুভান্বিতা। করোতি পরয়া ভক্ত্যা গোসহস্রফলং লভেৎ। ইহলোকে বিভূতিঞ্চ পরলোকে মহৎ পদম্। প্রাপ্যতে চ সদা নার্য্যা ব্রতমেতৎ করোতি যা॥

ইতি ভবিষ্যপুরাণোক্ত-দানদ্বাদশী-ব্রতকথা।

## সর্ব্ববিজয়া-ব্রত। *

এই ব্রতে এক এক মাসে এক এক বস্তু ত্যাগ করিতে হয়। তত্তদ্দ্রব্য উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে দিবে, যথা—মার্গশীর্ষমাসে শাক, পৌষে লবণ, মাঘে তৈল, ফাল্গুনে গুবাক, চৈত্রে মাল্য ও কুসুমাদি, বৈশাখে অন্ন, জ্যৈষ্ঠে ধারাজল, আষাঢ়ে দধি, শ্রাবণে বস্ত্র, † ভাদ্রে চামর ও ব্যজন, আশ্বিনে ঘৃত ও কার্ত্তিকে শয্যা।

ব্রতপদ্ধতি।—স্বস্তিবাচনাদি করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যা-মারভ্য বর্ষমেকং যাবৎ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী পুত্রপৌত্রাদিসম্পৎ-শিবলোকপ্রাপ্তিকামা ব্রহ্মপুরাণোক্তবিধিনা শিব-দুর্গা-পূজাপূর্ব্বকমার্গশীর্ষাদি-দ্বাদশমাসিক-শাকাদিদ্রব্যপরিত্যাগরূপং সর্ব্বজয়াব্রতমহং করিষ্যে।

অনন্তর সূক্তাদি-পাঠান্তে করপুটে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

ইদং ব্রতং ময়া দেবি গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেবি যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। পূর্ণং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥

তৎপরে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি ও ন্যাসাদি সমাপনান্তে গণেশ, শিবাদি-পঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ ও ইন্দ্রাদিদশদিক্‌পাল ইঁহাদের অর্চ্চনা করত "শাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি প্রণালীতে অঙ্গন্যাস-করন্যাস করিয়া "ওঁ মুক্তা-পীতপয়োদ" ইত্যাদি শিবের ধ্যানপাঠ, মানসোপচারে অর্চ্চনা ও বিশেষার্ঘ্য স্থাপন করিবে। পরে পুনরঙ্গন্যাস-করন্যাস ও ধ্যানান্তে "ওঁ নমঃ শিবায়" মন্ত্রে ষোড়শোপচারে শিবের অর্চ্চনা ও অর্ঘ্যদান করিবে। অর্ঘ্যদানের মন্ত্র নিম্নে লিখিত হইল, যথা—

ওঁ নমস্তে সর্ব্বদেবেশ শম্ভো পরমকারণ। উময়া সহিতোঽস্মাকং গৃহাণার্ঘ্যং মহেশ্বর॥

* কার্ত্তিকমাসের শেষ সংক্রান্তিই মার্গশীর্ষের সংক্রান্তি বলিয়া গণনীয়; এই হেতুই এই ব্রতটি অগ্রহায়ণকৃত্য বলিয়া নির্ণীত হইল।

† ইহার তাৎপর্য্য এই যে, পরিধেয় বস্ত্র সহ স্নানান্তে তাহা গাত্রেই শুষ্ক করিবে, বসনান্তর ধারণ করিবে না।

অনন্তর নিম্নলিখিতরূপে ষড়ঙ্গপূজা করিবে, যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ শিবায় নমঃ।" এই নিয়মে—"মহেশ্বরায়, ত্র্যম্বকায়, কপর্দ্দিনে, চন্দ্রশেখরায়, দিগম্বরায়, পার্ব্বতীনাথায়।" পরে অষ্টমূর্ত্তির অর্চ্চনা করিবে। তদনন্তর "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ"—এই নিয়মে করন্যাস ও অঙ্গন্যাস করত যথাযথ গৌরীর ধ্যান করিয়া পূজা করিবে। অর্ঘ্য দিবার মন্ত্র যথা—

ওঁ উমে দেবি মহাদেবি শম্ভোরর্দ্ধাঙ্গধারিণি। শিবে শর্ব্বে মহেশানি গৃহাণার্ঘ্যং মহেশ্বরি॥

পরে ষড়ঙ্গপূজা করিবে, যথা—রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, অপর্ণায়ৈ, মানস্তোকায়ৈ, অপরাজিতায়ৈ, স্বাহায়ৈ, সরস্বত্যৈ, দুর্গায়ৈ, শিবায়ৈ, আদিত্যাদিনবগ্রহেভ্যঃ, ইন্দ্রাদিদশদিক্পালেভ্যঃ।

অনন্তর প্রাণায়াম, যথাশক্তি জপ, জপ-সমর্পণ ও নমস্কারান্তে করপুটে নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

ওঁ ময়া কৃতান্যনেকানি পাপানি হর পার্ব্বতি। ত্বৎপ্রসাদাদবিঘ্নেন মমাস্তু সফলং ব্রতম্॥ সর্ব্বদেবময়ীং দেবীং সর্ব্ববিঘ্নভয়াপহাম্। ব্রহ্মেশবিষ্ণুনমিতাং প্রণমামি সদাশিবাম্॥

পরে শিবদুর্গা-প্রীতিকামনায় সভোজ্য ঘট ও তত্তন্মাসীয় ত্যাজ্য বস্তু ব্রাহ্মণার্থে উৎসর্গ করিয়া কথা শ্রবণ করিতে হয়, যথা—

ব্রত-কথা।—কৈলাসশিখরে দেবী স্থিতা দেবমুবাচ হ॥ দেব্যুবাচ। ব্রতেন কেন দেবেশ নারী সর্ব্বজয়া ভবেৎ। ইতি দেবীবচঃ শ্রুত্বা মহেশ্বর উবাচ তাম্॥ ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমম্। যৎ কৃত্বা লভতে নারী সৌভাগ্যং বিজয়া ভবেৎ॥ ভগবন্তং সুখাসীনং পুনঃ পৃচ্ছতি শৈলজা। ব্রতেন কেন দেবেশ নারী সর্ব্বমনোরথম্॥ সৌভাগ্যমতুলঞ্চাপি পুত্রপৌত্রাদিবর্দ্ধনম্। নানাসুখসমাযুক্তং লভতে বৈষ্ণবং পদম্॥ তদ্ব্রতং ব্রূহি দেবেশ ক্রিয়তে চ যথা প্রভো॥ শ্রীভগবানুবাচ। অস্তি সর্ব্বজয়া নাম ব্রতানাং ব্রতমুত্তমম্। তস্যানুষ্ঠানমাত্রেণ স্ত্রীণাং সর্ব্বমনোরথাঃ॥ লোকত্রয়হিতে যুক্তাঃ সিধ্যন্তীহ ন সংশয়ঃ। কুরু ত্বং তদ্ব্রতং দেবি প্রচারায় মহীতলে॥ দেব্যুবাচ। প্রসন্নো যদি দেবেশ বিধানং তস্য কথ্যতাম্। সুখেন যেন দেবেশ ক্রিয়তে ব্রতমুত্তমম্॥ শ্রীভগবানুবাচ। সর্ব্বজয়াব্রতং বক্ষ্যে শৃণু দেবি সুশোভনম্। নৈতদ্দৃষ্টং ব্রতং দেবি যথা সর্ব্বজয়াব্রতম্॥ তৎ কুরুষ প্রযত্নেন যথা সর্ব্বজয়ো ভবেৎ॥ মার্গশীর্ষে ত্যজেৎ শাকং পুণ্ডরীকাক্ষতাং লভেৎ। পৌষে তু লবণং

ত্যক্তা শ্রিয়মাপ্নোত্যনুত্তমাম্॥ মাঘে তৈলং পরিত্যজ্য গোলক্ষদানজং ফলম্। পূগন্তু ফাল্গুনে মাসি রাজতে স্ত্রী পতিব্রতা॥ যাতি দিব্যবিমানেন সা ন যাতি যমালয়ম্। চৈত্রে ত্যক্ত্বা মাল্যপুষ্পং যাতি সা পরমাং গতিম্॥ ভক্তং ত্যক্ত্বা তু বৈশাখে যাতি বিষ্ণুপুরং মহৎ। জ্যৈষ্ঠে ধারাজলং ত্যক্ত্বা পুরন্দরপুরে বসেৎ॥ আষাঢ়ে দধি সন্ত্যক্ত্বা বারুণং লোকমাপ্নুয়াৎ। বস্ত্রন্তু শ্রাবণে ত্যক্ত্বা প্রজাপতি-পুরং ব্রজেৎ॥ ভাদ্রে তু চামরং ত্যক্ত্বা ব্যজনঞ্চ বিশেষতঃ। যাতি দিব্যবিমানেন কৈলাসং সা পতিব্রতা॥ আশ্বিনে তু ঘৃতং ত্যক্ত্বা নারায়ণপুরং লভেৎ। শয্যান্তু কার্ত্তিকে ত্যক্ত্বা চন্দ্রলোকং ব্রজন্তি চ॥ এতানি ত্যক্তবস্তূনি মাসি মাসি দ্বিজাতয়ে। নানাদ্রব্যকৃতং ভোজ্যং দদ্যাৎ সৌখ্যমিহেচ্ছতি॥ সা কুলদ্বয়মুদ্ধৃত্য বিষ্ণোঃ সালোক্যমাপ্নুয়াৎ। পূর্ণে সংবৎসরে চৈব প্রতিষ্ঠা তদনন্তরম॥ রাজতং কারয়েচ্ছম্ভুং দেবীঞ্চ কনকাকৃতিম॥ দানং দ্বাদশকং শক্ত্যা দদ্যাদ্বিপ্রায় শোভনে। মণ্ডলং সর্ব্বতোভদ্রং তত্র গৌরী-শিবার্চ্চনম্॥ হরগৌরী-স্বসূক্তাভ্যাং তিলহোমং সমাপয়েৎ। দানং দদ্যাৎ সুভোজ্যঞ্চ তোয়ং দদ্যাদ্ঘটান্বিতম্॥ সর্ব্বং দ্বাদশকং দদ্যাদ্দক্ষিণাঞ্চ যথাবিধি। ব্রাহ্মণান্ ভোজয়িত্বা তু স্বয়ং ভুঞ্জীত বাগযতা॥

ইতি ব্রহ্মপুরাণোক্তসর্ব্বজয়াব্রতকথা॥

( মাঘকৃত্য )

## ষট্‌পঞ্চমী-ব্রত।

মাঘী শুক্লা পঞ্চমীতে ষট্‌পঞ্চমীব্রত করণীয়। শুদ্ধকালে ঐ তিথিতে ব্রত গ্রহণ করিয়া ছয় বর্ষে উদ্‌যাপন করিতে হয়। ষট্‌বর্ষ-সম্পাদ্য বলিয়া উহার নাম ষট্‌পঞ্চমী।

ব্রত প্রণালী।—কৃতনিত্যক্রিয় হইয়া আচমন, স্বস্তিবাচন, "সূর্য্যঃ সোম" পাঠ প্রভৃতি করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্নমোঽস্ত মাঘে মাসি শুক্লে পক্ষে পঞ্চম্যাং তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী ধনধান্য-পুত্রপৌত্র-সৌভাগ্যারোগ্য প্রাপ্তিপূর্ব্বক-বিষ্ণুলোকগমন কামা শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা বর্ষষট্‌কং যাবৎ প্রতিমাসীয়-শুক্লপঞ্চম্যাং গণেশাদি-নানাদেবতাপূজাপূর্ব্বকং সলক্ষ্মীক-নারায়ণপূজা-তৎকথাশ্রবণরূপ-ষট্‌পঞ্চমী-ব্রতমিহং করিষ্যে।

ব্রাহ্মণপক্ষে "ওঁ দেবো ব" এই সূক্ত এবং শূদ্রপক্ষে "যজ্জাগ্রতো ইত্যাদি পাঠ্য। পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে, যথা—

ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু ত্বৎ-প্রসাদাজ্জনার্দ্দন॥ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। তন্মে সম্পূর্ণতাং যাতু প্রসাদাত্তব কেশব॥

পরে সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধ্যাদি (১৫২-১৬৩ পৃঃ) করিয়া "পাশাক্ষ-মালিকা" ইত্যাদি ধ্যানে স্বীয় মস্তকে পুষ্পপ্রদান, মানসোপচারে পূজা, স্ববামে অর্ঘ্যস্থাপন, পুনর্ধ্যান, যথাশক্তি পাদ্যাদি দ্বারা লক্ষ্মী ও নারায়ণের পূজা ও মূলমন্ত্র জপ এবং জপসমর্পণান্তে প্রণাম করিবে, মন্ত্র যথা—

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

অথ আবরণদেবতা-পূজা। মন্ত্র যথা—ওঁ গোবিন্দায় নমঃ এইরূপে ওঁ কেশবায়, অনন্তায়, মাধবায়, জনার্দ্দনায়, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, লক্ষ্ম্যৈ, পদ্মালয়ায়ৈ, পদ্মায়ৈ, কমলায়ৈ, শ্রিয়ৈ, হরিপ্রিয়ায়ৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, সরস্বত্যৈ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ।

পরে ভোজ্য উৎসর্গ ও দক্ষিণান্ত প্রভৃতি সমাপনান্তে কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—তীর্থযাত্রানিবৃত্তোঽপি নারদো মুনিসত্তমঃ। লক্ষ্ম্যা সহ সমাসীনং বিষ্ণুং পপ্রচ্ছ সাদরম্॥ নারদ উবাচ। কেনোপায়েন ভগবন্ নারী দুঃখং ন বিন্দতি। সৌভাগ্যমতুলং প্রাপ্য বিষ্ণুলোকঞ্চ গচ্ছতি॥ ইহলোকে সুখং ভুঙ্‌ক্তে ভর্ত্তৃবক্ষঃস্থলস্থিতা। তদহং শ্রোতুমিচ্ছামি ব্রূহি মে গরুড়ধ্বজ॥ ইত্যুক্তো মাধবশ্চক্রে লক্ষ্মীমুখনিরীক্ষণম্। ইঙ্গিতজ্ঞা ততঃ পদ্মা পদ্মপত্রায়তেক্ষণা। বল্লভাজ্ঞাং পুরস্কৃত্য প্রীতা ব্রতমুবাচ হ॥ লক্ষ্মীরুবাচ। ষট্‌পঞ্চমীব্রতং সম্যক্ শ্রূয়তাং পাপনাশনম্। সৌভাগ্যারোগ্য-সৌন্দর্য্য-পুত্র-পৌত্র-ধনপ্রদম্॥ ষট্‌পঞ্চমীব্রতং নাম যা করোতি পতিব্রতা। সপ্তদ্বীপেশ্বরপত্নী সা ভবেন্নাত্র সংশয়ঃ॥ অহং তস্যা গৃহে নিত্যং যথা নারায়ণে স্থিরা। তস্যাস্তুষ্টা হি সততং চঞ্চলা নিশ্চলা ভবে॥ রূপযৌবনসম্পন্না সর্ব্বাভরণভূষিতা। শচীব পুরুহূতস্য রতীব মদনস্য চ॥ হরস্য চ যথা গৌরী অহং নারায়ণে যথা। তথা সা পতিনা সার্দ্ধং সুখিনী নিবসেন্মুনে॥ মাঘে মাসি সিতে পক্ষে পঞ্চমী যা শুভা ভবেৎ। তস্যামারভ্য কর্ত্তব্যং বৎসরান্ ষট্ ব্রতোত্তমম্॥ বিধানং তস্য বক্ষ্যামি শৃণুষ্ব সুসমাহিতঃ। প্রতিমাসস্য পঞ্চম্যাং

সলক্ষ্মীকং জনার্দ্দনম্॥ পূজয়েদ্‌গন্ধপুষ্পাদ্যৈর্নৈবেদ্যৈশ্চ পৃথগ্বিধৈঃ। আজ্যদ্বয়মলবণং হবিষ্যেণ দ্বয়ন্তথা। পঞ্চমে ফলমশ্নীয়াৎ ষষ্ঠে কুর্য্যাদুপোষণম্॥ সর্ব্বদেবার্চ্চনং হোমং লক্ষ্মীনারায়ণার্চ্চনম্। গন্ধপুষ্পাদিভির্ভোজ্যং মাসি মাসি প্রদাপয়েৎ। নৈবেদ্যং বিবিধং দদ্যাৎ তাম্বূলৈঃ সুপরিষ্কৃতৈঃ। এবং কুর্য্যাচ্চ যা নারী শৃণুষ্ব সুসমাহিতঃ॥ সা সপ্তকুলমুদ্ধৃত্য বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ। ষষ্ঠে প্রতিষ্ঠা কর্ত্তব্যা ভোজয়েদ্ দ্বাদশ দ্বিজান্। কৃষ্ণা শৃঙ্গীং সবৎসাং গাং ব্রাহ্মণায় নিবেদয়েৎ॥ ষট্‌পঞ্চমীব্রতং সম্যক্ যা করোতি পতিব্রতা। স্বাস্থ্যমায়ুসংশয়ং তস্যা গৃহে চাপি সুনিশ্চলা॥ যথেন্দ্রাণী মহেন্দ্রস্য লক্ষ্মীর্লক্ষ্মীপতের্যথা। গিরিশস্য যথা গৌরী সাপি ভর্ত্তুর্ভবেত্তথা॥ পুত্রপৌত্রধনৈশ্বর্য্যপ্রদং ষট্‌পঞ্চমীব্রতম্। যথোক্তবিধিনানেন তস্মাৎ কুর্য্যাৎ প্রযত্নতঃ॥ নারদস্তৎকথাং শ্রুত্বা স্তবমেতদুদৈরয়ৎ। নমস্তুভ্যং সদা দেবী পূজ্যা ত্বং হি নমো নমঃ॥ এবং বিধিবিধানেন যা করোতি ব্রতোত্তমম্। লভতে স্বামিসৌভাগ্যং লক্ষ্মীস্তস্যা গৃহে স্থিরা॥ ততঃ স্ত্রীণাং হিতার্থায় মুনিনা কথিতং ক্ষিতৌ। ততো ভূপতিভিঃ সার্দ্ধং রাজ্ঞী চৈব ব্রতং চরেৎ॥ ষট্‌পঞ্চমীব্রতং নাম সর্ব্বপাপপ্রণাশনম্। কর্ত্তব্যঞ্চ সদা ভক্ত্যা ষড়্‌বর্ষং ব্রতমুত্তমম্॥ নাপি দুঃখং নৈব শোকং ন চ রোগমবাপ্নুয়াৎ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তা বিষ্ণুলোকে মহীয়তে॥

ইতি ভবিষ্যপুরাণোক্ত-ষট্‌পঞ্চমী-ব্রত-কথা॥

## আরোগ্যসপ্তমী-ব্রত।

মাঘ মাসে শুক্লা সপ্তমীতে এই ব্রত গ্রহণ করিবে। এক বর্ষে ব্রত পূর্ণ হয়। ষষ্ঠীতে সংযম করিয়া সপ্তমীতে উপবাসী থাকিবে। অষ্টমীতে পারণাদি করিতে হয়।

পূজাপ্রণালী।—স্বস্তিবাচন ও "সূর্য্যঃ সোম" ইত্যাদি পাঠান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য মাঘে মাসি শুক্লে পক্ষে সপ্তম্যাস্তিথাবারভ্য অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ঐহিকারোগ্য-ধনধান্য-পারলৌকিক-শুভস্থান-প্রাপ্তিকামঃ সংবৎসরং যাবদ্‌গণপত্যাদিনানা- দেবতাপূজা- পূর্ব্বকমারোগ্যসপ্তমী- ব্রতমহং করিষ্যে।

পরে সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধ্যাদি করিয়া (১৫২-১৬৩ পৃঃ), গণেশাদি দেবতাদিগকে অর্চ্চনা করিয়া, সূর্য্যের ধ্যান পড়িয়া, ধ্যানের পুষ্প নিজ শিরোদেশে দিয়া, মানসার্চ্চনা, বিশেষার্ঘ্য স্থাপন প্রভৃতি করিয়া ষোড়শোপচারে সূর্য্যের অর্চ্চনা করিবে। পূজাবসানে কথা শুনিয়া দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণাদি করিতে হয়।

ব্রত-কথা।—অথাপরং মহারাজ ব্রতমারোগ্যসংজ্ঞকম্। কথয়ামি পরং পুণ্যং সর্ব্বপাপপ্রণাশনম্॥ শ্রীসূর্য্য উবাচ। মাঘে মাসি তু সপ্তম্যাং শুদ্ধায়াং সমুপোষিতঃ। যঃ পূজয়তি মাং ভক্ত্যা তস্যাহং পুত্রতাং ভজে॥ তস্যৈব মাঘমাসস্য সপ্তম্যাং সমুপোষিতঃ। পূজয়েদ্ভাস্করং দেবং বিষ্ণুরূপং সনাতনম্॥ আদিত্য ভাস্কর রবে ভানো সূর্য্য দিবাকর। প্রভাকরেতি সংপূজ্যো দেবঃ সর্ব্বেশ্বরো হরিঃ॥ ষষ্ঠ্যাঞ্চৈব যতাহারঃ সপ্তম্যামুপবাসকৃৎ। অষ্টম্যাঞ্চৈব ভুঞ্জীত এষ এব বিধিঃ স্মৃতঃ। অনেন বৎসরং পূর্ণং বিধিনা যোঽর্চ্চয়েদ্ধরিম্। তস্যারোগ্যং ধনং ধান্যমিহ জন্মনি জায়তে॥ পরত্র চ শুভং স্থানং যদগত্বা ন নিবর্ত্ততে॥ অদৃষ্ট্বা মাং ন ভুঞ্জীত বিণ্মূত্রং নৈব দর্শয়েৎ। মদর্চ্চাকৃতনির্ম্মাল্যং শরীরে নৈব বেষ্টয়েৎ॥

ইতি আরোগ্যসপ্তমীব্রত-কথা॥

## বিধানসপ্তমী-ব্রত।

স্বস্তিবাচনান্তে "ওঁ সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পড়িয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা,—

বিষ্ণুরোম্ তৎসদদ্য মাঘে মাসি শুক্লে পক্ষে সপ্তম্যান্তিথাবারভ্য পৌষস্য শুক্লাং সপ্তমীং যাবৎ প্রতিমাসীয়শুক্লসপ্তম্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা আরোগ্যসম্পৎকামঃ (অভীষ্টফলপ্রাপ্তিকামো বা) বিধানসপ্তমীব্রতমহং করিষ্যে।

অনন্তর সূক্ত পাঠ করিয়া সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধ্যাদি (১৫২-১৬৩ পৃঃ) শেষ করিয়া গণেশাদিদেবতার অর্চ্চনা করত সূর্য্যকে ষোড়শোপচারে অর্চ্চনা ও স্তব পাঠ করিবে। ব্রতারম্ভ করিয়া পর পর প্রত্যেক মাসের সপ্তমীতে অর্চ্চনা করিয়া এইরূপ নিয়ম পালন কর্ত্তব্য অর্থাৎ মাঘ মাসে আকন্দপাতার অঙ্কুরমাত্র ভোজন করিবে। ফাল্গুনে ভূপতিত হইবার অগ্রেই কপিলাগাভীর গোময় যবপরিমিত লইয়া ভোজন করিবে। চৈত্রে একটি

মরিচ। বৈশাখে কিঞ্চিৎ জল। জ্যৈষ্ঠে পক্ককদলীফলের মধ্যবর্ত্তী কণা মাত্র। আষাঢ়ে যবপ্রমাণ কুশমূল। শ্রাবণে অপরাহ্ণকালে অল্প হবিষ্যান্ন। ভাদ্রে শুদ্ধ উপবাস। আশ্বিনে আড়াই প্রহরের সময় একবারমাত্র ময়ূরাণ্ড-প্রমাণ হবিষ্যান্ন। কার্ত্তিকে অর্দ্ধপ্রসৃতিমাত্র কপিলাদুগ্ধ। অগ্রহায়ণে পূর্ব্বমুখ হইয়া বায়ুভক্ষণ। পৌষে ঘৃতি স্বল্প গব্যঘৃতমাত্র সেবন করিবে। পরে দ্বাদশটি ব্রাহ্মণকে উত্তমরূপে আহার করাইবে এবং দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণাদি কর্ত্তব্য।

---

## ভৈম্যেকাদশী-ব্রত।

মাঘ মাসের শুক্লা একাদশীতে ভৈমী একাদশীব্রত করিতে হয়। জিতেন্দ্রিয় হইয়া উপবাস করত পরদিন দ্বাদশীতে ষট্‌তিলাচরণ করিবে। এই একাদশী-ব্রত করিলে পুণ্যবৃদ্ধি হয়, ব্রহ্মহত্যাপাপ নাশ পায় এবং সুরাপানাদিজনিত পাপ হইতে বিমুক্ত হওয়া যায়। দান, জপ, তপ, হোম, পৃথিবীদান কিছুই এই একাদশীব্রতের সমান নহে। প্রমাণ যথা—

ন দানং ন জপো হোমো ন চান্যৎ সুকৃতং ক্বচিৎ।
একতঃ পৃথিবীদানমেকতো হরিবাসরঃ।
ততোঽপ্যেকা মহাপুণ্যা চেয়মেকাদশী পরা॥

এই দিন বরাহদেবের স্বর্ণময়ী মূর্ত্তি প্রস্তুত করিয়া তাম্রপাত্রে স্থাপন করত শ্বেতবস্ত্র দ্বারা অবগুণ্ঠিত করিয়া পূজা করিবে। পূজাবিধির নিয়মে ষোড়শোপচারে বা দশোপচারে পূজা করিতে হয়। তৎপরে রাত্রিজাগরণ পূর্ব্বক দেবমাহাত্ম্যপ্রতিপাদক পুরাণাদি শ্রবণ করিবে। পরদিন প্রভাতে পাঠককে এবং অন্য ব্রাহ্মণকে কনকক্রোড়সহিত দেবমূর্ত্তি দান করিয়া সুহৃদ্‌জন সমভিব্যাহারে পারণাদি করিবে।

---

## সন্তানদ্বাদশী-ব্রত।

মাঘ মাসের শুক্লা দ্বাদশী তিথিতে সন্তানদ্বাদশী-ব্রত করিতে হয়। এই ব্রতের ফলে সন্তান, সৌভাগ্য, সম্পত্তি প্রভৃতি লাভ হইয়া থাকে। একবর্ষ যাবৎ প্রতিমাসীয় উক্ত তিথিতে ব্রত করিয়া বর্ষপূর্ণকালে উদ্‌যাপন করিবে।

পূজাপ্রণালী।—আচমনান্তে স্বস্তিবাচন ও "সূর্য্যঃ সোম" ইত্যাদি মন্ত্রপাঠ করিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুর্ন্মোঽস্য মাঘে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যান্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীমতী অমুকীদেবী ( আরম্ভের বর্ষ হইলে—"অদ্যারভ্য বর্ষমেকং যাবৎ প্রতি-মাসীয়শুক্লদ্বাদশ্যাং সুদুর্ল্লভসন্ততিলাভ-সৌভাগ্যরূপসম্পত্তিচন্দ্রার্কাবধিস্বর্গলোক-মহিতত্ব দেবেন্দ্রশচ্যাদিসমত্ব- ভর্ত্তৃদেহ- স্থিতাক্ষয়- বসুলোকগমন-সপ্তদ্বীপ-পতি-পত্নীত্ব-লাভপূর্ব্বক-বিষ্ণুলোক-গমনকামা গণপত্যাদি-নানাদেবতা-পূজাপলৈক-পরিমিতঘৃতকরণক-বাসুদেবস্নপন- পলৈকপরিমিত-ঘৃত-করণক-বাসুদেব-সম্প্র দানক-দীপদানব্রাহ্মণ-সম্প্রদানকপলৈকপরিমিত-ঘৃতদান-বাসুদেব-পূজাপূর্ব্বকং" বলিতে হইবে ) মৎস্যপুরাণোক্তসন্তানদ্বাদশী-ব্রতমহং করিষ্যে।

অনন্তর সূক্তপাঠান্তে করযোড়ে "ইদং ব্রতং" ইত্যাদি প্রার্থনামন্ত্র পাঠ করিয়া নিম্নলিখিত ধ্যানে স্বীয় মস্তকে পুষ্প দান ও মানসপূজা করিবে, যথা—

"ওঁ বাসুদেবং জগন্নাথং ভাস্করাভং চতুর্ভুজম্।
প্রসন্নবদনং শান্তং সর্ব্বাভীষ্টফলপ্রদম্॥
শঙ্খচক্রগদাপদ্মধারিণং বরদং বিভুম্।
পীতাম্বরপরীধানং স্মেরাস্যং পরিচিন্তয়েৎ॥"

অনন্তর পুনর্ধ্যানান্তে আবাহন পূর্ব্বক রৌপ্যপ্রতিমাকে, অভাবে শাল-গ্রামকে স্নান করাইবে, মন্ত্র যথা—

"ওঁ দেবং সনাতনং বিষ্ণুং অনন্তমপরাজিতম্।
বরদং সর্ব্বভূতানাং ঘৃতেন স্নাপয়াম্যহম্॥"

তৎপরে ধৌত শুক্লবসন দ্বারা জল মুছিয়া "এতৎ পাদ্যং ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমঃ" এই নিয়মে ষোড়শোপচার বা দশোপচার দ্বারা অর্চ্চনা করিবে। অনন্তর প্রণামান্তে ঘৃতপ্রদীপ উৎসর্গ করিবে। অর্থাৎ "ওঁ ঘৃত-প্রদীপায় নমঃ, এতৎসম্প্রদানায় ওঁ বাসুদেবায় নমঃ" এই বলিয়া গন্ধপুষ্পযোগে পূজা করিয়া "ওঁ নির্ব্বাণদোষরহিতং ঘৃতেনার্চ্চিতমুত্তমম্। প্রদীপন্তে প্রযচ্ছামি প্রসীদ পুরুষোত্তম॥ এষ পলৈকপরিমিতঘৃতপ্রদীপঃ ওঁ বাসুদেবায় নমঃ" বলিয়া উৎসর্গ করা বিধি। তৎপরে বাসুদেবের ষড়ঙ্গ অর্চ্চনা করিয়া লক্ষ্মীকে এবং সরস্বতীকে যথাধ্যানে আবাহনসহকারে পাদ্যাদিযোগে পূজা করিবে। তৎপরে গরুড়াসনকে অর্চ্চনা করিয়া ব্রাহ্মণকে পল-প্রমাণ ঘৃত দান করিবে অর্থাৎ অগ্রে অর্চ্চনা করিয়া "অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা

বাসুদেবপ্রীতিকামঃ সন্তান-দ্বাদশীব্রতাঙ্গীভূতমেতৎপলৈকপরিমিতঘৃতং শ্রীবিষ্ণু-দৈবতমর্চ্চিতং ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।" এই বাক্যে ব্রাহ্মণের হস্তে তিল, কুশ ও জল দিয়া "ওঁ বিষ্ণো কমলপত্রাক্ষ বপুস্তং পুরুষো দ্বিজঃ। ঘৃতমেতন্ময়া দত্তং গৃহীত্বা তোষমাপ্নুহি॥" এই মন্ত্র পাঠ্য।

অনন্তর ভোজ্যোৎসর্গ, কথাশ্রবণ, দক্ষিণান্ত ইত্যাদি অবশিষ্ট কার্য্য শেষ করিবে।

ব্রত-কথা।—কশ্যপঞ্চ মুনিং প্রাপ্য মহর্ষিং বেদপারগম্। কৃতাঞ্জলিপুটো ভক্ত্যা দিতির্ব্বাক্যমথাব্রবীৎ॥ দিতিরুবাচ। ব্রতেন কেন দেবেশ সন্ততি-র্জায়তে স্থিরা। অবধ্যা চ পরেষান্তু তন্মমাচক্ষ্ব সুব্রত॥ কশ্যপ উবাচ। সন্তান-দ্বাদশী নাম ব্রতং পরমদুর্ল্লভম্। তস্য করণমাত্রেণ সন্ততির্জায়তে স্থিরা॥ দেবদানবযক্ষাণাং গন্ধর্ব্বাণাং মহৌজসাম্। অবধ্যা চ ভবেদ্দেবি সত্যং সত্যং বদাম্যহম্॥ দিতিরুবাচ। বিধানং কীদৃশং তস্য কিং দানং কস্য পূজনম্। কিয়ৎকালঞ্চ কর্ত্তব্যং যথাবদ্বক্তুমর্হসি॥ কশ্যপ উবাচ। আরভ্য মাঘমাসস্য দ্বাদশীং শুক্লপক্ষিকাম্। মাসি মাসি সিতে পক্ষে দ্বাদশ্যাং বৈ দিতে হরেঃ॥ নৈবেদ্যং পায়সং রম্যং ফলপুষ্পং সুশোভনম্। গন্ধপুষ্পং ধূপদীপৌ উপবীতঞ্চ বস্ত্রকম্। পলৈকেন ঘৃতেনৈব স্নাপয়েৎ কেশবং প্রভুম্। ব্রাহ্মণায় পলং দেয়ং পলৈর্দীপং সুশোভনম্। ভোজ্যং সদক্ষিণং দদ্যাদ্দ্বিজায় প্রীতিহেতবে॥ অনেন বিধিনা নারী যা করোতি পতিব্রতা। ব্রতানাঞ্চ ব্রতঞ্চৈতত্তস্যাঃ স্যান্নিশ্চিতং শুভম্॥ সন্ততির্জায়তে তস্যা দেবানামপি দুর্ল্লভা। সৌভাগ্যং রূপসম্পত্তি-র্ভবত্যেব ন সংশয়ঃ॥ চন্দ্রার্কমেদিনীং যাবৎ স্বর্গলোকে মহীয়তে॥ ততো দিতির্দেবমাতা চকার ব্রতমুত্তমম্। প্রণম্য পুণ্ডরীকাক্ষং শোকপীড়াবিনাশনম্॥ প্রসন্নো ভগবান্ দেবো বাসুদেবো জগৎপতিঃ। উবাচ তাং দিতে দেবি গর্ভং ধারয় চোত্তমম্। অক্ষয়া সন্ততির্দেবি ভবিষ্যতি তবোদরে॥ দিতিরুবাচ। যদি তুষ্টোঽসি দেবেশ অবধ্যো মম পুত্রকঃ। দেবানাং দানবানাঞ্চ প্রসাদাদস্তু মে বিভো॥ ভগবানুবাচ। মাহাত্ম্যঞ্চ ব্রতস্যাস্য ভবত্যেবং বরাননে। অক্ষয়ঞ্চ বসোর্লোকং প্রাপ্স্যসে যৎপ্রসাদতঃ॥ এষ বায়ুর্মহাভাগে তব গর্ভে ভবি-ষ্যতি। শুচির্ভূত্বা বরারোহে যত্নাদেবাস্য ধারণম্। করিষ্যত্যুদরে দেবি নাত্র কার্য্যা বিচারণা॥ ততো দিতির্মহাদেবী বায়ুং গর্ভে চ সন্দধৌ। কুচাগ্রং শ্যামলং তস্যা ধৃতে বৈ চানিলে তদা॥ অথেন্দ্রো দেবদেবেশশ্চিন্তাবিষ্টো মহানভূৎ। সমীরণবরং দৃষ্ট্বা বীরঞ্চ দিতিগর্ভগম্॥ কেনোপায়েন গর্ভস্য নাশনং

ক্রিয়তেঽধুনা। অন্যথা পদবীমেব মামকীং যাস্যতি ধ্রুবম্॥ ততো দিতির্মহাদেবী বিনা পাদস্য ধাবনম্। কৃত্বা সুপ্তা চ শয্যায়াং নিদ্রাবিষ্টা বভূব সা॥ ছিদ্রানুসারী দেবেশো গর্ভং তস্যাঃ প্রবিশ্য বৈ। সপ্তধণ্ডঞ্চ তং গর্ভং চকার পবিনা তদা॥ ছেদবেদনয়া গর্ভে রুরোদৈব পুনঃ পুনঃ॥ তেনৈবাশনিনা সোঽপি প্রত্যেকং সপ্তধণ্ডশঃ। কৃত্বাপি দেবরাজোঽসৌ জগাম ভবনং স্বকম্॥ মাহাত্ম্যেনাস্য গর্ভোঽপি খণ্ডখণ্ডীকৃতোঽপি চ। পঞ্চাশদ্বায়বো ভূতা একোনা বজ্রপাণিনা॥ এবং যা কুরুতে নারী ব্রতানাং ব্রতমুত্তমম্। সন্ততিনিহতা তস্যা ন ভবেত্তু কদাচন॥ শচীব পুরুহূতস্য রতীব মদনস্য চ। বিষ্ণোশ্চাপি যথা লক্ষ্মীর্হরস্য পার্ব্বতী যথা॥ ভর্ত্তুরঙ্কস্থিতা সাধ্বী বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ॥ মাসি মাসি সিতে পক্ষে সন্তানদ্বাদশী শুভা। তস্যাং পূজা হরেঃ কার্য্যা বিধিনানেন সুব্রতে। সপ্তদ্বীপপতেঃ পত্নী ভবিষ্যতি ন সংশয়ঃ॥

ইতি মৎস্যপুরাণে বায়োরুৎপত্তিনামক-সন্তানদ্বাদশীব্রত-কথা।

## দধিসংক্রান্তি-ব্রত।

এই ব্রত উত্তরায়ণসংক্রান্তিতে আরম্ভ করিতে হয়। প্রতি সংক্রান্তিতে কর্ত্তব্য। একবর্ষে প্রতিষ্ঠা। দধি দ্বারা বিষ্ণু ও লক্ষ্মীর স্নান সম্পাদন করিবে এবং দধি ও ভোজ্য ব্রাহ্মণকে দিবে। এই ব্রতের সঙ্কল্পবাক্য যথা,—

বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ উত্তরায়ণ-সংক্রান্ত্যামারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী হৃদয়সন্তাপানুৎপত্ত্যবৈধব্যধনধান্য-সমৃদ্ধি-সৌভাগ্যসুখবৃদ্ধিকামা শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা সংবৎসরং যাবৎ প্রতি-মাসীয়-সংক্রান্ত্যধিকরণক- গণেশাদি দেবতা- পূজা-পূর্ব্বক- সলক্ষ্মীক-বিষ্ণু-পূজা-সভোজ্যদধি-দান-তৎকথাশ্রবণাত্মকং দধিসংক্রান্তিব্রতমহং করিষ্যে।

সঙ্কল্পান্তে সূক্তাদি পাঠ, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি (১৫২-১৬৩ পৃঃ), ন্যাসাদি, গণেশাদি দেবতাপূজা এই সমস্ত করিয়া ষোড়শোপচারে বিষ্ণু ও লক্ষ্মীর পূজা করিবে। তৎপরে ভোজ্যাদি উৎসর্গ করিয়া কথা শ্রবণ কর্ত্তব্য।

ব্রত-কথা।—অগস্ত্য উবাচ। নৃণাং হৃদয়-সন্তাপঃ কর্ম্মণা কেন মাধব। ব্রতেন তপসা বাপি নশ্যতে করুণাময়। কৃপাং কুরু সুরশ্রেষ্ঠ তন্মে ব্রূহি জনার্দ্দন॥ শ্রীকৃষ্ণ উবাচ। এতদর্থে কথাং দিব্যাং শৃণু বক্ষ্যামি তে মুনে॥

ক্ষীরোদাব্ধৌ পুরা বিপ্র শেষপর্য্যঙ্কশায়কঃ। অভবং তত্র মে লক্ষ্মীঃ পাদসংবাহিকাভবৎ॥ অথ তস্তোদধেস্তীরে গত্বা কাচন কন্যকা। রোদিতি স্মাতিসন্তপ্তা বিলপ্য চ পুনঃ পুনঃ॥ শোকেন সা তথাত্যর্থং মনস্তাপেন দুঃখিতা॥ তস্যাস্তথা রুদত্যাশ্চ দুঃখাদাকুলচেতসঃ। নিশম্য করুণং লক্ষ্ম্যা বারি সুস্রাব চক্ষুষোঃ॥ তপ্তানাং বারিবিন্দূনাং পতনঞ্চ মমোপরি। তেষাং স্পর্শাদহং নিদ্রাং মহর্ষে ত্যক্তবাংস্তদা॥ অবোচঞ্চ তদা লক্ষ্মীং কারুণ্যদ্রবচেতসম্। কস্মাৎ ত্বং রোদিষি শুভে কিন্তে শোকস্য কারণম্॥ ইত্যুক্তা তু তদা লক্ষ্মীঃ প্রত্যুবাচাতিদুঃখিতা॥ শ্রীলক্ষ্মীরুবাচ। দেবাস্য জলধেস্তীরে প্রত্যহং কাপি কন্যকা। রোদিত্যত্যন্তদুঃখার্ত্তা করুণঞ্চ বিলাপিনী॥ তস্যাস্তথাবিধাং বাচং নিশম্য মম বেগতঃ। সুস্রাব নেত্রজং বারি কারুণ্যান্মধুসূদন॥ মনুষ্যাণাং কথং দেব হৃত্তাপো নোপপদ্যতে। তন্মে ব্রূহি জগন্নাথ শ্রোতুং কৌতূহলং মম॥ দেব উবাচ। শৃণু প্রিয়ে প্রবক্ষ্যামি দধিসংক্রান্তিনামকম্॥ ব্রতমস্তি মনুষ্যাণাং হৃত্তাপোপশমং ভবেৎ॥ শুভে কালে তু সম্প্রাপ্তে সংক্রান্তির্যা শুভা ভবেৎ। উত্তরায়ণসংক্রান্তির্বিশেষেণ প্রশস্যতে॥ তত্রারভ্য ব্রতঞ্চৈব কর্ত্তব্যং বৎসরাবধি। মাং ত্বয়া সহিতং দধ্না স্নাপয়িত্বা প্রযত্নতঃ॥ গন্ধাদিভিশ্চ বিবিধৈরুপচারৈঃ সমর্চ্চয়েৎ। গব্যং দধি শুভং দেবি মম হস্তে প্রদাপয়েৎ॥ দধিভোজ্যং ব্রাহ্মণায় প্রদদ্যাৎ প্রযত্নেন চ। মাসি মাসি চ সংক্রান্ত্যাং দধিভোজ্যঞ্চ বৎসরম্। প্রদদ্যাদ্বিপ্রমুখ্যায় হবিষ্যান্নং স্বয়ঞ্চরেৎ॥ সমাপ্তে তু ব্রতে দেবি গন্ধপুষ্পনিবেদনৈঃ। বস্ত্রযজ্ঞোপবীতাদ্যৈর্বিশেষেণ সমর্চ্চয়েৎ॥ দ্বাদশ ব্রাহ্মণান্ ভক্ত্যা ভোজয়েৎ দধিভিঃ সহ। বিপ্রেভ্যো দক্ষিণাং দদ্যাৎ প্রতিষ্ঠার্থং ব্রতস্য চ॥ কুরুতে যো ব্রতং তস্য হৃত্তাপো নোপজায়তে। বৈধব্যদুঃখান্নিস্তীর্য্য ধনধান্যসমৃদ্ধিদম্॥ দম্পত্যোঃ প্রীতিজননং সর্ব্বসৌখ্যবিবর্দ্ধনম্। কর্ত্তব্যং পুরুষৈঃ স্ত্রীভির্ব্রতং মোক্ষপ্রদং পরম্। এবস্তে কথিতং দেবি ব্রতানাং ব্রতমুত্তমম্॥ কথামেতাঞ্চ যে পুণ্যাং শৃণ্বন্তি শ্রদ্ধয়া নরাঃ। সর্ব্বদুঃখাদ্বিনির্ম্মুক্তাস্তেঽপি যান্তি পরাং গতিম্॥

ইতি ভবিষ্যপুরাণোক্তা দধিসংক্রান্তিব্রত-কথা।

---

## আমলকীদ্বাদশী-ব্রত ঃ

শুদ্ধকালে মাঘমাসের শুক্লা দ্বাদশীতে আমলকী-দ্বাদশী-ব্রত আরম্ভ করিয়া একবর্ষ যাবৎ করিতে হয় অর্থাৎ প্রতিমাসের শুক্লা দ্বাদশীতে ব্রত করিয়া একবৎসরে উদ্‌যাপন করিবে। একাদশীদিবসে আমলকী ভক্ষণ পূর্ব্বক অবস্থিতি করিবে। দশমীতে আমলকীযুক্ত হবিষ্যান্ন ভক্ষণ করাই বিধি। রবিবারে আমলকী-ভোজন নিষিদ্ধ। ব্রতাহে আমলকীযুক্ত জলে বিষ্ণুকে স্নান করাইতে হয়। নৈবেদ্যে আমলকী প্রদান করিবে ও আমলকীপত্র দ্বারা বিষ্ণু ও লক্ষ্মীর পূজা করিবে।

ব্রত-বিধি।—কৃতনিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে, বাক্য যথা—

বিষ্ণুর্নমোঽদ্য মাঘে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যান্তিথাবারভ্য সংবৎসরং যাবৎ প্রতিমাসীয়-শুক্লদ্বাদশ্যাং তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী পুত্র-পৌত্রাদ্যনবচ্ছিন্ন-সন্ততি-ধন-সৌভাগ্যাদি-প্রাপ্ত্যন্তে বিষ্ণুলোকপ্রাপ্তিকামা শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা গণপত্যাদি-নানাদেবতা-পূজাপূর্ব্বক-সলক্ষ্মীক-বিষ্ণু-পূজামলকী-ভোজ্যদান-কথা-শ্রবণরূপ-ব্রহ্ম-পুরাণোক্ত- বিধিনামলকীদ্বাদশীব্রত-মহং করিষ্যে।

পরে সূক্তপাঠান্তে নিম্নলিখিত মন্ত্র পাঠ্য, যথা—

গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ম্রিয়ে। পূর্ণং ভবতু তৎসর্ব্বং প্রসন্নে ত্বয়ি কেশব॥

অনন্তর সামান্যার্ঘ্য, আসনশুদ্ধ্যাদি (১৫২-১৬৩ পৃঃ) ও গণেশাদি দেবতাদিগের পূজা করিয়া, "সহস্রশীর্ষা পুরুষঃ"—মন্ত্রে আমলকীযুক্তজলে নারায়ণকে স্নান করাইবে। পরে নিম্নলিখিত ধ্যানে বিষ্ণুর পূজা কর্ত্তব্য। যথা—

ওঁ বিষ্ণুং চতুর্ভুজং শঙ্খ-চক্র-গদা-পদ্মহস্তং গরুড়ারূঢ়ং লক্ষ্মীসরস্বতীযুতোভয়-পার্শ্বং নানালঙ্কারভূষিতং পীতাম্বরধরং শ্বেতযজ্ঞোপবীতিনং পদ্মনেত্রং গললম্বিত-বনমালং প্রসন্নবদনং ধ্যায়েৎ॥

অনন্তর নিম্নলিখিতরূপে পীঠপূজা করিবে, যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ। (এই নিয়মে)—কেশবায়, লক্ষ্মৈ, সরস্বত্যৈ, অনন্তায়, কূর্ম্মায়, বিষ্ণবে, গোবিন্দায়, বাসুদেবায়, কৃষ্ণায়, শিবায়,

গঙ্গায়ৈ, যমুনায়ৈ, মৎস্যাদিদশাবতারেভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ।

পরে নিম্নলিখিত ধ্যানে লক্ষ্মীর পূজা করিবে, যথা—

ওঁ লক্ষ্মীং ষোড়শবর্ষীয়াং দ্বিভুজাং শ্বেতপদ্মোপরিস্থিতাম্। নানালঙ্কার-ভূষিতাং রূপযৌবনসম্পন্নাম॥

তৎপরে সরস্বতীর অর্চ্চনা করিয়া আমলকীযুক্ত ভোজ্য ও কুম্ভ দান পূর্ব্বক কথাশ্রবণ, দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

ব্রত-কথা।—ব্রহ্মাণং প্রতি যুধিষ্ঠির উবাচ। অনায়াসেন যৎ পুণ্যং তন্মে ব্রূহি জগৎপতে। তদহং শ্রোতুমিচ্ছামি ব্রতানাং ব্রতমুত্তমম্॥ অনেন দুষ্কৃতঞ্চৈব সঞ্চিতঞ্চ যুগে যুগে। কেনোপায়েন তদ্‌ব্রহ্মন্ নরাণাং পাপনাশনম্॥ ব্রহ্মোবাচ। শৃণু ত্বং হি মহাভাগ কুন্তীপুত্র যুধিষ্ঠির। তদহং কথয়িষ্যামি যেন লোকো দিবং ব্রজেৎ॥ এতৎ পরতরং গুহ্যং শিবেন কথিতং পুরা। ধর্ম্মপুত্র কুলশ্রেষ্ঠ শৃণু ত্বং পুণ্যমুত্তমম্॥ নরাণামুপকারার্থং ত্বয়া পৃষ্টো বদাম্যহম্। ব্রতমামলকী-দ্বাদশ্যাখ্যমস্তি মনোরমম্॥ বিধানং তস্য বক্ষ্যামি শৃণুষ্ব সুসমাহিতঃ। মাঘে মাসি সিতে পক্ষে দ্বাদশী বৈষ্ণবী তিথিঃ॥ তত্রারভ্য ব্রতং কার্য্যমব্দমেকং যুধিষ্ঠির। একাদশীদিনে মর্ত্ত্যো ধাত্রীভোজনমাচরেৎ॥ নিরামিষান্নৈঃ সংযম্য দশম্যাং তৎপরায়ণঃ। শুভে কালে চ শুক্লায়াং দ্বাদশ্যাং কেশবস্য বৈ॥ ব্রতমারভ্য যত্নেন ভক্ত্যা সংবৎসরং চরেৎ। প্রাতস্তস্মিন্ দিনে স্নাত্বা নিত্যকর্ম্ম সমাচরেৎ॥ সঙ্কল্প্যামলকীবৃক্ষতলে বিষ্ণুং প্রপূজয়েৎ। যথাশক্ত্যা সমভ্যর্চ্চ্য ধাত্রীঞ্চাপি সভোজ্যকম্। তোয়কুম্ভং ধাত্রীযুক্তং দত্ত্বা বিপ্রায় ভক্তিতঃ॥ প্রণম্য জগতামীশং শৃণুয়াচ্চ কথামিমাম্॥ ধাত্রীযুক্তং শুদ্ধমন্নং ততো ভুক্ত্বা দিবং ব্রজেৎ। এবং সংবৎসরং কৃত্বা দ্বাদশ্যাং শুক্লপক্ষকে॥ ব্রতং যঃ শুদ্ধভাবেন শাস্ত্রং দৃষ্ট্বা প্রতিষ্ঠয়েৎ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকং ব্রজেত্তু সঃ॥ ধাত্রীস্নানেন যৎ পুণ্যং তৎ শৃণুষ্ব যুধিষ্ঠির॥ এবং সংবৎসরং যাবৎ ক্রিয়তে হরিবাসরম্। তস্য পুণ্যসমং পুণ্যং ধাত্রীস্নানেন বৈ যতঃ॥ রবের্দ্দিনং পরিত্যজ্য ধাত্রীস্নানং সমাচরেৎ॥ ধাত্রীঞ্চ শিরসা ধৃত্বা স্নানার্থং যদি গচ্ছতি। পদে পদেঽশ্বমেধস্য ফলমেতি যুধিষ্ঠির॥ গঙ্গায়াং গোসহস্রস্য সম্যগ্‌দানেন যৎফলম্। তৎফলং সমবাপ্নোতি ধাত্রীদানেন সর্ব্বদা॥ শিবলিঙ্গানি কোটীনি গঙ্গায়ামপি পূজনে। ততোঽধিকং ফলঞ্চৈব ধাত্রীস্নানেন সর্ব্বদা। সংযমে পারণে চৈব সংপ্রাপ্তে হরিবাসরে। কেবলং ভক্ষয়েদ্ধাত্রীং মুক্তিস্তস্য করে স্থিতা॥ ধাত্রীবৃক্ষং

সমারোপ্য বিষ্ণুতুল্যো ভবেন্নরঃ। সংপ্রাপ্নুয়াৎ ফলং শ্রেষ্ঠং স্বর্গে চ গমনং ততঃ॥ পথিকো তিষ্ঠতে যস্তু ধাত্রীচ্ছায়ামুপাশ্রিতঃ। তেনার্চ্চিতানি কৌন্তেয় কোটিলিঙ্গানি সর্ব্বশঃ॥ ধাত্রীবৃক্ষতলে চৈব সদা তিষ্ঠতি শঙ্করঃ। ধন্যা ত্বং বসুধে ভদ্রে ধাত্রীধারণতৎপরা॥ ধাত্রীফলঞ্চ পত্রঞ্চ যো দদ্যাদ্বনমালিনে। কুলত্রয়ং সমুদ্ধৃত্য মোদতে হরিমন্দিরে॥ ধাত্রীবৃক্ষতলে স্নানং নরো বৈ কুরুতে যদি। অশ্বমেধঃ কৃতস্তেন সত্যমেব যুধিষ্ঠির। যস্য পত্রৈঃ ফলৈশ্চৈব পরিতুষ্টো জনার্দ্দনঃ। তুষ্টোঽভবন্নীলকণ্ঠো ধাত্রীবৃক্ষস্য দর্শনাৎ॥ পারিজাতো মহাবৃক্ষো ন ভূতো ন ভবিষ্যতি। ধাত্রীবৃক্ষঞ্চ কৌন্তেয় পুরা দেবৈর্বিনির্ম্মিতম্॥ যো দদাতি তদশ্নাতি ধাত্রীফলমনুত্তমম্। স্বয়ঞ্চ কৃতকৃত্যশ্চ কিমত্র শাসতে মহীম্॥ চান্দ্রায়ণসহস্রাণি রাজসূয়শতানি চ। তত্তুল্যং ফলমাপ্নোতি ধাত্রীস্নানপরায়ণঃ॥ একাদশীদিনে রাজন্ ধাত্রীবৃক্ষসমীপতঃ। কৃত্বোপবাসং যত্নেন যেন বিষ্ণুঃ প্রপূজিতঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স যাতি পরমাং গতিম্॥ একতঃ সর্ব্বতীর্থানি স্নানদানাদিকন্তথা। ততোঽধিকং ভবেৎ পুণ্যং ধাত্র্যা শঙ্করপূজনাৎ॥ ধাত্রীবৃক্ষং সমাসাদ্য সার্দ্ধহস্তশতত্রয়ম্। মুক্তিক্ষেত্রং বিজানীয়ান্নাত্র কার্য্যা বিচারণা॥ প্রয়াগে পুষ্করে চৈব গঙ্গাসাগরসঙ্গমে। স্নাত্বা যৎফলমাপ্নোতি ধাত্রীস্নানেন তৎফলম্॥ মনসা চিন্তিতো যেন ধাত্রীবৃক্ষো যুধিষ্ঠির। তস্য দূরতরং পাপং সিংহং দৃষ্ট্বা যথা মৃগঃ॥ দুষ্কৃতং বিস্তরং কৃত্বা ধাত্রীস্পর্শাদ্বিমুচ্যতে॥ ধাত্রীফলঞ্চ পত্রঞ্চ পিতৃশ্রাদ্ধে প্রযচ্ছতি। তৃপ্তাস্তু পিতরো যান্তি ব্রহ্মলোকমনাময়ম্॥ পিতৃশ্রাদ্ধদিনে রাজন্ ফলং ধাত্র্যাঃ প্রযচ্ছতি। তেন দত্তা ব্রাহ্মণায় সপ্তদ্বীপা বসুন্ধরা॥ শুভদা বরদা ধাত্রী ব্রহ্মহত্যাং ব্যপোহতি॥ ধাত্রীফলৈঃ কৃতস্নানা বন্ধমোচনহেতুনা। তে যান্তি রথমারূঢ়া যত্র তিষ্ঠতি শঙ্করঃ॥ একতঃ সর্ব্বতীর্থানি যত্র ধাত্রী প্রদীয়তে। বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যঃ স্বর্গে চ গমনস্ততঃ॥ যঃ করোতি মহারাজ ধাত্রীবৃক্ষস্য রোপণম্। স যাতি শিবসান্নিধ্যং মানবো নাত্র সংশয়ঃ॥ দ্বাদশ্যাং দুর্লভা ধাত্রী স্নানঞ্চৈব বিশেষতঃ। যত্রৈব বিদ্যতে ধাত্রী তত্র তিষ্ঠতি শঙ্করঃ॥ ধাত্রীফলং রক্ষয়েদ্যো গেহে ভক্তিসমন্বিতঃ। যাবন্তি পুণ্যতীর্থানি তত্র নিত্যং বসন্তি বৈ॥ শিবলিঙ্গং সকৃদ্ভক্ত্যা ধাত্রীপত্রৈঃ প্রপূজয়েৎ। বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো নাত্র কার্য্যা বিচারণা॥ ধাত্রীতরুতলে স্থিত্বা দেহত্যাগং করোতি যঃ। দিব্যবিমানমারূঢ়ঃ স যাতি পরমাং গতিম্॥ সংক্ষেপেণ ময়াখ্যাতং বহুনা কিং প্রয়োজনম্। নাস্তি ধাত্রীসমো বৃক্ষো দেবানমপি

গোচরঃ ॥ পৃথিব্যাং মানবা যে চ ধাত্রীসেবাপরায়ণাঃ। তে সর্ব্বে জ্ঞানিনঃ খ্যাতাঃ পুণ্যাশ্চ ভুবনত্রয়ে ॥

ইতি ব্রহ্মপুরাণোক্তামলকীদ্বাদশীব্রত-কথা।

( ফাল্গুন-কৃত্য )

## শিবরাত্রি-ব্রত।

ফাল্গুনের প্রথমে বা মাঘের শেষে যে কৃষ্ণা চতুর্দ্দশী, তাহার নাম শিবরাত্রি। স্কন্দপুরাণে ইহার প্রমাণ আছে, যথা—

মাঘমাসস্য শেষে বা প্রথমে ফাল্গুনস্য চ।
কৃষ্ণা চতুর্দ্দশী যা তু শিবরাত্রি-চতুর্দ্দশী ॥

পূর্ব্বদিনে মহানিশাতে চতুর্দ্দশী না হইয়া পরদিনে প্রদোষকালে হইলে পরদিনেই শিবরাত্রি ব্রত করা ব্যবস্থা। প্রমাণ যথা—

প্রদোষব্যাপিনী গ্রাহ্যা শিবরাত্রি-চতুর্দ্দশী ॥

মহাদেব স্বয়ং বলিয়াছেন, শিবরাত্রিতে উপবাসই প্রধান কর্ম্ম। স্নান, বস্ত্র, ধূপ বা পুষ্প প্রভৃতি দ্বারা পূজা করিলে আমি যেমন প্রীত না হই, একমাত্র উপবাসে ততোঽধিক প্রীত হইয়া থাকি। প্রমাণ যথা—

ন স্নানেন ন বস্ত্রেণ ন ধূপেন ন চার্চ্চয়া।
তুষ্যামি ন তথা পুষ্পৈর্যথা তত্রোপবাসতঃ ॥

পূজা-পদ্ধতি।—কৃতনিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচনাদি-সমাপনান্তে সঙ্কল্প করিবে। বাক্য যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য ফাল্গুনে মাসি কৃষ্ণেপক্ষে চতুর্দ্দশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শিবপ্রীতিকামঃ শিবরহস্যোক্তশিবরাত্রিব্রতমহং করিষ্যে।

পরে সঙ্কল্পসূক্তাদি পাঠ করিয়া করযোড়ে পাঠ করিবে, যথা—

শিবরাত্রিব্রতং হ্যেতৎ করিষ্যেঽহং মহাফলম্। নির্ব্বিঘ্নমস্তু মে চাত্র ত্বৎপ্রসাদাজ্জগৎপতে ॥ চতুর্দ্দশ্যাং নিরাহারো ভূত্বা চৈবাপরেঽহনি। ভোক্ষ্যেঽহং ভুক্তিমুক্ত্যর্থং শরণং মে ভবেশ্বর ॥

তৎপরে সামান্যার্ঘ্যস্থাপন ও গণেশাদিদেবতার অর্চ্চনান্তে শিবপূজা করিবে। প্রতিষ্ঠিত লিঙ্গ হইলে আবাহন, প্রাণপ্রতিষ্ঠা, বিসর্জ্জন প্রভৃতি

নাই। মৃত্তিকাময় লিঙ্গে পূজা হইলে, পার্থিব-শিবপূজার বিধানে পূজা করিবে। চারি প্রহরে চারিবার পূজা এবং চারি প্রহরে পৃথক্ পৃথক্ দ্রব্য দ্বারা স্নান করাইবে, স্নানমন্ত্র ও অর্ঘ্যমন্ত্র ভিন্ন। চারি প্রহরে "ওঁ পশুপতয়ে নমঃ"—মন্ত্রে প্রথমে জল দ্বারা স্নান করাইয়া পরে বিশেষ বিশেষ বস্তুতে বিশেষ বিশেষ মন্ত্রে স্নান করাইতে হয়, যথা—

প্রথম প্রহরে,—"ওঁ হ্রৌং ঈশানায় নমঃ" মন্ত্রে দুগ্ধ দ্বারা স্নান করাইতে হয়।

অর্ঘ্যমন্ত্র।—ওঁ শিবরাত্রিব্রতং দেব পূজাজপপরায়ণঃ। করোমি বিধিবদ্দত্তং গৃহাণার্ঘ্যং মহেশ্বর॥ ইদমর্ঘ্যং ওঁ নমঃ শিবায় নমঃ॥

দ্বিতীয় প্রহরে,—"ওঁ হ্রৌং অঘোরায় নমঃ" মন্ত্রে দধি দ্বারা স্নান করাইতে হয়।

অর্ঘ্যমন্ত্র।—ওঁ নমঃ শিবায় শান্তায় সর্ব্বপাপহরায় চ। শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং প্রসীদ উময়া সহ॥—ইদমর্ঘ্যং ওঁ নমঃ শিবায় নমঃ॥

তৃতীয় প্রহরে,—"ওঁ হ্রৌং বামদেবায় নমঃ" মন্ত্রে ঘৃত দ্বারা স্নান করাইতে হয়।

অর্ঘ্যমন্ত্র।—ওঁ দুঃখদারিদ্র্যশোকেন দগ্ধোঽহং পার্ব্বতীশ্বর। শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং উমাকান্ত নমোঽস্তুতে॥ ইদমর্ঘ্যং ওঁ নমঃ শিবায় নমঃ॥

চতুর্থ প্রহরে,—"ওঁ হ্রৌং সদ্যোজাতায় নমঃ" এই বলিয়া মধু দ্বারা স্নান করাইতে হয়।

অর্ঘ্যমন্ত্র।—ওঁ ময়া কৃতান্যনেকানি পাপানি হর শঙ্কর। শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং উমাকান্ত গৃহাণ মে॥ ইদমর্ঘ্যং ওঁ নমঃ শিবায় নমঃ॥

অর্চ্চনান্তে কথাশ্রবণ ও স্তবাদি পাঠ করিয়া রাত্রিজাগরণ করিবে। তৎপরদিন কৃতনিত্যক্রিয় হইয়া শিবপূজা ও স্তবপাঠান্তে ব্রাহ্মণকে পারণ করাইয়া স্বয়ং নিম্নলিখিত মন্ত্রে পারণ করিবে, যথা—

সংসারক্লেশদগ্ধস্য ব্রতেনানেন শঙ্কর। প্রসাদসুমুখো নাথ জ্ঞানদৃষ্টিপ্রদো ভব॥

ব্রত-কথা।—ওঁ পুরা কৈলাসশিখরে সর্ব্বরত্নবিভূষিতে। দেবদানব-গন্ধর্ব্ব-সিদ্ধচারণসেবিতে॥ অপ্সরোভিঃ পরিবৃতে নৃত্যন্তীভিরিতস্ততঃ। সর্ব্বর্ত্তুকুসুমাকীর্ণে সর্ব্বর্ত্তুফলশোভিতে॥ স্থিরচ্ছায়দ্রুমাকীর্ণে সন্তানকবনাবৃতে। পারিজাতপ্রসূনোত্থ-গন্ধামোদিত-দিঙ্মুখে। আকাশগঙ্গা-সলিল-তরঙ্গগণনাদিতে। ত্রৈগুণ্যললিতৈশ্চারু মরুদ্ভিরুপবীজিতে। ব্রহ্মর্ষিবদনোদ্ভূত-বেদধ্বনি-নিনাদিতে।

উবাস সুচিরং প্রীতো ভবো গিরিজয়া সহ ॥ সুখোষিতা কদাচিত্তু দেবী পপ্রচ্ছ শঙ্করম্ ॥ দেব্যুবাচ। কর্ম্মণা কেন ভগবন্ ব্রতেন তপসাপি বা। ধর্ম্মার্থকামমোক্ষাণাং হেতুস্ত্বং পরিতুষ্যসি ॥ ইতি দেব্যা বচঃ শ্রুত্বা ভগবান্ শঙ্করোঽব্রবীৎ ॥ শঙ্কর উবাচ। ফাল্গুনে কৃষ্ণপক্ষস্য যা তিথিঃ স্যাচ্চতুর্দ্দশী। তস্যাং যা তামসী রাত্রিঃ সোচ্যতে শিবরাত্রিকা ॥ তত্রোপবাসং কুর্ব্বাণঃ প্রসাদয়তি মাং ধ্রুবম্ ॥ ন স্নানেন ন বস্ত্রেন ন ধূপেন ন চার্চ্চয়া। তুষ্যামি ন তথা পুষ্পৈর্যথা তত্রোপবাসতঃ ॥ ত্রয়োদশ্যাং কৃতস্নানো ব্রহ্মচারী সমাহিতঃ। নিরামিষং হবিষ্যং বা সকৃদ্‌ভুঞ্জীত নান্যথা ॥ মন্নাম সংস্মরন্ রাত্রৌ শয়িতঃ স্থণ্ডিলে কুশে। রাত্রিশেষে সমুত্থায় কুর্য্যাদাবশ্যকং ততঃ। সন্ধ্যামুপাস্য বিধিনা বিল্বপত্রাণ্যুপার্জ্জয়েৎ ॥ ততো নিত্যক্রিয়াং কৃত্বা সন্ধ্যাঞ্চোপাস্য পশ্চিমাম্। নদ্যাদৌ স্থণ্ডিলে বাপি লিঙ্গে বা স্থাবরেঽপি চ। বিল্বপত্রৈর্ব্বিমৃজ্যাথ লিঙ্গপীঠং প্রযত্নতঃ ॥ একতঃ সর্ব্বপুষ্পং স্যাৎ বিল্বপত্রং তথৈকতঃ। মণিমুক্তাপ্রবালৈশ্চ স্বর্ণপুষ্পাদিভিস্তথা। ন তথা জায়তে প্রীতির্ব্বিল্বপত্রৈর্যথা মম ॥ প্রহরে প্রহরে স্নানং পূজাঞ্চৈব বিশেষতঃ। কুর্ব্বীত মম গন্ধাদ্যৈঃ পুষ্পধূপাদিভিস্তথা ॥ দুগ্ধেন প্রথমং স্নানং দধ্না চৈব দ্বিতীয়কম্। তৃতীয়ে তু তথাজ্যেন চতুর্থে মধুনা তথা ॥ পঞ্চরাত্রবিধানেন মূলমন্ত্রেণ চৈব হি। পূজয়েন্মাং যথাশক্ত্যা নৃত্যগীতাদিভির্নরঃ ॥ অপরেদ্যুস্ততো বিপ্রান্ মম ভক্তান্ শুভব্রতান্। ভোজয়িত্বা তথাভ্যর্চ্চ্য পারণং স্বয়মাচরেৎ ॥ এবমেতদ্‌ব্রতং দেবি মম প্রীতিকরং পরম্। যজ্ঞদানতপাংস্যস্য কলাং নার্হন্তি ষোড়শীম্ ॥ এতদ্‌ব্রতপ্রভাবেণ গাণপত্যমবাপ্নুয়াৎ। সপ্তদ্বীপেশ্বরঃ পৃথ্ব্যাং জায়তে কামচারবান্ ॥ তিথেরস্যাশ্চ মাহাত্ম্যং কথ্যমানং ময়া শৃণু ॥ অস্তি বারাণসী নাম পুরী সর্ব্বগুণৈর্যুতা। ব্যাধস্তত্রাবসদ্‌ঘোরঃ সর্ব্বদা প্রাণিহিংসকঃ ॥ খর্ব্বঃ কৃষ্ণবপুঃ ক্রূরঃ পিঙ্গাক্ষঃ পিঙ্গকেশকঃ। বাগুরাপাশশল্যাদিপ্রপূরিতগৃহান্তরঃ ॥ স একদা বনং গত্বা হত্বা চ বিবিধান্ পশূন্। মাংসভারং বহন্ গেহং স্বকীয়ং গন্তুমুদ্যতঃ ॥ সোঽসমর্থস্তু তং ভারং বোঢ়ুং শ্রান্তো বনান্তরে। বিশ্রামহেতোঃ সুষ্বাপ মূলে বৈ কস্যচিত্তরোঃ ॥ অথাস্তমগমৎ সূর্য্যো নিশাভূৎ সুভয়প্রদা। তত উত্থায় সোঽপশ্যন্ন কিঞ্চিত্তিমিরাবৃতম্ ॥ হস্তামর্ষবশাত্তত্র বৃক্ষে শ্রীফলসংজ্ঞকে। লতাপাশৈর্ব্বহুবিধৈর্ম্মাংসভারং ববন্ধ সঃ। তস্যৈব বৃক্ষস্যোত্তস্থৌ মূলে শ্বাপদভীষিতঃ ॥ শীতার্ত্তশ্চ ক্ষুধার্ত্তশ্চ কম্পান্বিত-কলেবরঃ। জজাগার তদা রাত্রৌ প্লুতো নীহারবারিণা ॥ দৈবযোগাচ্চ তন্মূলে লিঙ্গং তিষ্ঠতি মামকম্। শিবরাত্রিতিথিঃ সা চ

নিরাহারশ্চ লুব্ধকঃ॥ অথ তদ্দেহসংসর্গাদ্ হিমপাতো মমোপরি। জজ্ঞে তদা বরারোহে ভগ্নপত্রচ্যুতিঃ ক্ষণাৎ॥ তস্য তেনৈব ভাবেন মম তোষো মহানভূৎ। তিথিমাহাত্ম্যতো দেবি বিল্বপত্রস্য চেশ্বরি॥ ন স্নানং ন তথা পূজা ন নৈবেদ্যাদিসম্ভবঃ। তথাপি তিথিমাহাত্ম্যাত্তত্র মেঽর্চ্চা মহাফলা॥ অথ প্রভাতে বিমলে গতোঽসৌ নিজমন্দিরম্। কদাচিদায়ুষঃ শেষে যমদূতস্তমভ্যগাৎ॥ বদ্ধুকামস্তু তং দূতঃ পাশেন বিবিধেন চ। পুরুষো বারয়ামাস মদীয়ো মন্নিয়োগতঃ॥ অথোভয়োর্ব্যাধহেতোঃ কলহঃ সুমহানভূৎ। অথাহতো মদীয়েন দূতেন যমকিঙ্করঃ। যমং সমানয়ামাস মৎপুরদ্বারমুজ্জ্বলম্॥ দৃষ্ট্বা চ নন্দিনং তত্র সর্ব্বামকথয়ৎ কথাম্। ব্যাধস্য চ কুকর্ম্মত্বং যাবজ্জীবং তমব্রবীৎ॥ তৎ শ্রুত্বা তস্য সর্ব্বজ্ঞো বচনং নন্দিকেশ্বরঃ। ব্যাধস্য তদ্দিনে কর্ম্ম শ্রাবয়ামাস তং যমম্॥ এবমেব ন সন্দেহো যাবজ্জীবং দুরাত্মবান্। পাপমেবাকরোদ্-ব্যাধো ধর্ম্মরাজ তথাপ্যসৌ। শিবরাত্রিপ্রভাবেণ নীতঃ সর্ব্বেশসন্নিধিম্॥ ততোঽসৌ বিস্ময়াবিষ্টো বন্দিত্বা নন্দিনং যমঃ। দূতান্বিতো যযৌ গেহং স্বকীয়ং শিবভাবতঃ॥ এবমস্য প্রভাবং তে ব্রতস্য বরবর্ণিনি। অবোচং তব ভাবেন কিমন্যং কথয়ামি তে॥ তৎ শ্রুত্বা ভগবদ্বাক্যং বিস্মিতা হিমশৈলজা। প্রশশংস সদৈবৈতৎ শিবরাত্রিব্রতং মুদা॥ বান্ধবেভ্যোঽপ্যকথয়ৎ ব্রতমেতৎ পতিব্রতা॥ তৈশ্চাপি কথিতং পৃথ্ব্যাং রাজভ্যো ভক্তিভাবতঃ। এবমেতদ্-ব্রতং পৃথ্ব্যাং প্রকাশমুপপাদিতম্॥ ভূতেশ্বরাদিহ পরোঽস্তি ন পূজনীয়ো, নৈবাশ্বমেধসদৃশঃ ক্রতুরস্তি লোকে। গঙ্গাসমং ত্রিভুবনে ন চ তীর্থমস্তি, নান্যদ্ব্রতং হি শিবরাত্রিসমং তথাস্তি॥

ইতি শিবরহস্যীয়শিবরাত্রিব্রত কথা।

## গোবিন্দদ্বাদশী।

ফাল্গুনমাসের শুক্লা দ্বাদশী পুষ্যানক্ষত্রসমন্বিত হইলে তাহার নাম গোবিন্দদ্বাদশী। এই দিনে স্নানদানে মহাপুণ্যলাভ হয়। গোবিন্দদ্বাদশীতে গঙ্গাস্নানে শতজন্মার্জ্জিত পাপ দূর হইয়া থাকে। প্রমাণ যথা—

ফাল্গুনে শুক্লপক্ষস্য পুষ্যর্ক্ষদ্বাদশী যদি।
গোবিন্দদ্বাদশী নাম মহাপাতকনাশিনী॥

পূজাবিধি।—কৃতনিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচনাদি-সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম তৎসদদ্য ফাল্গুনে মাসি শুক্লে পক্ষে পুষ্যানক্ষত্রযুক্তদ্বাদশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রা অমুকীদেবী বা) শতজন্মার্জ্জিত-পাতকক্ষয়কামো (কামা বা) গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

তৎপরে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া স্নান করিতে হয়, যথা—

মহাপাতকসঙ্খ্যানি যানি পাপানি সন্তি মে।
গোবিন্দদ্বাদশীং প্রাপ্য তানি মে হর জাহ্নবি॥

(চৈত্র-কৃত্য)

## অশোকাষ্টমী।

চৈত্রমাসের শুক্লাষ্টমীর নাম অশোকাষ্টমী। এই দিনে আটটি অশোককলিকা জলগণ্ডূষের সহিত পান এবং স্নান-দান করিলে আজীবন শোকহীন হওয়া যায়। এই দিন ব্রহ্মপুত্রজলে স্নান করিলে মহাপুণ্যলাভ হয়। প্রমাণ যথা—

মীনে মধৌ শুক্লপক্ষে অশোকাখ্যা তথাষ্টমী।
পিবেদশোককলিকাঃ স্নায়াল্লৌহিত্যবারিণি॥
অশোক-কলিকাশ্চাষ্টৌ যে পিবন্তি পুনর্ব্বসৌ।
চৈত্রে মাসি সিতাষ্টম্যাং ন তে শোকমবাপ্নুয়ুঃ॥

নিম্নলিখিত মন্ত্রে অশোককলিকা পান করিবে, যথা—

ত্বামশোক হরাভীষ্ট মধুমাস-সমুদ্ভব।
পিবামি শোকসন্তপ্তো মামশোকং সদা কুরু॥

এই দিনে বুধবার ও পুনর্ব্বসুনক্ষত্র হইলে তদ্দিবসে ব্রহ্মপুত্রে স্নান করিলে বাজপেয়যজ্ঞের ফল প্রাপ্ত হওয়া যায়। প্রমাণ যথা—

পুনর্ব্বসুবুধোপেতাং চৈত্রে মাসি সিতাষ্টমীম্।
স্রোতঃসু বিধিবৎ স্নাত্বা বাজপেয়ফলং লভেৎ॥

স্নানের অগ্রে আচমনান্তে অঞ্জলিতে জল লইয়া নিম্নোক্ত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য চৈত্র মাসি শুক্লে পক্ষে পুনর্ব্বসুনক্ষত্রযুক্তাষ্টম্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা যথোক্তফলপ্রাপ্তিকামো ব্রহ্মপুত্রস্নানমহং করিষ্যে।

অনন্তর সাধারণ নিয়মে স্নান করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করত ডুব দিবে, যথা—

ব্রহ্মপুত্র মহাভাগ শান্তনোঃ কুলনন্দন। অমোঘা-গর্ভসম্ভূত পাপং লৌহিত্য মে হর॥ ত্বং ব্রহ্মপুত্র ভুবনতারণ তীর্থরাজ, গম্ভীরনীরপরিপূরিতসর্ব্বদেহ। ত্বদ্দর্শনাদ্ধরতু মে ভবঘোরদুঃখং, সংযোগতঃ কলিযুগে ভগবন্নমস্তে॥

---

## শ্রীরামনবমী-ব্রত।

চৈত্রমাসের শুক্লা নবমী তিথিতে পুনর্ব্বসু নক্ষত্রে শ্রীশ্রীরামচন্দ্রের জন্ম হয়। এই হেতু ঐ দিনে শ্রীরাম-নবমীব্রত করিবে। ইহার ফলে অর্থাদি লাভ ও মনোরথ পূর্ণ হয়। প্রমাণ যথা—

চৈত্রে মাসি নবম্যান্তু জাতো রামঃ স্বয়ং হরিঃ।
পুনর্ব্বস্বৃক্ষসংযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা॥

বিষ্ণুভক্তগণ অষ্টমীবিদ্ধা নবমীতে উপবাসাদি করিবে না, অষ্টমীবিদ্ধা নবমীতে পুনর্ব্বসুনক্ষত্রযোগ হইলেও তাহা পরিত্যজ্য। নবমীতেই উপবাস করা ব্যবস্থা। প্রমাণ যথা—

নবমী চাষ্টমীবিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ। উপোষণং নবম্যান্তু দশম্যামেব পারণম্॥

পূজাবিধি।—স্বস্তিবাচনাদি সমাপনান্তে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য চৈত্রে মাসি শুক্লে পক্ষে নবম্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীরামপ্রীতিকামো শ্রীরামনবমীব্রতমহং করিষ্যে।

অনন্তর সঙ্কল্পসূক্ত ও ওঁ উপোষ্য নবমীং ত্বদ্য যামেষষ্টসু রাঘব। তেন প্রীতোভবত্বং ভোঃ সংসারাত্রাহিমাং হরে॥ এই মন্ত্র পাঠান্তে—সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি ও ন্যাসাদি সমাপনান্তে নিম্নলিখিত ধ্যানে শ্রীরামচন্দ্রের ও সীতাদেবীর ষোড়শোপচারে অর্চ্চনা ও প্রণাম করিবে, যথা—

রামধ্যান।—কোমলাঙ্গং বিশালাক্ষমিন্দ্রনীলসমপ্রভম্। (পীতাম্বরধরং ধ্যায়েৎ রামং সীতাসমন্বিতম্)॥ দক্ষিণাংশে দশরথং পুত্রাবেষ্টনতৎপরম্

পৃষ্ঠতো লক্ষ্মণং দেবং সচ্ছত্রং কনকপ্রভম্॥ পার্শ্বে ভরত-শত্রুঘ্নৌ তালবৃন্ত-করাবুভৌ। অগ্রে ব্যগ্রং হনূমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণম্॥

স্নানমন্ত্র—ওঁ ইন্দ্রোঽগ্নিশ্চ যমশ্চৈব নৈর্ঋতোবরুণোঽনিলঃ।
কুবেরঈশোব্রহ্মাহিদিক্‌পালাঃ স্নাপয়ন্তুতে॥

রামের প্রণাম—রামায় রামচন্দ্রায় রামভদ্রায় বেধসে।
রঘুনাথায় নাথায় সীতায়াঃ পতয়ে নমঃ॥

সীতার ধ্যান—নীলাম্ভোজদলাভিরামনয়নাং নীলাম্বরালঙ্কৃতাং, গৌরাঙ্গীং শরদিন্দুসুন্দরমুখীং বিস্মেরবিম্বাধরাম্। কারুণ্যামৃতবর্ষিণীং হরিহরব্রহ্মাদিভির্বন্দিতাং, ধ্যায়েৎ সর্ব্বজনেপ সিতার্থফলদাং রামপ্রিয়াং জানকীম্॥

সীতার প্রণাম—বন্দে রামহৃদম্ভোজ-প্রকাশাং জনকাত্মজাম্।
সত্রিবর্গ-পরানন্দদায়িনীং ব্রহ্মরূপিণীম্॥

অনন্তর "ওঁ দশরথায় নমঃ" মন্ত্রে দশরথের অর্চ্চনা করিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ভক্ত্যা বশীকৃতো যস্য পুত্রত্বং গতবান্ হরিঃ।
বন্দে দশরথং বীরং তমযোধ্যাপতিং প্রভুম্॥

তৎপরে "ওঁ কৌশল্যায়ৈ নমঃ" মন্ত্রে কৌশাল্যার অর্চ্চনা করিয়া পুষ্পাঞ্জলি প্রদান পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

রামস্য জননী চাসি রামময়মিদং জগৎ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি লোকমাতর্নমোঽস্তু তে॥

অনন্তর "ভগবন্ রামচন্দ্র আবরণং তে পূজয়ামি" বাক্যে অনুজ্ঞাগ্রহণ পূর্ব্বক আবরণপূজা করিতে হয়, যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ রাং হৃদয়ায় নমঃ।" (এই নিয়মে) "ওঁ রাং শিরসে স্বাহা, ওঁ রূং শিখায়ৈ বষট্, ওঁ রৈং কবচায় হুং, ওঁ রৌং নেত্রাভ্যাং বৌষট্, ওঁ রঃ অস্ত্রায় ফট্।"

পরে যথাশক্তি উপচারযোগে ভরত, লক্ষ্মণ, শত্রুঘ্ন, হনূমৎ, সুগ্রীব, বিভীষণ, অঙ্গদ, জাম্ববান্ এবং ধৃষ্ট, জয়ন্ত, বিজয়, সুরাষ্ট্র, রাষ্ট্রবর্দ্ধন, অশোক, ধর্ম্মপাল দিক্‌পালগণ ও সুমন্ত্র, বজ্রাদ্যস্ত্র ইঁহাদের অর্চ্চনা করিবে। পুনর্ব্বসু-নক্ষত্রযুক্ত নবমী তিথিতে কর্কটলগ্নে মধ্যাহ্নসময়ে রাক্ষসকুলবিনাশার্থ প্রাদুর্ভূত শ্রীশ্রীরামচন্দ্রের জন্ম চিন্তা করত বাদ্যধ্বনি করিবে। পরে শঙ্খে একটি ফল,

অশোকপুষ্প, তুলসী, কুশ ও চন্দনাদিযুক্ত অর্ঘ্য লইয়া নিম্নলিখিত মন্ত্রে রামচন্দ্রকে নিবেদন করিয়া দিবে, যথা—

ওঁ দশাননবধার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ। দানবানাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ॥ পরিত্রাণায় সাধূনাং রামো জাতঃ স্বয়ং হরিঃ। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং ভ্রাতৃভিঃ সহিতো মম॥

প্রহরে প্রহরে পুষ্পাঞ্জলি দান, রামগীতাদি পাঠ ও মন্ত্রাদি জপ কর্ত্তব্য। পরদিন কথাশ্রবণ, দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিয়া পারণ করিবে।

ব্রত-কথা।—পুরৈকদা সুখাসীনং ব্রহ্মাণং জগতাং পতিম্। সহসাগত্য তত্রৈব সনকো বাক্যমব্রবীৎ॥ সনক উবাচ। রাজা দশরথো নাম কৌশল্যা চ যশস্বিনী। কর্ম্মণা কেন তত্তস্য পুত্রোঽসৌ জগতাং পতিঃ॥ দূর্ব্বাদলশ্যামরামো বিস্তার্য্য কথয়স্ব মে॥ ব্রহ্মোবাচ। সাধু পৃষ্টং ত্বয়া বৎস জগতাং স্থিতিকারকম্॥ পুরা রাজা দশরথঃ কৌশল্যয়া সমাহিতঃ। জজাপ মন্ত্রং দুর্গায়াঃ শিবস্য চ বিশেষতঃ॥ তয়োর্জ্জপেন তুষ্টঃ সন্ শিবঃ প্রত্যক্ষতাং গতঃ। তং দৃষ্ট্বা তু তদা রাজা প্রত্যুবাচ কৃতাঞ্জলিঃ॥ দেবদেব হ্যপুত্রোঽহমতিদুঃখেন দুঃখিতঃ। চিরং বিচার্য্য মনসা শিবারাধনতৎপরঃ॥ ইতি শ্রুত্বা মহাদেবস্তমুবাচ দয়াপরঃ। কুরু রাজন্ বংশযজ্ঞং ততস্তে জগতাং পতিঃ। রামনামা চ পুত্রোঽসৌ কৌশল্যায়াং ভবিষ্যতি॥ ইত্যুক্ত্বা তং দেবদেবস্তত্রৈবান্তরধীয়ত॥ ইতি রুদ্রমুখাৎ শ্রুত্বা রাজা দশরথঃ সুখী। ততশ্চক্রে বংশযজ্ঞং স দেব্যা সহ তৎপরঃ॥ ততঃ কালে মহারাজ্ঞী গর্ভং ধত্তে মনোহরম্॥ চৈত্রে মাসি সিতে পক্ষে নবম্যাং শোভনে দিনে। অতিপুণ্যে শুভে লগ্নে জাতো রামঃ স্বয়ং হরিঃ॥ পুনর্ব্বসুঋক্ষসংযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা। শ্রীরামনবমী প্রোক্তা কোটিসূর্য্যগ্রহাধিকা॥ তস্মিন্ দিনে মহাপুণ্যে রামমুদ্দিশ্য ভক্তিতঃ। উপোষ্য রামং সম্পূজ্য বিষ্ণুলোকে মহীয়তে॥ যস্তু রামনবম্যান্তু ভুঙ্‌ক্তে মর্ত্ত্যো বিমূঢ়ধীঃ। কুম্ভীপাকেষু ঘোরেষু পচ্যতে নাত্র সংশয়ঃ॥ কুর্য্যাদ্রামনবম্যাং য উপোষণমতন্দ্রিতঃ। ন শেতে মাতৃজঠরে স্বয়ং রামো ভবেত্তু সঃ॥ শ্রীরামনবমী নাম পুণ্যং পুণ্যতমব্রতম্॥ ইতি শ্রুত্বা সুসন্তুষ্টঃ সনকঃ পুনরব্রবীৎ। বিধিনা কেন কর্ত্তব্যং বদ মে কমলোদ্ভব॥ ব্রহ্মোবাচ। ব্রতপূর্ব্বদিনে স্নাত্বা সকৃদ্ভুক্ত্বা নিরামিষম্। ত্যক্ত্বা চ যোষিচ্ছয়নং শয়ীত স্থণ্ডিলে কুশে॥ ব্রহ্মে মুহূর্ত্তে চোত্থায় কৃত্বা প্রাতঃক্রিয়াং ততঃ। প্রাতঃ স্নাত্বা শুচির্ভূত্বা সঙ্কল্পং বিধিবচ্চরেৎ। প্রতিমায়াং ঘটে বাপি পটে

বা যন্ত্রতোঽপি বা। শালগ্রামশিলায়াস্তু তুলসীদলকল্পিতে। পূজা শ্রীরামচন্দ্রস্য কোটিকোটিগুণাধিকা॥ কৌশল্যা পূজনীয়াদৌ রাজা চৈব ততঃ পরম্। ষড়ঙ্গং পূজয়েত্তত্র লক্ষ্মণাদীন্ বিশেষতঃ। পূজয়েৎ পরয়া ভক্ত্যা পরিবারাংস্ততঃ পরম্॥ ততো গ্রহাংশ্চ দিক্‌পালান্ গণেশাদীন্ প্রপূজয়েৎ ততো মধ্যাহ্নগে সূর্য্যে তজ্জন্ম ভাবয়েদ্‌ব্রতী॥ উচ্চস্থে গ্রহপঞ্চকে সুরগুরৌ সেন্দৌ নবম্যাস্তিথৌ, লগ্নে কর্কটকে পুনর্ব্বসুদিনে মেষং গতে পূষণি। নির্দগ্ধুং নিখিলাঃ পলাশসমিধো মেধ্যাদযোধ্যারণেরাবির্ভূতমভূদপূর্ব্ববিভবং যৎ কিঞ্চিদেকং মহঃ॥ ততো বাদ্যাদিকং কৃত্বা দদ্যাদর্ঘ্যং বিশেষতঃ। মূলমন্ত্রেণ দদ্যাদ্বৈ ভক্ত্যা পুষ্পাঞ্জলিত্রয়ম্॥ এবমষ্টসু যামেষু অষ্টধা পূজয়েদ্‌ব্রতী। ইতিহাসকথাঃ শ্রুত্বা গীতনৃত্যৈর্নিশাং নয়েৎ॥ ততঃ পরদিনে প্রাতঃস্নানং কৃত্বা বিধানতঃ। রামং দূর্ব্বাদলশ্যামং ভক্ত্যা শক্ত্যা প্রপূজয়েৎ। দক্ষিণাং বিধিবদ্দত্ত্বা অচ্ছিদ্রমবধারয়েৎ। ভোজয়িত্বা ততো বিপ্রান স্বয়ং পারণমাচরেৎ॥ যস্ত্বিদং শৃণুয়ান্নিত্যং পুণ্যাহে চ বিশেষতঃ। বহুপুত্রী ধনাঢ্যশ্চ অন্তে ব্রহ্মত্বমাপ্নুয়াৎ॥ রাজদ্বারে মহাঘোরে সংগ্রামে শত্রুসঙ্কটে। দূর্ব্বাদলশ্যামরামস্তস্য রক্ষাকরো ভবেৎ। বন্ধ্যা পুত্রবতী সাধ্বী পতিচিত্তানুসারিণী। সপত্নীদর্পদলনী সা ভবেন্নাত্র সংশয়ঃ॥ ময়ৈতৎ কথিতং বৎস তব স্নেহাদ্‌ব্রতোত্তমম্॥

ইতি শ্রীব্রহ্মর্ষিসনকসংবাদে শ্রীরামনবমীব্রত-কথা।

## কিমিচ্ছক-ব্রত।

চৈত্রমাসের শুক্লা দ্বাদশী তিথিতে এই ব্রতের অনুষ্ঠান করিবে। এই ব্রতে যথাবিধানে ষোড়শোপচারে কুবেরের, সমুদায় নিধিগণের, নিধিপালবর্গের ও লক্ষ্মীর পূজা করিতে হয়। পূর্ব্বদিন সংযম করিয়া পরদিন ব্রত করিবে। এই ব্রতের ফলে অভীষ্টসিদ্ধি ও পুত্রপৌত্রলাভ হইয়া থাকে। পূজাবিধির নিয়মে পূজা করাই ব্যবস্থা। নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিয়া পূজা করিতে হয়, যথা—

বিষ্ণুর্নমোঽদ্যেত্যাদি অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী পুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্ন-সুখসৌভাগ্যাভীষ্টপ্রাপ্তিকামা বিষ্ণুপ্রীতি-কামা বা গণেশাদি-নানা দেবতা-পূজাপূর্ব্বকং কুবের-নিধি-নিধিপগণ-লক্ষ্মী-জনার্দ্দনপূজন-কথাশ্রবণরূপ-কিমিচ্ছকব্রতমহং করিষ্যে।

ব্রত-কথা।—মার্কণ্ডেয় উবাচ। অথ সাবীক্ষিতো মাতা বীরা বীরপ্রজাবতী। পুণ্যেঽহনি সমাহূয় প্রাহ পুত্রমবীক্ষিতম্॥ পুত্রাহমভ্যনুজ্ঞাতা তব পিত্রা মহাত্মনা। উপবাসং করিষ্যামি দুষ্করোঽয়ং কিমিচ্ছকঃ॥ স চায়ত্তস্তব পিতুস্ত্বয়া সাধ্যো ময়ার্থিতঃ। প্রতিজ্ঞাতে ত্বয়া পুত্র ততস্তত্র যতাম্যহম্॥ দ্রব্যস্যার্দ্ধং মহাকোষাৎ তব দাস্যাম্যহং পিতুঃ। ধনং তে পিতুরায়ত্তমনুজ্ঞাতাস্মি তেন চ॥ ক্লেশসাধ্যো মদায়ত্তঃ স হি শ্রেয়ো ভবিষ্যতি। সাধ্যো ভবেন্না যদি তে কশ্চিদ্বলপরাক্রমে॥ স তে সাধ্যো হ্যন্যথা বা দুঃখসাধ্যো ভবিষ্যতি। তৎ ত্বং প্রতিজ্ঞাং কুরুষে যদি পুত্রাত্র চৈব তে॥ তদেতদহমাবাপ্স্যে কথ্যতাং যন্মতং তব॥ অবীক্ষিত উবাচ। বিত্তং মে পিতুরায়ত্তং মৎস্বামিত্বং ন তত্র বৈ। যন্মচ্ছরীরনিষ্পাদ্যং তৎ করিষ্যে ত্বয়োদিতম্॥ কিমিচ্ছকং ব্রতং মাতর্নিশ্চিন্তা ভব নির্ব্যথা। রাজ্ঞা পিত্রাভ্যনুজ্ঞাতং যদি বিত্তেশ্বরেণ মে॥ মার্কণ্ডেয় উবাচ। ততঃ সা রাজমহিষী তদ্ব্রতং সমুপোষিতা। যথোক্তাং সাকারোৎ পূজাং রাজরাজস্য সংযতা॥ নিধীনামপ্যশেষাণাং নিধিপালগণস্য চ। লক্ষ্ম্যাশ্চ পরয়া ভক্ত্যা যতবাক্কায়মানসা। বিবিক্তে তু গৃহস্থোঽয়মথ রাজা করন্ধমঃ। আসীন উক্তঃ সচিবৈর্নীতিশাস্ত্রবিশারদৈঃ॥ সচিবা উচুঃ। রাজন্ বয়ঃ পরিণতং তবৈতচ্ছাসতো মহীম্। একস্তে তনয়োঽবীক্ষিৎ ত্যক্তদারপরিগ্রহঃ॥ অপুত্রঃ স চ তে নিষ্ঠাং যদা ভূপ গমিষ্যতি। তদারিপক্ষং পৃথিবী নিশ্চিতং তব যাস্যতি॥ বংশক্ষয়স্তে ভবিতা পিতৃপিণ্ডোদকক্ষয়ঃ। এতন্মহৎ তেঽরিভয়ং ক্রিয়াহান্যা ভবিষ্যতি॥ তস্মাৎ কুরু তথা ভূপ যথা তে তনয়ঃ পুনঃ। করোতি সততং বুদ্ধিং পিতৄণামুপকারিণীম্॥ মার্কণ্ডেয় উবাচ। এতস্মিন্নন্তরে শব্দং শুশ্রাব জগতীপতিঃ। পুরোহিতস্য বীরায়া বদতো হ্যর্থিনং প্রতি॥ কঃ কিমিচ্ছতি দুঃসাধ্যং কস্য কিং সাধ্যতামিতি। করন্ধমস্য মহিষী কিমিচ্ছকমুপোষিতা॥ রাজপুত্রোঽপ্যবীক্ষিৎ তু শ্রুত্বা পৌরোহিতং বচঃ। প্রত্যুবাচার্থিনঃ সর্ব্বান্ রাজদ্বারমুপাগতান্॥ ময়া সাধ্যং শরীরেণ যস্য কিঞ্চিদ্ব্রবীতু সঃ। মম মাতা মহাভাগ কিমিচ্ছকমুপোষিতা॥ শৃণ্বন্তু মেঽর্থিনঃ সর্ব্বে প্রতিজ্ঞাতং ময়া তদা। কিমিচ্ছথ দদাম্যেষ ক্রিয়মাণে কিমিচ্ছকে॥ মার্কণ্ডেয় উবাচ। ততো রাজা নিশম্যৈতদ্বাক্যং পুত্রমুখাচ্চ্যুতম্। সমুৎপত্যাব্রবীৎ পুত্রমহমর্থী প্রযচ্ছ মে॥ অবীক্ষিদুবাচ। দাতব্যং যন্ময়া তাত ভবতে তদ্ব্রবীহি মাম্। কর্ত্তব্যং দুষ্করং বাতিসাধ্যং দুঃসাধ্যমেব বা॥ রাজোবাচ। যদি সত্যপ্রতিজ্ঞস্ত্বং দদাসি চ কিমিচ্ছকম। পৌত্রস্য দর্শয় মুখং মমোৎসঙ্গগতস্য তৎ॥ অবীক্ষিদুবাচ। অহং

তবৈকস্তনয়ো ব্রহ্মচর্য্যঞ্চ মে নৃপ। ন মে পুত্রোঽস্তি পৌত্রস্য দর্শয়ামি কথং মুখম্॥ রাজোবাচ। পাপায় ব্রহ্মচর্য্যং তে যদিদং ধার্য্যতে ত্বয়া। তস্মাৎ ত্বং মোচয়াত্মানং মম পৌত্রঞ্চ দর্শয়॥ অবীক্ষিতুবাচ। বিষমং স্যান্মহারাজ যদন্যৎ তৎ সমাদিশ। বৈরাগ্যেণ ময়া ত্যক্তঃ স্ত্রীসম্ভোগস্তথাস্তু সঃ॥ রাজোবাচ। বহুভির্যুধ্যমানানাং দৃষ্টো বৈ বৈরিণাং জয়ঃ। তত্রাপি যদি বৈরাগ্যমুপৈষি তদপণ্ডিতঃ॥ কিং বা নো বহুনোক্তেন ব্রহ্মচর্য্যং পরিত্যজ। মাতুস্ত্বমিচ্ছয়া বক্তং পৌত্রস্য মম দর্শয়॥ মার্কণ্ডেয় উবাচ। যদা স বহুভিস্তেন প্রোক্তঃ পুত্রেণ পার্থিবঃ। নান্যৎ প্রার্থয়তে কিঞ্চিৎ তদা পুত্রোঽব্রবীৎ পুনঃ॥ দত্ত্বা কিমিচ্ছকং তুভ্যং প্রাপ্তোঽহং তাত সঙ্কটম্। তং করিষ্যামি নির্লজ্জো ভূয়ো দারপরিগ্রহম্॥ স্ত্রিয়ঃ সমক্ষং বিজিতঃ পাতিতো ধরণীতলে। স্ত্রী-পতির্ভবিতা ভূয়স্তাতৈতদতিদুষ্করম্॥ তথাপি কিং করোম্যেষ সত্যপাশবশং গতঃ। করিষ্যামি যথাত্থ ত্বং ভুজ্যতাং নিজশাসনম্॥

ইতি মার্কণ্ডেয়ে মহাপুরাণে কিমিচ্ছকব্রত-কথা।

## মদনদ্বাদশী-ব্রত।

চৈত্রমাসের শুক্লা দ্বাদশী তিথিতে মদনদ্বাদশী-ব্রত করিতে হয়। আতপ-তণ্ডুলপূরিত একটি অচ্ছিদ্র অব্রণ কুম্ভ স্থাপন পূর্ব্বক তদুপরি ইক্ষুদণ্ড ও অন্যান্য ফল প্রদান করিয়া শ্বেতবস্ত্রে আচ্ছাদিত করিবে। উহাতে শ্বেতচন্দন ও যথাশক্তি স্বর্ণ প্রদান করিতে হয়। উহার উপর তাম্রপাত্র স্থাপন করিয়া তদুপরি কদলীদলস্থিত কামমূর্ত্তি ও উহার বামে শর্করার রতিমূর্ত্তি স্থাপন করিবে। তৎপরে কামনামে হরির অর্চ্চনা করিতে হয়। গুড়োদক দ্বারা দেবতাকে স্নান করাইবে। তৎপরে শুক্লপুষ্প, অক্ষত ও তিল দ্বারা মধুসূদনের পূজা করিবে। পূজাপদ্ধতির নিয়মে যথাশক্তি উপচারে পূজা করিতে হয়। "কামায়" মন্ত্রে চরণে, "সৌভাগ্যদায়" মন্ত্রে জঙ্ঘায়, "স্মরায়" মন্ত্রে উরুতে, "মন্মথায়" মন্ত্রে কটিতে, "স্বচ্ছোদরায়" "মন্ত্রে উদরে, "অনঙ্গায়" মন্ত্রে বক্ষে, "পদ্মমুখায়" মন্ত্রে মুখে, "পঞ্চশরায়" মন্ত্রে বাহুতে এবং "সর্ব্বাত্মনে নমঃ" মন্ত্রে মস্তকে পূজা করিবে। তৎপরদিন উক্ত কুম্ভ ব্রাহ্মণকে দান করিতে হয় এবং ব্রাহ্মণগণকে অলবণ ভোজন করাইয়া দক্ষিণান্ত করিবে। তৎপরে এই মন্ত্র পাঠ করিবে, যথা—

প্রীয়তামত্র ভগবান্ কামরূপী জনার্দ্দনঃ।
হৃদয়ে সর্ব্বভূতানামানন্দো যো বিধীয়তে॥

এই নিয়মে প্রতিমাসে অর্চ্চনা করিতে হয়। ঐ দিন উপবাসী থাকিয়া রাত্রিতে ভূতলে শয়ন করিবে। ত্রয়োদশীতে বিষ্ণুর অর্চ্চনা পূর্ব্বক পারণ করিতে হয়। ত্রয়োদশমাসে এই ব্রত সম্পূর্ণ হইবে। ঐ সময়ে যথাবিধি বিষ্ণুর পূজা করিয়া দ্বিজদম্পতীকে সর্ব্বোপস্করযুক্তা শয্যা, কাঞ্চন, দুগ্ধবতী শ্বেত ধেনু, বস্ত্র প্রভৃতি প্রদান করা কর্ত্তব্য। তৎপরে শুক্লতিল দ্বারা বিষ্ণুহোম করিয়া বিপ্রগণকে সঘৃত পায়সান্ন ভোজন করাইবে এবং পুষ্পমাল্য ও ইক্ষুদণ্ড প্রদান করিতে হয়।

---

## মদনত্রয়োদশী-ব্রত।

চৈত্রমাসের শুক্লা ত্রয়োদশীর নাম মদনত্রয়োদশী। এই দিন মদনদেবের পূজাদি করিতে হয়। নিম্নলিখিত ধ্যানে পূজা করিবে, যথা—

"ওঁ চাপেষুধৃক্ কামদেবো রূপবান্ বিশ্বমোহনঃ।
ধ্যেয়ো বসন্তসহিতো রত্যালিঙ্গিতবিগ্রহঃ॥

তৎপরে যথাশক্তি উপচারে পূজাদি করিয়া স্তব পাঠ করিবে, যথা—

পুষ্পধন্বন্ নমস্তেঽস্তু নমস্তে মীনকেতন। মুনীনাং লোকপালানাং ধৈর্য্যচ্যুতিকৃতে নমঃ॥ মাধবাত্মজ কন্দর্প সম্বরারে রতিপ্রিয়। নমস্তভ্যং জিতাশেষ-ভুবনায় মনোভুবে॥ আধয়ো মম নশ্যন্তু ব্যাধয়শ্চ শরীরজাঃ। সম্পাদ্যতামভীষ্টং মে সম্পদঃ সন্তু মে স্থিরাঃ॥ নমো মারায় কামায় দেবদেবস্য মূর্ত্তয়ে। ব্রহ্মবিষ্ণুশিবেন্দ্রাণাং মনঃক্ষোভকরায় চ॥ এবং যঃ কুরুতে পূজামনঙ্গস্য মহাত্মনঃ। ভবন্তি নাপদস্তস্য তস্মিন্নব্দে কদাচন॥

অনন্তর রতিদেবীর পূজা করিয়া অশোকপুষ্প দান করিবে।

---

## যোষিৎপ্রচলিত ব্রতসমূহ।

### পুণ্যপুষ্করিণী-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া চারি বর্ষ পর্য্যন্ত এই ব্রত করিতে হয়। উক্ত সংক্রান্তিতে আরম্ভ করিয়া বৈশাখমাসে প্রত্যহ পুষ্করিণীমধ্যে বিল্ব-বৃক্ষ স্থাপন ও তথায় পূজা করিয়া ভেক-সর্পাদির উদ্দেশে নৈবেদ্য প্রদান করিবে। প্রতিবর্ষে এইরূপ করিয়া চারিবর্ষে প্রতিষ্ঠাকালে স্বর্ণ-রৌপ্য-বরাটকাদি দ্বারা পুষ্করিণী পূর্ণ করিতে হয়।

### দশপুত্তলিকা-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া চারি বর্ষ পর্য্যন্ত এই ব্রত করিতে হয়। বৈশাখমাসে প্রত্যহ ভূমিতলে দশটি পুত্তলি আঁকিয়া পূজা করিবে। পূর্ণবর্ষে স্বর্ণরৌপ্যপুত্তলিকা দান করিয়া প্রতিষ্ঠা করিবে।

### ধূপসংক্রান্তি-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া একবর্ষ যাবৎ প্রতি সংক্রান্তিতে ধূপ ও যজ্ঞোপবীত ব্রাহ্মণকে দান করিবে। প্রতিষ্ঠাকালে বস্ত্রাদি দান কর্ত্তব্য।

### বৈশাখচম্পক-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া চারি বর্ষ পর্য্যন্ত এই ব্রত করিতে হয়। বৈশাখের প্রত্যহ ব্রাহ্মণকে চম্পকপুষ্প, উপবীত ও দক্ষিণা দিবে এবং ভোজন করাইবে। প্রতিষ্ঠাকালে বস্ত্রাদি দান কর্ত্তব্য।

### ব্রাহ্মণাদর-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া চারি বর্ষ পর্য্যন্ত এই ব্রত করিবে। বৈশাখের প্রত্যহ নানারূপ উপহার দ্বারা ব্রাহ্মণকে ভোজন করাইয়া দক্ষিণা দিবে ও প্রণাম করিবে।

### কলাছড়া-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে অখণ্ড এক ছড়া রম্ভা যজ্ঞোপবীত ও দক্ষিণাসহ ব্রাহ্মণকে দিতে হয়। বর্ষ পূর্ণে ত্রয়োদশটি ব্রাহ্মণকে ঐরূপ দিয়া ভোজন করাইবে।

### মিষ্টসংক্রান্তি-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া এক বর্ষ যাবৎ প্রতি সংক্রান্তিতে ব্রাহ্মণকে দক্ষিণা ও যজ্ঞোপবীতসহ লড্ডুক দিবে। পূর্ণবর্ষে ত্রয়োদশটি ব্রাহ্মণকে ঐরূপ দিয়া ভোজন করাইতে হয়।

### দাড়িম্বসংক্রান্তি-ব্রত।

মিষ্টসংক্রান্তিবৎ প্রতি সংক্রান্তিতে এক একটি দাড়িম্ব দিতে হয়।

### ঘৃতসংক্রান্তি-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া এক বর্ষ যাবৎ প্রতি সংক্রান্তিতে যজ্ঞোপবীত'ও দক্ষিণাসহ ঘৃতপাত্র ব্রাহ্মণকে দিবে। পূর্ণবর্ষে ত্রয়োদশটি ব্রাহ্মণকে ঐরূপ দিয়া ভোজন করাইতে হয় এবং বস্ত্রাদিও দিবে।

### মধুসংক্রান্তি-ব্রত।

ঘৃতসংক্রান্তিবৎ। কেবল ঘৃতের পরিবর্ত্তে মধু দিবে।

### ফলদান-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া চারি বর্ষ যাবৎ করণীয়। প্রথম বর্ষে বৈশাখের প্রত্যহ একটি ব্রাহ্মণকে দক্ষিণা ও যজ্ঞোপবীতসহ গুবাকফল, দ্বিতীয় বর্ষে কদলী, তৃতীয় বর্ষে আম্র এবং চতুর্থ বর্ষে নারিকেল দিবে। প্রতিষ্ঠাকালে ত্রয়োদশটি ব্রাহ্মণকে রজতকাঞ্চনময় ফল ও বস্ত্রাদি দিয়া ভোজন করাইবে।

### আইওসংক্রান্তি-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া এক বর্ষ যাবৎ করিবে। প্রতি সংক্রান্তিতে একটি ব্রাহ্মণকন্যাকে তৈলহরিদ্রাতাম্বূলাদি দিয়া উত্তমরূপে ভোজন করাইতে হয়। দ্বিতীয় সংক্রান্তি হইতে এক একটি ব্রাহ্মণকন্যা বৃদ্ধি করিবে। প্রতিষ্ঠাকালে ত্রয়োদশটি ব্রাহ্মণকন্যাকে বস্ত্রাভরণাদি দান পূর্ব্বক পূজা করিবে।

### আদরসিংহাসন-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া চারি বর্ষ পর্য্যন্ত করণীয়। বৈশাখমাসে প্রত্যহ একটি সধবাকে বিচিত্র আসন দান, পূজা ও ভোজন করাইবে। প্রতিষ্ঠাকালে রজত-সিংহাসন, বস্ত্রাভরণ প্রভৃতি দিতে হয়।

### ধনগছান-ব্রত।

মহাবিষুবসংক্রান্তিতে আরম্ভ করিয়া চারি বর্ষ যাবৎ করণীয়। বৈশাখের প্রত্যহ ব্রাহ্মণ ও আত্মবন্ধু প্রভৃতি সমস্ত ব্যক্তিকে ধনিয়া, ধান, আদা ও উপবীত এবং দক্ষিণা দিবে। প্রতিষ্ঠাকালে বস্ত্রাদি দান কর্ত্তব্য।

### পৌর্ণমাসী-ব্রত।

বৈশাখী পূর্ণিমা হইতে আরম্ভ করিয়া চারি বর্ষ যাবৎ প্রতি পূর্ণিমাতে ক্রমান্বয়ে গুবাক, হরীতকী, জায়ফল ও এলাইচ ব্রাহ্মণকে দিবে। তৎসঙ্গে দক্ষিণা ও যজ্ঞোপবীত দিতে হয়।

### জ্যৈষ্ঠচম্পক-ব্রত।

জ্যৈষ্ঠের বিষ্ণুপদীসংক্রান্তিতে আরম্ভ করিয়া চারি বর্ষ যাবৎ করণীয়। জ্যৈষ্ঠের প্রত্যহ চম্পকপুষ্প দ্বারা শিবলিঙ্গ পূজা করিয়া স্তবপাঠ ও প্রণাম করত পূর্ণকালে স্বর্ণচম্পক-দান কর্ত্তব্য।

### পদ্মপৌর্ণমাসী-ব্রত।

বৈশাখী পূর্ণিমাতে আরম্ভ করিয়া চারি বর্ষ যাবৎ করণীয়। প্রতি বৈশাখী পূর্ণিমাতে সদক্ষিণ সযজ্ঞোপবীত পদ্মপুষ্প দিয়া প্রতিষ্ঠাকালে স্বর্ণপদ্ম-দান ব্যবস্থা।

### আলদুর্গা-ব্রত।

অগ্রহায়ণের পূর্ণিমাতে আরম্ভ করিয়া ফাল্গুনী পূর্ণিমা যাবৎ প্রতি পূর্ণিমাতে ঘটস্থাপন পূর্ব্বক দুর্গার পূজা করিবে। চারি বর্ষ এইরূপ করিলে সমাপন হয়।

### পনসপূর্ণিমা-ব্রত।

জ্যৈষ্ঠের পূর্ণিমাতে আরম্ভ করিয়া চারি বর্ষ যাবৎ প্রতিবর্ষীয় জ্যৈষ্ঠী পূর্ণিমাতে দক্ষিণা ও যজ্ঞোপবীত সহ পনসদান করিতে হয়।

### নখছুট-ব্রত।

চৈত্রের শুক্লচতুর্থীতে আরম্ভ করিয়া চারি বর্ষ যাবৎ এই ব্রত করিবে। ইহার প্রণালী দেশভেদে নানারূপ; উহা স্ত্রীগণ জ্ঞাত আছেন।

### গুপ্তধন-ব্রত।

মহাবিষুব-সংক্রান্তিতে আরম্ভ করিবে। চারি বর্ষে পূর্ণ হয়। প্রথম বর্ষে একটি সন্দেশের মধ্যে শক্ত্যনুসারে দুয়ানি, সিকি, আধুলী বা টাকা পুরিয়া ব্রাহ্মণকে যজ্ঞোপবীত সহ দিবে। প্রথমবর্ষে যাহা দিবে, দ্বিতীয়বর্ষে উহার দ্বিগুণ অর্থাৎ দুয়ানি দিয়া আরম্ভ হইলে সিকি, এইরূপ উত্তরোত্তর দ্বিগুণ দিবে। পূর্ণকালে যাহার হস্তে দিয়া ব্রত লওয়া হইয়াছে, তাহাকে বস্ত্রাদি দিতে হয়।

### গোকল-ব্রত

মহাবিষুব-সংক্রান্তিতে আরম্ভ করিয়া বৈশাখ মাসের প্রতিদিন গোমাতার পূজা ও গোগ্রাস দান করিতে হয়, চারিবর্ষান্তে প্রতিষ্ঠা করিতে হয়, তৎকালে গোপালককে বস্ত্রাদি দ্বারা সন্তুষ্ট করিতে হয়।

## বিপত্তারিণী-ব্রত। *

আষাঢ় মাসের শুক্লপক্ষে শনি বা মঙ্গলবারে তৃতীয়া হইতে নবমী পর্য্যন্ত তিথির যে কোন তিথিতে এই ব্রত করিতে হয়।

পূর্ব্বদিন সংযম করিয়া ব্রতের দিন প্রাতঃকৃত্যাদি সমাপনান্তে স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে—"অদ্যেত্যাদি অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী যাবাদ্বিপন্নাশ-পূর্ব্বক-সসুখাবৈধব্যকামা বিপত্তারিণীদুর্গাপ্রীতিকামা বা বিপত্তারিণীব্রতমহং করিষ্যে।" পরার্থে করিষ্যামীতি বিশেষঃ। পুরোহিত সামান্যার্ঘ্য, আসন-শুদ্ধ্যাদি, গণেশাদি পঞ্চদেবতার পূজা পর্য্যন্ত করিয়া ঘটস্থাপনান্তে (২৩৭ পৃঃ) "ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈঃ" ইত্যাদি (ধ্যানপ্রকরণোক্ত) মন্ত্রে ধ্যান, মানস-পূজা, বিশেষার্ঘ্যস্থাপন, অঙ্গন্যাস, করন্যাস ও পুনর্ব্বার ধ্যান করিয়া, আবাহনান্তে "ওঁ হ্রীং বিপত্তারিণ্যৈ দুর্গায়ৈ নমঃ" বলিয়া ষোড়শোপচারে বা দশোপচারে পূজা করিবে। পরে পিষ্টক, সুপারি প্রভৃতি ত্রয়োদশ ফল ও ভোজ্য উৎসর্গ করিবে, ব্রতী পিষ্টকাদি দ্বারা ব্রাহ্মণভোজন করাইয়া নিজে ভোজন করিবে। ত্রয়োদশ গ্রন্থিযুক্ত রক্তবর্ণ ডোরক দক্ষিণ হস্তে ধারণপূর্ব্বক কথা শুনিবে।

বিপত্তারিণী-ব্রতকথা।—মার্কণ্ডেয় উবাচ। একদা নারদো যোগী পরানু-গ্রহকাম্যয়া। পর্য্যটন্ সকলাল্লোঁকান্ কৈলাসং সমুপাগমৎ॥ শিবেন সহিতাং গৌরীং দৃষ্ট্বা দেবর্ষিসত্তমঃ। প্রণম্য দণ্ডবদ্‌ভক্ত্যা পপ্রচ্ছ মুনিসত্তমঃ॥ ব্রতেন কেন দেবেশ লভতে বাঞ্ছিতং ফলম্। তদ্‌বদস্ব মহাদেব কৃপা ময়ি ভবেদ্‌যদি॥ মহাদেব উবাচ। বিপত্তারিণীদুর্গায়া ব্রতং কুর্ব্বন্তি যাঃ স্ত্রিয়ঃ। তাসাং যাবদ্বিপন্নাশং কুরুতে ভবসুন্দরী। অবৈধব্যঞ্চ লভতে সর্ব্বত্র সসুখং বসেৎ॥ নারদ উবাচ। কেন বা তৎ কৃতং কর্ম্ম মর্ত্ত্যে কেন প্রকাশিতম্। এতন্মে বিস্তরাদ্‌ব্রূহি পার্ব্বতীপ্রাণবল্লভ॥ মহাদেব উবাচ। বিদর্ভাধিপতিঃ শ্রীমান্ রাজা সত্যপরাক্রমঃ। তস্য পত্নী গুণবতী সর্ব্বপ্রাণিহিতে রতা॥ একদা চর্ম্মকারস্য পত্ন্যা সহ সুনির্জ্জনে। মিলিতা চ মহারাজ্ঞী মিথো বৈ মিত্রতা কৃতা॥ নানাবিধানি দ্রব্যাণি রাজপত্নী দদৌ মুদা। চর্ম্মকারস্য পত্ন্যৈ সা নানাবিধফলানি চ॥ একদা চর্ম্মকারস্য পত্নী রাজগৃহং যযৌ। রাজপত্নী সমাহূয় পরস্পরমভাষত॥ রাজপত্ন্যুবাচ। কীদৃশঞ্চ গবাং মাংসং দ্রষ্টুমিচ্ছাম্যহং

* নিম্নলিখিত ব্রতগুলি অপ্রচলিত বলিয়া শেষভাগে নিবেশিত হইল

সখি। নয় ত্বং বহুযত্নেন গোপনং মম বেশ্মনি॥ রাজপত্নীবচঃ শ্রুত্বা মাংসং বহুবিধং তথা। পাত্রস্থং বস্ত্রমাচ্ছাদ্য রাজবেশ্ম যযৌ মুদা॥ দৃষ্ট্বা মাংসং রাজপত্নী গোপনং রক্ষিতং গৃহে। মাংসং দৃষ্ট্বা রাজভৃত্যো রাজ্ঞে সর্ব্বং ন্যবেদয়ৎ॥ রাজা চ গৃহমাগত্য রাজপত্নীং জগাদ সঃ। চর্ম্মকারগৃহদ্রব্যং কিং গৃহে রক্ষিতং সতি॥ সত্যবাক্যং বদস্বাদ্য সন্নিধৌ মম ভামিনি। নোচেত্ত্বাং প্রাপয়িষ্যামি ধর্ম্মরাজস্য সংক্ষয়ম্॥ ফলং বহুবিধং রাজন্ পুষ্পঞ্চ পরিরক্ষিতম্। এতদুক্ত্বা রাজপত্নী দুর্গাদেবীমপূজয়ৎ॥ রাজপত্ন্যুবাচ। বিপত্তারিণি দুর্গে ত্বং বিপন্নাং ত্রাহি মাং শিবে। ভক্তিভাবং ন জানামি বাল্যেঽহং দুষ্কৃতং কৃতম্॥ অদ্য রক্ষ মহামায়ে ঘোরদুষ্কৃতকর্ম্মণি। যাবজ্জীবাম্যহং দুর্গে ব্রতং তাবৎ করোম্যহম্॥ দেব্যুবাচ। তুষ্টাস্মি তেঽনয়া বাচা বরমেবং দদামি তে। যদ্‌গৃহে রক্ষিতং মাংসং ফলং বহুবিধং ভবেৎ। মহারাজায় দত্তং চেৎ প্রীতিস্তস্য ভবিষ্যতি॥ ততো দেব্যা বচঃ শ্রুত্বা গৃহমধ্যগতা সতী। দৃষ্ট্বা বহুবিধং রম্যং ফলং পুষ্পং প্রহৃষ্টধীঃ॥ ফলং পুষ্পঞ্চ তৎ সর্ব্বং দদৌ রাজ্ঞে মুদান্বিতা। রাজা দৃষ্ট্বা বহুবিধং ফলং সংহৃষ্ট মানসঃ॥ এবং গুণবতী রাজ্ঞী ব্রতং কৃত্বা সুদুর্ল্লভম্। ইহ ভোগান্ বরান্ ভুক্ত্বা অন্তে স্বর্গপুরং যযৌ॥ নারদ উবাচ। কিং বিধানং ব্রতস্যাস্য বদ মে শঙ্কর প্রভো॥ মহাদেব উবাচ। বিধানং তে প্রবক্ষ্যামি শৃণুষ্ব সুসমাহিতঃ॥ আষাঢ়স্য সিতে পক্ষে দ্বিতীয়ায়াং পরং মুনে। পূর্ব্বং দশম্যাস্তন্মধ্যে শনিভৌমদিনে তথা॥ ব্রতবাসরপূর্ব্বেদ্যুর্ভুক্ত্বা চৈকং নিরামিষম্। অতীতে যামিনীকালে স্নাত্বা সঙ্কল্পমাচরেৎ॥ ভূমৌ ঘটং সমারোপ্য সহকারফলান্বিতম্। নৈবেদ্যং বিবিধং দদ্যান্নানাবিধফলানি চ॥ পিষ্টকং বিবিধং রম্যং তণ্ডুলাদি-বিনির্ম্মিতম্। পূগাদিফলসংযুক্তং তাম্বূলঞ্চ পৃথক্ পৃথক্॥ এবং বহুবিধং দ্রব্যং ত্রয়োদশমিতং পৃথক্। সর্ব্বাপত্তারিণীদেব্যৈ দত্ত্বা বিপ্রায় দাপয়েৎ॥ সোপবীতং সুভোজ্যঞ্চ ব্রাহ্মণায় প্রদাপয়েৎ। কর্ম্মান্তে দক্ষিণাং দদ্যাদন্যথা নিষ্ফলং ভবেৎ॥ যা নারী ভক্তিভাবেন করোতি ব্রতমুত্তমম্। বিধবা ন ভবেৎ কাপি পতিসৌভাগ্যমাপ্নুয়াৎ॥ পুত্রপৌত্রসমাযুক্তা ভুক্ত্বা ভোগান্ মনোরমান্। অন্তে প্রাপ্নোতি সা নারী নক্ষত্রে চ পুনর্ব্বসৌ॥ বিপত্তারিণীদুর্গায়া ব্রতং কুর্ব্বন্তি যাঃ স্ত্রিয়ঃ। বিপন্ন সম্ভবেৎ কাপি সর্ব্বান্ কামানবাপ্নুয়ুঃ॥ ত্রয়োদশগ্রন্থিযুক্তং সুরক্তঞ্চ সুডোরকম্। নারী বা পুরুষো বাপি বধ্নীয়াদ্দক্ষিণে করে॥

ইতি বিপত্তারিণী-ব্রতকথা সমাপ্তা।

## শিবামুষ্টি-ব্রত।

রমণীগণ পতিসৌভাগ্যকামনায় এই ব্রত করিয়া থাকেন। শ্রাবণ মাসের সোমবারে এই ব্রত আরম্ভ করিয়া পাঁচ বৎসরকাল প্রতিমাসের প্রতি-সোমবারে শিবাপতির পূজা করিতে হয়। অর্দ্ধমুষ্টি-পরিমিত ধান্য, তণ্ডুল, গোধূম, তিল ও মুদ্গ দ্বারা শিবের পূজা করিতে হয়। মাসের প্রথম সোমবারে নারিকেল, ২য় সোমবারে মাতুলিঙ্গ, ৩য় সোমবারে রম্ভা এবং ৪র্থ সোমবারে কর্কটী ফল উৎসর্গ করিবে। পাঁচ বৎসর উত্তীর্ণ হইলে প্রতিষ্ঠা করিবে। প্রতিষ্ঠাগৃহের চারি দ্বার, চারি স্তম্ভ হইবে, প্রত্যেক দ্বার কদলীবৃক্ষে সুশোভিত, উপরিভাগে ঘণ্টা, চামর ও পল্লবাদি দোলিত করিয়া দিবে। গৃহমধ্যে চন্দ্রাতপ আচ্ছাদন করিয়া চন্দন, অগুরু ও কর্পূর দ্বারা গৃহ সুবাসিত করিবে। প্রাতঃকালে স্নানানন্তর শুচি হইয়া সেই গৃহমধ্যে শিবের লিঙ্গমূর্ত্তি স্থাপন পূর্ব্বক ষোড়শোপচারে পূজা করিয়া রৌপ্যময় তণ্ডুল, নারিকেল এবং সুবর্ণময় গোধূম, তিল, মুগ, মাতুলিঙ্গ, রম্ভা ও কর্কটী ফল প্রদান করিবে। উক্ত দ্রব্যদানান্তে "নমঃ শিবায় শান্তায় পঞ্চবক্ত্রায় শূলিনে। নন্দি-ভৃঙ্গি-মহাকাল-গুণযুক্তায় শম্ভবে॥" বলিয়া প্রণাম করিবে। প্রতিসোমবারেই পূজার পর কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—দেব্যুবাচ। দেবদেব জগন্নাথ জগদানন্দকারক। কৌতুকেনেপ্সিতং কিঞ্চিদ্ধর্ম্মপ্রশ্নং করোম্যহম্। শ্রুতানি দেবদেবেশ ব্রতানি নিয়মাংস্তথা। মহাস্ত্যপি চ তীর্থানি যজ্ঞদানান্যনেকশঃ। নাস্তি মে নিশ্চয়ো দেব ভ্রামিতাহং ত্বয়া পুনঃ। কথয়স্ব মহাদেব যদ্গোপ্যং ব্রতমুত্তমম্। কেন ত্বং হি ময়া প্রাপ্তস্তপোদানব্রতাদিনা। অনাদিমধ্যনিধনো ভর্ত্তা চৈব জগৎপ্রভুঃ। শিব উবাচ। শৃণু দেবি প্রযত্নেন ব্রতানামুত্তমং ব্রতম্। শিবামুষ্ট্যভিধানঞ্চ সর্ব্বোপদ্রবনাশনম্। সুখসম্পৎকরঞ্চৈব পুত্ররাজ্যসমৃদ্ধিদম্। শঙ্করপ্রীতিজনকং শিবস্থানপ্রদায়কম্। স্বভর্ত্রা সহ নারীণাং মহাস্নেহকরং পরম্। তেন ব্রতপ্রভাবেণ প্রাপ্তমর্দ্ধাসনং প্রিয়ে। ইতিহাসং পুরাবৃত্তং শৃণু বৈ ত্বং সমাহিতা। পুরা সরস্বতীতীরে বিমলাখ্যা মহাপুরী। তত্র চন্দ্রপ্রভুর্নাম রাজাভূদ্ধনদোপমঃ। তস্য স্ত্রী রূপলাবণ্যসৌন্দর্য্যৈঃ স্মরবিভ্রমা। স হি চন্দ্রপ্রভূ রাজা কৌতুকেন সমন্বিতঃ। মাহাত্ম্যং শিবপূজায়াঃ পত্নীং প্রত্যবদৎ তদা। শৃণু দেবি বিশালাক্ষি ভার্য্যে বালমৃগেক্ষণে। রাজ্ঞশ্চ কস্যচিৎ সপ্ত পুত্রা জাতা

বিশারদাঃ। তেষাং মধ্যে কশ্চিদেকস্তস্য ভার্য্যা পতিব্রতা। তস্যাঃ কালে হি সঞ্জাতৌ দ্বৌ পুত্রৌ লক্ষণান্বিতৌ। একাং কন্যামসূতাসৌ সর্ব্বলক্ষণসংযুতাম্। অপ্রিয়া স্বামিনে জাতা সা রাজ্ঞী বনমাগতা। সা কদাচিদ্বনং গত্বা চারয়ন্তী গবাং গণম্। তত্র শার্দ্দূলবারাহবনমাহিষকুঞ্জরান্। দৃষ্ট্বা ভয়েন ব্যথিতা মূর্চ্ছিতা নিপপাত হ। উত্থায় চৈব বভ্রাম তৃষার্ত্তা বিপিনং মহৎ। চকোর-চক্র-কারণ্ড চঞ্চরীক-শতাকুলম্। উৎফুল্লপদ্ম-কহ্লার-কুমুদোৎপলমণ্ডিতম্। রাজপত্নী তদা পূর্ব্বং দদর্শ চ সরোবরম্। সমাসাদ্য সরস্তীরং পীত্বা জলমনুত্তমম্। শিবঞ্চোমামর্চ্চয়ন্তং দদর্শাপ্সরসাং গণম্। কিমেতদিতি পপ্রচ্ছ তা উচুর্যোষিতং প্রতি। শিবামুষ্টিব্রতমিদং ক্রিয়তেঽস্মাভিরুত্তমম্। সর্ব্বসম্পৎকরং স্ত্রীণাং তৎ কুরুষ্ব পতিব্রতে॥ রাজপত্ন্যুবাচ। বিধানং কীদৃশং ব্রূত কিং ফলঞ্চাস্য তন্মম। তা উচুর্যোষিতঃ সর্ব্বাঃ শ্রাবণে চেন্দুবাসরে। প্রারব্ধব্যং ব্রতমিদং শিবোঽর্চ্চ্যঃ পঞ্চ বৎসরান্। তচ্ছ্রুত্বা সাপি জগ্রাহ ব্রতং নিয়তমানসা। চতুর্ষু চেন্দুবারেষু ফলৈর্ধান্যৈঃ প্রপূজয়েৎ। ইন্দুবারে তু প্রথমে পূজয়েচ্চ শিবা-পতিম্। তণ্ডুলৈর্গোধূমতিলৈর্মুদ্গৈরন্যেষু পূজয়েৎ। ধান্যানাং সার্দ্ধমুষ্টিঞ্চ প্রমাণং বিদ্ধি ভামিনি। নারিকেলং মাতুলিঙ্গং রম্ভাং কর্কটিকাং তথা। চতুর্ষু সোমবারেষু ক্রমেণ তু সমর্পয়েৎ। শ্রদ্ধয়া বহুপুষ্পৈশ্চ গন্ধধূপৈশ্চ দীপকৈঃ। নানাপ্রকারৈর্নৈবেদ্যৈঃ পূজয়েদ্গিরিজাপতিম্। ভর্ত্রা সহ কথাং শ্রুত্বা ভক্তিযুক্তেন চেতসা। যং যং চিন্তয়তে কামং তং তং প্রাপ্নোতি ভামিনি। তাভ্যঃ প্রাপ্য ব্রতং রাজ্ঞী শিবমভ্যর্চ্চ্য ভক্তিতঃ। চক্রে ব্রতং তন্মাহাত্ম্যাৎ পত্যুঃ প্রিয়তরাভবৎ। তস্মাদ্ব্রতমিদং দেবি স্ত্রীভিঃ কর্ত্তব্য-মদ্ভুতম্। শ্রাবণে মাসি সোমেষু চতুর্ষু চ যথাবিধি॥ দেব্যুবাচ। উদ্যাপন-বিধিং ব্রূহি শিবামুষ্ট্যাঃ সুরেশ্বর। ভক্তিতঃ শ্রোতুমিচ্ছামি ব্রতসম্পূর্ণহেতবে॥ মহাদেব উবাচ। উদ্যাপনবিধিং বক্ষ্যে ব্রতরাজস্য শোভনে। যস্যানুষ্ঠান-মাত্রেণ সম্পূর্ণং হি ব্রতং ভবেৎ। পঞ্চমে বৎসরে প্রাপ্তে কুর্য্যাদুদ্যাপনং শিবে। প্রাতরুত্থায় সুস্নাতা সঙ্কল্প্য ব্রতমুত্তমম্। চতুঃস্তম্ভং চতুর্দ্বারং কদলীস্তম্ভমণ্ডিতম্। ঘণ্টিকাচামরযুতং পল্লবাদ্যুপশোভিতম্। চন্দনাগুরুকর্পূরৈর্লেপিতং মণ্ডপং শুভম্। মধ্যে বিতানং বধ্নীয়াৎ পঞ্চবর্ণৈরলঙ্কৃতম্। মধ্যে স্থাপয়েল্লিঙ্গং পূজয়েদ্গিরিজাপতিম্। রূপ্যেণ তণ্ডুলং কৃত্বা নারিকেলেন সংযুতম্। গোধূমতিল-মুদ্গাংশ্চ হাটকেন বিনির্ম্মিতান্। মাতুলিঙ্গ-রম্ভাফলকর্কটীসহিতান্ শুভে। এতৈর্ধান্যফলৈর্দেবি মন্ত্রেণানেন পূজয়েৎ। নমঃ শিবায় শান্তায় পঞ্চবক্ত্রায়

শূলিনে। নন্দিভৃঙ্গিমহাকালগুণযুক্তায় সম্ভবে। ব্রাহ্মণান্ ভোজয়েচ্ছক্ত্যা বস্ত্রালঙ্কারভূষণৈঃ। অন্যেভ্যো বিপ্রবর্য্যেভ্যো দক্ষিণাঞ্চ প্রযত্নতঃ। ভূয়সীং পরয়া ভক্ত্যা প্রদদ্যাৎ শিবতুষ্টয়ে। উদ্দিশ্য পার্ব্বতীশঞ্চ সর্ব্বং কুর্য্যাদতন্দ্রিতঃ। বন্ধুভিঃ সহ ভুঞ্জীত পতিপুত্রজনৈঃ সহ। এবং যা কুরুতে নারী ব্রতরাজং মনোহরম্। সৌভাগ্যমখিলং তস্যাঃ সপ্তজন্মস্বসংশয়ঃ। এতৎ তে কথিতং দেবি তবাগ্রে ব্রতমুত্তমম্। কোটিযজ্ঞকৃতং পুণ্যমস্যানুষ্ঠানমাত্রতঃ জায়তে নাত্র সন্দেহ ঋষিভিঃ পরিকীর্ত্তনাৎ। যে শৃণ্বন্তি স্ত্রিমাং ভক্ত্যা কথাং পাপহরাং শুভাম্। ব্রতজং প্রাপ্নুবন্তীহ তেঽপি পুণ্যং ন সংশয়ঃ ॥

ইতি ভবিষ্যপুরাণে গৌরীশঙ্করসংবাদে শিবামুষ্টিব্রত-কথা সমাপ্তা।

---

## শীতলাসপ্তমী-ব্রত।

শ্রাবণমাসের শুক্লা সপ্তমীতে এই ব্রত করিবে। উভয় দিন সপ্তমী থাকিলে যে দিন মধ্যাহ্নকাল পাইবে, সেই দিনে ব্রত করিবে। এই ব্রত স্ত্রীলোকের কর্ত্তব্য। ব্রতদিবসে ব্রাহ্মণ দ্বারা স্বস্তিবাচন করাইয়া "অদ্যেত্যাদি অবৈধব্যপুত্রপৌত্রধনধান্যাদিপ্রাপ্তিকামা শীতলাব্রতমহং করিষ্যে" এই বলিয়া সঙ্কল্পানন্তর সূক্ত পাঠ করাইয়া অষ্টদলপদ্মাঙ্কিত বেদীর উপরে অভগ্ন নূতন ঘট স্থাপন পূর্ব্বক তদুপরি সুবর্ণময়ী শীতলাপ্রতিমা রাখিয়া (অভাবে কেবল ঘটের উপরেও পূজা হইতে পারিবে) "বন্দেঽহং শীতলাং দেবীং রাসভস্থাং দিগম্বরাম্। মার্জ্জনীকলসোপেতাং শূর্পালঙ্কৃতমস্তকাম্।" বলিয়া ধ্যান করিবে। পরে "শীতলে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি বলিয়া আবাহন পূর্ব্বক "নমঃ শীতলায়ৈ নমঃ" বলিয়া ষোড়শোপচারে পূজা করিবে। অর্ঘ্যদানে বিশেষ মন্ত্র যথা—'শীতলে শীতলাকারে অবৈধব্যসুতপ্রদে। শ্রাবণস্যাসিতে পক্ষে অর্ঘ্যং গৃহ্ণ নমোঽস্তু তে।' নৈবেদ্যদানে বিশেষ মন্ত্র যথা—"শীতলে পঞ্চপক্বান্নদধ্যোদনযুতং শুভম্। নৈবেদ্যং গৃহ্যতাং দেবি ঘৃতমিশ্রং চ সুন্দরি ॥" পূজার পর প্রার্থনা-মন্ত্র যথা—"শীতলে দহ মে পাপং পুত্রপৌত্রসুখপ্রদে। ধনধান্যপ্রদে দেবি পূজাং গৃহ্ণ নমোঽস্তু তে।" তাহার পর সম্পূর্ণ ব্রতফল-প্রাপ্তির নিমিত্ত ব্রাহ্মণকে সভোজ্য দক্ষিণা দান করিবে, তাহার মন্ত্র যথা—"দধ্যন্নং দক্ষিণাযুক্তং বাণকং ফলসংযুতম্। শীতলাপ্রীতয়ে তুভ্যং ব্রাহ্মণায় দদাম্যহম্।" তাহার পর কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা। কৃষ্ণ উবাচ। প্রসিদ্ধং শ্রূয়তাং রম্যং নগরং হস্তিনাপুরম্। ইন্দ্রদ্যুম্নশ্চ রাজাভূম্ পতির্লোকপালকঃ। ধর্ম্মশীলাভিধা চাসীত্তস্য ভার্য্যা যশস্বিনী। ক্রিয়াকাণ্ডে রতা সাধ্বী দানশীলা প্রিয়ংবদা। বভূব প্রথমঃ পুত্রো মহাধর্ম্মেতি নামতঃ। নন্দতে পিতৃবাৎসল্যাৎ কালেঽস্মিংস্তুতো ভবেৎ। দ্বিতীয়া চ তথা পুত্রী তস্য জাতা গুণোত্তমা। পুত্রী লক্ষণসম্পন্না শুভকরীতি নামতঃ। ববৃধে সা পিতুর্গেহে সর্ব্বাঙ্গগুণসুন্দরী। নাম্না রূপেণ সা বালা সর্ব্বাসাঞ্চ গুণাধিকা সামুদ্রিকগুণোপেতা পদ্মহস্তা প্রিয়ংবদা। কৌণ্ডিন্যনগরে রাজা সুমিত্রো নাম নামতঃ। তৎপুত্রো গুণবান্নাম শুভকর্য্যাঃ পতির্বভৌ। বরো হি দেহমানেন লক্ষ্মীমান্ রূপবান্ গুণৈঃ। গুণবান্ শুভকারিণ্যাঃ পাণিং জগ্রাহ ধর্ম্মবিৎ। গৃহীত্বা পারিবর্হাণি গতোঽসৌ নগরং প্রতি। পুনঃ সমাযযৌ রাজা গুণবান্ হস্তিনাপুরম্। বৃতঃ পরিজনৈঃ সর্ব্বৈস্তৎপুত্র্যা নয়নোৎসুকঃ। তং দৃষ্ট্বা শুভকরী সা সহর্ষা জাতসম্ভ্রমা। প্রণম্য চ পিতুঃ পাদৌ তমূচে চারুহাসিনী। ময়া তাত পরিজ্ঞাতং যদুক্তং পদ্মযোনিনা। পাতিব্রত্যসমো ধর্ম্মো নাস্তীহ ভুবনত্রয়ে। তস্মাদাজ্ঞাং দেহি রাজন্ প্রহৃষ্টেনান্তরাত্মনা। রথমারুহ্য যাস্যামি স্বামিনা স্বপুরং প্রতি। তস্যাস্তদ্বচনং শ্রুত্বা পিতোবাচ সুতাং প্রতি। স্থিত্বৈকং বাসরং পুত্রি শীতলাব্রতমুত্তমম্। সৌভাগ্যারোগ্যজনকমবৈধব্যকরং পরম্। কৃত্বা যাহি মতং হ্যেতন্মাতুর্মম চৈব হি। ইত্যুক্ত্বা ব্রতসামগ্রীং পূজোপকরণং তথা। সম্পাদ্য রাজা তাং সদ্যঃ শীতলামর্চ্চিতুং নৃপঃ। প্রেষয়ামাস সরসি ব্রাহ্মণং বেদপারগম্। সপত্নীকং তয়া সার্দ্ধং গতা সা তদ্বনান্তরে। ভ্রমন্তী তৎসরস্তত্র নাপশ্যদ্বিধিসাধনম্। শ্রান্তা ভ্রমন্তী বিজনে স্মরন্তী শীতলাং মুহুঃ। দদর্শ সা ততো নারীং বৃদ্ধাং রূপগুণান্বিতাম্। প্রিয়স্তু স ভ্রমন্ শ্রান্তঃ সুপ্তো নিদ্রাবশং গতঃ। দষ্টোঽহিনা মৃতস্তস্য ভার্য্যা তন্নিকটে স্থিতা। শুভকরীং ততো বৃদ্ধা সোবাচ করুণার্দ্রধীঃ। ভবিষ্যতি চিরঞ্জীবী ভর্ত্তা তে রাজকন্যকে। আগচ্ছ পূজনার্থায় দর্শয়ামি সরোবরম্। তয়া সহ গতা সাধ্বী তড়াগং বিধিপূর্ব্বকম্। পূজয়ামাস হর্ষেণ তোষয়ামাস শীতলাম্। তস্যা বরং প্রাপ্য মুদা স্বমার্গং গন্তুমুদ্যতা। ততঃ সা দদৃশেঽরণ্যে ব্রাহ্মণং দষ্টসর্পকম্। ভার্য্যাস্তু তস্য নিকটে রুদতীং ব্রাহ্মণীং মুহুঃ। রাজপুত্রী লব্ধবরা শীতলায়াঃ পতিব্রতা। তয়োস্তরুণদম্পত্যোর্যোগ্যসৌভাগ্যদর্শনাৎ। রুদতীং করুণং সাপি শুশোচ চ মুহুর্ম্মুহুঃ। আশ্বাস্য ব্রাহ্মণী সা তু রাজপুত্রীমুবাচ হ। তিষ্ঠ তিষ্ঠ ক্ষণং সুভ্রু প্রবিশামি হুতাশনম্। অনেন

সহ গচ্ছামি স্বর্গলোকং সুখাবহম্। তস্যাস্তদ্বচ আকর্ণ্য রাজপুত্রী দয়ান্বিতা। সস্মার শীতলাং দেবীং মহাবৈধব্যভঞ্জনীম্। আগচ্ছচ্ছীতলা তত্র বরং দাতুং শুচিস্মিতা॥ শীতলোবাচ। বরং বরয় বৎসে ত্বং কিং দুঃখং চারুহাসিনি। শীতলাব্রতজং পুণ্যং দেহি ত্বং ব্রাহ্মণীং শুভাম্। তেন পুণ্যপ্রভাবেণ ভর্ত্তাস্যা নির্ব্বিষো ভবেৎ। ইতি দেব্যা বচঃ শ্রুত্বা অদদদ্ব্রাহ্মণীং ততঃ। বুবোধাশু ততো বিপ্রশ্চিরং সুপ্তো যথা পুনঃ। শীতলায়া ব্রতে বুদ্ধির্ব্রাহ্মণ্যাশ্চাভবত্তদা। অকরোৎ সাপি তৎপূজাং ভক্তিভাবপুরঃসরা। তত্রান্তরে রাজপুত্র্যাঃ পতিরাগাদ্বনান্তিকম্। সোঽপি দষ্টোঽথ সর্পেণ গচ্ছন্ত্যগ্রে দদর্শ তম্। বিললাপ ততঃ সাধ্বী সখ্যা সহ বনান্তরে॥ শীতলোবাচ। বৎসে ময়া পূর্ব্বমুক্তং স্মর তদ্বরবর্ণিনি। শীতলাব্রতচারিণ্যা বৈধব্যং নৈব জায়তে। স্বয়মুত্থায় কল্যাণি পতিং সুপ্তং গৃহে যথা। বোধয়াশু তথা ভীরু ব্রতং বৈধব্যনাশনম্। ইত্যুক্ত্বা বোধয়ামাস ভর্ত্তারং সা পতিব্রতা। ভর্ত্তাপি মুদিতো দৃষ্ট্বা স্বাং প্রিয়াং প্রীতিমানভূৎ। দৃষ্ট্বা তু মহদাশ্চর্য্যং তদ্গ্রামস্থায়িনো জনাঃ। সর্ব্বে তে বিস্ময়ং জগ্মুর্ব্রাহ্মণীপতিরক্ষণাৎ। ব্রাহ্মণী হর্ষিতা বৃদ্ধাং প্রণিপত্য পতিব্রতা। দেহি মাতর্নমস্তেঽস্তু অবৈধব্যাবিয়োগতে॥ অদ্যাপি শীতলায়াস্তু ব্রতং নারী করিষ্যতি। অবৈধব্যমদারিদ্র্যমবিয়োগং স্বভর্তৃতঃ। তথেত্যন্তর্দ্দধে দেবী শীতলা কামরূপিণী। শীতলায়া বরং লব্ধ্বা জগামাত্মীয়বেশ্মনি। পদ্মাকরাবাসি-সুবিশ্ববন্দ্যা সমর্হণাসাদিতবিশ্বমঙ্গলা। প্রসাদমাসাদ্য চ শীতলাং যা রাজ্ঞঃ সুতা পার্ব্বতিবদ্বভূব।

ইতি ভবিষ্যে শীতলাব্রতং সম্পূর্ণম্।

## তুলসী-ব্রত।

ভাদ্র মাসের বিশুদ্ধ কোন দিবসে, অথবা বিষ্ণুপদীসংক্রান্তিতে আরম্ভ করিয়া, চারি বৎসর উক্ত দিবসে ষোড়শোপচারে তুলসীর পূজা ও স্তব করিলে, দেবদেব জনার্দ্দন পরিতুষ্ট হন; এইরূপ নিয়মে কৃত তুলসীপূজা তুলসী-ব্রত নামে অভিহিত।

প্রথমে স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে। যথা—অ:গুত্যাদি ভাদ্রে মাসে অমুকে পক্ষে অমুকতিথৌ বিষ্ণুপদীসংক্রান্ত্যাম্ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী

ধন-ধান্য-ধর্ম্ম- বৃদ্ধি-সৌভাগ্য-সুখ-সন্তত্যকাল-মৃত্যু-নিবারণবিষ্ণুলোকগমনকামা অদ্যারভ্য বর্ষচতুষ্টয়ং যাবৎ গণপত্যাদি-দেবতাপূজাপূর্ব্বকতুলসীপূজা-প্রতিভাদ্রমাসীয়ত্রিংশত্তিথ্যধিকরণক-ঘৃতপ্রদীপ-দান- যথাশক্তিব্রাহ্মণসম্প্রদানক-ভোজ্যোৎসর্গতৎকথাশ্রবণরূপভবিষ্যপুরাণোক্ত-তুলসীব্রতমহং করিষ্যে। এইরূপ সঙ্কল্প করিয়া সূক্ত পাঠ, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি ( ১৫২-১৬৩ পৃঃ ) ও ঋষ্যাদিন্যাস করিয়া 'ওঁ ভূতাঃ প্রেতা' ইত্যাদি মন্ত্র পাঠ পূর্ব্বক শ্বেতসর্ষপ দ্বারা ভূতাপসারণের পর যথাশক্তি গণপত্যাদি দেবতার পূজা করিয়া তুলসীর ধ্যান করিবে; পরে আবাহন করিবে। মন্ত্র যথা—ওঁ আবাহয়াম্যহং দেবীং তুলসীং পাপনাশিনীম্। প্রসন্না সুমুখী ভূত্বা সান্নিধ্যমিহ কল্পয়॥ তুলসি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদি দ্বারা আবাহন করিয়া যথাশক্তি পূজা করিবে। পরে স্তুতিপাঠ করিবে। মন্ত্র যথা—নমামি তুলসীং দেবীং তাং বৈ পতিতপাবনীম্। বিষ্ণুরূপধরাং নিত্যং সর্ব্বদেবেষু পূজিতাম্॥ নমস্তে জগতাং মাতস্তুলসি সুখমোক্ষদে। ত্বৎপ্রসাদেন মে সর্ব্বং সিদ্ধিসৌভাগ্যবর্দ্ধনম্॥ এই স্তব করিয়া প্রণাম করিবে। সংক্রান্তি হইতে এক মাসকাল ঘৃতপ্রদীপ জ্বালাইবে, ব্রাহ্মণকে ভোজন করাইবে ও ভোজ্যদান করিবে।

ব্রত-কথা।—বৈশম্পায়ন উবাচ। বনবাসগতং পার্থং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্। শ্রুত্বা যাতো মুনিশ্রেষ্ঠো মার্কণ্ডেয়ো মহামতিঃ॥ তং পূজিতং তেন রাজ্ঞা কথাভির্মুনিপুঙ্গবম্। পপ্রচ্ছ দ্রৌপদী সাধ্বী বিস্ময়াপন্নমানসা॥ দ্রৌপদ্যুবাচ। ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ লক্ষ্ম্যাঃ সৌভাগ্যকারণম্। ত্বামহং প্রষ্টুমিচ্ছামি কথয়স্ব মহামুনে॥ কেন ব্রতেন তস্যাশ্চ পরিতুষ্টো জনার্দ্দনঃ। যদি জানাসি ধর্ম্মজ্ঞ কারণং কথয়স্ব মে॥ একোঽস্তি মম সন্দেহো মানসং পরিগৃহ্যতাম্। মহতাং সংশয়ো নাস্তি স্বেচ্ছয়া ত্বং কৃপান্বিতঃ॥ তন্মহ্যং কৃপয়াচক্ষ্ব কারণং চাস্য সম্ভবে॥ চিরজীবী ভবাংস্তু স্যাৎ ত্রিকালদর্শিসত্তমঃ॥ ইতি তদ্বচনং শ্রুত্বা মার্কণ্ডেয়ো মহামুনিঃ। প্রত্যুবাচ মহাপ্রাজ্ঞো দ্রৌপদীং তাং তপস্বিনীম্॥ মার্কণ্ডেয় উবাচ। সৌভাগ্যকারণং লক্ষ্ম্যা যস্মাত্ত্বং পরিপৃচ্ছসি। তদহং কথয়িষ্যামি শৃণুষ্ব সুসমাহিতা॥ তুলসীব্রতমাহাত্ম্যং শ্রুতং চৈবং ময়া পুরা। চকার তদ্ব্রতং সাধ্বী ত্রিষু লোকেষু দুর্লভম্॥ প্রভাবাত্তু ব্রতস্যাস্য পরিতুষ্টো জনার্দ্দনঃ। বক্ষসি প্রদদৌ স্থানং শ্রিয়ে পরময়া মুদা॥ দ্রৌপদ্যুবাচ। কীদৃশং তদ্ব্রতং কুত্র মাসি বা কুরুতে নরঃ। বিধানং কাদৃশং চাস্য মাহাত্ম্যং বদ চাদ্ভুতম্॥ তুলস্যাস্তু বিশেষেণ বদ সর্ব্বং মুনীশ্বর। সমর্থস্ত্বামৃতে নান্যস্তস্মাত্ত্বং বক্তুমর্হসি॥ মার্কণ্ডেয় উবাচ।

মাহাত্ম্যং তুলসীদেব্যাঃ শৃণু দ্রুপদপুত্রিকে। মদ্ভক্ত্যা সংশয়াস্তস্ত তব ভোগ্যা ভবিষ্যতি॥ তুলসীকাননং যত্র তত্র দেবো নিরঞ্জনঃ। তত্র সর্ব্বাণি তীর্থানি তত্র দেবা বসন্তি চ॥ তুলসীকাননং দৃষ্ট্বা প্রণমেদযস্তু মানুষঃ। সর্ব্বপাপ-বিনির্ম্মুক্তঃ স্বর্গলোকে স মোদতে॥ স্পর্শনাৎ স্মরণাদ্ধ্যানাৎ তথা তদ্ভক্ষণাদপি। নরো মুক্তিমবাপ্নোতি কিমন্যচ্ছ্রোতুমর্হসি॥ সমাসাত্তব মাহাত্ম্যং তুলস্যাঃ কথিতং ময়া। নিত্যং বর্ষশতেনাপি কর্ত্তুং শক্নোতি যো নরঃ॥ দ্রৌপদ্যুবাচ। মাহাত্ম্যং তুলসীদেব্যাঃ শ্রুতং কিঞ্চিন্মৃকণ্ডুজ। বিধানঞ্চ ব্রতস্যাস্য কৃপয়া কথয়স্ব মে॥ মার্কণ্ডেয় উবাচ। মাসি ভাদ্রপদে শুদ্ধে কালে রিক্তাদিবর্জ্জিতে। সংক্রান্ত্যাং বিষ্ণুপত্ন্যাঞ্চ শুচির্ভূত্বা যথাবিধি॥ গণেশাদীন্ সমভ্যর্চ্চ্য তুলসীং পূজয়েত্ততঃ। ঘৃতেন দীপং প্রজ্বাল্য সমুৎসৃজ্য চ তদ্দিনে। দদ্যাদ্ দিনেষু ত্রিংশৎসু ষড়শীত্যা সমাগতঃ॥ ব্রাহ্মণান্ ভোজয়েদ্ ভক্ত্যা ভোজ্যাংশ্চৈব প্রযত্নতঃ। পুষ্পচন্দনবাসোভিঃ সন্তোষ্য প্রীতয়ে দ্বিজান্॥ ইত্থং চতুর্ষু বর্ষেষু পূর্ণেষু সংক্রমেঽহনি। বস্ত্রশঙ্খাদিভির্দ্দেব্যাস্তুলস্যা ভূষণং চরেৎ। হোমং কুর্য্যাৎ প্রযত্নেন প্রতিষ্ঠাবিধিমাচরেৎ॥

ইতি ভবিষ্যপুরাণোক্ততুলসীব্রত-কথা সমাপ্তা।

## বামনদ্বাদশী-ব্রত।

ভাদ্র মাসের শুক্লা একাদশী তিথিতে উপবাসী থাকিয়া আচমন পূর্ব্বক স্বস্তিবাচনান্তে সঙ্কল্প করিবে। যথা—বিষ্ণুরোম্ তৎসদন্ত ভাদ্রে মাসি শুক্লে পক্ষে একাদশ্যান্তিথাবারভ্য অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামো বামনদ্বাদশীব্রতমহং করিষ্যে। পরে সূক্ত পাঠ করিয়া "ওঁ একাদশ্যাং নিরাহারঃ স্থিত্বা চৈবাপরেঽহনি। ভোক্ষ্যে শ্রীবামনানন্ত শরণাগতবৎসল॥" এই মন্ত্র পাঠ করিবে। পরে সমস্ত দিবারাত্র উপবাসী ও জাগরিত থাকিয়া পরদিন প্রাতঃকালে স্নানাদি নিত্যকর্ম্মকরণানন্তর উত্তরাস্য বা পূর্ব্বাস্য হইয়া আচমন পূর্ব্বক সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধি হইতে মাতৃকান্যাস পর্য্যন্ত কার্য্য করিয়া স্বর্ণপাত্র, রৌপ্যপাত্র, তাম্রপাত্র বা কাংস্যপাত্রের উপরে সুবর্ণময় বামনপ্রতিমা অভাবে শালগ্রামশিলা স্থাপন করিয়া তাহার পার্শ্বে ছত্র, পাদুকা, বেণুদণ্ড ও স্ফটিকমালা রাখিয়া দিবে। (অপ্রতিষ্ঠিত প্রতিমা হইলে প্রাণপ্রতিষ্ঠাদি করিয়া লইবে)। পরে পঞ্চোপচারে গণেশাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ ও ইন্দ্রাদি দশদিক্‌পালের পূজা করিয়া বামনের ধ্যান করিবে। (ধ্যানপ্রকরণ দেখ) ধ্যানান্তে মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন পূর্ব্বক আবার ধ্যান করিবে। পরে 'ওঁ বামনায় নমঃ' বলিয়া ষোড়শোপচারে পূজা করিবে, নারিকেলফলযুক্ত জলে অর্ঘ্য দিবে; তাহার বিশেষ মন্ত্র যথা—"ওঁ বামনায় নমস্তভ্যং ক্রান্তত্রিভুবনায় চ। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং বামনায় নমোঽস্তু তে॥" অনন্তর আদিতে 'ওঁ' পরে 'নমঃ' যোগ করিয়া যথাশক্তি পঞ্চোপচার বা গন্ধপুষ্প দ্বারা 'মৎস্যায়, কূর্ম্মায়, বরাহায়, নৃসিংহায়, বামনায়, রামায়, রামায় (পরশুরামায়), কৃষ্ণায়, বুদ্ধায়, কল্কিনে, পাদদ্বয়ে বামনায়, কটিদেশে দামোদরায়, উরুদ্বয়ে কামদেবায়, উদরে বিশ্বধারিণে, হৃদয়ে যোগনাথায়, কণ্ঠে শ্রীপতয়ে, মুখে পঙ্কজাক্ষায় এবং মস্তকে সর্ব্বাত্মনে নমঃ' বলিয়া পূজা করিবে। পরে 'আয়ুধেভ্যো নমঃ' বলিয়া অস্ত্রসমূহের পূজা করিবে। অনন্তর আচার্য্যকে গো, মহী ও কাঞ্চনাদি দান করিবে। তাহার বিশেষ মন্ত্র যথা,—"ওঁ বামনো বুদ্ধিদো দাতা দ্রব্যস্থো বামনঃ স্বয়ম্। বামনশ্চ প্রতিগ্রাহী তেন মে বামনে রতিঃ। বামনঃ প্রতিগৃহ্লাতি বামনোঽপি দদাতি চ। বামনস্তারকো দ্বাভ্যাং তেনেদং বামনে নমঃ॥" পরে সাধারণ পূজাবৎ জপসমর্পণাদি করিয়া কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—সদাশিব উবাচ। প্রহ্লাদস্য সুতো জজ্ঞে বিরোচন ইতীরিতঃ। তস্য পুত্রো মহাবাহুর্ব্বলির্বৈশ্বানরঃ প্রভুঃ। স তু ধর্ম্মবিদাং শ্রেষ্ঠঃ সত্যশংসী জিতেন্দ্রিয়ঃ। হরেঃ প্রিয়তমো ভক্তো নিত্যং ধর্ম্মরতঃ শুচিঃ। স জিত্বা সকলান্ দেবান্ সেন্দ্রাংশ্চ সমরুদ্গণান্। ত্রিলোকান্ স্ববশে স্থাপ্য রাজ্যং চক্রে মহাবলঃ। ইন্দ্রাদিত্রিদশাস্তস্য কিঙ্করাঃ সমুপস্থিতাঃ। ভ্রষ্টরাজ্যং সুরপতিং দৃষ্টা তস্য পিতাদ্দিতঃ। কশ্যপো ভার্য্যয়া সার্দ্ধং তপস্তেপে হরিং প্রতি। অদিত্যা সহ ধর্ম্মাত্মা পয়োব্রতসমন্বিতঃ। অর্চ্চয়ামাস দেবেশং পদ্মনাভং জনার্দ্দনম্। ততো বর্ষসহস্রাণি তেন সম্পূজিতো হরিঃ। তত্রৈবাবিরভূত্তস্য দেব্যা সহ সনাতনঃ। তং দৃষ্টা জগতামীশং হর্ষনির্ভরচেতসা। পত্ন্যা সহ নমস্কৃত্য তুষ্টাব চ দ্বিজোত্তমঃ॥ কশ্যপ উবাচ। নমো নমস্তে লক্ষ্মীশ সর্ব্বজ্ঞ জগদীশ্বর। সর্ব্বাত্মন্ সর্ব্বদেবেশ সৃষ্টিসংহারকারক॥ ইত্যাদিস্তুতিভিঃ সম্যক্ স্তূয়মানো মহর্ষিণা। প্রাহ গম্ভীরয়া বাচা পরিতুষ্টো জনার্দ্দনঃ। সন্তুষ্টোঽস্মি দ্বিজশ্রেষ্ঠ ত্বয়া ভক্ত্যা সমর্চ্চিতঃ। বরং বৃণীষ ভদ্রং তে করোমি তব বাঞ্ছিতম্। ততঃ প্রাহ হৃষীকেশং ভার্য্যয়া সহ কশ্যপঃ। পুত্রস্ত্বং মম দেবেশ সম্প্রাপ্য ত্রিদশাং হিতম্। কুরুধ্বং বলিনা দেব ত্রৈলোক্যং নির্জ্জিতং বলাৎ। ইন্দ্রস্যা-বরজো ভূত্বা উপেন্দ্র ইতি নামতঃ। যেন কেনাত্মমার্গেণ বলিং নির্জ্জিত্য মায়য়া। ত্রৈলোক্যং মম পুত্রায় দেহি শক্রায় শাশ্বতম্। শ্রীশিব উবাচ। ইত্যুক্তস্তেন বিপ্রেণ তথেত্যাহ জনার্দ্দনঃ। সংস্তূয়মানস্ত্রিদশৈস্তত্রৈবান্তরধীয়ত। এতস্মিন্নন্তরে কালে কশ্যপস্য মহাত্মনঃ। অদিত্যা গর্ভমাপেদে ভগবান্ ভূতভাবনঃ॥ অথ বর্ষসহস্রান্তে সর্ব্বলোকমহেশ্বরম্। অদিতির্জ্জনয়ামাস বামনং বিষ্ণুমচ্যুতম্। শ্রীবৎসকৌস্তভোরস্কং পূর্ণেন্দুসদৃশদ্যুতিম্। সুন্দরং পুণ্ডরীকাক্ষমতিখর্ব্বতরং হরিম্। বটুবেশধরং দেবং সর্ব্ববেদান্তগোচরম্। মেখলাজিনদণ্ডাদিচিহ্নৈনাঙ্কিতমীশ্বরম্। তং দৃষ্টা দেবতাঃ সর্ব্বাঃ শতক্রতু-পুরোগমাঃ। স্তুত্বা মহর্ষিভিঃ সার্দ্ধং নমশ্চক্রুর্মহৌজসঃ। ততঃ প্রসন্নো ভগবান্ প্রোবাচ সুরসত্তমান্। কিং কর্ত্তব্যং ময়া বাচ্য তদব্রবীত সুরোত্তমাঃ। ততঃ প্রহৃষ্টাস্ত্রিদশাস্তমূচুঃ পরমেশ্বরম্। অস্মিন্ কালে বলের্যজ্ঞঃ বর্ত্ততে মধুসূদন। প্রথমং দানকালোঽয়ং তস্য দৈত্যপতেঃ প্রভো। যাচিত্বা ত্রিদিবং লোকং ততস্তং দাতুমর্হসি। ইত্যুক্তস্ত্রিদশৈঃ সর্ব্বৈরাজগাম বলিং হরিঃ। যাগদেশে সমাসীনমৃষিভিঃ সার্দ্ধমক্ষরৈঃ। অভ্যাগতং বটুং দৃষ্টা সহসোত্থায় দৈত্যরাট্। অভ্যাগতং স্বয়ং বিষ্ণুং মহাহর্ষসমন্বিতঃ। পূজয়ামাস বিধিনা নিবেশ্য

কুসুমাসনে। প্রণিপত্য নমস্কৃত্য প্রাহ গদ্গদয়া গিরা। ধন্যোঽস্মি কৃতকৃত্যোঽস্মি সফলং জীবিতং মম। ত্বামর্চ্চয়িত্বা বিপ্রেন্দ্রং কিং করোমি তব প্রিয়ম্। আগতোঽসি যদর্থং ত্বং মামুদ্দিশ্য দ্বিজোত্তম। তং প্রযচ্ছামি শীঘ্রং মে ব্রূহি বেদবিদাংবর। ততঃ প্রহৃষ্টমনসা তমুবাচ মহীপতিম্। শৃণু রাজেন্দ্র বক্ষ্যামি সমাগমনকারণম্। অগ্নিকুণ্ডস্য পৃথিবীং দেহি দৈত্যপতে মম। মম ত্রিবিক্রমং পাদং মহীং সন্দাতুমর্হসি। সর্ব্বেষামেব দানানাং ভূমিদানমনুত্তমম্। যো দদাতি মহীং রাজন্ বিপ্রায়াকিঞ্চনায় বৈ। অঙ্গুষ্ঠমাত্রমথবা স ভবেৎ পৃথিবীপতিঃ। ন ভূমিদানসদৃশং পবিত্রমিহ বিদ্যতে। তস্মাদ্ভূমিং মহীপাল প্রযচ্ছ ত্রৈপদং মম। এতদন্নমহীং দাতুং মা বিশঙ্ক মহীপতে। জগত্রয়প্রদানস্তৎ মম ভূপ ভবিষ্যতি। ততঃ প্রহৃষ্টবদনং তথেত্যাহ মহীপতিঃ। তস্মৈ মহীপ্রদানন্তু কর্ত্তুং মেনে বিধানতঃ। তং দৃষ্ট্বা দৈত্যরাজানং তদা তস্য পুরোহিতঃ। উশনা চাব্রবীদ্বাক্যং মা রাজন্ দীয়তাং মহী। এষ বিষ্ণুঃ পরেশো যো দেবৈঃ সম্প্রার্থিতো নৃপ। বঞ্চয়িত্বা মহীং সর্ব্বাং ততঃ প্রাপ্তুমিহাগতঃ। তস্মান্মহী ন দাতব্যা তস্মৈ রাজন্ মহাত্মনে। অন্যমর্থং প্রযচ্ছ ত্বং বচনান্মম ভূপতে। ততঃ প্রহস্য রাজাসৌ তং গুরুং প্রাহ ধৈর্য্যতঃ। প্রীতয়ে বাসুদেবস্য পুণ্যং সর্ব্বং কৃতং ময়া। অদ্য ধন্যোঽস্ম্যহং বিষ্ণুঃ স্বয়মেবাগতো যদি। তস্যার্পয়ামি রাজ্যং হি জীবিতঞ্চ মহন্মম। তস্মাদস্মৈ প্রযচ্ছামি ত্রীন্ লোকানপি মা চিরম্। ইত্যুক্ত্বা ভূপতিস্তস্য পাদৌ প্রক্ষাল্য ভক্তিতঃ। বাঞ্ছিতাং প্রদদৌ ভূমিং বারিপূর্ব্বং বিধানতঃ। পরিণীয় নমস্কৃত্য দত্ত্বা বৈ দক্ষিণাং বসু। উবাচ তং বটুং বিপ্রং প্রহর্ষেণান্তরাত্মনা। ধন্যোঽস্ম্যনুগৃহীতোঽস্মি তব দত্ত্বা মহীং দ্বিজ। যথেষ্টং তব বিপ্রেন্দ্র তদ্গৃহাণ মহীমিমাম্। পঞ্চাশৎ-কোটিবিস্তীর্ণাং সকাননমহীধরাম্। সসাগরাঞ্চ সদ্বীপাং সদেবাসুরমানুষাম্। পাদেনৈকেন পুরুষো বিক্রম্য মধুসূদনঃ। উবাচ তং দৈত্যরাজং কিং করোমীতি শাশ্বতম্। তত্র ত্রৈবিক্রমং রূপমীশ্বরস্য মহৌজসম্। সম্মাতুমপি দেবানামৃষীণাঞ্চ মহাত্মনাম্। ন বক্তুমপি শক্যং স্যাৎ ব্রহ্মণঃ শঙ্করস্য চ। তৎপদং পৃথিবীং সর্ব্বামাক্রম্য গিরিজে শুভে। অতিরিক্তং সমভবৎ শতযোজনমায়তম্। দিব্যং চক্ষুর্দদৌ তস্মৈ দৈত্যরাজে সনাতনঃ। তস্মৈ সন্দর্শয়ামাস স্বকং রূপং জনার্দ্দনঃ। তদ্বিশ্বরূপং দেবস্য দৃষ্ট্বা দৈত্যেশ্বরো বলিঃ। প্রহর্ষমতুলং লেভে সানন্দাশ্রুপরিপ্লুতঃ॥ দৃষ্ট্বা দেবং নমস্কৃত্য স্তুত্বা স্তুতিভিরেব চ। প্রাহ গদ্গদয়া বাচা প্রহর্ষেণান্তরাত্মনা। ধন্যোঽস্মি কৃতকৃত্যোঽস্মি ত্বাং দৃষ্ট্বা পরমেশ্বরম্। লোকত্রয়ং মমৈবৈতদ্গৃহাণ

মধুসূদন। অথ সর্ব্বেশ্বরো বিষ্ণুর্দ্বিতীয়ং পদমব্যয়ম্। উর্দ্ধে প্রসারয়ামাস ব্রহ্মলোকান্তমচ্যুতঃ। সনক্ষত্রগ্রহোপেতং সর্ব্বদেবসমাবৃতম্। পাদেনাপরিপূর্ণোঽভূদচ্যুতঃ স শুভাননে। ততঃ পিতামহো দৃষ্ট্বা চক্রপদ্মাদিচিহ্নিতম্। শ্রীপাদং দেবদেবস্য হর্ষসম্ভ্রমচেতসা। ধন্যোঽস্মীতি বদন্ ব্রহ্মা গৃহীত্বা স্বং কমণ্ডলুম্। ভক্ত্যা প্রক্ষালয়ামাস তত্র সংস্থিতবারিণা। অক্ষয্যমভবত্তোয়ং তস্য বিষ্ণোঃ প্রভাবতঃ। তত্তীর্থং মেরুশিখরে প্রাপ তদ্বিমলং জলম্। জগতঃ পাবনার্থায় চতুর্দ্দিক্ষু প্রবাহিতম্। সীতা চালকনন্দা চ বঙ্ক্ষুর্ভবা যথাক্রমাৎ। প্রসঙ্গাদিদমাখ্যাতং গঙ্গাজন্ম হ্যনুত্তমম্। ততো নারায়ণঃ শ্রীমান্ বলের্দ্দৈত্যপতেঃ প্রভুঃ। রসাতলং শুভং লোকং প্রদদৌ ভক্তবৎসলঃ। সর্ব্বেষাং দানবানাঞ্চ নাগানাং যাদসাং পতেঃ। রাজানঞ্চ বলিঞ্চক্রে যাবদাভূতসংপ্লবম্। প্রতিগৃহ্য বলের্লোকান্ বটুবেশেন দৈত্যহা। মহেন্দ্রায় দদৌ প্রীত্যা কাশ্যপির্বিষ্ণুরব্যয়ঃ। ততো দেবাঃ সগন্ধর্ব্বা ঋষয়শ্চ মহৌজসঃ। তুষ্টুবুঃ স্তুতিভির্দ্দিব্যৈঃ পূজয়ামাসুরচ্যুতম্। সংক্ষিপ্য তন্মহদ্রূপং তেষাং সন্দর্শনায় বৈ। সম্পূজ্যমানস্ত্রিদশৈরন্তর্দ্ধানং যযৌ হরিঃ॥

ইতি পাদ্মোত্তরখণ্ডে বামনদ্বাদশী-ব্রতকথা সম্পূর্ণা।

## জী(জি)তাষ্টমী-ব্রত।

ভবিষ্যোত্তরে—ইষে মাস্যসিতে পক্ষে চাষ্টমী যা তিথির্ভবেৎ। পুত্রসৌভাগ্যদা স্ত্রীণাং খ্যাতা সা জীবপুত্রিকা॥ শালিবাহনরাজস্য পুত্রো জীমূতবাহনঃ। তস্যাং পূজ্যঃ স নারীভিঃ পুত্রসৌভাগ্যলিপ্সয়া॥ প্রদোষসময়ে স্ত্রীভিঃ পূজ্যো জীমূতবাহনঃ। পুষ্করিণীং বিধায়াথ প্রাঙ্গণে চতুরস্রিকাম্॥ পূর্ব্বেদ্যুরপরেদ্যুর্ব্বা প্রদোষে যত্র চাষ্টমী। তত্র পূজ্যঃ সদা স্ত্রীভী রাজা জীমূতবাহনঃ॥

গৌণচান্দ্র আশ্বিনের কৃষ্ণপক্ষীয় অষ্টমীতে জী-ত অর্থাৎ জীমূতবাহনের পূজা করিতে হয়। এই ব্রত পুত্র ও সৌভাগ্যকামনায় রমণীগণের কর্ত্তব্য। প্রদোষকালে প্রাঙ্গণে চতুষ্কোণ এক পুষ্করিণী নির্ম্মাণ পূর্ব্বক জীমূতবাহনের পূজা করিবে এবং তদ্দিনে অন্নাহার করিবে না। যে রমণীগণ আশ্বিনের কৃষ্ণা অষ্টমীতে অন্ন ভোজন করে, তাহারা মৃতবৎসা এবং বিধবা হয়।

## কাত্যায়নী-ব্রত।

তত্র প্রমাণম্—হেমন্তে প্রথমে মাসি নন্দব্রজকুমারিকাঃ।

চেরুর্হবিষ্যং ভুঞ্জানাঃ কাত্যায়ন্যর্চ্চনব্রতম্॥

হেমন্তকালের প্রথম মাসে (অর্থাৎ অগ্রহায়ণ মাসে) প্রত্যহ প্রাতঃকালে নিত্যকার্য্য সমাপনান্তে কাত্যায়নীকে পূজা করিবে। পূর্ব্বদিবস হবিষ্যাশী ও সংযত থাকিবে। প্রয়োগ যথা—প্রথম স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে। যথা—বিষ্ণুর্নমোঽদ্য মার্গশীর্ষে মাসি বৃশ্চিকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথাবারভ্য বৃশ্চিকস্থরবিং যাবৎ প্রত্যহং অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী মনোঽভীষ্টসিদ্ধিকামা দুর্গাপ্রীতিকামা বা গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক-কাত্যায়নীদুর্গাপূজাকর্ম্মাহং করিষ্যে। পরে সূক্ত পাঠ করিয়া পুরোহিতকে কার্য্যভার দিবে, পরে পুরোহিত সামান্যার্ঘ্য স্থাপন করিবে। অনন্তর ভূতদিগকে মাষভক্ত-বলি দিবে।—ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্ণন্তু ময়া দত্তো বলিরেষ প্রসাধিতঃ॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ। পরে সিদ্ধার্থক (শ্বেতসর্ষপ) গ্রহণ করিয়া—ওঁ অপসর্পন্তু তে সর্ব্বে যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥ বিনায়কা বিঘ্নকরা মহোগ্রা, যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ। সিদ্ধার্থকৈর্বজ্র-সমানকল্পৈর্ময়া নিরস্তা বিদিশঃ প্রয়ান্তু॥ এই বলিয়া চতুর্দ্দিকে সিদ্ধার্থক ছড়াইয়া দিবে। এইরূপে ভূতাপসারণ পূর্ব্বক আসনশুদ্ধ্যাদি মাতৃকান্যাসান্ত কর্ম্ম করিয়া প্রাণায়াম ও পীঠন্যাস করিবে। আধারশক্ত্যাদি ন্যাসান্তে পীঠন্যাসে বিশেষ যথা—আং প্রভায়ৈ নমঃ, ঈং মায়ায়ৈ নমঃ, ঊং জয়ায়ৈ নমঃ, এং সূক্ষ্মায়ৈ নমঃ, ঐং বিশুদ্ধায়ৈ নমঃ, ওং নন্দিন্যৈ নমঃ, ঔং সুপ্রভায়ৈ নমঃ, অং বিজয়ায়ৈ নমঃ, অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ নমঃ। মধ্যে ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ। ঋষ্যাদিন্যাস—শিরসি ওঁ নারদঋষয়ে নমঃ, মুখে ওঁ গায়ত্রী-চ্ছন্দসে নমঃ, হৃদি ওঁ দুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ। পরে করন্যাস করিবে।—হ্রাং ওঁ হ্রীং দুং দুর্গায়ৈ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। হ্রীং ওঁ হ্রীং দুং দুর্গায়ৈ তর্জ্জনীভ্যাং স্বাহা। হ্রূং ওঁ হ্রীং দুং দুর্গায়ৈ মধ্যমাভ্যাং বষট্। হ্রৈং ওঁ হ্রীং দুং দুর্গায়ৈ অনামিকাভ্যাং হুং। হ্রৌং ওঁ হ্রীং দুং দুর্গায়ৈ কনিষ্ঠাভ্যাং বৌষট্। হ্রঃ ওঁ হ্রীং দুং দুর্গায়ৈ করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্। উক্ত মন্ত্রেই অঙ্গন্যাস হইবে। পরে ঘটস্থাপন করিয়া (৪১৯ পৃঃ) আবাহন পূর্ব্বক গণেশাদিদেবতা, নবগ্রহ ও

দিক্‌পালদিগকে পঞ্চোপচারে পূজা করিয়া ধ্যান করিবে। যথা—ওঁ সিংহস্থা শশিশেখরা মরকতপ্রেক্ষা চতুর্ভির্ভুজৈঃ, শঙ্খং চক্রধনুঃশরাংশ্চ দধতী নেত্রৈস্ত্রিভিঃ শোভিতা। আমুক্তাঙ্গদহারকঙ্কণরণৎকাঞ্চীকণন্নূপুরা, দুর্গা দুর্গতিহারিণী অবতু বো রত্নোল্লসৎকুণ্ডলা॥ এইরূপ ধ্যান করিয়া বিশেষার্ঘ্যস্থাপন ও মানসোপচারে পূজা পূর্ব্বক পীঠপূজা করিবে। পরে পুনর্ব্বার ধ্যান করিয়া আবাহনাদি মুদ্রা দেখাইয়া যথাশক্তি উপচার দ্বারা ভক্তি সহকারে পূজা করিবে। প্রথমে মূলমন্ত্র উচ্চারণ ও পরে দ্রব্যাদির উল্লেখ করিয়া ওঁ কাত্যায়ন্যৈ দুর্গায়ৈ নমঃ বলিয়া পূজা করিবে। এক মাসকাল প্রত্যহ পূজা করা কর্ত্তব্য। পাদ্যং নমঃ, অর্ঘ্যং স্বাহা, আচমনীয়ং স্বধা, মধুপর্কঃ স্বধা, স্নানীয়ং নিবেদয়ামি, বসনাদিগন্ধপর্য্যন্তং নমঃ বলিয়া দিবে। রক্তবস্ত্রং, রক্তচন্দনং নমঃ। রক্তপুষ্প ও জবাপুষ্প এই সকল বৌষট্ বলিয়া এবং বিল্বপত্রং নমঃ বলিয়া দিবে। পঞ্চপুষ্পাঞ্জলি যথা—মুখ, হৃদয়, গুহ্য, পাদ ও সর্ব্বাঙ্গ এই সকল অঙ্গে মূলমন্ত্র পাঠ করিয়া অঞ্জলি দিবে। পরে ধূপ-দীপ 'নমঃ' বলিয়া দিবে এবং পুষ্পাঞ্জলিত্রয় 'বৌষট্' ও নৈবেদ্য 'নিবেদয়ামি' বলিয়া দিবে। আচমনীয়ং স্বধা। তাম্বূল ও পানীয় 'নমঃ' বলিয়া দিবে। পরে যথাশক্তি জপ করিয়া তাহা সমর্পণ ও স্তবপাঠ করিবে। অনন্তর আবরণদেবতাপূজা যথা—জং জয়ায়ৈ, বিং বিজয়ায়ৈ, কীং কীর্ত্ত্যৈ, প্রীং প্রীত্যৈ, প্রং প্রভায়ৈ, শ্রং শ্রদ্ধায়ৈ, শ্রুং শ্রুত্যৈ, ওঁ শঙ্খায় চক্রায় গদায়ৈ খড়্গায় পাশায় অঙ্কুশায় চাপায় শরায়। পরে ইন্দ্রাদি লোকপাল ও বজ্রাদি অস্ত্রগণকে পূজা করিবে। তৎপরে বিবিধ অন্নদান করিয়া ধূপাদি দ্বারা বাসিত করিবে। তদনন্তর নীরাজন করিবে। দীপমালা, তৎপরে শঙ্খজল, বস্ত্র, পরে পত্রপুষ্প, দর্পণ ও অষ্টাঙ্গ প্রণাম। আরাত্রিকের বিশেষ যথা—প্রথম পাদতলে চারিবার, মধ্যদেশে দুইবার, মুখপদ্মে তিনবার ও সর্ব্বাঙ্গে সাতবার আরাত্রিক করিবে। অষ্টাঙ্গপ্রণাম যথা—অগ্রে বক্ষঃস্থল পৃথিবীতে স্পর্শ করাইবে। পরে মস্তক, তৎপরে দৃষ্টি, বাক্য, মনঃ, পাদদ্বয়, করদ্বয় ও হাঁটুদ্বয়। এই সকল দ্বারা নমস্কার করিবে। মাস শেষ হইলে দক্ষিণাবাক্য, তৎপরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যশান্তি করিবে। অথবা 'কাত্যায়ন্যা প্রবক্ষ্যামি রূপং দশভুজস্তথা' ইত্যাদিবচনানুসারে জটাজূটসমাযুক্তামিত্যাদি ধ্যান করিবে। পরে উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, চণ্ডা, চণ্ডবতী, চণ্ডরূপা ও অতিচণ্ডিকাকে পঞ্চোপচারে পূজা করিবে।

ইতি কাত্যায়নী ব্রত।

## সুরূপাদ্বাদশী-ব্রত। *

পৌষ মাসের কৃষ্ণা দ্বাদশীতে সমস্ত দিন সংযত ও উপবাসী থাকিয়া রাত্রিকালে বিষ্ণুর পূজা করিবে। প্রয়োগ যথা—স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে,—বিষ্ণুর্নমোঽস্ত পৌষে মাসি কৃষ্ণে পক্ষে দ্বাদশ্যাং তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী সুরূপকামা বিষ্ণুপূজাসতিল-গোময়-করণকাষ্টোত্তর-শতহোমরূপ-দ্বাদশীব্রতমহং করিষ্যে, বলিয়া সঙ্কল্পানন্তর ব্রাহ্মণ দ্বারা সূক্তপাঠানন্তর আসন-শুদ্ধ্যাদি করিয়া ষোড়শোপচারে বিষ্ণুর পূজা করিবে। শক্ত হইলে রৌপ্যময় অথবা স্বর্ণময় প্রতিমা নির্ম্মাণ করিয়া তিলপাত্রোপরি স্থাপিত ঘটোপরি সেই প্রতিমা রাখিয়া বিষ্ণুর পূজা করিবে। তিলযুক্ত করিয়া নৈবেদ্য দিবে। অর্ঘ্যদানে বিশেষ মন্ত্র যথা,—"নমঃ পরমশান্তায় বিরূপাক্ষ নমোঽস্তু তে। সর্ব্বকল্মষনাশায় গৃহাণার্ঘ্যং নমোঽস্তু তে।" পূজান্তে বহ্নিস্থাপন করিয়া হোম করিবে। শ্বেতবর্ণা গাভীর গোময় ভূতলে পতিত না হইতে হইতে গ্রহণ করিয়া তিলযুক্ত সেই শুষ্ক গোময়ের অষ্টোত্তরশত আহুতি প্রদান করিবে। তাহার পর দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও ক্ষমা প্রার্থনা করিয়া প্রতিমা ও ঘট ব্রাহ্মণকে দান করিবে এবং কথা শ্রবণ করিয়া যথাশক্তি ব্রাহ্মণভোজন করাইয়া জাগরিত থাকিয়া রাত্রিযাপন করিবে।

ব্রত কথা।—উমোবাচ। ভগবন্ প্রষ্টুমিচ্ছামি প্রসাদং কুরু মে প্রভো। কথিতব্যং প্রসাদেন যদ্যস্তি ময়ি সৌহৃদম্॥ ব্রতেন কেন চীর্ণেন বিরূপত্বং প্রণশ্যতি। সৌভাগ্যমতুলঞ্চৈব প্রাপ্যতে কস্য পূজনাৎ। তন্মে কথয় দেবেশ পরমাভীষ্টদায়কম্॥ ঈশ্বর উবাচ। শ্রূয়তাং পরমং গুহ্যং ব্রতং পাপহরং শুভম্। সুরূপা দ্বাদশী নাম মহাপাতকনাশিনী॥ সুরূপদায়িনী চৈব তথা সৌভাগ্য-বর্দ্ধিনী। কুলবৃদ্ধিকরী চৈব সর্ব্বসৌখ্যপ্রদায়িনী॥ তাং শৃণুষ প্রযত্নেন কথ্যমানাং ময়ানঘে॥ পুরা বৈ দ্বাপরস্যান্তে বিষ্ণুর্দৈত্যনিসূদনঃ। অবতীর্ণো মর্ত্ত্যলোকে বসুদেবকুলে কিল॥ তেনোঢ়া রুক্মিণী নাম ভীষ্মকস্য সুতা পুরা। অত্যন্ত-রূপসুভগা পতিব্রতপরায়ণা॥ ন হি তস্যা বিনা কৃষ্ণঃ স্তোকমুহ্যতে সুখম্। শ্বশ্রূশ্বশুরয়োশ্চাপি পাদবন্দনতৎপরা॥ কেনাপি কর্ম্মদোষেণ কুপিতাং কৃষ্ণমাতরম্। ন প্রসাদয়তি ক্ষিপ্রমিতি জ্ঞাত্বা তু দেবকী॥ কৃষ্ণং প্রোবাচ

* এই ব্রত গুজরাট দেশে প্রসিদ্ধ। তথাকার রমণীরা এই ব্রত অতি ভক্তি সহকারে করিয়া থাকেন।

কুপিতা যদি তে জননী হ্যহম্। ততস্ত্বয়া হি বৈবাহ্যা কুরূপা নির্গুণাধিকা। মদ্বাক্যমন্যথা কর্ত্তুং নার্হসি ত্বং কুলোদ্বহ॥ কৃষ্ণ উবাচ। অপাপাং রুক্মিণীং ত্যক্তুমুৎসহেহহং কথং শুভাম্। যঃ পরিত্যজতে ভার্য্যামবিরূপশরীরিণীম্। স প্রাপ্নোতি হি মন্দত্বং দৌর্ভাগ্যং সাপ্তপৌরুষম্॥ বিরূপত্বমবাপ্নোতি ন সুখং বিন্দতে ক্বচিৎ। ব্যাধির্ব্বা জায়তে লোকে নিন্দনীয়ঃ স দেহিনাম্। ইত্যহং দেবি জানামি কথং কুর্য্যাং বচস্তব॥ দেবক্যুবাচ। সর্ব্বেষামেব দেবানাং তীর্থাদীনামপি ধ্রুবম্। মাতা গুরুতরা পুত্র কস্তস্যা বচনং ত্যজেৎ॥ মম বাক্যস্য করণাৎ কথং পাপিষ্ঠতা ভবেৎ। জননী পূজ্যতে লোকে ন ভার্য্যা যদুনন্দন॥ কৃষ্ণ উবাচ। পরিত্যজামি নো ভীরুং প্রিয়াং প্রাণধনেশ্বরীম্। ইতি তূষ্ণীং পরং ভূতাং মাতরং প্রেক্ষ্য কেশবঃ। চিন্তামবাপ পরমাং কথং সৌখ্যং ভবেদিতি॥ এতস্মিন্নেব কালে তু নারদো ভগবানৃষিঃ। অভ্যুজ্জগাম সহসা বিষ্ণুং সম্প্রেক্ষ্য বিস্মিতম্॥ পূজিতঃ পরয়া ভক্ত্যা অর্ঘ্যং জগ্রাহ নারদঃ। উপবিষ্টো যথান্যায়ং পর্য্যপৃচ্ছদনাময়ম্॥ নারদ উবাচ। কিং ত্বং খেদং করোষীত্থং কিমুদ্বেগস্য কারণম্। কিং ন সিধ্যতি তেঽভীষ্টং ত্যজোদ্বেগং যদূত্তম॥ কৃষ্ণ উবাচ। মাত্রা নিযুক্তো দেবর্ষে পরিণেতুং দ্বিজোত্তম। কন্যামুদ্বাহয়িষ্যামি কুরূপাং কস্যচিৎ প্রভো। যথা মাতুর্নিয়োগোঽত্র কৃতো ভবতি সৎকৃতিঃ॥ নারদ উবাচ। শ্রূয়তামভিধাস্যামি পূর্ব্ববৃত্তান্তমাদরাৎ। লক্ষ্মীযুক্তঃ পুরা নাথ ক্রীড়মানো হি নন্দনে॥ তত্রাগমৎ স ভগবান্ দুর্ব্বাসা ঋষিসত্তমঃ। অভ্যুত্থানাদিবিধিনা সৎকৃতং জ্ঞানমূর্ত্তিনা॥ প্রেক্ষ্য বীভৎসরূপস্তং দেব্যা হাস্যং কৃতং তদা। স কোপেন মহাতেজা বৈশ্বানরসমপ্রভঃ। শশাপ লক্ষ্মীং দুর্ব্বাসা মুনিঃ ক্রোধেন সংযুতঃ॥ হসিতোঽহং ত্বয়া মুগ্ধে আত্মনো রূপমীক্ষ্য চ। বিরূপা ভব দুর্ব্বৃত্তে কিং ন জ্ঞাতো হ্যহং ত্বয়া॥ ইত্যুক্তয়া তয়া দেব্যা যথাশক্ত্যা প্রসাদিতঃ। প্রসন্নো জগদে বাক্যং মচ্ছাপো নান্যথা ভবেৎ। জন্মান্তরেণাস্য ফলং ভবিষ্যতি বিরূপতা॥ সেয়ং মর্ত্ত্যেঽবতীর্ণা হি গোপকন্যা গৃহে শুভা। সত্যভামা বিরূপাক্ষী বিরূপদশনা তথা॥ কর্ণনাসাতিবিকৃতা সঞ্জাতা তৎপ্রভাবতঃ। পাণিপাদকটিগ্রীবং সর্ব্বং বৈরূপ্যলক্ষণম্। তত্র গচ্ছ মহাপ্রাজ্ঞ স তে কন্যাং প্রদাস্যতি॥ কৃষ্ণ উবাচ। বিরূপবদনাং ব্রহ্মন্ কথং দ্রক্ষ্যামি নিত্যশঃ। কাং নির্ব্বৃতিং গমিষ্যামি তাং বিবাহ্য কুরূপিণীম্॥ নারদ উবাচ। তস্যা এব প্রসাদেন রুক্মিণ্যা যদুনন্দন। উত্তমং প্রাপ্স্যস্যদ্রূপং সৌভাগ্যং পরমং সুখম্। মাতা হি তাবন্মান্যা হি ধর্ম্মকামার্থমিচ্ছতা। এবং

ভবিষ্যতি তব সম্বন্ধো বিহিতঃ সুরৈঃ। ত্বয়া চ নান্যথা কার্য্যং গুরূণাং বচনং মহৎ। মাতা গুরুতরা ভূমেরিতি বেদেষু গীয়তে॥ ঈশ্বর উবাচ। এবমুক্ত্বা মহাদেবি নারদস্ত্রিদিবং গতঃ। কৃষ্ণোঽপি মাতরং প্রাহ বৈবাহ্যং হি বিধীয়তাম্। বিবাহিতা চ সা তেন বেদোক্তবিধিনা ততঃ। আনীয় স্বগৃহং মাতুর্দ্দর্শয়ামাস তাং বধূম্। পশ্চাচ্চৈব ময়া ভামা পরিণীতা শুচিব্রতা। নির্ব্বৃতিং পরমাং গচ্ছ প্রসাদসুমুখী ভব। ইত্যুক্ত্বা বীক্ষ্য তাং কৃষ্ণঃ প্রণিপত্য চ মাতরম্। জগাম দেবকার্য্যাণাং করণায় মহাবলঃ। তাং দৃষ্ট্বা দেবমাতা চ বভৌ দুঃখান্বিতা ভৃশম্॥ ঈদৃগ্ বিরূপাং বিকৃতাং কথং কর্ত্তাস্মি গোপনম্। চিন্তামবাপ মহতীমতীবোদ্বিগ্নমানসা॥ কস্যাপি নাচচক্ষে সা বৈরূপ্যং তচ্ছরীরজম্। কস্মিংশ্চিদথ কালে তু রুক্মিণী তত্র ভাবতঃ॥ নমস্কৃত্য ততঃ শ্বশ্রূং সংস্পৃশ্য চরণৌ তদা। উবাচ প্রস্তুতং বাক্যং ভক্তিযুক্তং শুভাবহম্॥ অম্বাহং দ্রষ্টুমিচ্ছামি সপত্নীং কৃষ্ণবল্লভাম্। মম দর্শয়তাং শীঘ্রং প্রসাদঃ সুবিধীয়তাম্॥ দেবক্যুবাচ। শ্বশ্রূর্হ্যহন্তে সুভগে মমাপি বচনং কুরু। পূর্ব্বমাচরিতং সুভ্রু সুরূপাদ্বাদশীব্রতম্॥ সম্প্রযচ্ছসি চেত্তস্যৈ দর্শনস্তে ভবিষ্যতি॥ রুক্মিণ্যুবাচ। কষ্টেন ক্রিয়তে ধর্ম্মো ব্রতঞ্চাপি সুদুষ্করম্। কথং তস্যৈ প্রযচ্ছামি ফলং দেবৈঃ সুদুর্লভম্॥ দেবক্যুবাচ। অর্দ্ধং প্রদীয়তামস্যৈ তদর্দ্ধমথবা পুনঃ। পঞ্চমাংশোঽথবা ষষ্ঠঃ ষোড়শাংশোঽথবা ত্বয়া॥ রুক্মিণ্যুবাচ। সুরূপাদ্বাদশীপুণ্যাং তিলার্দ্ধমপি নোৎসহে। কিং পুনঃ ষোড়শাংশং তু সপত্ন্যৈ দুষ্টচেতসে॥ এবমুক্ত্বা জগামাশু মন্দিরং স্বং শুভেক্ষণা। পুনঃ পপ্রচ্ছ কৃষ্ণং সা প্রণিপাতেন বৈ রুষা॥ দেব পৃচ্ছামি তে সর্ব্বং ননু তুষ্টোঽসি মে প্রভো। কথং পশ্যামি তামদ্য নবোঢ়াং কৃষ্ণবল্লভাম্॥ শ্রীকৃষ্ণ উবাচ। দর্শয়িষ্যে হ্যহং সুভ্রূর্ব্বিরূপাং তাং সুমধ্যমে। বিরূপশ্রবণাক্ষীং তাং কুরূপাং বিকৃতাননাম্॥ অদৃষ্টবৈচিত্র্যকৃতং রূপান্তত্র ন সংশয়ঃ। ইত্যুক্ত্বা রুক্মিণীং কৃষ্ণঃ সত্যভামাং তদাব্রবীৎ॥ প্রার্থয়াথ প্রিয়ং সুভ্রু সুরূপাদ্বাদশীব্রতম্। তিলাদপি হি ষষ্ঠাংশং দেহি মে সেবিকাস্ম্যহম্॥ ঈশ্বর উবাচ। সা গতা তৎসকাশং তু পিধায় দ্বারমাদরাৎ। উবাচ রুক্মিণীং সা তু সত্যভামা শুচিব্রতা॥ একামপ্যাহুতিং দেবি দেহি ভীষ্মকনন্দিনি। অর্দ্ধাহুতিং বা মে দেহি যদ্যস্তি ময়ি সৌহৃদম্॥ রুক্মিণ্যুবাচ। কোঽয়ং মতিভ্রমস্তে বৈ সুরূপাদ্বাদশীব্রতে। তিলাহুতিং প্রযচ্ছামি উদ্ঘাটয় কপাটকম্। ইত্যুক্ত্বা ত্বরিতং স্নাত্বা দদৌ হ্যেকাং তিলাহুতিম্॥ তস্যাঞ্চৈব প্রদত্তায়াং রূপেণ সাধিকাভবৎ। তাং দৃষ্ট্বা বিস্ময়াপন্না

পপ্রচ্ছ দয়িতা হরেঃ। কথ্যতাং মম কা হি ত্বং কিমর্থমিহ চাগতা॥ সত্যভামোবাচ॥ তবাহং ভগিনী ভদ্রে কৃষ্ণেনোঢ়াস্মি ধর্ম্মতঃ। সত্যভামেতি মে নাম নমামি চরণৌ তব॥ ইতি শ্রুত্বা তু বচনং বিস্ময়োৎফুল্ললোচনা। নোবাচ কিঞ্চিচ্চার্ব্বঙ্গী হৃত্যর্থং বিস্মিতাভবৎ॥ এতস্মিন্নেব কালে তু বাগুবাচাশরীরিণী। তব দানপ্রভাবেণ সত্যাসীচ্ছ সুরূপিণী॥ সুরূপাদ্বাদশীপুণ্যং দেবানামপি দুর্লভম্॥ উমোবাচ। বিধিনা কেন কর্ত্তব্যা কিমাচারা বদস্ব মে। নিয়মং হোমদানঞ্চ প্রসাদঃ সংবিধীয়তাম্॥ ঈশ্বর উবাচ। পৌষমাসে তু সম্প্রাপ্তে পুণ্যঋক্ষং যদা ভবেৎ। তস্য রাত্রৌ সংযতাত্মা ধ্যাত্বা বিষ্ণুং সনাতনম্॥ শ্বেতা গৌরেকবর্ণা বা তস্যা গ্রাহ্যং তু গোময়ম্। অন্তরীক্ষাত্তু পতিতং শুচির্মৌনমবস্থিতঃ। তস্য কৃত্বাহুতীনাস্তু শতমষ্টোত্তরং তিলৈঃ॥ প্রতীক্ষেদ্দ্বাদশীং কৃষ্ণামুপবাসপরায়ণঃ। স্নাত্বা নদ্যাং তড়াগে বা বিষ্ণুমেবাথ চিন্তয়েৎ॥ সৌবর্ণন্তু হরিং কৃত্বা রৌপ্যং বাপি স্বশক্তিতঃ। তিলপাত্রোপরি স্থাপ্য কুম্ভে বিষ্ণুং প্রপূজয়েৎ॥ ইতি সম্পূজ্য বিধিবৎ পুষ্পধূপৈঃ সুদীপকৈঃ। নৈবেদ্যং সতিলং দদ্যাৎ ফলানি বিবিধানি চ॥ নমঃ পরমশান্তায় বিরূপাক্ষ নমোঽস্তু তে। সর্ব্বকল্মষনাশায় গৃহাণার্ঘ্যং নমোঽস্তু তে॥ এবং সম্পূজ্য দেবেশং কুর্য্যাদ্ধোমং সমাহিতঃ। উদ্দিশ্য দেবং লক্ষ্মীশং হোময়েদ্গোময়াহুতীঃ॥ শতমষ্টাধিকঞ্চৈব তিলান্ ব্যাহৃতিসংযুতান্। সহস্রশীর্ষামন্ত্রেণ হৃদি ধ্যাত্বা জনার্দ্দনম্॥ লক্ষ্মীযুক্তঞ্চ মেঘাভং শঙ্খচক্রগদাধরম্। হোমান্তে কারয়েচ্ছ্রাদ্ধং বৈষ্ণবং দ্বিজসত্তমৈঃ॥ দত্ত্বা চ ভোজনং তেভ্যঃ কৃত্বা চৈব প্রদক্ষিণম্। কথাশ্রবণসংযুক্তং জাগৃয়াত্তু ততো নিশি॥ তং কুম্ভং বৈষ্ণবীং মূর্ত্তিং বিপ্রায় প্রতিপাদয়েৎ। মন্ত্রহীনং ক্রিয়াহীনং সর্ব্বং তত্র ক্ষমাপয়েৎ॥ ঈশ্বর উবাচ। এবং যঃ কুরুতে দেবি সুরূপাদ্বাদশীব্রতম্। নরো বা যদি বা নারী তত্র পুণ্যং শৃণুষ্ব মে॥ দৌর্ভাগ্যং তস্য নশ্যেত অপি জন্মান্তরার্জ্জিতম্। অপি ধূমস্ত সম্পর্কো জায়তে কারণান্তরাৎ॥ তস্যাপি ন ভবেৎ দুঃখং বৈরূপ্যং জন্মজন্মনি। পতিনা ন বিয়োগঃ স্যাদ্রৈষ্টৈঃ সহ বিয়োগিতা॥ জায়তে গোত্রবৃদ্ধিশ্চ কীর্ত্তিমান্ জায়তে ভুবি। জাতিস্মরণমাপ্নোতি পদং নির্ব্বাণমাপ্নুয়াৎ॥ পঠ্যমানমিদং ভক্ত্যা যঃ শৃণোতি সমাহিতঃ। পুণ্যমাপ্নোতি সততং স্বর্গলোকে মহীয়তে॥

ইতি শ্রীভবিষ্যোত্তরপুরাণে সুরূপাদ্বাদশীব্রতকথা সমাপ্তা।

## পুণ্যক-ব্রত।

পূর্ব্বদিবস উপবাসী থাকিয়া পরদিবস স্নানান্তে ধৌতবসন পরিধান পূর্ব্বক পবিত্র আসনে উপবেশন করিয়া আচমনান্তে তিলক ধারণ করিবে। পরে নিত্যকর্ম্ম সমাধার পর স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে। যথা— "বিষ্ণুর্নমোঽস্ত মাঘে মাসি শুক্লে পক্ষে ত্রয়োদশ্যাং তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বা দাসী স্বামিসৌভাগ্য-শ্রীকৃষ্ণতুল্যপুত্রকামা বৎসরং যাবৎ প্রত্যহং তত্তৎফলকামনয়া তত্তদ্দ্রব্যদানপূর্ব্বক শ্রীকৃষ্ণপূজনরূপপুণ্যকব্রতমহং করিষ্যে" এই বলিয়া সঙ্কল্পান্তে ব্রাহ্মণ দ্বারা সূক্ত পাঠ করাইয়া পুরোহিতবরণ করিবে। পরে পুরোহিত সামান্যার্ঘ্য, আসনশুদ্ধ্যাদি অন্তে ষোড়শোপচারে শ্রীকৃষ্ণকে পূজা করিবে। পূজার পর "বিষ্ণবে নমঃ" বলিয়া শ্রীকৃষ্ণকে অষ্টোত্তরশত পারিজাত, "হরয়ে নমঃ" বলিয়া লক্ষ শ্বেত চম্পকপুষ্প এবং "কৃষ্ণায় নমঃ" বলিয়া লক্ষ নীলোৎপল প্রদান করিবে। "কেশবায় নমঃ" বলিয়া লক্ষ শ্বেতচামর প্রদান করিবে, "নারায়ণায় নমঃ" বলিয়া অমূল্য রত্ন-নির্ম্মিত সহস্র দর্পণ দান করিবে। এইরূপে "গোপিকেশায় নমঃ" বলিয়া সহস্র রত্নময় পাশাভরণ, "রাধেশ্বরায় নমঃ" বলিয়া লক্ষ বন্ধূকপুষ্প; "গোলোক-নাথায় নমঃ" বলিয়া লক্ষ মুক্তা; "নদীশ্বরায় নমঃ" বলিয়া লক্ষ রত্নময় গেণ্ডুক (ঘুটি), "ব্রহ্মেশ্বরায় নমঃ" বলিয়া লক্ষ রত্নপাশক; "সর্ব্বেশ্বরায় নমঃ" বলিয়া লক্ষ কর্ণভূষণ; "বিশ্বেশ্বরায় নমঃ" বলিয়া লক্ষ মধুকলস; "কৃষ্ণায় নমঃ" বলিয়া সুধাপূর্ণ সহস্র রত্নময় কলস; "গোপবেশ-বিধারিণে নমঃ" বলিয়া লক্ষ রত্নপ্রদীপ; "কিশোরবেশায় নমঃ" বলিয়া ধুস্তূরকুসুমাকৃতি সহস্র রত্নপাত্র; "গোরক্ষকায় নমঃ" বলিয়া সহস্র উৎকৃষ্ট রত্নময় পদ্মনাল; "গোপাঙ্গনেশায় নমঃ" বলিয়া লক্ষ রত্নপদ্ম; "দেবেশ্বরায় নমঃ" বলিয়া লক্ষ রত্নাঙ্গুরীয়ক; "মুনীন্দ্রনাথায় নমঃ" বলিয়া লক্ষ শ্বেতবর্ণ উৎকৃষ্ট মণি; "মদনমোহায় নমঃ" বলিয়া লক্ষ উৎকৃষ্ট রত্নময় হার; "সিদ্ধেন্দ্রনাথায় নমঃ" বলিয়া লক্ষ সুপক্ক শ্রীফল; "পদ্মালয়েশায় নমঃ" বলিয়া লক্ষ বর্ত্তুলাকৃতি রত্নময় পাত্র; "পদ্মনাভায় নমঃ" বলিয়া সহস্র রত্নময় নাড়ির অলঙ্কার; "চক্রপাণয়ে নমঃ" বলিয়া উৎকৃষ্ট রত্নময় সহস্র রথচক্র; "শ্রীনিবাসায় নমঃ" বলিয়া সুবর্ণ-রত্নময় লক্ষ কুম্ভ; "পদ্মনেত্রায় নমঃ" বলিয়া লক্ষ স্থলপদ্ম ও জলপদ্ম; "লক্ষ্মীশ্বরায় নমঃ" বলিয়া সহস্র সুবর্ণময় খঞ্জনপক্ষী; "নারায়ণায় নমঃ" বলিয়া সহস্র রাজহংস, সহস্র গজেন্দ্র ও লক্ষ

রত্নচিত্রিত সুবর্ণ-ছত্র ; "বৃন্দাবনেশায় নমঃ" বলিয়া লক্ষ মালতীপুষ্প এবং নারায়ণায় নমঃ" বলিয়া লক্ষ মহামূল্য রত্ন দান করিবে। পরে বৎসর পূর্ণ হইলে "মুনীন্দ্রনাথায় নমঃ" বলিয়া শুদ্ধস্ফটিকতুল্য লক্ষ উৎকৃষ্ট মণি প্রদান করিবে। "কৃষ্ণায় নমঃ" বলিয়া লক্ষ উৎকৃষ্ট মাণিক্য, উৎকৃষ্ট প্রবাল ও সহস্র উৎকৃষ্ট মণি দান করিবে। "হরয়ে নমঃ" বলিয়া কুষ্মাণ্ড, নারিকেল, জম্বীর ও শ্রীফল প্রভৃতি ফল দান করিবে। ব্রতকালে নানাবিধ বাদ্য করিবে। পায়স ও ঘৃতশর্করাযুক্ত পিষ্টক প্রভৃতি মিষ্টান্ন দান করিবে ; লক্ষ সুগন্ধি পুষ্পের মালা প্রদান করিবে।

এই ব্রতে যে সকল দ্রব্যদানের বিধান আছে, প্রত্যহই যে সে সকল দ্রব্য দিতে হইবে এবং দিতেই হইবে, এরূপ নিয়ম নাই। কিন্তু উক্তরূপ করিলে ফলাধিক্য জানিবে। এই সকল দ্রব্যদানে বিশেষ ফলের কথা শাস্ত্রে উল্লিখিত আছে। গ্রন্থবাহুল্য ভয়ে তাহার উল্লেখ করা হইল না।

মহাদেব পার্ব্বতীকে এই ব্রত করিতে বলেন।

এই ব্রতের ফলে হরিভক্তি, হরিতুল্য জগদ্বিখ্যাত পুত্রলাভ, স্বামি-সৌভাগ্য, অনুপম সৌন্দর্য্য, বিপুল ঐশ্বর্য্য, এক কথায় সকল অভীষ্টসিদ্ধি হইয়া থাকে।

ব্রত-কথা—মহাদেব উবাচ। হরেরারাধনং কৃত্বা ব্রতং কুরু বরাননে। ব্রতঞ্চ পুণ্যকং নাম বর্ষমেকং করিষ্যসি ॥ দেবি শুদ্ধে চ কালে বৈ পরং নিয়ম-পূর্ব্বকম্। মাঘশুক্লত্রয়োদশ্যাং ব্রতারম্ভঃ শুভঃ প্রিয়ে ॥ গাত্রং সুনির্ম্মলং কৃত্বা শিরঃসংস্কারপূর্ব্বকম্। উপোষ্য পূর্ব্বদিবসে বস্ত্রং প্রক্ষাল্য যত্নতঃ ॥ ধৌতে চ বাসসী ধৃত্বা উপবিশ্যাসনে শুচৌ। আচম্য তিলকং কৃত্বা নির্বাপ্য চাহ্নিকং পুরঃ ॥ ঘটস্থারোপণং কৃত্বা স্বস্তিবাচনপূর্ব্বকম্। পুরোহিতস্য বরণং পুরঃ কৃত্বা প্রযত্নতঃ॥ সঙ্কল্প্য বেদবিহিতং ব্রতমেতৎ সমাচরেৎ। ব্রতে দ্রব্যাণি নিত্যানি চোপহারাণি ষোড়শ ॥ দেয়ানি নিত্যং দেবেশি কৃষ্ণায় পরমাত্মনে। আসনং স্বাগতং পাদ্যমর্ঘ্যমাচমনীয়কম্ ॥ মধুপর্কশ্চ স্নানীয়ং বস্ত্রাণ্যাভরণানি চ। সুগন্ধি পুষ্পধূপশ্চ দীপনৈবেদ্যবাদনম্ ॥ যজ্ঞসূত্রঞ্চ তাম্বূলং কর্পূরাদিসুবাসিতম্। দ্রব্যাণ্যেতানি পূজায়াশ্চাঙ্গরূপাণ সুন্দরি ॥ দেবি কিঞ্চিদ্বিহীনেনৈবাঙ্গহানিঃ প্রজায়তে। অঙ্গহীনঞ্চ যৎ কর্ম্ম চাঙ্গহীনো যথা নরঃ ॥ অঙ্গহীনে চ কার্য্যে চ ফলহানিঃ প্রজায়তে। অষ্টোত্তরশতং পুষ্পং পারিজাতস্য বিষ্ণবে ॥ দেয়ং প্রতিদিনং দুর্গে স্বাত্মনো রূপহেতবে। শ্বেতচম্পকপুষ্পাণাং লক্ষমক্ষতমীপ্সিতম্ ॥

প্রদেয়ং হরয়ে ভক্ত্যা বহুসৌন্দর্য্যহেতবে। নীলোৎপলানাং লক্ষঞ্চ দেয়ং কৃষ্ণায় ভক্তিতঃ॥ ব্রতাঙ্গভূতং দেবেশি চক্রিণে রূপহেতবে। হিমালয়োদ্ভবং লক্ষং রুচিরং শ্বেতচামরম্॥ প্রদেয়ং কেশবায়ৈব কেশসৌন্দর্য্যহেতবে। অমূল্যরত্নরচিতং দর্পণানাং সহস্রকম্॥ দেয়ং নারায়ণায়ৈব নাভিসৌন্দর্য্যহেতবে। অমূল্যরত্নরচিতং পুটকানাং সহস্রকম্॥ প্রদেয়ং গোপিকেশায় নাসিকারূপহেতবে। বন্ধূকং পুষ্পলক্ষঞ্চ দেয়ং রাধেশ্বরায় চ॥ স্বস্তোষ্ঠাধরয়োশ্চৈব বহুসৌন্দর্য্যহেতবে। মুক্তাফলানাং লক্ষঞ্চ দন্তসৌন্দর্য্যহেতবে॥ দেয়ং গোলোকনাথায় শৈলজে ভক্তিপূর্ব্বকম্। রত্নগেণ্ডুকলক্ষঞ্চ গণ্ডসৌন্দর্য্যহেতবে॥ মদীশ্বরায় দাতব্যং ব্রতে শৈলেন্দ্রকন্যকে। রত্নপাশকলক্ষঞ্চ দেয়ং ব্রহ্মেশ্বরায় চ॥ ওষ্ঠাধঃ স্থলরূপায় প্রাণেশি ভক্তিতো ব্রতে। কর্ণভূষণলক্ষঞ্চ রত্নসারবিনির্ম্মিতম্॥ দেয়ং সর্ব্বেশ্বরায় বৈ কর্ণসৌন্দর্য্যহেতবে॥ মাধ্বীককলসানাঞ্চ লক্ষং রত্নবিনির্ম্মিতম্। দেয়ং বিশ্বেশ্বরায়ৈব স্বরসৌন্দর্য্যহেতবে॥ সুধাপূর্ণঞ্চ কুম্ভানাং সহস্ররত্ননির্ম্মিতম্। দেয়ং কৃষ্ণায় দেবেশি বাক্যসৌন্দর্য্যহেতবে॥ রত্নপ্রদীপলক্ষঞ্চ গোপবেশবিধায়িনে। দেয়ং কিশোরবেশায় দৃষ্টিসৌন্দর্য্যহেতবে॥ ধুস্তুরকুসুমাকারং রত্নপাত্রং সহস্রকম্। দেয়ং গোরক্ষকায়ৈব গলসৌন্দর্য্যহেতবে॥ সদ্রত্নসাররচিতং পদ্মনালসহস্রকম্। দেয়ং তত্ত্ব কপালায় বাহুসৌন্দর্য্যহেতবে॥ লক্ষঞ্চ রক্তপদ্মানাং কক্ষসৌন্দর্য্যহেতবে। দেয়ং গোপাঙ্গনেশায় নারায়ণি হরিব্রতে॥ অঙ্গুরীয়কলক্ষঞ্চ রত্নসারবিনির্ম্মিতম্। অঙ্গুলীনাঞ্চ রূপার্থং দেয়ং দেবেশ্বরায় চ॥ মণীন্দ্রসারলক্ষঞ্চ শ্বেতবর্ণমনোহরম্। দেয়ং মুনীন্দ্রনাথায় নখসৌন্দর্য্যহেতবে। সদ্রত্নসারহারাণাং লক্ষঞ্চাতিমনোহরম্। দেয়ং মদনমোহায় বক্ষঃসৌন্দর্য্যহেতবে॥ সুপক্কশ্রীফলানাঞ্চ লক্ষঞ্চ সুমনোহরম। দেয়ং সিদ্ধেন্দ্রনাথায় স্তনসৌন্দর্য্যহেতবে। সদ্রত্নবর্ত্তুলাকারং লক্ষপাত্রং মনোহরম্। দেয়ং পদ্মালয়েশায় দেহস্বরূপহেতবে॥ সদ্রত্নসাররচিতং নাভীনালসহস্রকম্। প্রদেয়ং পদ্মনাভায় নাভিসৌন্দর্য্যহেতবে॥ সদ্রত্নসাররচিতং রথচক্রসহস্রকম্। নিতম্বসৌন্দর্য্যার্থঞ্চ প্রদেয়ং চক্রপাণিনে। সুবর্ণরত্নকুম্ভানাং লক্ষঞ্চ সুমনোহরম্। প্রদেয়ং শ্রীনিবাসায় শ্রোণিসৌন্দর্য্যহেতবে॥ শতপত্রস্থলাব্জানাং লক্ষমম্লানমক্ষতম্। প্রদেয়ং পদ্মনেত্রায় পাদসৌন্দর্য্যহেতবে॥ সুবর্ণরচিতানাঞ্চ খঞ্জনানাং সহস্রকম্। পতিসৌন্দর্য্যহেত্বর্থং দেয়ং লক্ষ্মীশ্বরায় চ॥ রাজহংসসহস্রঞ্চ গজেন্দ্রাণাং সহস্রকম্। সুবর্ণচ্ছত্রলক্ষঞ্চ দেয়ং নারায়ণায় চ। বিচিত্রং রত্নসারেণ মূর্দ্ধে সৌন্দর্য্যহেতবে। মালতীনাঞ্চ কুসুমমক্ষতং লক্ষমীশ্বরি॥ দেয়ং বৃন্দাবনেশায়

হাস্তসৌন্দর্য্যহেতবে। অমূল্যরত্নলক্ষঞ্চ দেয়ং নারায়ণায় বৈ॥ সুব্রতে ব্রতপূর্ণার্থং শীলসৌন্দর্য্যহেতবে। শুদ্ধস্ফটিকসঙ্কাশং মণীন্দ্রসারলক্ষকম্॥ দেয়ং মুনীন্দ্রনাথায় মনঃসৌন্দর্য্যহেতবে॥ প্রবালসারসঙ্কাশং মণিসারসহস্রকম্। দেয়ং কৃষ্ণায় ভক্ত্যা চ প্রিয়ানুরাগবৃদ্ধয়ে॥ মাণিক্যসারলক্ষঞ্চ দেয়ং কৃষ্ণায় যত্নতঃ। জন্মনঃ কোটি-পর্য্যন্তং স্বামিসৌভাগ্যহেতবে। কুষ্মাণ্ডনারিকেলঞ্চ জম্বীরং শ্রীফলং তথা। ফলান্যেতানি দেয়ানি হরয়ে পুত্রহেতবে। রত্নেন্দ্রসারলক্ষঞ্চ দেয়ং কৃষ্ণায় যত্নতঃ॥ অসংখ্যজন্মপর্য্যন্তং স্বাত্মনো ধনবৃদ্ধয়ে॥ বাদ্যং নানাপ্রকারঞ্চ কাংস্য-তালাদিকং পরম্। ব্রতে সম্পত্তিবৃদ্ধ্যর্থং শ্রীহরিং শ্রাবয়েদ্‌ব্রতী॥ পায়সং পিষ্টকং সর্পিঃশর্করাক্তমনোহরম্। প্রদেয়ং হরয়ে ভক্ত্যা স্বাত্মনো ভোগবৃদ্ধয়ে॥ সুগন্ধিপুষ্পমাল্যানাং লক্ষমক্ষতমীপ্সিতম্। প্রদেয়ং হরয়ে ভক্ত্যা হরিভক্তি-বিবৃদ্ধয়ে॥ নৈবেদ্যানি প্রদেয়ানি স্বাদূনি মধুরাণি চ। শ্রীকৃষ্ণপ্রীতিপ্রাপ্ত্যর্থং দুর্গে নানাবিধানি চ॥ নানাবিধানি পুষ্পাণি তুলসীসংযুতানি চ। শ্রীকৃষ্ণপ্রীতয়ে ভক্ত্যা ব্রতে দেয়ানি সুব্রতে॥ ব্রাহ্মণানাং সহস্রঞ্চ প্রত্যহং ভোজয়েদ্‌ব্রতী। স্বাত্মনঃ শস্যবৃদ্ধ্যর্থং ব্রতে জন্মনি জন্মনি॥ পুষ্পাঞ্জলিশতং দেয়ং নিত্যপূর্ণঞ্চ পূজনে। প্রণামশতকং দেবি কর্ত্তব্যং ভক্তিবৃদ্ধয়ে॥ ষণ্মাসাংশ্চ হবিষ্যান্নং মাসান্ পঞ্চ ফলাদিকম্। হবিঃ পক্ষং জলং পক্ষং ব্রতে পক্ষে চ সুব্রতে॥ রত্নপ্রদীপ-শতকং বহ্নিং দদ্যাদ্দিবানিশম্। রাত্রৌ হুতাশনং কৃত্বা নিত্যং জাগরণং ব্রতে॥ স্মরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গুহ্যভাষণম্। সঙ্কল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়ানিষ্পত্তি-রেব চ॥ মৈথুনং বিবিধং ত্যাজ্যং ব্রতে ক্রীড়াবিবৃদ্ধয়ে। জ্ঞানবৃদ্ধির্জাগরণে সুবুদ্ধির্মিতভোজনে॥ লোভ-মোহ-কাম-ক্রোধ-ভয়-শোকবিবাদকম্। কলহঞ্চ পরিত্যাজ্যং ব্রতে বন্ধুবিবৃদ্ধয়ে। সম্পূর্ণে চ ব্রতে দেবি প্রতিষ্ঠা তদনন্তরম্। ত্রিশতঞ্চ ষষ্ট্যধিকং ডল্লকং বস্ত্রসংযুতম্। সভোজ্যং সোপবীতঞ্চ সোপহারং মনোহরম্॥ ত্রিশতঞ্চ ষষ্ট্যধিকং সহস্রং বিপ্রভোজনম্। ত্রিশতঞ্চ ষষ্ট্যধিকং সহস্রতিলহোমকম্॥ ত্রিশতঞ্চ ষষ্ট্যধিকং সহস্রং স্বর্ণমেব চ। দেয়া ব্রতসমাপ্তৌ চ দক্ষিণা বিধিবোধিতা॥ অন্যাং সমাপ্তিদিবসে কথয়িষ্যামি দক্ষিণাম্॥ এতদ্‌ব্রতফলং দেবি দৃঢ়া ভক্তির্হরৌ ভবেৎ। হরিতুল্যো ভবেৎ পুত্রো বিখ্যাতো ভুবনত্রয়ে॥ সৌন্দর্য্যং স্বামিসৌভাগ্যমৈশ্বর্য্যং বিপুলং ধনম্। সর্ব্ববাঞ্ছিতসিদ্ধিশ্চ নৃণাং জন্মনি জন্মনি॥ ইত্যেবং কথিতং দেবি ব্রতং কুরু মহেশ্বরি। পুত্রস্তে ভবিতা সাধ্বীত্যুক্ত্বা চ বিররাম হ॥

ইতি ব্রহ্মবৈবর্ত্তে গণপতিখণ্ডে পুণ্যক-ব্রতং সমাপ্তম্।

## পাশুপত-ব্রত।

দ্বাদশীতে একভক্ত, ত্রয়োদশীতে অযাচিত অন্নভোজন, চতুর্দ্দশীতে নক্ত-ভোজন ও পৌর্ণমাসীতে উপবাস করিবে। শক্ত্যনুসারে সুবর্ণ, রজত অথবা তাম্র দ্বারা গোবৃষ নির্ম্মিত করিয়া তদুপরি শিব ও দুর্গার মূর্ত্তি অঙ্কিত করিবে। সুবর্ণবৃষ যে পরিমাণে করিবে, রজতবৃষ তাহার চতুর্গুণ করিতে হইবে। তাম্রবৃষ নির্ম্মাণে রৌপ্যের অষ্টগুণ তাম্র লাগিবে। প্রাতঃকালে স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে দ্বাদশ্যান্তিথাবারভ্য পৌর্ণমাসীং যাবৎ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেব-শর্ম্মা একভক্তাযাচিত-নক্তভোজনোপবাসসহকৃত-গণপত্যাদি-দেবতাপূজাপূর্ব্বকং যথাশক্ত্যুপচারকরণক-শিবদুর্গাপূজনরূপপাশুপতব্রতমহং করিষ্যে। পরে সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধ্যাদি হইতে আরম্ভ করিয়া মাতৃকান্যাসান্ত কর্ম্ম করিয়া ঘটস্থাপন করিবে। অনন্তর আবাহন পূর্ব্বক গণেশাদিদেবতার পূজা করিয়া শিব ও দুর্গাকে আবাহন পূর্ব্বক ভক্তিসহকারে যথাশক্তি উপচার দ্বারা পূজা করিবে ও স্তবপাঠ করিবে। যথা—ওঁ গঙ্গাধর মহাদেব সর্ব্বলোক-চরাচর। জহি মে সর্ব্বপাপানি পূজিতস্ত্বিহ শঙ্কর॥ শঙ্করায় নমস্তুভ্যং সর্ব্বপাপহরায় চ। যথা যমং ন পশ্যামি তথা মে কুরু শঙ্কর॥ যমমার্গং যথা শম্ভো ন পশ্যামি কদাচন। সম্পূজিতো ময়া ভক্ত্যা তথা মে কুরু শঙ্কর॥ গঙ্গাধর ধরাধীশ পরাৎপর বরপ্রদ। শ্রীকণ্ঠ নীলকণ্ঠস্ত্বমুমাকান্ত নমোঽস্তু তে॥ এইরূপ স্তব পাঠান্তে ব্রাহ্মণকে হিরণ্যাদি ও গো-বৃষ দক্ষিণা দিবে। কাহারও কাহারও মতে পৌর্ণমাসীতে অযাচিত দ্রব্য ভক্ষণ করিবে। এই ব্রত করিলে ব্রহ্মহত্যা, অগম্যাগমন ও অভক্ষ্যভক্ষণজনিত প্রভৃতি মহাপাপ দূর হয়।

ইতি পাশুপত-ব্রত।

## মহাদ্বাদশী-ব্রত।

উন্মীলনী, বঞ্জুলী, ত্রিস্পৃশা, পক্ষবর্দ্ধিনী, জয়া, বিজয়া, জয়ন্তী ও পাপ-নাশিনী, এই অষ্ট দ্বাদশী মহাদ্বাদশী নামে কথিত। এই মহাদ্বাদশী-ব্রত করিলে সর্ব্বপাপনিবৃত্তি হয়।

উন্মীলনী। (১)

পূর্ব্বদিবসে একাদশী ষষ্টিদণ্ডাত্মিকা হইয়া পরদিবস কিয়ৎক্ষণ থাকিলে, ঐ একাদশীবিদ্ধা দ্বাদশীর নাম উন্মীলনী। যথাবিধানে উপবাসী থাকিয়া উন্মীলনী-দ্বাদশীদিবসে স্বস্তিবাচন ও সঙ্কল্প করিয়া সর্ব্বপাপের উন্মূলন-কামনায় ষোড়শোপচারে বিষ্ণুর পূজা করিবে। সামর্থ্য হইলে স্বর্ণময় বিষ্ণুর মূর্ত্তি নির্ম্মাণ করাইয়া মাল্য গন্ধ পুষ্পাদি দ্বারা বিভূষিত ঘটের উপরে স্থাপন পূর্ব্বক যে মাসের উন্মীলনী, সেই মাসের নামে বিষ্ণুপূজা করিবে। মূল পূজার পরে ওঁ অমুকমাসায় নম—বলিয়া পদদ্বয়, ওঁ বিশ্বরূপিণে নমঃ—এই বলিয়া জানুদ্বয়, ওঁ কামপতয়ে নমঃ—গুহ্য, ওঁ পীতবাসসে নমঃ—কটি, ওঁ ব্রহ্মমূর্ত্তিভৃতে নমঃ—নাভি, ওঁ বিশ্বযোনয়ে নমঃ—উদর, ওঁ জ্ঞানগম্যায় নমঃ—এই বলিয়া হৃদয়, ওঁ বৈকুণ্ঠমূর্ত্তয়ে নমঃ—এই বলিয়া কণ্ঠ, ওঁ উরুগায়ায় নমঃ—এই বলিয়া ললাট, ওঁ ক্ষেত্রান্তকারিণে নমঃ—এই বলিয়া বাহুদ্বয়, ওঁ সুরেশায় নমঃ—এই বলিয়া উত্তমাঙ্গ এবং ওঁ সর্ব্বমূর্ত্তয়ে নমঃ—এই বলিয়া বিষ্ণুর সর্ব্বাঙ্গ পূজা করিবে। তৎপরে ভক্তিভাবে চক্রাদি অস্ত্রপূজা করিয়া শঙ্খোপরি গন্ধপুষ্পাদি-যুক্ত নারিকেল-জলসমন্বিত সূত্রবেষ্টিত অর্ঘ্য সাজাইয়া লইয়া, নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক নিবেদন করিবে। যথা—ওঁ দেবদেব মহাদেব মহাপুরুষপূর্ব্বজ। সুব্রহ্মণ্য নমস্তেঽস্তু পুণ্যকীর্ত্তিবিবর্দ্ধন॥ শোক মোহ-মহাপাপান্মামুদ্ধর ভবার্ণবাৎ। সুকৃতং ন কৃতং কিঞ্চিৎ জন্মান্তরশতৈরপি। তথাপি মাং জগন্নাথ সমুদ্ধর ভবার্ণবাৎ॥ ব্রতেনানেন দেবেশ যে চান্যে মম পূর্ব্বজাঃ। বিযোনিষু গতাশ্চান্যে পাপান্মৃত্যুবশং গতাঃ॥ যে ভবিষ্যন্তি যেঽতীতা প্রেতলোকাৎ সমুদ্ধর॥ আর্ত্তস্য মম দীনস্য ভক্তিরব্যভিচারিণী। দত্তমর্ঘ্যং ময়া তুভ্যং ভক্ত্যা গৃহ্ণ গদাধর॥ এই বলিয়া অর্ঘ্যপ্রদান পূর্ব্বক অন্যান্য উপচার প্রদান করিয়া স্তবপাঠ ও আরাত্রিক করিবে। পূজান্তে বিষ্ণুর উদ্দেশে শয্যা, জলপাত্র, ছত্র ও পাদুকা দান করিবে। বিষ্ণুর প্রীতিকামনায় সেই রাত্রি জাগরণ করিয়া পরদিবসে পারণ করিবে এবং বিষ্ণুদ্দেশে প্রদত্ত দ্রব্য গুরুকে দান করিবে।

যে ব্যক্তি যথাবিধানে উন্মীলনী-ব্রত করে, সে ইহলোকে ধনী, বিদ্বান্, দীর্ঘজীবী, পুত্রবান্ ও সুখী হইয়া বাস করত অন্তে সহস্রকোটিকল্প বিষ্ণুসমীপে বাস করে। মহামুনি গৌতম অম্বরীষ নরপতির নিকটে দ্বাদশী-মহাব্রতের মাহাত্ম্য কীর্ত্তন করেন। এই উন্মীলনী-ব্রত সকলেরই নিত্য কর্ত্তব্য, ইহা না করিলে পাপীর উপর প্রযোজ্য যাবতীয় যমদণ্ড ভোগ করিতে হয়।

বঞ্জুলী। (২)

একাদশীর বৃদ্ধি হয় নাই, কিন্তু দ্বাদশী ষষ্টিদণ্ডাত্মিকা হইয়া ত্রয়োদশী দিনস্পর্শিনী হইয়াছে, এরূপ দ্বাদশী বঞ্জুলী নামে অভিহিত। বঞ্জুলী দ্বাদশীব্রতে পূর্ব একাদশীদিবসে সংযত ও একাহারী থাকিয়া, দ্বাদশীদিবসে উপবাস ও তদানুষঙ্গিক ষোড়শোপচারে বিষ্ণুপূজা করিবে এবং তৎপরদিন দ্বাদশীমধ্যে পারণ করিবে।

অনুষ্ঠানপ্রণালী যথা—প্রথমতঃ "দ্বাদশ্যাস্তু নিরাহারঃ পারণা চাপরেঽহনি। ধর্ম্মার্থকামমোক্ষার্থং করিষ্যে বঞ্জুলীব্রতম্॥" এই মন্ত্র পাঠ পূর্ব্বক নিয়ম বা সঙ্কল্প করিয়া মাষকলাই অথবা সুবর্ণ দ্বারা নারায়ণমূর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক রত্নগর্ভ ঘটে তাম্রপাত্রের উপরে রাখিয়া সাধারণ পূজাবৎ স্বস্তিবাচন, সঙ্কল্প, সামান্যার্ঘ্যাদি কর্ম্ম সমাপন করিবে। পরে বিষ্ণুকে স্নান করাইয়া ষোড়শোপচারে পূজা করিবে। পরে ওঁ নারায়ণায় নমঃ—এই মন্ত্রে পাদদ্বয়; ওঁ কেশবায় নমঃ—এই মন্ত্রে জানুদ্বয়, এইরূপে, ওঁ মাধবায় নমঃ—এই মন্ত্রে উরুদ্বয়; ওঁ কামাধিপায় নমঃ—এই মন্ত্রে গুহ্য; ওঁ গোবিন্দায় নমঃ—এই মন্ত্রে কটি; ওঁ মাধবমূর্ত্তয়ে নমঃ—এই মন্ত্রে নাভি; ওঁ বিশ্বরূপায় নমঃ—এই মন্ত্রে উদর; ওঁ কৌস্তভধারিণে নমঃ—এই মন্ত্রে বক্ষ; ওঁ বৈকুণ্ঠায় নমঃ—এই মন্ত্রে কণ্ঠ; ওঁ জ্যোতীরূপিণে নমঃ—এই মন্ত্রে চক্ষুর্দ্বয়; ওঁ সহস্রশীর্ষায় নমঃ—এই মন্ত্রে মস্তক; ওঁ বিশ্বরূপিণে নমঃ—এই মন্ত্রে সর্ব্বাঙ্গ এবং তত্তৎ অস্ত্রের নামে বিষ্ণুর অস্ত্রপূজা করিবে। নারিকেলোদকে অর্ঘ্য প্রদান করিবে। অর্ঘ্যদানমন্ত্র যথা,—"ওঁ নারায়ণ জগন্নাথ পীতাম্বর জনার্দ্দন। সমুদ্ধর মহাবিষ্ণো নরকাদ্ধোঃ সনাতন॥ সপ্তকল্পগতং পাপং যৎকৃতং মম পূর্ব্বজৈঃ। অনেনার্ঘ্যপ্রদানেন সকলং তৎ প্রণশ্যতু॥ মুক্তিং প্রয়ান্তু পিতরো ময়া সহ জগৎপতে॥ ময়া তবার্ঘ্যদানেন যে চান্যে পিতরো গতাঃ। বসন্তু ত্বৎসমীপেঽস্থ দেবদেব জনার্দ্দন॥ ব্রতং সম্পূর্ণতাং যাতু বঞ্জুলীসম্ভবং মম॥ দশমীসংযুতং দেব যৎকৃতং দ্বাদশীব্রতম্। অজ্ঞানাদথবা জ্ঞানাৎ পরিপূর্ণং তদস্তু মে॥" উন্মীলনী দ্বাদশীবৎ ইহাতেও যথাসাধ্য বস্ত্রাদি দান, গুরুপূজা, রাত্রিজাগরণ ও বিষ্ণুকথা কীর্ত্তন করিবে।

যথানিয়মে বঞ্জুলীদ্বাদশীব্রত করিলে অগম্যাগমনে, অভক্ষ্যভক্ষণে, দেবস্বহরণে, স্বর্ণাদি অপহরণে যে পাপ হয়, তাহা এবং জন্মান্তরীণ মহাপাতকাদি সমস্তই নষ্ট হয়। এই ব্রতের অনুষ্ঠানে মানসপীড়া, রোগ, শোক কিছুই থাকে না। এই ব্রতের অকরণে চিরসঞ্চিত পুণ্যের হানি ও নরকে

বাস হয়। এই ব্রতের অনুষ্ঠানে সকল তীর্থে স্নানের, সকল প্রকার ব্রতাচরণের ও সকল প্রকার দানের ফললাভ হয়। উক্ত দিবসে ব্রাহ্মণকে শ্রদ্ধাপূর্ব্বক অন্নদান করিলে কৃষ্ণের সান্নিধ্যলাভ হয়।

ত্রিস্পৃশা। (৩)

অরুণোদয়কালে একাদশী, সমস্ত দিন দ্বাদশী এবং অন্তে তদ্দিনেই ত্রয়োদশী হইলে, সেই দ্বাদশীকে ত্রিস্পৃশা কহে। এই দ্বাদশী বৈশাখ মাসে বুধবারযুক্ত হইলে মহাফলপ্রদ হয়। এরূপ মহাপুণ্য তিথি অতি দুর্লভ; ইহাতে একমাত্র উপবাসেই অযুত উপবাসের, তদুপরি জাগরণে শতসহস্র উপবাসের এবং তৎসহযোগে আনন্দে হরিসংকীর্ত্তন করিলে তদপেক্ষা কোটিগুণ অধিক ফললাভ হয়। এই ত্রিস্পৃশাদ্বাদশী মহাব্রত বলিয়া কথিত। এই দিবসে যথোক্ত ব্রত করিলে সর্ব্বপ্রকার পাপের, এমন কি, মহাপাতকসমূহের ধ্বংস হয়। ইহাতে কামবান্‌দিগের সর্ব্বপ্রকার কামনা এবং নিষ্কামীদিগের মোক্ষলাভ হয়। দেবদেব বিষ্ণু জীবের মুক্তির জন্যই ত্রিস্পৃশা মহাদ্বাদশীর সৃজন করিয়াছেন। "ত্রিস্পৃশা" নাম উচ্চারণে যে ফল, বোধ করি, পুরশ্চরণেও তাহা পাওয়া যায় না।

অনুষ্ঠানপ্রণালী যথা,—উন্মীলন্যাদির ন্যায় উপবাসী থাকিয়া সাধারণ পূজার ন্যায় স্বস্তিবাচনাদি করিয়া পঞ্চরত্নযুক্ত জলপূর্ণ পবিত্র ঘটোপরি তাম্রপাত্রে স্বর্ণময় বিষ্ণুমূর্ত্তি স্থাপন পূর্ব্বক ষোড়শোপচারে বিষ্ণুর পূজা এবং দামোদর, মাধব, কামপতি, বামনমূর্ত্তি, পদ্মনাভ, বিশ্বমূর্ত্তি, জ্ঞানগম্য, শ্রীকণ্ঠ, সহস্রবাহু, উরুগায়, সহস্রশিরা এই কয় নামে যথাক্রমে বিষ্ণুর পদদ্বয়, জানুদ্বয়, গুহ্য, কটি, নাভি, উদর, হৃদয়, কণ্ঠ, বাহু, নেত্রদ্বয়, ললাট ও মস্তকের পূজা করিবে। পরে উন্মীলন্যাদির ন্যায় অর্ঘ্যদান করিবে। অর্ঘ্যদানের মন্ত্র যথা,—"ত্বতো হরসি পাপানি সত্যং যদি জনার্দ্দন। দুঃস্বপ্নং দুর্নিমিত্তঞ্চ মনসো দুর্ব্বিচিন্তিতম্॥ নারকঞ্চ ভয়ং দেব ভয়ং দুর্গতিসম্ভবম্। ভয়মন্যন্মহাদেব ঐহিকং পারলৌকিকম্॥ সর্ব্বং নাশয় মে বিষ্ণো গৃহাণার্ঘ্যং জনার্দ্দন। মম ভক্তিঃ সদৈবাস্তু দামোদর তবোপরি॥" এইরূপে বিষ্ণুর পূজা করিয়া সেই দিবস হরিকথায় অতিবাহন করিয়া, রাত্রিতে জাগরিত থাকিয়া পরদিন প্রাতে যথাবিধানে পুনরায় অর্ঘ্যপ্রদান পূর্ব্বক পারণ করিবে।

পক্ষবর্দ্ধিনী। (৪)

যে দ্বাদশীর পরবর্ত্তী অমাবস্যা বা পুর্ণিমা ষষ্টিদণ্ডাত্মিকা হইয়া বৃদ্ধি প্রাপ্ত

হয়, তাহাকে পক্ষবর্দ্ধিনী দ্বাদশী কহে। পক্ষবর্দ্ধিনী দ্বাদশীতে উপবাসে ও বিষ্ণুপূজায় অযুত অশ্বমেধযজ্ঞের ফললাভ হয়। ইহাতে পূর্ব্ববৎ বিষ্ণুপূজা ও অর্ঘ্যদান করিবে এবং পদ্মনাভ, যোগমূর্ত্তি, নৃসিংহ, জ্ঞানপ্রদ, বিশ্বনাথ, শ্রীধর, কৌস্তুভকণ্ঠ, ক্ষত্রান্তক, ব্যোমমূর্ত্তি, সর্ব্বরূপী, এই কয় নামে যথাক্রমে বিষ্ণুর পদদ্বয়, জানুদ্বয়, উরুদ্বয়, কটি, উদর, হৃদয়, কণ্ঠ, বাহু, ললাট এবং মস্তকের পূজা, দিব্যরূপী নামে সর্ব্বাঙ্গপূজা ও অস্ত্রপূজা করিবে।

অর্ঘ্যদানে বিশেষ মন্ত্র যথা—"ওঁ সংসারার্ণবপোতায় পাপকক্ষমহানল। নরকাগ্নিপ্রশমন জন্মমৃত্যুজরাপহ॥ মামুদ্ধর জগন্নাথ পতিতং ভবসাগরে। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং পদ্মনাভ নমোঽস্তু তে॥" ঘৃতপক নৈবেদ্য, মনোহর সুস্বাদু ফল, কর্পূরাগুরু ধূপ, ঘৃতগুগ্‌গুল, কর্পূরযুক্ত তাম্বূল, ঘৃত বা তিল-তৈলের প্রদীপ এবং বস্ত্রাদি বিষ্ণুর উদ্দেশে দান করিবে।

জয়া। (৫)

পুনর্ব্বসুনক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশীর নাম জয়া। এই জয়া-ব্রতের অনুষ্ঠান-প্রণালী উন্মীলনীব্রতের ন্যায়। এই ব্রতের ফলে অগ্নিষ্টোমাদি যজ্ঞের ফললাভ হয়। এই ব্রতের অনুষ্ঠানকারী মানব কদাপি নরকস্থ হয় না।

বিজয়া। (৬)

শ্রবণানক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশীর নাম বিজয়া। এই বিজয়া দ্বাদশী মহাপুণ্য-জনক; এই দ্বাদশীতে স্নানে সর্ব্বতীর্থস্নানের ফল, দানে সহস্রগুণফল, সংবৎসর বিষ্ণুপূজার ফল, জপ, হোম, উপবাস ও ব্রাহ্মণভোজনে সহস্রগুণ ফললাভ হয়।

"দ্বাদশ্যান্তু নিরাহারঃ স্থিত্বাহমপরেঽহনি। ভোক্ষ্যে ত্রিবিক্রমানন্ত শরণং মে ভবাচ্যুত॥" এইরূপে উপবাসসঙ্কল্প করিয়া সাধারণপূজাবৎ স্বস্তিবাচন, সঙ্কল্প ও সামান্যার্ঘ্যাদি করিয়া সোপবীত কলসোপরি তাম্রপাত্র স্থাপন পূর্ব্বক তদুপরি স্থাপিত নারায়ণমূর্ত্তির উপরে ষোড়শোপচারে পূজা করিবে। তৎপরে বাসুদেব, শ্রীধর, শ্রীকৃষ্ণ, শ্রীপতি, শস্ত্রাস্ত্রধারী, ব্যাপক, গিরীশ, ত্রৈলোক্যজনন, সর্ব্বাধিপতি, সর্ব্বাত্মা—এই কয় নামে যথাক্রমে বিষ্ণুর মস্তক, মুখ, কণ্ঠ, বক্ষ, বাহু, কক্ষ, উদর, মেঢ্র, জঘন ও পদদ্বয়ের পূজা করিবে; অঙ্গপূজা করিয়া অর্ঘ্য দিবে। মন্ত্র যথা—"শঙ্খচক্রগদাপদ্মশারঙ্গশরভূষিত। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং শার্ঙ্গপাণে নমোঽস্তু তে॥" এই বলিয়া অর্ঘ্যদান করিবে। এইরূপে পূজাকার্য্য সমাধা করিয়া জাগরণে রাত্রিযাপন করিবে;

পরদিন প্রাতঃস্নাত হইয়া পুনরায় বিষ্ণুর পূজা করিয়া পুষ্পাঞ্জলি দিবে। তৎপরে "নমস্তে অস্তু গোবিন্দ বুধশ্রবণসংজ্ঞক। অঘোরঃ চাক্ষরং কৃত্বা সর্ব্বসৌখ্যপ্রদো ভব॥" এই মন্ত্রে প্রার্থনা ও পুনরপি পূর্ব্ববৎ অর্ঘ্য প্রদান করিবে। পরে যথাসাধ্য ব্রাহ্মণভোজন করাইয়া পারণ করিবে।

এই বিজয়া দ্বাদশী ভাদ্রমাসে বুধবারযুক্ত হইলে সাতিশয়-মহিমান্বিত হয়।

জয়ন্তী। (৭)

রোহিণীনক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশীর নাম জয়ন্তী। এই জয়ন্তীদ্বাদশীতে উপবাসী থাকিয়া ভক্তিপূর্ব্বক গোবিন্দের পূজা করিলে, সপ্তজন্মকৃত পাপ নষ্ট হয়। জয়ন্তীব্রত না করিলে জীবন বৃথা। ইহাতেও পূর্ব্ববৎ—"জয়ন্ত্যান্তু নিরাহারঃ শ্বোভূতে পরমেশ্বর। ভোক্ষ্যামি পুণ্ডরীকাক্ষ শরণং চরণৌ তব॥" এই বলিয়া উপবাসসঙ্কল্প করিয়া পূর্ব্ববৎ ঘটোপরি তাম্রপাত্র স্থাপন পূর্ব্বক তথায় সুবর্ণময় দেবকী-স্তনপায়ী কৃষ্ণমূর্ত্তি স্থাপন করিয়া সাধারণপূজাবৎ স্বস্তিবাচন হইতে মাতৃকান্যাসান্ত কর্ম্ম করিবে। পরে—"এহি এহি জগন্নাথ বৈকুণ্ঠ পুরুষোত্তম। পরিবারগণোপেত লক্ষ্যা সহ জগৎপতে॥" এই মন্ত্রে আবাহন করিয়া প্রথমে দেবকীর পূজা করিবে,—"অদিতে দেবমাতস্ত্বং সর্ব্বপাপপ্রণাশিনী। অতস্ত্বাং পূজয়িষ্যামি ভীতো ভব-ভয়স্য তু॥ পূজিতাসি যথা দেবৈঃ প্রসন্না ত্বং বরাননে। পূজিতা মে তথা ভক্ত্যা প্রসাদং কুরু সুব্রতে॥ যথা পুত্রং হরিং লব্ধ্বা প্রাপ্তা তে নির্ব্বৃতিঃ পরা। তামেব নির্ব্বৃতিং দেবি স্বপুত্রাৎ দর্শয়স্ব মে॥" পরে ষোড়শোপচারে দেবকীর পূজা করিয়া শ্রীকৃষ্ণের পূজা ও পরে প্রার্থনা করিবে। মন্ত্র যথা—"অবতারসহস্রাণি করোষি মধুসূদন। ন তে সংখ্যাবতারাণাং কশ্চিজ্জানাতি বৈ ভুবি॥ দেবা ব্রহ্মাদয়ো বাপি স্বরূপং ন বিদুস্তব। অতস্ত্বাং পূজয়িষ্যামি মাতুরুৎসঙ্গসংস্থিতম্॥ বাঞ্ছিতং কুরু মে দেব দুষ্কৃতঞ্চৈব নাশয়। কুরুষ মে দয়াং দেব সংসারার্ত্তিভয়াপহ॥" পরে সমাতৃক শ্রীকৃষ্ণকে অর্ঘ্য প্রদান করিবে।

অর্ঘ্যমন্ত্র যথা,—"জাতঃ কংসবধার্থায় ভূভারোত্তরণায় চ। দেবতানাং হিতার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ॥ কৌরবাণাং বিনাশায় দৈত্যানাং নিধনায় চ॥ গৃহাণার্ঘ্যং ময়া দত্তং দেবক্যা সহিতো হরে॥" সসাগরা সমস্ত পৃথিবীদানে যে ফল, জয়ন্তী দ্বাদশীতে শ্রীকৃষ্ণকে অর্ঘ্যদানে সেই ফললাভ হয়। পরে পূর্ব্ববৎ উপবাসী থাকিয়া কৃষ্ণকথায় রাত্রিজাগরণ করিয়া পরদিন নিত্যক্রিয়া সমাধানান্তে পারণ করিবে এবং সেই সুবর্ণময়ী কৃষ্ণ-দেবকী-মূর্ত্তি গুরুকে দান

করিবে। যথাবিধানে এই জয়ন্তীব্রত করিলে একবিংশতি কুলোদ্ধার, অভীষ্টসিদ্ধি এবং অন্তে বিষ্ণুলোকে বাস হয়।

পাপনাশিনী। (৮)

পুষ্যানক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশীর নাম পাপনাশিনী। এই পাপনাশিনী দ্বাদশীর উপবাসে সপ্তজন্মকৃত কায়িক, বাচিক ও মানসিক সর্ব্বপ্রকার ঘোর পাতক হইতে মুক্তি ও সহস্র একাদশী উপবাসের ফললাভ হয়। সগর, ককুৎস্থ, ধুন্ধুমার ও গাধি—ইঁহারা এই পাপনাশিনী দ্বাদশীতে শ্রীকৃষ্ণের পূজা করিয়া সমগ্র পৃথিবী লাভ করিয়াছিলেন।

অনুষ্ঠানপ্রণালী,—উপবাসদিবস প্রাতঃকালে—"দ্বাদশ্যান্তু নিরাহারঃ স্থিত্বাহমপরেঽহনি। ভোক্ষ্যামি জামদগ্ন্যেন শরণং মে ভবাচ্যুত॥" এই বলিয়া সঙ্কল্প করিয়া পূর্ব্ববৎ ঘটোপরি তাম্রপাত্রে স্বুবর্ণময় পরশুরামমূর্ত্তি স্থাপন ও সাধারণ পূজার ন্যায় স্বস্তিবাচনাদি করিয়া স্নান করাইয়া ষোড়শোপচারে পূজা করিবে। পরে—বিশোক, বিশ্বরূপী, দামোদর, কন্দর্প, পদ্মমালী, অনন্ত, শ্রীকণ্ঠ, হেমাঙ্গদ, বৈকুণ্ঠ, জ্যোতীরূপ, শোকনাশী, বামন, রাম, সর্ব্বাত্মা এই কয় নামে যথাক্রমে পরশুরামের পদদ্বয়, জানুদ্বয়, উরুদ্বয়, কটি, গুহ্য, নাভি, জঠর, গল, মস্তক, নেত্র, নাসাগ্র, ললাট, কর্ণ ও সমস্তাঙ্গ পূজা করিবে। তত্তন্নামে অস্ত্রপূজা করিবে।

আমলকীযুক্ত অর্ঘ্যদানের বিশেষ মন্ত্র যথা,—"নমস্তে দেবদেবেশ জামদগ্ন্য নমোঽস্তু তে। গৃহাণার্ঘ্যং ময়া দত্তমামল্যা সহিতো হরে॥"

প্রার্থনামন্ত্র,—জামদগ্ন্য নমস্তেঽস্তু ক্ষত্রিয়ান্তকরায় চ। সর্ব্বাণি যানি পাপানি সপ্তজন্মকৃতান্যপি॥ ক্ষয়ং যান্তু মমৈবাশু ত্বৎপ্রসাদাচ্চ ভার্গব। বাচিকং মানসং পাপং জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা॥ আয়ুর্যশস্তথারোগ্যং ধনধান্যঞ্চ সম্পদঃ। সৌভাগ্যং তব ভক্তস্য সন্তানং বিপুলং ভবেৎ॥ সর্ব্বান্ কামানবাপ্নোমি দিব্যং সৌখ্যং নিরন্তরম্। অন্তেঽপ্যস্তু মমেশান ভক্তিস্ত্বচ্চরণে প্রভো॥ জনার্দ্দন হৃষীকেশ লক্ষ্মীনাথ সুরার্চ্চিত। রাম রাম মহাবাহো কার্ত্তবীর্য্যবিনাশন॥ এতৎ সর্ব্বং ময়া দত্তং জ্ঞানং জ্ঞেয়ং তবাচ্যুত। মামুদ্ধর জগন্নাথ দয়াং কৃত্বা মমোপরি।"

ইতি ব্রতপ্রকরণ সমাপ্ত।

# পঞ্চম প্রবাহ।

## যাত্রা-প্রকরণ।

### ( বৈশাখকৃত্য )

### চন্দনযাত্রা।

পূর্ব্বদিন সন্ধ্যাকালে নিত্যক্রিয়া-সমাপনান্তে ব্রাহ্মণত্রয়কে গন্ধাদি দ্বারা পূজা করিয়া পুণ্যাহবাচন করাইয়া স্বস্তিবাচন পূর্ব্বক "ওঁ সূর্য্যঃ সোমো" ইত্যাদি মন্ত্র পাঠ এবং নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

"ওঁ অদ্যেত্যাদি শ্রীকৃষ্ণস্য শ্বঃকর্ত্তব্য-চন্দনযাত্রাকর্ম্মাঙ্গভূত-গণপত্যাদি-দেবতাপূজা-পূর্ব্বক-শুভগন্ধাদ্যধিবাসনকর্ম্মাহং করিষ্যে।"

তৎপরে স্বশাখোক্ত সূক্তমন্ত্র পাঠ, সামান্যার্ঘ্যাদি স্থাপন এবং আদিতে প্রণব ও শেষে নমঃ যোগ করিয়া শালগ্রামে বা ঘটে গণেশ, শিব, সূর্য্য, অগ্নি, কেশব, কৌশিকী, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল, মৎস্যাদি দশাবতার, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, দুর্গা, গঙ্গা, লক্ষ্মী, সরস্বতী, যমুনা, নন্দ, যশোদা, বসুদেব, দেবকী, বলরাম, দাম, সুদাম, উদ্ধব, ইঁহাদিগের অর্চ্চনা করিবে। অনন্তর "ওঁ স্বর্গস্থ-দেবতাগণেভ্যো নমঃ" মন্ত্রে পূজা করিয়া এই প্রণালীতে—"মর্ত্ত্যস্থদেবতাগণেভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ, বিষহর্য্যৈ, বাস্তুপুরুষায়, পূজনীয়দেবতাগণেভ্যঃ" বলিয়া অর্চ্চনা কর্ত্তব্য। তৎপরে "বাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি প্রণালীতে করন্যাস-অঙ্গন্যাস পূর্ব্বক "ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশং হিমকুন্দেন্দুসন্নিভম্। কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃ প্রীণয়ন্তং চরাচরম্॥ লাবণ্যামৃতধারাভিঃ সিঞ্চন্তমিব সর্ব্বতঃ। সুনাভং বারিজং পদ্মং ধারয়ন্তং গদাং শুভাম্॥ ভূষিতং মালয়া তদ্বদ্দীপিতং নয়নাঞ্জনৈঃ। শ্রীপুষ্টি-গরুড়াদ্যৈশ্চ সমন্তাত্ত্ব পরিপ্লুতম্॥" এই ধ্যানে এবং "ওঁ নমো ভগবতে বাসুদেবায় শ্রীবিষ্ণবে গোবিন্দায় সর্ব্বাত্মনে নমঃ" মন্ত্রে যথাসাধ্য উপচারে অর্চ্চনা করিবে। পরে নিম্নোক্ত পাঁচটি মন্ত্রে পাঁচবার মাষভক্ত-বলি দিতে হয়, যথা—

ক্ষেত্রপাল নমস্তভ্যং সর্ব্বশান্তিফলপ্রদ। বিঘ্নসজ্ঘবিনাশায় গৃহাণেমং বলিং মম॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালায় নমঃ॥ ১॥ ওঁ ভূতযক্ষপিশাচাদ্যা গন্ধর্ব্বা ব্রাহ্মণাশ্চ যে। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ যক্ষভূতপিশাচগন্ধর্ব্বরাক্ষসেভ্যো নমঃ॥ ২॥ ওঁ আদ্যাঃ স্বকর্ম্মজাশ্চৈব যে ভূতা দিগ্বিদিক্‌স্থিতাঃ। পরিতুষ্টা ময়া দত্তং প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ আদ্যস্বকর্ম্মজদিগ্বিদিক্‌স্থিতভূতেভ্যো নমঃ॥ ৩॥ ওঁ বৃক্ষেষু পর্ব্বতাগ্রেষু যে বিদিক্ষু চ সংস্থিতাঃ। ভূমৌ ব্যোম্নি স্থিতা যে চ প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ বৃক্ষাদিস্থিতভূতেভ্যো নমঃ॥ ৪॥ ওঁ বিনায়কা ক্ষেত্রপালাঃ পিশাচাঃ কটপূতনাঃ। বলিং যে মম কাঙ্ক্ষন্তে প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ বিনায়কক্ষেত্রপালপিশাচকট-পূতনাদিভ্যো নমঃ॥ ৫॥

তদনন্তর সমারোহ সহকারে শ্রীকৃষ্ণের অধিবাস করিবে। (২৪৩ পৃঃ) পরদিন প্রভাতে নিত্যক্রিয় হইয়া মহোৎসব সহকারে শ্রীকৃষ্ণকে ভদ্রপীঠে স্থাপন পূর্ব্বক স্বস্তিবাচন ও নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

"ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বকং শ্রীকৃষ্ণস্য চন্দনযাত্রামহং করিষ্যে।"

তৎপরে স্বশাখোক্ত সূক্তপাঠ, দোলযাত্রার বিধানে মহাস্নান, নূতন বস্ত্র দ্বারা দেবতার অঙ্গজলমার্জ্জন, বস্ত্রালঙ্কারমাল্যাদি দ্বারা দেবতাকে ভূষিতকরণ, পুনর্ব্বার আচমন, এই সকল করিয়া নিম্নলিখিত মন্ত্রে ভূতাপসারণ করিবে। যথা—

"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥

পরে বৈষ্ণবাচমন করিবে, যথা—ওঁ কেশবায় নমঃ, ওঁ নারায়ণায় নমঃ, ওঁ মাধবায় নমঃ ইতি তিনবার জলবিন্দু পান, এইরূপ 'ওঁ' আদিতে 'নমঃ' অন্তে দিয়া মন্ত্র উচ্চারণ করিবে। গোবিন্দায়, বিষ্ণবে ইতি হস্তপ্রক্ষালন, মধুসূদনায়, ত্রিবিক্রমায় ইতি ওষ্ঠাধরমার্জ্জন, বামনায়, শ্রীধরায়, ইতি মুখমার্জ্জন, হৃষীকেশায় ইতি হস্তপ্রক্ষালন, পদ্মনাভায় ইতি পদপ্রক্ষালন, দামোদরায় ইতি মস্তকে জলপ্রক্ষেপ, সঙ্কর্ষণায় ইতি মুখস্পর্শ, বাসুদেবায়, প্রদ্যুম্নায় ইতি নাসাদ্বয়, অনিরুদ্ধায়, পুরুষোত্তমায় ইতি চক্ষুর্দ্বয়, অধোক্ষজায়, নৃসিংহায় ইতি কর্ণদ্বয়, অচ্যুতায় ইতি নাভি, জনার্দ্দনায় বক্ষঃ, উপেন্দ্রায় ইতি মস্তক,

হরায়, বিষ্ণবে ইতি ভুজদ্বয় স্পর্শ করিবে। অনন্তর সামান্যার্ঘ্যস্থাপন, আসনশুদ্ধি, গুরুপংক্তি নমস্কার, ভূতশুদ্ধি, (১৫৩-১৬২ পৃঃ) ক্লীং বীজে প্রাণায়াম, "শিরসি প্রজাপতয়ে ঋষয়ে নমঃ। মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি ওঁ অর্দ্ধলক্ষ্মীহরয়ে নমঃ।" এইরূপে ঋষ্যাদিন্যাস এবং "শ্রীং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি রীতিতে করাঙ্গন্যাসান্তে "ওঁ উদ্যৎপ্রদ্যোতনশতরুচিং তপ্ত-হেমাবদাতং, পার্শ্বদ্বন্দ্বে জলধিসুতয়া বিশ্বধাত্র্যা চ জুষ্টম্। নানারত্নোল্লসিত-বিবিধাকল্পমাপীতবস্ত্রং, বিষ্ণুং বন্দে দরকমলকৌমোদকীচক্রপাণিম্॥" ধ্যান করিয়া নিম্নলিখিতরূপে কেশবকীর্ত্ত্যাদি ন্যাস করিবে, যথা—

(ললাটে) অং কেশবায় কীর্ত্ত্যৈ নমঃ। (মুখে) আং নারায়ণায় কান্ত্যৈ নমঃ। (দক্ষিণনেত্রে) ইং মাধবায় তুষ্ট্যৈ নমঃ। (বামনেত্রে) ঈং গোবিন্দায় পুষ্ট্যৈ নমঃ। (দক্ষিণকর্ণে) উং বিষ্ণবে ধৃত্যৈ নমঃ। (বামকর্ণে) ঊং মধুসূদনায় শান্ত্যৈ নমঃ। (দক্ষিণনাসায়াং) ঋং ত্রিবিক্রমায় ক্রিয়ায়ৈ নমঃ। (বামনাসায়াং) ৠং বামনায় দয়ায়ৈ নমঃ। (দক্ষিণগণ্ডে) ঌং শ্রীধরায় মেধায়ৈ নমঃ। (বামগণ্ডে) ৡং হৃষীকেশায় হর্ষায়ৈ নমঃ। (ওষ্ঠে) এং পদ্মনাভায় শ্রদ্ধায়ৈ নমঃ। (অধরে) ঐং দামোদরায় লজ্জায়ৈ নমঃ। (ঊর্দ্ধদন্তে) ওঁ বাসুদেবায় লক্ষ্ম্যৈ নমঃ। (অধোদন্তে) ঔং সঙ্কর্ষণায় সরস্বত্যৈ নমঃ। (মস্তকে) অং প্রদ্যুম্নায় প্রীত্যৈ নমঃ। (মুখে) অঃ অনিরুদ্ধায় রত্যৈ নমঃ। (দক্ষিণবাহুমূলে) কং চক্রিণে জয়ায়ৈ নমঃ। (দক্ষিণকূর্পরে) খং গদিনে দুর্গায়ৈ নমঃ। (দক্ষিণমণিবন্ধে) গং শার্ঙ্গিণে প্রভায়ৈ নমঃ। (দক্ষিণ-হস্তাঙ্গুলীমূলে) ঘং খড়্গিনে সত্যায়ৈ নমঃ। (দক্ষিণহস্তাঙ্গুল্যগ্রে) ঙং শঙ্খিনে চণ্ডায়ৈ নমঃ। (বামবাহুমূলে) চং হলিনে বাণ্যৈ নমঃ। (বামকূর্পরে) ছং মুষলিনে বিলাসিন্যৈ নমঃ। (বামমণিবন্ধে) জং শূলিনে বিজয়ায়ৈ নমঃ। (বামহস্তাঙ্গুলীমূলে) ঝং পাশিনে বিরজায়ৈ নমঃ। (বামহস্তাঙ্গুলী-অগ্রে) ঞং অঙ্কুশিনে বিশ্বায়ৈ নমঃ। (দক্ষিণপাদমূলসন্ধ্যগ্রস্থানে) টং মুকুন্দায় বিনদায়ৈ নমঃ। ঠং নন্দজায় সুনদায়ৈ নমঃ। ডং নন্দিনে স্মৃত্যৈ নমঃ। ঢং নরায় ঋদ্ধ্যৈ নমঃ। ণং নরকজিতে সমৃদ্ধ্যৈ নমঃ। (বামপাদমূলসন্ধ্যগ্রস্থানে) তং হরয়ে শুদ্ধ্যৈ নমঃ। থং কৃষ্ণায় বুদ্ধ্যৈ নমঃ। দং সত্যায় ভুক্ত্যৈ নমঃ। ধং সাত্বতায় মত্যৈ নমঃ। নং সৌরায় ক্ষমায়ৈ নমঃ। (দক্ষিণপার্শ্বে) পং শূরায় রমায়ৈ নমঃ। (বামপার্শ্বে) ফং জনার্দ্দনায় উমায়ৈ নমঃ। (পৃষ্ঠে) বং ভূধরায় ক্লেদিন্যৈ নমঃ। (নাভিতে) ভং বিশ্বমূর্ত্তয়ে ক্লিন্নায়ৈ নমঃ। (উদরে) মং বৈকুণ্ঠায় বসুদায়ৈ

নমঃ। (হৃদয়ে) ষং ত্বগাত্মনে পুরুষোত্তমায় বসুধায়ৈ নমঃ। (দক্ষিণস্কন্ধে,) রং অসৃগাত্মনে বলিনে পরায়ৈ নমঃ। (ককুৎস্থানে) লং মাংসাত্মনে বলানুজায় পরায়ণায়ৈ নমঃ। (বামাংশে) বং মেদাত্মনে বালায় সূক্ষ্মায়ৈ নমঃ। (হৃদয়াদি দক্ষিণকরে) শং অস্থ্যাত্মনে বৃষঘ্নায় সন্ধ্যায়ৈ নমঃ। (হৃদয়াদি বামহস্তে) ষং মজ্জাত্মনে বৃষায় প্রজ্ঞায়ৈ নমঃ। (হৃদাদি দক্ষিণপাদে) সং শুক্রাত্মনে হংসায় প্রভায়ৈ নমঃ। (হৃদাদি বামপাদে) হং প্রাণাত্মনে বরাহায় নিশায়ৈ নমঃ। (হৃদাদি উদরে) লং জীবাত্মনে বিমলায় অমোঘায়ৈ নমঃ। (হৃদাদি মুখে) ক্ষং ক্রোধাত্মনে নৃসিংহায় বিদ্যুতায়ৈ নমঃ।

তত্ত্বন্যাস—(সর্ব্বগাত্রে) মং নমঃ পরায় জীবতত্ত্বাত্মনে নমঃ, ভং নমঃ পরায় প্রাণতত্ত্বাত্মনে নমঃ, (হৃদয়ে) বং নমঃ পরায় মতিতত্ত্বাত্মনে নমঃ, ফং নমঃ পরায়াহংকারতত্ত্বাত্মনে নমঃ, পং নমঃ পরায় মনস্তত্ত্বাত্মনে নমঃ। (মস্তকে) নং নমঃ পরায় শব্দতত্ত্বাত্মনে নমঃ। (মুখে) ধং নমঃ পরায় স্পর্শতত্ত্বাত্মনে নমঃ। (হৃদয়ে) দং নমঃ পরায় রূপতত্ত্বাত্মনে নমঃ। (গুহ্যে) থং নমঃ পরায় রসতত্ত্বাত্মনে নমঃ। (পাদদ্বয়ে) তং নমঃ পরায় গন্ধতত্ত্বাত্মনে নমঃ। (কর্ণদ্বয়ে) ণং নমঃ পরায় শ্রোত্রতত্ত্বাত্মনে নমঃ। এইরূপে সর্ব্বত্র মাতৃকাবর্ণের পর নমঃ পরায় ও অমুকতত্ত্বাত্মনে নমঃ ইতি প্রযোজ্য। (ত্বকে) ঢং···ত্বক্। (নেত্রদ্বয়ে) ডং···নেত্র···। (জিহ্বায়) ঠং···জিহ্বা···। (ঘ্রাণযুগ্মে) টং···ঘ্রাণ···। (বাক্‌শক্তিতে) ঞং···বাক্। (হস্তযুগলে) ঝং···পাণি···। (পাদদ্বয়ে) জং···পাদ···। (গুহ্যে) ছং··· পায়ু···। (লিঙ্গে) চং···উপস্থ···। (মস্তকে) ঙং···আকাশ···। (মুখে) ঘং···বায়ু···। (হৃদয়ে) গং···তেজস্তত্ত্ব। (লিঙ্গমূলে) খং···জল। (পদদ্বয়ে) কং···পৃথিবী। (হৃৎপদ্মে) শং···হৃৎপুণ্ডরীক। হং···দ্বাদশকলাব্যাপ্ত-সূর্য্যমণ্ডল···। সং···ষোড়শকলাব্যাপ্তসোমমণ্ডল···। রং···দশকলাব্যাপ্ত-বহ্নিমণ্ডল···। (মস্তকে) ষং···পরমেষ্ঠিতত্ত্বাত্মনে বাসুদেবায় নমঃ। (মুখে) বং···পুরুষতত্ত্বাত্মনে সঙ্কর্ষণায় নমঃ। (হৃদয়ে) লং···বিশ্বতত্ত্বাত্মনে প্রদ্যুম্নায় নমঃ। (লিঙ্গে) ধং···নিবৃত্তিতত্ত্বাত্মনে অনিরুদ্ধায় নমঃ। (পাদযুগ্মে) লং···সর্ব্বতত্ত্বাত্মনে নারায়ণায় নমঃ। (সর্ব্বগাত্রে) ক্ষ্ৌং···কোপতত্ত্বাত্মনে নৃসিংহায় নমঃ। পরে প্রাণায়ামান্তে পীঠন্যাস করিবে, যথা—আধারশক্ত্যাদি হ্রীং জ্ঞানাত্মনে পর্য্যন্ত ন্যাসান্তে হৃৎপদ্মের কেশরে অষ্টদিকে পূর্ব্বাদিক্রমে প্রদক্ষিণভাবে ওঁ বিমলায়ৈ নমঃ এবং উৎকর্ষিণ্যৈ, জ্ঞানায়ৈ, ক্রিয়ায়ৈ,

যোগায়ৈ, প্রহ্ব্যৈ, সত্যায়ৈ, ঈশানায়ৈ, মধ্যে অনুগ্রহায়ৈ, তদুপরি ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বাত্মসংযোগযোগপদ্ম-পীঠাত্মনে নমঃ।

ঋষ্যাদিন্যাস—শিরসি সাধ্য নারায়ণায় ঋষয়ে নমঃ, মুখে দেবী গায়ত্রী-চ্ছন্দসে নমঃ, হৃদি শ্রীবিষ্ণবে দেবতায়ৈ নমঃ।

করাঙ্গন্যাস—( ন্যাসপ্রকরণ দেখ )

তদনন্তর "ওঁ কিরীট-কেয়ূর-হার-মকরকুণ্ডল-শঙ্খচক্রগদাম্ভোজ-হস্ত-পীতাম্বর-ধর-শ্রীবৎসাঙ্কিতবক্ষঃস্থল-শ্রীভূমিসহিত-স্বাত্মজ্যোতির্ম্ময়দীপ্তকরায় সহস্রাদিত্য-তেজসে নমঃ" মন্ত্রে ব্যাপকন্যাস করত "ওঁ স্মরেৎ বৃন্দাবনে রম্যে" ইত্যাদি ধ্যান করিয়া নিজ শিরোদেশে পুষ্পদানান্তে মানসার্চ্চনা, বিশেষার্ঘ্যস্থাপন, পীঠার্চ্চনা ও পুনর্ধ্যান করিয়া ষোড়শ উপচারে পূজা প্রভৃতি শেষ করত "ওঁ ক্লীং কৃষ্ণায় নমঃ" মন্ত্রে পঞ্চপুষ্পাঞ্জলি দিবে। পরে আদিতে প্রণব ও শেষে নমঃ যোগ করিয়া নিম্নলিখিত- রূপে আবরণদেবতাগণের পূজা কর্ত্তব্য, যথা—

বেণবে, বনমালায়ৈ, শ্রীবৎসায়, কৌস্তুভায়, সুদামায়, বসুদেবায়, কিঙ্কিণ্যৈ, রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, নাগ্নজিত্যৈ, সুনন্দায়ৈ, মিত্রবিন্দায়ৈ, সুলক্ষণায়ৈ, জাম্ববত্যৈ, সুশীলায়ৈ, দেবক্যৈ, যশোদায়ৈ, রোহিণ্যৈ, সুভদ্রায়ৈ, বলভদ্রায়, গোপেভ্যঃ, গোপীভ্যঃ, মন্দারায়, সন্তানায়, কল্পবৃক্ষায়, পারি-জাতায়, হরিচন্দনায়, কৃষ্ণায়, বাসুদেবায়, দেবকীনন্দনায়, নারায়ণায়, যদুশ্রেষ্ঠায়, বার্ষ্ণেয়ায়, অসুরাক্রান্ত-ভূভারহারিণে, শঙ্খায়, চক্রায়, ইন্দ্রাদিলোকপালেভ্যঃ, বজ্রাদ্যস্ত্রেভ্যঃ, গদায়ৈ, পদ্মায়, লক্ষ্ম্যৈ, মহালক্ষ্ম্যৈ, সরস্বত্যৈ, ব্রহ্মণে, বনমালায়ৈ, অনন্তায়ৈ, রাধায়ৈ, বিনতায়ৈ, ব্যাসায়, পরাশরায়, বশিষ্ঠায়, যমুনায়ৈ, হনূমতে, গরুড়ায়, পদ্মাসনায়।

অনন্তর নিম্নোক্ত মন্ত্রে নমস্কার করিবে, যথা—

"ওঁ অনঘং বামনং শৌরিং কামদং পুরুষোত্তমম্। বাসুদেবং হৃষীকেশং মাধবং মধুসূদনম্। বরাহং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনম্॥ দামোদরং পদ্মনাভং কেশবং গরুড়ধ্বজম্। গোবিন্দমচ্যুতং কৃষ্ণমনন্তমপরাজিতম্॥ অধোক্ষজং জগদ্বীজং সর্গস্থিত্যন্তকারিণম্। অনাদিনিধনং দেবং ত্রিলোকেশং ত্রিবিক্রমম্॥ নারায়ণং চতুর্ব্বাহুং শঙ্খচক্রগদাধরম্। পীতাম্বরধরং নিত্যং বনমালাবিভূষিতম্॥ শ্রীবৎসাঙ্কং জগন্নেত্রং শ্রীধরং শ্রীপতিং হরিম্। প্রপদ্যেঽহং সদা দেবং সর্ব্বকামবিশুদ্ধয়ে॥ ইতি সংস্তুত্য তং দেবং তুষ্ট্যা চ শ্রদ্ধয়ান্বিতঃ।

প্রীতো ভবেত্তদা তস্মৈ দেবো নারায়ণো বিভুঃ॥ ওঁ দেবদেব জগন্নাথ সহজানন্দ নির্ম্মল। সংসারসাগরে মগ্নং ত্রাহি মাং পরমেশ্বর॥ নানাসন্তাপসন্তপ্তং শুভদৃষ্ট্যামৃতেন মাম্। সন্তর্পয় তৃণং শুষ্কং যথা মেঘো নমোঽস্তু তে॥"

পরে শক্ত্যনুসারে জপ করিয়া "গুহ্যাতি" মন্ত্রে জপ সমর্পণ, স্বশাখোক্ত বিধানে বহ্নিস্থাপন, ( ২৫২ পৃঃ ) ঘৃতাক্ত দূর্ব্বা দ্বারা হোম এই সকল করিয়া বাদ্যসহকারে অধিবাসের গন্ধাষ্টক আনয়ন পূর্ব্বক তুলসীকাষ্ঠে ঘৃত মাথাইয়া তাহা দ্বারা নিম্নলিখিত মন্ত্রে দেবতার গাত্রে তাহা লেপন করিবে, যথা—

"ওঁ গন্ধদ্বারাং দুরধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্।
ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥"

গন্ধাষ্টক যথা—চন্দনাগুরুহ্রীবের-কুষ্ঠকুঙ্কুমরোচনাঃ।
জটামাংসী মুরা চৈব বিষ্ণোর্গন্ধাষ্টকং বিদুঃ॥

তদনন্তর চামরাদি দ্বারা ভগবান্‌কে ব্যজন, পুনশ্চ শক্ত্যনুসারে পূজা, দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান ও আশীর্ব্বাদ কর্ত্তব্য।

---

## চন্দনীয়-পুষ্পদোলযাত্রা।

বৈশাখী পূর্ণিমাতে পুষ্পদোলযাত্রা করিতে হয়। ইহাকেই ফুলদোল কহে। মঞ্চ নির্ম্মাণ পূর্ব্বক তাহার উপর গোবিন্দকে স্থাপন করিবে। পরে কর্ত্তা কুশাসনে উত্তরাস্তে বসিয়া আচমন, স্ববেদোক্ত স্বস্তিবাচন এবং "সূর্য্যঃ সোমঃ" মন্ত্র পাঠ করিয়া, নিম্নোক্তরূপে সঙ্কল্প করিবে। তাম্রপাত্রে তিল, তুলসী, জল, ফল ও ফুল রাখিয়া পাত্রটি বামহস্তে ধারণ পূর্ব্বক দক্ষিণ কর দ্বারা আচ্ছাদন করত বাক্য বলিবে। বীরাসনে আসীন হওয়াই কর্ত্তব্য। বাক্য যথা—

. বিষ্ণুরোম্ তৎসদদ্য বৈশাখে মাসি মেষরাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ( প্রতিনিধিতে কর্ম্ম করিলে অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ, স্ত্রীলোক হইলে অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকী-দেব্যাঃ ) শ্রীবিষ্ণুপ্রীতিকামো গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক-শ্রীভগবদ্-গোবিন্দপূজাচন্দনসহিতপুষ্প-দোলযাত্রামহং করিষ্যে।

প্রতিনিধি হইলে "করিষ্যে" স্থলে "করিষ্যামি" পাঠ্য। তৎপরে হস্তস্থিত পাত্র ঈশানকোণে মাটীর উপর অধোমুখে রাখিয়া, তাহার উপর কিঞ্চিৎ অক্ষত ছড়াইয়া করপুটে "সঙ্কল্পিতার্থসিদ্ধয়ঃ সন্তু" ও 'ওঁ দেবো বো' ইত্যাদি

স্ব স্ব শাখোক্ত সঙ্কল্পসূক্ত পাঠ করিবে। পরে পঞ্চগব্য দ্বারা মঞ্চশোধন পূর্ব্বক পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা তত্তৎশোধনমন্ত্রে (২৩৬ পৃঃ) গোবিন্দকে স্নান করাইয়া সামান্যার্ঘ্যস্থাপন ও আসনশুদ্ধ্যাদি করত (১৫২-১৬৩ পৃঃ) বৈষ্ণবাচমন, কেশবকীর্ত্ত্যাদিন্যাস, তত্ত্বন্যাসান্তে (৬৯৫-৬৯৭ পৃঃ) ক্লীং বীজে প্রাণায়াম ও পীঠন্যাস করিয়া নিম্নলিখিতরূপে ঋষ্যাদিন্যাস করিবে, যথা—

অস্য শ্রীকৃষ্ণমন্ত্রস্য নারদঋষির্বিরাট্ছন্দঃ শ্রীকৃষ্ণো দেবতা ক্লীং বীজং স্বাহা শক্তিঃ কামঃ কীলকং চতুর্ব্বর্গসাধনে বিনিয়োগঃ। শিরসি ওঁ নারদঋষয়ে নমঃ। মুখে ওঁ বিরাট্ছন্দসে নমঃ। হৃদি ওঁ শ্রীকৃষ্ণদেবায় নমঃ। গুহ্যে ক্লীং-বীজায় নমঃ। পাদয়োঃ স্বাহা-শক্তয়ে নমঃ। সর্ব্বাঙ্গে কামবীজায় নমঃ। ওঁ মন্ত্রাধিষ্ঠাতৃদুর্গায়ৈ নমঃ।

অনন্তর কিরীটকেয়ূর ইত্যাদি পাঠ দ্বারা সপ্তধা ব্যাপকন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে পুষ্প লইয়া "ফুল্লেন্দীবর" ইত্যাদি শ্রীকৃষ্ণের ধ্যান করিবে।

অনন্তর মানসপূজা, বিশেষার্ঘ্যস্থাপন, পীঠপূজা এবং পুনর্ব্বার ধ্যান করিয়া ষোড়শোপচারে গোবিন্দকে অর্চ্চনা করিবে, যথা—

আসন অর্চ্চনা করত বংমন্ত্রে প্রোক্ষণ পূর্ব্বক "ইদমাসনং ওঁ শ্রীগোবিন্দায় নমঃ।" এই প্রকার সর্ব্বত্র বোদ্ধব্য। "ভগবদ্গোবিন্দ স্বাগতং সুস্বাগতম্। পাদ্যং নমঃ। অর্ঘ্যং স্বাহা। আচমনীয়ং স্বধা। মধুপর্কঃ স্বধা। গন্ধতৈলং নমঃ। স্নানীয়জলং নমঃ। বস্ত্রং নিবেদয়ামি। যজ্ঞোপবীতং নমঃ। আভরণং নমঃ। গন্ধো নমঃ। পুষ্পং বৌষট্। পুষ্পাঞ্জলিঃ বৌষট্। (ইতি পঞ্চ পুষ্পাঞ্জলি দানান্তে) ধূপো নমঃ, দীপো নমঃ, পুনশ্চ পুষ্পাঞ্জলিত্রয় দান, নৈবেদ্যং নিবেদয়ামি। পানার্থজলং নমঃ। আচমনীয়ং স্বধা। তাম্বূলং নমঃ।" পরে মূলমন্ত্রে চন্দন ও বিবিধ সুগন্ধি পুষ্প ভগবদ্গাত্রে দিবে। তৎপরে পুষ্পাঞ্জলিত্রয় দিয়া আবরণদেবতাদিগকে অর্চ্চনা করিবে। যথা— এতে গন্ধপুষ্পে ক্লাং হৃদয়ায় নমঃ। ক্লীঁ শিরসে স্বাহা। ক্লূং শিখায়ৈ বষট্। ক্লৈং কবচায় হুং। ক্লৌং নেত্রাভ্যাং বৌষট্। ক্লঃ অস্ত্রায় ফট্। ওঁ বেণবে নমঃ। ওঁ কৌস্তুভায় নমঃ। ওঁ বনমালায়ৈ নমঃ। ওঁ মকরকুণ্ডলায় নমঃ। ওঁ নৃসিংহাবতারায় নমঃ। ওঁ পরশুরামাবতারায় নমঃ। ওঁ শ্রীরামচন্দ্রাবতারায় নমঃ। ওঁ বলরামাবতারায় নমঃ। ওঁ বুদ্ধাবতারায় নমঃ। ওঁ কল্ক্যবতারায় নমঃ।

তদনন্তর পূর্ব্বোক্ত স্তব (৬৯৮ পৃঃ) পাঠ করিয়া নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

ওঁ কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ॥

পরে আরাত্রিক করিয়া তান্ত্রিকবিধানে বহ্নিস্থাপন পূর্ব্বক নিম্নলিখিতরূপে সঙ্কল্প করত হোম করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকদেবতাপ্রীতিকামঃ ক্লীং স্বাহেতিমন্ত্রেণ সতিলাজ্যাষ্টোত্তরশতসংখ্যক-( অষ্টাবিংশতি বা ) করবীরসমিৎ-করণকৈকৈকশো হোমমহং করিষ্যে।

সঙ্কল্পবাক্যমধ্যে যে স্থানে "করবীরসমিধ" আছে, উডুম্বরসমিধ হইলে তথায় "উডুম্বরসমিধ" উচ্চার্য্য। পরে মহাব্যাহৃতি হোম করিয়া 'ক্লীং' মন্ত্রে পূর্ণাহুতি, ভস্মতিলককরণ, দক্ষিণান্ত, স্বশাখোক্ত শান্তিমন্ত্রে শান্তি ও অচ্ছিদ্রাবধারণ করিতে হয়।

ইতি চন্দনীয়পুষ্পদোলযাত্রা।

( জ্যৈষ্ঠকৃত্য )

## স্নানযাত্রা।

জ্যৈষ্ঠমাসের পূর্ণিমাতে স্নানযাত্রা কর্ত্তব্য। চতুর্দ্দশীর রাত্রিতে ইষ্টকা-নির্ম্মিত মঞ্চে শ্রীকৃষ্ণের পূজা করিয়া অধিবাস কর্ত্তব্য। পরদিন পৌর্ণমাসীতে প্রাতঃকৃত্যাদি শেষ করিয়া স্বস্তিবাচন করত সঙ্কল্প করিবে, যথা— "বিষ্ণুরোম্ তৎসদদ্য জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গফলপ্রাপ্তিকামঃ শ্রীকৃষ্ণস্য স্নানযাত্রামহং করিষ্যে।"

অনন্তর সূক্তপাঠ ও যথাশক্তি উপচারে অর্চ্চনা করত মহাস্নান করাইবে, যথা—অগ্রে শঙ্খজল দ্বারা—"ওঁ পুণ্যস্ত্বং শঙ্খ পুণ্যানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্। বিষ্ণুনা বিধৃতো নিত্যং মহাশান্তিং প্রযচ্ছ মে॥" গোময় দ্বারা—"ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥" দুগ্ধ দ্বারা—"ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং ভবাবাজস্য সঙ্গথে॥" দধি দ্বারা—"ওঁ দধি ক্রাব্ণোঽকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ সুরভিনো মুখাকরৎ প্রণ আয়ূংষি তারিষৎ॥" ঘৃত দ্বারা—"ওঁ তেজোঽসি

শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্ট্যং দেবযজনমসি॥" ওঁ দেবস্য ত্বা ইত্যাদি দ্বারা কুশোদকে স্নানান্তে গায়ত্রীপাঠ সহকারে গোময়-গোমূত্রাদি একত্র করত—"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্॥ ওঁ অমুকদেবতায়ৈ নমঃ।" মন্ত্রে স্নান করাইবে। অনন্তর পঞ্চামৃত দ্বারা ও কলসোদক দ্বারা স্নান করাইয়া পুরুষসূক্ত মন্ত্র দ্বারা স্নান করাইবে, যথা—"ওঁ তদ্বিষ্ণোরিত্যাদি স্বাহা, ওঁ বিষ্ণবে নমঃ" (যে দেবতা, সেই নাম উচ্চার্য্য) বলিয়া স্নান করাইবে। পরে "ওঁ সহস্রশীর্ষা" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া অন্তে স্বাহা যোগ করত স্নান করাইতে হয়।

পুরুষসূক্ত মন্ত্র যথা—ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং সর্ব্বতো বৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥ ওঁ পুরুষ এবেদং সর্ব্বং যদ্ভূতং যচ্চ ভাব্যম্। উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতি রোহতি স্বাহা। ওঁ ত্রিপাদূর্দ্ধ উদৈৎ পুরুষঃ। পাদোঽস্যেহাভবৎ পুনঃ। ততো বিশ্বঙ্‌ ব্যক্রামৎ সাশনানশনেঽভি স্বাহা। ওঁ ততো বিরাড়জায়ত বিরাজোঽধি পুরুষঃ। স জাতোঽত্যরিচ্যত পশ্চাদ্ভূমিমথো পুরঃ স্বাহা। ওঁ তস্মাদ্‌যজ্ঞাৎ সর্ব্বহুতঃ সম্ভৃতং পৃষদাজ্যং পশূংস্তাংশ্চক্রে বায়ব্যা নারণ্যা গ্রাম্যাশ্চ যে স্বাহা। ওঁ তস্মাদ্‌যজ্ঞাৎ সর্ব্বহুত ঋচঃ সামানি জজ্ঞিরে। ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদ্‌যজুস্তস্মাদজায়ত॥ ওঁ তস্মাদশ্বা অজায়ন্ত যে কেচোভয়াদতঃ গাবো হ জজ্ঞিরে তস্মাত্তস্মাজ্জাতা অজাবয়ঃ স্বাহা। ওঁ তং যজ্ঞং বর্হিষি প্রৌক্ষন্ পুরুষং জাতমগ্রতঃ। তেন দেবা অযজন্ত সাধ্যা ঋষয়শ্চ যে স্বাহা। ওঁ যৎ পুরুষং ব্যদধুঃ কতিধা ব্যকল্পয়ন্মুখং কিমস্যাসীৎ কিং বাহূ কিমূরূ পাদাবুচ্যেতে স্বাহা। ওঁ ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ বাহূ রাজন্যকঃ কৃতঃ। উরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রো অজায়ত স্বাহা। ওঁ চন্দ্রমা মনসো জাতশ্চক্ষোঃ সূর্য্যো অজায়ত। শ্রোত্রাদ্বায়ুশ্চ প্রাণশ্চ মুখাদগ্নিরজায়ত স্বাহা। ওঁ নাভ্যা আসীদন্তরিক্ষং শীর্ষ্ণো দ্যৌঃ সমবর্ত্তত। পদ্ভ্যাং ভূমির্দ্দিশঃ শ্রোত্রাত্তথা লোকানকল্পয়ন্ স্বাহা। ওঁ যৎপুরুষেণ হবিষা দেবা যজ্ঞমতন্বত। বসন্তোঽস্যাসীদাজ্যং গ্রীষ্ম ইধ্মঃ শরদ্ধবিঃ স্বাহা। ওঁ সপ্তাস্যাসন্ পরিধয়স্ত্রিঃসপ্ত সমিধঃ কৃতাঃ। দেবা যদ্‌যজ্ঞং তন্বানা অবধ্নন্ পুরুষং পশুং স্বাহা। ওঁ যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবাস্তানি ধর্ম্মাণি প্রথমান্যাসন্। তেহ নাকং মহিমানঃ সচন্ত যত্র পূর্ব্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ স্বাহা।

অনন্তর দোলযাত্রাপ্রকরণোক্ত পাবমানীসূক্তে স্নাপনান্তে ষোড়শোপচারে অর্চ্চনা পূর্ব্বক স্তবপাঠান্তে "ওঁ জয়স্ব রামকৃষ্ণেতি জয় ভদ্রেতি যো বদেৎ।

স্নানকালে স বৈ মুক্তিং প্রয়াতি দ্বিজসত্তমঃ ॥" মন্ত্রে প্রণাম করিয়া ভগবান্‌কে দর্শন করত পরে দক্ষিণাবাক্য, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিবে।

(আষাঢ়-কৃত্য)

## রথযাত্রা।

. আষাঢ়ের শুক্লা দ্বিতীয়াতে পুষ্যানক্ষত্র হইলে সেই দিবস অরুণোদয়ে জগন্নাথদেবের রথযাত্রা হয়। সেই দিনে মহোৎসব ও বহু ব্রাহ্মণ-ভোজন করান কর্ত্তব্য। পুষ্যা নক্ষত্র না হইলেও তিথিমাহাত্ম্য নিবন্ধন ঐ সকল কর্ম্ম করা উচিত। কারণ, তাহাতে ভগবান্ প্রীত হন। শাস্ত্রেও ইহার প্রমাণ আছে, যথা—

আষাঢ়স্য সিতে পক্ষে দ্বিতীয়া পুষ্যসংযুতা। তস্যাং রথে সমারোপ্য রামং মাং ভদ্রয়া সহ॥ যাত্রোৎসবং প্রকুর্ব্বীত প্রীণয়েচ্চ দ্বিজান্ বহূন্। ঋক্ষাভাবে তিথৌ কার্য্যা সদা সা প্রীতয়ে মম॥

পূজা-প্রণালী—কৃতনিত্যক্রিয় হইয়া স্বস্তিবাচন ও 'সূর্য্যঃ সোমো' ইত্যাদি মন্ত্র পাঠান্তে উত্তরাস্যে বসিয়া নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য আষাঢ়ে মাসি শুক্লে পক্ষে দ্বিতীয়ায়াস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বিষ্ণুলোকগমনকামো গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং শ্রীকৃষ্ণস্য রথযাত্রামহং করিষ্যে।

অনন্তর কিঞ্চিৎ অক্ষত লইয়া করপুটে "ওঁ সঙ্কল্পিতার্থাঃ সিদ্ধাঃ সন্তু" বলিয়া উহা ছড়াইয়া দিবে। পরে স্বশাখোক্ত সঙ্কল্পসূক্ত পাঠ করিয়া সামান্যার্ঘ্যাদি স্থাপন এবং গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদি-নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌-পাল্ ইত্যাদির অর্চ্চনা করিয়া বাং মন্ত্রে প্রাণায়াম করত নিম্নলিখিতরূপে করন্যাস করিবে, যথা—করন্যাস—বাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। বীং তর্জ্জনীভ্যাং স্বাহা। বুং মধ্যমাভ্যাং বষট্। বৈং অনামিকাভ্যাং হুং। বৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্। বঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। অঙ্গন্যাস যথা—বাং হৃদয়ায় নমঃ। বীং শিরসে স্বাহা। বুং শিখায়ৈ বষট্। বৈং কবচায় হুং। বৌং নেত্রাভ্যাং বৌষট্। বঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

পরে বাম হাতে একটি ফুল রাখিয়া, দক্ষিণহস্ত দ্বারা আবরণ করত নিম্নলিখিতরূপে জগন্নাথের ধ্যান করিবে। যথা—

ওঁ পীনাঙ্গং দ্বিভুজং কৃষ্ণং পদ্মপত্রায়তেক্ষণম্। মহোরসং মহাবাহুং পীতবস্ত্রং শুভাননম্॥ শঙ্খচক্রগদাপাণিং মুকুটাঙ্গদভূষণম্। সর্ব্বলক্ষণসংযুক্তং বনমালা-বিভূষিতম্॥ দেবাদনবগন্ধর্ব্ব-যক্ষবিদ্যাধরোরগৈঃ। সেব্যমানং সদা দারুং কোটিসূর্য্যসমপ্রভম্। ধ্যায়েন্নারায়ণং দেবং চতুর্ব্বর্গফলপ্রদম্॥

পরে বামহস্তের ফুলটি নিজ মস্তকে দিয়া মানসপূজা করিয়া নিম্নলিখিত-রূপে বিশেষার্ঘ্য স্থাপন করিবে, যথা—

স্ববামে একটি ত্রিকোণ মণ্ডল অঙ্কন ও তাহার উপরি ত্রিপদিকা স্থাপন করিয়া শঙ্খাদি পাত্র বামকরে ধরিয়া "ফট্" মন্ত্রে গৃহীত দক্ষিণ করে জল দ্বারা তৎশঙ্খাদি-পাত্র ধৌত করত তদুপরি ত্রিপদিকা রাখিয়া "নমঃ" মন্ত্রে ত্রিভাগ জল দ্বারা পূরণ করিবে। পরে নিম্নলিখিত মন্ত্রে তীর্থ আবাহন করিবে, যথা—

"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধু-কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥"

অনন্তর "বাং" মন্ত্রে দূর্ব্বা, তণ্ডুল, গন্ধ, পুষ্প, তুলসী শঙ্খাদিপাত্রে রাখিয়া এতে গন্ধেপুষ্পে মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, ইতি ত্রিপদিকায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, ইতি শঙ্খে, উং সোমমণ্ডলায় ষোড়শকলা-ত্মনে নমঃ, ইতি জলে পূজা করিয়া গঙ্গে চেত্যাদি মন্ত্রে তীর্থাবাহন, ধেনুমুদ্রা ও অস্ত্রমুদ্রা প্রদর্শন ও মৎস্যমুদ্রা দ্বারা আবরণ পূর্ব্বক "বাং" মন্ত্র দশধা উহার উপর জপ করিবে। পরে অর্ঘ্যপাত্রের কিঞ্চিৎ জল কোশার জলে গ্রহণ করত ঐ জল স্বীয় মস্তকে এবং পূজার যাবতীয় দ্রব্যে অভ্যুক্ষণ করিয়া পীঠপূজা এবং পুনর্ধ্যানান্তে ষোড়শোপচারে দেবতাকে অর্চ্চনা করিবে। সকল পূজারই এই নিয়ম, কেবল দেবদেবীর মূলমন্ত্র পৃথক্। জগন্নাথ, বলভদ্র, সুভদ্রা সকলেরই ষোড়শোপচারে অর্চ্চনা কর্ত্তব্য। ধ্যান ধ্যানপ্রকরণে লিখিত আছে। অনন্তর সারথির পূজা, হোম ও স্তুতি পাঠ করিয়া প্রণাম করত নিম্নলিখিতরূপে জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রার স্তব পাঠ করিবে, যথা—

জগন্নাথ-স্তোত্র।—ওঁ দেবদেব জগন্নাথ সংসারার্ণবতারক। ভক্তানুগ্রাহক-শ্চৈব রক্ষ মাং পাপতো নরম্॥ জয় কৃষ্ণ জগন্নাথ জয় সর্ব্বাঘনাশন। জয়াশেষ-জগদ্বন্দ্যপাদাম্ভোজ নমোঽস্তু তে॥ জয় ব্রহ্মাণ্ডকোটীশ বেদ-নিঃশ্বাসধারক। অশেষজগদাধার পরমেশ নমোঽস্তু তে॥ জয় ব্রহ্মেন্দ্ররুদ্রাদি-দেবৌঘপ্রণতার্ত্তি-মুৎ। জয়াখিলজগদ্বন্দ্য অন্তর্যামিন্নমোঽস্তু তে॥ জয় নির্ব্ব্যাজকরুণ অশেষ-দীনবৎসল। দীননাথৈকশরণ বিশ্বসাক্ষিন্নমোঽস্তু তে॥

বলভদ্র-স্তোত্র।—জয়াখিলজগদ্ভার-ধারণশ্রমবর্জ্জিত। তাপত্রয়বিকর্ষায় মহাহলবতে সদা॥ প্রসন্ন করুণাসিন্ধো দীনবন্ধো জগৎপতে। চরাচরময়ী যেন ধৃতা নিত্যং বসুন্ধরা॥ মামুদ্ধরস্ব দুষ্পারাদম্ভোধেরেনসো বিভো। পরাপরাণাং পরম পরমেশ নমোঽস্তু তে॥

সুভদ্রাস্তোত্র।—ওঁ জয় দেবি মহাদেবি প্রসীদ ভবস্বামিনি। কার্য্যাকার্য্য-স্বরূপাণাং কর্ম্মণাঞ্চ বিধায়িনি॥ ধারণাং ধার্য্যমাণানাং ত্বামম্বাং প্রণমাম্যহম্। সুভদ্রাং রুদ্ররূপাঞ্চ গুণভূতাং নমাম্যহম্॥

পরে রথোৎসর্গ করত দেবতাকে রথে আরোহণ করাইয়া সাতবার প্রদক্ষিণ করিবে, জয় জয় ধ্বনি করিবে, সংকীর্ত্তন করিবে এবং সাতবার বা তিনবার রথচালনা করিবে। তৎপরে সন্ধ্যাকালে স্বমন্দিরে আনিয়া অভিষেক (দোলপ্রকরণোক্ত) এবং হোম করিয়া পূর্ব্ববৎ অর্চ্চনা করিবে। পরে দশমী তিথিতে পুনর্যাত্রা করিবে। মতান্তরে নবমীদিনে কর্ত্তব্য।

ইতি রথযাত্রাপদ্ধতি।

---

(শ্রাবণকৃত্য)

## শয়নযাত্রা। *

আষাঢ়ী শুক্লা দ্বাদশীতে বিষ্ণু শয়ান হন, ভাদ্রমাসের শুক্লা দ্বাদশীতে পার্শ্বপরিবর্ত্তন করেন এবং কার্ত্তিকমাসের শুক্লা দ্বাদশীতে তাঁহার উত্থান হয়, প্রমাণ যথা—

শেতে বিষ্ণুঃ সদাষাঢ়ে ভাদ্রে চ পরিবর্ত্ততে।
কার্ত্তিকে পরিবুধ্যেত শুক্লপক্ষে হরের্দ্দিনে॥

রাত্রিকালে শয়ন, দিবাভাগে উত্থান এবং সন্ধ্যাসময়ে বিষ্ণুর পার্শ্বপরিবর্ত্তন করিতে হয়। প্রমাণ যথা—

নিশি স্বপ্নো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনম্॥

পূজাবিধি।—স্বস্তিবাচনান্তে নিম্নোক্তবাক্যে সঙ্কল্প করিবে, যথা—

"অদ্যেত্যাদি আষাঢ়ে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যান্তিথৌ অমুকগোত্রঃ অমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গফল-প্রাপ্তিকামঃ শ্রীবিষ্ণোঃ শয়নযাত্রামহং করিষ্যে।"

* আষাঢ় মাস মলমাস হইলে হরিশয়ন শ্রাবণ মাসেই হয়, তদনুসারে যাত্রাতত্ত্বে শয়নযাত্রা শ্রাবণকৃত্য বলিয়া পরিগণিত হইয়াছে।

পরে সূক্তপাঠান্তে গণেশাদি দেবতার অর্চ্চনা করিয়া একশত পলপ্রমাণ পঞ্চামৃত গ্রহণ পূর্ব্বক উহা শোধনান্তে তদ্দ্বারা দেবতাকে স্নান করাইবে। * পরে করযোড়ে পাঠ করিবে, যথা—

"ওঁ এহেহি ভগবন্ দেব সর্ব্বলোকৈকজীবন। স্নানার্থং চতুরো মাসান্ গৃহাণ কল্পয়ামি বৈ।"

এই মন্ত্রে বারিধারা দ্বারা দেবতাকে স্নান, ধৌতবাস দ্বারা মার্জ্জনা ও আসনে সংস্থাপন করত অঙ্গন্যাস-করন্যাস করিয়া যথাধ্যানে যথাশক্তি উপচারে পূজা, জপ, প্রদক্ষিণ, স্তবপাঠ ও প্রণাম করিবে। তৎপরে লক্ষ্মী, সরস্বতী ও ইন্দ্রের অর্চ্চনা করিয়া পঞ্চোপচারে নিম্নলিখিতরূপে আবরণপূজা করিবে, যথা—

"ধর্ম্মায় নমঃ। অধর্ম্মায় নমঃ। জ্ঞানায় নমঃ। অজ্ঞানায় নমঃ। ইন্দ্রায় নমঃ। গঙ্গায়ৈ নমঃ। যমুনায়ৈ নমঃ। সরস্বত্যৈ নমঃ। ঐশ্বর্য্যায় নমঃ। বাস্তুপুরুষায় নমঃ। অনন্তায় নমঃ। বরুণায় নমঃ। সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ। সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ।

তৎপরে ভোগান্নাদি নিবেদন করিয়া পুনর্ব্বার যথাশক্তি জপ করিয়া "গুহ্যাতি" মন্ত্রে জপ সমর্পণ করিবে এবং বারত্রয় পুষ্পাঞ্জলি দিয়া নিম্নকথিত মন্ত্রে দেবতাকে উত্তম শয্যা রচনা করিয়া উত্তমভাবে শয়ন করাইবে। যে মূর্ত্তি শয়ন করান অসম্ভব, সে স্থলে মন্ত্র পাঠ করিয়া মনে মনে শয়নের কল্পনা করাই কর্ত্ত্য। মন্ত্র যথা—

"ওঁ নমো নারায়ণায়। ওঁ পশ্যন্তু মেঘান্যপি মেঘশ্যামং, হ্যুপাগতং সিচ্যমানাং মহীমিমাম্। নিদ্রাং ভগবান্ গৃহ্ণাতু লোকনাথ, বর্ষাম্বিমাং পশ্যতু মেঘবৃন্দম্॥ জ্ঞাত্বৈব পশ্যৈব চ লোকনাথ মাসাশ্চত্বারি বৈকুণ্ঠস্য চ পশ্য নাথ॥

ওঁ ত্বয়ি সুপ্তে জগন্নাথ জগৎ সুপ্তং ভবেদিদম্।
প্রবুদ্ধে ত্বয়ি বুধ্যেত জগৎ সর্ব্বং চরাচরম্॥

এই মন্ত্রে গন্ধপুষ্পযোগে পূজা করিয়া তৎপরে দক্ষিণাপ্রদান ও অচ্ছিদ্রাবধারণ করিয়া ব্রাহ্মণভোজন করাইতে হয়। †

---

* স্নানমন্ত্র দোলপ্রকরণোক্ত অভিষেক দেখ।

† প্রতিপদ্ হইতে পূর্ণিমা পর্য্যন্ত এক একটি তিথি যথাক্রমে নিম্নলিখিত দেবতার পক্ষে শয়নাদিতে বিহিত যথা—ধনদ, শ্রী, ভবানী, গণেশ, সোমরাজ, কার্ত্তিকেয়; সূর্য্য, দুর্গা, মাতৃ, বাসুকি, ঋষি, নারায়ণ, অনঙ্গ, শিব, ব্রহ্মা।

## হিন্দোলোৎসব। *

শ্রাবণমাসের শুক্লপক্ষের একাদশী হইতে আরম্ভ করিয়া পাঁচ দিন বা তিন দিন যাবৎ হিন্দোলোৎসব সম্পাদন করিতে হয়। ভগবান্ গোবিন্দকে এই কয় দিন দোলায় আরোহণ করাইয়া যথাবিধানে পূজা করিতে হয়। ইহা দ্বারা যাবতীয় পাপক্ষয় হয় এবং ভুক্তিমুক্তিলাভ হইয়া থাকে। এই সময়ে দোলারূঢ় ভগবান্‌কে দেখিলে মুক্তিলাভ হয় এবং ব্রহ্মহত্যাদি পঞ্চবিধ মহাপাপ ক্ষয় হইয়া যায়। প্রমাণ যথা—

তদা পশ্যন্তি যে কৃষ্ণং মুক্তিস্তেষাং ন সংশয়ঃ।
ব্রহ্মহত্যাদিপাপানাং পঞ্চানাং সংক্ষয়ো ভবেৎ॥

পুষ্প দ্বারা বৃন্দাবন নির্ম্মাণ পূর্ব্বক মল্লিকা, অশোক, পুন্নাগ, চম্পক প্রভৃতি পুষ্প দ্বারা পরিশোভিত চতুরস্র দোলমণ্ডপ প্রস্তুত করিবে। মনোহর তোরণ প্রস্তুত করিয়া মাল্যচামরাদি দ্বারা সুশোভিত করিতে হয়। তন্মধ্যে বেদিকা নির্ম্মাণ করত ভগবান্‌কে পূজা করিবে।

পূজা-প্রণালী।—প্রাতঃস্নানান্তে কৃতনিত্যক্রিয় হইয়া শুদ্ধাসনে উপবেশন পূর্ব্বক আচমন, স্বস্তিবাচন ও সূর্য্যঃ সোম ইত্যাদি পাঠ করত নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

ওমদ্যেত্যাদি শ্রাবণে মাসি শুক্লে পক্ষে একাদশ্যান্তিথাবারভ্য দিনপঞ্চকং দিনত্রয়ং বা যাবৎ শ্রীভগবদ্‌গোবিন্দপ্রীতিকামো শ্রীগোবিন্দস্য হিন্দোলোৎসব-মহং করিষ্যে।

অনন্তর আসনশুদ্ধ্যাদি ও গণেশাদি দেবতার পূজা করিয়া "ফুল্লেন্দীবর" ইত্যাদি ধ্যান করত স্বীয় মস্তকে পুষ্প দিয়া মানসোপচারে পূজা, অর্ঘ্যস্থাপন ও পুনর্ধ্যান করিয়া "ওঁ গোবিন্দায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে পূজা করিবে। তৎপরে শঙ্খধ্বনি ও অন্যান্য বাদ্যবাদন সহকারে ভগবান্‌কে রত্নদোলিকায় ভদ্রাসনে আরোহণ করাইয়া নিম্নলিখিত প্রার্থনা পাঠ করিবে, যথা—

আগচ্ছন্ত্বত্র বৈ দেবা পিতামহপুরোগমাঃ।
দ্রষ্টুম্ ঋষিগণৈঃ সার্দ্ধং গোবিন্দস্য মহোৎসবম্॥

অনন্তর লক্ষ্মীর পূজা করিয়া বসুদেবাদি আবরণ-দেবতার পূজা করিবে,

* হিন্দোলোৎসব ও রাসোৎসব ইহা স্মার্ত্তসম্মত দ্বাদশ যাত্রার অন্তর্গত নহে, কিন্তু ইহাও ভগবানের লীলা-উৎসব বলিয়া যাত্রাপ্রকরণে নিবেশিত হইল।

অর্থাৎ "ওঁ বসুদেবায় নমঃ" এই প্রণালীতে প্রণবাদি নমোঽন্ত মন্ত্রে "দেবক্যৈ, রোহিণ্যৈ, বলদেবায়, দ্বাদশবালকেভ্যঃ, নন্দায়, যশোদায়ৈ" এই সকলের অর্চ্চনা করিবে। তৎপরে নিম্নলিখিত স্তব পাঠ করত সপ্তবার দোলায় ভগবান্‌কে আন্দোলন প্রদান পূর্ব্বক বহ্নিস্থাপন করত অষ্টোত্তরশত করবীর-পুষ্পে বিষ্ণুহোম কর্ত্তব্য। তৎপরে দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণাদি করিবে।

পরে স্তোত্রপাঠ করিবে, যথা—

বল্লবীবৃন্দমধ্যস্থং কদম্বতরুমধ্যগম্। হাবহাস্যবিলাসৈস্তু ক্রীড়মানং বনান্তরে। গোপীভিশ্চৈব গোপালৈর্লীলান্দোলিতযানগম্। নমামীশ্বরং সচ্চিদানন্দরূপং, লসৎকুণ্ডলং গোকুলে ভ্রাজমানম্। যশোদাভিয়োলুখলে ধাবমানং, পরামৃষ্টমত্যন্ততো দ্রুত্যগোপ্যা॥ রুদন্তং মুহুর্নেত্রযুগ্মং মৃজন্তং, করাম্ভোজযুগ্মেন সাতঙ্কনেত্রম্। মুহুঃশ্বাসকম্পত্রিরেখাঙ্ককণ্ঠস্থিতং নৌমি দামোদরং ভক্তিবন্দ্যম্॥ ইতীদৃগ্‌লীলাভিরানন্দসিন্ধৌ, সঘোষং নিমজ্জয়ন্তমাখ্যাপয়ন্তম্। স্বদীয়েপ্সিতজ্ঞেষু ভক্তৈর্জিতত্বং, পুনঃ প্রেমতস্তাং শতাবৃত্তি বন্দে। বরং দেব দেহীশ মোক্ষাবধি বৃথা, নান্যং বৃণেঽহং বরেশাদপীহ। ইদন্তে বপুর্নাথ গোপালবালং, সদা মে মনস্যাবিরাস্তাং কিমন্যৈঃ। ইদন্তে মুখাম্ভোজমত্যন্তনীলৈর্বৃতং কুন্তলৈঃ স্নিগ্ধবক্রৈশ্চ গোপ্যা। মুহুশ্চুম্বিতং বিম্বরক্তাধরং মে, মনস্যাবিরাস্তামলং লক্ষলাভৈঃ॥ নমো দেব দামোদরানন্ত বিষ্ণো, প্রসীদ প্রভো দুঃখজালাব্ধিমগ্নম্। কৃপাদৃষ্টিবৃষ্ট্যাতিদীনং বতানুগৃহাণেশ মামজ্ঞমেবাক্ষিদৃশ্যম্॥ কুবেরাত্মজৌ বীক্ষ্য মূর্ত্তী চ যদ্বত্ত্বয়া মোচিতৌ ভক্তিভাজৌ কৃতৌ চ। তথা প্রেমভক্তিং স্বকাং মে প্রযচ্ছ, ন মোক্ষে গ্রহো মেঽস্তি দামোদরেহ॥ নমস্তে সুদাম্নে স্ফুরদ্দীপ্তধাম্নে, ত্বদীয়োদরায়াথ বিশ্বস্য ধাম্নে। নমো রাধিকায়ৈ ত্বদীয়প্রিয়ায়ৈ, নমোঽনন্তলীলায় দেবায় তুভ্যম্॥

---

(ভাদ্রকৃত্য)

## দক্ষপার্শ্বপরিবর্ত্তন-যাত্রা।

ভাদ্রমাসে শ্রবণানক্ষত্রযুক্তা শুক্লা দ্বাদশীতে শ্রীহরির পার্শ্বপরিবর্ত্তন-যাত্রা করিতে হয়। শ্রবণা নক্ষত্রের যোগ না হইলেও এই যাত্রা করিবে। বিষ্ণুকে জলাশয়ান্তিকে লইয়া গিয়া যথাবিধানে জল দ্বারা দক্ষিণাঙ্গ ও বামাঙ্গ অভ্যুক্ষণ পূর্ব্বক পূর্ব্বোক্তপ্রকারে সঙ্কল্লান্তে যথানিয়মে পূজা করিতে হয়।

পূজা-প্রণালী।—কৃতনিত্যক্রিয় হইয়া সায়ংসন্ধ্যাকালে শয়নযাত্রা-নিয়মে বিষ্ণুর পূজা করিয়া কৃতাঞ্জলিপুটে নিম্নলিখিত প্রার্থনাবাক্য পাঠ করিবে, যথা—

ওঁ বাসুদেব জগন্নাথ প্রাপ্তেয়ং দ্বাদশী তব।
পার্শ্বেন পরিবর্ত্তস্ব সুখং স্বপিহি মাধব॥
ওঁ ত্বয়ি সুপ্তে জগন্নাথ জগৎ সুপ্তং ভবেদিদম্।
বিবুদ্ধে ত্বয়ি বুধ্যেত জগৎ সর্ব্বং চরাচরম্॥

যৎকালে জলাশয়ান্তিকে লইয়া গিয়া পূজা করিবে, তখন নিম্নলিখিত মন্ত্রে অভ্যর্থনা করিতে হয়, যথা—

দেবদেব জগন্নাথ যোগিগম্য নিরঞ্জন।
কোটিস্নানং কুরুষ্বাদ্য মাসি ভাদ্রপদে শুভে॥

অনন্তর মহাপূজান্তে বৈষ্ণবদিগের পরিতোষ সম্পাদন করত দেবতাকে মন্দিরে লইয়া গিয়া পুনরায় যথাবিধানে অর্চ্চনা ও দ্রব্যাদি নিবেদন করিবে।

---

(আশ্বিনকৃত্য)

## বামপার্শ্ব-পরিবর্ত্তন।

আশ্বিন মাসের শ্রবণানক্ষত্রযুক্ত শুক্লা দ্বাদশীতে সায়ংকালে ভগবানের বামপার্শ্বপরিবর্ত্তন করাইবে। তদ্‌বিধি যথা—নিত্যক্রিয়ান্তে স্বস্তিবাচনাদি পূর্ব্বক সঙ্কল্প করিবে। যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে শ্রবণানক্ষত্রযুক্ত-দ্বাদশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গফল-প্রাপ্তিকামঃ শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা শ্রীবিষ্ণোর্বামপার্শ্বপরিবর্ত্তন-যাত্রামহং করিষ্যে। পরে সূক্ত পাঠ, যথাবিধি (চন্দনযাত্রা-প্রকরণোক্ত) শ্রীবিষ্ণুর পূজান্তে দক্ষিণপার্শ্বপরিবর্ত্তন-নিয়মে বামপার্শ্বপরিবর্ত্তন করাইয়া দক্ষিণান্ত অচ্ছিদ্রাবধারণাদি করিবে।

---

(কার্ত্তিককৃত্য)

## উত্থানযাত্রা বা ভগবৎ-প্রবোধন।

কার্ত্তিকী শুক্লা একাদশীর নাম উত্থান একাদশী। এই দিনে ভগবানের প্রবোধনোৎসব করিবে। ঐ একাদশীর পরবর্ত্তী দ্বাদশী তিথি রেবতী-নক্ষত্রের অন্ত্যপাদবিশিষ্ট হইলে দিবাভাগে দ্বাদশীতে বিষ্ণুর উত্থান হয়। রেবতীনক্ষত্রের

অন্ত্যপাদযোগ যদি রাত্রিকালে হয়, তবে দিনের তৃতীয় ভাগে অপরাহ্নে রেবতীসমন্বিত দ্বাদশীতে উত্থান হইবে। দ্বাদশী দিনে রেবতী-নক্ষত্র না ঘটিলে একাদশী হইতে পূর্ণিমার মধ্যে যে কোন তিথি রেবতী-নক্ষত্রের অন্ত্যপাদবিশিষ্ট হইবে, তাহাতেই কর্ত্তব্য। ঐ তিথির মধ্যে কোন তিথিই রেবতীবিশিষ্ট না হইলে দ্বাদশীর সন্ধ্যাসময়ে উত্থানক্রিয়া কর্ত্তব্য। দেবমূর্ত্তিকে জলাশয়নিকটে লইয়া গিয়া, প্রথমে স্বস্তিবাচনাদি সমাপনান্তে সঙ্কল্প করিবে। বাক্য যথা—"অদ্যেতাদি—কার্ত্তিকে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যাস্তিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গফল-প্রাপ্তিকামঃ ভগবদ্বিষ্ণোঃ প্রবোধন-যাত্রামহং করিষ্যে।"

পরে সূক্তাদি পাঠ, আসনশুদ্ধ্যাদি, ভূতশুদ্ধ্যাদি গণেশাদি দেবতাগণের অর্চ্চনা, করন্যাস ও অঙ্গন্যাস সমাপনান্তে দেবতাকে পুষ্পাঞ্জলি দিয়া প্রবোধনার্থ করযোড়ে পাঠ করিবে, যথা—

"ওঁ ব্রহ্মেন্দ্ররুদ্রাগ্নি-কুবেরসূর্য্য-সোমাদিভির্ব্বন্দিতপাদপদ্ম। বুধ্যস্ব দেবেশ জগন্নিবাস, মন্ত্র-প্রভাবেণ সুখেন দেব॥ ইয়ন্তু দ্বাদশী দেব প্রবোধার্থন্তু নির্ম্মিতা। ত্বয়ৈব সর্ব্বলোকানাং হিতার্থং শেষশায়িনা॥ উত্তিষ্ঠোত্তিষ্ঠ গোবিন্দ ত্যজ নিদ্রাং জগৎপতে। ত্বয়ি সুপ্তে জগৎ সুপ্তমুত্থিতে চোত্থিতং জগৎ॥ গতা মেঘা বিয়চ্চৈব নির্ম্মলং নির্ম্মলা দিশঃ। শারদানি চ পুষ্পাণি গৃহাণ মম কেশব॥ ত্বয়ি সুপ্তে জগন্নাথ জগৎ সুপ্তং ভবেদিদম্। উত্থিতে চেষ্টতে সর্ব্বমুত্তিষ্ঠোত্তিষ্ঠ মাধব॥ (মতান্তরে) ব্রহ্মেন্দ্ররুদ্রৈরভিনূয়মানো, ভবানৃষির্ব্বন্দিতবন্দনীয়ঃ। প্রাপ্তা তবেয়ং কিল কৌমুদাখ্যা, জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ॥ মেঘা গতা নির্ম্মলপূর্ণচন্দ্রঃ, শারদ্যপুষ্পাণি চ লোকনাথ। অহং দদানীতি চ ভক্তিহেতো-র্জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ॥

পরে "ইদং বিষ্ণুঃ"—ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া—"ওঁ যোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধপ্রেমা স্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্। উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদমধ্বা গিরাপনয়তাং পুরুষঃ পুরাণঃ॥" পাঠ করিবে।

পরে ধ্যানপাঠ সহকারে যথাশক্তি উপচারে অর্চ্চনান্তে জপাদি করিয়া প্রণাম এবং লক্ষ্মী ও সরস্বতীর পূজা করত দক্ষিণান্ত, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য-সমাধান করিবে। অনন্তর সংকীর্ত্তনাদি করিয়া দেবতাকে গৃহে লইয়া যাইতে হয়।

## রাস-পদ্ধতি।

প্রথমতঃ সায়ংসন্ধ্যাদি সমাপনান্তে রাসস্থলে সঙ্কল্পিত তরুসন্নিধানে উত্তরাস্যে কুশাসনে বসিয়া আচমন পূর্ব্বক স্বস্তিবাচন পাঠ করিবে, যথা—

কর্ত্তব্যেঽস্মিন্ রাধাসহিত-শ্রীভগবৎকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু ; ওঁ পুণ্যাহম্ ওঁ পুণ্যাহম্ ওঁ পুণ্যাহম্।

ঐ অক্ষত তাম্রপাত্রে ফেলিয়া পুনর্ব্বার তণ্ডুল লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্‌রাধাসহিতকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তোঽধিব্রুবন্তু—ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্‌রাধাসহিতকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধিব্রুবন্তু—ওঁ ঋধ্যতাম্ ওঁ ঋধ্যতাম্ ওঁ ঋধ্যতাম্।

পরে ঐ অক্ষতগুলি ছিটাইয়া দিয়া পুনর্ব্বার গুটিকত চাউল লইয়া স্ববেদ-বিহিত স্বস্তিসূক্ত পাঠ করিবে।

তৎপরে নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য কার্ত্তিকে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যাস্তিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীরাধাকৃষ্ণপ্রীতিকামঃ শ্রীরাধাসহিতকৃষ্ণস্য কল্পিত-নানাপুষ্পাদিরচিত-কল্পিতবৃক্ষপ্রতিষ্ঠা-পূর্ব্বকরাসোৎসবকর্ম্মাহং করিষ্যে। *

পুরোহিত বা কাহারও দ্বারা পূজা করা হইলে 'অমুকগোত্রঃ শ্রীঅমুকদেব-শর্ম্মা'—স্থলে 'অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ' উচ্চার্য্য। স্ত্রীলোকের নামে সঙ্কল্প হইলে তিনি স্বয়ং 'অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী' বলিবেন। পুরোহিত বা প্রতিনিধি হইলে "অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ" উচ্চার্য্য। অনন্তর যথাবিধি সূক্তপাঠান্তে বরণ করিবে।

তৎপরে পূজক সামান্যার্ঘ্যাদি স্থাপন, আসনশুদ্ধি (১৫২ পৃঃ) ভূতশুদ্ধি, গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল প্রভৃতির পূজা, মাতৃকান্যাস, বৈষ্ণবাচমন, কেশবকীর্ত্ত্যাদি ন্যাসান্তে 'ক্লীং' মন্ত্রে প্রাণায়াম করিয়া ঋষ্যাদিন্যাস করিবে। মন্ত্র যথা—

অস্য শ্রীকৃষ্ণমন্ত্রস্য নারদঋষির্বিরাট্‌ছন্দঃ শ্রীকৃষ্ণো দেবতা ক্লীং বীজং স্বাহা শক্তিঃ দুর্গাদেবী কীলকং পুরুষার্থসিদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি নারদঋষয়ে নমঃ,

---

* তান্ত্রিকবিধি অনুসারে রাসোৎসব করিলে 'তুলারাশিস্থে ভাস্করে' ইহা উল্লেখ্য।

মুখে বিরাট্‌ছন্দসে নমঃ, হৃদি রাধাকৃষ্ণাভ্যাং দেবতাভ্যাং নমঃ, গুহ্যে ক্লীং বীজায় নমঃ, পাদয়োঃ স্বাহা শক্তয়ে নমঃ, সর্ব্বাঙ্গে মন্ত্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ।

পরে করন্যাস।—ওঁ ক্লাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ ক্লীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ ক্লূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ ক্লৈং অনামিকাভ্যাং হুং, ওঁ ক্লৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ ক্লঃ অস্ত্রায় ফট্।

অনন্তর অঙ্গন্যাস।—ওঁ ক্লাং হৃদয়ায় নমঃ, ওঁ ক্লীং শিরসে স্বাহা, ওঁ ক্লূং শিখায়ৈ বষট্, ওঁ ক্লৈং কবচায় হুং, ওঁ ক্লৌং নেত্রাভ্যাং বৌষট্, ওঁ ক্লঃ অস্ত্রায় ফট্।

তৎপরে বৈষ্ণব পীঠন্যাস করিয়া "কিরীটকেয়ূর" ইত্যাদি মন্ত্রে সপ্তধা ব্যাপকন্যাস করিয়া কূর্ম্মমুদ্রাযোগে তন্মধ্যে ফুল লইয়া "ওঁ স্মরেৎ বৃন্দাবনে রম্যে" ইত্যাদি শ্রীকৃষ্ণের ধ্যান করিবে। পরে ফুলটি আপনার মাথায় দিয়া মানসপূজা-সমাপনান্তে বিশেষার্ঘ্যস্থাপন কর্ত্তব্য অর্থাৎ স্ববামে ত্রিকোণমণ্ডল আঁকিয়া তদ্‌গর্ভে "ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ" মন্ত্রে পূজা, এবং "ওঁ ফট্" মন্ত্রে অর্ঘ্যপাত্রজল দ্বারা শঙ্খপ্রক্ষালন পূর্ব্বক ত্রিপদিকাসহ-ত্রিকোণমণ্ডলের উপর রাখিবে এবং বীজ মন্ত্রে অর্ঘ্যপাত্রে অষ্টাঙ্গ অর্ঘ্য রাখিয়া ক্ষং লং হং ইত্যাদি বিলোম মাতৃকা-বর্ণে ও বীজমন্ত্রে শঙ্খে জল দ্বারা ত্রিভাগ পূরণ করিয়া পূজা করিবে। যথা—

ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ (ত্রিপদিকায়), ওঁ অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ (শঙ্খে), ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ (জলে)।

পরে "ওঁ গঙ্গে চ যমুনে" ইত্যাদি মন্ত্রে কূর্ম্মমুদ্রাযোগে সূর্য্যমণ্ডল হইতে সেই জলে তীর্থ আবাহন করত "ওঁ ক্লাং হৃদয়ায় নমঃ, ওঁ ক্লীং শিরসে স্বাহা, ওঁ ক্লূং শিখায়ৈ বষট্, ওঁ ক্লৈং কবচায় হুং, ওঁ ক্লৌং নেত্রাভ্যাং বৌষট্, ওঁ ক্লঃ অস্ত্রায় ফট্" এই মন্ত্রে ষড়ঙ্গপূজা করিবে। পরে তাহাতে গন্ধপুষ্পযোগে দেবতার পূজা করিয়া মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন করত মূলমন্ত্র অষ্টধা জপান্তে বম্ মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন পূর্ব্বক ছোটিকা দ্বারা দশদিগ্‌বন্ধন করত ধেনুমুদ্রায় অমৃতীকরণ, অর্ঘ্যপাত্রের দক্ষিণে অর্ঘ্যবৎ প্রোক্ষণীপাত্র স্থাপন, অর্ঘ্য-জল দ্বারা পূজোপকরণ এবং আত্মাকে অভ্যুক্ষণ, এই সমস্ত সমাপনান্তে নিম্ন-লিখিতরূপে পীঠদেবতার পূজা করিবে, যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ প্রকৃত্যৈ নমঃ,

এতে গন্ধপুষ্পে ওঁ কূর্ম্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ শ্বেতদ্বীপায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ মণিমণ্ডপায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ কল্পবৃক্ষায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ মণিবেদিকায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ রত্নসিংহাসনায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ধর্ম্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ জ্ঞানায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ বৈরাগ্যায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ঐশ্বর্য্যায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অধর্ম্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অজ্ঞানায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অবৈরাগ্যায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পদ্মায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অং সূর্য্যমণ্ডলায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সং সত্ত্বায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ রং রজসে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ তং তমসে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আং আত্মনে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অং অন্তরাত্মনে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পং পরমাত্মনে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ বিমলায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ উৎকর্ষিণ্যৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ জ্ঞানায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ক্রিয়ায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ যোগায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ প্রহ্ব্যৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সত্যায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অনুগ্রহায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বাত্মসংযোগযোগপদ্মপীঠাত্মনে নমঃ।

অনন্তর পুনর্ধ্যানান্তে নিম্নলিখিত মন্ত্রে আবাহন করিবে, যথা—

ওঁ আগচ্ছ পরমানন্দ সর্ব্বব্যাপিন্ জগন্ময়।
সান্নিধ্যং কুরু রাসার্থং গোপীভিঃ সহ মণ্ডলে॥

ওঁ শ্রীভগবন্ শ্রীকৃষ্ণ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিধেহি অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।

প্রতিষ্ঠিত বিগ্রহে আবাহন করিতে হয় না।

পরে ষোড়শোপচারে শ্রীকৃষ্ণদেবের অর্চ্চনা কর্ত্তব্য। যথা—

ওঁ রজতাসনায় নমঃ—ওঁ সর্ব্বান্তর্যামিনে দেব সর্ব্ববীজময়ং ততঃ। আত্মস্থায় পরং শুদ্ধমাসনং কল্পয়াম্যহম্॥ ইদং রজতাসনং ওঁ ক্লীং কৃষ্ণায় নমঃ। *

* প্রত্যেক বিশেষ মন্ত্রের পর উপচারের নাম উল্লেখ করিয়া "ওঁ ক্লীং কৃষ্ণায় নমঃ" বলিয়া দিবে।

ওঁ যস্য দর্শনমিচ্ছন্তি দেবা ব্রহ্মহরাদয়ঃ। কৃপয়া দেবদেবেশ মদ্‌গৃহে সন্নিধীভব॥ উদ্যতে পরমেশান স্বাগতং স্বাগতং ভবেৎ। কৃতার্থোঽহমনুগৃহীতোঽস্মি সফলং জীবিতন্তু মে॥ যদাগতোঽসি দেবেশ চিদানন্দময়াব্যয়। অজ্ঞানাদ্বা প্রমাদাদ্বা বৈকল্যাৎ সাধনস্য মে। যদপূর্ণং ভবেৎ কৃত্যং তথাপ্যতিসুখী ভব॥ শ্রীভগবন্ কৃষ্ণদেব স্বাগতং সুস্বাগতম্। (করপুটে পাঠ্য)

ওঁ যদ্ভক্তিলেশসম্পর্কাৎ পরমানন্দসম্ভবঃ। তস্মৈ তে চরণাব্জায় পাদ্যং শুদ্ধায় কল্পয়ে॥ এতৎ পাদ্যম্। ওঁ দেবানামপি দেবায় দেবানাং দেবতাত্মনে। আচামং কল্পয়ামীশ শুদ্ধায় শুদ্ধিহেতবে॥ ইদমাচমনীয়ম্। ওঁ তাপত্রয়হরং দিব্যং পরমানন্দলক্ষণম্। তাপত্রয়বিমোক্ষায় তবার্ঘ্যং কল্পয়াম্যহম্॥ ইদমর্ঘ্যম্।

পূর্ব্বস্থাপিত বিশেষার্ঘ্য উৎসর্গ করত তদ্দ্বারা আরাত্রিক কর্ত্তব্য। ওঁ সর্ব্বকল্মষহীনায় পরিপূর্ণং সুধাত্মকম্। মধুপর্কমিদং দেব কল্পয়ামি প্রসীদ মে॥ এষ মধুপর্কঃ।

ওঁ উচ্ছিষ্টোঽপ্যশুচির্ব্বাপি যস্য স্মরণমাত্রতঃ। শুদ্ধিমাপ্নোতি তস্মৈ তে পুনরাচমনীয়কম্॥ ইদং পুনরাচমনীয়ম্। ওঁ স্নেহং গৃহাণ স্নেহেন লোকনাথ মহাশয়। সর্ব্বলোকেষু শুদ্ধাত্মন্ দদামি স্নেহমুত্তমম্॥ ইদং গন্ধতৈলম্। ওঁ পরমানন্দবোধাব্ধিনিমগ্ননিজমূর্ত্তয়ে। সাঙ্গোপাঙ্গমিদং স্নানং কল্পয়াম্যহমীশ তে॥ ইদং স্নানীয়জলম্। ওঁ মায়াচিত্রপটাচ্ছন্ননিজগুহ্যোরুতেজসে। নিরাবরণবিজ্ঞান বাসস্তে কল্পয়াম্যহম্॥ ইদং বস্ত্রম্। ওঁ যমাশ্রিত্য মহামায়া জগৎসম্মোহিনী সদা। তস্মৈ তে পরমেশায় কল্পয়াম্যুত্তরীয়কম্॥ ইদমুত্তরীয়কম্। ওঁ যস্য শক্তিত্রয়েণেদং সম্প্রোতমখিলং জগৎ। যজ্ঞসূত্রায় তস্মৈ তে যজ্ঞসূত্রং প্রকল্পয়ে॥ ইদং যজ্ঞোপবীতম্। ওঁ স্বভাবসুন্দরাঙ্গায় নানাশক্ত্যাশ্রয়ায় তে। ভূষণানি বিচিত্রাণি কল্পয়াম্যমরার্চ্চিত॥ ইদমাভরণম্। ওঁ সমস্তদেবদেবেশ সর্ব্বতৃপ্তিকরং পরম্। অখণ্ডানন্দসম্পূর্ণ গৃহাণ জলমুত্তমম্॥ ইদং জলম্। ওঁ পরমানন্দসৌরভ্যপরিপূর্ণদিগন্তর। গৃহাণ পরমং গন্ধং কৃপয়া পরমেশ্বর॥ এষ গন্ধঃ। ওঁ তুরীয়গুণসম্পন্নং নানাগুণমনোহরম্। অমন্দসৌরভং পুষ্পং গৃহ্যতামিদমুত্তমম্॥ ইদং পুষ্পম্।

এই স্থলে নানাপুষ্প ও মাল্যাদি দিবে এবং নিম্নলিখিত মন্ত্রে তুলসী দিবে, যথা—

"ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা। এতৎ সচন্দনতুলসীপত্রম্।"

"ওঁ বনস্পতিরসোৎপন্নো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং

ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ ধূপঃ। ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরং জ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ দীপঃ। ওঁ সৎপাত্রসিদ্ধং সুহবিবিধানেকভক্ষণম্। নিবেদয়ামি দেবেশ সর্ব্বতৃপ্তিকরং পরম্॥ এতন্নৈবেদ্যম্। ওঁ সমস্তদেবদেবেশ সর্ব্বতৃপ্তিকরং পরম্। অখণ্ডানন্দসম্পূর্ণ গৃহাণ জলমুত্তমম্॥ ইদং পানার্থজলম্।" পুনর্ব্বার আচমনীয়দানের মন্ত্রপাঠ সহকারে আচমনীয় জল দিবে। "ইদমাচমনীয়জলম্।" ওঁ তাপত্রয়হরং দিব্যং কর্পূরাদিসুবাসিতম্। ময়া নিবেদিতং দেব তাম্বূলমিদমুত্তমম্॥ ইদং তাম্বূলম্।

অনন্তর প্রাণায়াম ও যথাশক্তি জপ করিয়া নিম্নলিখিত মন্ত্রে নমস্কার করিতে হয়, যথা—

অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতম্।
যত্তবাঙ্ঘ্রি পদদ্বন্দ্বে মূর্দ্ধা মে ভ্রমরায়তে॥

তৎপরে রাধিকা-পূজা।—"রাং" মন্ত্রে প্রাণায়াম ও করাঙ্গন্যাস করিয়া "ওঁ স্মেরাং গোরোচনাভাং" ইত্যাদি ধ্যান করিবে। পরে মানসপূজা ও বিশেষার্ঘ্যস্থাপনাদি করত ষোড়শোপচারে তাঁহার অর্চ্চনা করত নিম্নলিখিত স্তব পাঠ্য। যথা—

শ্রীরাধিকাচরণদ্বন্দ্বং বন্দে বৃন্দাবনাশ্রিতম্। সানন্দব্রহ্মরুদ্রেন্দ্রবন্দিতং তদহর্নিশম্॥ ত্বং দেবি জগতাং মাতর্বিষ্ণুমায়া সনাতনী। কৃষ্ণপ্রাণাধিকে দেবি বিষ্ণুপ্রাণাধিকে শুভে॥ কৃষ্ণপ্রেমময়ী শক্তিঃ কৃষ্ণসৌভাগ্যরূপিণী। কৃষ্ণভক্তিপ্রদে রাধে নমস্তে মঙ্গলপ্রদে॥ অদ্য মে সফলং জন্ম সার্থকং জীবনং মম। পূজিতাসি ময়া যা চ সা চ কৃষ্ণেন পূজিতা॥ কৃষ্ণবক্ষসি যা রাধা সর্ব্বসৌভাগ্যসংযুতা। রাসে রাসেশ্বরীরূপা বৃন্দাবনবনে বনে॥ কৃষ্ণপ্রিয়া চ গোলোকে তুলসীকাননে তু যা। চম্পাবতী কৃষ্ণসঙ্গে ক্রীড়াচম্পককাননে॥ চন্দ্রাবলী চন্দ্রবনে শতশৃঙ্গমতি সতী। বিরজাদর্পহন্ত্রী চ বিরজাতটকাননে॥ পদ্মাবতী পদ্মবনে কৃষ্ণা কৃষ্ণসরোবরে। ভদ্রা কুন্দকুটীরে চ কাম্যা চ কাম্যকাননে॥ বৈকুণ্ঠে চ মহালক্ষ্মীর্বাণী নারায়ণোরসি। ক্ষীরোদে সিন্ধুকন্যা চ মর্ত্ত্যে লক্ষ্মীর্হরিপ্রিয়া॥ সর্ব্বস্বর্গে সর্ব্বলক্ষ্মীর্দেবদুঃখবিনাশিনী। সনাতনী বিষ্ণুমায়া দুর্গা শঙ্করবক্ষসি॥ সাবিত্রী যা চ কলয়া সত্যবান্ ব্রহ্মবক্ষসি॥ কলয়া ধর্ম্মপত্নী ত্বং নরনারায়ণপ্রসূঃ। কলয়া তুলসী ত্বঞ্চ গঙ্গা ভুবনপাবনী॥ লোমকূপোদ্ভবা গোপ্যঃ কলাংশো রোহিণীপতিঃ। কলাংশকৃষ্ণরূপা চ শতরূপা

শচী দিতিঃ ॥ অদিতির্দেবমাতা চ তৎকলা চ হরিপ্রিয়া। দেব্যশ্চ মুনিপত্ন্যশ্চ তৎকলা কলয়া শুভে। কৃষ্ণভক্তিং কৃষ্ণদাস্যং দেহি মে কৃষ্ণপূজিতে ॥

তৎপরে নিম্নলিখিত মন্ত্রে প্রণাম করিবে, যথা—

তপ্তকাঞ্চনগৌরাঙ্গীং রাধাং বৃন্দাবনেশ্বরীম্।
বৃষভানুসুতাং দেবীং তাং নমামি হরিপ্রিয়াম্ ॥

পরে সাধ্যমত উপচারে চন্দ্রাবলী, রতিমঞ্জরী, শ্যামলা, শশিকলা, চিত্রা, সুমুখী, ললিতা, বিশাখা, মদনসুন্দরী, অঙ্গদেবী, সুদেবী, চম্পকলতা, তুঙ্গবিদ্যা, শশিরেখা, হরিপ্রিয়া, পদ্মা, শব্যা, ভদ্রা, ইঁহাদিগের অর্চ্চনা করিয়া "কোটিযোগিনীভ্যো নমঃ" বলিয়া অর্চ্চনা করত আরাত্রিক করিবে।

পূজাশেষে যথানিয়মে হোম করিবে। এই হোমে রক্তকরবীর-পুষ্পের সমিধ্ই প্রশস্ত বলিয়া শাস্ত্রে অভিহিত। নিম্নলিখিতরূপে হোমের সঙ্কল্প করিবে, যথা—

ওঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা শ্রীভগবদ্রাধাসহিতকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি শ্রীমদ্রাধাকৃষ্ণপ্রীতিকামঃ ওঁ ক্লীং স্বাহেতি মন্ত্রকরণকমেকৈকশঃ অষ্টাবিংশতিসংখ্যক-সাজ্যকরবীরসমিদ্ভি-র্হোমমহং করিষ্যে।

যজ্ঞডুমুরের সমিধ্ হইলে "সাজ্যকরবীর" স্থলে "সাজ্য-ওডুম্বর" উচ্চার্য্য। তৎপরে নিম্নোক্তমন্ত্রে রাসমণ্ডপ উৎসর্গ করিবে, যথা—

"এতস্মৈ সবস্ত্র-নানাপুষ্পাদি-রচিত-কল্পিতকল্পবৃক্ষায় নমঃ" এই ক্রমে অর্চ্চনা করিয়া "ওঁ এতৎসম্প্রদানাভ্যাং রাধাকৃষ্ণাভ্যাং নমঃ।" বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীরাধাকৃষ্ণপ্রীতিকামঃ ইমং সবস্ত্র নানাপুষ্পাদিরচিত-কল্পিতকল্পবৃক্ষমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীরাধাকৃষ্ণাভ্যাং যুবাভ্যামহং দদানি।

পরে অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যসমাধান ও দক্ষিণান্ত করিবে। দক্ষিণা-বাক্যেও "শ্রীরাধাকৃষ্ণাভ্যাম্" ইত্যাদি উচ্চার্য্য। তৎপরে গীতবাদ্যাদি উৎসব সহকারে বিগ্রহকে চারিবার মণ্ডপপ্রদক্ষিণ করাইয়া মণ্ডপমধ্যে স্থাপন করাইবে।

---

( অগ্রহায়ণকৃত্য )

## প্রাবরণোৎসব।

তত্রাগ্রহায়ণশুক্লষষ্ঠীপূর্ব্বদিনে সায়ংসময়ে স্বস্তিবাচনপূর্ব্বকং অধিবাসনসঙ্কল্পং কৃত্বা পূর্ব্ববৎ পূজয়িত্বাধিবাসয়েৎ। ততঃ পরদিনে কৃতনিত্যকৃত্যঃ স্বস্তিবাচন-পূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ। যথা—অদ্যেত্যাদি শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ শ্রীকৃষ্ণস্য মহাস্নানগণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক- বিষ্ণুপূজা- প্রাবরণোৎসব-যাত্রামহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য স্নানবেদ্যাং নীত্বা মহাস্নানং কারয়িত্বা বেদ্যাঃ সম্মুখে গৃহে বা পঞ্চবর্ণরজোভির্মণ্ডলং কৃত্বা তত্র কুম্ভং সংস্থাপ্য তদুপরি সপ্তবাসাংসি দদ্যাৎ। ততো মণ্ডলে পূর্ব্বাদিক্রমেণ ইন্দ্রাদিদশদিক্‌পালান্ সংপূজ্য তেভ্যো মাষভক্তবলিন্দত্বা বহিশ্চতুর্দ্দিক্ষু ক্ষেত্রপালং গণেশং চণ্ডং প্রচণ্ডঞ্চ পূজয়েৎ। ততঃ পূর্ব্ববৎ পূজয়েৎ। ততো যথাশক্তি পূর্ব্ববৎ হুত্বা মূলেন সপ্তভির্ব্বাসোভিঃ সপ্তধা দেবং মুখবর্জ্জং বেষ্টয়িত্বা দেবং পুনঃ পূজয়িত্বা পিষ্টকপ্রদীপাদিনা নির্ম্মঞ্চ্য ব্রাহ্মণান্ ভোজয়িত্বা দক্ষিণাচ্ছিদ্রাবধারণং কুর্য্যাৎ।

---

( পৌষকৃত্য )

## পুষ্যাভিষেকোৎসব।

পুষ্যার্ক্ষেণ চ সংযুক্তা পৌর্ণমাসী যদা ভবেৎ। পৌষে মাসি তদা কুর্য্যাৎ পুষ্যাস্নানোৎসবং হরেঃ। অত্র চ নক্ষত্রযোগে ফলাতিশয়ঃ। ঋক্ষাভাবে তিথৌ কার্য্যমিত্যাদি দর্শনাৎ। স্কান্দে—পৌষে মাসি পৌর্ণমাস্যাং পুষ্যা-স্নানোৎসবং হরেঃ। যাত্রাপূর্ব্বদিনে দেবমধিবাস্য চ পূর্ব্ববৎ। ততঃ প্রাতঃ পৌর্ণমাস্যাং কৃতনিত্যক্রিয়ঃ শুচিঃ। বৈষ্ণবেন বিধানেন বহ্নিং প্রজ্বালয়েদ্‌-গুরুঃ। ব্রহ্মবিষ্ণুশিবানাঞ্চ সাধয়েৎ সততং চরুম্। ততঃ পলাশসমিধা হুনে-দষ্টোত্তরং শতম্। মূলমন্ত্রেণ রাজেন্দ্র চরুহোমস্ততশ্চরেৎ। বিষ্ণুব্রহ্মশিবানাঞ্চ চরুশেষেণ দৈশিকঃ। দশদিগ্‌ভ্যো বলিন্দদ্যাৎ প্রাচ্যাদিক্রমযোগতঃ। এবং হুত্বা চ দেবেশং স্নানমণ্ডপমানয়েৎ। ভদ্রাসনে সুবিস্তীর্ণে বেদ্যাং বেদবিদাং বরঃ। মহাস্নানবিধানেন স্নাপয়েজ্জগদীশ্বরম্। মহাস্নানবিধিশ্চন্দনযাত্রোক্ত-বিধিঃ। এবমষ্টোত্তরশতকলসেন যথাবিধি স্নাপয়েৎ। ততো জলুঞ্চাপনীয় চন্দনাদ্যৈর্ব্বিভূষয়েৎ। পূজয়েচ্চ বিধানেন যথা বিভববিস্তরৈঃ। পূজা চ

লক্ষ্মীসহিতনারায়ণায় নমঃ ইতি মন্ত্রেণ কার্য্যা। লক্ষ্মীসহিতত্বে বাথ নারায়ণং সমর্চ্চয়েদিতি বচনাৎ। কিন্তু যৎ প্রাক্ হোমবিধানং তৎ মহাস্নানপূজানন্তরং কর্ত্তব্যমিতি সাম্প্রদায়িকাঃ, সর্ব্বত্র পূজাবসানে হোমদৃষ্টত্বাৎ। ততশ্চ বিবিধৈ-স্তোত্রৈর্দ্দেবং সংস্তুত্য ভক্তিতঃ। নৃত্যগীতাদিবাদ্যৈশ্চ ততঃ কুর্য্যান্মহোৎসবম্॥ পুষ্যাস্নানোৎসবং পুণ্যং যে কুর্ব্বন্তি মুদান্বিতাঃ। সম্পন্নাঃ সর্ব্বকামাস্তে ব্রজেয়ুর্বৈষ্ণবং পদম্॥

প্রয়োগঃ—তত্র যাত্রাপূর্ব্বদিনে সায়ংসময়ে কৃতনিত্যকৃত্যঃ স্বস্তিবাচন-পূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ। অদ্যেত্যাদি শ্রীকৃষ্ণস্য শ্বঃকর্ত্তব্য-পুষ্যাভিষেকোৎসব-কর্ম্মাঙ্গভূত-গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকশুভাধিবাসনকর্ম্মাহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য পূর্ব্ববদধিবাসয়েৎ। ততঃ পরদিনে কৃতনিত্যকৃত্যঃ স্বস্তিবাচনপূর্ব্বকং পুষ্যানক্ষত্রযুক্তায়াং কেবলায়াং বা পৌর্ণমাস্যাং সঙ্কল্পং কুর্য্যাৎ। অদ্যেত্যাদি শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ শ্রীকৃষ্ণস্য মহাস্নানগণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকবিষ্ণু-পূজাপুষ্যাস্নানোৎসবমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য দেবং স্নানবেদ্যাং নীত্বা মহাস্নানং কারয়েৎ। ততং পূজাং কৃত্বা ততো বৈষ্ণবাগ্নিং পূর্ব্ববৎ সংস্থাপ্য চরুং শ্রপয়িত্বা যথাবিধি হোমং কৃত্বা পুনরপি স্নানবেদ্যাং নীত্বা মহাস্নানবিধিনা স্নানং কারয়িত্বা পূর্ব্ববৎ পূজয়িত্বা চ ততঃ পিষ্টকপ্রদীপাদিনা নির্ম্মঞ্ছ্য ব্রাহ্মণান্ ভোজয়িত্বা দক্ষিণাচ্ছিদ্রাবধারণাদিকং কুর্য্যাৎ।

---

( মাঘকৃত্য )

## নবশস্যোৎসব।

উত্তরায়ণসংক্রান্ত্যাং কুর্য্যাচ্ছস্যমহোৎসবম্। বিধানং তস্য বক্ষ্যামি শৃণু মত্তো মহীপতে। যাত্রাপূর্ব্বদিনে দেবমধিবাস্য চ পূর্ব্ববৎ। সুঘট্টিতান্নবশালীন্ হৈমন্তান্ সিতসূক্ষ্মকান্। প্রাসাদস্য চ পূর্ব্বাস্মিন্ স্থাপয়িত্বাধিবাসয়েৎ। ততোঽপরেহ্নি সংক্রান্ত্যাং কৃতস্নানাদিকক্রিয়ঃ। মহাস্নানাদিকং কার্য্যং পূর্ব্ববৎ পরিকল্পয়েৎ। চন্দনাদ্যৈর্ভূষয়িত্বা দেবং সংপূজ্য ভক্তিতঃ। অধিবাসিততণ্ডুলান্ দধিযুক্তান্ সশর্করান্। নারিকেলযুতাংশ্চাপি শৃঙ্গবেরযুতাংস্তথা। প্রাসাদং ত্রিঃ পরিক্রম্য পঙ্‌ক্তিশঃ ক্রমযোগতঃ। দেবাগ্রে সন্নিধায়ৈনং প্রাঞ্জলির্মন্ত্র-মুচ্চরেৎ ওঁ জীবনং সর্ব্বভূতানাং জনকস্ত্বং জগদ্‌গুরো। এষাং শালয়ো হ্যেতে ত্বয়ৈব জনিতাঃ প্রভো। লোকানুগ্রহণার্থায় গৃহীত্বা চিত্রবিগ্রহম্। তব প্রীত্যৈ

কৃতানেতান্ গৃহাণ পরমেশ্বর। ওঁ আপ্যায়না ভবিষ্যন্তি তৈরেবাপ্যায়িতং জগৎ। রক্ষ সর্ব্বং জগন্নাথ ত্বন্ময়ং সচরাচরম্। ইতি সংপ্রার্থ্য দেবেশং নিবেদ্যান্নং যথাবিধি। ব্রাহ্মণান্ ভোজয়িত্বা তু স্বয়ন্তনশনো ভবেৎ। এবং কৃতে জগন্নাথস্তৎক্ষণাদ্বৈ প্রসীদতি। যে পশ্যন্ত্যুৎসবং তত্র কশ্যপেন বিনির্ম্মিতম্। উষিত্বা ত্রিদশৈঃ সার্দ্ধং কল্পান্তে মুক্তিমাপ্নুয়াৎ॥

প্রয়োগঃ—তত্র উত্তরায়ণসংক্রান্ত্যাঃ পূর্ব্বদিনে সায়ংসময়ে কৃতনিত্যকৃত্যঃ স্বস্তিবাচনপূর্ব্বকং অধিবাসসঙ্কল্পং কুর্য্যাৎ।—অদ্যেত্যাদি শ্রীকৃষ্ণস্য শ্বঃ-কর্ত্তব্য-নবশস্যোৎসবকর্ম্মাঙ্গভূত গণপত্যাদি- নানাদেবতা- পূজাপূর্ব্বক- শুভাধিবাসন-কর্ম্মাহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য সূক্তং পঠিত্বা পূর্ব্ববদ্দেবমধিবাসয়েৎ। ততঃ প্রাসাদপূর্ব্বস্মিন্ সুঘট্টিতনবশালীন্ নানোপকারণান্বিতান্ স্থাপয়িত্বা গন্ধাদিনা অধিবাসয়েৎ। ততঃ পরদিনে সংক্রান্ত্যাং প্রাতঃ কৃতনিত্যকৃত্যঃ স্বস্তিবাচন-পূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ—অদ্যেত্যাদি শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ শ্রীকৃষ্ণস্য মহাস্নান-গণপত্যাদি-নানাদেবতাপূজাপূর্ব্বক শ্রীকৃষ্ণপূজানবশস্যোৎসবমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য স্নানবেদ্যাং নীত্বা * পুরুষসূক্তৈঃ পাবমানীসূক্তৈঃ শ্রীসূক্তৈশ্চ মহাস্নানং কারয়িত্বা ততঃ পূর্ব্ববৎ পূজয়েৎ। ততোঽধিবাসিততণ্ডুলান্ শর্করাদধিসমেতান্ নারিকেলখণ্ডশৃঙ্গবেরযুতান্ প্রাসাদং ত্রিঃ পরিভ্রাম্য দেবাগ্রে সংস্থাপ্য কৃতাঞ্জলিরিমং মন্ত্রং পঠেৎ। ওঁ জীবনং সর্ব্বভূতানাং জনকস্ত্বং জগদ্‌গুরো। ত্বন্ময়াঃ শালয়ো হ্যেতে ত্বয়ৈব জনিতাঃ প্রভো। লোকানুগ্রহণার্থায় গৃহীত্বা চিত্রবিগ্রহম্। তব প্রীত্যৈ কৃতানেতান্ গৃহাণ পরমেশ্বর। আপ্যায়না ভবিষ্যন্তি তৈরেবাপ্যায়িতং জগৎ। রক্ষ সর্ব্বং জগন্নাথ ত্বন্ময়ং সচরাচরম্। ইতি প্রার্থ্য মূলেন তান্নিবেদ্য পূর্ব্ববৎ হোমং কৃত্বা ব্রাহ্মণান্ ভোজয়িত্বা অচ্ছিদ্রাবধারণং কুর্য্যাৎ।

---

( ফাল্গুনকৃত্য )

## দোলযাত্রা-পদ্ধতি।

পূর্ণিমা হইতে আরম্ভ করিয়া পঞ্চমী যাবৎ ছয়টি তিথিতেই দোল করা যায়। পরন্তু পৌর্ণমাসীতেই প্রশস্ত। সকল দোলেই অধিবাসাদি একরূপ। শালগ্রামেও সম্পন্ন হইয়া থাকে।

* দোলপ্রকরণোক্ত অভিষেকবিধি অনুসারে মহাস্নান ও চন্দনযাত্রাপ্রকরণোক্ত বিধানে পূজা কর্ত্তব্য।

অধিবাস ও বহ্ন্যুৎসব।—পূর্ব্বদিবসে সায়ংসন্ধ্যাদি করিয়া চন্দ্রাতপ এবং ধ্বজচামরাদিসুসজ্জিত চতুর্দ্বারযুক্ত দোলমণ্ডপমধ্যে বসিয়া আচমনান্তে স্বস্তিবাচন করিবে, যথা—

"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্‌গোবিন্দস্য শ্বঃকর্ত্তব্য-শুভদোলারোহণপূর্ব্বক-ফল্গুৎসবকর্ম্মাঙ্গীভূত-শুভগন্ধাদ্যধিবাসনপূর্ব্বক-বহ্ন্যুৎসবকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু, ওঁ পুণ্যাহম্ ওঁ পুণ্যাহম্ ওঁ পুণ্যাহম্। এবং ঋদ্ধিং ভবন্তোঽধিব্রুবন্তু, ওঁ ঋধ্যতাম্ ওঁ ঋধ্যতাম্ ওঁ ঋধ্যতাম্। ওঁ স্বস্তি ভবন্তোঽধিব্রুবন্তু, ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

পরে স্ববেদোক্ত স্বস্তিবাচনমন্ত্র-পাঠান্তে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য ফাল্গুনে মাসি শুক্লে পক্ষে চতুর্দ্দশ্যাং (পূর্ণিমা হইলে পৌর্ণমাস্যাং) তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ শ্রীভগবদ্‌গোবিন্দস্য শ্বঃকর্ত্তব্যশুভদোলারোহণপূর্ব্বকফল্গুৎসবকর্ম্মাঙ্গীভূতং শুভগন্ধাদ্যধিবাসন-পূর্ব্বক-বহ্ন্যুৎসবকর্ম্মাহং করিষ্যে।

অনন্তর স্ববেদোক্ত সূক্তপাঠ ও পুরোহিতকে বরণ করিবে। ব্রতী সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, (১৫২-১৬৩ পৃঃ) ভূতশুদ্ধি, প্রাণায়াম, অঙ্গন্যাসাদি, গণেশাদি দেবতার দশোপচারে বা পঞ্চোপচারে পূজা এবং বিষ্ণু, লক্ষ্মী, রুদ্র ও দুর্গার অর্চ্চনা শেষ করত গোবিন্দের অর্চ্চনা করিবে। যে ধ্যানে পূজা করিবে, তাহা নিম্নে লিখিত হইল, যথা—

ওঁ সমং প্রশান্তং সুমুখং দীর্ঘচারুচতুর্ভুজম্। কামদং (সুচারু) সুন্দরগ্রীবং সুকপোলং শুচিস্মিতম্। সমানকর্ণবিন্যস্তস্ফুরন্মকরকুণ্ডলম্। হেমহারং ঘনশ্যামং শ্রীবৎসং শ্রীনিকেতনম্। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-বনমালাবিভূষিতম্। নূপুরৈর্ঝিল-সৎপাদং কৌস্তুভপ্রভয়া যুতম্। দ্যুমৎকিরীটকটক-কটিসূত্রাঙ্গদাযুতম্। সর্ব্বাঙ্গসুন্দরং হৃদ্যং প্রসাদসুমুখেক্ষণম্। সুকুমারমভিধ্যায়েদ্ গোবিন্দং গোপ-পূজিতম্॥ অথবা ওঁ ফুল্লেন্দীবর ইত্যাদি।

অনন্তর মানসার্চ্চনা, যথানিয়মে * বিশেষার্ঘ্যস্থাপন, আধারশক্ত্যাদি পীঠদেবতাপূজা প্রভৃতি করিয়া ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। তৎপরে রাধিকাকেও ষোড়শোপচারে পূজা করিবে। ধ্যানাদি ধ্যানমন্ত্রপ্রকরণে দ্রষ্টব্য। পরে অধিবাসপ্রণালীতে স্বস্ববেদোক্ত মন্ত্রে ভগবানের অধিবাস করিবে। অনন্তর স্বগৃহ্যোক্ত নিয়মে বহ্নিস্থাপনাদি করিয়া—"অগ্নেত্যাদি

* রাসপদ্ধতিতে যে নিয়মে পীঠপূজা করিতে হয়, এ স্থলেও সেই প্রণালীতে করিবে।

শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অস্মিন্ শ্রীভগবদ্‌গোবিন্দস্য শ্বঃকর্ত্তব্যশুভদোলারোহণপূর্ব্বক-ফল্গুৎসবকর্ম্মণি ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্ স্বাহেতি মন্ত্রকরণকমষ্টোত্তরশতসংখ্যক-সাজ্যকরবীরসমিদ্ভির্হোমমহং করিষ্যে" এইরূপ সঙ্কল্প ও হোম করত উদীচ্যকর্ম্ম করিয়া ঘৃত দ্বারা নিম্নোক্ত মন্ত্রে হোম করিবে, যথা—

ওঁ কুষ্মাণ্ডহুতিরাতয়ে রেতা মাং সমূদ্বয়ঃ। অগ্নির্মা তস্মাদেনসো বিশ্বান্ মুঞ্চত্বংহসঃ স্বাহা ॥১॥ * ওঁ যে দেবা দেবহেলনং দেবাসশ্চক্রিমা বয়ম। বায়ুর্মা তস্মাদেনসো বিশ্বান্ মুঞ্চত্বংহসঃ স্বাহা॥ ২॥ ওঁ যদি দিবা যদি নক্তমেনাংসি চক্রিমা বয়ম্। সূর্য্যো মা তস্মাদেনসো বিশ্বান্ মুঞ্চত্বংহসঃ স্বাহা ॥ ৩ ॥ ওঁ যে দেবা দেব ঈহতে তস্মাৎ ত্বং দেব এনসঃ। বৃহস্পতিস্মাৎ তস্মাদেনসো বিশ্বান্ মুঞ্চত্বংহসঃ স্বাহা ॥ ৪ ॥ পরে পূর্ণাহুতি দিবে।

তৎপরে দোলমণ্ডপের পূর্ব্বদিকে শুদ্ধ ভূমির উপর বেড়ার গৃহসমীপে গিয়া নারায়ণস্থাপন, যথাশক্তি উপচারে তাঁহার অর্চ্চনা এবং ঐ গৃহের মধ্যে জীবন্ত বা পিষ্টকময় কিংবা ক্ষীরময় একটি মেষ রাখিয়া জল দ্বারা সেই গৃহ প্রোক্ষণ করত নিম্নোক্ত মন্ত্রে অগ্নি দিবে, যথা—

ওঁ বিষ্ণুরুদ্রসমুদ্ভূত মহাশন হুতাশন। মেষ-মন্দিরদাহেঽত্র সমুদ্ভূতশিখো ভব॥ প্রদক্ষিণেন ধাবন্তং কৌতুকাৎ সহ বিষ্ণুনা। প্রদক্ষিণং দক্ষিণাগ্নে কুরু কৃষ্ণনিদেশতঃ ॥

তৎপরে নৃত্যগীতাদি উৎসব সহকারে নারায়ণকে সিংহাসনারোহণ করাইয়া স্কন্ধে গ্রহণ করত সেই গৃহকে সপ্তধা প্রদক্ষিণ করাইবে।

পরে ভগবান্ গোবিন্দকে দোলমঞ্চে আনিয়া দোলাইবার উপযুক্ত প্রণালীতে কুসুমমাল্যাদি দ্বারা শয্যা রচনা করিয়া তাহার উপর নারায়ণকে শয়ন করাইয়া গীতবাদ্য দ্বারা সে রাত্রি অতিবাহিত করিবে।

---

## দেব-দোল।

ব্রাহ্মমুহূর্ত্তে উঠিয়া শৌচ, দন্তধাবন, প্রাতঃস্নান ও প্রাতঃসন্ধ্যা সমাপনান্তে দেবতাকে ঘৃত ও সুগন্ধি শীতল সলিলে স্নান করাইবে এবং বেশ-ভূষায় সজ্জিত করিতে হয়। পরে মণ্ডপের চতুর্দ্দিকস্থ ভূমি, মধ্যভাগ ও ঊর্দ্ধভাগ

* যজুর্ব্বেদিগণ ইদং বিষ্ণবে ইতি দেবতোদ্দেশ করিবে।

প্রত্যেকে সপ্তধা করিয়া একবিংশতিবার প্রদক্ষিণ করত বেদিকার উপর রাখিবে। তৎপরে স্বস্তিবাচনান্তে নিম্নলিখিতরূপে সঙ্কল্প করিবে, যথা—

বিষ্ণুরোম্ তৎসৎ অদ্যেত্যাদি—শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ যথোক্তবিধিনা শ্রীভগবদ্-গোবিন্দস্য শুভ-দোলারোহণপূর্ব্বক-ফল্গুৎসবকর্ম্মাহং করিষ্যে।

পরে যথাযথ সূক্তপাঠ, সামান্যার্ঘ্যাদি (১৫২ পৃঃ), ন্যাসাদি, গণেশাদি দেবতাগণের যথাশক্তি অর্চ্চনা এই সমস্ত শেষ করিয়া নিম্নলিখিত ধ্যানে অথবা "ফুল্লেন্দীবর" ধ্যানে গোবিন্দের অর্চ্চনা করিবে, যথা—

ওঁ সরত্নমুকুটং তারহারশোভিতবক্ষসম্। অনর্ঘ্য-রত্নঘটিত-কুণ্ডলোদ্ভাসিত-শ্রুতিম্॥ যথাস্থান-যথাশোভং দিব্যালঙ্কাররঞ্জিতম্। বিকচাম্বুজমধ্যস্থং বিশ্বধাত্র্যা শ্রিয়া যুতম্॥ শঙ্খচক্রগদাপদ্মধারিণং বনমালিনম্। সুপ্রসন্নং সুনাসঞ্চ পীনবক্ষঃস্থলোজ্জ্বলম্॥ পুরোব্যোমস্থিতৈর্দ্দেবৈর্ব্রহ্মাদ্যৈশ্চৈব কিন্নরৈঃ। কৃতাঞ্জলিপুটৈর্ভক্ত্যা জয়শব্দৈরভিষ্টুতম্॥ গন্ধর্ব্বৈরপ্সরোভিশ্চ কিন্নরৈঃ সিদ্ধচারণৈঃ। হাহাহূহুপ্রভৃতিভিঃ সত্বরং দিব্যগায়নৈঃ॥ অহংপূর্ব্বিকয়া নৃত্যগীতবাদিত্রকাদিভিঃ। নেত্রাম্বুজসহস্রৈস্তু পূজ্যমানং মুদান্বিতৈঃ॥ বিকিরদ্ভিঃ সর্ব্বদিক্ষু গন্ধচন্দনজং রজঃ। (উপবিশ্যাথ গোবিন্দং পূজয়েৎ ত্রিরুপায়নৈঃ॥ বল্লবীবৃন্দমধ্যস্থং কদম্বতরুমূলকে। হাবহাস্যবিলাসৈশ্চ ক্রীড়মানং বনান্তরে। গোপীভিশ্চৈব গোপালৈর্লীলান্দোলিতযানগম্॥)

তৎপরে মানসপূজা, বিশেষার্ঘ্যস্থাপন, আধারশক্ত্যাদির পূজা, পুনর্ধ্যান এই সমস্ত করত নিম্নলিখিত মন্ত্রে আবাহন করিতে হয়, যথা—

ওঁ আগচ্ছ পরমানন্দ জগদ্ব্যাপিন্ জগন্ময়।
মদনুগ্রহায় দেবেশ মণ্ডলে কুরু সন্নিধিম্॥

ওঁ শ্রীভগবদ্গোবিন্দদেব ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ ইত্যাদি প্রণালীতে আবাহন করিয়া * ষোড়শোপচারে অর্চ্চনা করিবে। আসন সংপ্রোক্ষণ ও অর্চ্চনা করত "এতৎসম্প্রদানায় ওঁ গোবিন্দায় নমঃ" উচ্চারণ পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, যথা—

"ওঁ চরাচরমিদং সর্ব্বং যত্র পূর্ব্বং প্রতিষ্ঠিতম্।
তদন্তস্ত্বমেবেশ আসনং কল্পয়ামি তে॥

"ইদং রজতাসনং ওঁ গোবিন্দায় নমঃ।" এইরূপ প্রণালীতে অন্যান্য সমস্ত

---

* প্রতিষ্ঠিত প্রতিমায় ও শালগ্রামে আবাহন নাই।

দ্রব্য দিবে। 'গোবিন্দ ইহ স্বাগতম্ সুস্বাগতম্' এই মন্ত্রে স্বাগত-প্রশ্ন করিবে এবং নিম্নলিখিত মন্ত্র উচ্চারণ করিবে, যথা—

ওঁ যস্য দর্শনমিচ্ছন্তি দেবাঃ স্বাভীষ্টসিদ্ধয়ে। তস্মৈ তে পরমেশায় স্বাগতং স্বাগতঞ্চ মে॥—ইদং স্বাগতম্। ওঁ কৃতার্থোঽনুগৃহীতোঽস্মি সফলং জীবিতং মম। আগতো দেবদেবেশ সুস্বাগতমিদং বপুঃ॥—সুস্বাগতম্। ওঁ যস্য পাদাম্বুজে দিব্যে নির্ম্মলে ব্রহ্মরূপিণী। পুনাতি তদ্ভবা গঙ্গা জগৎ পাদ্যং দদাম্যহম্॥—এতৎ পাদ্যম্। ওঁ ব্রহ্মাদয়ঃ পাদপদ্মং চিন্তয়ন্তি দিনে দিনে। অনর্ঘ্যায় জগদ্ধাত্রে অর্ঘ্যমেতং দদাম্যহম্॥—ইদমর্ঘ্যম্। ওঁ আচান্তস্তীর্থরাজে বৈ যেনাগস্ত্যস্বরূপিণা। দেবায়াসুরনাশায় দদে আচমনীয়কম্॥—ইদমাচমনীয়ম্। ওঁ সর্ব্বকল্মষহীনায় পরিপূর্ণসুখাত্মনে। মধুপর্কমিমং দেব কল্পয়ামি প্রসীদ মে॥—এষ মধুপর্কঃ। ওঁ উচ্ছিষ্টোঽপ্যশুচির্ব্বাপি যস্য স্মরণমাত্রতঃ। শুদ্ধিমাপ্নোতি তস্মৈ তে পুনরাচমনীয়কম্॥—ইদং পুনরাচমনীয়ম্। ওঁ যঃ কোলরূপমাস্থায় প্রলয়ার্ণববিপ্লুতাম্। উজ্জহার ধরামেতাং স্নাপয়ামি তমম্ভসা॥—ইদং স্নানীয়জলম্। ওঁ ব্রহ্মাণ্ডকোটয়ো যস্য বিশ্বরূপস্য সংবৃতিঃ। আচ্ছাদনায় সর্ব্বেষাং প্রদদে বাসসী শুভে॥—ইদং বস্ত্রম্। ওঁ স্বভাবসুন্দরাঙ্গায় নানাশক্ত্যাশ্রয়ায় তে। ভূষণানি বিচিত্রাণি কল্পয়াম্যমরার্চ্চিত॥—ইদমাভরণম্। ওঁ যদঙ্গস্পর্শমরুতঃ সঙ্গামলয়জক্রমাঃ। সুগন্ধিরসসম্পন্নাস্তস্মৈ গন্ধানুলেপনম্॥—এষ গন্ধঃ। ওঁ তুরীয়বনসম্ভূতং নানাগুণমনোহরম্। আনন্দসৌরভং পুষ্পং গৃহ্যতামিদমুত্তমম্॥—ইদং পুষ্পম্।

অনন্তর "ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা" মন্ত্রে তুলসী দিবে। পরে নিম্নলিখিত মন্ত্রে ধূপাদি নিবেদন করিবে, যথা—

ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥—এষ ধূপঃ। ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরং জ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥—এষ দীপঃ।—ওঁ সৎপাত্রসিদ্ধং সুহবির্ব্বিবিধানেকভক্ষণম্। নিবেদয়ামি দেবেশ সর্ব্বতৃপ্তিকরং পরম্॥—এতন্নৈবেদ্যম্।

পানার্থজল ও আচমনীয়দানের মন্ত্রে আচমনীয় জল দিয়া তাম্বূল দিবে, তাহার মন্ত্র যথা—"ওঁ তাপত্রয়হরং দিব্যং কর্পূরাদিসুবাসিতম্। ময়া নিবেদিতং দেব তাম্বূলমিদমুত্তমম্॥—ইদং তাম্বূলম্।"

তদনন্তর করাঙ্গন্যাস, প্রাণায়াম, যথাশক্তি জপ, "গুহ্যাতি" মন্ত্রে জপ

সমর্পণ এবং "নমো ব্রহ্মণ্যদেবায়" মন্ত্রে নমস্কার করিবে। অনন্তর ষোড়শোপচারে রাধিকার অর্চনা করিয়া গন্ধপুষ্প দ্বারা নিম্নলিখিত আবরণদেবতাগণের পূজা করিবে, যথা—

"এতে গন্ধপুষ্পে ওঁ ক্লীঁ কৃষ্ণায় নমঃ", এই প্রণালীতে—গোবিন্দায়, গোপীজনবল্লভায়, ভগবতে বাসুদেবায়, চক্রায়, পদ্মায়, শ্রীবৎসায়, কালিন্দ্যৈ, নাগ্নজিত্যৈ, মিত্রবিন্দায়ৈ, চারুহাসিন্যৈ, রোহিণ্যৈ, জাম্ববত্যৈ, রুক্মিণ্যৈ, সত্যভামায়ৈ, রাধিকায়ৈ, অষ্টরমণীভ্যঃ, গোপীভ্যঃ, বাসুদেবায়, সঙ্কর্ষণায়, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, শান্ত্যৈ, শ্রিয়ৈ, সরস্বত্যৈ, কেশবাদিদ্বাদশমূর্ত্তিভ্যঃ, সায়ুধসবাহনসপরিবারায় গোবিন্দায় নমঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ।

অনন্তর আরাত্রিক-সমাপনান্তে "ফল্গুচূর্ণায় নমঃ" বলিয়া নিবেদন করত নিম্নোক্ত মন্ত্রে দেবতার অঙ্গে ফল্গু প্রদান করিবে, যথা—

ফল্গুস্ত্বং সর্ব্বদেবানাং শিরোধার্য্যোঽসি সর্ব্বদা। হরেঃ প্রীতিস্ত্বয়া কার্য্যা নমস্তেঽরুণতেজসে॥ দামোদর হৃষীকেশ লক্ষ্মীকান্ত জগৎপতে। গোবিন্দ দোলয়ামি ত্বাং সুপ্রীতো ভব কেশব॥ নারায়ণং মহাদেবং বৈকুণ্ঠং পুরুষোত্তমম্। লীলয়া খেলয়া দেবং গোপীভিঃ পরিবারিতম্॥ গোপীভির্বেষ্টিতো নাথঃ খেলয়েৎ পরমেশ্বরঃ। লোকযাত্রাহিতার্থায় ফল্গুদানং করোম্যহম্॥ ফল্গুং গৃহাণ দেবেশ ক্রীড়াকৌতুকমঙ্গলৈঃ। শোভার্থং তে শরীরস্থ স্বেচ্ছয়া চাত্র দোলয়ে॥ পুরা দেবাসুরে যুদ্ধে ব্রহ্মণা নির্ম্মিতঃ স্বয়ম্। অসুরাণাং বিনাশায় গৃহ্ণ ফল্গুং সুরোত্তম॥ কল্যাণং কুরু মে দেব গৃহাণ ফল্গুমুত্তমম্। ত্বৎপ্রসাদাজ্জগন্নাথ তব পূজাং করোম্যহম্॥ জগন্নাথাচ্যুতানন্ত জগদানন্দবর্দ্ধক। ফল্গুক্রীড়াভিরেতাভিস্ত্রাহি মাং ভবসাগরাৎ॥ জয় কৃষ্ণ জগন্নাথ জয় চাণূরসূদন। ফল্গুক্রীড়াভিরেতাভিস্ত্রাহি মাং ভবসাগরাৎ॥ জয় গোপীমুখাম্ভোজ-মধুপান-মধুব্রত। ফল্গুক্রীড়াভিরেতাভিস্ত্রাহি মাং ভবসাগরাৎ॥ জয় দেব দিনেশান রজনীশবিলোচন। নিরাকার নিরাভাস নির্গুণং ত্রাহি মাং প্রভো॥

তদনন্তর বারত্রয় প্রদক্ষিণ করত ৭বার মৃদু মৃদু দোল দিবে। এই সময় বাদ্যধ্বনি করা উচিত। * সূর্য্যোদয়ের তিন মুহূর্ত্ত পরে সঙ্গবসময়ে সামান্যার্ঘ্য ও ন্যাসাদি শেষ করিয়া, "ফুল্লেন্দীবর" ধ্যানে দশোপচারে

* এই কালে বিষ্ণুকে দর্শন, স্পর্শন বা দোল দিলে মোক্ষপ্রাপ্তি ঘটে।

অথবা ষোড়শোপচারে গোবিন্দের এবং রাধিকার অর্চ্চনা করিয়া সপ্তধা দোল দিবে।

অভিষেকবিধি।—অনন্তর মধ্যাহ্নসময়ে বিগ্রহকে দোলমঞ্চ হইতে নামাইয়া পঞ্চোপচারে অর্চনা করত অভিষেক করিয়া বিশেষ পূজা করিতে হয়, যথা—

স্বস্তিবাচনান্তে "অদ্যেত্যাদি শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ শ্রীভগবদ্গোবিন্দাভিষেক-মহং করিষ্যে।" এইরূপ সঙ্কল্প করত কেবল জল দ্বারা,—"ওঁ সহস্রশীর্ষা" মন্ত্রে, তদনন্তর ঘৃত দ্বারা নিম্নলিখিত মন্ত্রে স্নান করাইবে, যথা—

ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেব-যজনমসি।

তদনন্তর মসূরচূর্ণ লইয়া,—"ওঁ অতো দেবা অবন্তু নো যতো বিষ্ণুর্বিচক্রমে পৃথিব্যাঃ সপ্তধামভিঃ।" এই মন্ত্রে গন্ধদ্রব্যাদি লেপন করত উষ্ণোদক ও চন্দন দ্বারা "ওঁ দ্রুপদাদিব" ইত্যাদি চারিটি মন্ত্রে উপলেপন করিতে হয়। অনন্তর চন্দন, অগুরু, তিল, আমলকী ইত্যাদি গন্ধদ্রব্য পেষণ পূর্ব্বক তদ্দ্বারা দেবতার অঙ্গে নিম্নোক্ত মন্ত্রে বিলেপন করিবে, যথা—

ওঁ উদ্বর্ত্তয়ামি দেব ত্বাং যথেষ্টৈঃ চন্দনাদিভিঃ।
উদ্বর্ত্তন-প্রসাদেন প্রাপ্নুয়াং ভক্তিমুত্তমাম্॥

পরে "অগ্নিমীলে" প্রভৃতি চারিটি বৈদিক মন্ত্র দ্বারা স্নান করাইয়া, রত্নসংস্পৃষ্ট জল লইয়া ঋগ্বেদোক্ত পাবমানীসূক্তে স্নান করাইবে। যথা—

পাবমানী সূক্ত—ওঁ পাবমানীঃ স্বস্ত্যয়নীঃ সুঘাহিঘৃতচ্যুতঃ।
ঋষিভিঃ সম্ভৃতো রসো ব্রাহ্মণেষমৃতং হিতম্॥ ১॥
ওঁ পাবমানীর্দিশন্তু ন ইমং লোকমথো অমুম্।
কামান্ সংবর্দ্ধয়ন্তু নো দেবৈর্দেবৈঃ সমাহিতাঃ॥ ২॥
ওঁ যেন দেবাঃ পবিত্রেণ আত্মানং পুনতে সদা।
তেন সহস্রধারেণ পাবমান্যঃ পুনন্তু মাম্॥ ৩॥
ওঁ প্রাজাপত্যং পবিত্রং সতোদ্যোমং হিরণ্ময়ম্।
তেন ব্রহ্মবিদো বয়ং পূতং ব্রহ্ম পুনীমহে॥ ৪॥
ওঁ ইন্দ্রঃ সুনীতিঃ সহসা পুনাতু সোমঃ স্বস্ত্যাবরুণঃ সমীচ্যা।
যমো রাজা প্রমৃণাভিঃ পুনাতু মাং জাতবেদা মূর্জ্জয়ন্ত্যা পুনাতু॥ ৫॥
ওঁ ঋষয়স্তু তপস্তেপে সর্ব্বে সর্ব্বজিগীষবঃ।
তপসস্তাপসোঽগ্র্যস্তু পাবমানীর্ঋচোঽব্রবীৎ॥ ৬॥

ওঁ যন্মে গর্ভে বসতঃ পাপমুগ্রং যজ্জায়মানস্য চ কিঞ্চিদন্যৎ।
জাতস্য যচ্চাপি বর্দ্ধতো মে তৎপাবমানীভিরহং পুনামি ॥ ৭ ॥
ওঁ ক্রয়বিক্রয়াদযোনিদোষাদ্ভক্ষ্যাৎ ভোজ্যাৎ প্রতিগ্রহাৎ।
অসম্ভোজনাচ্চাপি নৃশংস্তং পাবমানীভিরহং পুনামি ॥ ৮ ॥
ওঁ বালঘ্নান্মাতৃপিতৃবধাদ্ ভুবি তস্করাৎ সর্ব্ববর্ণগমনমৈথুনসঙ্গমাৎ।
পাপেভ্যশ্চ প্রতিগ্রহাৎ সদ্যঃ প্রহরন্তি সর্ব্বদুষ্কৃতং তৎপাবমানীভিরহং
পুনামি ॥ ৯ ॥
ওঁ ব্রহ্মবধাৎ সুরাপানাৎ সুবর্ণস্তেয়াদ্বৃষলীগমনমৈথুনসঙ্গমাৎ।
গুরোর্দারাভিগমনাচ্চ তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১০ ॥
ওঁ গোঘ্নাৎ তস্করাৎ স্ত্রীবধাৎ যচ্চ কিল্বিষম্।
পাপকরশ্চরণেভ্যস্তৎ পাবমানীভিরহং পুনামি ॥ ১১ ॥
ওঁ দুর্যষ্টং দুরধীতং পাপং যচ্চাজ্ঞানতঃ কৃতম্।
অযাচিতাদসংবাহ্যাচ্চ তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১২ ॥
ওঁ অমন্ত্রমুন্নং যৎকিঞ্চিদ্ধ য়তে চ হুতাশনে।
সংবৎসরকৃতং পাপং তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১৩ ॥
ওঁ ঋতস্য যো নয়ো অমৃতস্য ধাম বিশ্বাদেবেভ্যঃ পুণ্যসন্ধাঃ।
তমাপঃ প্রহরন্তি পাপং শুদ্ধা গচ্ছামি সুকৃতাম্বলোকযু
তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১৪ ॥
ওঁ পাবমানীঃ স্বস্ত্যয়নীর্যাভির্গচ্ছতি নন্দনম্।
পুণ্যাংশ্চ ভক্ষান্ ভক্ষয়ত্যমৃতত্বঞ্চ গচ্ছতি ॥ ১৫ ॥
ওঁ পাবমানং পরংব্রহ্ম সত্যং জ্যোতিঃ সনাতনম্।
ঋষীংস্তস্মোপতিষ্ঠেত ক্ষীরং সর্পির্মধূদকম্ ॥ ১৬ ॥
তত্ত্বন্যাস।—ওঁ হ্লীং বগলামুখি সর্ব্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীং ওঁ স্বাহা আত্মতত্ত্বব্যাপিনী-বগলামুখী-শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ ইতি মূলাধারে। পুনর্মূলান্তে বিদ্যাতত্ত্বব্যাপিনী-বগলামুখীশ্রীপাদুকাং পূজয়ামি নমঃ ইতি শিরসি। মূলান্তে সর্ব্বতত্ত্বব্যাপিনী-বগলামুখীশ্রীপাদুকাং পূজয়ামি নমঃ ইতি সর্ব্বাঙ্গেষু।

মন্ত্রবর্ণন্যাস।—মূর্দ্ধ্নি ওঁ নমঃ, নমঃ সর্ব্বত্র, ভালে হ্লীং, দৃশোঃ বং গং, শ্রোত্রয়োঃ লাং মুং, গণ্ডয়োঃ খিং সং, নসোঃ র্ব্বং দুং, ওষ্ঠয়োঃ ষ্টাং নাং, মুখবৃত্তে বাং, দক্ষিণাংসে চং, কূর্পরে মুং, মণিবন্ধে খং, অঙ্গুলিমূলে স্তং,

গলে ভুং, স্তনয়োঃ ষং জিং, হৃদি হ্বাং, নাভৌ কীং, কট্যাং লং, গুহ্যদেশে ষং, বামাংসে কীং, কূর্পরে লং, মণিবন্ধে ষং, অঙ্গুলিমূলে বুং, দক্ষোরৌ দ্ধিং, জানুনি নাং, গুল্‌ফে শং, অঙ্গুলিমূলে য়ং, বামোরৌ হ্লীং, জানুনি ওঁ, গুল্‌ফে স্বাং, অঙ্গুলিমূলে হাং।

কমলাবিষয়ে—লক্ষ্মীমন্ত্রোক্তন্যাসবৎ।—

কাত্যায়নীদুর্গাবিষয়ে—ঋষ্যাদিন্যাস।—শিরসি কপিলঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি চণ্ডিকায়ৈ দেবতায়ৈ নমঃ।

করন্যাস।—ঐং হ্রীং শ্রীং চৌং চণ্ডিকায়ৈ নমঃ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ঐং হ্রীং শ্রীং চৌং চণ্ডিকায়ৈ নমঃ তর্জ্জনীভ্যাং স্বাহা, এবং সর্ব্বত্র বীজেন ন্যাসঃ।

অঙ্গন্যাস।—ঐং হ্রীং শ্রীং চৌং চণ্ডিকায়ৈ নমঃ, হৃদয়ায় নমঃ ইত্যাদি।

জগদ্ধাত্রীদুর্গাবিষয়ে—পীঠন্যাস।—আধারশক্ত্যাদি পীঠন্যাসান্তে—

পীঠশক্তিন্যাস।—হ্রীং প্রভায়ৈ, হ্রীং মায়ায়ৈ, হ্রীং জয়ায়ৈ, হ্রীং সূক্ষ্মায়ৈ, হ্রীং বিশুদ্ধায়ৈ, হ্রীং নন্দিন্যৈ, হ্রীং সুপ্রভায়ৈ, হ্রীং বিজয়ায়ৈ, হ্রীং সর্ব্বসিদ্ধিদায়ৈ, মধ্যে ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ।

ঋষ্যাদিন্যাস।—দুর্গামন্ত্রবৎ।

করন্যাস।—দাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, দীং তর্জ্জনীভ্যাং স্বাহা ইত্যাদি।

অঙ্গন্যাস।—দাং হৃদয়ায় নমঃ ইত্যাদি।

ধনদাবিষয়ে—ঋষ্যাদিন্যাস।—শিরসি কুবেরঋষয়ে নমঃ, মুখে পঙ্‌ক্তিচ্ছন্দসে নমঃ, হৃদি ধনদায়ৈ দেবতায়ৈ নমঃ।

করন্যাস।—হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হ্রাং তর্জ্জনীভ্যাং স্বাহা ইত্যাদি।

অঙ্গন্যাস।—হ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি।

তারিণীবিষয়ে—ঋষ্যাদিন্যাস।—শিরসি শঙ্করঋষয়ে নমঃ, মুখে বৃহতীচ্ছন্দসে নমঃ, হৃদি তারিণ্যৈ দেবতায়ৈ নমঃ, গুহ্যে হ্রাং বীজায় নমঃ, পাদয়োঃ বাগ্‌ভবশক্তয়ে নমঃ।

করন্যাস।—হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি।

অঙ্গন্যাস।—হ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি।

পীঠন্যাস।—ধর্ম্মাদি অধর্ম্মাদিন্যাসান্তে কল্পবৃক্ষায়, মণিপীঠায়, শবায়, কপালায়, চতুর্দ্দিক্ষু চিতাগ্নয়ে। হৃৎপদ্মস্থাষ্টদলেষু—দুর্গায়ৈ, জয়ায়ৈ, মেধায়ৈ, বিজয়ায়ৈ, সুপ্রভায়ৈ, কাল্যৈ, গৌর্য্যৈ, শিবায়ৈ নমঃ।

পঞ্চযোনিন্যাস।—শিরোবামভাগে যোনিবিশ্বায়ৈ নমঃ, নাসামূলে যোনিরূপায়ৈ নমঃ, দক্ষনেত্রে যোনিকামায়ৈ, বামনেত্রে যোনিহারায়ৈ, ওষ্ঠে যোনিরূপায়ৈ, দক্ষমুখকোণে যোনিচ্ছায়ায়ৈ, বামমুখকোণে ওঁ যোনিকামায়ৈ, চিবুকে যোনিরূপায়ৈ, দক্ষবাহুমূলে যোনিনিত্যায়ৈ, হৃদয়ে যোনিরূপায়ৈ, দক্ষস্তনে যোনিসিদ্ধায়ৈ, বামস্তনে যোনিবিদ্ধায়ৈ, নাভিদেশে যোনিরূপায়ৈ নমঃ।

বিশালাক্ষীবিষয়ে—ঋষ্যাদিন্যাস।—শিরসি সদাশিবঋষয়ে নমঃ, মুখে পঙ্‌ক্তিচ্ছন্দসে নমঃ, হৃদি বিশালাক্ষ্যৈ দেবতায়ৈ নমঃ।

করন্যাস—হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি।

অঙ্গন্যাস।—হ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি।

মহালক্ষ্মীবিষয়ে—পীঠন্যাস।—শ্রীংবীজোক্তবৎ।

ঋষ্যাদিন্যাস।—শিরসি ব্রহ্মণে ঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি মহালক্ষ্ম্যৈ দেবতায়ৈ নমঃ।

বীজন্যাস।—অঙ্গুষ্ঠাদিক্রমেণ প্রত্যেকং তারাদিপঞ্চবীজানি ন্যসেৎ, যথা—ওঁ নমঃ (অঙ্গুষ্ঠে), ওঁ হ্রীং নমঃ (তর্জ্জন্যোঃ), ওঁ ক্লীং নমঃ (মধ্যময়োঃ), ওঁ হ্সৌঃ নমঃ (অনামিকয়োঃ), ওঁ জগৎপ্রসূত্যৈ নমঃ (কনিষ্ঠয়োঃ)।

ব্যাপকন্যাস।—ওঁ হ্রীং ক্লীং হ্সৌঃ জগৎপ্রসূত্যৈ নমঃ, ইতি মূলেন আকেশাদাপাদমাপাদাদাকেশং সপ্তধা ন্যাসঃ।

মন্ত্রন্যাস।—মস্তকে ওঁ নমঃ, মুখে ঐং নমঃ, হৃদয়ে হ্রীং নমঃ, গুহ্যে শ্রীং নমঃ, পাদয়োঃ ক্লীং নমঃ, সপ্তধাতুষু হ্সৌঃ জগৎপ্রসূত্যৈ নমঃ।

করন্যাস।—ঐং জ্ঞানায় অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হ্রীং ঐশ্বর্য্যায় তর্জ্জনীভ্যাং স্বাহা, শ্রীশক্তয়ে মধ্যমাভ্যাং বষট্‌, ক্লীং বলায় অনামিকাভ্যাং হুং, হ্সৌঃ বীর্য্যায় কনিষ্ঠাভ্যাং বৌষট্‌, জগৎপ্রসূত্যৈ নমস্তেজসে করতলপৃষ্ঠাভ্যাং ফট্‌।

অঙ্গন্যাস।—ঐং জ্ঞানায় হৃদয়ায় নমঃ ইত্যাদি পূর্ব্ববৎ।

অন্যান্য মন্ত্রের ষড়ঙ্গন্যাস—দীর্ঘবর্ণ ছয়টি (আ ঈ ঊ ঐ ঔ অঃ) যোগ করা কর্ত্তব্য, গাং এই মন্ত্রের করাঙ্গন্যাস যথা—গাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, গীং তর্জ্জনীভ্যাং স্বাহা, গূং মধ্যমাভ্যাং বষট্‌, গৈং অনামিকাভ্যাং হুং, গৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্‌, গঃ অস্ত্রায় ফট্‌। ইত্যাদি।

# জপ-প্রকরণ

নীলতন্ত্রে—মনঃসংহরণং শৌচং মৌনং মন্ত্রার্থচিন্তনম্।
অব্যগ্রত্বমনির্ব্বেদো জপসম্পত্তিহেতবে॥

জপসিদ্ধির জন্য বিষয়ান্তর হইতে মনের নিবৃত্তি, বাহ্য ও আভ্যন্তর শুদ্ধি, বাক্যালাপত্যাগ, জপ্য মন্ত্রের অর্থ চিন্তা, ব্যগ্রতা ও কাতরতা ত্যাগ করিবে।

জপঃ স্যাদক্ষরাবৃত্তির্বাচিকোপাংশুমানসৈঃ।

মন্ত্রবর্ণের অনুক্রমে উচ্চারণকে জপ বলে। জপ তিন প্রকার;—বাচিক, উপাংশু ও মানস।

তথাচ—মন্ত্রমুচ্চারয়েদ্বাচা বাচিকঃ স জপঃ স্মৃতঃ।
শনৈরুচ্চারয়েন্মন্ত্রমীষদোষ্ঠং প্রচালয়েৎ।
কিঞ্চিচ্ছ্রবণযোগ্যঃ স্যাদুপাংশুকজপঃ স্মৃতঃ।
ধিয়া যদক্ষরশ্রেণীং বর্ণস্বরপদাত্মিকাম্।
উচ্চরেদর্থমুদ্দিশ্য মানসঃ স জপঃ স্মৃতঃ।
উচ্চৈর্জপাদ্বিশিষ্টঃ স্যাদুপাংশুর্দশভির্গুণৈঃ।
জিহ্বাজপঃ শতগুণঃ সহস্রো মানসঃ স্মৃতঃ॥

অন্যের শ্রবণযোগ্য স্বরে মন্ত্রাক্ষর উচ্চারণ বাচিক জপ নামে অভিহিত। কেবল নিজের শ্রুতিগোচর স্বরে ঈষৎ ওষ্ঠাধর চালনা পূর্ব্বক মন্ত্রোচ্চারণকে উপাংশু জপ বলে। মনে মনে মন্ত্রের পদ অক্ষর স্বর আবৃত্তি মানস জপ নামে কথিত হয়। বাচিক জপ হইতে উপাংশু জপ দশগুণ, উপাংশু জপ হইতে জিহ্বাজপ শতগুণ ও মানস জপ সহস্রগুণ শ্রেষ্ঠ।

উপাংশুঃ পুষ্টিকামানাং মানসো বুদ্ধিমিচ্ছতাম্।
বাচিকো মারণে শস্তস্ত্রিবিধো জপ ঈরিতঃ॥

কামনাভেদে জপের উপযোগিতা বুঝিবে। পুষ্টিকামিগণ উপাংশু জপ করিবে। জ্ঞানার্থিগণের পক্ষে মানস জপই প্রশস্ত। মারণ, উচ্চাটন, বশীকরণ ইত্যাদি অভিচারে বাচিক জপ ফলপ্রদ হয়। জপের আদিতে প্রাণায়ামত্রয় ও করাঙ্গন্যাস করত মস্তকে কুল্লুকা (৭ বার), হৃদয়ে সেতু (৭ বার), বিশুদ্ধাখ্যচক্রে (কণ্ঠমূলে) মহাসেতু (৭ বার), ও মণিপূরে

( নাভিপদ্মে ) নির্ব্বাণমন্ত্র ( ৭ বার ) জপ অন্তে পুনশ্চ প্রাণায়াম করাঙ্গন্যাস আচরণ করিবে।

দেবতাভেদে ও বর্ণভেদে মহাসেতু, কুল্লুকা ও নির্ব্বাণ স্বতন্ত্র।

নীলতন্ত্রে—বিপ্রাণাং প্রণবঃ সেতুঃ ক্ষত্রিয়াণাং তথৈব চ।

বৈশ্যানাঞ্চ ফড়র্ণোঽয়ং মায়া শূদ্রস্য কথ্যতে ॥

বিপ্র ও ক্ষত্রিয়গণের পক্ষে ওঁ মন্ত্রই সেতু, বৈশ্যগণের পক্ষে 'ফট্' এবং শূদ্রের হ্রীঁং মন্ত্র।

তথা কালিকাপুরাণে—

শাস্ত্রাণাং প্রণবঃ সেতুর্মন্ত্রাণাং প্রণবঃ স্মৃতঃ।

স্রবত্যনোঙ্কৃতঃ পূর্ব্বং পরস্তাচ্চ বিশীর্য্যতে ॥

চতুর্দ্দশঃ স্বরো যোঽসৌ সেতুরৌকারসংজ্ঞকঃ।

স চানুস্বারনাদাভ্যাং শূদ্রাণাং সেতুরুচ্যতে ॥

ওঙ্কার সমস্ত শাস্ত্র ও মন্ত্রের সেতু, মন্ত্রের আদিতে সেতুযোগ না করিলে মন্ত্র সলিলের মত বিশীর্ণ হয়, অন্তে সেতুযোগ না করিলে মন্ত্র ক্ষীণ হয়। এ কারণ আদিতে ও অন্তে ওঙ্কার যোগ করিয়া মূলমন্ত্র সাতবার জপ করিবে। শূদ্রগণ ঔং মন্ত্র যোগ করিবে।

কুখাদ্যভক্ষণে, মিথ্যাকথনে ও কলহে জিহ্বা দূষিত হয়, এ জন্য মুখশোধনও আবশ্যক। হ্রীং হুং হ্রীং এই মন্ত্রে কালী ও তারার উপাসক মুখশোধন করিবে। অন্য উপাসকের পক্ষে মূলমন্ত্রেই মুখশোধন কর্ত্তব্য।

তারা ও কালীমন্ত্রে মহাসেতু—হূং।

প্রণবং পূর্ব্বমুচ্চার্য্য মাতৃকাদ্যাং সমুচ্চরেৎ।

ততশ্চ পরমেশানি মাতৃকার্ণান্ সমুদ্ধরেৎ ॥

পুনঃ প্রণবমুচ্চার্য্য মূলমেভিঃ পুটীকৃতম্।

এবং পুটিতমূলন্তু জপেচ্চ মণিপূরকে ॥

প্রথমে ওঁ উচ্চারণ করিয়া মাতৃকাবর্ণ জপ করিবে। পুনশ্চ প্রণব উচ্চারণান্তে মাতৃকাবর্ণপুটিত মূলমন্ত্র সাতবার নাভিদেশে জপ করিবে। ইহাই নির্ব্বাণমন্ত্র।

কালীর কুল্লুকা—ক্রীং হূং স্ত্রীং হ্রীং ফট্, মহাসেতু ক্রীং ; সেতু ঐং হ্রূং ঐং, মুখশোধন ক্রীং ক্রীং ক্রীং ওঁ ওঁ ওঁ ক্রীং ক্রীং ক্রীং, করশোধন ক্রীং ঈং ক্রীং করকমলে অস্ত্রায় ফট্।

তারার কুল্লুকা—স্ত্রীং স্ত্রীং হুং, মহাসেতু হুং, সেতু ওঁ হ্রীং, মুখশোধন হ্রাং হুং হ্রীং, করশোধন ইষ্টমন্ত্র।

জগদ্ধাত্রীর কুল্লুকা—হুং হ্রাং হুং হ্রীং, মহাসেতু স্ত্রীং, সেতু হ্রীং স্বাহা, স্ত্রী ও শূদ্রের পক্ষে ফট্। মুখশোধন ঐং ঐং ঐং, করশোধন ওঁ হ্রাং স্ত্রীং হুং শ্রীং, স্ত্রী ও শূদ্রের ফট্।

অন্নপূর্ণার কুল্লুকা—ক্লীং, মহাসেতু স্ত্রীং, সেতু হ্রীং স্বাহা, স্ত্রী-শূদ্রের ফট্, মুখশোধন ক্লীং, করশোধন ইষ্টমন্ত্র।

বিষ্ণু ও কৃষ্ণের কুল্লুকা—ওঁ নমো নারায়ণায়, মহাসেতু স্ত্রীং, সেতু ওঁ বিষ্ণবে ওঁ, মুখশোধন ওঁ, করশোধন ইষ্টমন্ত্র।

রামচন্দ্রের কুল্লুকা—ক্লীং ওঁ রাং ওঁ ক্লীং, মহাসেতু স্ত্রীং, সেতু ওঁ রাং ওঁ, মুখশোধন ও করশোধন ইষ্টমন্ত্র।

শিবের কুল্লুকা—হৌং, মহাসেতু স্ত্রীং, সেতু হং সঃ, মুখশোধন ওঁ, করশোধন ইষ্টমন্ত্র।

সূর্য্যের কুল্লুকা—ইষ্টমন্ত্র, মহাসেতু স্ত্রীং, সেতু ওঁ, মুখশোধন ও করশোধন ইষ্টমন্ত্র।

গণেশের কুল্লুকা—ইষ্টমন্ত্র, মহাসেতু স্ত্রীং, সেতু ওঁ, মুখশোধন ওঁ গং, করশোধন ইষ্টমন্ত্র। স্ত্রীশূদ্র ওঁ স্থলে ঔং উচ্চারণ করিবে।

# অষ্টম প্রবাহ।

## আসন ও মুদ্রা-প্রকরণ

### আসনবিধি।

বশিষ্ঠাদ্যৈশ্চ মুনিভির্ম্মৎস্যেন্দ্রাদ্যৈশ্চ যোগিভিঃ।
অঙ্গীকৃতান্যাসনানি কথ্যন্তে কানিচিন্ময়া॥

বশিষ্ঠাদি মুনিবর্গ ও মৎস্যেন্দ্রাদি যোগীরা যে সকল আসনের বিষয় কীর্ত্তন করিয়া গিয়াছেন, তন্মধ্যে কতিপয় আসন বর্ণিত হইতেছে।

### স্বস্তিকাসন।

জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে।
ঋজুকায়ঃ সমাসীনঃ স্বস্তিকং তৎ প্রচক্ষতে॥

জানু (জঙ্ঘা) ও উরুর মধ্যস্থলে চরণতলদ্বয় স্থাপন পূর্ব্বক ঋজুকায় হইয়া উপবিষ্ট হইবে। ইহাকেই স্বস্তিকাসন বলে।

### গোমুখাসন।

সব্যে দক্ষিণগুল্‌ফং তু পৃষ্ঠপার্শ্বে নিয়োজয়েৎ।
দক্ষিণেঽপি তথা সব্যং গোমুখং গোমুখাকৃতি॥

দক্ষিণ গুল্‌ফকে বামপৃষ্ঠপার্শ্বে ও বামগুল্‌ফকে দক্ষিণ-পৃষ্ঠপার্শ্বে নিয়োজন পূর্ব্বক সমাসীন হইলেই গোমুখাকৃতি হয়, সুতরাং ইহাই গোমুখাসন বলিয়া কীর্ত্তিত।

### বীরাসন।

একং পাদং তথৈকস্মিন্ বিন্যসেদূরুণি স্থিতম্।
ইতরস্মিংস্তথা চোরুং বীরাসনমিতীরিতম্॥

বাম উরুতে দক্ষিণচরণ এবং দক্ষিণ উরুর উপর বামচরণ স্থাপন পূর্ব্বক উপবিষ্ট হইলেই তাহার নাম বীরাসন।

### কূর্ম্মাসন।

গুদং নিরুধ্য গুল্‌ফাভ্যাং ব্যুৎক্রমেণ সমাহিতঃ।
কূর্ম্মাসনং ভবেদেতদিতি যোগবিদো বিদুঃ॥

গুহ্যদ্বারকে গুল্‌ফযুগল দ্বারা নিরোধ পূর্ব্বক অবহিত হইয়া বিপরীতভাবে উপবিষ্ট হইলেই কূর্ম্মাসন হয়।

### কুক্কুটাসন।

পদ্মাসনন্তু সংস্থাপ্য জানূর্ব্বোরন্তরে করৌ।
নিবেশ্য ভূমৌ সংস্থাপ্য ব্যোমস্থং কুক্কুটাসনম্॥

দুই উরুর উপর উত্তানভাবে পদদ্বয় রাখিয়া পদ্মাসনের অনুষ্ঠান পূর্ব্বক হস্ত দুইটিকে উরু ও জানুর মধ্যে প্রবেশ করাইয়া সেই হস্তদ্বয় ভূতলে সংস্থাপন করিবে এবং মৃত্তিকাস্থ হস্তদ্বয়ের উপর নির্ভর করিয়া শূন্যোপরি অবস্থিত হইবে। ইহারই নাম কুক্কুটাসন।

### উত্তানকূর্ম্মকাসন।

কুক্কুটাসনবন্ধস্থো দোর্ভ্যাং সংবধ্য কন্ধরাম্।
ভবেৎ কূর্ম্মবদুত্তান এতদুত্তানকূর্ম্মকম্॥

উপরিলিখিত কুক্কুটাসন বন্ধন পূর্ব্বক বাহুযুগল দ্বারা গ্রীবা আবদ্ধ করিবে। এইরূপে কূর্ম্মবৎ উত্তানভাবে থাকিলেই উত্তানকূর্ম্মকাসন হয়।

### ধনুরাসন।

পাদাঙ্গুষ্ঠৌ তু পাণিভ্যাং গৃহীত্বা শ্রবণাবধি।
ধনুরাকর্ষণং কুর্য্যাদ্ধনুরাসনমুচ্যতে॥

করদ্বয় দ্বারা চরণাঙ্গুষ্ঠ দুটিকে ধরিয়া কর্ণ পর্য্যন্ত ধনুরাকৃতি করিবে এবং এক একটি হাত দিয়া এক একটি চরণাঙ্গুষ্ঠ ধরিয়া করপ্রসারণ সহকারে কর্ণ পর্য্যন্ত আকুঞ্চিত করিবে। এইরূপে উপবিষ্ট হইলেই ধনুরাসন হয়।

### মৎস্যেন্দ্রাসন।

বামোরুমূলার্পিতদক্ষপাদং, জানোর্ব্বহির্ব্বেষ্টিতবামপাদম্।
প্রগৃহ্য তিষ্ঠেৎ পরিবর্ত্তিতাঙ্গঃ, শ্রীমৎস্যনাথোদিতমাসনং স্যাৎ॥
মৎস্যেন্দ্রপীঠং জঠরপ্রদীপ্তং, প্রচণ্ডরুগ্‌মণ্ডলখণ্ডনাস্ত্রম্।
অভ্যাসতঃ কুণ্ডলিনীপ্রবোধং, চন্দ্রস্থিরত্বঞ্চ দদাতি পুংসাম্॥

দক্ষিণচরণকে বাম উরুর মূলদেশে সংস্থাপন পূর্ব্বক পৃষ্ঠগত দক্ষিণকর দ্বারা সেই দক্ষিণ-চরণের গুল্‌ফের উপরিভাব গ্রহণ করিবে। তদনন্তর দক্ষিণ-চরণ-জানুর বহির্ভাগে বামচরণ বেষ্টিত করিয়া বামচরণ-জানুর বহির্ভাগে পরিবেষ্টিত দক্ষিণ-কর দ্বারা পূর্ব্ববেষ্টিত বামচরণের অঙ্গুষ্ঠ গ্রহণ করত বামভাবে মুখপরিবর্ত্তন করিয়া পৃষ্ঠে স্থাপন করিতে হইবে। এই প্রকারে অবস্থিত হইলেই তাহার নাম মৎস্যেন্দ্রাসন। মৎস্যেন্দ্রনাথ এই আসন প্রচার করিয়া গিয়াছেন। প্রত্যহ মৎস্যেন্দ্রাসন অভ্যাস করিলে উদরাগ্নি প্রদীপ্ত হয়, দুঃসহ প্রচণ্ড রোগরাশি আশু বিনষ্ট হয়, কুণ্ডলীশক্তি প্রবুদ্ধ হইয়া থাকেন, নিদ্রাভাব বিদূরিত হয় এবং চন্দ্র তালুর উপরিদেশে অধিষ্ঠিত থাকিয়া নিরন্তর যে সুধাক্ষরণ করিতেছেন, তাহার প্রশান্তি হইয়া থাকে।

### পশ্চিমতানাসন।

প্রসার্য্য পাদৌ ভুবি দণ্ডরূপৌ, দোর্ভ্যাং পাদাগ্রদ্বিতয়ং গৃহীত্বা।
জানূপরিন্যস্তললাটদেশো, বসেদিদং পশ্চিমতানমাহুঃ॥
ইতি পশ্চিমতানমাসনাগ্র্যং, পবনং পশ্চিমবাহিনং করোতি।
উদয়ং জঠরানলস্য কুর্য্যাদুদরে কার্য্যমরোগতাঞ্চ পুংসাম্॥

চরণযুগল দণ্ডাকারে ধরাতলে রাখিয়া তর্জ্জনীদ্বয় আকুঞ্চিত করত তদ্দ্বারা চরণযুগলের অগ্রদেশ অর্থাৎ অঙ্গুষ্ঠ দুইটি ধারণ করিবে এবং ললাট জানুর উপর রাখিবে। ইহারই নাম পশ্চিমতানাসন। পশ্চিমতানাসনের প্রভাবে সুষুম্নাভ্যন্তরে প্রাণবায়ু প্রবাহিত হইয়া থাকে, জঠরাগ্নি বৃদ্ধি পায়, জঠরের মধ্যস্থল কৃশ হয় এবং সকল প্রকার রোগ দূরীভূত হইয়া থাকে।

### ময়ূরাসন।

ধরামবষ্টভ্য করদ্বয়েন, তৎকূর্পরস্থাপিতনাভিপার্শ্বঃ।
উচ্চাসনো দণ্ডবদুত্থিতঃ স্যান্মায়ূরমেতৎ প্রবদন্তি পীঠম্॥
হরতি সকলরোগানাশু গুল্মোদরাদীনভিভবতি চ দোষানাসনং শ্রীময়ূরম্।
বহু কদশনভুক্তং ভস্ম কুর্য্যাদশেষং, জনয়তি জঠরাগ্নিং জারয়েৎ কালকূটম্॥

করদ্বয়ের অঙ্গুলী বিস্তার করিয়া তদ্দ্বারা ভূমি অবলম্বন পূর্ব্বক ঐ হস্তযুগলের কূর্পর নাভিপার্শ্বযুগলে সংস্থাপন করিবে এবং দণ্ডাকারে উঠিয়া উচ্চাসনস্থ হইবে। এই প্রকার আসনই ময়ূরাসন বলিয়া কীর্ত্তিত।

ময়ূরাসনাভ্যাস দ্বারা গুল্ম, জলোদর, প্লীহা ইত্যাদি যাবতীয় উদররোগ আশু বিনষ্ট হয়, বাতপিত্তকফদোষ ধ্বংস পায় এবং আলস্যবর্জ্জিত হইতে পারে। যিনি এই আসন অভ্যাস করেন, তিনি কদন্নসেবন করিলেও তাহা পরিপাক-প্রাপ্ত হয়, উদরাগ্নি উদ্দীপিত হয়, অধিক কি, বিষতুল্য অহিতকর বস্তু ভক্ষণ করিলেও তাহা জীর্ণ হইয়া যায়।

শবাসন।

উত্তানং শববদ্ভূমৌ শয়নং তচ্ছবাসনম্।
শবাসনং শ্রান্তিহরং চিত্তবিশ্রান্তিকারণম্॥

শববৎ ভূতলে উত্তানভাবে শয়ান হইলেই উহার নাম শবাসন। হঠযোগ-সাধন দ্বারা যে পরিশ্রম হয়, শবাসন দ্বারা তাহা বিদূরিত হইয়া যায়, বিশেষতঃ ইহা দ্বারা চিত্তও শ্রান্তিসুখ বোধ করে।

সিদ্ধাসন।

যোনিস্থানকমঙ্ঘ্রিমূলঘটিতং কৃত্বা দৃঢ়ং বিন্যসেন্-
মেঢ়্রে পাদমথৈকমেব হৃদয়ে কৃত্বা হনুং সুস্থিরম্।
স্থাণুঃ সংযমিতেন্দ্রিয়োঽচলদৃশা পশ্যেদ্ভ্রুবোরন্তরং,
হ্যেতন্মোক্ষকপাটভেদজনকং সিদ্ধাসনং প্রোচ্যতে॥

গুহ্য ও উপস্থের মধ্যস্থানের নাম যোনিপ্রদেশ। বামচরণ ঐ যোনি-প্রদেশে সংলগ্ন করিয়া দক্ষিণচরণ মেঢ়্রের উপর দৃঢ়রূপে বিন্যাস করিবে। তদনন্তর চিবুককে হৃদয়ের উপরি স্থিরভাবে রাখিবে। পরে ইন্দ্রিয়গ্রামকে বিষয় হইতে নিরুদ্ধ করিয়া নিস্পন্দ-নেত্রে ভ্রূযুগলের মধ্যস্থল নিরীক্ষণ করিবে। ইহারই নাম সিদ্ধাসন। এই আসন মুক্তিদ্বারের কবাট ভেদ করিয়া দেয়।

পদ্মাসন।

বামোরূপরি দক্ষিণং হি চরণং সংস্থাপ্য বামং তথা,
দক্ষোরূপরি পশ্চিমেন বিধিনা ধৃত্বা করাভ্যাং দৃঢ়ম্।
অঙ্গুষ্ঠৌ হৃদয়ে নিধায় চিবুকং নাসাগ্রমালোকয়ে-
দেতদ্ব্যাধিবিনাশকারি যমিনাং পদ্মাসনং প্রোচ্যতে॥

দক্ষিণপদ উত্তানভাবে বাম উরুর উপর এবং বামপদ ঐ ভাবে দক্ষিণ উরুর উপর রাখিয়া দক্ষিণকর দক্ষিণভাগে পৃষ্ঠোপরি পরিবর্ত্তন করত বামোরুস্থ দক্ষিণপদের অঙ্গুষ্ঠ ধরিবে। পরে চিবুক বক্ষোপরি রাখিয়া অনিমেষ নেত্রে নাসাগ্র দর্শন করিবে। ইহারই নাম পদ্মাসন। ইহা যোগীদিগের রোগনাশক।

সিংহাসন।

গুল্‌ফৌ চ বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ ক্ষিপেৎ।
দক্ষিণে সব্যগুল্‌ফং তু দক্ষগুল্‌ফং তু সব্যকে॥
হস্তৌ তু জান্বোঃ সংস্থাপ্য স্বাঙ্গুলীঃ সম্প্রসার্য্য চ।
ব্যাত্তবক্ত্রো নিরীক্ষেত নাসাগ্রং সুসমাহিতঃ।
সিংহাসনং ভবেদেতৎ পূজিতং যোগিপুঙ্গবৈঃ॥

কোষের নিম্নদেশে সীবনীর দুই দিকে গুল্‌ফযুগল নিক্ষেপ করিতে হয়। পরে জানুযুগলের উপর করদ্বয় স্থাপন করিবে। অনন্তর স্বীয় করাঙ্গুলী-সকল সম্যক্ বিস্তার করিয়া বদনব্যাদান করত লোলজিহ্ব হইবে এবং একমনে নাসাগ্র দর্শন করিবে। ইহারই নাম সিংহাসন। যোগীরা পুনঃ পুনঃ এই আসনের প্রশংসা করিয়া থাকেন।

ভদ্রাসন।

গুল্‌ফৌ চ বৃষণস্যাধঃ সীবন্যাঃ পার্শ্বয়োঃ ক্ষিপেৎ।
সব্যগুল্‌ফং তথা সব্যে দক্ষগুল্‌ফং তু দক্ষিণে॥
পার্শ্বপাদৌ চ পাণিভ্যাং দৃঢ়ং বদ্ধা সুনিশ্চলম্।
ভদ্রাসনং ভবেদেতৎ সর্ব্বব্যাধিবিনাশনম্।
এবমাসনবন্ধেষু যোগীন্দ্রো বিগতশ্রমঃ॥

কোষের নিম্নভাগে সীবনীর দুই দিকে গুল্‌ফযুগল নিক্ষেপ করিবে অর্থাৎ বামগুল্‌ফ বামপার্শ্বে এবং দক্ষিণগুল্‌ফ দক্ষিণপার্শ্বে নিক্ষেপ করিতে হয়। ঐ প্রকারে গুল্‌ফ নিক্ষেপ করিয়া চরণযুগলকে পার্শ্বসমীপস্থ করত করদ্বয় দ্বারা চরণযুগল বন্ধন করিবে অর্থাৎ অঙ্গুলীসমূহ পরস্পর সংলগ্ন ও করতল জঠরলগ্ন করিয়া চরণবন্ধন করিতে হয়। ঐরূপে দৃঢ়বন্ধন করিয়া নিস্পন্দভাবে থাকিলেই তাহার নাম ভদ্রাসন। এই আসন সাধকের সর্ব্বব্যাধি দূর

করে। বন্ধনে সমর্থ হইলে আর যোগসাধনকালে যোগিগণের পরিশ্রম বোধ হয় না।

### গোরক্ষাসন।

জানূর্ব্বোরন্তরে পাদৌ উত্তানাব্যক্তসংস্থিতৌ।
গুল্ফৌ চাচ্ছাদ্য হস্তাভ্যামুত্তানাভ্যাং প্রযত্নতঃ॥
কণ্ঠসংকোচনং কৃত্বা নাসাগ্রমবলোকয়েৎ।
গোরক্ষাসনমিত্যাহ যোগিনাং সিদ্ধিকারণম্॥

জানুদ্বয় ও ঊরুর মধ্যে পদযুগল উত্তান করিয়া গুপ্তভাবে স্থাপন পূর্ব্বক করদ্বয় দ্বারা গুল্ফদ্বয় আবৃত করিবে। পরে কণ্ঠসংকোচন পূর্ব্বক নাসাগ্রে দৃষ্টিস্থাপন করিলেই গোরক্ষাসন হয়।

### মৎস্যাসন।

মুক্তপদ্মাসনং কৃত্বা উত্তানশয়নং চরেৎ।
কূর্পরাভ্যাং শিরো বেষ্ট্য মৎস্যাসনস্তু রোগহ॥

মুক্তপদ্মাসন করিয়া কণুই দ্বারা মস্তক পরিবেষ্টন করত উত্তানভাবে শয়ান হইলেই মৎস্যাসন হয়। ইহা সর্ব্বরোগ দূর করে।

### গুপ্তাসন।

জানুনোরন্তরে পাদৌ কৃত্বা পাদৌ চ গোপয়েৎ।
পাদোপরি চ সংস্থাপ্য গুহ্যং গুপ্তাসনং বিদুঃ॥

জানুযুগলের মধ্যস্থলে পদদ্বয় গুপ্তভাবে রাখিয়া ঐ পদদ্বয়ের উপর গুহ্য রাখিলেই গুপ্তাসন হয়।

### উৎকটাসন।

অঙ্গুষ্ঠাভ্যামবষ্টভ্য ধরাং গুল্ফে চ খে গতৌ।
তত্রোপরি গুদং ন্যস্য বিজ্ঞেয়মুৎকটাসনম্॥

পদাঙ্গুষ্ঠদ্বয় দ্বারা ভূতল স্পর্শ পূর্ব্বক গুল্ফযুগল নিরালম্বভাবে শূন্যমার্গে উত্তোলন করত অবস্থিত করিবে এবং গুল্ফদ্বয়ের উপর গুহ্যদেশ রাখিবে। ইহারই নাম উৎকটাসন।

যোগাসন।

উত্তানৌ চরণৌ কৃত্বা জানুনোরুপরি সুধীঃ।
আসনোপরি সংস্থাপ্য উত্তানং করযুগ্মকম্ ॥
পূরকৈর্ব্বায়ুমাকৃষ্য নাসাগ্রমবলোকয়েৎ।
যোগাসনং ভবেদেতৎ যোগিনাং যোগসাধনে ॥

পদদ্বয় চিৎ করিয়া জানুযুগলের উপরিভাগে সংস্থাপন পূর্ব্বক করদ্বয় উত্তানভাবে আসনোপরি রাখিবে। তৎপরে পূরকযোগে বায়ু আকর্ষণ পূর্ব্বক কুম্ভক করিয়া নাসাগ্র দর্শন করিবে। ইহারই নাম যোগাসন।

মুক্তাসন।

পায়ুমূলে বামগুল্ফং দক্ষগুল্ফং তথোপরি।
শিরোগ্রীবাসমং কায়ং মুক্তাসনন্তু সিদ্ধিদম্ ॥

বামগুল্ফ পায়ুমূলে স্থাপন পূর্ব্বক তদুপরি দক্ষিণগুল্ফ রাখিয়া গ্রীবা ও মস্তক সমভাবে স্থাপন করত ঋজুকায়ে বসিলেই মুক্তাসন হয়। এই আসন সিদ্ধিপ্রদ।

বজ্রাসন।

জঙ্ঘাভ্যাং বজ্রবৎ কৃত্বা গুদপার্শ্বে পদাবুভৌ।
বজ্রাসনং ভবেদেতৎ যোগিনাং সিদ্ধিদায়কম্ ॥

জঙ্ঘাদ্বয় বজ্রাকার করত গুহ্যের দুই দিকে পদদ্বয় বিন্যস্ত করিলেই বজ্রাসন হয়। ইহা যোগিগণের সিদ্ধিপ্রদ।

---

## মুদ্রাবিধি।

মোদনাৎ সর্ব্বদেবানাং দ্রাবণাৎ পাপসন্ততেঃ।
তস্মান্মুদ্রেতি বিখ্যাতা মুনিভিস্তন্ত্রবেদিভিঃ ॥

দেবগণের মোদবর্দ্ধন ও সর্ব্ববিধ পাপের বিদ্রাবণ হেতু মুদ্রাশব্দ কথিত হইয়াছে।

আবাহন্যাদিকা মুদ্রা নব সাধারণী মতা।

আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সম্বোধনী, সম্মুখীকরণী, সকলীকরণী, অবগুণ্ঠনী, অমৃতীকরণী (ধেনু), পরমীকরণী-এই নয়টি মুদ্রা দেবতার আবাহন-কার্য্যে প্রযুক্ত হয়।

আবাহনীমুদ্রা।

হস্তাভ্যাংমঞ্জলিং বদ্ধানামিকামূলপর্ব্বণোঃ।
অঙ্গুষ্ঠৌ নিক্ষিপেৎ সেয়ং মুদ্রা ত্বাবাহনী স্মৃতা॥

দুই হাত চিৎভাবে মিলিত করিয়া করযুগলের অনামার মূলপর্ব্বে অঙ্গুষ্ঠাগ্র যোগকরণ।

স্থাপনীমুদ্রা।

অধোমুখী ত্বিয়ং চেৎ স্যাৎ স্থাপনী মুদ্রিকা স্মৃতা॥

অধোমুখ হস্তকে আবাহনীমুদ্রাবৎকরণ।

সংবোধনী মুদ্রা।

অন্তঃপ্রবেশিতাঙ্গুষ্ঠা সৈব সংবোধনী মতা॥

হস্তদ্বয় মুষ্টিবদ্ধ করিয়া বৃদ্ধাঙ্গুষ্ঠদ্বয়কে মুষ্টিমধ্যে প্রবেশিত করিলেই সংবোধনী মুদ্রা হয়।

সন্নিধাপনীমুদ্রা।

উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্ট্যোস্তু সংযোগাৎ সন্নিধাপনী॥

মুষ্টিবদ্ধ করযুগলকে পরস্পর একত্র করত অঙ্গুষ্ঠদ্বয় উন্নতকরণ।

সম্মুখীকরণীমুদ্রা।

উত্তানমুষ্টিযুগলা সম্মুখীকরণী মতা॥

মুষ্টিবদ্ধ করদ্বয়কে পরস্পর চিৎভাবে একত্রকরণ।

সকলীকরণী মুদ্রা।

দেবতাঙ্গে ষড়ঙ্গানাং ন্যাসঃ স্যাৎ সকলীকৃতিঃ॥

দেবতার অঙ্গে ষড়ঙ্গমন্ত্রের ন্যাসকে সকলীকরণী মুদ্রা কহে।

অবগুণ্ঠনমুদ্রা।

সব্যহস্তকৃতা মুষ্টির্দীর্ঘাধোমুখতর্জ্জনী।
অবগুণ্ঠনমুদ্রেয়মভিতো ভ্রামিতো মতা॥

দক্ষিণকর মুষ্টিবদ্ধ করিয়া তর্জ্জনীকে সোজা ও অধোমুখ করত দক্ষিণাবর্ত্তে ঐ তর্জ্জনীকে ভ্রামিত করিবে।

ধেনুমুদ্রা।

অন্যোন্যাভিমুখাশ্লিষ্টা কনিষ্ঠানামিকা পুনঃ।
তথৈব তর্জ্জনী মধ্যা ধেনুমুদ্রা প্রকীর্ত্তিতা॥

বামহস্তের মধ্যমা ও কনিষ্ঠাতে দক্ষিণ হস্তের তর্জ্জনী ও অনামা এবং বামহস্তের তর্জ্জনী ও অনামাতে দক্ষিণ হস্তের মধ্যমা ও কনিষ্ঠা যোগ করিলেই ধেনুমুদ্রা হয়।

পরমীকরণমুদ্রা।

অন্যোহন্যগ্রথিতাঙ্গুষ্ঠা প্রসারিতপরাঙ্গুলী।
মহামুদ্রেয়মুদিতা পরমীকরণে বুধৈঃ॥

উভয় হস্তের অঙ্গুষ্ঠ পরস্পর বদ্ধ থাকিবে, অন্য অঙ্গুলীগুলি প্রসারিত হইবে। ইহাকে পরমীকরণমুদ্রা কহে।

মৎস্যমুদ্রা।

দক্ষপাণি-পৃষ্ঠদেশে বামপাণিতলং ন্যসেৎ।
অঙ্গুষ্ঠৌ চালয়েৎ সম্যক্ মুদ্রেয়ং মৎস্যরূপিণী॥

বামকরের তলদেশকে দক্ষিণকরের পৃষ্ঠে ঠিক সমভাবে মিলিত করিয়া দুই হাতের অঙ্গুষ্ঠদ্বয়কে সম্যক্ চালনাকরণ।

সংহারমুদ্রা।

অধোমুখে বামহস্তে ঊর্দ্ধাস্যং দক্ষহস্তকম্।
ক্ষিপ্ত্বাঙ্গুলীরঙ্গুলীভিঃ সংগ্রথ্য পরিবর্ত্তয়েৎ।
এষা সংহারমুদ্রা স্যাৎ বিসর্জ্জনবিধৌ স্মৃতা॥

অধোমুখ বামকরের উপর দক্ষিণ হাত উত্তানভাবে রাখিয়া কনিষ্ঠাবধি অঙ্গুলীসমূহের মধ্যে অঙ্গুলী স্থাপন পূর্ব্বক পরস্পর বন্ধন করিয়া ঘুরাইয়া সম্মুখে আনিবে।

অঙ্কুশমুদ্রা।

ঋজ্বীঞ্চ মধ্যমাং কৃত্বা তর্জ্জনীমধ্যপর্ব্বণি।
সংযোজ্যাকুঞ্চয়েৎ কিঞ্চিন্মুদ্রৈষাঙ্কুশসংজ্ঞিকা॥

দক্ষিণ হস্ত উবুড় করিয়া তাহার মধ্যমাঙ্গুলিকে সরল করত তর্জ্জনীর মধ্যপর্ব্ব যাবৎ উহাতে সংলগ্ন করিবে এবং তর্জ্জনীর অগ্রভাগ কিঞ্চিৎ বাঁকাইয়া রাখিবে।

### প্রাণমুদ্রা।

তর্জ্জনী মধ্যমা চৈব অঙ্গুষ্ঠাগ্রে তু যোজিতা।
প্রাণমুদ্রৈষা ব্যাখ্যাতা তন্ত্রবিদ্ভির্মনীষিভিঃ॥

তর্জ্জনী, মধ্যমা ও অঙ্গুষ্ঠের অগ্রভাগ একত্রকরণ।

### অপানমুদ্রা ও সমানমুদ্রা।

মধ্যমানামিকাভ্যান্তু অঙ্গুষ্ঠাগ্রঞ্চ যোজয়েৎ।
অপানমুদ্রা বিজ্ঞেয়া সর্ব্বৈঃ সমানমুদ্রিকা॥

মধ্যমা, অনামা ও অঙ্গুষ্ঠ একত্রকরণের নাম অপানমুদ্রা এবং সর্ব্বাঙ্গুলী একত্রকরণের নাম সমানমুদ্রা।

### উদানমুদ্রা।

সর্ব্বাঙ্গুলীভিরঙ্গুষ্ঠং যোজিতং মধ্যবর্জ্জিতম্।
উদানমুদ্রিকা জ্ঞেয়া কথিতা মুনিসত্তমৈঃ॥

মধ্যমা ব্যতীত সমস্ত অঙ্গুলী একত্রকরণ।

### ব্যানমুদ্রা।

কনিষ্ঠানামিকাঙ্গুষ্ঠৈর্ব্যানমুদ্রা প্রকীর্ত্তিতা॥

কনিষ্ঠা, অনামা ও অঙ্গুষ্ঠ একত্রকরণ।

### প্রার্থনামুদ্রা।

প্রসৃতাঙ্গুলিকৌ হস্তৌ মিথঃ শ্লিষ্টৌ চ সংমুখৌ।
কুর্য্যাৎ স্বে হৃদয়ে সেয়ং মুদ্রা প্রার্থনসংজ্ঞিকা॥

দক্ষিণ ও বামহস্তের সমস্ত অঙ্গুলী সোজা করিয়া বামহস্তের উপর দক্ষিণহস্ত চিৎভাবে বক্ষঃস্থলে রাখিবে।

### কূর্ম্মমুদ্রা।

বামহস্তস্য তর্জ্জন্যাং দক্ষিণস্য কনিষ্ঠয়া।
তথা দক্ষিণতর্জ্জন্যাং বামাঙ্গুষ্ঠেন যোজয়েৎ।
উন্নতং দক্ষিণাঙ্গুষ্ঠং বামস্য মধ্যমাদিকাঃ।
অঙ্গুলীর্যোজয়েৎ পৃষ্ঠে দক্ষিণস্য করস্য চ॥

বামস্ত পিতৃতীর্থেন মধ্যমানামিকে তথা।
অধোমুখে চ তে কুর্য্যাৎ দক্ষিণস্ত করস্ত চ॥
কূর্ম্মপৃষ্ঠসমং কুর্য্যাৎ দক্ষপাণিঞ্চ সর্ব্বতঃ।
কূর্ম্মমুদ্রেয়মাখ্যাতা দেবতাধ্যানকর্ম্মণি॥

দক্ষিণকরের তর্জ্জনী বাম হস্তের অঙ্গুষ্ঠে এবং কনিষ্ঠা বাম হস্তের তর্জ্জনীতে যোগ করত দক্ষিণাঙ্গুষ্ঠ উন্নত করিবে। পরে বামহস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্য দিয়া দক্ষিণকরের মধ্যমা ও অনামা বক্র করিয়া রাখিবে তৎপরে দক্ষিণকরের পৃষ্ঠে বামকরের মধ্যমা, অনামা ও কনিষ্ঠা বক্র করিয়া দিয়া দক্ষিণ হস্তকে কূর্ম্মপৃষ্ঠবৎ করিলেই কূর্ম্মমুদ্রা হয়।

### লেলিহামুদ্রা।

তর্জ্জনীমধ্যমানামাঃ সমং কুর্য্যাদধোমুখম্।
অনামায়াং ক্ষিপেদ্‌বৃদ্ধাং ঋজ্বীং কৃত্বা কনিষ্ঠিকাম্।
লেলিহা নাম মুদ্রেয়ং জীবন্যাসে প্রকীর্ত্তিতা॥

তর্জ্জনী, মধ্যমা, অনামা, এই তিনটি অঙ্গুলী সমান করিয়া অধোমুখ করিয়া রাখিবে।

### তত্ত্বমুদ্রা।

অধোমুখস্ত দক্ষস্ত হস্তস্ত পরমেশ্বরি।
মধ্যমানামিকাঙ্গুষ্ঠ-সংযোগাত্তত্ত্বমুদ্রিকা॥

দক্ষিণকর অধোমুখ করত মধ্যমা ও অনামিকার অগ্রভাগে অঙ্গুষ্ঠ যোগ করিলেই তত্ত্বমুদ্রা হয়।

### নারাচমুদ্রা।

অঙ্গুষ্ঠাগ্রেণ তর্জ্জন্যাঃ সংযোজ্যাথোর্দ্ধরেখয়া।
অন্যাঙ্গুলীস্তথানম্য নারাচঃ স্যাৎ প্রকীর্ত্ত্যতে॥

দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠাগ্রে তর্জ্জনীযোগ করত মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠাকে করতলস্থ উর্দ্ধরেখার সহিত বক্র করিয়া স্থাপন করিলেই নারাচমুদ্রা হয়।

অঞ্জলিমুদ্রা বা বাসুদেবমুদ্রা।

অঞ্জল্যঞ্জলিমুদ্রা স্যাৎ বাসুদেবাহ্বয়া চ সা॥

করতলযুগল সংযোগ করত পুটাঞ্জলি হইলেই অঞ্জলিমুদ্রা হয়। 'ইহার অপর নাম বাসুদেবমুদ্রা।

অস্ত্রমুদ্রা।

ক্রমদীপিকায়াম্—

অঙ্গুষ্ঠতর্জ্জন্যুদিতো ধ্বনিস্ত্ব, বিষক্ বিষক্তঃ কথিতাস্ত্রমুদ্রা॥

অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা যে দশদিকে ধ্বনি করা হয়, তাহাকেই অস্ত্রমুদ্রা কহে। ইহার অপর নাম ছোটিকামুদ্রা।

গালিনীমুদ্রা।

কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ সক্তৌ করয়োরিতরেতরম্।
তর্জ্জনীমধ্যমানামা সংহতা ভুগ্নবর্জ্জিতা।
মুদ্রৈষা গালিনী-প্রোক্তা শঙ্খস্যোপরিচালিতা॥

দক্ষিণকরের উপর বামহস্ত রাখিয়া বামহস্তের কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ দক্ষিণকরের বৃদ্ধা ও কনিষ্ঠাতে একত্র করত হস্তযুগলের তর্জ্জনী, মধ্যমা ও অনামা পরস্পর একত্র করিবে। অনন্তর মিলিত কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠকে তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা হইতে ব্যবহিত রাখিলেই গালিনীমুদ্রা হয়।

গন্ধমুদ্রা।

অঙ্গুষ্ঠাগ্রে মধ্যমাগ্রং অনামাগ্রঞ্চ যোজয়েৎ।
গন্ধদানে ত্বিয়ং মুদ্রা গন্ধমুদ্রা প্রকীর্ত্তিতা॥

অঙ্গুষ্ঠ, মধ্যমা ও অনামার অগ্রদেশ একত্রকরণ। এই মুদ্রা দ্বারাই দেবপূজায় গন্ধ দান করিতে হয়।

অথবা—"কনিষ্ঠাঙ্গুষ্ঠসংযুক্তা গন্ধমুদ্রা প্রকীর্ত্তিতা" কনিষ্ঠার ও অঙ্গুষ্ঠের যোগ করিয়া গন্ধমুদ্রা হয়।

পুষ্পমুদ্রা।

অঙ্গুষ্ঠতর্জ্জনীভ্যাস্তু চক্রে পুষ্পং নিবেদয়েৎ।
অঙ্গুল্যগ্রেণ দেবেশি পুষ্পমুদ্রা ত্বিয়ং স্মৃতা।

অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ একত্র করিয়া দেবোদ্দেশে পুষ্প দিবে। ইহাই পুষ্পমুদ্রা।

ধূপমুদ্রা ও দীপমুদ্রা।

গন্ধবন্মুদ্রয়া ধূপং দীপং দত্তাদ্বিচক্ষণঃ।
ধূপমুদ্রা দীপমুদ্রা সৈব মুদ্রা প্রকীর্ত্তিতা॥

গন্ধমুদ্রাবৎ মুদ্রাকেই ধূপমুদ্রা ও দীপমুদ্রা কহে। সেই মুদ্রা দ্বারাই ধূপদীপ প্রদান করিবে।

মতান্তরে কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠযোগের নাম গন্ধমুদ্রা এবং অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী-যোগের নাম পুষ্পমুদ্রা, ধূপমুদ্রা ও দীপমুদ্রা।

নৈবেদ্যমুদ্রা।

অনামা যোজিতা চৈব অঙ্গুষ্ঠাগ্রে মহেশ্বরি।
নৈবেদ্যমুদ্রা বিজ্ঞেয়া দেবতাপূজনে পরা॥

অঙ্গুষ্ঠ ও অনামার অগ্রদেশ যোগ করিলেই নৈবেদ্যমুদ্রা হয়। এই মুদ্রা দ্বারা নৈবেদ্য দান করিবে। (তত্ত্বমুদ্রা দ্বারাও নৈবেদ্য প্রদান করা যায়)।

বিষ্ণুবিষয়ে—

একোনবিংশতির্মুদ্রা বিষ্ণোরুক্তা মনীষিভিঃ।
শঙ্খচক্রগদাপদ্মবেণুশ্রীবৎসকৌস্তভাঃ।
বনমালা তথা জ্ঞানমুদ্রা বিল্বাহ্বয়া তথা।
গরুড়াখ্যা পরা মুদ্রা বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী।
নারসিংহী চ বারাহী হায়গ্রীবী ধনুস্তথা।
বাণমুদ্রা ততঃ পরশুর্জগন্মোহনিকা পরা।
কামমুদ্রা পরাখ্যাতা বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী॥

বিষ্ণুবিষয়ে নিম্নলিখিত একোনবিংশতি মুদ্রা বিহিত আছে, যথা—শঙ্খ, চক্র, গদা, পদ্ম, বেণু, শ্রীবৎস, কৌস্তুভ, বনমালা, জ্ঞান, বিল্ব, গরুড়, নারসিংহ, বরাহ, হয়গ্রীব, ধনুঃ, বাণ, পরশু ও কাম এই মুদ্রাকয়টি বিষ্ণুর সন্তোষবর্দ্ধক।

শঙ্খমুদ্রা।

বামাঙ্গুষ্ঠন্তু সংগৃহ্য দক্ষিণেন তু মুষ্টিনা।
কৃত্বোত্তানং ততো মুষ্টিমঙ্গুষ্ঠন্তু প্রসারয়েৎ॥
বামাঙ্গুল্যস্তথা শ্লিষ্টাঃ সংযুক্তাঃ স্যুঃ প্রসারিতাঃ।
দক্ষিণাঙ্গুষ্ঠসংস্পৃষ্টা জ্ঞেয়ৈষা শঙ্খমুদ্রিকা॥

দক্ষিণমুষ্টি দ্বারা প্রসারিত বাম অঙ্গুষ্ঠ চিৎভাবে ধারণ ও দক্ষিণ অঙ্গুষ্ঠ প্রসারিত করিবে। পরে বাম হস্তের অপর চারিটি অঙ্গুলী পরস্পর সংযুক্ত অবস্থায় প্রসারিতভাবে দক্ষিণ মুষ্টির পৃষ্ঠে সংলগ্ন করিয়া উক্ত অঙ্গুলিগুলির অগ্রভাগে দক্ষিণ মুষ্টির অঙ্গুষ্ঠ স্পর্শ করাইলে শঙ্খমুদ্রা হয়।

চক্রমুদ্রা।

হস্তৌ তু সম্মুখৌ কৃত্বা সুলগ্নৌ সুপ্রসারিতৌ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ লগ্নৌ মুদ্রৈষা চক্রসংজ্ঞিকা॥

উভয় হস্ত প্রসারিত অবস্থায় বামহস্তের উপর দক্ষিণ করতল যোগ করিবে, উভয় কনিষ্ঠে উভয় অঙ্গুষ্ঠ যুক্ত থাকিবে, ইহা চক্রমুদ্রা।

গদামুদ্রা।

অন্যোন্যাভিমুখৌ হস্তৌ কৃত্বা তু গ্রথিতাঙ্গুলী।
অঙ্গুল্যৌ মধ্যমে ভূয়ঃ সুলগ্নে সুপ্রসারিতে।
গদামুদ্রেয়মুদিতা বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী॥

উভয় করতলের অঙ্গুলিগুলি পরস্পর মুষ্টিবদ্ধাকারে গ্রথিতাকারাবস্থায় যোড়া থাকিবে, কেবল মধ্যমা দুইটি প্রসারিত হইয়া সংযুক্ত থাকিবে, করদ্বয় পরস্পর অভিমুখ হইয়া সংলগ্ন হইবে, ইহা বিষ্ণুরমোদপ্রদা গদামুদ্রা।

পদ্মমুদ্রা।

হস্তৌ তু সম্মুখৌ কৃত্বা সন্নতপ্রোন্নতাঙ্গুলী।
তলান্তর্মিলিতাঙ্গুষ্ঠৌ কৃত্বৈষা পদ্মমুদ্রিকা॥

উভয় কর পরস্পর ঊর্দ্ধভাবে সম্মুখীন করিয়া অঙ্গুলি সকল কেহ উন্নত ও কেহ অবনত অবস্থায় রাখিবে, করতলের মধ্যে উভয় অঙ্গুষ্ঠ মিলিত হইবে। ইহাই পদ্মমুদ্রা।

বেণুমুদ্রা।

ওষ্ঠে বামকরাঙ্গুষ্ঠো লগ্নস্তস্য কনিষ্ঠিকা।
দক্ষিণাঙ্গুষ্ঠসংযুক্তা তৎকনিষ্ঠা প্রসারিতা॥
তর্জ্জনীমধ্যমানামাঃ কিঞ্চিৎ সঙ্কোচ্য চালিতাঃ।
বেণুমুদ্রা ভবত্যেষা সুগুপ্তা প্রেয়সী হরেঃ॥

বামহস্তের অঙ্গুষ্ঠ ওষ্ঠে মুখের অভিমুখে লগ্ন করিবে, বামহস্তের কনিষ্ঠা প্রসারিত অবস্থায় দক্ষিণাঙ্গুষ্ঠে বদ্ধ থাকিবে, দক্ষিণকনিষ্ঠা প্রসারিত হইবে। দক্ষিণ হস্ত মুখের অনভিমুখে স্থাপিত করিবে, উভয় হস্তের তর্জ্জনী, মধ্যমা ও অনামা একটু সঙ্কুচিত করিয়া চালিত করিতে থাকিবে, ইহা বিষ্ণুপ্রিয়া বেণুমুদ্রা।

শ্রীবৎসমুদ্রা।

অন্যোন্যপৃষ্ঠকরয়োর্ম্মধ্যমানামিকাঙ্গুলী।
অঙ্গুষ্ঠেন তু বগ্নীয়াৎ কনিষ্ঠামূলসংস্থিতে।
তর্জ্জন্যৌ কারয়েদেষা মুদ্রা শ্রীবৎসসংজ্ঞিতা॥

বামকরপৃষ্ঠে দক্ষিণকরপৃষ্ঠ স্থাপন করিয়া উভয়ের মধ্যমা ও অনামা অঙ্গুলীদ্বয়কে অঙ্গুষ্ঠের দ্বারা আবদ্ধ করিবে, পরে কনিষ্ঠামূলে তর্জ্জনীদ্বয় সংলগ্ন করিলে শ্রীবৎসমুদ্রা হয়।

কৌস্তভমুদ্রা।

অনামা পৃষ্ঠসংলগ্না দক্ষিণস্য কনিষ্ঠিকা।
কনিষ্ঠয়ান্যয়াবদ্ধা তর্জ্জন্যা দক্ষয়া তথা॥
বামানামাঞ্চ বগ্নীয়াদ্ দক্ষিণাঙ্গুষ্ঠমূলকে।
অঙ্গুষ্ঠমধ্যমে বামে সংযোজ্য সরলাঃ পরাঃ॥
চতস্রোঽপ্যগ্রসংলগ্না মুদ্রা কৌস্তভসংজ্ঞিকা॥

অনামার পৃষ্ঠে দক্ষিণের কনিষ্ঠা যোগ করিয়া ঐ কনিষ্ঠা বাম কনিষ্ঠা দ্বারা বদ্ধ হইবে, এবং দক্ষ তর্জ্জনী দ্বারা বাম অনামা বন্ধন করিবে, দক্ষিণ অঙ্গুষ্ঠমূলে বাম অঙ্গুষ্ঠ ও মধ্যমা যোগ করিয়া অপর অঙ্গুলি চারিটি সরলভাবে অগ্রে পরস্পর সংলগ্ন হইবে, ইহাতে কৌস্তভমুদ্রা নিষ্পন্ন হয়।

বনমালামুদ্রা।

স্পৃশেৎ কণ্ঠাদিপাদান্তং তর্জ্জন্যঙ্গুষ্ঠয়া তথা।
করদ্বয়েন মালাবন্মুদ্রেয়ং বনমালিকা ॥

উভয় করের তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের দ্বারা কণ্ঠ হইতে পাদ পর্য্যন্ত স্পর্শ করিলে মালাকারে বনমালামুদ্রা হইবে।

জ্ঞানমুদ্রা।

তর্জ্জন্যঙ্গুষ্ঠকৌ সক্তাবগ্রতো বিন্যসেৎ সুধীঃ।
বামহস্তাম্বুজং বামজানুমূর্দ্ধনি বিন্যসেৎ।
জ্ঞানমুদ্রা ভবেদেষা রামচন্দ্রস্য প্রেয়সী ॥

দক্ষিণ হস্তের তর্জ্জনী অগ্রে অঙ্গুষ্ঠ যোগ করিয়া চিৎভাবে সম্মুখে স্থাপন করিবে, বামহস্ত অধোমুখভাবে বাম জানুর উপরে রাখিবে, ইহাতে রামচন্দ্রের প্রিয় জ্ঞানমুদ্রা নিষ্পন্ন হয়।

বিল্বমুদ্রা।

অঙ্গুষ্ঠং বামমুদ্দণ্ডিতমিতরকরাঙ্গুষ্ঠকেনাপি বদ্ধা,
তস্যাগ্রং পীড়য়িত্বাঽঙ্গুলিভিরপি চ তা বামহস্তাঙ্গুলীভিঃ।
বদ্ধা গাঢ়ং হৃদি স্থাপয়তু বিমলধীর্ব্যাহরন্ মারবীজং,
বিল্বাখ্যা মুদ্রিকৈষা স্ফুটমিহ গদিতা গোপনীয়া বিধিজ্ঞৈঃ ॥

ঊর্দ্ধভাবে স্থিত বাম অঙ্গুষ্ঠকে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠের দ্বারা আবদ্ধ করিয়া তাহার অগ্রভাগ অপর চারি অঙ্গুলি দ্বারা চাপিয়া রাখিবে, পুনশ্চ ঐ অঙ্গুলীগুলিকে বামহস্তের অঙ্গুলিসমূহের দ্বারা দৃঢ়ভাবে বদ্ধ করিয়া ক্লীং বীজ উচ্চারণ পূর্ব্বক হৃদয়ে স্থাপন করিবে, ইহার নাম বিল্বমুদ্রা।

গরুড়মুদ্রা।

হস্তৌ তু বিমুখৌ কৃত্বা গ্রথয়িত্বা কনিষ্ঠিকে।
মিথস্তর্জ্জনিকে শ্লিষ্টে শ্লিষ্টাবঙ্গুষ্ঠকৌ তথা।
মধ্যমানামিকে দ্বে তু দ্বৌ পক্ষাবিব চালয়েৎ।
এষা গরুড়মুদ্রা স্যাৎ বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী।

দুই হস্ত পৃষ্ঠভাগে যুক্ত করিয়া কনিষ্ঠাদ্বয় ও তর্জ্জনীদ্বয় পরস্পর বন্ধন করিয়া অঙ্গুষ্ঠদ্বয় বন্ধন করিবে। মধ্যমা ও অনামাদ্বয় পক্ষের মত চালনা করিবে, ইহাতে গরুড়মুদ্রা সম্পন্ন হয়।

নারসিংহীমুদ্রা।

জানুমধ্যে করৌ কৃত্বা চিবুকোষ্ঠৌ সমাবুভৌ।
হস্তৌ তু ভূমিসংলগ্নৌ কম্পমানঃ পুনঃপুনঃ।
মুখং বিবৃতকং কুর্য্যাৎ লেলিহানাঞ্চ জিহ্বিকাম্।
নারসিংহী ভবেদেষা মুদ্রা তৎপ্রীতিবর্দ্ধিনী॥

দুই হস্ত জানুমধ্যে রাখিয়া ওষ্ঠ বিস্ফারিত করত চিবুকের সহিত লগ্ন করিবে, হস্তদ্বয় ভূমিতে স্থাপন করিয়া কম্পমান দেহে অবস্থান, মুখ বিকৃতি ও জিহ্বা বহির্গত করত চালনা করিবে, ইহাতে নরসিংহের প্রীতিবর্দ্ধিনী নারসিংহী মুদ্রা হয়।

বারাহমুদ্রা।

দক্ষহস্তঞ্চোর্দ্ধমুখং বামহস্তমধোমুখম্।
অঙ্গুল্যগ্রন্তু সংযুক্তং মুদ্রা বারাহসংজ্ঞিকা॥

দক্ষিণ হস্ততল ঊর্দ্ধমুখে ও বামহস্ত অধোমুখে রাখিয়া তাহাতে অঙ্গুলিগুলির অগ্র সংলগ্ন করিবে, ইহাতে বরাহমুদ্রা হয়।

হয়গ্রীবমুদ্রা।

বামহস্ততলে দক্ষা অঙ্গুলীস্তাস্বধোমুখীঃ।
সংরোপ্য মধ্যমাং বামামুন্নম্যাধো বিকুঞ্চয়েৎ।
হয়গ্রীবপ্রিয়া মুদ্রা তন্মূর্ত্তেরনুকারিণী॥

বামহস্ততলে দক্ষিণ হস্তের অঙ্গুলীগুলিকে অধোমুখে রাখিয়া কেবল মধ্যমাকে উন্নত করিয়া অধোদেশে বিকুঞ্চিত করিবে, ইহা হয়গ্রীবমুদ্রা।

ধনুর্মুদ্রা।

বামস্য মধ্যমাগ্রন্তু তর্জ্জন্যগ্রেণ যোজয়েৎ।
অনামিকাং কনিষ্ঠাঞ্চ তস্যাঙ্গুষ্ঠেন পীড়য়েৎ।
দর্শয়েদ্বামকে স্কন্ধে ধনুর্মুদ্রেয়মীরিতা॥

বামহস্তের মধ্যমাঙ্গুলির অগ্র তর্জ্জনীর অগ্র দ্বারা বদ্ধ করিয়া অনামা ও কনিষ্ঠাকে উহার অঙ্গুষ্ঠের দ্বারা অধোমুখে চাপিয়া রাখিয়া স্ববামস্কন্ধে ধনুরাকারে যোজনা করিলে ধনুর্মুদ্রা হয়।

বাণমুদ্রা।

দক্ষমুষ্টেস্তু তর্জ্জন্যা দীর্ঘয়া বাণমুদ্রিকা।

দক্ষিণ মুষ্টির তর্জ্জনী খুলিয়া দীর্ঘভাবে প্রসারিত করিলে বাণমুদ্রা হয়।

পরশুমুদ্রা।

তলে তলন্তু করয়োস্তির্য্যক্ সংযোজ্য চাঙ্গুলীঃ।
সংহতাঃ প্রসৃতাঃ কুর্য্যান্মুদ্রা পরশুসংজ্ঞিকা॥

উভয় করতল যোগ করিয়া অঙ্গুলীসমূহ বক্রভাবে সংযুক্ত করত মিলিত অবস্থায় প্রসারিত করিলে পরশুমুদ্রা হয়।

ত্রৈলোক্যমোহিনী মুদ্রা।

উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্টী দ্বে মুদ্রা ত্রৈলোক্যমোহিনী।

দুই হস্তের মুষ্টির অঙ্গুষ্ঠদ্বয় উন্নত অবস্থায় প্রসারিত করিয়া দেখাইলে ত্রৈলোক্যমোহিনী মুদ্রা হয়। ইহা বিষ্ণুপ্রীতিদায়িকা।

কামমুদ্রা।

হস্তৌ তু সংপুটৌ কৃত্বা প্রসৃতাঙ্গুলিকৌ তথা।
তর্জ্জন্যৌ মধ্যমাপৃষ্ঠে অঙ্গুষ্ঠৌ মধ্যমাশ্রিতৌ।
কামমুদ্রেয়মুদিতা সর্ব্বদেবপ্রিয়ঙ্করী॥

দুই হস্ত যোগ করিয়া অঙ্গুলি সমূহ প্রসারিত করিবে, প্রসৃত তর্জ্জনীদ্বয় নিজ মধ্যমার পৃষ্ঠে সংবদ্ধ করিবে ও অঙ্গুষ্ঠদ্বয় মধ্যমায় যোগ করিবে, ইহাতে সর্ব্বদেবতোষকারিণী কামমুদ্রা নিষ্পন্ন হয়।

শিববিষয়ে—

লিঙ্গযোনিত্রিশূলাখ্যা মালেষ্টাভীমৃগাহ্বয়াঃ।
খট্বাঙ্গা চ কপাল্যাখ্যা ডমরুঃ শিবতোষদাঃ॥

লিঙ্গমুদ্রা।

উচ্ছ্রিতং দক্ষিণাঙ্গুষ্ঠং বামাঙ্গুষ্ঠেন বন্ধয়েৎ।
বামাঙ্গুলী দক্ষিণাভিরঙ্গুলীভিশ্চ বন্ধয়েৎ।
লিঙ্গমুদ্রেয়মাখ্যাতা শিবসান্নিধ্যকারিণী॥

দক্ষিণাঙ্গুষ্ঠ উন্নত করিয়া মূলদেশে বামাঙ্গুষ্ঠ দ্বারা আবদ্ধ করিবে, বামহস্তের মুষ্টীকৃত অঙ্গুলীগুলিকে দক্ষিণ হস্তের অঙ্গুলী দ্বারা আবৃতভাবে আবদ্ধ করিবে, ইহাতে শিবসান্নিধ্যকারিণী লিঙ্গমুদ্রা হয়।

### যোনিমুদ্রা।

মিথঃ কনিষ্ঠিকে বদ্ধা তর্জ্জনীভ্যামনামিকে।
অনামিকোর্দ্ধসংশ্লিষ্ট দীর্ঘমধ্যময়োরধঃ।
অঙ্গুষ্ঠাগ্রদ্বয়ং ন্যস্যেদ্ যোনিমুদ্রেয়মীরিতা।

কনিষ্ঠাদ্বয় পরস্পর বদ্ধ করিয়া তর্জ্জনীদ্বয় দ্বারা পরস্পর অনামিকাপৃষ্ঠ বদ্ধ করত অনামিকার অগ্রে দীর্ঘভাবে মধ্যমাদ্বয় সংযোগ করিবে, পরে ঐ মধ্যমার অধোদেশে অঙ্গুষ্ঠদ্বয়ের অগ্রভাগ স্থাপন করিবে, ইহাতে যোনি-মুদ্রা হইবে।

### ত্রিশূলমুদ্রা।

অঙ্গুষ্ঠেন কনিষ্ঠান্তু বদ্ধা শ্লিষ্টাঙ্গুলিত্রয়ম্।
প্রসারয়েৎত্রিশূলাখ্যা মুদ্রেষা পরিকীর্ত্তিতা॥

উভয় অঙ্গুষ্ঠের দ্বারা কনিষ্ঠাদ্বয় চাপিয়া দুই হস্তের অঙ্গুলিত্রয় পরস্পর যোগ করিয়া অমিলিত অবস্থায় উর্দ্ধে প্রসারিত করিবে; ইহার নাম ত্রিশূল-মুদ্রা।

### অক্ষমালা মুদ্রা।

অঙ্গুষ্ঠতর্জ্জন্যগ্রেষু গ্রথয়িত্বাঙ্গুলিত্রয়ম্।
প্রসারয়েদক্ষমালা মুদ্রেয়ং পরিকীর্ত্তিতা॥

উভয় অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রে অঙ্গুলিত্রয় গাঁথিয়া প্রসারিত করিলে অক্ষ-মালামুদ্রা কথিত হয়।

### বরমুদ্রা।

অধঃ স্থিতো দক্ষহস্তঃ প্রসৃতো বরমুদ্রিকা।

দক্ষিণ হস্ততল অধোভাবে ও উত্তানাবস্থায় প্রসারিত করিলে বরমুদ্রা হয়।

### অভয়মুদ্রা।

উর্দ্ধীকৃতো বামহস্তঃ প্রসৃতোঽভয়মুদ্রিকা।

বামহস্ততল উন্নত করিয়া উত্তানভাবে প্রসারিত করিলে অভয়মুদ্রা হয়।

### মৃগমুদ্রা।

মিলিতানামিকাঙ্গুষ্ঠঃ মধ্যমাগ্রে নিযোজয়েৎ।
শ্লিষ্টাঙ্গুল্যুচ্ছ্রিতে কুর্য্যান্মৃগমুদ্রেয়মীরিতা॥

মিলিতাবস্থায় অনামিকা ও অঙ্গুষ্ঠকে মধ্যমাগ্রে সংযুক্ত করিবে, অবশিষ্ট উভয় হস্তের অঙ্গুলিচারিটি উন্নতভাবে সংসক্ত করিবে, ইহাতে মৃগমুদ্রা হয়।

খট্টাঙ্গমুদ্রা।

পঞ্চাঙ্গুল্যো দক্ষিণাস্ত মিলিতা হূর্দ্ধমুন্নতাঃ।
খট্টাঙ্গমুদ্রা বিখ্যাতা দেবস্যাতিপ্রিয়া মতা॥

দক্ষিণ হস্তের পাঁচটি অঙ্গুলি মিলিত করিয়া উর্দ্ধে উন্নত করিবে। ইহা মহাদেবপ্রিয়া খট্টাঙ্গমুদ্রা।

কপালমুদ্রা।

পাত্রবদ্‌বামহস্তন্ত কৃত্বাঙ্গে বামকে তথা।
নিধায়োচ্ছ্রিতবৎ কুর্য্যান্মুদ্রা কাপালিকী মতা॥

বামহস্ততল পাত্রাকারে বাম অঙ্গে রাখিয়া উর্দ্ধে উন্নত করিবে। তাহাকে কাপালিকী মুদ্রা বলে।

ডমরুমুদ্রা।

মুষ্টিন্ত শিথিলাং বদ্ধা ঈষদুচ্ছ্রিতমধ্যমাম্।
দক্ষিণাং তূর্দ্ধমুন্নম্য কর্ণদেশে প্রচালয়েৎ।
এষা মুদ্রা ডমরুকা সর্ব্ববিঘ্নবিনাশিনী॥

শিথিলভাবে বামমুষ্টি বন্ধন করিয়া তাহার মধ্যমা অল্প উন্নত ও বক্রভাবে প্রসারিত করিবে, দক্ষিণ মুষ্টি উর্দ্ধে উন্নত করিয়া কর্ণদেশে চালিত করিবে। এই ডমরুমুদ্রায় সর্ব্ববিঘ্ন বিনাশ হয়।

গণেশবিষয়ে—দন্তপাশাঙ্কুশোবিঘ্নপরশুলড্ডুসংজ্ঞিতা।
বীজপূরাহ্বয়া মুদ্রা বিজ্ঞেয়া বিঘ্নপূজনে॥

পাশমুদ্রা।

বামমুষ্টেস্তু তর্জ্জন্যা দক্ষমুষ্টেস্তু তর্জ্জনীম্।
সংযোজ্যাঙ্গুষ্ঠকাগ্রাভ্যাং তর্জ্জন্যগ্রে স্বকে ক্ষিপেৎ।
এষা পাশাহ্বয়া মুদ্রা বিদ্বদ্ভিঃ পরিকীর্ত্তিতা॥

বামমুষ্টির তর্জ্জনীর সহিত দক্ষিণমুষ্টির তর্জ্জনী যুক্ত করিয়া অঙ্গুষ্ঠের অগ্র দুইটির সহিত স্বীয় তর্জ্জনীর অগ্রে স্থাপিত করিলে পাশ নামক মুদ্রা হয়।

অঙ্কুশমুদ্রা।

ইহার প্রমাণ ও প্রকার পূর্ব্বেই উল্লিখিত আছে।

বিঘ্নমুদ্রা।

তর্জ্জনীমধ্যমানামাকনিষ্ঠাঙ্গুষ্ঠমুষ্টিকা।
অধোমুখী দীর্ঘরূপা মধ্যমা বিঘ্নমুদ্রিকা॥

তর্জ্জনী, মধ্যমা অনামিকা, কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ এই অঙ্গুলিগুলি মুষ্টিবদ্ধ করিয়া মধ্যমাঙ্গুলি অধোমুখে দীর্ঘাকারে প্রসারিত করিলে বিঘ্নমুদ্রা হয়।

দন্তমুদ্রা।

উত্তানোর্দ্ধমুখী মধ্যা সরলা বদ্ধমুষ্টিকা।
দন্তমুদ্রা সমাখ্যাতা সর্ব্বাগমবিশারদৈঃ॥

দক্ষিণ হস্তের মুষ্টি উত্তান করত মধ্যমা সরলভাবে ঊর্দ্ধমুখে প্রসারিত হইলে দন্তমুদ্রা বলে।

পরশুমুদ্রা।

পরশুমুদ্রা পূর্ব্বেই কথিত আছে।

লড্ডুকমুদ্রা।

লড্ডুকাকার হস্ত করিলেই লড্ডুকমুদ্রা হয়।

শক্তিবিষয়ে।—

পাশাঙ্কুশবরাভীতিখড়্গচর্ম্মধনুঃশরাঃ।
মৌদলী মুদ্রিকা দৌর্গী মুদ্রাঃ শক্তেঃ প্রিয়ঙ্করাঃ॥

পাশ, অঙ্কুশ, বর ও অভয় মুদ্রা পূর্ব্বে উক্ত আছে।

খড়্গমুদ্রা।

কনিষ্ঠানামিকে বদ্ধা স্বাঙ্গুষ্ঠেনৈব দক্ষতঃ।
শিষ্টাঙ্গুলী তু প্রসৃতে সংসৃষ্টে খড়্গমুদ্রিকা॥

দক্ষিণহস্তের কনিষ্ঠা ও অনামাকে ঐ অঙ্গুষ্ঠের দ্বারা আবদ্ধ করিয়া তর্জ্জনী ও মধ্যমা সংশ্লিষ্ট করত প্রসারিত করিলে খড়্গমুদ্রা হয়।

চর্ম্মমুদ্রা।

বামহস্তং তথা তির্য্যক্ কৃত্বা চৈব প্রসার্য্য চ।
আকুঞ্চিতাঙ্গুলীঃ কুর্য্যাচ্চর্ম্মমুদ্রেয়মীরিতা॥

বামহস্ত বক্রীভূত করিয়া প্রসারিত করত অঙ্গুলি সকল ঈষৎ সঙ্কুচিত করিলে চর্ম্মমুদ্রা হয়।

মুষলমুদ্রা।

মুষ্টিং কৃত্বা তু হস্তাভ্যাং বামস্যোপরি দক্ষিণম্।
কুর্য্যান্মুষলমুদ্রেয়ং সর্ব্ববিঘ্নবিনাশিনী॥

উভয় হস্তে মুষ্টিবন্ধন করিয়া বামের উপর দক্ষিণ মুষ্টি স্থাপন করিলে সর্ব্ববিঘ্ননাশিনী মুষলমুদ্রা সম্পন্ন হয়।

দৌর্গীমুদ্রা।

মুষ্টিং কৃত্বা করাভ্যাঞ্চ বামস্যোপরি দক্ষিণম্।
কৃত্বা শিরসি সংযোজ্য দুর্গামুদ্রেয়মীরিতা॥

পূর্ব্বোক্ত মুষলমুদ্রা মস্তকে স্থাপন করিলে দুর্গামুদ্রা হয়।

লক্ষ্মী বিষয়ে—লক্ষ্মীমুদ্রার্চ্চনে লক্ষ্ম্যাঃ—

লক্ষ্মীমুদ্রা।

চক্রমুদ্রাং তথা বদ্ধা মধ্যমে দ্বে প্রসার্য্য চ।
কনিষ্ঠিকে তথানীয় তদগ্রেঽঙ্গুষ্ঠকৌ ক্ষিপেৎ।
লক্ষ্মীমুদ্রা পরা হ্যেষা সর্ব্বসম্পৎপ্রদায়িনী॥

পূর্ব্বোক্তপ্রকারে চক্রমুদ্রা বন্ধন করিয়া উভয় হস্তের মধ্যমাদ্বয় প্রসারিত করিবে, কনিষ্ঠাদ্বয়ে ঐ মধ্যমাদ্বয় সংযুক্ত করিয়া তাহাদিগের অগ্রভাগে অঙ্গুষ্ঠদ্বয় নিক্ষেপ করিলে সর্ব্বসম্পৎপ্রদায়িনী লক্ষ্মীমুদ্রা হয়।

সরস্বতীবিষয়ে—বাগ্‌বাদিন্যাশ্চ পূজনে।

অক্ষমালা তথা বীণাব্যাখ্যাপুস্তকমুদ্রিকা।

বীণামুদ্রা।

বীণাবাদনবদ্ধস্তৌ কৃত্বা সঞ্চালয়েচ্ছিরঃ।
বীণামুদ্রেয়মাখ্যাতা সরস্বত্যাঃ প্রিয়ঙ্করী॥

বীণাবাদনকালে হস্তদ্বয় যেরূপভাবে থাকে, তদ্রূপে স্থাপন করিয়া মস্তক-সঞ্চালন করিলে সরস্বতীর প্রীতিদায়িনী বীণামুদ্রা হয়।

পুস্তকমুদ্রা।

বামমুষ্টিং স্বাভিমুখীং কৃত্বা পুস্তকমুদ্রিকা।

বামমুষ্টি নিজ অভিমুখে রাখিলে পুস্তকমুদ্রা হয়।

ব্যাখ্যামুদ্রা।

দক্ষিণাঙ্গুষ্ঠতর্জ্জন্যাবগ্রলগ্নে পরাঙ্গুলী।
প্রসার্য্য সংহতোত্তানা এষা ব্যাখ্যানমুদ্রিকা॥

দক্ষিণ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ সংযুক্ত করিয়া অবশিষ্ট অঙ্গুলি সকল চিৎভাবে মিলিত করিয়া প্রসারিত করিলে ব্যাখ্যানমুদ্রা হয়।

অগ্নিবিষয়ে—সপ্তজিহ্বাহ্বয়া মুদ্রা বিজ্ঞেয়া বহ্নিপূজনে।

সপ্তজিহ্বামুদ্রা।

মণিবন্ধস্থিতৌ কৃত্বা প্রসৃতাঙ্গুলিকৌ করৌ।
কনিষ্ঠাঙ্গুষ্ঠযুগলে মিলিত্বান্তঃ প্রসারয়েৎ।
সপ্তজিহ্বাখ্যমুদ্রেয়ং বৈশ্বানরপ্রিয়ঙ্করী॥

উভয় হস্তের অঙ্গুলি ছড়াইয়া হস্তদ্বয় কব্জিস্থানে পরস্পর যুক্ত করিবে। পরে ঐ হস্তদ্বয় উর্দ্ধমুখে স্থাপন করিলে সপ্তশিখাবৎ আকারে বৈশ্বানর-প্রিয়ঙ্করী সপ্তজিহ্বা মুদ্রা নামে অভিহিত হয়।

কালকর্ণীমুদ্রা।

অঙ্গুষ্ঠাবুন্নতৌ কৃত্বা মুষ্টিসংলগ্নয়োর্দ্বয়োঃ।
তাবেবাভিমুখৌ কুর্য্যান্মুদ্রৈষা কালকর্ণিকা॥

উভয়হস্তে মুষ্টিবন্ধন করিয়া সম্মুখে স্থাপন পূর্ব্বক অঙ্গুষ্ঠদ্বয় উন্নত করিয়া সেই মুষ্টিদ্বয় উহাতে সংলগ্ন করিবে, ইহা বিঘ্নপ্রশমনকারিণী কালকর্ণী মুদ্রা নামে অভিহিত।

বিস্ময়মুদ্রা।

দক্ষিণা নিবিড়া মুষ্টির্নাসিকার্পিততর্জ্জনী।
মুদ্রা বিস্ময়সংজ্ঞা স্যাদ্বিস্ময়াবেশকারিণী॥

দক্ষিণ মুষ্টি দৃঢ়বদ্ধ করিয়া উহার তর্জ্জনী নাসিকাগ্রে স্থাপন করিলে বিস্ময়জননী বিস্ময়মুদ্রা হয়।

নাদমুদ্রা।

মুষ্টিরূর্দ্ধীকৃতাঙ্গুষ্ঠা দক্ষিণা নাদমুদ্রিকা।

দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ উর্দ্ধীকৃত করিয়া মুষ্টিবন্ধন করিলে নাদমুদ্রা হয়।

বিন্দুমুদ্রা।

তর্জ্জন্যঙ্গুষ্ঠসংযোগাদগ্রতো বিন্দুমুদ্রিকা।

দক্ষিণ হস্তের তর্জ্জনীর অগ্রে অঙ্গুষ্ঠাঙ্গুলী যোগ করিলে বিন্দুমুদ্রা হয়, এ মুদ্রা তান্ত্রিক সন্ধ্যায় জলবিন্দুক্ষেপে আবশ্যক হয়।

শ্যামাবিষয়ে—

মুণ্ডমুদ্রা।

অন্তরাঙ্গুষ্ঠমুষ্টিন্তু কৃত্বা বামকরস্য চ।
মধ্যমাগ্রং দক্ষিণস্য তথালম্ব্য প্রযত্নতঃ।
মধ্যমেনাথ তর্জ্জন্যামঙ্গুষ্ঠাগ্রেণ যোজয়েৎ।
দক্ষিণং যোজয়েৎ পাণিং বামমুষ্টিন্তু সাধকঃ।
দর্শয়েদ্দক্ষিণে ভাগে মুণ্ডমুদ্রেয়মুচ্যতে॥

বামহস্তের অঙ্গুষ্ঠ ঐ মুষ্টিমধ্যে প্রবেশ করাইয়া দক্ষিণ হস্তের মধ্যমাকে অবলম্বন করিয়া তর্জ্জনীতে মধ্যমা ও অঙ্গুষ্ঠাগ্র মিলিত করিয়া বামমুষ্টিতে সংযুক্ত করত দক্ষিণভাগে প্রদর্শন করিবে। ইহার নাম মুণ্ডমুদ্রা।
অন্যান্য মুদ্রা পূর্ব্বে উক্ত হইয়াছে।

তারাবিষয়ে—

দৈত্যধূমিনীমুদ্রা।

পরিবর্ত্ত্য করৌ স্পষ্টৌ কনিষ্ঠাকৃষ্টমধ্যমে।
অনামাযুগলঞ্চাধস্তর্জ্জনীযুগলং পৃথক্॥
অন্যোঽন্যং নিবিড়ং বদ্ধাঙ্গুষ্ঠাগ্রে নামিকে ততঃ।
দানবধূমিকেত্যাখ্যা মুদ্রৈষা কথিতা প্রিয়ে॥

করদ্বয় স্পষ্টভাবে পরিবর্ত্তিত করিয়া উভয় কনিষ্ঠা দ্বারা মধ্যমাদ্বয়কে আকর্ষণ করিবে। পরে অনামা ও তর্জ্জনীদ্বয় অধোমুখে পৃথক্ পৃথক্ স্থাপন

করিয়া পরস্পর নিবিড়ভাবে বদ্ধ করত অঙ্গুষ্ঠাগ্রে অনামিকা যোগ করিলে দৈত্যধূমিনী মুদ্রা হয়। *

লেলিহামুদ্রা।

বক্ত্রং বিস্তারিতং কৃত্বাঽপ্যধো জিহ্বাঞ্চ চালয়েৎ।
পার্শ্বস্থং মুষ্টিযুগলং লেলিহানেতি কীর্ত্তিতা॥

মুখ বিস্ফারিত করিয়া অধোভাগে জিহ্বা বহির্গত করত সঞ্চালন করিবে ও দুই মুষ্টি দুই পার্শ্বে স্থাপিত করিবে, ইহাতে লেলিহামুদ্রা হয়।

মহাযোনিমুদ্রা।

তর্জ্জন্যনামিকামধ্যাকনিষ্ঠাক্রমযোগতঃ।
করয়োর্যোজয়ত্যেব কনিষ্ঠামূলদেশতঃ।
অঙ্গুষ্ঠাগ্রে বিনিক্ষিপ্য মহাযোনিঃ প্রকীর্ত্তিতা॥

দক্ষিণ হস্তের তর্জ্জনীর সহিত বামহস্তের তর্জ্জনী, মধ্যমার সহিত মধ্যমা, অনামিকার সহিত অনামিকা ও কনিষ্ঠার সহিত কনিষ্ঠা যোগ করিয়া কনিষ্ঠাদ্বয়ের মূলদেশে অঙ্গুষ্ঠদ্বয় যোজন করিলে মহাযোনিমুদ্রা হয়।

অন্যান্য মুদ্রা পূর্ব্বেই উক্ত হইয়াছে।

ত্রিপুরাসুন্দরীবিষয়ে—

ত্রিখণ্ডমুদ্রা।

পরিবর্ত্ত্য করৌ স্পৃষ্টাবঙ্গুষ্ঠৌ কারয়েৎ সমৌ।
অনামান্তর্গতে কৃত্বা তর্জ্জন্যৌ কুটিলাকৃতী।
কনিষ্ঠিকে নিযুঞ্জীত নিজস্থানে মহেশ্বরি।
ত্রিখণ্ডেয়ং সমাখ্যাতা ত্রিপুরাধ্যানকর্ম্মণি॥

হস্তদ্বয় পরিবর্ত্তিত করিয়া অঙ্গুষ্ঠদ্বয়কে সরল ও সমভাবে সংযুক্ত করিয়া স্থাপিত করিবে এবং তর্জ্জনীদ্বয়কে অনামিকাদ্বয়ের মধ্যগত করিয়া কুটিল-ভাবে রাখিয়া কনিষ্ঠাদ্বয়কে স্ব স্ব স্থানে রাখিবে। এই ত্রিখণ্ডমুদ্রা ত্রিপুরাধ্যানকার্য্যে প্রযুক্ত হয়।

* এং হ্রীং ঐং স্ত্রীং হুং এই পঞ্চবীজ উচ্চারণ করিয়া তারামুদ্রা বন্ধন করিতে হয়। প্রমাণ— যোনির্মায়াধরঃ সেন্দুর্বধূঃ কূর্চ্চং ক্রমাদ্‌বিদুঃ। বীজানি চোচ্চরন্মন্ত্রী মুদ্রাবন্ধনমাচরেৎ।

সর্ব্বসংক্ষোভকারিণী মুদ্রা।

মধ্যমামধ্যগে কৃত্বা কনিষ্ঠেহঙ্গুষ্ঠরোধিতে।
তর্জ্জন্যৌ দণ্ডবৎ কৃত্বা মধ্যমোপর্য্যনামিকে।
এষা চ পরমা মুদ্রা সর্ব্বসংক্ষোভকারিণী॥

উভয় হস্তের কনিষ্ঠাদ্বয় অঙ্গুষ্ঠ দ্বারা রুদ্ধ করিয়া মধ্যমাদ্বয়ের মধ্যে প্রবেশ করাইবে, পরে তর্জ্জনীদ্বয় দণ্ডবৎ উন্নত করিয়া মধ্যমাদ্বয়ের উপর অনামিকাদ্বয় স্থাপন করিবে, ইহার নাম সর্ব্বসংক্ষোভকারিণী মুদ্রা।

সর্ব্ববিদ্রাবিণী মুদ্রা।

এতস্যা এব মুদ্রায়া মধ্যমে সরলে যদা।
ক্রিয়তে পরমেশানি সর্ব্ববিদ্রাবিণী তদা॥

পূর্ব্বোক্ত সর্ব্বসংক্ষোভকারিণী মুদ্রা বন্ধন করিয়া মধ্যমাদ্বয় সরলভাবে স্থাপিত করিলে সর্ব্ববিদ্রাবিণী মুদ্রা হয়।

আকর্ষণী মুদ্রা।

মধ্যমাতর্জ্জনীভ্যাঞ্চ কনিষ্ঠানামিকে সমে।
অঙ্কুশাকাররূপাভ্যাং মধ্যমে পরমেশ্বরি।
অঙ্গুষ্ঠস্তু নিযুঞ্জীত কনিষ্ঠানামিকোপরি।
ইয়মাকর্ষণী মুদ্রা ত্রৈলোক্যাকর্ষিণী পরা॥

মধ্যমা ও তর্জ্জনীকে কনিষ্ঠা ও অনামিকার সহিত সমভাবে রাখিবে, মধ্যমাদ্বয়কে অঙ্কুশাকাররূপে স্থাপিত করিয়া কনিষ্ঠা ও অনামিকার উপর দক্ষাঙ্গুষ্ঠ স্থাপন করিলে ত্রৈলোক্যাকর্ষণকারিণী আকর্ষণী মুদ্রা হইবে।

সর্ব্ববশ্যকরী মুদ্রা।

পুটাকারৌ করৌ কৃত্বা তর্জ্জন্যাবঙ্কুশাকৃতী।
পরিবর্ত্তক্রমেণৈব মধ্যমে তদধোগতে।
ক্রমেণ দেবি তেনৈব কনিষ্ঠানামিকে তথা।
সংযোজ্য নিবিড়াঃ সর্ব্বা অঙ্গুষ্ঠাবগ্রদেশতঃ।
মুদ্রেয়ং পরমেশানি সর্ব্ববশ্যকরী মতা॥

হস্তদ্বয় পুটিত করিয়া তর্জ্জনীদ্বয় অঙ্কুশাকারে রাখিবে, পরিবর্ত্তন করিয়া মধ্যমাদ্বয় ঐ তর্জ্জনীর মূলে স্থাপিত করিবে। কনিষ্ঠা ও অনামিকাকেও

পরিবর্ত্তন করিয়া সংযোগ করিবে, সর্ব্ব অঙ্গুলিই ঘনভাবে সংযুক্ত হইবে, অঙ্গুষ্ঠদ্বয় উহাদের অগ্রভাগে স্থাপিত করিলে সর্ব্ববশঙ্করী মুদ্রা হয়।

### উন্মাদিনী, উন্মাদ ও সর্ব্বোন্মাদিনী মুদ্রা।

গন্ধর্ব্বতন্ত্রে—

সম্মুখৌ তু করৌ কৃত্বা মধ্যমা মধ্যগেঽনুজে।
অনামিকে তু সরলে তদ্বহিস্তর্জ্জনীদ্বয়ম্।
দণ্ডাকারৌ তথাঙ্গুষ্ঠৌ মধ্যমানখদেশগৌ।
মুদ্রৈষোন্মাদিনী নাম্নাকর্ষিণী সর্ব্বযোষিতাম্॥

হস্তযুগল পরস্পর সম্মুখীন করিয়া মধ্যমার মধ্যভাগে কনিষ্ঠাযুগলকে পরস্পর মিলিত করিবে এবং অনামাযুগলকে ঋজুভাবে রাখিয়া তদুপরিভাগে তর্জ্জনীদ্বয় স্থাপন করিবে। তদনন্তর অঙ্গুষ্ঠযুগল দণ্ডাকার করিয়া মধ্যমার নখদেশে স্থাপিত করিলেই উন্মাদমুদ্রা, উন্মাদিনীমুদ্রা ও সর্ব্বোন্মাদিনী মুদ্রা হয়।

### মহাঙ্কুশা মুদ্রা।

অস্যাস্ত্বনামিকাযুগ্মমধঃ কৃত্বাঙ্কুশাকৃতী।
তর্জ্জন্যাবপি তেনৈব ক্রমেণ বিনিযোজয়েৎ।
ইয়ং মহাঙ্কুশা মুদ্রা সর্ব্বকামার্থসাধিনী॥

পূর্ব্বোক্ত উন্মাদিনী মুদ্রা বন্ধন করিয়া অনামিকাদ্বয় অধোমুখে স্থাপিত করিবে, তর্জ্জনীদ্বয় অঙ্কুশাকৃতি করিয়া পূর্ব্বোক্তক্রমে নিযোজিত করিলে মহাঙ্কুশা মুদ্রা হয়।

### খেচরীমুদ্রা।

কপালকুহরে জিহ্বা প্রবিষ্টা বিপরীতগা।
ভ্রুবোরন্তর্গতা দৃষ্টির্মুদ্রা ভবতি খেচরী॥

প্রথমতঃ রসনাকে বিপরীতগামিনী করিয়া কপালরন্ধ্রে প্রবেশিত করিবে পরে একদৃষ্টিতে ভ্রূদ্বয়ের অন্তরালে দৃষ্টিপাত করিয়া থাকিবে। ইহারই নাম খেচরী মুদ্রা।

### খেচরীমুদ্রার গুণ।

রসনামূর্দ্ধগাং কৃত্বা ক্ষণার্দ্ধমপি তিষ্ঠতি।
বিষৈর্ব্বিমুচ্যতে যোগী ব্যাধিমৃত্যুজরাদিভিঃ।

ন রোগো মরণং তন্দ্রা ন নিদ্রা ন ক্ষুধা তৃষা।
ন চ মূর্চ্ছা ভবেত্তস্য যো মুদ্রাং বেত্তি খেচরীম্।
পীড্যতে ন স রোগেণ লিপ্যতে ন চ কর্ম্মণা।
বাধ্যতে ন স কালেন যো মুদ্রাং বেত্তি খেচরীম্।
চিত্তং চরতি খে যস্মাজ্জিহ্বা চরতি খে গতা।
তেনৈষা খেচরী নাম মুদ্রা সিদ্ধৈর্নিরূপিতা।
খেচর্য্যা মুদ্রিতং যেন বিবরং লম্বিকোর্দ্ধতঃ।
ন তস্য ক্ষরতে বিন্দুঃ কামিন্যাশ্লেষিতস্য চ।
স্খলিতোঽপি যদা বিন্দুঃ সংপ্রাপ্তো যোনিমণ্ডলম্।
ব্রজত্যূর্দ্ধং হৃতঃ শক্ত্যা নিবদ্ধো যোনিমুদ্রয়া।
ঊর্দ্ধজিহ্বঃ স্থিরো ভূত্বা সোমপানং করোতি যঃ।
মাসার্দ্ধেন ন সন্দেহো মৃত্যুং জয়তি যোগবিৎ।
নিত্যং সোমকলাপূর্ণং শরীরে যস্য যোগিনঃ।
তক্ষকেণাপি দষ্টস্য বিষং তস্য ন সর্পতি॥
ইন্ধনানি যথা বহ্নিস্তৈলবর্ত্তিং চ দীপকঃ।
তথা সোমকলাপূর্ণং দেহী দেহং ন মুঞ্চতি॥

জিহ্বাকে ঊর্দ্ধস্থ তালুকুহরে যোজিত করিয়া ঘটিকামাত্র থাকিতে পারিলেই সর্পবিষ, ব্যাধি, মৃত্যু ও জরা প্রভৃতির হস্ত হইতে পরিত্রাণ পাইতে পারে। যিনি এই মুদ্রা অবগত থাকেন, রোগ, মরণ, তন্দ্রা, নিদ্রা, ক্ষুধা, তৃষ্ণা ও মূর্চ্ছা তাঁহাকে আক্রমণ করিতে সমর্থ হয় না। খেচরীমুদ্রা সাধন করিতে পারিলে জরাদি রোগে আক্রান্ত হইতে হয় না, পাপপুণ্যাদি কর্ম্মে লিপ্ত হইতে হয় না এবং কালের হস্ত হইতেও পরিত্রাণ পাইতে পারে। এই মুদ্রার প্রসাদে চিত্ত ভ্রূদ্বয়ের মধ্যে ভ্রমণ করে, রসনাও সেই স্থানে অবস্থিত থাকে; এই জন্যই কপিলাদি সিদ্ধগণ ইহার খেচরী আখ্যা নির্দ্দেশ করিয়াছেন। যিনি এই মুদ্রার দ্বারা তালুর ঊর্দ্ধস্থ ছিদ্র আবরণ করিতে সমর্থ হন, যুবতীর সহিত ক্রীড়া করিলেও তাঁহার বিন্দুপাত হয় না। যদি বিন্দু স্খলিত হইয়া যোনিস্থানে পতিত হয়, তথাপি ঐ বিন্দু মেঢ়াকুঞ্চন-রূপ যোনিমুদ্রাযোগে আবদ্ধ ও নিজশক্তিবলে আকৃষ্ট হইয়া ঊর্দ্ধে উত্থিত হইয়া থাকে। যিনি জিহ্বাকে তালুর ঊর্দ্ধস্থ ছিদ্রাভিমুখী করিয়া স্থিরাসনে উপবেশন পূর্ব্বক তালুস্থ ছিদ্রগলিত চন্দ্রামৃত পান করেন, অর্দ্ধমাসমধ্যেই

তিনি মৃত্যুঞ্জয় হন সন্দেহ নাই। যে সাধকের দেহ প্রত্যহ ঐরূপে চন্দ্রামৃত দ্বারা পূর্ণ থাকে, তাহার দেহ তক্ষকে দংশন করিলেও সেই বিষ তদীয় দেহে বিস্তৃতি প্রাপ্ত হইতে পারে না। অগ্নি যেরূপ কাষ্ঠ ত্যাগ করে না, দীপ যেরূপ তৈলযুক্ত বর্ত্তি ত্যাগ করে না, তদ্রূপ জীব চন্দ্রামৃতপূর্ণ দেহও পরিত্যাগ করে না।

## যোনিমুদ্রা।

মধ্যমে কুটিলে কৃত্বা তর্জ্জন্যুপরি সংস্থিতে।
অনামিকে মধ্যগতে তথৈব হি কনিষ্ঠিকে।
সর্ব্বা একত্র সংযোজ্য অঙ্গুষ্ঠপরিপীড়িতাঃ।
এষা তু প্রথমা মুদ্রা যোনিমুদ্রেয়মীরিতা॥

মধ্যমাদ্বয়কে কুঞ্চিত করিয়া প্রসারিত তর্জ্জনীদ্বয়ের উপর রাখিবে, অনামিকা ও কনিষ্ঠাদ্বয়কে (পরিবর্ত্তন করিয়া) মধ্যে আনিবে, সমস্ত অঙ্গুলি একত্র করিয়া সংযুক্ত করত অঙ্গুষ্ঠের দ্বারা চাপিয়া রাখিবে. ইহাতে যোনিমুদ্রা হয়।

## বীজমুদ্রা।

পরিবর্ত্ত্য করৌ স্পৃষ্টাবর্দ্ধচন্দ্রাকৃতী প্রিয়ে।
তর্জ্জন্যঙ্গুষ্ঠযুগলং যুগপৎ কারয়েত্ততঃ।
অধঃকনিষ্ঠাবষ্টব্ধে মধ্যমে বিনিযোজয়েৎ।
তথৈব কুটিলে যোজ্য সর্ব্বাধস্তাদনামিকে।
বীজমুদ্রেয়মচিরাৎ সর্ব্বসিদ্ধিবিবর্দ্ধিনী॥

হস্তদ্বয় পরিবর্ত্তন করিয়া সংযুক্ত করিবে, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠদ্বয় একত্র অর্দ্ধচন্দ্রাকৃতি করিবে, তাহাতে অধোভাগে কনিষ্ঠদ্বয়াবদ্ধ মধ্যমাদ্বয় যোগ করিবে, অনামিকাদ্বয় কুটিল করিয়া সর্ব্বাঙ্গুলির অধোভাগে যোগ করিবে, ইহাতে সর্ব্বসিদ্ধিদায়িনী বীজমুদ্রা হয়।

## ভূতিনী মুদ্রা।

বদ্ধা তু যোনিমুদ্রাং বৈ মধ্যমে কুটিলে কুরু
অঙ্গুষ্ঠে তু তদগ্রে তু মুদ্রেয়ং ভূতিনী মতা॥

যোনিমুদ্রা বন্ধন করিয়া মধ্যমাদ্বয় অধঃ বক্রভাবে রাখিবে, অঙ্গুষ্ঠদ্বয় তাহার অগ্রে স্থাপন করিলে ভূতিনী মুদ্রা হয়, ইহা শ্যামা ও তারাদি শক্তি-পূজায় প্রযোজ্য।

তর্জ্জনী মুদ্রা।

বামমুষ্টিং বিধায়াথ তর্জ্জনীমধ্যমে ততঃ।
প্রসার্য্য তর্জ্জনীমুদ্রা নির্দ্দিষ্টা চক্রপাণিনা॥

বামকর মুষ্টিবদ্ধ করিয়া তর্জ্জনী ও মধ্যমা প্রসারিত করিবে। ইহার নাম তর্জ্জনীমুদ্রা।

রিপুজিহ্বাগ্রহা মুদ্রা।

অন্তরঙ্গুষ্ঠমুষ্ট্যা তু নিরুধ্য তর্জ্জনীমিমাম্।
রিপুজিহ্বাগ্রহা মুদ্রা শ্যাসকালেঽপি সূচিতা॥

মুষ্টিবন্ধন করিয়া তন্মধ্যে অঙ্গুষ্ঠ প্রবেশ করাইয়া তর্জ্জনী রোধ করিলে রিপুজিহ্বাগ্রহা মুদ্রা হয়, ইহা বগলামুখীর অর্চ্চনায় প্রযোজ্য।

মহামুদ্রা।

পাদমূলেন বামেন যোনিং সংপীড্য দক্ষিণম্। প্রসারিতং পদং কৃত্বা করাভ্যাং ধারয়েদ্দৃঢ়ম্। কণ্ঠে বন্ধং সমারোপ্য ধারয়েদ্বায়ুমূর্দ্ধতঃ। যথা দণ্ডাহতঃ সর্পো দণ্ডাকারঃ প্রজায়তে॥ ঋজ্বীভূতা তথা শক্তিঃ কুণ্ডলী সহসা ভবেৎ। তদা সা মরণাবস্থা জায়তে দ্বিপুটাশ্রয়া॥ ততঃ শনৈঃ শনৈরেব রেচয়েন্নৈব বেগতঃ। মহামুদ্রাং চ তেনৈব বদন্তি বিবুধোত্তমাঃ॥ ইয়ং খলু মহামুদ্রা মহাসিদ্ধৈঃ প্রদর্শিতা। মহাক্লেশাদয়ো দোষাঃ ক্ষীয়ন্তে মরণাদয়ঃ॥ মহামুদ্রাং চ তেনৈব বদন্তি বিবুধোত্তমাঃ॥

বামপদের মূল (গোড়ালি) দ্বারা বামযোনিপ্রদেশ (গুহ্য ও মেঢ্রের মধ্যস্থল) দৃঢ়রূপে পীড়িত করিবে এবং দক্ষিণ চরণ দণ্ডাকারে প্রসারিত করিয়া ভূতলে লগ্ন করিতে হইবে। অনন্তর হস্তদ্বয় দ্বারা দৃঢ়রূপে পদাঙ্গুষ্ঠ ধরিবে। পরে কণ্ঠদেশে সম্যক্‌রূপে জালন্ধরবন্ধ করিয়া সুষুম্নাতে বায়ু ধারণ করিবে এবং সাধক দণ্ডাহত ভুজঙ্গবৎ সরলভাব ধারণ করিবে। এই মহামুদ্রা অভ্যাস দ্বারা কুণ্ডলীশক্তি সরল হয় এবং ইড়া ও পিঙ্গলার মরণাবস্থা

* অতঃপর যে কয়টি মুদ্রা কথিত হইতেছে, যোগসাধনাদিতে ইহা প্রয়োজনীয়।

ঘটে অর্থাৎ কুণ্ডলী জাগরিতা হইলে প্রাণ সুষুম্নাভ্যন্তরে প্রবিষ্ট হয়, কাজে কাজেই ইড়া ও পিঙ্গলার প্রাণবিচ্ছেদ ঘটে। তৎপরে শনৈঃ শনৈঃ বায়ু রেচন করিবে, বেগ প্রদান করিবে না। ইহাকেই বিবুধশ্রেষ্ঠগণ মহামুদ্রা বলিয়া কীর্ত্তন করেন। মহাসিদ্ধ যোগীরা এই মহামুদ্রা প্রদর্শন করিয়াছেন। ইহা দ্বারা মহাক্লেশাদি দোষ ও মরণাদি বিদূরিত হয়; এই জন্যই সাধুগণ ইহার মহামুদ্রা নাম নির্দ্দেশ করিয়াছেন।

মহামুদ্রাভ্যাসক্রম।

চন্দ্রাঙ্গে তু সমভ্যস্য সূর্য্যাঙ্গে পুনরভ্যসেৎ।
যাবত্তুল্যা ভবেৎ সংখ্যা ততো মুদ্রাং বিসর্জ্জয়েৎ॥

যে প্রণালীতে মহামুদ্রা অভ্যাস করিতে হয়, অধুনা তাহাই কথিত হইতেছে।—সর্ব্বাগ্রে বামাঙ্গে কুম্ভক করিয়া পরে দক্ষিণাঙ্গে অভ্যাস করিবে। বামাঙ্গে যতসংখ্যক কুম্ভক হইবে, দক্ষিণাঙ্গেও তদনুরূপ কর্ত্তব্য। এই প্রকারে উভয়াঙ্গে সমান সংখ্যায় কুম্ভক করিয়া মহামুদ্রা বিসর্জ্জন করিবে।

মহামুদ্রাগুণ।

ন হি পথ্যমপথ্যং বা রসাঃ সর্ব্বেঽপি নীরসাঃ।
অপি ভুক্তং বিষং ঘোরং পীযূষমিব জীর্য্যতি॥
ক্ষয়কুষ্ঠগুদাবর্ত্তগুল্মাজীর্ণপুরোগমাঃ।
তস্য দোষাঃ ক্ষয়ং যান্তি মহামুদ্রাং তু যোঽভ্যসেৎ॥
কথিতেয়ং মহামুদ্রা মহাসিদ্ধিকরা নৃণাম্।
গোপনীয়া প্রযত্নেন ন দেয়া যস্য কস্যচিৎ॥

যিনি এই মহামুদ্রা সাধন করেন, তাঁহার পথ্যাপথ্য বিচারের প্রয়োজন করে না। তিনি কটু ও অম্লাদি রসবিশিষ্ট যাহা কিছু অথবা নীরস দ্রব্য ভোজন করেন, তাহাও পরিপাক প্রাপ্ত হয় এবং ঘোরতর বিষসেবন করিলেও অমৃতবৎ জীর্ণ হইয়া যায়। যিনি এই মহামুদ্রা অভ্যাস করেন, তাঁহার ক্ষয়, কুষ্ঠ, গুদাবর্ত্ত (ভগন্দরাদি), গুল্ম ও অজীর্ণাদি যাবতীয় রোগ ধ্বংস হইয়া থাকে। এই মহাসিদ্ধিপ্রদ মহামুদ্রা কীর্ত্তন করিলাম, ইহা সযত্নে গোপন করিবে; যাহাকে তাহাকে ইহা প্রদান করা অনুচিত।

মহাবন্ধ।

পার্ষ্ণির্বামস্য পাদস্য যোনিস্থানে নিযোজয়েৎ।
বামোরূপরি সংস্থাপ্য দক্ষিণং চরণং তথা॥
পূরয়িত্বা ততো বায়ুং হৃদয়ে চিবুকং দৃঢ়ম্।
নিষ্পীড্য বায়ুমাকুঞ্চ্য মনোমধ্যে নিযোজয়েৎ॥
ধারয়িত্বা যথাশক্তি রেচয়েদখিলং শনৈঃ।
সব্যাঙ্গে তু সমভ্যস্য দক্ষাঙ্গে পুনরভ্যসেৎ॥
মতমত্র তু কেষাঞ্চিৎ কণ্ঠবন্ধং বিবর্জ্জয়েৎ।
রাজদন্তস্থজিহ্বয়া বন্ধঃ শস্তো ভবেদিতি॥
অয়ং তু সর্ব্বনাড়ীনামূর্দ্ধগতিনিরোধকঃ।
অয়ং খলু মহাবন্ধো মহাসিদ্ধিপ্রদায়কঃ॥
কালপাশমহাবন্ধবিমোচনবিচক্ষণঃ।
ত্রিবেণীসঙ্গমং ধত্তে কেদারং প্রাপয়েন্মনঃ॥

বামপাদমূল যোনিপ্রদেশে নিয়োজিত করিয়া বাম উরুর উপর দক্ষিণপদ বিন্যাস করিবে। পরে বায়ুপূরণ পূর্ব্বক হৃদয়ে দৃঢ়রূপে চিবুক রাখিয়া যোনি আকুঞ্চন করত মধ্যনাড়ীতে মন নিয়োজিত করিবে। এই প্রকারে যথাশক্তি বায়ু ধারণ পূর্ব্বক কুম্ভক করিতে হয়। তৎপরে ধীরে ধীরে পূরিত বায়ু রেচন করিবে। প্রথমে বামাঙ্গে অভ্যাস করিয়া পরে দক্ষিণাঙ্গে অভ্যাস করিতে হয়। কোন কোন ব্যক্তির মতে জালন্ধরবন্ধে কণ্ঠবন্ধন বিসর্জ্জন করিবে। কেন না, এই যোগে রাজদন্তস্থিত জিহ্বার বন্ধনই প্রশস্ত; সুতরাং কণ্ঠসংকোচন অনাবশ্যক। পূর্ব্বকথিত বিধানে রাজদন্তস্থ জিহ্বাতে বন্ধ করিলে সুষুম্নাতিরিক্ত অপর দ্বিসপ্ততি সহস্র নাড়ীর ঊর্দ্ধে বায়ুর গতি রুদ্ধ হয়। মহাবন্ধ অভ্যাস করিলে মহাসিদ্ধিলাভ হয়। ইহার প্রসাদে কালপাশ হইতে মুক্তিলাভ হইয়া থাকে এবং সাধকের মন ত্রিবেণীসঙ্গম ও ভ্রূযুগলের মধ্যগত কেদারনামক শিবপদে নিয়োজিত হয়।

মহাবেধের উৎকর্ষনিরূপণ।

রূপলাবণ্যসম্পন্না যথা স্ত্রী পুরুষং বিনা।
মহামুদ্রা-মহাবন্ধৌ নির্বলৌ বেধবর্জ্জিতৌ॥

পতির অভাবে যেরূপ রূপলাবণ্যবতী রমণী বিফলা, সেইরূপ মহাবেধ-বর্জ্জিত মহামুদ্রা ও মহাবন্ধও বিফল হইয়া থাকে। (এই জন্য নিম্নে মহাবেধ কথিত হইতেছে)।

মহাবেধ।

মহাবন্ধস্থিতো যোগী কৃত্বা পূরকমেকধীঃ।
বায়ূনাং গতিমাবৃত্য নিভৃতং কণ্ঠমুদ্রয়া ॥
সমহস্তযুগো ভূমৌ স্ফিচৌ সন্তাড়য়েচ্ছনৈঃ।
পুটদ্বয়মতিক্রম্য বায়ুঃ স্ফুরতি মধ্যগঃ ॥

প্রথমতঃ মহাবন্ধের অনুষ্ঠান পূর্ব্বক একমনে নাসাপুটদ্বয়ে বায়ু গ্রহণ করিবে। পরে জালন্ধরমুদ্রা দ্বারা প্রাণাদি অনিলের ঊর্দ্ধগতি ও অধোগতি রুদ্ধ করত নিশ্চলভাবে কুম্ভক করিবে। তৎপরে করযুগল সম ও সরল করিয়া হস্তদ্বয় ভূতলে রাখিবে এবং সেই ভূলগ্ন হস্তদ্বয়ের নির্ভরে ভূতল হইতে ঈষদুন্নত হইয়া কটিতে মৃদু মৃদু তাড়ন করিবে; এই প্রকার করিলে প্রাণবায়ু ইড়া ও পিঙ্গলাকে বিসর্জ্জন পূর্ব্বক কেবলমাত্র সুষুম্নার মধ্যে প্রস্ফুটিত হয়

উড্ডীয়ানবন্ধ।

বদ্ধো যেন সুষুম্নায়াং প্রাণস্তূড্ডীয়তে যতঃ।
তস্মাদুড্ডীয়ানাখ্যোঽয়ং যোগিভিঃ সমুদাহৃতঃ ॥
উড্ডীনং কুরুতে যস্মাদবিশ্রান্তং মহাখগঃ।
উড্ডীয়ানং তদেব স্যাত্তত্র বন্ধোঽভিধীয়তে ॥
উদরে পশ্চিমং তানং নাভেরূর্দ্ধং চ কারয়েৎ।
উড্ডীয়ানো হ্যসৌ বন্ধো মৃত্যুমাতঙ্গকেশরী।
উড্ডীয়ানন্তু সহজং গুরুণা কথিতং সদা।
অভ্যসেৎ সততং যস্তু বৃদ্ধোঽপি তরুণায়তে ॥
নাভেরূর্দ্ধমধশ্চাপি তানং কুর্য্যাৎ প্রযত্নতঃ।
ষণ্মাসমভ্যসেন্মৃত্যুং জয়ত্যেব ন সংশয়ঃ ॥
সর্ব্বেষামেব বন্ধানামুত্তমো হ্যুড্ডীয়ানকঃ।
উড্ডীয়ানে দৃঢ়ে বন্ধে মুক্তিঃ স্বাভাবিকী ভবেৎ ॥

